৭। যদি কোন জুম্দাদার কি অচিহ্নিত জুম্দাদার কি সিপাহী আপনার উপরিস্থ জুম্দাদারের কার্য্যনির্ব্বাহ কালে তাহার নিকটে জাহিররূপে অবাধ্য কি বেয়াদবী হয়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার কিম্বা দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেত্রপর্য্যন্ত মারি খাইবার কি এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
৮। যদি কোন জুম্দাদার কি অচিহ্নিত জুম্দাদার কি সিপাহী কোন সান্ত্রীকে মারে কি তাহার উপর জোর করে কিম্বা অন্য কোন জুম্দাদারকে কি অচিহ্নিত জুম্দাদারকে কি সিপাহীকে মারে কি অন্য প্রকারে তাহার প্রতি কুব্যবহার করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্ম হইতে তগীর হইবার কিম্বা তাহার দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেত্রপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার. কিম্বা পঞ্চাশ বেত্রপর্য্যন্ত মারি খাইবার. কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
৯। যদি কোন জুম্দাদার কি অচিহ্নিত জুম্দাদার কি সিপাহী আপনার উপরিস্থ জুম্দাদারের কোন উপযুক্ত হুকুম না মানে কিম্বা তাহাকে যে কর্ম্ম করিতে বলা যায় তাহা করিতে স্বীকার না করে কিম্বা নেগাহবানীতে রাখা গেলে যদি চলিয়া যায়, কিম্বা কোন স্থানে ও সময়ে কোন কার্য্যে নিযুক্ত হইলে যদি লুঠ কি অন্য কর্ম্ম করিবার জন্যে আপনার স্থান কি সঙ্গি লোকদিগকে ছাড়িয়া যায় কিম্বা সুনিয়ম ও সুশাসন রক্ষার জন্যে যে কোন হুকুম প্রবল থাকে তাহা যদি জানিয়া লঙ্ঘন করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার. কিম্বা দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেত্রপর্য্যন্ত মারি খাইবার. কিম্বা তাহার এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
১০। যদি কোন জুম্দাদার কি অচিহ্নিত জুম্দাদার কি সিপাহী কর্ম্ম ছাড়িয়া পলায় কি পলাইবার পরামর্শ কি প্রবৃত্তি দেয় কি পলাইবার কথা জানিয়া তাহা না জানিবার মত করে. কিম্বা পলাতক ব্যক্তির গ্রেপ্তারী যাহাতে হয় এমত সম্বাদ জানিয়া না কহে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেত্রপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার. কিম্বা পঞ্চাশ বেত্রপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
১১। কোন সিপাহী সান্ত্রী হইয়া যদি ছুটী না পাইয়া কিম্বা অন্য লোক তাহার বদলি হইয়া না আইলে আপনার দাঁড়াইবার স্থান কি আপনার কর্ত্তব্য কর্ম্ম ছাড়িয়া যায়, কিম্বা আপনার দাঁড়াইবার স্থানে কি কর্ম্ম করিবার কালে ঘুমায়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ		তাহার পঞ্চাশ বেত্রপর্য্যন্ত মারি খাইবার কিম্বা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
১২। কোন জুম্দাদার কি অচিহ্নিত জুম্দাদার কি সিপাহী কর্ম্ম করিবার কালে কিম্বা কর্ম্ম করিতে হইলে যদি মাতাল হয় তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহাকে সরকারের কর্ম্ম হইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার এক মাসের বেতন কাটা যাইবার, কি না যাইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেত্রপর্য্যন্ত মারি খাইবার কিম্বা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৭ জানুআরি।]

	জমাদার হইলে	অচিহ্নিত জমাদার কি সিপাহী হইলে।
১৩। কোন জমাদার কি অচিহ্নিত জমাদার কি সিপাহী কোন প্রকারের সম্পত্তির তৈনাতী কর্ম্মে নিযুক্ত হইয়া যদি সেই সম্পত্তি কি তাহার কোন অংশ লুঠ করে কি নোকসান করে, কিম্বা কোন লোকের দ্বারা তাহার লুঠ কি নোকসান হইবার কালে তাহা দেখিয়া না দেখিবার মত করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা সরকারের কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার, কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া ঐ লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া ঐ লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।
১৪। কোন জমাদারের কি অচিহ্নিত জমাদারের কি সিপাহীর সঙ্গি সৈন্যেরদের কি পল্টনের কি অন্য সৈন্যেরদের রসদ যে জন যোগায় তাহার প্রতি যদি ঐ জমাদারপ্রভৃতি কোন জোর করে, কিম্বা রক্ষার্থ কোন লোকপ্রভৃতিকে যদি তাড়ায় কিম্বা লুঠ করিবার জন্যে কোন স্থানে জোর করিয়া প্রবেশ করে, কিম্বা কোন প্রকারের দ্রব্য লুঠ কি অপচয় কি নোকসান করে কিম্বা তদ্রূপ কোন কর্ম্ম দেখিয়া না দেখিবার মত করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা সরকারের কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার, কি না যাইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া ঐ লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।
১৫। যদি কোন জমাদার কি অচিহ্নিত জমাদার কি সিপাহী কোন স্থানে থাকিয়া কি কুচ হইয়া অন্য স্থানে যাইবার সময়ে বেআইনীমতে ও কোন লোকের অনিচ্ছাতে ভয় দেখাইয়া তাহার টাকা কি কোন প্রকারের দ্রব্য কোন প্রকারের ছলনাতে লয় কিম্বা অনুমতি না পাইয়া জোর করিয়া কোন গ্রামের লোকেরদের কি অন্যেরদের গাড়ি বেগার লয় কি কোন লোকপ্রভৃতিকে বেগার ধরে কি রসদ লয় তবে তাহার ঐ দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কি দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন ভয় দেখাইয়া কি জোর করিয়া যে দ্রব্য হরণ করা গিয়াছে তাহার মূল্য ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার এক মাসের পাওনা বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন ভয় দেখাইয়া কি জোর করিয়া যে দ্রব্য হরণ করা গিয়াছে তাহার মূল্য ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক।
১৬। যদি কোন অচিহ্নিত জমাদার কি সিপাহী আপনার ঘোড়া কি হাতিয়ার কি বস্ত্র কি পোশাক কি বারুদ গুলি কি পল্টনের আবশ্যক দ্রব্যাদি কিম্বা কোন সিপাহীর পূর্ব্বোক্ত কোন দ্রব্যাদি চুরী করে কি জানিয়া শুনিয়া হারায় কি নোকসান করে কি অপচয় করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ		তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন যে দ্রব্য হারাণ গেল কি যাহার অপচয় কি নোকসান হইল তাহার মূল্য ঐ অপরাধির কোন দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।

[Government Gazette, 17th January, 1860]

	হুদ্দাদার হইলে	অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী হইলে।
১৭। কোন হুদ্দাদারের কি অচিহ্নিত হুদ্দাদারের কি সিপাহীর জিম্মায় কিছু টাকা সরকারের নিমিত্তে কি সরকারের কোন কার্য্যের নিমিত্তে দেওয়া গেলে, কিম্বা সরকারের কোন প্রকারের সরঞ্জাম কি দ্রব্য তাহার জিম্মায় দেওয়া গেলে যদি ঐ টাকার তহবীল ভাঙ্গে কি কিছু চুরী করে কি প্রতারণা করিয়া অনুপযুক্ত কর্ম্মে খরচ করে কিম্বা সেই দ্রব্যাদি জানিয়াশুনিয়া নষ্ট করে কি নষ্ট হইতে দেয়, কিম্বা সেই প্রকার তহবীল ভাঙ্গনের কি প্রতারণামতে টাকা খরচ করণের কোন কার্য্যে যদি তাহার সম্পর্ক থাকে কিম্বা তাহা জানিয়া যদি না জানিবার মত করে, তবে তাহার ঐ দোষ সাবুদ হইলে, সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা সরকারী কর্ম্মহইতে তগীর হইবার, ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার, কি না যাইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন তহবীল ভাঙ্গিয়া লওয়া কি চুরীকরা কি প্রতারণামতে খরচকরা কি নষ্ট করা ঐ টাকার কি দ্রব্যের মূল্য ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন তহবীল ভাঙ্গিয়া লওয়া কি চুরীকরা কি প্রতারণামতে খরচকরা কি নষ্টকরা ঐ টাকার কি দ্রব্যের মূল্য ঐ অপরাধির মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।
১৮। যদি কোন লোক আপনার কোম্পানির কি অন্য কোন কোম্পানির কি পল্টনের কোন ব্যক্তির কি ঐ পল্টনপ্রভৃতির সঙ্গে কর্ম্মকারি কোন ব্যক্তির টাকা কি মাল চুরী করে কি চুরী করিবার সহায় হয় তবে ঐ চুরীকরা দ্রব্যের মূল্য পঞ্চাশ টাকার অধিক না হইলে তাহার ঐ দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	পরিশ্রম সহিত কি তাহা ছাড়া তাহার ছয় মাস কয়েদ হইবার হুকুম হইবেক ও তদ্ভিন্ন ঐ চুরীকরা দ্রব্যের মূল্য অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।	তাহার এত কাল কয়েদ হইবার, ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার হুকুম হইবেক। তদ্ভিন্ন ঐ চুরীকরা দ্রব্যের মূল্য অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।
১৯। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী উপযুক্ত ক্ষমতা না পাইয়া কোন কয়েদীকে ছাড়িয়া দেয় কিম্বা তাহার পলাইবার সাহায্য করে কি তাহার পলাইবার কথা জানিয়া না জানিবার মত করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার, কিম্বা তাহার দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
২০। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী কর্ত্তব্য কর্ম্ম ও সুনিয়ম ও সুশাসনের লঙ্ঘন কার্য্য যাহাতে হয় এমত কোন অমনোযোগ কি শৈথিল্য কি অনিয়মিত কার্য্য করে কি করিতে দেয়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অর্দ্ধেক পর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
২১। এই আইনের বিধানমতে যাহারদের বিচার হইতে পারে, এমত কোন লোককে এই আইনমতের স্থাপিত কোন আদালতে হাজির হইতে সমন করা গেলে যদি সে হাজির না হয়, কিম্বা হলফ করিতে কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিতে কিম্বা উপযুক্ত কোন জিজ্ঞাসার উত্তর করিতে স্বীকার না করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অর্দ্ধেক পর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহাবিনা তিন মাস কয়েদ হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৭ জানুআরি।]

	জমাদার হইলে	অচিহ্নিত জমাদার কি সিপাহী হইলে।
২২। এই আইনদ্বারা স্থাপিত কোন আদালতে যদি কোন লোক বিচারপতির সম্মুখে ভয় জন্মাইবার কি অশ্রদ্ধার কোন কথা কহে কি ইশারা করে কি অঙ্গভঙ্গি করে তবে এই আইনমতের বিচার্য্য লোক হইলে তাহার দোষ সাবুদ হইলে সে এই কর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক। যদি এই আইনমতের বিচার্য্য লোক না হয় তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ও জরীমানার টাকা না দিলে তাহার দুই মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইবেক।	তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অৰ্দ্ধেক পর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
২৩। এই আইনদ্বারা স্থাপিত কোন আদালতে কোন মোকদ্দমার বিচারকালে যদি কোন জমাদার কি অচিহ্নিত জমাদার কি সিপাহী হলফ করিয়া কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া ইচ্ছাপূর্ব্বক ও জানিয়াশুনিয়া অসত্য সাক্ষ্য দিবার দোষী হয় তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই কর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহাবিনা এত কালপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইবেক।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 29

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

I am directed by the Court to forward to you for your information and for communication to the officers subordinate to you, the accompanying copy of an order of the 9th ultimo, passed by the Lieutenant-Governor in modification of Circular Order No 36, dated 6th August, 1856, regarding the rate of travelling allowance to be drawn by Ministerial and Police officers, travelling by Railway when on duty.

(Signed) H. B LAWFORD.
Offg. Register.

Fort William, the 2nd December, 1859

(COPY.)

CIRCULAR.

No. 76.

From Lord H. U. Browne, Under Secretary to the Government of Bengal, to the Officiating Register of the Sudder Court.

Fort William, the 9th November, 1859.

I am directed by the Lieutenant-Governor to forward for your information and guidance, and for communication to the officers subordinate to you, the accompanying copy of an order passed by the Lieutenant-Governor in modification of Circular Order No 36, dated 6th August, so far as regards the rate of

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলার অর্ডর।

১৯ নম্বর।

বাঙ্গালাপ্রভৃতি দেশের দেওয়ানী ও ফৌজদারীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

আদালতের ও পোলীসের আমলাগণ যখন সরকারি কর্ম্মের নিমিত্তে রেলওয়ে গাড়িতে যায় তখন যে হিসাবে তাহারা পথখরচ লইবেক, ইহার ১৮৫৬ সালের আগষ্টের ৩৬ নম্বরের যে সরকুলর হইয়াছিল তাহা মতান্তর করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব গত মাসের ৯ তারিখে যে হুকুম করেন, তাহার এক কেতা নকল তোমার জানিবার জন্যে ও তোমার অধীন কর্ম্মকারকদিগকে জানাইবার নিমিত্তে সদর আদালতের হুকুমমতে পাঠাইতেছি।

এচ বি লাফর্ড।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ২ ডিসেম্বর।

সরকুলর।

৭৬ নম্বর।

সদর আদালতের একটিং রেজিষ্টর সাহেবের নিকট বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত লার্ড এচ ইউ ব্রোন সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৯ সাল ৯ নবেম্বর।

আদালতের ও পোলীসের আমলাগণ যখন সরকারি কর্ম্মের নিমিত্তে রেলওয়ে গাড়িতে যায় তখন যে হিসাবে তাহারদের পথখরচ লইতে হইবেক ইহার যে ৩০ আগষ্ট মাসের ৬ তারিখের ৩৬ নম্বরের সরকুলর অর্ডরে হইয়াছিল তাহা মতান্তর করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে হুকুম জারী করিয়াছেন তাহা

[*Government Gazette, 17th January*, 1860]

travelling allowance to be drawn by Ministerial officers, and officers of Police, travelling by Railway when on duty.

Order. A Ministerial officer, Police officer, or other subordinate officer travelling on duty, who is entitled, under the circumstances, to draw travelling allowance reckoned by mileage, shall receive when travelling by Railway, in lieu of mileage rate, the actual cost of his Railway ticket.

An officer having a salary of 50 Rupees a month and upwards will be entitled to a second class ticket, and less than that sum to a third class ticket.

(Signed) H. U. BROWNE,
Under Secretary to the Government of Bengal.
(True Copy.)
R. STUART,
Assistant Register.

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 31.

To the Zillah Judges and Deputy Commissioner of Hazareebagh.

I am directed to inform you that, as the Government contemplate appointing a Committee to enquire into the best method of conducting Pleaders' examinations, no examination for Senior Pleaderships will be held next year. Examinations for Junior Pleaderships will only be held in those Zillahs where there is a real and pressing want of pleaders in the Courts of the Sudder Ameens and Moonsiffs, and you are therefore requested to state for the information of the Court, whether there is any such want in the subordinate Civil Courts of your District.

(Signed) H. B. LAWFORD,
Offg. Register.

Fort William, the 16th December, 1859.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENT.

The 5th January, 1860.

Moonshee Fuqeer Ahmud, Moonsiff of Chuppye, Zillah Rajshahye, to be Moonsiff of Kaguzpookeria, Zillah Nuddea; and Baboo Gour Chunder Mojumdar, Moonsiff of Kaguzpookeria, Zillah Nuddea, to be Moonsiff of Chuppye, Zillah Rajshahye.

LEAVES OF ABSENCE.

The 5th January, 1860.

The unexpired portion of the leave of absence for two weeks, granted on the 9th December last, to Moulvie Mahomed Alum, Moonsiff of Nulchitty, Zillah Backergunge, is hereby cancelled.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০।১১ জানুআরি।]

এক কেতা নকল তোমার জ্ঞাত হইবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে এবং তোমার অধীন কার্য্যকারকদিগকে জানাইবার নিমিত্তে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আদেশমতে তোমার নিকটে পাঠাইতেছি।

হুকুম এই যে, আদালতের কি পোলীসের আমলা কিম্বা তাবেদার অন্য কর্ম্মকারক সরকারী কর্ম্মের নিমিত্তে কোন স্থানে গেলে, যদি বিষয় বুঝিয়া তাহার যত মাইল যাইতে হয় তত মাইলের হিসাবে খরচ লইবার অনুমতি হয়, তবে রেলওয়ে গাড়িতে যাইতে হইলে মাইলের হিসাবে তাহার খরচ দেওয়া যাইবে না, কিন্তু তাহার রেলওয়ে গাড়ির টিকিটের দাম দেওয়া যাইবে।

যাহারা ৫০৲ টাকা ও তাহার অধিক বেতন পায় তাহারদের দ্বিতীয় কেলাসের টিকিট, ও ৫০৲ টাকার কম বেতন যাহারা পায় তাহারদের তৃতীয় কেলাসের টিকিট লইবার অনুমতি হইবেক।

এচ ইউ ব্রোন
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।
(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৩১ নম্বর।

জিলার শ্রীযুত জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব বরাবরেষু।

আদেশমতে তোমাকে এই কথা জানাইতেছি। উকীলেরদের পরীক্ষা যেরূপে লইলে অতিউত্তম হয়, এই কথার সন্ধান লইবার জন্যে গবর্ণমেণ্ট কমিটি নিযুক্ত করিতে মনস্থ করিয়াছেন। এই কারণে আগামি বৎসরে উর্দ্ধ শ্রেণীর ওকালতী পদের জন্যে পরীক্ষা হইবেক না। যে২ জিলার সদর আমীনেরদের ও মুনসেফেরদের আদালতে উকীলেরদের নিযুক্ত হওয়া নিতান্ত আতিআবশ্যক হয়, কেবল সেই২ জিলাতে দ্বিতীয় শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে পরীক্ষা হইবেক। অতএব তোমার জিলার অধঃস্থ দেওয়ানী আদালতে উকীলেরদের প্রয়োজন আছে কি না, এই কথা আদালতের নিকটে তোমার জানাইতে আদেশ হইতেছে।

এচ বি লাফর্ড।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ১৬ ডিসেম্বর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ৫ জানুআরি।

জিলা রাজশাহীর চাপাইয়ের মুনসেফ শ্রীযুত মুনশী ফকীর আহমদ জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ হইবেন ও জিলা নদীয়ার কাগপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার জিলা রাজশাহীর চাপাইয়ের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ৫ জানুআরি।

জিলা বাকরগঞ্জের নলছিটির মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলমকে গত ডিসেম্বর মাসের ৯ তারিখে যে, দুই সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ইহাতে রহিত হইয়াছে।

The 11th January, 1860.

Baboo Chundeechurn Banerjee, Moonsiff of Tobkebograh, Zillah Tipperah, for four months, on private affairs, in extension of the leave of absence granted to him under the Court's orders of the 24th October last.

Moonshee Mahomed Wally, Sudder Moonsiff of Comillah, Zillah Tipperah, for two months, under Medical Certificate, in extension of the leave of absence granted to him under the Court's orders of the 10th November last.

H. B. LAWFORD, *Offg. Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৭৪১৩ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৮ নবেম্বর।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এম রাইলি সাহেব (Mr. H. M. Reily.) পিরোজপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারায় যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে ঐ এলাকাখণ্ডে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

পুরীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ পাবনাতে প্রেরিত হইয়াছেন। ঐ জিলায় তিনি ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে ম্যাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ২১ ডিসেম্বর।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এম লোইস সাহেব (Mr. J. M. Lowis,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ জে হর্শেল সাহেব (Mr. W. J. Herschel,) নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) শাহাবাদের মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ এ কক্রেল সাহেব (Mr. H. A. Cockerell,) ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে ত্রিপুরা ও ছিলট ও চাটিগাঁয়েতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

জরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ এলাকাভুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ডেবি সাহেব (Mr. W. Davey.) ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে ত্রিপুরা ও ছিলট ও চাটিগাঁয়েতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ২২ ডিসেম্বর।

শ্রীযুত বাবু বেণিমাধব সোম পুরুণিয়ার অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা বীরভূমের সদর আমীন ও উক্ত জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত সৈয়দ আবদুল রফ রঙ্গপুরের সদর আমীন ও উক্ত জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

১৮৬০ সাল ১১ জানুআরি।

জিলা ত্রিপুরার তোবকিবাগরার মুনসফ শ্রীযুত বাবু চণ্ডীচরণ বাঁড়ুয্যা সদর আদালতের গত অক্টোবর মাসের ২৪ তারিখের হুকুমমতে যে ছুটী পান তাহার অধিক চারি মাসের ছুটী আপনার কর্ম্মের নিমিত্তে পাইয়াছেন।

জিলা ত্রিপুরার কমিল্লার সদর মুনসেফ শ্রীযুত মুনশী মহম্মদ অলী সদর আদালতের গত নবেম্বর মাসের ১০ তারিখের হুকুমমতে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

পূরণিয়াতে উররবীয়ার মুনসফ শ্রীযুত মৌলবী ইনামউল হক্ মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ফরিদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ বসু B. A. ছিলটে প্রেরিত হইয়া ঐ জিলায় মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন।

আসিষ্টাণ্ট তত্ত্বাবধারক শ্রীযুত পান্নালাল জহরী কলিকাতার পূর্ব্বদিগের খালের কর্ম্মহইতে রাজধানীর এলাকায় প্রেরিত হইয়াছেন।

১৮৫৯ সাল ২৩ ডিসেম্বর।

কৈকস বাজারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ কাসীম পোলীসের কার্য্যকারকের কর্ম্ম ত্যাগ করিয়া ১৮৫৯ সালের ১০ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন,

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এফ লিনস সাহেব (Mr. J. F. Lynch,) ডেপুটী কালেক্টর হইয়া শাহাবাদে প্রেরিত হইবেন। ঐ স্থানে তিনি উক্ত জিলায় বন্দোবস্তকারক শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেবের (Mr. W. F. McDonell,) আজ্ঞাধীনে থাকিবেন।

১৮৫৯ সাল ২৪ ডিসেম্বর।

শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় হাবড়াতে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইয়া ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে ঐ জিলায় কার্য্য করিবেন।

শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie.) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৯ সাল ২৬ ডিসেম্বর।

শ্রীযুত এ জে জাক্সন সাহেব (Mr. A. J. Jackson,) ডাকাইতী নিবারণার্থ কমিস্যনর হইবেন।

১৮৫৯ সাল ৩০ ডিসেম্বর।

শ্রীযুত পাদরি ডবলিউ স্পেনসর সাহেব (Reverend W. Spencer,) হাবড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত এ জি ডফ সাহেব (Mr. A. G. Duff,) শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের গমনাগমন সময়ে তাঁহার চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ৫ ডিসেম্বর।

বাঙ্গলা দেশের দশ সংখ্যক পোলীস পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ পি ডেবিস সাহেব (Lieutenant W. P. Davis,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর সংশোধিত বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১২ ডিসেম্বর।

রঙ্গপুরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৯ ডিসেম্বর।

বাগুণ্ডীর নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইনডেন সাহেব (Mr. W. W. Swinden,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার স্বহস্তে রাখিয়া ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

[illegible]সিরামের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডবলিউ ইনমেন সাহেব (Mr. J. W. Inman,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত জে ওয়েষ্টন সাহেব (Mr. J. Weston,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

অধঃস্থ আসাম দেশের এলাকাভুক্ত আসিষ্টাণ্ট ওবসিয়র শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র কুণ্ডু অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২১ ডিসেম্বর।

তৃতীয় শ্রেণীভুক্ত সব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ মাককল সাহেব (Sub-Engineer W. McCulloh,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৩ ডিসেম্বর।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) রাজধানীর মেডিকাল কমিটির সম্মুখে উপস্থিত হওনার্থ চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৬ ডিসেম্বর।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারার ৩ প্রকরণানুসারে আপন কর্ম্মস্থানে পঁহুছনের নিমিত্তে অতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২৮ নবেম্বর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বাকরগঞ্জ জিলায় এক এলাকাখণ্ড স্থাপন হওয়া মঞ্জুর করিয়াছেন। তাহার নাম পিরোজপুর এলাকাখণ্ড হইবেক তাহার মধ্যে নিম্নের লিখিত থানা গণ্য হইবেক তাহার সদর মোকাম পিরোজপুর বিশেষতঃ।

টুগরা।
কেবওয়ারি কচুয়া।

২০৮৪ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

পরীক্ষক বোর্ডের রিপোর্টক্রমে রাজশাহী এলাকাভুক্ত নিম্নের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ১৮৫১ সালের নবেম্বর মাসের ১৯ তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারণক্রমে যে পরীক্ষা নির্দ্দিষ্ট হইয়াছিল তাহাতে উত্তীর্ণ হইয়াছেন এমত প্রকাশ হইয়াছে।

প্রথম শ্রেণীর পরীক্ষাতে

শ্রীযুত বাবু কালীচন্দ্র বাঁড়ুয্যা।
শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাস।

নিয়োগ।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

নীচের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলায় ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা প্রাপ্ত হইয়াছেন। বিশেষতঃ

শ্রীযুত বাবু কালীচন্দ্র বাঁড়ুয্যা ... রঙ্গপুরে।
শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাস ... পাবনাতে।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

ইস্তাহারনামা কাছারী নেমক চৌকীয়াত শহর কলিকাতা সন ১৮৬০ সাল ১২ জানুআরি।

যেহেতুক বন্দর সুতানুটির নেমকি বেপারিগণের গোলায় নেমক আমদানীরপ্তানী হওনকালীন নিম্নের লিখিত পরিমাণ নেমক রামধন প্রামাণিক ও রজদাস নামক দুই ব্যক্তি বিনাদস্তাবেজে লইয়া যাওনকালীন নেমক চৌকি সুতানুটির কার্ত্তিক ও চৈতন্যসিংহ চাপরাসীগণকর্ত্তৃক ধৃত হওয়ায় উক্ত নেমক ধৃত হওয়ার অযোগ্য বোধে এই কাছারীহইতে ঐ নেমক খালাসের হুকুম হইয়াছিল এযাবৎ উক্ত ব্যক্তিগণ হাজির হইয়া নেমক না লওয়ায় ঐ নেমক চৌকি সুতানুটির দারোগার কাছারিতে মউজুদ আছে অতএব সাধারণের বিজ্ঞাপনার্থে এই ঘোষণাপত্র প্রকাশ করা যাইতেছে যে আগামি সন ১৮৬০ সালের ১৩ ফেব্রুআরি তারিখে শহর কলিকাতার শ্রীযুত জুষ্টিস অফ দি পীস সাহেবের হজুরে ১৮৪৯। ১৩ আইনের ২১ ধারার বিধানমতে বিচার হইবেক অতএব যে কেহ উক্ত নেমকের দাওয়া রাখে তাহার উচিত যে উক্ত দিবসে প্রশংসিতের হজুরে হাজির হইয়া আপন২ দাবী জানায়।

গ্রেপ্তারীর সন তারিখ	গারীন্দার নাম	আসামীর নাম	তাইদ নেমক
সন ১৮৫৯। ৬ ডিসেম্বর	কার্ত্তিকসিংহ চাপরাসী	রামধন প্রামাণিক	/৫৮
সন ঐ ৭ ডিসেম্বর	চৈতন্যসিংহ চাপরাসী	রজদাস দুড়িয়া	/৩৶

এ ডবলিউ পীকক। কলিকাতার নেমক চৌকীর একটিং সুপরিন্টেণ্ডেণ্ট।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০। ১৭ জানুআরি।]

OPIUM.

আফিমের ইশ্তিহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ৭ ফিব্রুআরি মঙ্গলবার পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৮। ৫৯ সালের পয়দায়শী আফিমের দ্বিতীয় নীলাম হইবেক ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইরূপে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সমস্ত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ডিলিবরেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১৩ এবং ২২ ফিব্রুআরি এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিসরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস বাবতে সবট্রেজররের সাহেবের দস্তখতী ট্রেজরী রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১৩ ফিব্রুআরি সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের খাট-খালাসি সববে কিস্তের পূরা টাকার দরুণ কোন ট্রেজরি রসিদ সন ১৮৬০ সালের ২২ ফিব্রুআরি বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্তেহারের যেকদার আফিম যেওয়ার সন ১৮৬০ সালে নীচের লিখিত যেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর বরিন্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

						বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬০ সালের	১২	মার্চ	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৯	আপ্রিল	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৭	মে	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১১	জুন	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৯	জুলাই	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৬	আগষ্ট	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৮	অক্টোবর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	নবেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বুধবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭৫	৫০৯	১৭৮৪
						১২৭০৫	৫০৯৯	১৭৮০৪

এসলি ইডেন : ছোট সেক্রে

বমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল তারিখ ৪ জানুআরি।

[*Government Gazette*, 17*th January*, 1860.]

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

এক্তাহারনামা কাছারী কালেক্টরী জিলে চট্টগ্রাম।

এহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহালাতের মালগুজারীর বাকী বাবত ইঙ্গরেজী সন ১৮৬০ সালের ৩ ফেব্রুআরি মতাবেক সন ১২৬৬ বাঙ্গলা তারিখ ২২ মাঘ রোজ শুক্রবার দ্বিপ্রহরের সময় এই কালেক্টরী কাছারীতে বিনা ও[illegible]নীলামে ধরা যাইবেক ইতি ১৮৬০ ইং তারিখ ৬ জানুআরি মতাবেক সন ১২৬৬ বাঙ্গলা তারিখ ২৩ পৌষ।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

৩৯ নম্বর নিং আনন্দী মানুল্লা মালিক রামচন্দ্র দে সদর জমা ১১৬০৻৩

A. W. Russell, *Offg. Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

সুপ্রেম কোর্টের বিজ্ঞাপন।

রিসিবর আফিস।

নবকৃষ্ণ মিত্রদিগর বাদী।

হরিশ্চন্দ্র মিত্রদিগর প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান জানের মাহার ২৭ তারিখে শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রেম কোর্টের রিসিবর শ্রীযুত জেমেস ওয়েল্‌চ সাহেব তাঁহার আফিসে শহর কলিকাতা চাঁদনী চক বাজারের দুআরার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিস কোর্ট হৌস।

তারিখ ৯ জানের সন ১৮৬০ সাল।

বিজ্ঞাপন।

ইতিপূর্ব্বে ইং ১৭৯২ নাং ১৮৫৫ সাল আবশ্যকীয় যে সকল নজির ছিল তাহা মহামান্য সদর দেওয়ানী আদালত কর্ত্তৃক সংগ্রহ হইয়া ১৪ খণ্ডে ছাপা হইয়াছিল। যেহেতু উক্ত ১৪ খণ্ডহইতে কোন আবশ্যকীয় নজির অনুসন্ধান করিয়া বাহির করা সুকঠিন এই নিমিত্তে গবর্ণমেণ্টের আদেশক্রমে ১৮৫৬ সালে নূতন এক পুস্তক ইংরাজি ভাষায় উক্ত ১৪ খণ্ডের নির্ঘণ্টস্বরূপ ৩ ভাগে অর্থাৎ প্রথম ভাগ সাধারণ আইন ও দ্বিতীয় ভাগ শাস্ত্র ও তৃতীয় ভাগ শরাসংক্রান্ত মোকদ্দমা ছাপা হইয়াছে। ঐ ইংরাজি ভাষায় পুস্তক প্রকাশ হওয়াতে নজিরের অনুসন্ধান বিষয়ে যে ক্লেশ হইত তাহা রহিত হইয়াছে আর ঐ পুস্তক জেলাআতের জজ ও প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফ ও উকীল ও তৎপদাকাঙ্ক্ষী ও মোক্তার ও জমীদার ও মহাজনপ্রভৃতির পক্ষে কিপর্য্যন্ত আবশ্যক তাহা বর্ণনাধিক, কিন্তু যাঁহারা ইংরাজি ভাষা না জানেন তাঁহারা ঐ পুস্তকের দ্বারা কোন উপকার প্রাপ্ত হইতে পারেন না। একারণ সর্ব্ব সাধারণের হিতার্থে উক্ত ইংরাজি পুস্তক ও তদতিরিক্ত ১৮৫৭ সালপর্য্যন্ত যে সকল নম্বরী ও সরাসরী নজির প্রচার ও প্রকাশ হইয়াছে তাহা সদর দেওয়ানী আদালতের নজির অনুবাদক শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র হালদার মহাশয়কর্ত্তৃক বঙ্গভাষায় অনুবাদ ও সংগ্রহ পূর্ব্বক ছাপা করিয়া স্বাক্ষরকারিদিগের পক্ষে ১০৲টাকা ও অন্যান্য ব্যক্তির পক্ষে ডাক মাসুল সমেত ১২৲ টাকা মূল্য ধার্য্য করিলাম গ্রহণেচ্ছুক মহাশয়েরা টাকাসহ লিপি প্রেরণ করিলে ঐ পুস্তক পাইতে পারিবেন।

শ্রীমহম্মদ ইস্মাইল। উকীল সদর দেওয়ানী।

মোং কলিকাতা।

১৮২৯ সালের ৮ আইনের সামান্য নির্ঘণ্ট এবং অভিধানের ন্যায় বর্ণমালানুযায়ী ইংরেজী প্রস্তুত ও প্রকাশিত হইয়া সদর আদালতের উকীল শ্রীযুত বাবু ভুবনমোহন রায় চৌধুরী মহাশয়ের আফিসে বিক্রয় আছে। মূল্য ॥০ আনা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৭ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 24, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৪ জানুআরি।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 32.

To the Zillah Judges in the Lower Provinces and Deputy Commissioner of Hazareebagh.

In continuation of their Circular Order No. 31. of the 16th instant, I am directed by the Court to forward to you Copy of the Orders of Government No 7352 of the 24th idem, and to state that the rule therein contained will apply to Candidates who may present themselves at the next examination for Junior Pleaderships in those districts where pleaders may be wanted

(Signed) H B LAWFORD,
Offg. Register

Fort William, the 31st December, 1859.

No. 7352.

From E H. Lushington, Esq, Offg. Secretary to the Govt of Bengal, to the Officiating Register. Sudder Court.

Dated Fort William, the 24th December, 1859

I am directed by the Lieutenant Governor to acknowledge the receipt of your letter No 1607, dated the 5th instant, and in reply to state that, if there are to be any Junior Pleadership examinations next year, the fee of Rupees 32 can be levied from every Candidate as proposed by the Court

(Signed) E H LUSHINGTON,
Offg Secy. to the Govt of Bengal.

(True Copy,)
R. STUART.
Assistant Register

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৩২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের জিলার শ্রীযুত জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর আদালতের বর্ত্তমান মাসের ১৬ তারিখের ৩১ নম্বরের যে সরকুলর প্রকাশ হইয়াছিল, তাহার অতিরিক্ত আমি সদর আদালতের সাহেবেরদের আজ্ঞামতে গবর্ণমেণ্টের ঐ মাসের ২৪ তারিখের ৭৩৫২ নম্বরের হুকুম তোমার নিকটে পাঠাইয়া এই কথা জানাইতেছি যে২ জিলাতে উকীলদিগের প্রয়োজন থাকে সেই২ জিলাতে দ্বিতীয় শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে আগামি বারের যে পরীক্ষা হইবেক তৎকালে যাঁহারা পরীক্ষা দিতে আইসেন তাঁহারদের উপর ঐ হুকুম খাটিবেক।

এচ বি লাফর্ড। এক্টিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ৩১ ডিসেম্বর।

৭৩৫২ নম্বর।

সদর আদালতের এক্টিং রেজিষ্টর সাহেবের নিকটে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৯ সাল ২৪ ডিসেম্বর।

তোমার বর্ত্তমান মাসের ৫ তারিখের ১৬০৭ নম্বরের পত্র শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিকটে পঁহুছিয়াছে, ও তাঁহার আদেশমতে সেই পত্রের এই উত্তর লিখিতেছি। দ্বিতীয় শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে যদি আগামি বৎসরে পরীক্ষা হয়, তবে যাঁহারা পরীক্ষা দিতে আইসেন তাঁহারদের প্রত্যেক জনের স্থানে আদালতের প্রস্তাবমতে ৩২৲ টাকা রসুম লওয়া যাইতে পারিবেক।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

৭৪৬৮ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৮ ডিসেম্বর।

শ্রীযুত ক্লেমেণ্ট স্কন্স সাহেব M. R. C. S. (Mr. Clement Sconce, M. R. C. S.,) বারাসতে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন। এবং উক্ত জিলায় ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ২৯ ডিসেম্বর।

কামরূপের মুনসেফ ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহেশচন্দ্র শর্ম্মা বড়ুয়া ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন এবং ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ৩০ ডিসেম্বর।

শ্রীযুত জি হস্‌মর সাহেব (Mr. G. Hosmer,) ভাগলপুরে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন এবং উক্ত জিলায় ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ৩ জানুআরি।

নদীয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) শ্রীযুত হর্শল সাহেবের (Mr. Herschel.) না আইসনপর্য্যন্ত উক্ত জিলার কালেক্টরের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি ডি উইলকিন্‌স সাহেব (Mr. G. D Wilkins,) বেহার ও পাটনার অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ৪ জানুআরি।

শ্রীযুত ডবলিউ কর্ণেল সাহেব (Mr. W. Cornell,) ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ রোজ সাহেব (Mr. H. Rose,) ময়মনসিংহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত দিনাজপুরের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) সরকারী নিমক চৌকীর কণ্ট্রোলর হইবেন।

শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr. T. B. Mactier,) কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট ও স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore,) পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট ও স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্টও হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত কটকের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এস লশিংটন সাহেব (Mr. S. Lushington,) পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট এবং স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি এ সি প্লোডেন সাহেব (Mr. G. A. C. Plowden.) মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর এবং স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্টও হইবেন কিন্তু উক্ত জিলার অতিরিক্ত সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৪ জানুআরি।]

শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) শ্রীহট্টের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ এ কক্রেল সাহেব Mr. H. A. Cockerell,) বারাসতের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এফ ব্রৌন সাহেব (Mr. J. F. Browne,) জরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ এলাকার সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত ব্রৌন সাহেব ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে ত্রিপুরার ও শ্রীহট্টের ও চাটিগাঁয়ের কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ৫ জানুআরি।

শ্রীযুত মৌলবী দিলাবর হুসেন শ্রীহট্টে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন এবং উক্ত জিলায় ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ৬ জানুআরি।

মেদিনীপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ আর কক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ১৪ ডিসেম্বর।

আসাম দেশের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এচ ব্রৌনলো সাহেব (Mr. W. H. Brownlow,) গত মাসের ২৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৩ জানুআরি।

নদীয়ার কালেক্টর শ্রীযুত ই ই উডকক সাহেব (Mr E. E. Woodcock,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারার ১ ও ৩ প্রকরণানুসারে প্রস্তুত হওনার্থে নিয়মিত ছুটীসমেত স্বীয় কর্ম্মের নিমিত্তে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

মাণ্ডরা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এম হালিডে সাহেব (Mr. F. M. Halliday,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকেটক্রমে পরের মাসের ছুটী পাইয়াছেন। এবং ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৫ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে প্রস্তুত হওনার্থে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৪ জানুআরি।

বারাসতের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr. J. P. H. Ward,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকেটক্রমে পরের মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর ও হেওড সাহেব (Mr. R. O. Heywood,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

গাজিপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এ টি মাক্লিন সাহেব (Mr. A. T. Maclean, ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে গত মাসের ২৩ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৬ জানুআরি।

মেদিনীপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,) ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৫ তারিখের ফিনান্সিয়ল ডি

পার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে গত মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৪ জানুআরি।

সকল লোকের জানিবার জন্যে ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। আলিপুরের জেলখানার যে ছাপাখানা স্থাপন হইয়াছে তাহার কৃতকার্য্যতা সকল করিবার জন্যে, ও সরকারের কার্য্যকারক সাহেবপ্রভৃতি ছাপাকরা যে সকল শরওয়া পাঠাইবার পত্র লিখিয়া থাকেন তাহা আরো সংক্ষরূপে প্রস্তুত হয় এই কারণে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব আজ্ঞা করিয়াছেন যে, গবর্ণমেণ্টের পাতরিয়া ছাপাখানা ও সিরিশ্তা বর্ত্তমান মাসের প্রথম দিবসঅবধি আলিপুর জেলখানার ছাপাখানায় লইয়া যাওয়া যায়।

কিন্তু যে সকল কার্য্যকারক সাহেবপ্রভৃতি ছাপাকরা কি লিথগ্রাফকরা যে সকল শরওয়া চাহেন তাহার নিমিত্তে তাঁহারা যেমন করিয়া আসিতেছেন তেমনি ষ্টেশ্যনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে লিখিবেন ও তিনি এখন যেমন করেন তেমনি অনাবশ্যক কোন শরওয়া বাহির না হওয়া নিবারণ করিবেন।

সরকারের লিথগ্রাফ প্রেস যখন স্বতন্ত্র ছিল তখন সরকারী কার্য্যকারকেরদের নিমিত্তে যে সকল কর্ম্ম তাহাতে করা যাইত তাহার জন্যে তাঁহারদের কিছু খরচ লাগিত না, কিন্তু আলিপুরের জেলখানার ছাপার ও লিথগ্রাফের কার্য্য জেলখানার নির্ম্মিত দ্রব্যের মধ্যে গণ্য হইতেছে। অতএব আলিপুরের জেলখানায় কোন কার্য্যকারক সাহেবের কি ডিপার্টমেণ্টের নিমিত্তে যে কোন বিষয় লিথগ্রাফ করা যায় তাহার খরচ তাঁহারদের এই কালঅবধি দিতে হইবেক ইহা স্থির করা গিয়াছে। যে হিসাবমতে খরচ লাগিবেক তাহা বাঙ্গলাপ্রভৃতি দেশের জেলখানার ইনস্পেক্টর জেনরল সাহেব ইহার পরে প্রকাশ করিবেন।

---

১৭৫ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৩ ডিসেম্বর।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু তারাচাঁদ বাঁড়ুয্যা বর্দ্ধমানে ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু কালাচাঁদ দে কৃষ্ণনগরে ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু নীলমাধব মুখুয্যা রাজধানীতে বিলায়তী টীকার সুপরিণ্টেণ্ডেণ্ট জেনরল সাহেবের আজ্ঞাধীনে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু কালাচাঁদ দে যাবৎ কৃষ্ণনগরে না পঁহুছেন তাবৎ সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু করুণাকুমার সেন কিঞ্চিৎকালের নিমিত্তে ঐ স্থানের ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্রীনাথ মুখুয্যা নওয়াখালীর ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৫৯ সাল ৩১ ডিসেম্বর।

নিম্নের লিখিত মহাশয়েরা চাটিগাঁয়ে ঔষধালয়ের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত মৌলবী হামিদ উল্লা খাঁ বাহাদুর।

শ্রীযুত ফজল আলী খাঁ।

শ্রীযুত বাবু অভয়চন্দ্র দাস।

শ্রীযুত ডবলিউ সি ইডস সাহেব ও শ্রীযুত ডবলিউ পাটর্সন সাহেব (Messrs. W. C. Eades and W. Patterson,) বালেশ্বরে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

[*Government Gazette, 24th January*, 1860.]

১৮৬০ সাল ৩ জানুআরি।

আসিষ্টাণ্ট ওবর্সিয়র শ্রীযুত বাবু বিপ্রদাস মিত্র মহানদীর এলাকাহইতে কটক এলাকায় প্রেরিত হইয়াছেন।

প্রবেশ্যনরি আসিষ্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত ই কটওয়েল সাহেব (Probationary Assistant Overseer E. Cautwell,) গঙ্গা ও দারজিলিঙ্গের রাস্তায় নিযুক্ত হইয়াছেন।

১৮৬০ সাল ৪ জানুআরি।

রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকার ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এচ মেটকাফ সাহেব (Mr. H. H. Metcalfe,) ঢাকাতে প্রেরিত হইয়া উক্ত জিলায় ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন তিনি মাণিকগঞ্জ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ ও ১৮৫৫ সালের ১০ আইনের ১ ধারায় মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন।

মাণিকগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জয়চন্দ্র গুহ রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকায় প্রেরিত হইয়াছেন। শ্রীযুত বাবু জয়চন্দ্র গুহ ১৮২১ সালের ৭ আইনানুসারে যশোহর ও পাবনা ও ফরিদপুর ও বাকরগঞ্জ ও চব্বিশপরগনা এবং সুন্দরবন এই সকল জিলায় কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ৪ জানুআরি।

কটকের জজ শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব (Mr. J. J. Ward,) রাজধানীর স্থিরতর চিকিৎসকের কমিটির সম্মুখে উপস্থিত হওনার্থে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৬ জানুআরি।

উত্তরপাড়ার ঔষধালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু দয়ালচন্দ্র বসাক এতদ্দেশীয় চিকিৎসকের প্রতি ঔষধালয়ের কর্ম্মের ভার অর্পণ করিয়া অচিকিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

পুরাণ গির্জার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জি লবলে সাহেব (Reverend G. Lovely,) কলিকাতার লার্ড বিশপ সাহেবের স্থানে যে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছিলেন তাহা ১৮৫৬ সালের নবেম্বর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে মঞ্জুর হইয়াছে।

---

২৪৫ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৭ জানুআরি।

নওগাঁয়েতে আসাম দেশের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত এল ইঙ্গলস সাহেব (Mr. L. Ingles,) ছোট আসিষ্টাণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ৯ জানুআরি।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা যাবৎ বীরভূমে না পঁহুছেন তাবৎ জিলার সদর আমীনের ও সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ১১ জানুআরি।

শ্রীযুত সুপরবাইজর হেমব্রো সাহেব (Mr. Supervisor Hembrough,) বারাকপুর এলাকাহইতে রামগড় এলাকায় প্রেরিত হইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ৫ জানুআরি।

মেদিনীপুরের সিবিল চিকিৎসক শ্রীযুত আর এটকিন্সন সাহেব (Mr. R. Atkinson,) আপন মোকামের চিকিৎসকের কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত নবগোপাল ঘোষালের প্রতি অর্পণ করিয়া ১৮৫৮ সালের আপ্রিল মাসের ২৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বহরমপুরের দাতব্য ঔষধালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু অভয়াচরণ নিয়োগী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৬ জানুআরি।

গঙ্গা ও দারজিলিঙ্গের রাস্তায় নিযুক্ত ওবর্সিয়র কর্পরাল সি মিটলেণ্ড সাহেব (Overseer Corporal C. Maitland,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৬ জানুআরি।

দারজিলিঙ্গের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ এস ফিসর সাহেব (Reverend H. S. Fisher,) ১৮৫৯ সালের জানুআরি মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে সরকারী কর্ম্ম ত্যাগ করিতে প্রস্তুত হওনার্থে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৬ জানুআরি।

সিবিলসম্পর্কীয় কার্য্যে নিযুক্ত শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr J. P. H. Ward,) বর্ত্তমান মাসের ১১ তারিখে বেণ্টিঙ্কনামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৯ জানুআরি।

ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। মধুবনী ও রায়গোলা গ্রাম পূরণিয়া নগরের শামিল হয়, এই অভিপ্রায়ে ১৮৫৬ সালের ২০ আইন অদ্যকার তারিখঅবধি পূরণিয়ার নিকট ঐ২ গ্রামে চলন হইবে।

১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। গবর্ণমেণ্টের রাজস্বসম্পর্কীয় জরিপী কর্ম্মকারকেরদের যে নক্শা ১৮৫২ সালের ৩০ ডিসেম্বর তারিখে মঞ্জুর হয় ও ১৮৫৩ সালের ৫ জানুআরি তারিখের গবর্ণমেণ্ট গেজেটের ১৭ পৃষ্ঠায় প্রকাশ করা বিজ্ঞাপনমতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টে গ্রাহ্য হয়, সেই নক্শাতে ঐ২ গ্রামের ও পূরণিয়া নগরের যে সীমাঞ্চল নিরূপণ হইয়াছে, তাহাই ঐ সংযুক্ত নগরাদির সীমা জ্ঞান হইবেক।

১৮৫৬ সালের ২০ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে, ঐ দুই গ্রামের যে টাক্স আদায় হইবেক তাহা যে লোকরা টাক্স দিবার যোগ্য হন তাঁহারদের অবস্থিতিক বুঝিয়া ও তাঁহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবেক তাহা বুঝিয়া বসান যাইবেক।

---

২৮১ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৬ জানুআরি।

আসিষ্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত বাবু যদুনাথ রায় রামগড় এলাকাহইতে বারাকপুর এলাকায় প্রেরিত হইয়াছেন।

প্রবেসানরী আসিষ্টাণ্ট ওবরসিয়র প্রাইবেট পি কিরান্স সাহেব (Probationary Assistant Overseer Private P. Keerans,) রামগড় এলাকায় নিযুক্ত হইয়াছেন।

১৮৬০ সাল ১২ জানুআরি।

শ্রীযুত এল আর টটনহাম সাহেব (Mr. L. R. Tottenham,) নওয়াদহ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া বেহারের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ১৬ জানুআরি।

শ্রীযুত আর বি ককেরেল সাহেব (Mr. R. V. Cockerell,) হুগলীতে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৬০ সাল ১৭ জানুআরি।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পি পি কার্টার সাহেব (Mr. P. P. Carter,) উক্ত জিলার বন্দোবস্তকারি শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেবের (Mr. W. F. McDonell,) আজ্ঞাধীনে থাকিবেন।

১৮৬০ সাল ১৯ জানুআরি।

শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie.) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বেহার ও পাটনার অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) [illegible]জেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) নদীয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডি জে মাকনীল সাহেব (Mr. D. J. McNeile,) নদীয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৪ জানুআরি।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ আথর্টন সাহেব (Mr. H. Atherton,) কর্ম্ম ত্যাগ করণাভিপ্রায়ে ১৮৫৭ সালের আপ্রিল মাসের ২৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে আগামি আপ্রিল মাসের ২ তারিখঅবধি যে মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

শান্তিপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এ টি মাক্লীন সাহেব (Mr. A. T. Maclean,) বর্ত্তমান মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৭ জানুআরি।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) আপন জিম্মাতার কার্য্যের ভার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিয়া ছুটী লইয়া ইউরোপে গমনার্থে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Mr. J. W. Dalrymple,) আপন জিম্মাতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার ছোট আদালতের দ্বিতীয় জজ শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির

৭ ধারার ১ প্রকরণানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন।

শাহাবাদের ডেপুটী কালেক্টর ও বন্দোবস্তকারক সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত মৌলবী মৌলাবক্স অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটী বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বগুড়ার সদর আমীন ও মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রসুল তমকীন গত অক্টোবর মাসের ২৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৯ জানুঅরি।

শ্রীহট্টের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr. W. J. Longmore,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

রিবর্স তামসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা দিনাজপুর।

শ্রীযুত টি বি লেন সাহেব (Mr. T. B. Lane,) হাবড়ার মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২৭ জানুআরি।

নদীয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জে হল্‌স সাহেব (Mr. J. J. Halls,) আপন মোকামের চিকিৎসা কার্য্যের ভার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু কানাইচাঁদ দের প্রতি অর্পণ করিয়া ১৮২৮ সালের আপ্রিল মাসের ২৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

চম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্লণ্ডেল সাহেব (Mr. W. Blundell,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২ ফেব্রুআরি।

হাবড়ার মাজিষ্ট্রেট শ্রীযুত জে জে গ্রে সাহেব (Mr. J. J. Grey.) ছুটী লইয়া ইউরোপে গমন নিমিত্তে প্রস্তুত হওনার্থে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২ ফেব্রুআরি।

চাটিগাঁয়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সার্সন সাহেব (Mr. W. Sarson,) গত মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন অতএব গত সেপ্টেম্বর মাসের ২২ তারিখে যে ছুটী পান তদবশিষ্ট কাল রহিত হইয়াছে।

১৮৫৯ সালের ডিসেম্বর মাসের ১৫ তারিখের ১২৮

মঞ্জুরী পত্রে শ্রীযুত রাইট অনরবিল সেক্রেটারী অফ্ষ্টেট সাহেব জ্ঞাপন করিয়াছেন যে সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত জে এচ মাঙ্গলস সাহেব (Mr. J. H. Mangles,) বাঙ্গলা দেশের রাস্তার সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে হোল্ট সাহেব (Mr. J Holt,) অতিরিক্ত ছয় মাসের ছুটী পাইবেন।

রিবর্স তামসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT.

সাধারণ ব্যক্তিগণের ইশ্‌তিহার।

[*Government Gazette, 7th February,* 1860.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 14, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৪ ফেব্রুআরি।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 4TH FEBRUARY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 23rd January 1860 (communicated to the Legislative Council on the 4th February 1860), and is hereby promulgated for general information:—

ACT No. IV. OF 1860.

An Act to amend Act VIII. of 1859 (for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter.)

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act VIII. of 1859 (*for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter*): It is enacted as follows:—

[Appeal to Sudder Court to be heard by two or more Judges.]

1. From and after the passing of this Act so much of the 332nd Section of Act VIII. of 1859, as enacts that "If the appeal lie to the Sudder Court it shall be heard and determined by a Court consisting of three or more Judges of that Court," shall be repealed, and in lieu thereof the following shall form portion of the said Section:—

If the appeal lie to the Sudder Court, it shall be heard and determined by a Court consisting of two or more Judges of that Court. If, when the Court shall consist of only two Judges, there is a difference of opinion upon the evidence in cases in which it is competent to the Court to go into the evidence, and one Judge concur in opinion with the Lower

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মঞ্জুরকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৩ জানুআরি তারিখে সম্মত হইয়া ১৮৬০ সালের ৪ ফেব্রুআরি তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে স্বীয় সম্মতি জ্ঞাত করেন; এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪ আইন।

দেওয়ানী মোকদ্দমার যেং আদালত রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেইং আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার, ১৮৫৯ সালের ৮ আইন শুধরাইবার আইন।

[হেতুবাদ।]

দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার যেং আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেইং আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার ১৮৫৯ সালের ৮ আইন সংশোধন করা বিহিত। এই কারণে এইং বিধান হইল।

[সদর আদালতে যে আপীল হয় তাহা দুই কি অধিক জন জজ সাহেবের শুনিবার কথা।]

১ ধারা। "আপীল যদি সদর আদালতে হয়, তবে ঐ আদালতের তিন জন কি অধিক জন জজ সাহেব একলাস করিয়া তাহা শুনিবেন ও নিষ্পত্তি করিবেন" এই যে বিধান ১৮৫৯ সালের ৮ আইনের ৩৩২ ধারাতে আছে তাহা এই আইন জারী হইবার সময়াবধি রদ হইবেক। ও তাহার পরিবর্ত্তে নীচের লিখিত কথা ঐ ধারার এক ভাগ হইবেক।

"যদি সদর আদালতে আপীল হয় তবে ঐ আদালতের দুই কি অধিক জন জজ সাহেব একলাস করিয়া তাহা শুনিবেন ও নিষ্পত্তি করিবেন। কেবল দুই জন জজ সাহেবের একলাস হইলে ও আদালত যে মোকদ্দমার প্রমাণ দৃষ্টি করিতে ক্ষমতাপন্ন হন এমত মোকদ্দমায় যদি প্রমাণ দেখিয়া তাঁহারদের মতের অনৈক্য হয়, ও হাকিমের বিষয়ে যদি তাঁহারদের এক জনের মত

Court as to the facts, the case shall be determined accordingly: If in a Court so constituted there is a difference of opinion upon a point of law, the Judges shall state the point upon which they differ, and the case shall be re-argued upon that question before one or more of the other Judges and shall be determined according to the opinion of the majority of the Judges of the Sudder Court by whom the appeal is heard.

[Procedure on receiving application for execution of decree.]

II. From and after the passing of this Act the 215th Section of the said Act shall be repealed, and in lieu thereof the following shall be the 215th Section:—

"The Court, on receiving any application for execution of a decree containing the particulars above mentioned or such of them [illegible] ble to the [illegible] enter a note of the application and the date on which it was made, in the Register of the suit. If it shall be shown to the Court that the particulars do not correspond with the original decree, the Court shall either return the application for correction to the person making it, or shall with the consent of such person, cause the necessary correction to be made. If the application be admitted, the Court shall order execution of the decree according to the nature of the application."

[Extension of Act to Non-Regulation Provinces.]

III. When under the provisions of Section 385 of the said Act the Act is extended to any part of the territories not subject to the general Regulations of Bengal, Madras, and Bombay, it shall be lawful for the Government to which the territory is subordinate to declare that the Act shall take effect therein subject to any restriction, limitation, or proviso which it may think proper. In such case the restriction, limitation, or proviso shall be inserted in the declaration or notification of such extension. When the Act is extended by the Local Government to any territory subordinate to such Government and such extension is made subject to any restriction, limitation, or proviso, the previous sanction of the Governor General of India in Council shall be requisite.

M. WYLIE,
Clerk of the Council.

অধ্যক্ষ আদালতের মতের সঙ্গে মিলে, তবে তদনুসারে মোকদ্দমার নিষ্পত্তি হইবেক। সেই প্রকারের কোন এজলাসে যদি আইনঘটিত কথা ধরিয়া মতের অনৈক্য হয়, তবে যে কথায় অনৈক্য হয় তাহা জজ সাহেবেরা ব্যক্ত করিবেন, ও সেই কথা লক্ষ করিয়া অন্য এক কি অধিক জন জজ সাহেবের সম্মুখে ঐ মোকদ্দমার পুনরায় তর্কবিতর্ক হইবেক, ও সদর আদালতের যে জজ সাহেবেরা আপীল শুনেন তাঁহারদের অধিক জনের যে মত হয় তদনুসারে নিষ্পত্তি হইবেক ইতি।

[ডিক্রীজারীর দরখাস্ত পাওয়া গেলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

২ ধারা। ঐ আইনের ২১৫ ধারা এই আইন জারী হইবার সময়াবধি রদ হইবেক ও তাহার স্থানে এই ধারা ২১৫ ধারা হইবেক।

"আদালত পূর্ব্বোক্ত বিশেষ কথাসম্বলিত, কিম্বা মোকদ্দমাতে তাহার যত খাটিতে পারে সেই কথাসম্বলিত [illegible] জারী করিবার কোন দরখাস্ত পাইলে, ঐ দরখাস্ত পাও[illegible]র কথা ও যে তারিখে পাওয়া গেল সেই তারিখ মোকদ্দমার রেজিষ্টরীতে লিখিবেন। সেই সকল বিশেষ কথা আসল ডিক্রীর সঙ্গে মিলে না, ইহা যদি আদালতে দেখান যায়, তবে আদালত তাহা সংশোধন করিবার জন্যে দরখাস্তকারিকে ফিরাইয়া দিবেন, কিম্বা তাহার অনুমতি লইয়া তাহা আবশ্যকমতে সংশোধন করাইবেন। সেই দরখাস্ত যদি গ্রাহ্য হয় তবে আদালত ঐ দরখাস্তের মর্ম্মমতে ডিক্রী জারী হইবার হুকুম করিবেন।"

[আইনবহির্ভূত প্রদেশে ঐ আইন চালাইবার কথা।]

৩ ধারা। বাঙ্গলা কি মান্দ্রাজ কি বোম্বাই দেশের সাধারণ আইন যেং প্রদেশে চলে না এমত কোন প্রদেশে ঐ আইনের ৩৮৫ ধারার বিধানমতে যদি ঐ আইন চলন হয়, তবে ঐ প্রদেশ যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট যে কোন নিষেধ কি সীমা কি বিধান নিরূপণ করা উচিত বোধ করেন সেই নিষেধ ও সেই সীমা ও বিধান মানিয়া ঐ আইন সেই প্রদেশে চলন হয়, এমত আজ্ঞা করিতে পারিবেন। এমত স্থলে ঐ আইন সেই দেশে চলন হইবার ঘোষণাপত্রে কি ইশ্তিহারনামার মধ্যে ঐ নিষেধ কি সীমা কি বিধান ব্যক্ত থাকিবেক। স্থানবিশেষের কোন গবর্ণমেণ্ট যখন সেই স্থানের গবর্ণমেণ্টের অধীন কোন প্রদেশে ঐ আইন চলন করান, ও কোন নিষেধ কি সীমা কি বিধান বশতঃ সেই আইন চলন করান, তখন তাহাতে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতি প্রথমে পাওয়া আবশ্যক ইতি।

এম ওএলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 1

CIRCULAR MEMORANDUM.

The following Rules, based on Government orders, dated the 13th April 1841 and 22nd December 1859, are to be inserted as 29 A and 29 B in the Rules of Practice circulated on 11th July 1855.

"29 A. Commissioners shall be competent to pass collection charges of Mehals held Khas on the

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

১ নম্বর।

স্মারকলিপি।

নীচের লিখিত বিধি গবর্ণমেণ্টের ১৮৪১ সালের ১৩ আপ্রিল তারিখের ও ১৮৫৯ সালের ২২ ডিসেম্বর তারিখের হুকুমঅনুযায়ি করা গেল। ১৮৫৫ সালের ১১ জুলাই তারিখে কার্য্য করিবার যে বিধান প্রচার করা গিয়াছিল সেই বিধানের মধ্যে ঐ বিধি ২৯ A ও ২৯ B বিধি বলিয়া লিখিতে হইবেক।

২৯ A। রেকরারী তৌজীতে যে খাস মহাল লেখা আছে তাহার ওয়াসিলাতের খরচ অর্থাৎ যত টাকা

Fluctuating Toujee, at a rate not exceeding 10 per cent. of the actual collections.

"29 B. The collection charges of Abkaree Mehals held Khas may, under the same authority, be sanctioned within the limit specified."

2nd. *The following addition to be made as para. 15 under the head "Settlement" in the Abkaree Series circulated on the 8th July 1857* :

"15. Commissioners shall be competent to pass collection charges of Abkaree Mehals held Khas, at a rate not exceeding 10 per cent. of the amount collected."

By Order of the Board of Revenue, Lower Provinces.

(Signed) E. T. TREVOR,
Secretary.

The 17th January 1860.

নিতাম উসুল হয় তাহার উপর কমিসানর সাহেবেরা শতকরা ১০৲ টাকার অনধিকের হিসাবে খরচ দিবার অনুমতি করিতে পারিবেন।

২৯ B। আবকারীর যে মহাল খাস হয় তাহার ওয়াসিলাতের খরচ সেই সাহেবেরদের অনুমতিমতে, সেই হিসাবে দেওয়া যাইতে পারিবেক।

২। ১৮৫৭ সালের ৮ জুলাই তারিখে আবকারীর যে বিধিশ্রেণী প্রচার হইয়াছিল তাহাতে "বন্দোবস্তের" কথার নীচে এই কথা ১৫ দফা বলিয়া লিখিতে হইবেক।

১৫। আবকারীর যে মহাল খাস হয় তাহার ওয়াসিলাতের খরচ অর্থাৎ যত টাকা উসুল হয় তাহার উপর কমিসানর সাহেবেরা শতকরা ১০৲ টাকার অনধিকের হিসাবে খরচ দিবার অনুমতি করিতে পারিবেন।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমমতে।
ই টি ট্রেবর।
সেক্রেটারী।

১৮৬০ সাল ১৭ জানুআরি।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 1.

To the Civil Judges in the Lower Provinces.

There being no heading in the No. 2, Abstract Statement of Summary suits and Miscellaneous business pending, instituted and disposed of before the Judge and Principal Sudder Ameen, under which Petitions of appeal under Sections 36 and 119, of Act VIII. of 1859 can be entered, I am directed to inform you that a new heading is to be inserted in that statement after heading No. 1, as follows:—

"Petitions of appeal under Section 36 from orders passed under Sections 29, 31, and 32, and petitions of appeal under Section 119, Act VIII. of 1859." This new heading is to be number 2, and it will therefore be necessary for you to alter the numbers of the other headings in the printed forms supplied to you. When new forms are printed the omission will be supplied.

(Signed) H. B LAWFORD,
Offg. Register.

Fort William, the 7th January, 1860.

সদর দেওয়ানী আদালতের [illegible] অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানীর শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

জজ সাহেবের ও প্রধান সদর আমীনের সম্মুখে যে সকল [illegible] মোকদ্দমা ও মুতফরক্কা কার্য্য মুলতবী থাকে ও উপস্থিত করা যায় ও নিষ্পত্তি হয়, তাহার ২ নম্বরের কৈফিয়তের খোলাসার মধ্যে, ১৮৫৯ সালের ৮ আইনের ৩৬ ও ১১৯ ধারামতের আপীলের দরখাস্ত লিখিবার কোন ঘর নাই। অতএব আজ্ঞামতে তোমাকে জানাইতেছি যে, সেই কৈফিয়তে ১ নম্বরের ঘরের পরে নূতন ঘর করিতে হইবেক। তাহার উপরিভাগে এই কথা লিখিতে হইবেক।

"১৮৫৯ সালের ৮ আইনের ২৯ ও ৩১ ও ৩২ ধারামতে যে হুকুম হয় সেই হুকুমের উপর ৩৬ ধারামতের আপীলের দরখাস্ত ও ১১৯ ধারামতের আপীলের দরখাস্ত।" এই ঘর ২ নম্বরের ঘর বলিয়া লিখিতে হইবেক। অতএব ঐ কৈফিয়তের ছাপাকরা যে পাঠ তোমাকে দেওয়া গিয়াছে তাহার অন্য সকলঘরের নম্বর তোমার বদল করিতে হইবেক। নূতন পাঠওয়া যখন ছাপা হয় তখন ঐ নূতন ঘর তাহাতে দেওয়া যাইবেক।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৭ জানুআরি।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

৫১৩ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২৭ জানুআরি।

শ্রীযুত জে বি স্ক্রিবেন সাহেব (Dr. J B. Scriven,) ভবানীপুরে দাতব্য ঔষধালয়ের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৬০ সাল ৩১ জানুআরি।

প্রবেশানরি আসিষ্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত জে কাল্ডওয়েল সাহেব (Overseer J. Caldwell,) রাযগড় এলাকায় নিযুক্ত হইয়াছেন তিনি হাজারীবাগ ও রাঁচির মধ্যের রাস্তার কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ১ ফেব্রুআরি।

শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব (Mr. N. S Alexander,) স্বারণে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত হরিশ্চন্দ্র শর্ম্মা চকদীঘীতে দাতব্য ঔষধালয় ও চিকিৎসালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৬০ সাল ৮ ফেব্রুআরি।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) যাবৎ না পঁহুছেন তাবৎ শ্রীযুত ডি জে মাকনীল সাহেব

Mr. D. J. McNeile,) বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

পালামৌ (সাবেক নাম কোরগুা) এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি কাম্বেল সাহেব (Mr T. Campbell,) ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের অতিরিক্ত ছোট আসিষ্টান্ট হইবেন।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি।

শ্রীযুত আর সি রেক্স সাহেব (Mr. R. C. Raikes,) বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

দিনাজপুরের একটিং কালেক্টর শ্রীযুত এচ রোজ সাহেব (Mr. H Rose,) উক্ত জিলার মাজিষ্ট্রেটের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি এন বারলো সাহেব (Mr G N. Barlow) মাগুরা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া যশোহরে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্রমতানুসারে কার্য্য করিবেন।

... ছুটী।

১৮৬০ সাল ৬ ফেব্রুআরি।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব (Mr J. J. Ward) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারার ১ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

মাসুল চুক্তী নিবারণের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ই ওব্রায়েন সাহেব (Mr. E O'Brien.) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি।

জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই এম রাইলি সাহেব (Mr. E. M. Reily,) শ্রীযুত মৌলবী আবদুল মজিদের না পঁহুছনপর্য্যন্ত আপন এলাকাখণ্ডের ভার হুগলীর মাজিষ্ট্রেট শ্রীযুত বেলাই সাহেবের (Mr Belli) প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৭ জানুআরি।

আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এচ ব্রৌনলো সাহেব (Mr. W. H Brownlow,) গত মাসের ১৯ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন। অতএব গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তাহার অ[illegible]কি কাল রহিত হইয়াছে।

১৮৬০ সাল ২ ফেব্রুআরি।

দানাপুরের সাবেক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এম আর বর্জ সাহেব (Reverend M. R. Burge.) গত জুন মাসের ২২ তারিখে যে ছুটী পান তাহা গত মাসের ৩১ তারিখ অবধি রহিত হইয়াছে।

রিবর্স তামসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE.

Wanted for the Midnapore Magistrate's Court—a Peshkar and a Meer Moonshee—the salary of the former office being Rupees 30 per month, and that of the latter Rupees 20. Applications for either office must be made within one month from this date, either personally, or by letter, postpaid, to the Magistrate of Midnapore, and all applications must be accompanied by testimonials to the applicant's previous good character and respectability, and by certificates of proficiency and experience in the department. *No* persons need apply who have either property situated within, or relatives and connexions holding appointments, or residing, in, the Midnapore district, and applicants are further required to certify that they have no property, or connexions, in the said district.

F. R. COCKERELL, *Offg. Magistrate,*

Midnapore Magistracy, the 10th February, 1860

ইশ্‌তিহার।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারীর পেশকারের ও মীরমুনশীর কর্ম্মের নিমিত্তে দুই জনের আবশ্যক হইয়াছে। পেশকারের বেতন মাসে ৩০৲ টাকা মীরমুনশীর বেতন ২০৲ টাকা। যাহারা এই২ কর্ম্ম পাইতে চাহে তাহারদের অদ্যকার তারিখঅবধি এক মাসের মধ্যে মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নিজে গিয়া দরখাস্ত দিতে হইবেক কিম্বা পত্রদ্বারা দরখাস্ত দিলে ডাক মাসুল দিয়া পত্র পাঠাইতে হইবেক। ও তাহারদের সদাচারের ও ভদ্রতার ও ফৌজদারী আদালতের কর্ম্মে তাহারদের নৈপুণ্যের ও অনুশীলনের সর্টিফিকট আপনারদের দরখাস্তের সঙ্গে দিতে হইবেক। ঐ মেদিনীপুর জিলার মধ্যে যাহারদের কিছু সম্পত্তি থাকে কিম্বা ঐ জিলার সরকারী কোন কর্ম্মকারকেরদের মধ্যে কিম্বা ঐ জিলা নিবাসিরদের মধ্যে যে লোকেরদের আত্মীয়কুটুম্ব থাকে তাহারদের উক্ত কর্ম্মের নিমিত্তে দরখাস্ত দিবার প্রয়োজন নাই। যাহারা ঐ২ কর্ম্ম প্রার্থনা করে তাহারদের ঐ জিলার মধ্যে কিছু সম্পত্তি কি আত্মীয়কুটুম্বাদি নাই এই কথাও তাহারদের দরখাস্তে লিখিতে হইবেক।

এফ আর কাকেরল। একটিং মাজিষ্ট্রেট

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারী।

১৮৬০ সাল ১০ ফেব্রুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৪ ফেব্রুআরি।]

আফিমের ইশ্তিহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ১২ মার্চ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৮ ৫৯ সালের পয়দায়শী আফিমের তৃতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১১ নবেম্বর তারিখের লিখিত ইশ্তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্‌স্‌ট্রা গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানার দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১৭ এবং ২৭ মার্চ এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১৭ মার্চ শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট-খালাসি সববে কিস্মতের পূরা টাকার নগদ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৬০ সালের ২৭ মার্চ মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

						বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬০ সালের	৯	এপ্রিল	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৭	মে	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১১৭০	৫১০	১৭৮০
ঐ	১১	জুন	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১১৭০	৫১০	১৭৮০
ঐ	৯	জুলাই	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১১৭০	৫১০	১৭৮০
ঐ	৬	আগষ্ট	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১১৭০	৫১০	১৭৮০
ঐ	৮	অক্টোবর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	নবেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বুধবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১১৭[illegible]	৫০৯	১৭৮৪
						১১৪[illegible]	৫৫৮৯	১৬০২৪

শ্রীং হুজুর সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ১ ফিব্রুআরি

এসলি ইডেন একটিং জোট সেক্রেটারী।

[*Government Gazette*, 14th *February*, 1860]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 21, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২১ ফেব্রুআরি।

DRAFT OF ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 4TH FEBRUARY 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 4th February 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 8th of May next :—

A Bill for facilitating the collection of debts on successions, and for the security of parties paying debts to the representatives of deceased persons.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend certain Acts now in force which provide greater security for persons paying to the representatives of deceased Hindoos, Mahomedans, and others not usually designated as British subjects, debts which are payable in respect of the estates of such deceased persons, and which facilitate the collection of such debts by removing all doubts as to the legal title to demand and receive the same ; It is enacted as follows :—

[Acts repealed.]

I. Act XX. of 1841 (*for facilitating the collection of debts on succession, and for the security of parties paying debts to the representatives of deceased persons*) : so much of Act VIII. of 1842, as relates to the said Act XX. of 1841 : Act X of 1851 (*to amend Act XX. of 1841, for the administration of personal estate of deceased persons*) : and Act VIII. of 1854 (*to explain and amend Act X. of 1851 and Act XX. of 1841*)—are hereby repealed ; except as to certi-

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪ ফেব্রুআরি তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া সিলেক্ট কমিটির প্রতি অর্পণ হইল। আগামি মে মাসের ৮ তারিখের পর তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকার আদায় সুগম করণের ও মৃত ব্যক্তিদের স্থলাভিষিক্ত লোকদিগকে যাহারা আপনারা কর্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের বেবুঁকী হওনের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।

হিন্দু ও মুসলমান লোকেরা ও ব্রিটনীয় প্রজা নামে খ্যাত না হইয়া অন্য ব্যক্তিরা মরিলে তাহারদের যে টাকা পাওনা ছিল তাহা তাহারদের স্থলাভিষিক্ত ব্যক্তিদিগকে যাহারা দেয়, তাহারদিগকে পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে বেবুঁকী রাখিবার বিধান, এবং ঐ পাওনা টাকার দাওয়া ও আদায় করণে আইনমতে যাহার অধিকার আছে তাহার বিষয়ে সন্দেহ সকল দূর করণের দ্বারা ঐ পাওনা টাকা আদায়ের কার্য্য সুগম করিবার বিধান, এইক্ষণকার চলিত যে আইনেতে হইয়াছে তাহা সংগ্রহ ও সংশোধন করা বিহিত। এই কারণে এই বিধান হইল।

[যে আইনসকল রদ হইল তাহার কথা।]

১ ধারা। ১৮৪১ সালের ২০ আইন, অর্থাৎ "উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকার আদায় সুগম করণের এবং মৃত ব্যক্তিদের স্থলাভিষিক্ত ব্যক্তিদিগকে যাহারা আপনারা কর্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের বেবুঁকী হওনের আইন" ও ১৮৪১ সালের উক্ত ২০ আইনের সঙ্গে ১৮৪২ সালের ৮ আইনের যে সকল কথার সম্পর্ক থাকে তাহা, ও ১৮৫১ সালের ১০ আইন অর্থাৎ "মৃত ব্যক্তির অস্থাবর সম্পত্তির সরবরাহ করণার্থ ১৮৪১ সালের যে ২০ আইন আছে তাহা সংশোধনের আইন" ও ১৮৫৪ সালের ৮ আইন অর্থাৎ "১৮৫১ সালের ১০ আইন ও ১৮৪১ সালের ২০ আইন স্পষ্ট ও সংশোধন করণের আইন"

ficates granted and acts done under the authority of the said laws before the passing of this Act.

ইহাতে রদ হইল। কিন্তু এই আইন জারী হইবার আগে উক্ত সকল আইনমতে যে সকল সর্টিফিকট দেওয়া যায় ও যে সকল কার্য্য করা যায়, তৎসম্পর্কে এই আইন বহাল থাকিবেক ইতি।

[No debt recoverable without a certificate.]

II. No debtor of any deceased person shall be compelled in any Court to pay his debt to any person claiming to be entitled to the effects of any deceased person or any part thereof, except on the production of a certificate to be obtained in manner hereinafter mentioned, or of a probate or letters of administration, unless the Court shall be of opinion that payment of the debt is withheld from fraudulent or vexatious motives, and not from any reasonable doubt as to the party entitled

[সর্টিফিকট না থাকিলে কোন পাওনা টাকা আদায় হইতে না পারিবার কথা।]

২ ধারা। কোন লোক মরিলে, যদি অন্য লোক তাহার সম্পত্তি কি ঐ সম্পত্তির কোন অংশ পাইবার দাওয়া রাখে, তবে সেই লোক সর্টিফিকট কি প্রোবেট কি লেটর্স অব আড্‌মিনিষ্ট্রেশ্যন না দেখাইলে, তাহাকে ঐ মৃত ব্যক্তির কোন কর্জ্জদারের দেনা টাকা দিবার হুকুম কোন আদালত হইতে হইতে পারিবেক না। ঐ সর্টিফিকট যে প্রকারে পাওয়া যাইতে পারিবে তাহার বিধি পরে লেখা যাইতেছে। কিন্তু ঐ মৃত ব্যক্তির সম্পত্তি আদায় করিবার স্বত্ববান লোক কে হয়, এই কথার উপযুক্ত সন্দেহ থাকাতে নয়, কেবল প্রতারণা করিবার কি ক্লেশ দেওয়ার অভিপ্রায়ে ঐ কর্জ্জদার টাকা দেয় না, আদালতের যদি এইরূপ বিবেচনা হয়, তবে ঐ কর্জ্জদারকে সেই টাকা দিতে হুকুম করিতে পারিবেন ইতি।

[Certificate how obtained.]

III. The District Court within the jurisdiction of which any part of the property of the deceased may be found shall have authority to grant a certificate under this Act. The applicant in his petition shall set forth his title. The Court shall issue notice of application, inviting claimants, and fixing a day for hearing the petition, and upon the appointed day or as soon after as may be convenient shall determine the right to the certificate and grant the same accordingly.

[সর্টিফিকট যে প্রকারে পাওয়া যায় তাহার কথা।]

৩ ধারা। মৃত ব্যক্তির সম্পত্তির কোন অংশ যে আদালতের এলাকার মধ্যে থাকে সেই জিলার জজ সাহেব এই আইনমতে সর্টিফিকট দিতে ক্ষমতাপন্ন হন। ঐ সর্টিফিকট পাইবার দরখাস্তকারির যে প্রকারের স্বত্ব থাকে তাহা সে আপন দরখাস্তের মধ্যে প্রকাশ করিবে। ঐ সর্টিফিকট পাইবার দরখাস্ত হওয়ার এত্তেলা দিবেন। ও যাহারা দাওয়া রাখে তাহারদিগকে দাওয়া করিতে আজ্ঞা করিবেন। ঐ দরখাস্ত শুনিবার দিন নিরূপণ করিবেন ও সেই নিরূপিত দিনে কিম্বা তৎপরে যত শীঘ্র সুগম হয় তত শীঘ্র সর্টিফিকট পাইবার স্বত্বের কথা নিষ্পত্তি করিয়া তদনুসারে সর্টিফিকট দিবেন ইতি।

[Effect of certificate.]

IV. The Certificate of the District Court shall be conclusive of the representative title against all debtors to the deceased, and shall afford full indemnity to all debtors paying their debts to the person in whose favor the certificate has been granted

[সর্টিফিকটের ফলের কথা।]

৪ ধারা। মৃত ব্যক্তির সমস্ত দেনদারের স্থানে ঐ দেনা টাকার দাওয়া করিতে তাহার স্থলাভিষিক্ত ব্যক্তির অধিকার আছে কি না আদালতের সর্টিফিকটের দ্বারা সিদ্ধান্তরূপে স্থির হইবেক। ও যাহাকে ঐ সর্টিফিকট দেওয়া যায় তাহাকে কোন দেনদার আপনার দেনা টাকা দিলে দেনদারের উপর আর কিছু দাওয়া থাকিবে না ইতি।

[Court may take security from grantee of certificate.]

V. The Court may take such security as it shall think necessary from any person to whom it shall grant a certificate for rendering an account of debts received by him, and for indemnity of persons who may be entitled to the whole or any part of the monies received by virtue of such certificate whose right to recover the same by regular suit against the holder of the certificate is not affected by this Act.

[সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তির স্থানে আদালতের জামিন লইবার কথা।]

৫ ধারা। আদালত যাহাকে সর্টিফিকট দেন তাহার আদায়করা টাকার হিসাব দাখিল করিবার, ও ঐ সর্টিফিকটক্রমে আদায়হওয়া সমস্ত টাকা বা তাহার কতক অংশ যে ব্যক্তিরদের পাইবার অধিকার থাকে তাহারদিগকে তাহা দিবার যেমত জামিন লওয়া আদালত উচিত বোধ করেন তাহার স্থানে সেইমত জামিন লইবেন। কিন্তু সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তির স্থানে ঐ টাকা পাইবার নিমিত্তে আইনমত মোকদ্দমা করিতে ঐ টাকা পাইবার স্বত্ববান লোকেরদের যে ক্ষমতা আছে তাহার কিছু ক্ষতি এই আইনেতে হইবেক না ইতি।

[Sudder Court may suspend certificate granted by District Court, or direct further proceedings. Sudder Court may grant fresh certificate in supersession of the certificate granted by the District Court.]

VI. The granting of such certificate may be suspended by an appeal to the Sudder Court, which Court may declare the party to whom the certificate should be granted, or may direct such further pro

[জিলার আদালতের দেওয়া সর্টিফিকট সদর আদালতের দ্বারা স্থগিত হইবার কিম্বা অধিক কার্য্যের হুকুম হইবার কথা। ও জিলার আদালতের দেওয়া সর্টিফিকটের পরিবর্ত্তে সদর আদালতের নূতন সর্টিফিকট দিবার কথা।]

৬ ধারা। সদর আদালতে আপীল হইলে ঐরূপ সর্টিফিকট দেওয়া স্থগিত হইতে পারিবেক। ঐ সর্টিফিকট যাহাকে দেওয়া উচিত তাহা ঐ আদালতের সাহেবেরা নির্দ্দিষ্ট করিতে পারিবেন, কিম্বা সর্টিফিকট

ceedings for the investigation of the title as it shall think fit. The Court may also, upon petition, after a certificate shall have been granted by the District Court, grant a fresh certificate in supersession of the certificate granted by the District Court. Such fresh certificate shall not affect any payments made to the person to whom any former certificate may have been granted, without notice that the same has been superseded, but shall entitle the person named therein to receive all monies that may have been recovered under the first certificate from the person to whom the same may have been granted.

পাইবার স্বত্বের সন্ধান লইবার নিমিত্তে অধিক যে কার্য্য করা উচিত বোধ করেন তাহা করিবার হুকুম দিতে পারিবেন। আরো জিলার আদালত হইতে সর্টিফিকট দেওয়া গেলে পর, সদর আদালত দরখাস্ত পাইলে ঐ জিলার আদালতের দেওয়া সর্টিফিকট বাতিল করিয়া নূতন সর্টিফিকট দিতে পারিবেন। আগে কোন সর্টিফিকট যাহাকে দেওয়া গেল তাহাকে যদি কোন লোক ঐ সর্টিফিকট বাতিল হওয়ার সম্বাদ না পাইয়া কিছু টাকা দেয়, তবে সেই নূতন সর্টিফিকট হওয়াতে তাহার স্থানে ঐ টাকার পুনর্ব্বার দাওয়া হইতে পারিবেক না। কিন্তু প্রথম সর্টিফিকট যাহাকে দেওয়া গিয়াছিল সেই জন ঐ সর্টিফিকটমতে যে সকল টাকা আদায় করিয়া থাকে সেই সকল টাকা ঐ নূতন সর্টিফিকটের লিখিত ব্যক্তি তাহার স্থানে লইতে পারিবেন ইতি।

[Local extent of power given by certificate.]

[সর্টিফিকটের দ্বারা যে ক্ষমতা দেওয়া যায় তাহা যত দূর খাটিবেক তাহার কথা।]

VII. Every certificate shall give authority to the person to whom the same is granted throughout the Presidency within which the same [illegible] granted, and no certificate subsequently granted in respect of the same property shall be valid or effectual, except as hereinafter mentioned.

৭ ধারা। যে রাজধানীর মধ্যে সর্টিফিকট দেওয়া যায় তাহার সকল স্থানে সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তি ঐ সর্টি- [illegible] বেক, ও সেই সম্পত্তির বিষয়ে তাহার পরে যে কোন সর্টিফিকট দেওয়া যায় তাহা নীচের লিখিত গতিকভিন্ন সিদ্ধ ও প্রবল হইবেক না ইতি।

[Interest on Government securities and dividends, or Bank shares.]

[গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের ও ডিবিডেণ্ডের কি ব্যাঙ্ক শ্যারের সুদ লইবার কথা।]

VIII. A person certified as aforesaid may be empowered to receive interest on Government securities and dividends, or on shares of any Bank or parts thereof, and to negotiate such securities. He may be also empowered to receive a share of such interest or dividends, or to negotiate a share of such securities. But these powers shall only arise by express words in the certificate.

৮ ধারা। উক্তমতে সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিকে গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের ও ডিবিডেণ্ডের সুদ কিম্বা কোন ব্যাঙ্কের শ্যারের কি তাহার কোন অংশের সুদ আদায় করিতে ও ঐরূপ নোটপ্রভৃতি ক্রয়বিক্রয় করিতে ক্ষমতা দেওয়া যাইতে পারিবেক। আরো উক্ত সুদ কি ডিবিডেণ্ডের কোন ভাগ আদায় করিতে ও উক্ত নোটইত্যাদির কোন ভাগ ক্রয়বিক্রয় করিতে তাহাকে ক্ষমতা দেওয়া যাইতে পারিবেক। কিন্তু সর্টিফিকটের মধ্যে ঐরূপ ক্ষমতার কথা বিশেষরূপে লেখা না থাকিলে তাহার ঐ ক্ষমতা হইবেক না ইতি।

[Appointment of Trustee in case of disputed succession. Proviso.]

[উত্তরাধিকারিত্বের বিষয়ে বিবাদ হইলে ট্রুষ্টিকে নিযুক্ত করিবার কথা ও বর্জ্জিত কথা।]

IX. In the case of disputes among persons claiming to be jointly entitled to be proprietors of any Government securities as the representatives of any deceased person, the District Court, whenever sufficient cause shall be shown, and on the request of any such claimant, may, so far as concerns the said securities, grant a certificate under this Act to such person as shall be from time to time appointed by the local Government to act as trustee under this Section, and shall specify in such certificate the several persons appearing to him to be such proprietors, and their several shares; and the said trustee by virtue of such certificate shall be entitled to receive and give discharges for the interest accruing due on such securities, and shall account for and pay the sum to the several persons specified in the certificate to be thereunto entitled, according to the shares therein set forth, and shall be empowered to act in all other respects concerning the said securities as agent for such persons, and shall be entitled to receive such commission, not exceeding per centum, on the sums received and paid by him, as the local Government shall think fit. Provided nevertheless that the right of any other person to re-

৯ ধারা। কোন মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত বলিয়া যে লোক কয়েক একযোগিরূপে গবর্ণমেণ্টের কোন প্রমিসরি নোটের মালিক হইবার স্বত্বের দাওয়া রাখে এমত কোন লোকেরদের মধ্যে যদি বিবাদ হয়, তবে উপযুক্ত কারণ দর্শান গেলে ও ঐরূপ কোন দাওয়াদারের প্রার্থনা হইলে, স্থানিকদের গবর্ণমেণ্ট এই ধারামতে ট্রুষ্টিরূপে কর্ম্ম করিবার জন্যে যাহাকে সময়ে২ নিযুক্ত করিয়া থাকেন, তাহাকে জিলার আদালত ঐ প্রমিসরি নোটসম্পর্কে এই আইনমতে সর্টিফিকট দিতে পারিবেন, ও আপনার বিবেচনামতে যাহারা ঐ নোটের মালিক হন তাহাদের নাম ও যাহার যত অংশ থাকে তাহা ঐ সর্টিফিকটের মধ্যে নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন। ও সেই প্রমিসরি নোটের উপর যত সুদ পাওনা হয় তাহা ঐ ট্রুষ্টি সেই সর্টিফিকটের শক্তিক্রমে গ্রহণ করিয়া তাহার ফারখতী দিতে পারিবেন। ও তাহা পাইবার স্বত্ববান বলিয়া যে লোকেরদের নাম ঐ সর্টিফিকটে নির্দ্দিষ্ট হইয়াছে তাহারদিগকে ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট অংশমতে ঐ সুদের হিসাব ও সুদের টাকা দিবেন। ঐ ব্যক্তি সেই প্রমিসরি নোটসম্পর্কীয় অন্য সকল বিষয়ে ঐ লোকেরদের এজেণ্টরূপে [illegible] করিতে পারিবেন, ও যত টাকা আদায় করেন ও [illegible] তাহার উপর যত কমিসান স্থানিকদের গবর্ণমেণ্ট উপযুক্ত বোধ করেন তত কমিসান লইতে পারিবেন, কিন্তু তাহা শতকরা এত টাকার অধিক না হয়। পরন্তু উক্ত টাকা

cover the whole or any part of the monies so paid by regular suit against all or any of the persons to whom the same have been paid, shall not be affected by this Act.

[Appropriation if securities be not settled within two years. Proviso.]

X. If any such disputes among persons claiming to be proprietors of Government securities are not ended within two years from the date of the certificate granted under the last preceding Section, the said trustee may apportion the principal sum of the said securities rateably among the parties appearing from the certificate to be proprietors thereof, and may apply for and receive new securities from the proper Officer appointed to issue the same in the respective names of the several parties certified to be entitled thereto; provided that such new securities shall be issued only according to the rules in use for the regulation [illegible] Government securities; and the receipt of the said trustee for such new securities, by endorsement on the old securities or otherwise, shall be a legal discharge to the Government against the disputing parties claiming to be entitled to the several amounts for which such securities shall be issued. Provided always that, if the amount of any Government securities in dispute or any part thereof shall not be sufficient to admit of their rateable division according to the rules applicable to the issue of such securities, the said trustee may sell and dispose of the disputed securities, or such part as shall be necessary under this provision, and apportion the proceeds thereof among the parties entitled to receive the same.

[Effect of certificate granted by trustee.]

XI. Every certificate granted to the trustee appointed under Section IX., shall be taken to supersede and annul any previous certificate so far as such previous certificate relates to the said Government securities.

[Payments under certificate void by reason of previous certificate.]

XII. Where a certificate shall have been granted, in cases in which such certificate would be valid but for the previous grant of a certificate, all payments made to the person holding the latter certificate in ignorance of the grant of the previous certificate, shall be held good against claims under such previous certificate.

[Certificate in respect of property of deceased Hindoos, Mahomedans, &c., void after grant of probate or letters.]

XIII. With regard to the property of a deceased Hindoo, Mahomedan, or other person not usually designated by the term "British subject," no certificate in respect of any such property shall be valid if made after a probate or letters of administration

যাহারদিগকে দেওয়া গেল তাহারদের সকলের কি তাহারদের কোন কাহার নামে আদেতামতের মোকদ্দমা করিয়া ঐ সমুদয় টাকা কি তাহার কোন অংশ পাইবার অন্য কোন লোকের যে স্বত্ব থাকে তাহার কিছু ক্ষতি এই আইনেতে হইবেক না ইতি।

[দুই বৎসরের মধ্যে বিবাদ নিষ্পত্তি না হইলে, টাকা বাঁটিয়া দিবার কথা ও বর্জিত কথা।]

১০ ধারা। গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের মালিক হইবার দাওয়া যাহারা রাখে, তাহারদের উক্ত প্রকারের কোন বিবাদ যদি ইহার পূর্ব্বের ধারামতে দেওয়া সর্টিফিকটের তারিখঅবধি দুই বৎসরের মধ্যে নিষ্পত্তি না হয়, তবে সর্টিফিকটমতে যাহারদিগকে মালিক বলিয়া বোধ হয় তাহারদের মধ্যে উক্ত টুষ্টি ঐ প্রমিসরি নোটের আসল টাকা অংশমতে ভাগ করিয়া, নূতন প্রমিসরি নোট দিতে উপযুক্ত যে কর্ম্মকারক নিযুক্ত থাকেন তাঁহার নিকটে দরখাস্ত করিয়া, সর্টিফিকটে ঐ নোট পাইবার স্বত্ববান বলিয়া যে২ লোকের নাম নির্দ্দিষ্ট হইয়াছে সেই২ লোকের নামে নূতন২ প্রমিসরি নোট বাহির করিয়া লইতে পারিবেন। কিন্তু গবর্ণমেণ্টের [illegible] প্রমিসরি নোটের বিধান করিবার ও জারী করিবার যে বিধি চলন আছে কেবল সেই২ বিধিমতে ঐ নূতন প্রমিসরি নোট দেওয়া যাইবেক। ও সেই টুষ্টি ঐ পুরাতন প্রমিসরি নোটের পিঠে লিখিয়া কি অন্য প্রকারে ঐ নূতন প্রমিসরি নোটের রসীদ দিলে, ঐ২ প্রমিসরি নোট যত টাকার নোট বলিয়া দেওয়া গেল [illegible] ২ টাকা পাইবার স্বত্ববান বলিয়া বিবাদি যে লোকেরা দাওয়া করে তাহারদের বিষয়ে ঐ টুষ্টির সেই রসীদ গবর্ণমেণ্টের পক্ষে আইনসিদ্ধ ফারখৎ হইবেক পরন্তু গবর্ণমেণ্টের যে প্রমিসরি নোট লইয়া বিবাদ হয় তাহার টাকা কি তাহার কোন অংশ বুঝিয়া যদি ঐ টাকা অংশমতে ভাগ করিয়া দেওয়া গেলে অত্যাল্প হওয়াতে, ঐরূপ প্রমিসরি নোট দিবার বিধিমতে, নোট পাওয়া যাইতে না পারে, তবে ঐ টুষ্টি ঐ বিবাদের নোট কিম্বা এই বিধানমতে তাহার যত আবশ্যক হয় তাহা বিক্রয় করিয়া হস্তান্তর করিতে পারিবেন, ও তাহা করিয়া যত টাকা পান তাহা ঐ টাকা পাইবার স্বত্ববান ব্যক্তিরদের মধ্যে বিলি করিয়া দিতে পারিবেন ইতি।

[টুষ্টিকে যে সর্টিফিকট দেওয়া যায় তাহার ফলের কথা।]

১১ ধারা। ৯ ধারামতের নিযুক্ত টুষ্টিকে যদি সর্টিফিকট দেওয়া যায়, তবে পূর্ব্বের কোন সর্টিফিকটের সঙ্গে উক্ত গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেইপর্য্যন্ত সেই পূর্ব্বের সর্টিফিকট বাতিল ও ব্যর্থ হইবেক ইতি।

[পূর্ব্বের সর্টিফিকটপ্রযুক্ত অন্য সর্টিফিকটক্রমে টাকা দেওয়া অসিদ্ধ হওয়ার কথা।]

১২ধারা। যে স্থলে পূর্ব্বে সর্টিফিকট না দেওয়া গেলে, অন্য সর্টিফিকট সিদ্ধ হইত এমত স্থলে যদি অন্য সর্টিফিকট পরে দেওয়া যায়, তবে পূর্ব্বের সর্টিফিকট দেওয়া যাইবার কথা না জানিয়া যদি কোন লোক ঐ দ্বিতীয় সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিকে টাকা দেয়, তবে সেই পূর্ব্বের সর্টিফিকটের জোরে তাহার উপর ঐ টাকার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

[মৃত হিন্দু কি মুসলমানপ্রভৃতির সম্পত্তির যে সর্টিফিকট দেওয়া যায়, তাহা প্রোবেট কি লেটর্স দেওয়া যাইবার পরে অসিদ্ধ হইবার কথা।]

১৩ ধারা। মৃত হিন্দু কি মুসলমানপ্রভৃতি যে লোকেরা সামান্যতঃ "ব্রিটনীয় প্রজা" নামে খ্যাত হয় না, এমত লোকেরদের সম্পত্তির এই বিধি। ঐ সম্পত্তির প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশান দেওয়া গেলে পর, তৎসম্পর্কীয় যে কোন সর্টিফিকট দেওয়া যায় তাহ

granted in respect of the same, provided assets belonging to the deceased were at the time of his death within the local jurisdiction of the Court granting the probate or letters of administration.

[Certain payments under certificate granted after grant of probate or letters, protected.]

XIV. Where a certificate shall have been granted, in cases in which such certificate would be valid but for a probate or letters of administration previously granted, all payments made to the person holding the certificate in ignorance of the previous granting of the probate or letters of administration, shall be held good against claims under the probate or letters of administration so previously granted.

[Probate or letters void after grant of certificate. Proviso.]

XV. No probate or letters of administration shall be valid for the purpose of the recovery of debts or for the security of debtors, [illegible] certificate granted in respect of the same property for which such probate or letters of administration shall have been granted, provided assets belonging to the deceased were at the time of his death within the jurisdiction of the Court granting such certificate.

[Certain payments under probate or letters granted after grant of certificate, protected.]

XVI Where probate or letters of administration may have been granted in cases in which such probate or letters of administration would be valid but for the previous grant of a certificate, all payments made in ignorance of the previous grant of the certificate shall be held good against claims under such previous certificate.

[Curators prohibited from exercising certain powers]

XVII. Curators appointed under Act XIX. of 1841 who may be invested with certain powers which are conferred on persons obtaining certificates under this Act, shall not exercise any powers which, but for that Act, would lawfully belong to persons obtaining certificates, or to executors or administrators where a certificate, probate, or letters of administration has been actually obtained ; but all persons who may have paid debts or rents to a curator authorized by a Court to receive the same, shall be indemnified, and the curator shall be responsible for the payment of the same to the person who has obtained a certificate, the executor, or administrator, as the case may be.

[Effect of probates and letters granted to representatives of persons not usually termed "British subjects."]

XVIII. All probates and letters of administration granted by any Supreme Court of Judicature in cases in which any assets belonging to deceased persons were at the time of their deaths within the local jurisdiction of the Court granting the probate

সিদ্ধ হইবেক না। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যন যে আদালতহইতে দেওয়া যায় সেই আদালতের এলাকার সীমার মধ্যে ঐ মৃত ব্যক্তির মরণসময়ে জায়দাদ থাকে ইতি।

[প্রোবেট কি লেটর্স দেওয়া গেলে পর সর্টিফিকট-মতে যে টাকা দেওয়া যায় তাহা সিদ্ধ হইবার কথা।]

১৪ ধারা। যদি সর্টিফিকট দেওয়া যায়, ও প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যন পূর্ব্বে না দেওয়া গেলে যদি সেই সর্টিফিকট সিদ্ধ হইত, তবে এমত স্থলে ঐ প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যন পূর্ব্বে দেওয়া যাইবার কথা না জানিয়া যদি কোন লোক ঐ সর্টিফিকট-প্রাপ্ত ব্যক্তিকে টাকা দেন, তবে উক্তমতের পূর্ব্বে দেওয়া প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যনের জোরে তাহার উপর ঐ টাকার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

[সর্টিফিকট দেওয়া গেলে পর প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যন অসিদ্ধ হইবার কথা ও বর্জিত কথা।]

১৫ ধারা। কোন সম্পত্তিসম্পর্কীয় সর্টিফিকট দেওয়া গেলে পর, যদি সেই সম্পত্তির নিমিত্ত প্রোবেট কি লে[illegible] দেওয়া যায়, তবে কর্জ আদায়ের নিমিত্তে কি দেনদারদিগকে [illegible] নিমিত্তে ঐ প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যন সিদ্ধ হইবেক না। কিন্তু ইহাতে প্রয়োজন যে, ঐ সর্টিফিকট যে আদালতহইতে দেওয়া যায়, তাহার এলাকার সীমার মধ্যে মৃত ব্যক্তির মরণসময়ে জায়দাদ থাকে ইতি।

[সর্টিফিকট দেওয়া গেলে পরও প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যনমতে টাকা দেওয়া গেলে, তাহা [illegible] স্থলে সিদ্ধ হইবার কথা।]

১৬ ধারা। যদি প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যন দেওয়া যায়, ও সর্টিফিকট পূর্ব্বে না দেওয়া গেলে যদি সেই প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যন সিদ্ধ হইত, তবে এমত স্থলে ঐ সর্টিফিকট পূর্ব্বে দেওয়া যাইবার কথা না জানিয়া যদি কোন লোক কিছু টাকা দেন, তবে পূর্ব্বে দেওয়া ঐ সর্টিফিকটের জোরে তাহার উপর ঐ টাকার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

[সম্পত্তিরক্ষকদিগকে কোনং ক্ষমতামতে কার্য্য করিতে নিষেধ হইবার কথা।]

১৭ ধারা। এই আইনমতে যাহারা সর্টিফিকট পায় তাহারদিগকে যেং ক্ষমতা দেওয়া যায় এমত কোনং ক্ষমতা ১৮৪১ সালের ১৯ আইনমতের নিযুক্ত সম্পত্তিরক্ষকেরদিগকে যদি দেওয়া যায়, তবে ঐ সর্টিফিকট কি প্রোবেট কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যন নিতান্ত পাওয়া গেলে ঐ সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিরদের কি অছিরদের কি আড্‌মিনিষ্ট্রেটরেরদের এই আইন জারী না হইলে যে ক্ষমতা আইনমতে থাকিত, তাহার অধিক কোন ক্ষমতামতে ঐ সম্পত্তিরক্ষকেরা কার্য্য করিবে না। কর্জা টাকা কি ভাড়া কি খাজানা গ্রহণ করিতে যে সম্পত্তিরক্ষক আদালতহইতে ক্ষমতা পান, তাহাকে কোন লোকেরা ঐ টাকাপ্রভৃতি দিলে তাহারা বেজুঁকী থাকিবেক। ও সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিকে কিম্বা বিষয়বিশেষে অছিকে কি আড্‌মিনিষ্ট্রেটরকে সেই টাকা দিবার দায় ঐ সম্পত্তিরক্ষকের শিরে পড়িবে ইতি।

[যাহারা সাধারণতঃ ব্রিটনীয় প্রজা নামে খ্যাত নয় তাহারদের স্থলাভিষিক্তদিগকে দেওয়া প্রোবেটের কি লেটর্সের ফল।]

১৮ ধারা। প্রোবেট কি লেটর্স [illegible] আড্‌মিনিষ্ট্রেশ্যন যে আদালতহইতে দেওয়া যায় তাহার এলাকার সীমার মধ্যে মৃত ব্যক্তির মরণসময়ে কিছু জায়দাদ যে স্থলে থাকে এমত স্থলে কোন সুপ্রিম কোর্ট যে সকল প্রোবেট ও লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেশ্যন দেন তাহার

or letters of administration, shall have the effect of probate and letters of administration granted in respect of the property of British subjects, but for the purpose of the recovery of debts only and the security of debtors paying the same, except so far as in this Act provided.

[Effect of certificates granted by British representatives in Foreign States.]

XIX. A certificate of administration granted by the British Representative accredited to any Foreign Prince or State, shall, as regards the residents within the Territories of such Prince or State, have the same effect in respect to Government securities as a certificate granted to a Native subject of Her Majesty under the provisions hereinbefore contained.

[Local extent of power [illegible]]

XX. Every certificate of administration granted under the last preceding Section shall, as regards the Government securities, give authority to the person to whom the same shall be granted throughout the British Territories in India, and have the same effect throughout the said territories as a certificate granted under Section VII. of this Act within the Presidency within which the same is granted.

[Form of certificate to enable holder to negotiate Government securities or Bank shares.]

XXI. No certificate granted under this Act shall empower the person certified to negotiate any Government security or share of a Bank or any share of such security, or to receive any interest or dividend due thereon, or any share of such interest or dividend, unless the Government security or Bank share shall be specified in such certificate.

[Extension of certificate.]

XXII. Any Court or Officer authorized to grant a certificate, may from time to time extend the same to any Government security or Bank share not originally specified therein, and every such extension shall have the same effect as if the Government security or Bank share to which the certificate shall be extended had been originally specified therein.

[Security upon extension.]

XXIII. Upon the extension of a certificate, security may be required in the same manner as upon the original grant of a certificate.

[Act not to apply to British subjects.]

XXIV. Nothing in this Act contained shall be

ফল ব্রিটনীয় প্রজারদের সম্পত্তির বিষয়ে দেওয়া প্রোবেট ও লেটর্স অফ আডমিনিষ্ট্রেশনের ফলের তুল্য হইবেক। কিন্তু কেবল কর্জা টাকা আদায়ের নিমিত্তে ও যাহারা সেই টাকা শোধ করে তাহারদিগকে বেজুঁকী করিবার নিমিত্তে সেই ফল হইবেক, পরন্তু এই আইনেতে অন্যরূপ যে বিধি হইয়াছে তাহা বহাল থাকিবেক ইতি।

[বিদেশে থাকা ব্রিটনীয়েরদের প্রতিনিধি সাহেব যে সর্টিফিকট দেন তাহার ফল।]

১৯ ধারা। কোন বিদেশীয় রাজার নিকটে কিম্বা কোন বিদেশে, ব্রিটনীয়েরদের রাজ্যহইতে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি নিনি হন, তিনি যদি সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করিবার সর্টিফিকট দেন, তবে জন্ম দেশানিপ্রযুক্ত যাহারা শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হন তাঁহারদিগকে এহার পূর্ব্ব লিখিত নানা বিধানমতে সর্টিফিকট দেওয়া গেলে তাহার যে ফল হয়, ঐ বিদেশীয় রাজার দেশ কি ঐ বিদেশনিবাসি লোকেরদের পক্ষে গবর্ণমেণ্টের প্রমিসরি নোটসম্পর্কে ঐ প্রতিনিধির দেওয়া সর্টিফিকটেরও সেই ফল হইবে ইতি।

[তদ্রূপ সর্টিফিকটদ্বারা যে ক্ষমতা দেওয়া যায় তাহা যতদূর [illegible] তাহার কথা।]

২০ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করিবার যে সর্টিফিকট দেওয়া যায় তাহা যাহাকে দেওয়া যায়, সেই জন তাহার জোরে গবর্ণমেণ্টের প্রমিসরি নোটসম্পর্কে ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের সকল স্থানে ক্ষমতা পাইবে। ও এই আইনের ৭ ধারামতের সর্টিফিকট দেওয়া গেলে তাহা যে রাজধানীর মধ্যে দেওয়া যায় সেই রাজধানীর মধ্যে ঐ সর্টিফিকটের যে ফল হয়, উক্ত প্রতিনিধি সাহেবের দেওয়া সর্টিফিকটের সেই ফল উক্ত দেশের সকল স্থানে হইবেক ইতি।

[যে সর্টিফিকট পাইলে গবর্ণমেণ্টের প্রমিসরি নোট কি ব্যাঙ্ক শ্যার ক্রয়বিক্রয়াদি হইতে পারিবে তাহা লিখিবার পাঠের কথা।]

২১ ধারা। এই আইনমতে কোন সর্টিফিকট দেওয়া গেলে, যদি তাহাতে কোন গবর্ণমেণ্টের প্রমিসরি নোট কি ব্যাঙ্ক শ্যার নির্দ্দিষ্ট হইয়া না থাকে, তবে যে জন ঐ সর্টিফিকট পাইয়াছে সে গবর্ণমেণ্টের ঐ প্রমিসরি নোট কি ব্যাঙ্ক শ্যার কি ঐ প্রমিসরি নোটের কোন শ্যার ক্রয়বিক্রয়াদি করিতে পারিবেক না, ও তাহার উপর যে কিছু সুদ কি ডিবিডেণ্ড পাওনা হয় তাহা, কি ঐ সুদের কি ডিবিডেণ্ডের কোন অংশ গ্রহণ করিতে পারিবেক না ইতি।

[সর্টিফিকট বিস্তারিত করিয়া খাটাইবার কথা।]

২২ ধারা। যে কোন আদালত কি কার্য্যকারক সাহেব সর্টিফিকট দিতে ক্ষমতাপন্ন হন, তিনি সময়ে২ তাহা বাড়াইয়া, তাহাতে প্রথমে গবর্ণমেণ্টের যে প্রমিসরি নোট কি ব্যাঙ্ক শ্যার লেখা যায় নাই এমত কোন প্রমিসরি নোটপ্রভৃতির উপর তাহা খাটাইতে পারিবেন, ও তাহা বিস্তারিত হইয়া গবর্ণমেণ্টের যে প্রমিসরি নোটের কি ব্যাঙ্ক শ্যারের উপর খাটান যায়, তাহা ঐ সর্টিফিকটে প্রথমে নির্দ্দিষ্ট থাকিলে তাহার যে ফল হইত বিস্তারিতকরা ঐ সর্টিফিকটের সেই ফল হইবেক ইতি।

[বিস্তারিত হইলে জামিন লইবার কথা।]

২৩ ধারা। সর্টিফিকট প্রথমে দেওয়া গেলে তাহার নিমিত্তে যেমন জামিন লওয়া যাইতে পারে, তেমনি সর্টিফিকট বিস্তারিত হইয়া খাটান গেলে তাহার নিমিত্তেও জামিন দিবার হুকুম হইতে পারিবে ইতি।

[এই আইন ব্রিটনীয় প্রজারদের উপর না খাটিবার কথা।]

২৪ ধারা। যাহারা সামান্যতঃ ব্রিটনীয় প্রজা নামে

held to extend to the property of any person usually designated as a British subject.

[Interpretation.]

XXV. The following words and expressions in this Act shall have the meaning hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say) —

[Number]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number

[Gender]

Words importing the masculine gender shall include females.

["District Court."]

The words "District Court" shall mean the principal Civil Court of original jurisdiction of a Zillah or District.

["Sudder Court"]

The words "Sudder Court" shall be deemed to include the highest Civil Court of Appeal in any part of the British Territories in India not subject to the control and superintendence of a Sudder Court.

M. WYLIE.
Clerk of the Council.

THE 4TH FEBRUARY 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 4th February 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 8th of May next —

A Bill to amend Act VIII. of 1855 (relating to the office and duties of Administrator General)

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act VIII. of 1855, relating to the office and duties of Administrator General; It is enacted as follows :—

[Administrator General in certain cases to secure and distribute the estate and effects of Soldiers. Proviso.]

I. The Administrator General shall, when duly authorized or required so to do by the Military Secretary to Government, secure and distribute the assets of the estate and effects of any Officer, Soldier, or other person subject to any Articles of War, in all cases in which such estate and effects do not exceed in the whole five hundred Rupees, charging the estate with a commission of three per centum only. Provided always that it shall not be necessary for the Administrator General to take out letters of administration in cases referred to in this Section

[Grant of letters of administration to creditors]

II. If within   months no person claiming to be entitled to a principal share of the effects of

খ্যাত হয় তাহারদের কোন কাহার সম্পত্তির উপর এই আইনের কোন কথা খাটে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[এই আইনের অর্থ করিবার ধারা।]

২৫ ধারা। এই আইনের নীচের লিখিত শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে করা যাইতেছে তাহার সেই অর্থ হইবেক। কিন্তু পদের ভাব বুঝিলা কি পূর্ব্বাপর কথা দৃষ্টে যদি সেই অর্থ অসঙ্গত হয় তবে তাহার সেই অর্থ খাটিবে না। বিশেষতঃ

[বচনের কথা।]

এক বচনের শব্দের মধ্যে বহু বচনের শব্দও বুঝায় ও বহু বচনের শব্দের মধ্যে এক বচনের শব্দও বুঝায়।

[লিঙ্গের কথা।]

পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীলিঙ্গেও বুঝায়।

[জিলার আদালতের কথা।]

"জিলার আদালত" এই শব্দেতে কোন জিলার মধ্যে [illegible] প্রথমে গ্রাহ্য করিবার প্রধান দেওয়ানী আদালত [illegible]

[সদর আদালতের কথা।]

"সদর আদালত" এই শব্দের মধ্যে ভারতবর্ষে ব্রিটনীয়দের অধিকৃত দেশের কোন স্থানে আপীল গ্রাহ্য করিবার প্রধান যে দেওয়ানী আদালত সদর আদালতের আজ্ঞার ও তত্ত্বের অধীনে নয় সেই আদালতকেও বুঝায়।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

[illegible]রেরী ১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

আইনের এই মুসাবিদা ফেব্রুয়ারী ১৮৬০ সালের ৪ ফেব্রুআরি [illegible] ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি মে মাসের ৮ তারিখের পর এ মুসাবিদার রিপোর্ট করিবেন।

১৮৫৫ সালের ৮ আইন অর্থাৎ আড্‌মিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিষয়ি আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[তেতুবাদ।]

১৮৫৫ সালের ৮ আইন অর্থাৎ আড্‌মিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিষয়ি আইন সংশোধন করা বিহিত, এই কারণে এই বিধান হইল।

[সৈন্যেরদের সম্পত্তি ও মাল কোন২ স্থলে আড্‌মিনিষ্ট্রেটর জেনরল সাহেবের আদায় ও বণ্টন করিতে হইবার কথা ও নিয়ম কথা।]

১ ধারা। কোন সেনাপতি সাহেব কি সৈন্য কিম্বা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন লোক যদি মরিয়া সর্ব্বসুদ্ধ পাঁচ শত টাকার অনধিক মূল্যের সম্পত্তি ও মাল রাখিয়া যায়, তবে আড্‌মিনিষ্ট্রেটর জেনরল সাহেব গবর্ণমেণ্টের মিলিটারী সেক্রেটারী সাহেবের স্থানে উপযুক্তমতে ক্ষমতা কিম্বা আজ্ঞা পাইলে ঐ মাল ও সম্পত্তির উৎপন্ন টাকা আদায় করিবেন ও বণ্টন করিবেন ও সেই ইষ্টেটের উপর শতকরা কেবল তিন টাকার কমিসান লইবেন। কিন্তু এই ধারার লিখিত কোন স্থলে আড্‌মিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কোন লেটর্স অব আড্‌মিনিষ্ট্রেশন লইবার আবশ্যক হইবেক না ইতি।

[মহাজনদিগকে লেটর্স অব আড্‌মিনিষ্ট্রেশন দিবার কথা।]

২ ধারা। মৃত ব্যক্তির সম্পত্তির প্রধান ভাগ পাইবার দাওয়াদার কোন লোক যদি এক মাসের মধ্যে

the deceased, shall obtain a certificate from the Administrator General under Section XLIII. of the said Act, or letters of administration to the estate and effects of the deceased, the Administrator General, when required so to do by any creditor against the estate, shall apply for, and the Supreme Court may in such cases grant to him, letters of administration to the said estate and effects, or if he omit to take such proceedings, such creditor may apply for, and the Supreme Court may in such cases grant to such creditor, letters of administration to the said estate and effects.

[Appointment of Officiating Administrator General.]

III. Whenever any person holding the office of Administrator General shall obtain leave of absence, it shall be lawful for the Government to appoint some person to officiate as Administrator General, and such person while so officiating shall be subject to the same conditions [illegible] responsibilities [illegible] Administrator General by any law now in force or that may hereafter be enacted.

M. WYLIE,
Clerk of the Council.

THE 4TH FEBRUARY 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 4th February 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 8th of April next:—

A Bill to remove certain tracts on the Eastern border of the Chittagong District from the jurisdiction of the tribunals established under the general Regulations and Acts.

[Preamble.]

WHEREAS it is expedient to remove the Hilly and Forest tracts of country, situated on the Eastern border of the District of Chittagong, from the jurisdiction exercised by the Civil, Criminal, and Revenue Courts and Offices of that District, under the general Regulations and Acts of the Government; it is enacted as follows:—

[Certain tracts removed from the operation of the general Regulations and Acts. Proviso.]

1. The tracts of country described in the Schedule to this Act are hereby removed from the jurisdiction of the Courts of Civil and Criminal Judicature, and from the control of the Officers of Revenue constituted by the Regulations of the Bengal Code and the Acts passed by the Governor General of India in Council and the Legislative Council of India, as well as from the system of procedure prescribed for the said Courts and Offices by the Regulations and Acts aforesaid, and no Act hereafter passed by the Legislative Council of India relative to the constitution or procedure of the said Courts and Offices shall be deemed to extend to any part of the said tract unless the same be specially named

আইনের ৪৩ ধারামতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের স্থানে সর্টিফিকট না পায়, কিম্বা মৃত ব্যক্তির সম্পত্তির ও মালের লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন না পায়, তবে ঐ ইষ্টেটহইতে যাহার কিছু পাওনা থাকে এমত কোন মহাজন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে কহিলে তিনি ঐ সম্পত্তির ও মালের লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন প্রার্থনা করিবেন ও তদ্রূপ স্থলে সুপ্রিম কোর্ট তাঁহাকে ঐ লেটর্স দিতে পারিবেন। কিম্বা তিনি যদি সেই প্রকারের লেটর্স না লন, তবে ঐ মহাজন ঐ সম্পত্তির ও মালের লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন পাইতে প্রার্থনা করিতে পারিবেন, করিলে সুপ্রিম কোর্ট ঐ মহাজনকে ঐ লেটর্স দিতে পারিবেন ইতি।

[একটিং আডমিনিষ্ট্রেটর জেনরলকে নিযুক্ত করিবার কথা।]

৩ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরলের পদে যে সাহেব থাকেন, তিনি যদি কোন সময়ে ছুটী লন, তবে গবর্ণমেণ্ট ঐ আডমিনিষ্ট্রেটর জেনরলের কর্ম্ম করিবার নিমিত্তে কোন লোককে নিযুক্ত করিতে পারিবেন। ও এইক্ষণকার চলিত আইনমতে কিম্বা ইহার পরে যে আইন [illegible] হইয়া থাকিবেক তদনুসারে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যে কোন নিয়মে বদ্ধ হন ও তাঁহার শিরে যে কোন দায় থাকে, ঐ ব্যক্তি যত কাল আডমিনিষ্ট্রেটর জেনরলের কর্ম্ম করেন তত কাল সেই নিয়মে বদ্ধ হইবেন ও তাঁহার শিরে সেই দায় থাকিবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪ ফেব্রুআরি তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পণ করা গিয়াছে। আগামি আপ্রিল মাসের ৮ তারিখের পরে তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

চাটিগাঁ জিলার পূর্ব্ব সীমার কতক দেশ সাধারণ আইন ও আক্ট মতের স্থাপিত আদালতপ্রভৃতির এলাকাহইতে পৃথক্ করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

চাটিগাঁ জিলার দেওয়ানী ও ফৌজদারী ও রাজস্বের আদালতের ও কাছারীর যে এলাকা গবর্ণমেণ্টের সাধারণ আইন ও আক্টঅনুসারে হয়, সেই এলাকাহইতে ঐ জিলার পূর্ব্ব সীমানার পর্ব্বতময় ও বনময় দেশ স্বতন্ত্র করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[কোন২ দেশ সাধারণ আইন ও আক্টের আমলহইতে স্বতন্ত্র করিবার কথা। বর্জ্জিত কথা।]

১ ধারা। এই আইনের তফসীলে যে সকল স্থান নির্দ্দিষ্ট হইয়াছে তাহা, বাঙ্গালা দেশের চলিত আইনদ্বারা ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ও ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারী করা আক্টদ্বারা স্থাপিত দেওয়ানী ও ফৌজদারী আদালতের এলাকাহইতে ও রাজস্বের কার্য্যকারকেরদের কর্তৃত্বহইতে ও উক্ত আইন ও আক্টদ্বারা ঐ২ আদালতের ও সিরিশ্তার কার্য্য করিবার যে নিয়ম নির্দ্ধার্য্য হইয়াছে তাহাহইতেও স্বতন্ত্র করা গেল। ও উক্ত আদালতের ও সিরিশ্তার সংস্থাপনের কি কার্য্য করিবার নিয়মের বিষয়ে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে কোন আইন ইহার পরে জারী হয়, তাহাতে যদি ঐ দেশের নাম বিশেষমতে লেখা না থাকে, তবে সেই আইন ঐ দেশের কোন স্থানে খাটে এমত জ্ঞান করিতে

therein: provided that nothing herein contained shall extend to or affect any case now pending in any Court or Office.

[Administration of justice and collection of Revenue vested in Officers subject to the control of the Lieutenant Governor of Bengal.]

II. The administration of Civil and Criminal justice and the superintendence of the settlement and realization of the public Revenue and of all matters relating to rent within the said tracts, are hereby vested in such Officer or Officers as the Lieutenant Governor of Bengal may for the purpose of tribunals of first instance or of reference and appeal appoint, and the Officer or Officers so appointed shall, in the matter of the administration and superintendence aforesaid, be subject to the direction and control of the Lieutenant Governor of Bengal, and be guided by such instructions as the Lieutenant Governor of Bengal may [illegible] to time issue.

[Appeals.]

III. It shall be lawful for the Lieutenant Governor of Bengal to direct that an appeal may be heard in any of the matters described in the last preceding Section by the Civil and Session Judge of Chittagong or the Commissioner of Revenue for that District or by the Sudder Dewanny and Nizamut Adawlut or by the Board of Revenue, and to declare in what cases the order made by any Officer or Court empowered by the Lieutenant Governor to dispose of any of the matters aforesaid, shall be final.

[Reference to the Sudder Court.]

IV. It shall be lawful to the Lieutenant Governor of Bengal to direct any Officer empowered to administer Criminal jurisdiction in or for the tracts aforesaid, to refer the sentence passed by him in any class of Criminal trials for the confirmation of the Sudder Court; and no sentence of death passed by any person competent under the direction of the Lieutenant Governor to pass such sentence, shall be carried into execution until it be confirmed by the Sudder Court. In disposing of any trial referred for disposal under this Section, the Sudder Court shall not call for the Futwah of its Law Officer, and shall pass such order as it may deem just and proper, so as that it shall not convict any person acquitted by the referring Officer, or enhance any sentence pronounced by him.

[Place of imprisonment or transportation.]

V. Any person liable to be imprisoned in any Civil or Criminal Jail or to be transported beyond sea under any order or sentence passed by any Officer or Court empowered as provided in this Act, may be imprisoned in any Civil or Criminal Jail or

হইবেক না। পরন্তু কোন আদালতে কি কাছারীতে এইক্ষণে যে মোকদ্দমা উপস্থিত থাকে তাহার উপর এই আইনের কোন কথা খাটিবেক না ও এই আইনেতে তাহার কিছু ক্ষতিবৃদ্ধি হইবেক না ইতি।

[বিচার করিবার কার্য্যের ও রাজস্ব আদায়ের কার্য্যের ভার বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কর্তৃত্বাধীন লোকেরদের প্রতি থাকিবার কথা।]

২ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে কার্য্যকারককে কি কার্য্যকারকদিগকে মোকদ্দমা প্রথমে শুনিবার জন্যে কিম্বা অর্পণ কি আপীলক্রমে শুনিবার জন্যে নিযুক্ত করেন, তাঁহারদের প্রতি উক্ত দেশসম্পর্কীয় দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার বিচারাদি কার্য্যের ভার ও সরকারী মালগুজারীর ও খাজানাসম্পর্কীয় সকল বিষয়ের বন্দোবস্ত ও আদায় কার্য্যের তত্ত্বাবধারণের ভার ইহাতে অর্পণ করা গেল। ও তদ্রূপে যে কার্য্যকারক কি কার্য্যকারকেরা নিযুক্ত হন তাঁহারা পূর্ব্বোক্ত কার্য্য নির্ব্বাহের ও তত্ত্বাবধারণের সম্পর্কে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট [illegible] কর্তৃত্বের অধীনে থাকিবেন. ও বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ে২ যে হুকুম জারী করেন তদনুসারে তাঁহারা কার্য্য করবেন ইতি।

[আপীলের কথা।]

৩ ধারা। ইহার পূর্ব্বের ধারার লিখিত কোন বিষয়ে চাটিগাঁয়ের সিবিল ও সেশন জজ সাহেব কিম্বা ঐ জিলার [illegible]রের কমিসানর সাহেব কিম্বা সদর দেওয়ানী ও নিজামত [illegible]লতের কিম্বা বোর্ড রেবিনিউর সাহেবেরা আপীল শুনে[illegible] বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এম[illegible] হুকুম করিতে পারিবেন। ও পূর্ব্বোক্ত প্রকারের কো[illegible] কথা নিষ্পত্তি করিবার জন্যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গ[illegible]নর সাহেবহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক সা[illegible]র কি আদালতের হুকুম যে প্রকারের মোকদ্দমায় চূড়ান্ত হইবেক তাহাও তিনি প্রকাশ করিতে পারিবেন ইতি।

[সদর আদালতের প্রতি অর্পণ করিবার কথা।]

৪ ধারা। পূর্ব্বোক্ত দেশেতে কি তন্নিমিত্তে ফৌজদারী কার্য্য নির্ব্বাহ করিবার ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক ফৌজদারী কোন২ প্রকারের মোকদ্দমায় যে হুকুম করেন সেই হুকুম সদর আদালতহইতে মঞ্জুর হইবার জন্যে অর্পণ করা যায়, বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এমত হুকুম করিতে পারিবেন। ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞামতে, প্রাণদণ্ডের আজ্ঞা করিতে যাঁহার ক্ষমতা হয় তিনি তদ্রূপ যে আজ্ঞা করেন তাহা সদর আদালতের দ্বারা মঞ্জুর না হইলে করা যাইবেক না। এই ধারামতে নিষ্পত্তি হইবার নিমিত্তে যে কোন মোকদ্দমা অর্পণ করা যায় তাহার নিষ্পত্তি করণেতে সদর আদালতের সাহেবেরা ঐ আদালতের কোন মৌলবীর ফতওয়া লইবেন না. ও যে হুকুম ন্যায্য ও উপযুক্ত বোধ হয় তাহা করিবেন। কিন্তু ঐ মোকদ্দমা অর্পণকারী কার্য্যকারক যে কোন লোককে নির্দ্দোষ করেন তাহাকে দোষী করিবেন না. ও তিনি যে কোন দণ্ডের আজ্ঞা করেন তাহা বৃদ্ধি করিবেন না ইতি।

[কয়েদ করিবার কি দ্বীপান্তরে প্রেরণের স্থানের কথা।]

৫ ধারা। এই আইনের বিধানমতে [illegible]ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের কি আদালতের [illegible] হুকুম কি দণ্ডাজ্ঞামতে যদি কোন লোককে দেওয়ানী কি ফৌজদারী কোন জেলখানায় কয়েদ করিতে হয়, কিম্বা সমুদ্রপারের কোন দ্বীপান্তরে পাঠাইতে হয়, তবে বাঙ্গলা দেশের

transported to any place which the Lieutenant Governor of Bengal may direct.

[Questions of disputed boundary to be determined by Commissioner of Chittagong.]

VI. When a question shall arise whether any place falls within the tracts described in the Schedule of this Act, it shall be competent to the Commissioner of Revenue for the District of Chittagong to consider and determine on which side of the described boundary the place aforesaid may lie, and the order made by the Commissioner shall be final

[Commencement of Act]

VII. This Act shall take effect from such date as shall be fixed by the Lieutenant Governor of Bengal, and notification thereof shall be published in the Office of the Commissioner of Revenue and the Courts of the Civil and Sessions Jud[illegible] and of the Magistrate of [illegible] [illegible] other manner as the Lieutenant Governor may direct.

SCHEDULE.

The boundary of the Hilly and Forest tract referred to in the foregoing Act shall be understood generally to run to the eastward of the surveyed area of the villages situated on the eastern [illegible] of the Chittagong District as surveyed, and [illegible] in the course of the Revenue Survey of that District, and shall be more particularly taken [illegible] indicated as follows :—

As respects Thannah Futteckc[illegible]ree, all the country lying east of the villages Ramghur, Joozkola, Hapuneah, Fuckeerachung, Kunchunpoor, and Goomareetulia.

" Thannah Hathezaree, all the country lying East of Mugkatta, Radahmadhebpoor, and other surveyed villages of this Thannah and of a line drawn from the south eastern boundary to Gogra in Faree Rungunn ah

Faree Rungunneah, all the country lying to the east of Gogra Nichinta poor, Kodala, Puddooa, Dood-Pookereah, and other surveyed villages of this Faree situated on both sides of the Fenny River.

Thannah Pafteah, all the country lying east of the surveyed villages of this Thannah, that is to say lying east of a line drawn from the eastern surveyed [illegible]undary of Dood-Pookereah in Faree [illegible]ungunneah down to the eastern surveyed boundary of the village Doobachapore lying north of the River Sun[illegible]gia]

[illegible] Thannah Sutkuneah, all the country lying east of Pooraughur, Burdooara, Andar Manik, Lajbarree, and other surveyed villages of this Thannah.

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে কোন স্থান আজ্ঞা করেন সেই স্থানের দেওয়ানী কি ফৌজদারী কোন জেলখানায় তাহাকে কয়েদ করা যাইবেক, কিম্বা দ্বীপান্তরের সেই স্থানে পাঠান যাইবেক ইতি।

[সীমানার কোন বিবাদ হইলে চাটিগাঁয়ের কমিস্যনর সাহেবের তাহা নিষ্পত্তি করিবার কথা।]

৬ ধারা। এই আইনের তফসীলের নির্দিষ্ট কোন দেশের মধ্যে কোন স্থান থাকে কি না এই কথা লইয়া যদি কিছু বিবাদ হয় তবে ঐ স্থান সেই নির্দিষ্ট সীমানার কোন্ দিগে থাকে এই কথা চাটিগাঁ জিলার রাজস্বের কমিস্যনর সাহেব বিচার করিয়া নিষ্পত্তি করিতে পারিবেন। ঐ কমিস্যনর সাহেব যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

[এই আইন যে সময়াবধি চলিবে তাহার কথা।]

৭ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে তারিখ নিরূপণ করেন সেই তারিখঅবধি এই আইন প্রবল হইবেক। তাহার ইশ্‌তিহার চাটিগাঁয়ের রাজস্বের কমিস্যনর সাহেবের কাছারীতে ও সিবিল ও সেশন জজ সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের [illegible] প্রকাশ হইবেক ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর [illegible] অন্য যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে [illegible] হইবেক ইতি।

তফসীল।

[illegible] আইনেতে পর্বত ও বনময় যে দেশের কথা [illegible] তাহার সীমানা এই। চাটিগাঁ জিলার রাজস্ব [illegible] জরিপী কার্যক্রমে ঐ জিলা জরিপ হইয়া যে নকশা করা গিয়াছে সেই নকশামতে ঐ জিলার পূর্ব অঞ্চলের যে সকল গ্রাম জরিপ হইয়াছে তাহার পূর্ব সীমা ঐ দেশের সাধারণ সীমা জ্ঞান হইবেক। তাহা আরো বিশেষমতে নির্দিষ্ট করা যাইতেছে। অর্থাৎ

থানা ফটিকছেরির রামগড় ও জুজকলা ও হাপনিয়া ও ফকীরাচঙ্গ ও কাঞ্চনপুর ও গুমারিতলা গ্রামের পূর্ব দিগের সকল দেশ।

থানা হাটহাজারীর মগকাটা ও রাধামাধবপুর ও এই থানার জরিপকরা অন্য সকল গ্রামের পূর্ব দিগের, ও তাহার দক্ষিণ পূর্ব সীমাঅবধি রঙ্গুনিয়া ফাঁড়ির গোগরাপর্যান্ত রেখা টানিলে তাহার পূর্ব দিগের সকল দেশ

ফাঁড়ি রঙ্গুনিয়ার গোগরা ও নিশ্চিন্তাপুর ও কোদাল ও পদুয়া ও দুধপুকুরিয়া গ্রামের, ও ফেনি নদীর দুই ধারে এই ফাঁড়ির অন্য যে সকল গ্রাম জরিপ হইয়াছে তাহার পূর্ব দিগের সকল দেশ।

থানা পটিয়ার জরিপকরা গ্রামের পূর্ব দিগের সকল দেশ অর্থাৎ ফাঁড়ি রঙ্গুনিয়ার দুধপুকুরিয়ার জরিপমতে তাহার পূর্ব সীমাঅবধি শঙ্খ নদীর উত্তর দিগে দুবাচারী গ্রামের জরিপমতে তাহার পূর্ব সীমাপর্যান্ত রেখা টানিলে তাহার পূর্ব দিগের সকল দেশ।

থানা সৎকনার পুরাণঘর ও বড়ুয়ারা ও আঁধারমানিক ও রাজবাড়ী ও এই থানার জরিপকরা অন্যান্য গ্রামের পূর্ব দিগের সকল দেশ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২১ ফেব্রুআরি।]

As respects Thannah Chuckereah, all the country lying eastward of a line drawn from the village Rajbarree in Thannah Tulkunneah to the surveyed villages Boonoo and Bilcherrie on the Moree River, in Thannah Chukereah, and also all the country lying eastward of the surveyed villages of this Thannah between Bilcherrie and Pagoleebeel.

থানা তলকন্যার রাজবাড়ী গ্রামহইতে থানা চকেরিয়ার মোরী নদীর জরিপকরা বুনু ও বিলচেরী গ্রামপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার পূর্ব্ব দিগের, ও বিলচেরি ও পাগলিবিলের মধ্যে এই থানার জরিপকরা সকল গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ।

" " Thannah Ramoo, all the country lying east of a line drawn from Pagoleebeel in Thannah Chukereah, to Edghur Gurjamah, and Kucheppeah in Thannah Ramoo.

থানা চকেরিয়ার পাগলিবিলহইতে থানা রামুর এদঘর ও গর্জ্জামা ও কচ্ছপিয়াপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

Also all the country comprised in Thannah Teknaaf and lying south of the mouth of the Rajoo River and south and east of a line drawn from the Rajoo River to the surveyed village Kucheppeah of Thannah Ramoo.

রাজু নদীর মোহনার দক্ষিণে ও রাজু নদীঅবধি থানা রামুর জরিপকরা কচ্ছপিয়া গ্রামপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার দক্ষিণ ও পূর্ব্ব দিগে থানা টেকনাফের সকল দেশ।

M. Wylie.
Clerk of the Council.

[illegible] ওয়াইলি।
কৌন্সিলের ক্লার্ক।
John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 4.

To the Civil Judges in the Lower Provinces.

As the dates fixed by the Court's Pundit for the closing of the Court on account of Hindoo holidays during the present year do not, in some instances, coincide with the dates fixed by the Authorities for closing the General Treasury, and as it is desirable that the authorized holidays should be observed in all the Courts and Government Offices on the same dates, I am directed to inform you that the holidays noted below are to be observed on the dates entered opposite to them instead of those given in the Memorandum which was forwarded to you with the Court's Circular No. 30, dated the 1st December 1859.

(Signed) H. B. Lawford,
Offg. Register.

Fort William, the 15th February, 1860.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানীর শ্রীযুত জজ সাহেব বরাবরেষু

চলিত সনের হিন্দুদের পর্ব্বের নিমিত্তে আদালত বন্দ [illegible] সদর আদালতের পণ্ডিত নির্দ্ধার্য্য করি[illegible] তাহার কোনং দিনের, সঙ্গে জেনরল ত্রেজুরী [illegible] যে দিন কার্য্যকারক সাহেবেরা নিরূপণ [illegible] তাহা মিলে না, আরো যে পর্ব্বে বন্দ হইবার অনুমতি হয় সেইং পর্ব্বে সকল আদালত ও গবর্ণমেণ্টের সকল দফ্তরখানা সমান দিনে বন্দ থাকা উচিত এই। কারণে আমি আদেশমতে তোমাকে জানাইতেছি যে, সদর আদালতের ১৮৫৯ সালের ১ ডিসেম্বর তারিখের ৩০ নম্বরের সরক্যুলরের সঙ্গে ছুটীর দিনের যে ফর্দ্দ তোমার নিকটে পাঠান গিয়াছে তাহাতে নীচের লিখিত পর্ব্বের তারিখ বদলাইয়া, নীচের লিখিত তারিখে ঐ পর্ব্ব মানিতে হইবেক

এচ বি লাফর্ড
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৫ ফেব্রুয়ারি।

Sheeratree, ...	20th and 21st February.	Monday and Tuesday
Churuck Poojah,	11th and 12th April	Wednesday and Thursday
Dushohara Gunga Poojah,	30th May	Wednesday.
Janum Ostomee,	10th and 11th August,	Friday and Saturday

(True Copy)

R. Stuart,
Assistant Register.

শিবরাত্রি	২০, ২১ ফেব্রুয়ারি ...	সোম ও মঙ্গলবার।
চড়কপূজা	১১, ১২ আপ্রিল ..	বুধ ও বৃহস্পতিবার।
দশহরা গঙ্গাপূজা .	৩০ মে ..	বুধবার।
জন্মাষ্টমী ...	১০, ১১ আগষ্ট ...	শুক্র ও শনিবার

(যথার্থ নকল।)

আর ষ্টুয়ার্ট
আসিষ্টাণ্ট রেজিষ্টর

[Government Gazette, 21st February, 1860.]

HOME DEPARTMENT.

No. 309.

Fort William, the 6th February 1860.

Notification.

The following Extract from a Despatch from the Right Hon'ble the Secretary of State for India, is published for general information :—

" When a servant of Government is committed to " prison, either for debt or on a Criminal charge, he " should be considered as under suspension from " the date of his arrest, and not allowed to draw " any pay until the termination of the proceeding " against him, when an adjustment of his allowances " will be made according to the circumstances of the " case, the full amount being given only in the " event of the Officer being acquitted of blame, or (if " the imprisonment was for debt) of its being prov- " ed that the Officer [illegible] stances beyond [illegible] control."

W. Grey,

Secy. to the Govt. of India

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 9th February, 1860.

Baboo Gourchunder Mojoomdar, Moonsiff of Kaguzpookeriah, Zillah Nuddea, for one month, in extension under Medical Certificate

The 13th February, 1860.

Baboo Brijmohun Dutt, Moonsiff of Bowfal, Zillah Backergunge, for one month, under Medical Certificate.

H. B. Lawford, *Offg. Register.*

দেশীয় ডিপার্টমেণ্ট।

৩০৯ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৬ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল সেক্রেটারী অব ষ্টেট সাহেব যে পত্র পাঠান্ তাহাহইতে গৃহীত এই কথা সকল লোকের জানিবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

সরকারের কোন কর্ম্মকারক যদি কর্জের নিমিত্তে কিম্বা অপরাধ করিবার নালিশে কয়েদ হয়, তবে তাহার গ্রেক্তার হইবার তারিখঅবধি কর্ম্মহইতে মসপেণ্ড হইয়াছে, এমত জ্ঞান করিতে হইবেক। ও তাহার নামে যে মোকদ্দমা হয় তাহার শেষ যাবৎ না হয় তাবৎ কিছু বেতন লইতে পারিবে না। পরে মোকদ্দমার ভাব গতিক বুঝিয়া তাহার বেতন হিসাব করিয়া দেওয়া যাইবেক। কিন্তু সেই কর্ম্মকারককে যদি নির্দ্দোষ না করা যায় তবে সমুদয় বেতন কোনমতে পাইতে পারিবে না, কিম্বা যদি কর্জের নিমিত্তে কয়েদ হইয়া থাকে তবে উ[illegible] অনিবার্য্য কোন কারণে তাহার কর্জ লইতে হইয়াছিল এই কথার প্রমাণ না হইলে তাহার সমুদয় বেতন দেওয়া যাইবে না।

ডবলিউ গ্রে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি।

জিলা নদীয়ার কাগজপুখরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার চিকিৎসকের সর্টিফিকটক্রমে অধিক এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৩ ফেব্রুআরি।

জিলা বাকরগঞ্জের বাউফলের মুনসেফ শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। এক্টিং রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

৫১৮ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২৪ জানুআরি।

শ্রীযুত জি ডবলিউ বাটী সাহেব (Mr. G. W. Battye,) তমলুকে নিমকের এজেণ্টের ও নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

ওবরসিয়র শ্রীযুত ডি [illegible]েন সাহেব (Overseer D. Wion.) বড় রাস্তার দ্বিতীয় এলাকাহইতে কলিকাতার পূর্ব্ব দিগের খালের এলাকায় প্রেরিত হইয়াছেন।

১৮৬০ সাল [illegible] ফেব্রুআরি।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীচন্দ্র [illegible]ভুয়া চব্বিশপরগনার বারুইপুর এলাকায় প্রেরি[illegible] হইয়াছেন ঐ স্থানে তিনি মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্ট[illegible] যে বিশেষ ক্ষমতা ১৮২১ সালের ৩ আইনের [illegible]র ৩ প্রকরণে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ [illegible]র নির্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি।

শ্রীযুত জি জি মরিস সাহেব (Mr. G. G. Morris.) জরিপী কার্য্যের তৃতীয় অর্থাৎ পূর্ব্ব এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট হইয়া ঢাকা ও বলুয়া ও ছিলট ও ত্রিপুরা ও ফরিদপুর ও বাকরগঞ্জ ও ময়মনসিংহ ও বগুড়া ও পাবনা ও রঙ্গপুর ও রাজশাহী এই সকল জিলায় ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত আর এচ এম ওয়ারেণ্ড সাহেব (Mr. R. H. M. Warrand,) জরিপী কার্য্যের চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকার সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ১০ ফেব্রুআরি।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson,) ছিলটের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত জরিপী কার্য্যের প্রথম অর্থাৎ উত্তর এলাকাহইতে চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকায় প্রেরিত হইয়াছেন এবং ঢাকা ও ফরিদপুর ও চব্বিশপরগনা ও বাকরগঞ্জ ও বলুয়া এই সকল জিলায় ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইন ও ১৮৪৮ সালের ২০ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

(গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১১ ফেব্রুআরি।)

১৮৬০ সাল ১৪ ফেব্রুআরি।

আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এচ ব্রৌনলো সাহেব (Mr. W. H. Brownlow,) যেপর্য্যন্ত মঙ্গলদারি এলাকাখণ্ডের ভার রাখিবেন সেইপর্য্যন্ত কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

১৮৬০ সাল ১৫ ফেব্রুআরি।

শ্রীযুত কাপ্তান এ ফ্রানসিস সাহেব (Captain A. Francis,) বাঙ্গলা দেশের ২ পোলীস পল্টনের অধ্যক্ষের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ জি কুরু সাহেব (Mr. A. G. Crowe,) পুরণিয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২৪ জানুআরি।

তমলুকের নিমকের এজেণ্ট শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) সরকারী কর্ম্ম ত্যাগ [illegible] প্রায়ে ১৮৫৭ সালের অক্টোবর মাসের [illegible] তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৩০ জানুআরি।

বীরভূমের জজ শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr. O. W. Malet.) ছুটীর নূতন সংশোধিত বিধির [illegible]রানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৩ ফেব্রুআরি।

বাঙ্গলা দেশের ২ পোলীস পল্টনের অধ্যক্ষ শ্রীযুত কাপ্তান জে এল নেসন সাহেব (Captain J. L. Nation,) গত মাসের ৬ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি

বুলবুল এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত শ্রীযুত ডবলিউ মাকফার্সন সাহেব (Mr W Macpherson,) গত মাসের ১৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারার ১ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

কাছাড়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ও চিকিৎসক শ্রীযুত এস এম সরকোর সাহেব (Mr. S. M. Shircore,) আপন চিকিৎসকতা কর্ম্মের ভার এতদ্দেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া ১৮৫৮ সালের আপ্রিল মাসের ১৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

[illegible] ফেব্রুআরি।

[illegible] জজ শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr M. A. G. Shawe,) রাজধানীর স্থিরতর চিকিৎসকেরদের কমিটির সম্মুখে উপস্থিত হওনার্থে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে দশ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

রিবর্স টামসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারি।

GOVERNMENT ADVERTISEMENTS. / গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE.

Wanted for the Midnapore Magistrate's Court—a Peshkar and a Meer Moonshee the salary of the former office being Rupees 30 per month, and that of the latter Rupees 20. Applications for either office must be made within one month from this date, either personally, or by letter, postpaid, to the Magistrate of Midnapore, and all applications must be accompanied by testimonials to the applicant's previous good character and respectability, and by certificates of proficiency and experience in the department No persons need apply who have either property situated within, or relatives and connexions holding appointments, or residing, in, the Midnapore district, and applicants are further required to certify that they have no property, or connexions, in the said district.

F R Cockerell. *Offg Magistrate.*

Midnapore Magistracy, the 10th February, 1860

ইশ্তিহার।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারির পেশকারের ও মীরমুন্সীর কর্ম্মের নিমিত্তে দুই জনের আবশ্যক হইয়াছে। পেশকারের বেতন মাসে ৩০, টাকা মীরমুন্সীর বেতন ২০ টাকা। যাহারা ঐ কর্ম্ম পাইতে চাহে তাহারদের অদ্যকার তারিখ অবধি এক মাসের মধ্যে মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নিজে গিয়া দরখাস্ত দিতে হইবেক কিম্বা পত্রদ্বারা দরখাস্ত দিলে ডাক মাসুল দিয়া [illegible] পাঠাইতে হইবেক। ও তাহারদের সদাচারের ও ভদ্রতার ও ফৌজদারী আদালতের কর্ম্মে তাহারদের নৈপুণ্যের ও অনুশীলনের সর্টিফিকট আপনারদের দরখাস্তের সঙ্গে দিতে হইবেক। ঐ মেদিনীপুর জিলার মধ্যে [illegible]রদের কিছু সম্পত্তি থাকে কিম্বা ঐ জিলার সরকারী কোন কর্ম্মকারকেরদের মধ্যে কিম্বা ঐ জিলা নিবাসিরদের [illegible]ধ্যে যে লোকেরদের জ্ঞাতিকুটুম্ব থাকে তাহারদের উক্ত কর্ম্মের নিমিত্তে দরখাস্ত দিবার প্রয়োজন নাই। যাহারা ঐ কর্ম্ম প্রার্থনা করে তাহারদের ঐ জিলার মধ্যে কিছু সম্পত্তি কি জ্ঞাতিকুটুম্বাদি নাই এই কথাও তাহারদের দর[illegible] লিখিতে হইবেক।

এফ আর কাক্রেল। এ[illegible] মাজিষ্ট্রেট।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারী।
১৮৬০ সাল ১০ ফেব্রুআরি।

[*Government Gazette*, 21st *February*, 1860.]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN HUTCHESON FERGUSSON, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the third day of March next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of January 1859, until the 31st day of January 1860, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given, at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 16th February, 1860.

যোত্রহীনের উপকারার্থে আদালত।

যোত্রহীন জান হচিসন ফারগসন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মার্চ মাসের ৩ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৯ সালের জানুআরি মাসের ১ তারিখ-অবধি ১৮৬০ সালের জানুআরি মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও [illegible] তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জন কক্রেন সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফতরখানা। কলিকাতা ১৮৬০ সাল ১৬ ফেব্রুআরি।

[গবর্নমেণ্ট গেজেট ১৮৬০। ২১ ফেব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 28, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৮ ফেব্রুআরি।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA

THE 18TH FEBRUARY 1860

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 8th February 1860 (communicated to the Legislative Council on the 18th idem), and is hereby promulgated for general information —

ACT NO. V. OF 1860.

An Act to amend Act III. of 1857 (relating to trespasses by Cattle.)

[Preamble.]

WHEREAS, under the provisions of Act III of 1857, fines may be levied from the owners of Cattle found trespassing and doing damage, or straying in any public place, and all unclaimed Cattle so found may be sold after sufficient notice; and whereas it is provided in the said Act that the sums received on account of fines and the unclaimed proceeds of the sale of unclaimed Cattle shall be applied to the payment of the salaries of pound-keepers and other purposes connected with the execution of the Act, and whereas the amount of the said sums may be larger than is required for the said purposes, and it is expedient to provide for their legal application to other purposes, It is enacted as follows :—

[Appropriation of surplus fines, &c.]

I. When the amount of the sums received on account of fines and the unclaimed proceeds of the sale of unclaimed Cattle is larger than is required for the payment of the salaries allowed to pound keepers and the expenses incurred for the construc-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মেম্বরেরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইংরেজী ১৮৬০ সালের ৮ ফেব্রুআরি তারিখে সম্মত হইয়াছিলেন ঐ মাসের ১৮ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে তাঁহার সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৫ আইন।

ক্ষেত্রাদিতে গোমেষাদির প্রবেশ করণ বিষয়ের ১৮৫৭ সালের ৩ আইন শুধরাইবার আইন।

[হেতুবাদ।

১৮৫৭ সালের ৩ আইনের বিধানমতে, যদি গোমেষাদি কোন পশুকে সরকারী কোন স্থানে গিয়া কিছু লোকসান করিতে কি বেড়াইতে দেখা যায়, তবে ঐ পশুর স্বামির জরীমানা হইতে পারিবেক ও সেই পশু আপনার বলিয়া যদি কেহ দাওয়া না করে, তবে উপযুক্ত সময়ের ইশ্তিহার হইলে পর তাহা নীলাম হইতে পারে। আরো জরীমানার যত টাকা আদায় হয়, ও আপনার বলিয়া যে পশু কেহ দাওয়া না করে তাহা নীলাম করিয়া যে টাকা পাওয়া যায়, সেই টাকাও কেহ দাওয়া না করিলে ঐ টাকাহইতে খোঁয়াড়রক্ষকের বেতন ও ঐ আইনমতে কার্য্য হইবার অন্য খরচ দেওয়া যাইবেক ঐ আইনেতে এই বিধানও হইয়াছে। কিন্তু সেই২ কারণে যত টাকা লাগে তাহার অধিক টাকা সেই প্রকারে কখন২ আদায় হইতে পারে, ও সেই অধিক টাকা আইনমতে অন্য কর্ম্মে খরচ করিবার বিধান করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[জরীমানাপ্রভৃতির ফাজিল টাকা খরচ করিবার কথা।]

১ ধারা। জরীমানার দ্বারা, ও যে পশু কেহ আপনার বলিয়া দাওয়া না করে তাহা নীলাম হইয়া যে টাকা আদায় হয়, তাহাতে কাহার দাওয়া না থাকিলে যত টাকা আদায় হয় তাহা খোঁয়াড়রক্ষকের বেতন ও খোঁয়াড় করিবার ও মেরামতপ্রভৃতি করিবার খরচ

tion and maintenance of pounds and other purposes connected with the execution of the said Act, any surplus which may remain after making full provision for the said salaries and expenses may be applied, under the direction of the local Government, to the construction and repair of roads and bridges, and other works of a like nature.

MADRAS PRESIDENCY.

[Procedure in dealing with the offences of forcibly opposing the seizure of Cattle, or rescuing Cattle.]

II. In the territories under the Government of Fort Saint George, it shall be lawful for Police Officers, in dealing according to the provisions of Section XXVII. Regulation XI 1816 of the Madras Code with the offences specified in Section XIII. of the said Act, to forward their proceedings with the offenders and witnesses either to the Magistrate or to the Criminal Judge. Magistrates shall have jurisdiction to award punishment under the [illegible] such offences with [illegible] powers vested in them by law

MADRAS PRESIDENCY.

[Heads of Police &c., not to be deemed Officers having Criminal jurisdiction within the meaning of Section XIV. Act III. of 1857.]

III In the territories under the Government of Fort Saint George, Heads of Police, Police Ameens and Village Moonsiffs shall not be deemed [illegible]cers having Criminal jurisdiction authorized [illegible] receive and try charges without reference by the Magistrate within the meaning of Section XIV. of the said Act.

MADRAS PRESIDENCY.

[Construction of the words "Heads of Villages" in Section IV. Act III. of 1857.]

IV. Section IV. of the said Act shall be read throughout the General Police District of the Presidency of Madras, as if the words "Village Inspectors" were substituted for "Heads of Villages."

[Act to be read as part of Act III. of 1857.]

V. This Act shall be read with and taken as part of Act III. of 1857

M. WYLIE,
Clerk of the Council.

ORDERS BY THE SU[illegible]ER DEWANNY ADA[illegible]UT.

APPO[illegible]TMENT.

The 1[illegible]th February, 1860.

Baboo Mohiny [illegible]ohun Roy, to officiate as Moonsiff of Bhowaniy[illegible]nge, Zillah Rajshahye, during the absence on leav[illegible] of the incumbent.

[illegible]AVES OF ABSENCE.

[illegible]he 18th February, 1860.

Baboo N[illegible]enchunder Ghose, Moonsiff of Manickgunge, Zill[illegible] Dacca, for ten days.

Moulvie Shooka[illegible]r Ali, Moonsiff of Putteeah, Zil-

ও উক্ত আইনমতের অন্যান্য কর্য্যেতে যত খরচ হয় তাহার অধিক যদি কিছু থাকে, তবে ঐ বেতন ও খরচের সমুদয় দেওয়া গেলে পর যাহা অবশিষ্ট থাকে তাহা স্থানবিশেষের গবর্ণমেণ্টের আজ্ঞামতে রাস্তা পুলবন্দি-প্রভৃতি করিবার ও মেরামৎ করিবার কার্য্যেতে খরচ হইতে পারিবেক ইতি।

মান্দ্রাজ রাজধানীর নিমিত্তে।

[গোমেষাদি জোর করিয়া লইবার কি কাড়িয়া লইবার দোষ হইলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

২ ধারা। ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর গবর্ণমেণ্টের অধীন দেশে, মান্দ্রাজ দেশের চলিত ১৮১৬ সালের ১১ আইনের ১৩ ধারার নির্দ্দিষ্ট দোষ হইলে যখন পোলীসের কর্ম্মকারকেরা ঐ আইনের ২৭ ধারার বিধানমতে কার্য্য করেন, তখন তাঁহারা আপনারদের রুবকারীর কাগজ ও অপরাধিদিগকে ও সাক্ষিদিগকে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা ফৌজদারীর জজ সাহেবের নিকটে পাঠাইতে পারিবেন। মাজিষ্ট্রেট সাহেবেরদের আইনমতে যেপর্য্যন্ত দণ্ড করিবার ক্ষমতা থাকে সেইপর্য্যন্ত তাঁহারা ঐ২ অপরাধের নিমিত্তে ঐ আইনমতে দণ্ড করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

মান্দ্রাজ রাজধানীর নিমিত্তে।

[পোলীসের প্রধান কর্ম্মকারকপ্রভৃতি ১৮৫৭ সালের ৩ আইনের ১৪ ধারার অর্থের মধ্যে ফৌজদারী ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারক জ্ঞান না হইবার কথা।]

৩ ধারা। ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর গবর্ণমেণ্টের অধীন দেশে, ১৮৫৭ সালের ৩ আইনের ১৪ ধারার অর্থের মধ্যে যাঁহারা মাজিষ্ট্রেট সাহেবের স্থানে প্রাপ্ত না হইয়া কোন নালিশ গ্রাহ্য করিয়া বিচার করিবার ক্ষমতাপন্ন হন ফৌজদারী মোকদ্দমার এলাকাপ্রাপ্ত এমত কার্য্যকারকেরদের মধ্যে পোলীসের প্রধান কর্ম্মকারকেরা ও পোলীসের আমীনেরা ও গ্রামের মুনসেফেরা গণ্য নহেন ইতি।

মান্দ্রাজ রাজধানীর নিমিত্তে।

[১৮৫৭ সালের ৩ আইনের ৪ ধারাতে "গ্রামেরমণ্ডল" এই কথার অর্থ।]

৪ ধারা। মান্দ্রাজ রাজধানীতে পোলীসের সাধারণ এলাকার সকল স্থানে ঐ আইনের ৪ ধারাতে "গ্রামের মণ্ডল" এই কথার পরিবর্ত্তে "গ্রামের ইনস্পেক্টর" এই কথা লেখা থাকিবার মতে পড়িতে হইবেক ইতি।

[১৮৫৭ সালের ৩ আইনের এক অংশ বলিয়া এই আইন পাঠ হইবার কথা।]

৫ ধারা। এই আইন ১৮৫৭ সালের ৩ আইনের এক ভাগ বলিয়া পড়িতে ও ধরিতে হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

জিলা রাজশাহীর ভবানীগঞ্জের মুনসেফ ছুটী পাইয়া যত দিন কর্ম্মে না আইসেন তত দিন শ্রীযুত বাবু মোহিনীমোহন রায় ঐ স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

জিলা ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের পটিয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী

lah Chittagong, for five days, on urgent private affairs.

H. B. LAWFORD, *Offg. Register.*

হুকুর আদি আপনার অত্যাবশ্যক কর্ম্মের নিমিত্তে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের হুকুম।

৬০৯ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৮ ফেব্রুআরি।

ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইনের বিধান বর্দ্ধমান জিলার রাণীগঞ্জের নিকট এই২ গ্রামে চলিবে। আর ঐ আইনের বিধানমতে কার্য্য হয় এই জন্য ঐ আইনের ৩ ধারামতে উক্ত সকল গ্রামের সংযোগ হইবে। গ্রামের নাম এই২। অর্থাৎ ১। সেনোরদের ছাউনি স্থানছাড়া রাণীগঞ্জের বাজার। ২, কুমারবাজার। ৩, পোরেবগঞ্জ। ৪, রান্দ। ৫, বক্[illegible], ৬, [illegible]বন। ৭, ধানুসোল। ৮, আম্রাসোল। ৯, [illegible]নোআরা। ১০, মঙ্গলপুর। ১১, শ্যারসোল। ১২, [illegible]রাণীগঞ্জ। ১৩, সাহেবগঞ্জ। ১৪, রঘুনাথ চক। ১৫, [illegible]পুর। ১৬, নফর। ১৭, নারায়ণ কনরাই। ১৮, [illegible]।

আরো এ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে, দ্বিতীয় খণ্ডের রেবিনিউ সরবেয়র সাহেব ঐ সকল গ্রাম জরিপ করিয়া তাহার যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে এই২ গ্রামের যেপর্য্যন্ত সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। ঐ কাগজ বর্দ্ধমানের কালেক্টর সাহেবের কাছারীতে দাখল হইয়াছে যাঁহার দেখিবার মানস থাকে তিনি গিয়া দেখিতে পারিবেন।

আরো এ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। এই২ গ্রামে যে টাক্স আদায় করিতে হবে তাহা যে লোকেরদের টাক্স দিতে হয় তাহারদের গতিক বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

৬১০ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৮ ফেব্রুআরি।

ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। বাঁকুড়া শহরতলীর নীচের লিখিত গ্রাম বাঁকুড়া নগরে সংযুক্ত হয় এই অভিপ্রায়ে অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন এই২ গ্রামে চলিবে। গ্রামের নাম এই২। লালবাজার ও পাতপুর ও কাণকাটী ও কাদুয়ারডিহি ও নুতন চটি ও লোকপুর ও কাটাডাঙ্গা।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। দ্বিতীয় খণ্ডের রেবিনিউ সরবেয়র সাহেব এ সকল গ্রাম জরিপ করিয়া তাহার যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে এই২ গ্রামের যেপর্য্যন্ত সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবে। এ কাগজ বর্দ্ধমানের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে। যাঁহার দেখিবার মানস থাকে তিনি গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। এই২ গ্রামে যে টাক্স আদায় করিতে হইবে তাহা যে লোকেরদের টাক্স দিতে হয় তাহারদের গতিক বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

[*Government Gazette*, 28*th February*, 1860.]

৬৩৮ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি।

প্রবেসানরি আসিষ্টান্ট ওবরসিয়র শ্রীযুত জে টিরনেন সাহেব (Probationary Assistant Overseer J. Tiernan.) আসাম দেশের দক্ষিণাংশে নিযুক্ত হইয়াছেন।

১৮৬০ সাল ১৫ ফেব্রুআরি।

শ্রীযুত এস এচ সি টেলর সাহেব (Mr. S. H. C. Taylor,) ও শ্রীযুত বাবু মোহিনীমোহন রায় বোয়ালিয়াতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

শ্রীযুত জে ডি গর্ডন সাহেব (Mr. J. D. Gordon.) আপন [illegible] কর্ম্মের [illegible] শ্রীযুত এ বি ফাকন সাহেব [illegible] করিয়া ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। উক্ত ফাকন সাহেব শ্রীযুত জি এ পেপর সাহেবের (Mr. G. A. Pepper,) অনুপস্থানপর্য্যন্ত নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব (Mr. J. D. Ward,) চাটি[illegible]গর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি পি লার্কিন্স সাহেব (Mr. T. P. Larkins.) ময়মনসিং[illegible] জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম [illegible]হ করিবেন

১৮৬০ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ জে মনি সাহেব (Mr. W. J. Money,) জরিপী কার্য্যের চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন এবং যশোহর ও ফরিদপুর ও পাবনা ও বাকরগঞ্জ ও চব্বিশপরগনা ও সুন্দরবন এই সকল জিলায় ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৮ সালের ৯ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস নেশন সাহেব (Mr. S. Nation.) ত্রিপুরায় প্রেরিত হইয়াছেন। এবং ঐ জিলায় তিনি ১৭৯৭ সালের ১১ আইন ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিফ আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

ছুটী।

[illegible] সাল ১ ফেব্রুআরি।

স্পেসিয়ল আ[illegible] ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ ওনিল সাহেব (Mr. W. [illegible]'Neil.) পূর্ব্বে যে ছুটী পাইয়াছিলেন তাহা লইয়া [illegible] সাহেবের সার্টিফিকেটক্রমে বারো মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২১ ফেব্রুআরি

শ্রীলশ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর[illegible] সাহেবের গমনাগমনের গত তিনেমর মাসের ২১ [illegible] বিজ্ঞাপন উক্ত মাসের ২৭ তারিখে [illegible] গেজেটে প্রকাশ হইয়াছিল তদতিরিক্ত নিম্নের লিখিত বিজ্ঞাপন প্রকাশ হইতেছে।

শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্নর সাহেব নিম্নের লিখিত তারিখে নিম্নস্থ মোকামহইতে প্রস্থান করেন।

রিষড়া ... ... ২৮ ফেব্রুআরি।
পাটনা ... ... ১ মার্চ।

যে সকল পত্রাদি শেষোক্ত তারিখের পূর্ব্বে পাটনাতে পঁহুছিতে না পারে তাহা রাজধানীতে পাঠাইতে হই-বেক।

---

৭০২ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৩ ফেব্রুআরি।

পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী অজহরউল হক ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ২০ ফেব্রুআরি।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই বি গডফ্রে সাহেব (Mr. E B. Godfrey,) বাকরগঞ্জে প্রেরিত হওয়া ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে উক্ত জিলার [illegible] টের চিহ্নিত আসিষ্টাণ্টের [illegible] কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২৪ ফেব্রুআরি।

শ্রীযুত সি জে পৌলেট সাহেব (Mr C. J. Powlett,) বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ ফেব্রুআরি।

শাহাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কুম সাহেব (Mr J. Comle,) চিকিৎস[illegible] দের স্থায়ি কমিটিতে উপস্থিত হওনার্থে ১৮৫৭ সালের অকটোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্ট-মেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাই[য়া]ছেন।

১৮৬০ সাল ১৭ ফেব্রুআরি।

মুঙ্গেরে আফীমের সব-ডেপুটী এজেণ্ট [শ্রী]যুত জে বীন সাহেব (Mr. J. Bean,) আপন কর্ম্মস্থানে পঁহুছিবার নিমিত্তে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

পূর্ণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ স্মিথ সাহেবের (Mr. A. Smith,) প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন। উক্ত স্মিথ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত পূর্ণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জঙ্গীপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত শ্রীযুত জে ডবলিউ ফরেল সাহেব (Mr. J. W. Furrell,) ঐ এলাকাখণ্ডের ভার মুরশিদাবাদের মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের সপ্তম পোলীস পল্টনের লেফ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ এডমনস সাহেব (Lieutenant W. W. Edmondes,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ৯ তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

[illegible]রের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মে[illegible] সেলামৎ উল্লা খাঁ অচিহ্নিত কার্য্যকারকেরদের [ছু]টীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৫ ফেব্রুআরি।

[শ্রীযু]ত মেজর সি ডগলস সাহেব (Major C Douglas,) [ভার]তবর্ষের গবর্নমেণ্টের মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে থাকিবেন।

১৮৬০ সাল ১৬ ফেব্রুআরি।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ই সি থর্প সাহেব (Assistant Surgeon E C. Thorp,) ভারতবর্ষের গবর্নমেণ্টের মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে থাকিবেন।

১৮৬০ সাল ২২ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr. W. J. Longmore,) এগামেমননামক জাহাজে বর্ত্তমান মাসের ২০ তারিখে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

রিবর্স তামসন।
বাঙ্গলা দেশের গবর্নমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে আমার স্বনামী কিম্বা আমার ভ্রাতা শ্রীযুত শ্রীনাথ মুখোপাধ্যায় ও আমার পুত্র শ্রীযুত মঙ্গলানাথ মুখোপাধ্যায় নামীয় যে সকল জমীদারি ও পত্তনী তালুকপ্রভৃতি স্থাবর বিষয় আছে তাহা দান বিক্রয় দরপত্তনী ও ইজারাপ্রভৃতি যে কোন বন্দবস্ত যখন করিবার আবশ্যক হইবেক তাহার এক মাস পূর্ব্বে গবর্নমেণ্ট গেজেটে প্রকাশ করিবো এবং [illegible] দলিলে আমাদিগের মোহর ও দস্তখতযুক্তে রেজষ্টরি হই-বেক এই অবধারিত নিয়মের ব্যতিক্রমে [illegible]দিগের লিখিয়া দেওয়া ঐ প্রকার দলীল ও খতপ্রভৃতি হইলে তাহা আমাদিগের কিম্বা আমাদিগের উত্ত[রা]ধিকারিগণের সম্বন্ধে কদাচ মঞ্জুর ও আদালতে গ্রাহ্য হইবেক না।

শ্রী তারকনাথ মুখোপাধ্যায় জেলা হুগলী সন ১২৬৬ তারিখ ১২ ফাল্গুণ।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮[৬০]। ১৮ ফেব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY MARCH 6, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৬ মার্চ।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No 2

To the Judges in the Lower Provinces.

It having been brought to the notice of the Lieutenant Governor of Bengal that some of the Native Judges are in the habit of entertaining a large number of Omlah on their establishments on very inadequate salaries, His Honor has called for a report on the subject.

2 I am therefore directed to request that, with reference to the authorized allowance for establishments, you will state, for the information of the Court, the number of Omlah you consider it absolutely necessary for a Principal Sudder Ameen, a Sudder Ameen and a Moonsiff, to have, and the amount of salary that each man should receive.

(Signed) H. B. LAWFORD,
Offg. Register.

Fort William, the 26th January, 1860

No. 3.

To the Civil Judges in the Lower Provinces, and the Deputy Commissioner of Hazareebagh.

I am directed to inform you, that the Court have this day cancelled so much of their Circular Order No. 24, dated the 2nd July 1827, as directs Zillah Judges to afford the Government Vakeel the occasional assistance of a Mohurrir for copying papers.

(Signed) H. B. LAWFORD,
Offg. Register

Fort William, the 31st January, 1860.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২ নম্বর।

বাঙ্গালাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

এ [illegible]ীয় কোন২ বিচারকর্ত্তা অনেক জন আমলাকে অতি অল্প২ বেতন দিয়া আপনারদের সিরিশ্তায় নিযুক্ত করিয়া থাকেন, এই কথা বাঙ্গালা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবকে জ্ঞাত করা গেল হইতে তিনি সেই কথার রিপোর্ট তলব করিয়াছেন।

২। অতএব আজ্ঞামতে তোমার নিকটে এই আদেশ হইতেছে। আমলারদের নিমিত্তে যত টাকা ধরা আছে তাহা বুঝিয়া প্রধান সদর আমীনের ও সদর আমীনের ও মুনসেফের আদালতে কত জন আমলা নিতান্ত আবশ্যক ও প্রত্যেক জনের কত বেতন পাইতে হয়, এই বিষয়ে তোমার যে বিবেচনা তাহা লিখিয়া সদর আদালতে জানাও।

এচ বি লাফর্ড।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ২৬ জানুআরি।

৩ নম্বর।

বাঙ্গালাপ্রভৃতি [illegible] শ্রীযুত সিবিল জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটি কমিসানর সাহেব বরাবরেষু

আমি আজ্ঞামতে [illegible]কে এই কথা জানাইতেছি। কাগজপত্রের নকল করিবার জন্য গবর্ণমেণ্টের উকীলের সাহায্য করিতে জিলার জজ সাহেবেরা কখন২ মুহুরী দিতে পারিবেন, সদর আদালতের ১৮২৭ সালের ২ জুলাই তারিখের ২৪ নম্বরের সরক্যুলর অর্ডরের এ কথা তাঁহারা অদ্য রদ করিয়াছেন।

এচ বি [illegible]।
এ[illegible] রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ৩১ জানুআরি।

JOHN ROBINSON, Bengalee Translator.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 1st March, 1860.

Baboo Umbica Churn Mitter, Moonsiff of Ajmerigunge, Zillah Sylhet, for three months, in extension, under Medical Certificate.

Baboo Haranand Mojumdar, Moonsiff of Lohagarah, Zillah Jessore, for one month, under Medical Certificate.

H. B. LAWFORD, *Offg. Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

১৩১ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল [illegible]

দ্বিতীয় শ্রেণীস্থ এতদ্দেশীয় চিকিৎসক শ্রীযুত সেখ মহম্মদ আলী ভবানীপুরের দাতব্য ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৬০ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত আর এফ হচিনসন সাহেব (Mr. R. F. Hutchinson,) পাটনাতে দর্শানদস্ত দেওয়ান রেজিষ্টর ও বিবাহ রেজিষ্ট্রার হইবেন।

১৮৬০ সাল ২২ ফেব্রুআরি।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মেকলেওড সাহেব (Mr. J. MacLeod,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা ঐ জিলায় প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ জি এল লেন সাহেব (Mr. W. G. L. Lane,) বীরভূমে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ ফেব্রুআরি।

ভবানীপুরের দাতব্য ঔষধালয়ের কারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্যামাচরণ দত্ত অচিকিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন। এতদ্দেশীয় চিকিৎসক সেখ মহম্মদ আলীর অনুপস্থানপর্য্যন্ত সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু চন্দ্রশেখর হালদার ঐ ঔষধালয়ের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ২১ ফেব্রুআরি।

আক্যাবে আরাকাণ প্রদেশের কমিসানর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান [illegible] সাহেব (Captain R. T. Legh) গত ফেব্রুআরি ৬ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের [illegible]ক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

---

১৩৮ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সালের ১৪ ফেব্রুআরি।

ইহাতে এই [illegible] দেওয়া যাইতেছে অদ্যকার তারিখ অবধি [illegible] সালের ২০ আইনের বিধান বর্দ্ধমান এলাকার বীরভূম জিলার সিউড়ী নগরের নিকট নীচের লিখিত গ্রামে চলিবে আর সেই আইনের বিধানমতের কার্য্য হয় এই নিমিত্তে ঐ সকল গ্রাম ঐ আইনের ৩ ধারামতে ঐ সিউড়ী নগরে সংযুক্ত হইবে [illegible] গ্রামের নাম এই২। ১ নুবাগী। ২ মারদেব। ৩ কালীপুর। ৪ কড়িয়া। ৫ কেন্দুয়া। ৬ সোণাটোর। ৭ মুকেনাবাদ।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে, ঐ খণ্ডের রেবিনিউ সরবেয়র সাহেব ঐ সকল গ্রাম জরিপ করিয়া তাহার যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে ঐ গ্রামের যেপর্য্যন্ত সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। ঐ কাগজ বীরভূমির কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে যাঁহার দেখিবার মানস থাকে তিনি গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ঐ গ্রামে যে টাক্স আদায় করিতে হইবে তাহা যে লোকেরদের টাক্স দিতে হয় তাহারদের গৃহ বুঝিয়া ও তাহারদের সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

১৮৬০ সাল ২১ ফেব্রুআরি।

ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। অদ্যকার তারিখ অবধি ১৮৫৬ সালের ২০ আইনের বিধান জিলা বর্দ্ধমানের কালনা নগরের নিকট নীচের লিখিত গ্রামে চলিবে আর সেই আইনের বিধানমতের কার্য্য হয় এই নিমিত্তে ঐ সকল গ্রাম ঐ আইনের ৩ ধারামতে ঐ কালনা নগরে সংযুক্ত হইবে। গ্রামের নাম এই২। ১ কালনা। অম্বিকা। ২ পুরাতন কালনা। ৩ হাঁসপুকুর। ৪ গ্রাম কালনা, ধাত্রীগ্রাম, ও ভবানীপুর।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। দ্বিতীয় খণ্ডের রেবিনিউ সরবেয়র সাহেব ঐ সকল গ্রাম জরিপ করিয়া তাহার যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে ঐ গ্রামের যেপর্য্যন্ত সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবে। ঐ কাগজ বর্দ্ধমানের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে। যাঁহার দেখিবার মানস থাকে তিনি গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ঐ২ গ্রামে যে টাক্স আদায় করিতে হইবে তাহা যে লোকেরদের টাক্স দিতে হয় তাহারদের গৃহ বুঝিয়া ও তাহারদের সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

---

১৭৬ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২২ ফেব্রুআরি।

শ্রীযুত সি এফ হার্বি সাহেব (Mr. C. F. Harvey) ফরিদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬০ সাল ১ মার্চ।

জিলা শ্রীহট্টের আজমীরিগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ মিত্র চিকিৎসকের সর্টিফিকটক্রমে অধিক তিন মাসের ছুটী পাইয়াছেন।

জিলা যশোহরের লোহাগাড়ার মুনসেফ শ্রীযুত বাবু হারানন্দ মজুমদার চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

রিসিবর আফিস।

মৃত রাজা রাজকৃষ্ণ বাহাদরের ইষ্টেটের জমিদারীদিগর ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ১৯ মার্চ সোমবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত জে যেশ এলচ সাহেব তাঁহার আফিসে উপরোক্ত ইষ্টেটের নীচের লিখিত জমিদারীদিগের ৫ খণ্ড করিয়া ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হবেন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

১ খণ্ড।

জিলা ত্রিপুরা পরগনে গঙ্গামণ্ডল ওগয়রহ।

২ খণ্ড।

জিলা ২৪ পরগনার পরগনে মুড়াগাছা ও পরগনে হাতিয়াগরদিগর মারপাঁচা ও রঘুনাথপুরের লাখরাজ জমী ইত্যাদ বেঙ্গাল সাগাইদ কুলপির রাস্তার দুই ধারের সরকারি জমী মায় জলকর ও মৌজা পানিহাটী আগড়পাড়া ভবানীপুর ও নাটাগড় ও নাটাগড়ের বাগান ও আগড়পাড়ার হাট।

৩ খণ্ড।

আগড়পাড়ার পুষ্করিণী ও জলকর নক্ষ।

৪ খণ্ড।

জিলা ২৪ পরগনার কিসমত বারাকপুরদিগর সামন্তদি মহল ও কিসমত বাজে শ্রীরামপুর ও জিলা হুগলির [illegible] কিসমত বাসাই মূল [illegible] পুর ও কিসমত দেবীপুর

৫ খণ্ড।

শহর কলিকাতার তালুক সুতানুটী ও বাজার সুতানুটী মায় রাইয়তী জমী ও বাঁশতলাঘাটার জমী ও চারদশ [illegible] ও শ্যামবাজারের ও বাগবাজারের জায়গা ও কুলি মহল ও ধর্মতলার ফিতে লওয়ালা জায়গা ও চাঁদনির জায়গা ও জোড়াসাঁকোর জায়গা ও শোভাবাজারের বৈঠকখানা [illegible] লের জমী ও মনোহর মুখোপাধ্যায়ের মহলের [illegible] ও জমী ও সাতাগোস্বামির জমী ও কালীশঙ্কর নেউগীর [illegible] ও রাজাবাজারের জায়গা ও তুলাবাজারের বাজা চালা বাটী ও ঘোড়াবাগানের জমী ও কোগলকুড়িয়ার [illegible] বাগানদিগরের জমী মায় জলকর ও ইটালির ও সিন্দুরিয়াপটীর বাগানদিগর ও জিলা ২৪ পরগনার বরা[illegible]রের ও দক্ষিণেশ্বরের বাগান মায় বাইশতি জমী মৌজা [illegible] ও মৌজা জয়পুর ও সাতগাছির ও দক্ষি[illegible]রের জায়গা ও জিলা কৃষ্ণনগরের কাঁচড়াপাড়ার সন্নিকটস্থ নশিকবাগাননামক জমী।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা। সুপ্রিমকোর্ট হৌস। তারিখ ২৮ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

১ দফা। ইতিপূর্ব্বে সন ১৮৫৯ সালের ২৯ নবেম্বর তারিখের বাঙ্গলা গেজেটে দেওয়ানী গাইডের প্রথম খণ্ড অর্থাৎ ইত্যক সন ১৭৯৩ লাং সন ১৮৫৯ সনের রদবদল বাদে আদালত ও মাল সংক্রান্ত সমুদয় আইন ছাপা হইয়া প্রত্যেক খণ্ডের মূল্য ৬, টাকা ধার্য্য হওয়ার সংবাদ দেওয়া গিয়াছে এক্ষণ উক্ত দেওয়ানী গাইডের ২ দ্বিতীয় খণ্ড অর্থাৎ ইং সন ১৭৯৩ সাল লাং সন ১৮৫৯ সাল রদবদল বাদে যে সকল আইনের অর্থ ও সদর দেওয়ানী আদালতের সাধারণ লিপি ও নিষ্কারণ ইত্যাদি প্রচলিত আছে তাহা এবং সন ১৮৫৯ সালের ৮ আইন সংক্রান্ত সরকুলর অর্ডর এক খণ্ডে মুদ্রিত করত প্রত্যেক খণ্ডের মূল্য ৩, টাকা ধার্য্য করা গেল গ্রাহক মহাশয়েরা ডাক মহ লিপি আমার নিকট প্রেরণ করিলে ঐ পুস্তক পাইতে পারিবেন আর উক্ত দেওয়ানী গাইডের ২ খণ্ড আগামি জানুআরি মাসের ওকালতি ও মুনসেফী পরীক্ষার নিমিত্তে যেপর্য্যন্ত আবশ্যক তাহা পরীক্ষার নূতন আরেন্তে অপ্রকাশ থাকিবেক না।

২ দফা। নিম্নলিখিত বঙ্গভাষায় অনুবাদিত পুস্তকাদি আমার মন্দিরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে সদর দেওয়ানী আদালতের নম্বরী ও সরাসরি নিষ্পত্তি সমূহের খোলাসা ইং সন ১৭৯২ সাল লাং সন ১৮৫৭ সাল মূল্য মায় ডাক মাসুল ১২, টাকা সদর দেওয়ানী আদালতের সরাসরি নিষ্পত্তি উক্তরূপে জেলেদ করা ইং ১৮৩৪ লাং সন ১৮৫২ সাল মূল্য ৩, টাকা।

শ্রীমহম্মদ জমির [illegible] উকীল। সদর দেওয়ানী মোং কলিকাতা।

সদর দেওয়ানী আদা[illegible]রের সরকারী উকীল শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায়ের কৃত ইংরাজী ভাষায় ১৮৫৯ সালের ৮ আইনের সমুল ব্যা[illegible] যে পুস্তক প্রস্তুত হইয়াছে তাহা বঙ্গ ভাষায় অনুবাদিত ও বাপটিষ্ট মিসন প্রেসে ছাপা হইয়া অন্য প্রকা[illegible] হইল অতএব গ্রহণেচ্ছুক মহাশয়েরা সদর দেওয়ানী আদালতের পুস্তকরক্ষক শ্রীযুত হরিশ্চন্দ্র রুদ্রের নিকট [illegible] করিলে পাইবেন। মূল্য ২, টাকা মাত্র বিদেশীয় গ্রাহক মহাশয়েরা মূল্যের সহিত ডাক মাসুল প্রেরণ করিবেন।

[কলিকাতা গেজেট [illegible] ১৮৬০। ৬ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 13, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৩ মার্চ।

DRAFT OF ACT

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 25TH FEBRUARY, 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 25th February 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 29th of May next :—

A Bill to provide for the Registration of Assurances.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the Laws relating to the Registration of Assurances : It is enacted as follows :—

[Laws repealed.]

I. Regulations XXXVI. 1793, XXVIII. 1795, XVII. 1803, Section XVII. Regulation VIII. 1805 so far as it relates to Regulation XVII. 1803, Section XXXII. Regulation XII. 1805, Regulation XX. 1812, and Regulation IV. 1824 of the Bengal Code ; Regulations XVII. 1802 and XI. 1831 of the Madras Code ; and Regulation IX. 1827 of the Bombay Code ; and Acts XXX. of 1838, I. of 1843, XIX. of 1843, IV. of 1845, XVIII of 1847, and XI. of 1851—shall be repealed from and after the day of 1860.

[General Register Office. Rules for guidance of District and Deputy Registrars.]

II. The Board of Revenue at each Presidency and at places where there is no Board of Revenue, such Public Office as the local Government may select, shall be a General Register Office for the Territories depending on such Presidency or place. The General Register Office shall, with the sanction

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৫ ফেব্রুআরি।

এই আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৫ ফেব্রুআরি তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি মে মাসের ২৯ তারিখের পর ঐ মুসাবিদার রিপোর্ট করিবেন।

সম্পত্তির হস্তান্তর করণপত্র রেজিষ্টরকরণের বিধান করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

সম্পত্তির হস্তান্তর করণপত্র রেজিষ্টর করিবার আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত এই কারণে এই২ বিধান হইল।

[যে সকল আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৭৯৩ সালের ৩৬ আইন, ও ১৭৯৫ সালের ২৮ আইন, ও ১৮০৩ সালের ১৭ আইন, ও সেই আইনের সঙ্গে ১৮০৫ সালের ৮ আইনের ১৭ ধারার যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেইপর্য্যন্ত ঐ ধারা, ও ১৮০৫ সালের ১২ আইনের ৩২ ধারা, ও ১৮১২ সালের ২০ আইন, ও ১৮২৪ সালের ৪ আইন, ও মান্দ্রাজ দেশের চলিত ১৮০২ সালের ১৭ আইন, ও ১৮৩১ সালের ১১ আইন, ও বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ৯ আইন, ও ১৮৩৮ সালের ৩০ আইন, ও ১৮৪৩ সালের ১ আইন, ও ১৮৪৩ সালের ১৯ আইন, ও ১৮৪৫ সালের ৪ আইন, ও ১৮৪৭ সালের ১৮ আইন, ও ১৮৫১ সালের ১১ আইন—এই সকল ১৮৬০ সালের অমুক তারিখঅবধি রদ হইবেকইতি।

[সাধারণ রেজিষ্টরী আফিসের কথা ও জিলার রেজিষ্ট্রার ও ডেপুটী রেজিষ্ট্রারদের কর্ম্ম করিবার বিধির কথা।]

২ ধারা। এক২ রাজধানীর বোর্ড রেবিনিউ, ও যে স্থানে বোর্ড রেবিনিউ না থাকে সেই স্থানে সরকারী যে আফিস স্থানিকেবের গবর্ণমেণ্ট মনোনীত করেন সেই আফিস, ঐ রাজধানীর কি স্থানের যোতালক দেশের নিমিত্তে সাধারণ রেজিষ্টরী আফিস হইবে। ঐ সাধারণ রেজিষ্টরী আফিস স্থানিকেবের গবর্ণমেণ্টের সম্মতি-

of the local Government, frame rules for the guidance of District and Deputy Registrars not inconsistent with the terms of this Act.

[Establishment of District and Deputy Register Offices.]

III. The local Government of each Presidency or place shall establish an Office, to be styled the District Register Office, in every District or Zillah, and also such number of Deputy Register Offices, as in the judgment of the local Government may be necessary for the purposes of this Act.

[What Public Officers to be District and Deputy Registrars.]

IV. The Judge of the District or Zillah Court shall be the District Registrar of the District or Zillah over which such Court may have jurisdiction; and the District Moonsiff, and such other Public Officers as the local Government may select, shall be Deputy Registrars of [illegible] District or Zillah

[Appointment of [illegible] not Public Officers to be Deputy Registrars

V. It shall be lawful for the local Government of each Presidency or place, with the sanction of the Governor General of India in Council, to appoint such other persons not being Public Officers, to be Deputy Registrars, and to assign to them such salaries as to such local Government may appear necessary.

[Establishments]

VI. It shall be lawful for the local Government of each Presidency or place, with the [illegible]nction of the Governor General of India in Co[illegible]l, to allow such Establishments to the General [illegible]gister Office and to the District and Deputy Registrars as may be necessary for the purposes of this Act

[Seal of Office]

VII. Each District and Deputy Registrar shall use a seal, to be supplied by the Government of the Presidency or place in which such Offices are respectively situated, and such seal shall bear the inscription "The Seal of the (Deputy) Registrar of ______"

[Registry Books. Fire-proof boxes.]

VIII. The local Government of each Presidency or place shall provide for each District and Deputy Registrar's Office such Books as [illegible] necessary for the purposes of this [illegible] and such Books shall contain printed form[illegible] the entries to be made therein, and the pa[illegible] such Books shall be consecutively numbere[illegible] in print, and the number of pages in each Bo[illegible] shall be certified by the Officer at the Presiden[illegible] by whom such Books may be supplied. The [illegible]l Government shall further supply each District Registrar with a fire-proof box to be used as here[illegible]fter provided.

[[illegible]o transfer [illegible] immoveable property, and of moveable property exceeding fifty Rupees in value, made after the pass[illegible] of this Act, to be valid unless registered. Proviso.]

ক্রমে জিলার রেজিষ্ট্রারের ও ডেপুটী রেজিষ্ট্রারের কার্য্য করিবার বিধি করিবেন, কিন্তু সেই বিধি এই আইনের কথার অসঙ্গত না হয় ইতি।

[জিলার ও ডেপুটী রেজিষ্টরী আফিস করিবার কথা।

৩ ধারা। প্রত্যেক রাজধানীর কি স্থানবিশেষের গবর্ণমেণ্ট এক২ জিলার মধ্যে এক২ আফিস করিবেন, তাহার নাম "অমুক জিলার রেজিষ্টরী আফিস"। ও এই আইনের কার্য্যের নিমিত্তে স্থানবিশেষের গবর্ণমেণ্টের বিবেচনায় ডেপুটী রেজিষ্টরী যত আফিস আবশ্যক হয় তত স্থাপন করিবেন ইতি।

[সরকারী যে কার্য্যকারকেরা জিলার ও ডেপুটী রেজিষ্ট্রার হইবেন তাঁহারদের কথা।]

৪ ধারা। যে জিলার উপর যে আদালতের এলাকা থাকে সেই আদালতের জজ সাহেব ঐ জিলার রেজিষ্ট্রার হইবেন। ও জিলার মুনসেফ, ও সরকারী অন্য যে কার্য্যকারকদিগকে স্থানবিশেষের গবর্ণমেণ্ট পসন্দ করিয়া থাকিবেন তাঁহারা, ঐ জিলার ডেপুটী রেজিষ্ট্রার হইবেন ইতি।

[সরকারী কার্য্যকারক যাঁহারা নহেন তাঁহারদিগকে ডেপুটী রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিবার কথা।]

৫ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অনুমতি দিলে, যাঁহারা সরকারী কার্য্যকারক নহেন তাঁহারদিগকেও রাজধানীর কি স্থানবিশেষের গবর্ণমেণ্ট ডেপুটী রেজিষ্ট্রারের কর্ম্মে নিযুক্ত করিতে পারিবেন, ও সেই স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাঁহারদের যত বেতন আবশ্যক বুঝেন তাহা নিরূপণ করিবেন ইতি।

[সেরেশ্তার কথা।]

৬ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অনুমতি দিলে, এই আইনের কার্য্যের নিমিত্তে যত আমলা আবশ্যক হয়, রাজধানীর ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট তত জন আমলাকে সাধারণ রেজিষ্টরী আফিসে ও জিলার ও ডেপুটী রেজিষ্ট্রারের আফিসে নিযুক্ত করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[আফিসের মোহর।]

৭ ধারা। জিলার ও ডেপুটী রেজিষ্ট্রারের আফিস যে রাজধানীতে কি স্থানে থাকে সেই রাজধানীর কি স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই২ আফিসে এক২ মোহর দিবেন। সেই মোহর ঐ জিলার রেজিষ্ট্রার সাহেব ও ডেপুটী রেজিষ্ট্রার ব্যবহার করিবেন। ও তাহাতে এই কথা খোদা থাকিবে "অমুক স্থানের (ডেপুটী) রেজিষ্ট্রারের মোহর" ইতি।

[রেজিষ্টরী বহীর কথা ও আগুনে যাহা পোড়া যায় না এমত বাক্স দিবার কথা।]

৮ ধারা। এই আইনের কার্য্যের নিমিত্তে যে সকল বহী আবশ্যক হয়, তাহা প্রত্যেক রাজধানীর কি স্থানবিশেষের গবর্ণমেণ্ট জিলার ও ডেপুটী রেজিষ্ট্রারের সকল আফিসে দিবেন। সেই২ বহীতে যে সকল কথা লিখিতে হইবেক তাহা লিখিবার পাঠ এই২ বহীতে ছাপা হইবে. ও সেই২ বহীর ১, ২ প্রভৃতি পেজের অঙ্ক ছাপা হইবে ও রাজধানীর যে কার্য্যকারকের স্থানে ঐ সকল বহী পাওয়া যায় তিনি 'এই বহীতে এত পেজ আছে' এই কথা এক২ বহীতে লিখিবেন। আরো আগুনে যাহা পোড়ান যাইতে পারে না এমত এক২ বাক্স স্থানবিশেষের গবর্ণমেণ্ট প্রত্যেক জিলার রেজিষ্ট্রার সাহেবকে দিবেন। তাহা যে কর্ম্মে লাগিবেক তাহার বিধান পরে করা যাইতেছে ইতি।

[এই আইন জারী হইলে পর স্থাবর সম্পত্তির ও পঞ্চাশ টাকার অধিক মূল্যের অস্থাবর সম্পত্তির হস্তান্তর করণ রেজিষ্টর না হইলে সিদ্ধ না হইবার কথা ও বর্জ্জিত কথা।]

IX. No transfer of immoveable property, and no transfer of moveable property exceeding in value fifty Rupees, any of which instruments may have been executed after the passing of this Act, shall be valid, unless the same be registered within the period of time prescribed by this Act. Provided always that the transfer shall operate from the time of its execution, and not from the time of its registration, and that if such deed be not registered within the time prescribed, it shall be void and of no effect from the time of its execution

[Time for presenting transfers for registration.]

X. No transfer of property, such as is described in Section IX of this Act, which shall have been executed after the passing of this Act, shall be accepted for registration unless presented for the purpose to the proper Officer within thirty days from the date of the execution thereof.

[Registration of transfers of moveable property not exceeding fifty Rupees in value.]

XI. All transfers of moveable property not exceeding fifty Rupees in value may be registered as hereinafter provided, if presented for registry by all the parties to the same, and all the provisions of this Act shall be applicable to such instruments so presented.

[Registration of transfers executed before passing of this Act, &c. Proviso.]

XII. All parties, their heirs, representatives, or assigns, to instruments of the description mentioned in Section IX. of this Act, which shall have been executed before the passing of this Act, or before the expiration of months from the passing of this Act, may have such instruments registered in the manner hereinafter provided, if such instrument shall be presented for registration within months from and after the passing of this Act, and if the conditions to such registry, as hereinafter required, shall have been first complied with; provided always that if one or both the parties to the instrument be dead, the heirs, representatives, or assigns of such party or parties, shall be permitted to testify the execution of such instrument on satisfying the Deputy Registrar of his or their identity, as provided in Section of this Act.

[Registration of wills, &c.]

XIII. Any will, codicil to a will, or authority to adopt a son after the decease of the person giving such authority, may at any time be registered by the person making such will or codicil, or giving such authority, in the manner hereinafter provided.

[Instruments for registration by whom to be presented.]

XIV. Instruments to be registered shall be presented to the Deputy Registrar by all the parties

৯ ধারা। এই আইন জারী হইবার পরে স্থাবর সম্পত্তি হস্তান্তর করিবার ও পঞ্চাশ টাকার অধিক মূল্যের অস্থাবর সম্পত্তি হস্তান্তর করিবার যে পত্র করা যায়, তাহা যদি এই আইনের নিরূপিত কালের মধ্যে রেজিষ্টর না করা যায় তবে সিদ্ধ হইবে না। ঐ হস্তান্তর করণপত্রে যে সময়ে দস্তখৎ হয় সেই সময়াবধি প্রবল হইবেক, রেজিষ্টর করিবার সময়াবধি নয়। কিন্তু যদি সেই পত্র নিরূপিত কালের মধ্যে রেজিষ্টর না করা যায়, তবে দস্তখৎ করিবার কালাবধি অসিদ্ধ ও ব্যর্থ হইবে ইতি।

[হস্তান্তর করণপত্র রেজিষ্টর করিবার নিমিত্তে উপস্থিত করিবার মিয়াদের কথা।]

১০ ধারা। এই আইনের ৯ ধারাতে যে প্রকারের সম্পত্তির কথা লেখা আছে তাহার হস্তান্তর করণপত্র এই আইন জারী হইবার পরে যদি করা যায়, তবে দস্তখৎ হইবার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে তাহা রেজিষ্টর করিবার নিমিত্তে উপযুক্ত কার্য্যকারকের নিকটে উপস্থিত করিতে হইবেক, নতুবা রেজিষ্টর করিবার জন্যে গ্রাহ্য হইবেক না ইতি।

[পঞ্চাশ টাকার অনধিক মূল্যের অস্থাবর সম্পত্তির হস্তান্তর করণপত্র রেজিষ্টর করিবার কথা।]

১১ ধারা। অস্থাবর যে সম্পত্তির মূল্য পঞ্চাশ টাকার অধিক নয়, তাহার হস্তান্তর করণপত্র ঐ পত্রের উভয় পক্ষের সকল লোক রেজিষ্টর করিবার জন্যে উপস্থিত করিলে তাহা ইহার পরের লিখিত বিধানমতে রেজিষ্টর হইতে পারিবেক, ও সেই প্রকারের উপস্থিতকরা সেই সকল দলীলের উপর এই আইনের সকল বিধান খাটিবে ইতি।

[এই আইন জারী হইবার পূর্ব প্রভৃতি সময়ে যে হস্তান্তর করণপত্র হয় তাহা রেজিষ্টর করিবার কথা ও বর্জিত কথা।]

১২ ধারা। এই আইনের ৯ ধারাতে যে প্রকারের দলীলের কথা লেখা আছে, তাহা যদি এই আইন জারী হইবার পূর্বে, কিম্বা এই আইন জারী হইবার কালাবধি এত মাসের মধ্যে দস্তখৎ করা যায়, তবে ঐ দলীলের উভয় পক্ষের সকল লোক কি তাহারদের উত্তরাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি আসামেরা ইহার পরের লিখিত বিধানমতে ঐ দলীল রেজিষ্টর করাইতে পারিবেক। কিন্তু ইহাতে প্রয়োজন যে, এই আইন জারী হইবার কালঅবধি এত মাসের মধ্যে ঐ দলীল রেজিষ্টর করিবার নিমিত্তে উপস্থিত করে ও রেজিষ্টর করিবার যে নিয়ম পরে লেখা যাইতেছে সেই নিয়মমতে প্রথমে কার্য্য করে। পরন্তু যদি ঐ দলীলের এক পক্ষের কি উভয় পক্ষের লোক মরে, তবে ঐ এক কি দুই পক্ষের উত্তরাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি আসামেরা সেই উত্তরাধিকারিপ্রভৃতি বটে এই কথা এই আইনের অমুক ধারামতে ডেপুটী রেজিষ্ট্রারের প্রতীত [illegible] দেখাইতে পারিলে, তাহারা ঐ দলীলে দস্তখতের [illegible] করিতে অনুমতি পাইতে পারিবে ইতি।

[উইলপ্রভৃতি [illegible] ষ্টর করিবার কথা।]

১৩ ধারা। যে কেহ [illegible]ন উইল (অর্থাৎ মরণের পরে সম্পত্তির নিয়মপত্র) [illegible] উইলের ক্রোড়পত্র কিম্বা আপনার মরণের পরে পো[illegible] গ্রহণ করিবার ক্ষমতাপত্র করে, সে পশ্চাৎ লিখি[illegible] বিধানমতে ঐ উইল কি ক্রোড়পত্র কি তদ্রূপ ক্ষমতা[illegible] কোন সময়ে রেজিষ্টর করিতে পারিবে ইতি।

[রেজিষ্টর করিবার নিমিত্তে দ[illegible] যাহার উপস্থিত করিতে হইবেক তাহার কথা।]

১৪ ধারা। যে সকল দলী[illegible] রেজিষ্টর করিতে হইবে তাহা ঐ দলীলের উভয় [illegible]ক্ষের সকল লোক ডেপুটী

thereto, provided that any person presenting such instrument, who may be personally unknown to such Deputy Registrar, be accompanied by some person known to such Deputy Registrar, and in whom he may confide, who shall answer for the identity of such person.

রেজিষ্ট্রারের নিকটে উপস্থিত করিবে। পরন্তু সেই প্রকারের দলীল যে আনে এমত কোন লোক যদি ঐ ডেপুটী রেজিষ্ট্রারের পরিচিত লোক না হয়, তবে ঐ ডেপুটী রেজিষ্ট্রারের পরিচিত যে লোকেতে তাঁহার বিশ্বাস হইতে পারে ও সেই দলীল উপস্থিতকরণিয়া লোককে যে চিনিতে পারে এমত কোন লোককে সঙ্গে করিয়া তাহার যাইতে হইবেক ইতি।

[Registration where to be made.]

XV. All instruments affecting real property shall be registered in the Office of the Deputy Registrar within whose jurisdiction such real property or the chief part thereof may be situate; and all instruments affecting moveable property shall be registered in the Office of the Deputy Registrar within whose jurisdiction the same are made and executed or within whose jurisdiction the purchaser of such moveable property in the case of goods purchased on contract, or the granter of any bond in the case of a bond for money, shall reside; or at any registry Office at which all the parties to any such instrument shall desire the same to be registered, provided always that instruments in the English language shall be registered only in the Office of the District Registrar.

[যে স্থানে যে দলীল রেজিষ্টর করিতে হইবে তাহার কথা।]

১৫ ধারা। স্থাবর সম্পত্তির দলীল হইলে, ঐ স্থাবর সম্পত্তি কি তাহার অধিক অংশ যে ডেপুটী রেজিষ্ট্রারের এলাকার মধ্যে থাকে তাঁহার আফিসে রেজিষ্টর করিতে হইবেক। অস্থাবর সম্পত্তির দলীল হইলে, যাঁহার এলাকার মধ্যে ঐ দলীল করা যায় ও দস্তখৎ হয় সেই ডেপুটী রেজিষ্ট্রারের আফিসে রেজিষ্টর করিতে হইবেক। কিম্বা করারমতে কোন মাল খরীদ হইলে তাহার দলীল ঐ অস্থাবর সম্পত্তির খরীদার যাঁহার এলাকার মধ্যে বাস করে সেই ডেপুটী রেজিষ্ট্রারের আফিসে রেজিষ্টর করিতে হইবেক। কিম্বা টাকার কোন তমঃসুক হইলে ঐ তমঃসুক [illegible] ব্যক্তি করিয়া দেয় সে যে ডেপুটী রেজিষ্ট্রারের এলাকার মধ্যে বাস করে তাঁহার আফিসে রেজিষ্টর করিতে হইবেক। কিম্বা তদ্রূপ কোন দলীলের উভয় পক্ষের সকল লোক যে কোন রেজিষ্টরী আফিসে তাহা রেজিষ্টর করিতে চাহে তাহাতে রেজিষ্টর করা যাইতে পারিবেক। কিন্তু ইঙ্গরেজী ভাষাতে যে সকল দলীল লেখা যায়, তাহা কেবল জিলার রেজিষ্ট্রার সাহেবের আফিসে রেজিষ্টর হইতে পারিবেক ইতি।

[Punishment for fraudulent personation.]

XVI. Any person presenting an instrument for registry to a Deputy Registrar, who may be guilty of personating, with fraudulent intent, a party to such instrument or the heir, representative, or assign of such party, and any person who may aid or abet such fraudulent personation shall, on conviction before the Criminal Court of the Zillah, be sentenced to imprisonment with hard labor for a term not exceeding years.

[কেহ প্রতারণা করিয়া আপনাকে অন্য ব্যক্তি বলিলে তাহার দণ্ডের কথা।]

১৬ ধারা। কোন দলীলের এক পক্ষের লোক না হইয়া কিম্বা তাহার উত্তরাধিকারী কি স্থলাভিষিক্ত ব্যক্তি কি আসৈন না হইয়া যদি কেহ প্রতারণার অভিপ্রায়ে আপনাকে সেই পক্ষ কি সেই উত্তরাধিকারিপ্রভৃতি বলিয়া ঐ দলীল রেজিষ্টর করিবার নিমিত্তে ডেপুটী রেজিষ্ট্রারের নিকটে উপস্থিত করে, তবে সেই লোকের দোষ জিলার ফৌজদারী আদালতের সম্মুখে সাবুদ হইলে তাহার এত বৎসরপর্য্যন্ত কয়েদ হইয়া কঠিন পরিশ্রম করিবার হুকুম হইবেক, ও সেই প্রতারণার কার্য্যেতে যে কেহ তাহার সাহায্য করে তাহার দোষ সেই প্রকারে সাবুদ হইলে তাহারও সেই দণ্ডের হুকুম হইবেক ইতি

[Punishment for Deputy Registrar conniving at fraudulent personation, &c.]

XVII. Any Deputy Registrar by whom an instrument shall have been registered as hereinafter provided, any party to which, or the heir, representative, or assign of such party, shall have been fraudulently personated by another at the presentation of such instrument to such Deputy Registrar shall, upon conviction before the Criminal Court of the Zillah of connivance at such fraudulent personation, be sentenced to imprisonment for any term not exceeding years, with or without hard labor, or to fine not exceeding Rupees, or both, and upon conviction before such Court of culpable neglect by which such fraudulent personation may have been practised, to fine not exceeding Rupees; and, in all cases, fines imposed under this Section may be levied summarily by distraint.

[কেহ প্রতারণা করিয়া আপনাকে অন্য ব্যক্তি বলিলে, যে ডেপুটী রেজিষ্ট্রার তাহা জানিয়া কিছু করেন না তাঁহার দণ্ডের কথা।]

১৭ ধারা। কোন দলীলের এক পক্ষের লোক না হইয়া, কিম্বা তাহার উত্তরাধিকারী কি স্থলাভিষিক্ত ব্যক্তি কি আসৈন না হইয়া, যদি কেহ প্রতারণা করিয়া আপনাকে সেই পক্ষ কি সেই উত্তরাধিকারিপ্রভৃতি বলিয়া ঐ দলীল রেজিষ্টর করিবার নিমিত্তে উপস্থিত করে, তবে যে কোন ডেপুটী রেজিষ্ট্রার পশ্চাৎ লিখিত বিধানমতে সেই দলীল রেজিষ্টর করেন, তিনি ঐ প্রতারণার কার্য্য জানিয়া না জানিবার মত করিলেন এই দোষ যদি জিলার ফৌজদারী আদালতের সম্মুখে সাবুদ হয়, তবে তাঁহার এত বৎসরপর্য্যন্ত কয়েদ হইয়া পরিশ্রম করিবার, কি পরিশ্রম বিনা কয়েদ হইবার হুকুম হইবেক, কিম্বা তাঁহার এত টাকা জরীমানা হইবেক, কিম্বা তাঁহার ঐ দুই দণ্ড হইবেক। ও তাঁহার দোষযুক্ত ত্রুটিহওয়াতে ঐ প্রতারণার কার্য্য হইয়াছে তাঁহার এই দোষ যদি ঐ আদালতের সম্মুখে সাবুদ হয়, তবে তাঁহার এত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক। এই ধারামতে যখন জরীমানার হুকুম হয় তখন ঐ জরীমানার টাকা ক্রোক করিয়া সরাসরীমতে আদায় হইতে পারিবেক ইতি।

[Vakeel may present any instrument for registry. Proviso.]

XVIII. Where it may be inconvenient for any parties to an instrument the registration of which is required, or the heirs, representatives, or assigns of such parties, to appear before a Deputy Registrar personally for presentation of such instrument for registration, such instrument may be presented for registration to the District Registrar by means of one of the Vakeels of the Civil Court duly constituted for such purpose by the said parties, their heirs, representatives, or assigns. But no instrument shall be received by the District Registrar from the parties themselves, their heirs, representatives, or assigns, without the intervention of a Vakeel; and any Vakeel guilty, by connivance or culpable negligence, of presenting for registration any instrument to the execution or registration of which the real parties named therein, or their heirs, representatives, or assigns, may not have assented, shall be liable to be punished as provided in the case of Deputy Registrars so guilty in Section XVII. of this Act. Provided that, in all cases in which any instrument may be registered in the District Register Office by a Vakeel, a transcript of such registry shall be immediately sent by the District Registrar to the Deputy Registrar in whose jurisdiction the registry would otherwise have been made according to Section XV. of this Act.

[রেজিষ্টর করিবার নিমিত্তে উকীলের দ্বারা দলীল উপস্থিত করিবার কথা ও বর্জ্জিত কথা।]

১৮ ধারা। যে দলীল রেজিষ্টর করা প্রয়োজন হয়, এমত দলীলের কোন পক্ষের লোক কিম্বা তাহার উত্তরাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি আসৈনেরা যদি সেই দলীল রেজিষ্টর করিবার জন্যে ডেপুটী রেজিষ্ট্রারের নিকটে আপনারা অক্লেশে লইয়া যাইতে না পারে, তবে সেই পক্ষের লোকেরা কিম্বা তাহারদের উত্তরাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি আসৈনেরা দেওয়ানী আদালতের কোন এক জন উকীলকে ঐ কার্য্য করিবার উপযুক্ত ক্ষমতা দিলে, সেই উকীল ঐ দলীল রেজিষ্টর করিবার নিমিত্তে জিলার রেজিষ্ট্রার সাহেবের নিকটে আনিতে পারিবেন। কিন্তু জিলার রেজিষ্ট্রার সাহেব উকীলের দ্বারা না হইলে উভয় পক্ষের স্থানে কিম্বা তাহারদের উত্তরাধিকারিরদের কি স্থলাভিষিক্ত ব্যক্তিরদের কি আসৈনেরদের স্থানে কোন দলীল গ্রহণ করিবেন না। আর দলীলে যাহারদের নাম লেখা থাকে প্রকৃত সেই ব্যক্তিরা কিম্বা তাহারদের উত্তরাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি আসৈনেরা সেই দলীলে দস্তখৎ করিবার কি তাহা রেজিষ্টর করিবার বিষয়ে সম্মত না হইলে, যদি কোন উকীল তাহা জানিয়া না জানিবার মত করিয়া কিম্বা দোষযুক্ত ত্রুটি করিয়া ঐ দলীল রেজিষ্টর হইবার জন্যে উপস্থিত করেন, তবে এই আইনের ১৭ ধারার বিধানমতে ডেপুটী রেজিষ্ট্রারেরা সেইরূপে দোষী হইলে তাঁহারদের যে দণ্ড হইতে পারে ঐ উকীলেরও সেই দণ্ড হইতে পারিবেক। পরন্তু যখন কোন দলীল উকীলের দ্বারা জিলার রেজিষ্টরী আফিসে রেজিষ্টর করা যায়, তখন এই আইনের ১৫ ধারামতে যে ডেপুটী রেজিষ্ট্রারের এলাকার মধ্যে ঐ দলীলের রেজিষ্টরী হইত তাঁহার নিকটে জিলার রেজিষ্ট্রার সাহেব ঐ রেজিষ্টরীর এক কেতা নকল [illegible] পাঠাইবেন ইতি।

[Fees on registration.]

XIX. No instrument shall be accepted for registration unless at the time of its presentation a fee according to the following scale be deposited.

[রেজিষ্টর কা[illegible] মত রসুম লাগিবে তাহার কথা।]

১৯ ধারা। কোন দলীল রেজিষ্টর হইবার জন্যে আনা গেলে, সেই সময়ে এই হিসাবে রসুম না দিলে তাহা রেজিষ্টর হইবার জন্যে গ্রাহ্য হইবেক না,

				Fee
When the purchase or consideration money shall not exceed			Rs. 100	2 as.
If above	100	Rs. and not above	500	4 ,,
If above	500	Rs. and not above	1,000	8 ,,
If above	1,000	Rs. and not above	2,000	1 re.
If above	2,000	Rs. and not above	5,000	2 ,,
If above	5,000	Rs. and not above	10,000	4 ,,
If above	10,000	Rs. and not above	15 000	8 ,,
If above	15,000	Rs. and not above	20,000	16 ,,
If above	20,000	Rs. and not above	30 000	32 ,,
If above	30,000	Rs. and not above	50,000	50 ,,
If above	50,000	Rs. and not above	1,00,000	100 ,,
If above	1,00,000	Rs		150 ,,

অর্থাৎ, যত টাকা দিয়া সম্পত্তি খরীদ হইল কি ঐ

দলীল পাওয়া গেল তাহা যদি	১০০৲ টাকার অধিক না হয় তবে	৵০
১০০৲ টাকার অধিক হইয়া	৫০০৲ টাকার অধিক নয় তবে	।০
৫০০৲ টাকার অধিক হইয়া	১,০০০৲ টাকার অধিক নয় তবে	॥০
১,০০০৲ টাকার অধিক হইয়া	২,০০০৲ টাকার অধিক নয় তবে	১৲
২,০০০৲ টাকার অধিক হইয়া	৫,০০০৲ টাকার অধিক নয় তবে	২৲
৫,০০০৲ টাকার অধিক হইয়া	১০,০০০৲ টাকার অধিক নয় তবে	৪
১০,০০০৲ টাকার অধিক হইয়া	১৫,০০০৲ টাকার অধিক নয় তবে	৮
১৫,০০০৲ টাকার অধিক হইয়া	২০,০০০৲ টাকার অধিক নয় তবে	১৬৲
২০,০০০৲ টাকার অধিক হইয়া	৩০,০০০৲ টাকার অধিক নয় তবে	৩২৲
৩০,০০০৲ টাকার অধিক হইয়া	৫০,০০০৲ টাকার অধিক নয় তবে	৫০৲
৫০,০০০৲ টাকার অধিক হইয়া	১,০০,০০০৲ টাকার অধিক নয় তবে	১০০৲
১,০০,০০০৲ অধিক হইলে		১৫০৲

[*Government Gazette*, 13th *March*, 1860.]

[Disposal of fees.]

XX. All fees received under the provisions of this Act shall be remitted once in every month to the Collector's Treasury, and be credited to Government.

[Enquiry concerning identity of parties appearing before the Deputy Registrar who are not personally known to him.]

XXI On the parties to any instrument, their heirs, administrators, or assigns, appearing before the Deputy Registrar for the purpose of obtaining the registration of such instrument, if the parties be personally known to the Deputy Registrar he shall at once proceed to register such instrument in the manner hereinafter provided. Whenever the parties to any instrument, their heirs, administrators, or assigns, for the registration of which application may be made, shall not be personally known to the Deputy Registrar, it shall be the duty of such Deputy Registrar to make such enquiry as shall satisfy him of the identity of such parties, and he shall enter in the Register Book the names in full of all the persons whose evidence he may take to prove such identity; and for obtaining the appearance and for the examination of such persons he shall have the same powers as are vested in the Civil Courts for obtaining the appearance of witnesses and for taking evidence by any Law now in force or that may hereafter be enacted.

[Erasures or interlineations.]

XXII. No instrument shall be accepted for registry, if any interlineation, erasure, or alteration shall appear on such instrument, unless the parties appearing to register the same shall attest with their signatures such interlineation, erasure, or alteration, and it shall be the duty of the District or Deputy Registrar at the time of registering such instrument to make a note in the Register of such interlineation, erasure, or alteration.

[Register Books.]

XXIII. In every General Register Office shall be kept, and every District and Deputy Registrar shall keep, three Books, which shall be entitled—

1 —Register of Title Deeds.
2 —Register of Mortgages and Leases.
3 —General Register.

and in the General Register shall be entered all instruments not included under Title Deeds, Mortgages, or Leases, and not required to be entered in such other Registers as are hereinafter provided, and entries made in such Books shall be numbered in a consecutive numerical series, which shall commence and terminate with the year, a fresh series being commenced at the beginning of each year. Whenever any instrument for the registration of which application may be made,

[রসুমের টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

২০ ধারা। এই আইনের বিধানমতে রসুমের যে সকল টাকা পাওয়া যায়, তাহা মাসে২ কালেক্টরী ট্রেজুরীতে পাঠাইতে হইবেক ও তাহা গবর্ণমেণ্টের নামে জমা হইবেক ইতি।

[ডেপুটী রেজিষ্ট্রারের অপরিচিত লোক তাঁহার নিকটে গেলে তাহার অনন্যতার তত্ত্ব লইবার কথা।]

২১ ধারা। কোন দলীলের উভয় পক্ষের লোকেরা কিম্বা তাহারদের উত্তরাধিকারিরা কি আড্‌মিনিষ্ট্রেটরেরা কি আসৈনেরা ঐ দলীল রেজিষ্টর করাইবার জন্যে ডেপুটী রেজিষ্ট্রারের নিকটে আইলে, যদি ঐ পক্ষের লোকেরা তাঁহার পরিচিত লোক হয় তবে তিনি একেবারে পশ্চাৎ লিখিতমতে সেই দলীল রেজিষ্টর করিবেন। যে দলীল রেজিষ্টর করিবার দরখাস্ত হয় সেই দলীলের উভয় পক্ষের লোকেরা কিম্বা তাহারদের উত্তরাধিকারিরা কি আড্‌মিনিষ্ট্রেটরেরা কি আসৈনেরা যদি ডেপুটী রেজিষ্ট্রারের পরিচিত লোক না হয়, তবে সেই লোকেরা প্রকৃত সেই লোক বটে ইহা হৃদ্বোধমতে জানিবার নিমিত্তে তাঁহার উপযুক্ত সন্ধান লইতে হইবেক ও তাহারা সেই লোক বটে ইহার প্রমাণ করিবার জন্যে তিনি যে সকল লোকের জোবানবন্দী লন তাহারদের পূরা নাম তিনি রেজিষ্টরী বহীতে লিখিবেন। ও সেই লোকদিগকে হাজির করাইবার ও তাহারদের জোবানবন্দী লইবার নিমিত্তে, এইক্ষণকার চলিত কোন আইনমতে কিম্বা পরে যাহা জারী হইবে এমত কোন আইনমতে সাক্ষিরদিগকে হাজির করাইবার ও তাহারদের জোবানবন্দী লইবার যে ক্ষমতা দেওয়ানী আদালতে অর্পণ হয়, ঐ ডেপুটী রেজিষ্ট্রারের সেই ক্ষমতা থাকিবেক ইতি।

[কোন কথা উঠাইয়া ফেলা গেলে কি নূতন দেওয়া গেলে তাহার কথা।]

২২ ধারা। কোন দলীলের কোন কথা নূতন দেওয়া গেলে কি উঠাইয়া ফেলা গেলে কি বদলান গেলে তাহা রেজিষ্টর হইবার জন্যে গ্রাহ্য হইবেক না, কিন্তু উভয় পক্ষের যে লোকেরা ঐ দলীল রেজিষ্টর করিবার জন্যে উপস্থিত করে তাহারা যদি ঐ নূতন দেওয়া কি উঠাইয়া ফেলা কি বদলান কথাতে আপনারদের দস্তখতে তসদিক করিয়া থাকে, তবে গ্রাহ্য হইতে পারিবেক। ও জিলার রেজিষ্ট্রার সাহেব কিম্বা ডেপুটী রেজিষ্ট্রার যে সময়ে ঐ দলীল রেজিষ্টর করেন, সেই সময়ে ঐ নূতন দেওয়া কি উঠাইয়া ফেলা কি বদলান কথার এক নোট তাঁহার ঐ রেজিষ্টরী বহীতে লিখিতে হইবেক ইতি।

[রেজিষ্টরী বহীর কথা।]

২৩ ধারা। সাধারণ রেজিষ্টরী আফিসে তিনটা বহী রাখিতে হইবেক, ও জিলার রেজিষ্ট্রার প্রত্যেক সাহেব ও প্রত্যেক জন ডেপুটী রেজিষ্ট্রার সেই প্রকারের তিনটা বহী রাখিবেন। তাহার নাম এই২।

১। অধিকারিত্ব পত্রের রেজিষ্টরী বহী।
২। বন্ধকী পত্রের ও পাট্টার রেজিষ্টরী বহী।
৩। সাধারণ রেজিষ্টরী বহী।

অধিকারিত্ব পত্রের কি বন্ধকী পত্রের কি পাট্টার মধ্যে যে সকল দলীল ধরা যায় না তাহা, ও ইহার পরের বিধানমতের অন্য রেজিষ্টরী বহীতে যে সকল দলীল লিখিতে হইবেক না তাহা, ঐ সাধারণ রেজিষ্টরী বহীতে লিখিতে হইবেক। ঐ২ বহীতে যে সকল দলীল লেখা যায় তাহার ১, ২ প্রভৃতি নম্বর দেওয়া যাইবে। অর্থাৎ প্রতি বৎসরের আরম্ভঅবধি শেষপর্য্যন্ত ক্রমশঃ নম্বর চলিবেক, আবার নূতন বৎসর হইলে ১ নম্বরঅবধি আরম্ভ হইবে। যে দলীল রেজিষ্টর করিবার দরখাস্ত হয় তাহাতে যদি স্থাবর ও অস্থাবর উভয় প্রকারের

refers to real and personal property, it shall be entered in Book No. 3 and also in Book No. 1 or 2 as the case may be.

[Indices.]

XXIV. At the close of each year, two indices shall be prepared for each Register, one containing the names of all persons mentioned in the instrument registered, as parties thereto, and the other the names of all places so mentioned. These names shall be entered in alphabatical order, and shall show the page in the Register on which the names entered in the indices appear.

[Entry in Register Book.]

XXV. Every instrument presented for registration shall be entered in its appropriate Book according to the order of its presentation, and shall be numbered accordingly. The entry made in the Register shall show the year, month, day and hour of presentment, the species of instrument presented for registration, the names of the parties to the instrument in full, and the names in full of any persons who may have testified to the identity of the parties to the instrument, after which the instrument shall be transcribed in full. To every entry made as is above prescribed the signatures of the parties to the instrument shall be taken, as well as the signatures of any person who may have testified to the identity of such parties, and the Deputy Registrar shall affix his own signature to the entry, and such signature shall be evidence that the parties to the instrument, and the persons who testified to the identity of such parties, actually appeared before such Deputy Registrar and registered such instrument or testified to such identity.

[Endorsement on instrument presented for registration.]

XXVI. The instrument shall then be returned to the party who may have presented the same for registration, with an endorsement inscribed thereon showing the date of registration, the number of the Book in which such registry shall have been made, and the page of the Book on which such entry shall appear, which endorsement shall be certified by the seal and signature of the Deputy Registrar, and the instrument thus endorsed shall be sufficient proof, on the production thereof in any Court of Justice, that such instrument has been duly registered.

[Duplicates where instrument affects real property.]

XXVII. Every instrument affecting real property presented for registration shall be presented in duplicate, and the Deputy Registrar, after satisfying himself by careful examination that both copies are in every respect and particular alike, shall, within twenty-four hours after receiving such instrument and returning one copy thereof endorsed as provided in Section XXVI. of this Act to the party

সম্পত্তির কথা লেখা থাকে, তবে তাহা ৩ নম্বরের বহীতে এবং বিষয়বিশেষে ১ কি ২ নম্বরের বহীতেও লিখিতে হইবেক।

[নির্ঘণ্টের কথা।]

২৪ ধারা। প্রতিবৎসরের শেষে এক২ রেজিষ্টরী বহীর দুই২ নির্ঘণ্ট প্রস্তুত করিতে হইবেক। অর্থাৎ যে২ দলীল রেজিষ্টর হইয়াছে তাহাতে উভয় পক্ষ বলিয়া যে সকল লোকের নাম দেওয়া গেল তাহারদের ঐ২ নামের এক নির্ঘণ্ট, ও যে সকল স্থান ঐ দলীলে লেখা থাকে ঐ সকল স্থানের নামের এক নির্ঘণ্ট। ঐ সকল নামের আদি অক্ষরক্রমে ঐ নির্ঘণ্টে নাম লেখা যাইবেক ও তাহার পার্শ্বে রেজিষ্টরী বহীর যে পেজে ঐ নাম লেখা থাকে তাহাও লিখিতে হইবেক ইতি।

[রেজিষ্টরী বহীতে লিখিবার কথা।]

২৫ ধারা। রেজিষ্টর হইবার জন্যে যে সকল দলীল উপস্থিত করা যায় তাহা যে ক্রমেতে উপস্থিত হয় সেই ক্রমে উপযুক্ত বহীতে লিখিতে হইবেক, ও তদনুসারে তাহার নম্বর দেওয়া যাইবে। রেজিষ্টর হইবার জন্যে কোন দলীল উপস্থিত করা গেলে, তাহা যে সালের যে মাসের যে তারিখের যে ঘণ্টায় উপস্থিত করা যায়, ও দলীল যে প্রকারের হয়, ও সেই দলীলের উভয় পক্ষের পুরা নাম, ও সেই দলীলের উভয় পক্ষের ব্যক্তিরা প্রকৃত সেই ব্যক্তিরা বটে এই কথার প্রমাণ যাহারা দিয়া থাকে তাহারদেরও পুরা নাম, ঐ রেজিষ্টরী বহীতে লিখিলে পর তাহার নীচে ঐ দলীলের সকল কথা নকল করিতে হইবেক। উক্ত প্রকারে নকল হইলে পর, ঐ দলীলের উভয় পক্ষের তাহাতে দস্তখৎ করিতে হইবেক, ও সেই উভয় পক্ষের ব্যক্তিরা প্রকৃত সেই ব্যক্তিরা বটে এই কথার প্রমাণ যাহারা দিয়া থাকে তাহারদেরও দস্তখৎ করিতে হইবে, ও ডেপুটী রেজিষ্ট্রারও সেই নকলে দস্তখৎ করিবেন, সেই দলীলের উভয় পক্ষের ব্যক্তিরা ও তাহারা প্রকৃত সেই ব্যক্তিরা বটে এই কথার প্রমাণ যাহারা করিয়াছিল তাহারা, নিতান্ত সেই ডেপুটী রেজিষ্ট্রারের সম্মুখে গিয়া ঐ দলীল রেজিষ্টর করিয়াছিল কিম্বা ঐ ব্যক্তিরদের অনন্যতার প্রমাণ করিয়াছিল ইহার প্রমাণ এরূপ দস্তখৎ হইবেক ইতি।

[রেজিষ্টর হইবার নিমিত্তে যে দলীল উপস্থিত করা যায় তাহার পৃষ্ঠে যে কথা লিখিতে হইবেক তাহার কথা।]

২৬ ধারা। পরে সেই দলীল যে তারিখে রেজিষ্টর করা যায় তাহা, ও যে বহীতে রেজিষ্টর করা যায় তাহার নম্বর, ও সেই বহীর যে পেজে ঐ দলীল নকল করা যায় তাহা ঐ দলীলের পৃষ্ঠে লিখিয়া দেওয়া যাইবেক ও সেই কথার প্রমাণে ডেপুটী রেজিষ্ট্রারের মোহর ও দস্তখৎ দেওয়া যাইবে, ও সেই দলীল রেজিষ্টর করিবার জন্যে যে ব্যক্তি আনিয়াছিল তাহাকে ফিরিয়া দেওয়া যাইবে। পরে সেই দলীল কোন বিচার আদালতে উপস্থিত [illegible] গেলে, পৃষ্ঠের লিখিত ঐ কথাই ঐ দলীলের উপযুক্তমতে [illegible] রেজিষ্টর হইবার উপযুক্ত প্রমাণ হইবেক ইতি।

[স্থাবর সম্পত্তির দলীল হইলে তাহার দোসর নকল দিবার কথা।]

২৭ ধারা। স্থাবর সম্পত্তির দলীল রেজিষ্টর হইবার জন্যে উপস্থিত করিলে তাহার [illegible] দোসর নকল দাখিল করিতে হইবেক। ও [illegible] [illegible] দিলে ও কথা [illegible] [illegible] রেজিষ্টার [illegible] মনোযোগপূর্ব্বক তদারক করিয়া [illegible] [illegible] তিনি ঐ দলীল [illegible] [illegible] ও [illegible] এই আইনের ২৬ ধারার [illegible] কথা লেখাইয়া [illegible] যে জন তাহা [illegible] [illegible] ফিরিয়া দিবার পর

who presented the same, transmit the other copy to the District Registrar, with a transcript of the entry made in the Register as hereinbefore provided, such copy and such transcript being attested by the official seal and signature of such Deputy Registrar; provided that it shall not be necessary to transmit a copy of the transcript of the instrument entered in the Register. On the receipt of such copy and transcript, the District Registrar shall enter the same in the District Register and indices, in the manner hereinbefore provided for Deputy Registrars, and shall within twenty-four hours after making such entry transmit an exact copy thereof to the General Register Office.

[Wills, &c.]

XXVIII. Any person wishing to register a will, a codicil to a will, or any instrument giving authority to his widow to adopt a son after his decease, shall deliver such will or codicil or such instrument in a sealed cover superscribed with the name of the depositor and the nature of the instrument to the District Registrar within whose jurisdiction such person may reside, and the identity of such person shall, if necessary, be proved as provided in Section XIV. of this Act.

[Register of wills.]

XXIX. Every District Registrar shall [illegible]ddition to the Books prescribed in Section [illegible]XIII. of this Act, keep two Books, to be entit[illegible] —

Register of deposits of wills, [illegible] codicils to wills, and instruments giving auth[illegible]y to adopt.

Register of wills, codicils, and in[illegible]ruments giving authority to adopt.

[Entry in Register of wills.]

XXX On receipt of such sealed cover superscribed as is above provided, the District Registrar shall enter the same in the Register of deposits of wills and instruments giving authority to adopt, transcribing therein the superscription on such sealed cover and noting in the Register and on the cover the year, month, day, and hour of such receipt, together with the name of the depositor and the names of the persons testifying to the identity of such depositor, and shall then place such sealed cover in a strong fire-proof box, to be supplied by Government for that purpose.

[On death of depo[illegible] sealed packet to be delivered up.]

XXXI. Whene[illegible]er on the death of any depositor of any sealed p[illegible]et, application may be made to any District R[illegible]gistrar to deliver up such packet, such District Registrar, after satisfying himself that such de[illegible]itor is dead, shall in the presence of the person [illegible]ersons making such application, open such [illegible] ket and shall enter an exact copy [illegible] the R[illegible]gister of wills, codicils, and instruments giving auth[illegible]rity to adopt, and such copy so made shall be received in any Cour[illegible] f Justice as

চব্বিশ ঘণ্টার মধ্যে, অন্য কেতা ও তাহার যে নকল ইহার পূর্ব্বের বিধানমতে রেজিষ্টরী বহীতে করা গেল তাহার আলাহিদা নকল করাইয়া তাহা জিলার রেজিষ্ট্রার সাহেবের নিকটে পাঠাইবেন। কিন্তু প্রথমে সেই অন্য কেতাতে ও ঐ দ্বিতীয় নকলে ঐ ডেপুটী রেজিষ্ট্রারের আফিসের মোহর দিয়া দস্তখৎ করিতে হইবেক। পরন্তু রেজিষ্টরী বহীতে যে দলীল নকল করা গিয়াছে তাহার আলাহিদা নকল পাঠান আবশ্যক হইবেক না। সেই অন্য কেতা ও সেই আলাহিদা নকল পাইলে, জিলার রেজিষ্ট্রার সাহেব, ডেপুটী রেজিষ্ট্রারের জন্যে পূর্ব্বে যে বিধি করা গিয়াছে সেই বিধিমতে, তাহা জিলার রেজিষ্টরী বহীতে ও নির্ঘণ্টেতে লেখাইবেন। ও তাহা লেখাইলে পর চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ লিখিত কথার প্রকৃত এক নকল সাধারণ রেজিষ্টরী আফিসে পাঠাইবেন ইতি।

[উইলপ্রভৃতির কথা।]

২৮ ধারা। যদি কোন ব্যক্তি কোন উইল, কি উইলের ক্রোড়পত্র, কিম্বা আপনার মরণের পরে স্ত্রীকে পোষ্য পুত্র করিবার ক্ষমতাপত্র রেজিষ্টর করিতে চাহে, তবে সে ঐ উইল কি ক্রোড়পত্র কি ক্ষমতাপত্র খামে দিয়া তাহাতে বন্ধ করিয়া, ঐ উইলপ্রভৃতি যে জন দাখিল করে তাহার নাম ও সেই দলীল যে প্রকারের হয় তাহা খামের উপর লিখিয়া, যে জিলার রেজিষ্ট্রার সাহেবের এলাকার মধ্যে বাস করে তাঁহাকে দিবেক। ও যদি আবশ্যক হয় তবে সেই জন প্রকৃত সেই বটে ইহার প্রমাণ এই আইনের ১৪ ধারার বিধানমতে করা যাইবেক ইতি।

[উইলের রেজিষ্টরের কথা।]

২৯ ধারা। এই আইনের ২৩ ধারাতে যেই বহী নির্দ্দিষ্ট হইয়াছে তদ্ভিন্ন জিলার প্রত্যেক রেজিষ্ট্রার সাহেব অন্য দুই বহী রাখিবেন। তাহার নাম এই।

গচ্ছিতকরা উইল ও উইলের ক্রোড়পত্র ও পোষ্যপুত্র করিবার ক্ষমতাপত্রের এক রেজিষ্টর।

উইলের ও ক্রোড়পত্রের ও পোষ্যপুত্র করিবার ক্ষমতাপত্রের এক রেজিষ্টর ইতি।

[উইলের রেজিষ্টরী বহীতে যাহা লিখিতে হইবে তাহার কথা।]

৩০ ধারা। মোহরকরা যে খামের উপর পূর্ব্বের বিধানমতের কথা লেখা থাকে, এমত খাম জিলার রেজিষ্ট্রার সাহেবকে দেওয়া গেলে তিনি তাহা পাইবার কথা "গচ্ছিত উইলের ও পোষ্যপুত্র করিবার ক্ষমতাপত্রের রেজিষ্টরী বহীতে" লিখিবেন, ও সেই মোহরকরা খামের উপর যে কথা লেখা থাকে তাহা ঐ বহীতে নকল করাইবেন, ও যে সালের যে মাসের যে তারিখের যে ঘণ্টায় তাহা পান তাহা, ও যে জন তাহা গচ্ছিত করে তাহার নাম, ও সেই জন প্রকৃত সেই বটে এই কথার প্রমাণ যে ব্যক্তিরা করে তাহারদের নাম ঐ রেজিষ্টরী বহীতে ও ঐ খামের উপর লিখিয়া, সেই মোহরকরা খাম যে বাক্স আগুনে পোড়িয়া যাইতে পারে না এমত মজবুত এক বাক্সে রাখিবেন। ঐ কর্ম্মের নিমিত্তে গবর্ণমেণ্ট সেই প্রকারের বাক্স দিবেন ইতি।

[গচ্ছিতকারির মরণ হইলে ঐ মোহরকরা পুলিন্দা ফিরিয়া দিবার কথা।]

৩১ ধারা। মোহরকরা খামে বন্ধ কোন পত্রাদি যে জন গচ্ছিত করে তাহার মরণ হইলে, যদি ঐ খামপ্রভৃতি ফিরিয়া দিবার দরখাস্ত জিলার কোন রেজিষ্ট্রার সাহেবের নিকটে হয়, তবে সেই গচ্ছিতকারী মিতাল হইয়াছে এই কথা জিলার রেজিষ্ট্রার সাহেব স্ববোধমতে জানিলে, তিনি ঐ দরখাস্তকারি ব্যক্তির কি ব্যক্তিরদের সাক্ষাতে ঐ মোহরকরা খাম খুলিয়া, তাহার প্রকৃত নকল "উইলের ও ক্রোড়পত্রের ও পোষ্যপত্র করিবার ক্ষমতাপত্রের রেজিষ্টরী বহীতে" করাইবেন। ও তদ্রূপে করা সেই নকল কোন বিচারআদালতে ঐ মৃত গচ্ছিত-

the will, codicil, or instrument of the depositor deceased. After a copy of such will, codicil, or instrument shall have been entered in the Register, the original shall be delivered to any person or persons applying for the same, his or their receipt being taken for the same.

[Entry in General Register Office of transcripts of entry made by District Registrar.]

XXXII. On the receipt in the General Register Office of any transcript of any entry made in any Register by any District Registrar, the same shall be entered in the Book No. 1, 2, or 3 as the case may be.

[Appeals.]

XXXIII. An appeal shall lie from any proceeding of any Deputy Registrar under this Act if presented to the District Registrar within thirty days after the performance of the act appealed against, and the District Registrar shall have authority to call before him the parties to the instrument in connection with the registration of which such appeal has been made, the persons who testified to the identity of such parties, and any other person whose evidence in the opinion of such District Registrar may be necessary to a right understanding of the matter in appeal, and the decision of such District Registrar on such appeal shall be final. For procuring the attendance of parties and witnesses, the District Registrar may exercise any or all the powers given to any Judge for procuring the attendance of witnesses by any law now in force or that may hereafter be enacted

[Inspection of Register.]

XXXIV. The Registers in the General Register Offices and in the Offices of the District and Deputy Registrars, shall be at all times open to inspection by any person applying to inspect the same, and certified copies of any entry in such Registers shall be given to all persons applying for such copies. A fee of eight annas shall be paid by any person applying to inspect any Register before such Register is opened to his inspection, and a fee of one Rupee over and above the charge of making the transcript shall be paid by every person requiring a copy of any entry in any such Register. The charge to be made for making copies of entries in the Registry shall be regulated from time to time by the General Register Office.

[Priority of title.]

XXXV. Priority of title shall be given to instruments affecting immoveable property in the date of their registration, and when two or more instruments are presented for registration at the same time, they shall take precedence according to the date of their execution. But as delay may occur in the negotiation of a sale or other contract, and by

কারির উইল কি ক্রোড়পত্র কি ক্ষমতাপত্রস্বরূপে গ্রাহ্য হইবেক। সেই উইল কি ক্রোড়পত্র কি ক্ষমতাপত্র রেজিষ্টরী বহীতে নকল করা গেলে পর, আসল পত্র ও দরখাস্তকারি ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে দেওয়া যাইবেক, ও তাহার রসীদ তাহার কি তাহারদের স্থানে লওয়া যাইবেক ইতি।

[জিলার রেজিষ্ট্রার সাহেবের রেজিষ্টরী বহীতে যে কথা লেখা যায় তাহার নকল সাধারণ রেজিষ্টরী আফিসে করিবার কথা।]

৩২ ধারা। কোন জিলার রেজিষ্ট্রার সাহেব কোন রেজিষ্টরী বহীতে যে কথা লেখান, তাহার কোন নকল যখন সাধারণ রেজিষ্টরী আফিসে পঁহুছে, তখন সেই নকলকরা কথা বিষয়বিশেষে ১ কি ২ কি ৩ নম্বরের বহীতে নকল করিয়া লিখিতে হইবেক ইতি।

[আপীলের কথা।]

৩৩ ধারা। এই আইনমতে কোন ডেপুটী রেজিষ্ট্রার যে কোন কার্য্য করেন তাহার উপর আপীল হইতে পারিবেক। কিন্তু যে কার্য্যের উপর আপীল হয় তাহা যে তারিখে করা গিয়াছিল সেই তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে জিলার রেজিষ্ট্রার সাহেবের নিকটে আপীল দাখিল করিতে হইবেক। ও যে দলীল রেজিষ্টর করণের সম্পর্কে ঐ আপীল করা যায় সেই দলীলের উভয় পক্ষকে, ও সেই উভয় পক্ষের ব্যক্তিরা প্রকৃত সেই ব্যক্তিরা বটে এই কথার প্রমাণ যাহারা করিয়াছিল তাহারদিগকে, ও আপীলের কথা যথার্থমতে বুঝিবার নিমিত্তে অন্য যে লোকেরদের প্রমাণ জিলার ঐ রেজিষ্ট্রার সাহেবের বিবেচনাতে আবশ্যক হয় তাহারদিগকে তলব করিতে ঐ সাহেবের ক্ষমতা থাকিবেক। ও সেই আপীলমতে ঐ জিলার রেজিষ্ট্রার সাহেবের যে নিষ্পত্তি হয় তাহা চূড়ান্ত হইবেক। এইক্ষণকার চলিত কোন আইনমতে কিম্বা ইহার পরে যাহা জারী হইবে এমত কোন আইনমতে [illegible] ব্যক্তিরদিগকে হাজির করাইবার যে ক্ষমতা কোন জজ [illegible] কে দেওয়া যায়, ঐ দলীলের উভয় পক্ষকে ও সাক্ষিরদিগকে হাজির করাইবার জন্যে ঐ জিলার রেজিষ্ট্রার সাহেব সেই সকল ক্ষমতামতে কিম্বা তাহার মধ্যে কোন২ ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

[রেজিষ্টর দেখিবার কথা।]

৩৪ ধারা। সাধারণ রেজিষ্টরী আফিসে ও জিলার রেজিষ্ট্রার সাহেবের ও ডেপুটী রেজিষ্ট্রারের আফিসে যে সকল রেজিষ্টরী বহী থাকে, তাহা যে কোন লোক দেখিতে প্রার্থনা করে সে সর্ব্বদা অবাধিতরূপে দেখিতে পাইবে, ও সেই২ বহীতে যে কথা লেখা হইয়াছে তাহার দস্তখৎকরা নকল যে কেহ পাইবার প্রার্থনা করে তাহাকে দেওয়া যাইবেক। যে কেহ কোন রেজিষ্টরী বহী দেখিতে প্রার্থনা করে তাহার দেখিবার জন্যে ঐ বহী খোলা যাইবার আগে তাহার আট আনা রসুম দিতে হইবেক। ও যে [illegible] রূপ কোন রেজিষ্টরের লিখিত কোন কথার নকল চাহে, [illegible] সেই নকল করিবার খরচ দিতে হইবেক তদিয় [illegible] এক টাকা রসুম দিতে হইবেক। রেজিষ্টরী বহীর লি[illegible] কথা নকল করিবার যত খরচ লাগিবে তাহা সাধারণ রেজিষ্টরী আফিসহইতে সময়ে২ নির্দ্ধার্য্য হইবেক ইতি।

[অধিকারের অগ্র[illegible]তার কথা।]

VIII. All such actions, suits, and other legal proceedings as may at the time of the Registration under this Act of any Company hereby authorized to be registered have been commenced by or against such Company or the Public Officer thereof, may be continued in the same manner as if such Registration had not taken place; nevertheless execution shall not issue against the effects of any individual Shareholder in, or member of, such Company upon any judgment, decree or order obtained against such Company in any action, suit, or proceeding so commenced as aforesaid; but in the event of the property and effects of the Company being insufficient to satisfy such judgment, decree, or order, an order may be obtained for winding up the Company in manner directed by the said Act XIX of 1857.

৮ ধারা। এই আইনমতে যে কোন কোম্পানির রেজিষ্টরী হইবার অনুমতি হয়, তাহা এই আইনমতে রেজিষ্টর করিবার সময়ে, তাহার নামে কি দ্বারা কিম্বা তাহার প্রধান কার্য্যকারকের নামে কি তাঁহার দ্বারা যে সকল নালিশ ও মোকদ্দমা ও আদালতের অন্য কার্য্য উপস্থিত হইয়া থাকে, তাহা সেই রেজিষ্টরী না হইবার মতে চলিতে থাকিবেক। কিন্তু উক্ত প্রকারে যে কোন নালিশ কি মোকদ্দমা কি আদালতের কার্য্য আরম্ভ হইয়া থাকে, তাহাতে ঐ কোম্পানির বিপক্ষে যে কোন নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম হয়, ঐ কোম্পানির কোন এক জন অংশির কি কোন মেম্বরের সম্পত্তির উপর ঐ নিষ্পত্তিপ্রভৃতি জারী হইবার পরওয়ানা বাহির হইবেক না। যদি সেই নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুমের টাকা শোধ করিবার জন্যে ঐ কোম্পানির সম্পত্তি ও জায়দাদ না কুলায়, তবে ১৮৫৭ সালের উক্ত ১৯ আইনেতে যেমন হুকুম হইয়াছে তেমনি ঐ কোম্পানির কর্ম্ম বন্ধ করিবার হুকুম পাওয়া যাইতে পারিবেক ইতি।

[Winding up.]

[বন্ধ করিবার কথা।]

IX. All Companies registered under this Act shall be wound-up in the manner directed by the said Act XIX. of 1857.

৯ ধারা। এই আইনমতে যে সকল কোম্পানি রেজিষ্টর করা যায় তাহার কার্য্য ১৮৫৭ সালের উক্ত ১৯ আইনমতে বন্ধ করা যাইতে পারিবেক ইতি।

[Act not to apply to Banks of Bengal, Madras, or Bombay.]

[বাঙ্গাল ব্যাঙ্কের কি মান্দ্রাজ কি বোম্বাই ব্যাঙ্কের উপর এই আইন না খাটিবার কথা।]

X. Nothing in this Act shall affect Act VI. of 1839 (*relating to the Bank of Bengal,*) Act III. of 1840 (*for the incorporation of a Bank at Bombay*), or Act IX. of 1843 (*for the incorporation of a Bank at Madras*), or shall be deemed to apply to the several Banks of Bengal, Madras, and Bombay incorporated by the said Acts respectively.

১০ ধারা। ১৮৩৯ সালের ৬ আইনের অর্থাৎ বাঙ্গাল ব্যাঙ্কের আইনের ও ১৮৪০ সালের ৩ আইনের অর্থাৎ বোম্বাইয়ের ব্যাঙ্কের চার্টর দিবার আইনের ও ১৮৪৩ সালের ৯ আইনের অর্থাৎ মান্দ্রাজের ব্যাঙ্কের চার্টর দিবার আইনের ক্ষতিবৃদ্ধি এই আইনের কোন কথাতে হইবেক না। ও সেই২ আইনমতে বাঙ্গাল ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের যে সকল ব্যাঙ্ক চার্টরপ্রাপ্ত হইয়াছে তাহার উপর এই আইনের কোন কথা খাটে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[Construction of Act.]

[আইনের অর্থ করিবার ধারা।]

XI. This Act shall be deemed to be incorporated with and to form part of the said Act XIX. of 1857.

১১ ধারা। এই আইন ১৮৫৭ সালের উক্ত ১৯ আইনেতে ভুক্ত হইয়া তাহার একাংশ বলিয়া জ্ঞান হইবেক ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬০। ২৭ মার্চ।]

SCHEDULE

Form of Statement to be published by a Limited Joint Stock Banking Company.

The Liability of the Shareholders is limited.

The Capital of the Company is divided into Shares of Rupees each.

The number of Shares issued is

Calls to the amount of per Share have been made, under which the sum of Rupees has been received.

The liabilities of the Company on the first day of January (or July) were—

	Rs. As. P.
Notes issued, ...	
Deposits not bearing Interest, .	
Deposits bearing Interest,	
Seven Day and other Bills, ...	
Total,	

The Assets of the Company on that day were—

	Rs. A. P.
Government Securities, .	
Bills of Exchange, .	
Loans on Mortgage, ..	
Other Loans, .	
Bank Premises,	
Other Securities, exclusive of unpaid Calls on Shares,	
Total,	

Dated the first day of one thousand eight hundred and

M. WYLIE,
Clerk of the Council.

HOME DEPARTMENT.

No. 592

Post Office Notification.

Fort William, the 16th March 1860.

In modification of the Notification from this Department, dated the 25th May, 1855, published in the *Calcutta Gazette* of the 2nd June 1855, and in further modification of Section VII of Act XVII of 1854, the Hon'ble the President in Council is pleased, under the authority vested in him by Section XXV. of the said Act, to direct that, on and after the 1st of May 1860, the postage on every News paper, Pamphlet or other printed or engraved paper, whether the same be imported or not imported, shall be one anna if not exceeding six tolahs in weight, and that one additional anna shall be charged for every additional six tolahs or fraction of six tolahs.

His Honor in Council is also pleased, under Section XXI. of Act No. XVII. of 1854, to direct that on and after the 1st of May aforesaid, no

তফসীল।

ব্যাঙ্কের কর্ম্মের জাইণ্ট ষ্টক সীমাযুক্ত কোম্পানির যে কৈফিয়ৎ প্রকাশ করিতে হইবেক তাহার এই পাঠ।

অংশিরদের দায় সীমাযুক্ত আছে।

কোম্পানির এত মূল ধন এত শ্যারে বিভক্ত হইয়াছে একৎ শ্যারের মূল্য এত টাকা।

এত শ্যার লওয়া গিয়াছে।

একৎ শ্যারপ্রতি এত টাকার তলব হইয়াছে তাহাতে এত টাকা পাওয়া গিয়াছে।

জানুআরি (কি জুলাই) মাসের ১ তারিখে কোম্পানির দেনা টাকার ফর্দ এই।

যে নোট চালান গিয়াছে তাহার মূল্য ..	...
যাহার সুদ নাই এমত আমানৎ	...,
যাহার সুদ চলে এমত আমানৎ	...,
সাত দিন মিয়াদের ও অন্যৎ হুণ্ডীর ..	...,
মোট।	...

সেই দিনে কোম্পানির আয়দাদের এই ফর্দ।

গবর্ণমেণ্টের নিদর্শনপত্র . ..	...,
হুণ্ডী	...,
বন্ধকক্রমে দেওয়া কর্জ্জ	...,
অন্যৎ কর্জ্জ	...,
ব্যাঙ্কের ঘরবাড়ী	...,
শ্যারের যে টাকা তলব হইলেও দেওয়া যায় নাই তাহাছাড়া অন্যৎ নিদর্শন ...	...,
মোট	...

অমুক সালের অমুক মাসের প্রথম তারিখ।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

হোম ডিপার্টমেণ্ট।

৫৯২ নম্বর।

ডাক ঘরের বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম।

১৮৬০ সাল ১৬ মার্চ।

এই ডিপার্টমেণ্টের ১৮৫৫ সালের ২৫ মে তারিখের যে ইশতিহার ১৮৫৫ সালের ২ জুন তারিখের কলিকাতা গেজেটে ছাপা হয়, তাহা মতান্তর করিয়া, ও ১৮৫৪ সালের ১৭ আইনের ৭ ধারার অধিক মতান্তর করিয়া, হজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রেসীডেণ্ট সাহেব ঐ আইনের ২৫ ধারামতে যে ক্ষমতা পান তদনুসারে এই আজ্ঞা করিয়াছেন। খবরের কাগজ কি পামফ্লেট অর্থাৎ কাগজে টাকা বহী কি ছাপাকরা কি খোদা কোন কাগজ বিদেশহইতে আইসে কি না আইসে, তাহার উপর ১৮৬০ সালের ১ মে তারিখঅবধি এই হিসাবে ডাক মাসুল লাগিবে। অর্থাৎ তাহার ওজন ছয় তোলার অধিক না হইলে /০ এক আনা লাগিবে। ছয় তোলার উপর হইলে আর এক আনা লাগিবে ও অধিক ছয়ৎ তোলার উপর আর একৎ আনা লাগিবে।

আরো ১৮৫৪ সালের ১৭ আইনের ২১ [illegible] হজুর কৌন্সেলে শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেব এই আজ্ঞা করিতেছেন। উক্ত মে মাসের ১ তারিখঅবধি কোন

Newspaper or other article on which postage is chargeable under Section VII. of Act XVII. of 1854, shall be forwarded by Post, unless at least one rate of postage shall be prepaid by a Stamp or Stamps, and if any Newspaper or other article above referred to, shall be posted, having affixed thereto a postage Stamp or Stamps, the value of which shall be equal to or more than a single rate of postage, but less than the full rate of postage to which such Newspaper or other article is liable, such Newspaper or other article shall be forwarded and the deficient postage shall be charged upon delivery together with the addition of a single rate of postage, or one anna, over and above the deficient postage.

খবরের কাগজের উপর, কিম্বা ১৮৫৪ সালের ১৭ আইনের ৭ ধারামতে অন্য যে দ্রব্যের উপর ডাকমাসুল লাগে তাহার উপর যদি অতিকম এক আনার ইষ্টাম্প না বসান যায় তবে তাহা ডাকযোগে চালান হইবেক না। আরো কোন খবরের কাগজ কি উপরের লিখিত অন্য দ্রব্য যদি ডাকঘরে দেওয়া যায়, কিন্তু তাহার উপর এক আনার কি তাহার অধিক মূল্যের ইষ্টাম্প বসান গেলেও, যদি তাহা ঐ খবরের কাগজের কি অন্য দ্রব্যের পূরা মাসুলের কম হয়, তবে ঐ খবরের কাগজ কি অন্য দ্রব্য চালান হইবেক কিন্তু যাঁহার নামে দেওয়া যায় তাঁহার নিকটে পঁহুছিলে, ঐ বাকী মাসুল তাঁহার স্থানে লওয়া যাইবে ও তাহার উপর আর এক আনা লওয়া যাইবে।

No. 550.

Fort William, the 16th March 1860

NOTIFICATION

In modification of the Notification, No 492, dated the 9th instant, the President in Council, with a view to obviate the inconvenience which it has been represented will arise from the enforcement on so early a date as the 1st of May next of the provision respecting pre-payment of postage on Newspapers, Pamphlets, and other printed papers, is pleased to order that so much of the Notification as relates to pre-payment of the postage on Newspapers, Pamphlets, and other printed papers, shall not take effect until the 1st of January 1861.

W. GREY,

Secy. to the Govt. of India.

৫৫০ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৬ মার্চ।

বিজ্ঞাপন।

বর্ত্তমান মাসের ৯ তারিখের ৪৯২ নম্বরের বিজ্ঞাপন মতাক্ষর হইয়াছে। খবরের কাগজ ও পামফেলেট অর্থাৎ কাগজে টাঁকা বহী ও ছাপাকরা অন্য কাগজের ডাকমাসুল আগাম দেওয়ার যে বিধি হইয়াছে তাহা আগামি মে মাসের ১ তারিখঅবধি চালান হইলে তাহাতে অনেক ক্লেশ জন্মিবে ইহা প্রকাশ হওয়াতে হজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব ঐ ক্লেশ নিবারণের জন্যে এই আজ্ঞা করিতেছেন। খবরের কাগজের ও পামফেলেট ও ছাপাকরা অন্য কাগজের ডাকমাসুল আগ দেওয়ার যে কথা ঐ বিজ্ঞাপনে আছে তাহা ১৮৬১ সালের ১ জানুআরি তারিখের আগে প্রবল হইবেক না।

ডবলিউ গ্রে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

APPOINTMENTS

The 6th March, 1860

Abool Munsoor, Moonsiff of Tegra, in Zillah Bhaugulpore, to be Moonsiff of Tala, in Zillah Jessore.

Kasheenath Dass, Moonsiff of Hingajeah, in Zillah Sylhet, to be Moonsiff of Aimeerygunge, in the same District.

Bhugwan Chunder Sein, Officiating Moonsiff of Ajmeerygunge, to be Moonsiff of Hingajeeah, in Zillah Sylhet.

Kishtokinkur Sein, to be Moonsiff of Chintamun, in Zillah Dinagepore

Bishtoo Chunder Banerjee, to be Moonsiff of Dhurmpore, in Zillah Jessore.

Rajkishen Dutt, Moonsiff of Chintamun, and at present acting at Sonamookhee, in Zillah Bancoorah, to be Moonsiff of Muxoodpore, in Zillah Dacca

Shib Doss Mookerjee, Officiating Moonsiff of Dhurmpore, in Zillah Jessore, to officiate as Moonsiff of Sonamookhee, in Zillah Bancoorah.

নিয়োগ।

১৮৬০ সাল ৬ মার্চ।

জিলা ভাগলপুরের টেগ্রার মুনসেফ শ্রীযুত আবুল মনসুর জিলা যশোহরের টালার মুনসেফ হইবেন।

জিলা শ্রীহটের হিঙ্গাজিয়ার মুনসেফ শ্রীযুত বাবু কাশীনাথ দাস ঐ জিলার আজমীরীগঞ্জের মুনসেফ হইবেন।

আজমীরীগঞ্জের একটিং মুনসেফ শ্রীযুত ভগবানচন্দ্র সেন জিলা শ্রীহটের হিঙ্গাজিয়ার মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু কৃষ্ণকিঙ্কর সেন জিলা দিনাজপুরের চিন্তামনের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু বিষ্ণুচন্দ্র বাঁড়ুয্যা জিলা যশোহরের ধরমপুরের মুনসেফ হইবেন।

এইক্ষণে জিলা বাঁকুড়ার সোণামুখীর একটিং মুনসেফ কিন্তু চিন্তামনের মুনসেফ শ্রীযুত বাবু রাজকৃষ্ণ দত্ত জিলা ঢাকার মকসুদপুরের মুনসেফ হইবেন।

জিলা যশোহরের ধরমপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু শিবদাস মুখুয্যা জিলা বাঁকুড়ার সোণামুখীর মুনসেফের কর্ম্ম করিবেন

LEAVE OF ABSENCE

The 19th March, 1860

Baboo Juggut Chunder, Moonsiff of Howlah,

ছুটী

১৮৬০ সাল ১৯ মার্চ।

জিলা চাটিগাঁর হোলার মুনসেফ শ্রীযুত বাবু জগচ্চন্দ্র

Zillah Chittagong, from 19th instant to the 1st proximo.

H. B. LAWFORD, *Offg. Register.*

বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি আগামি মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের হুকুম।

১৫৯ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৯ মার্চ।

ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন পাবনা জিলার কুণ্ডারখালি নগরে চলন হইবে। ও ঐ আইনের বিধানমতে কার্য্য হইবার নিমিত্তে ঐ আইনের ৩ ধারামতে, ঐ নগরের সঙ্গে এই২ গ্রামের সংযোগ হইবে, অর্থাৎ অগ্রকুণ্ড ও ভাবাড়িয়া ও সিজিল বৈটকামারা ও খোকশাতে যাইবার সরকারী রাস্তার পশ্চিম দিগে ঐ বৈটকামারার যে অংশ থাকে তাহা।

১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। কুণ্ডারখালি নগরের এই২ সীমা ধরা যাইবেক। দক্ষিণ সীমা (অগ্রকুণ্ড) গুরু নন্দর দালানঅবধি মধু মজুমদারের দালানপর্য্যন্ত নদীর ধারে যে রাস্তা তাহা। পূর্ব্ব সীমা (অগ্রকুণ্ড) ও নিমাই দাসের বাড়ী (ভাবাড়িয়া) ও খোকশাতে যাইবার সরকারী রাস্তা (শেরকান্দি) ও চৌরাহীতে হবি মিয়ের বাড়ী। উত্তর সীমা (শেরকান্দি ও পুরাতন রেশমের কুটী (দুর্গাপুর) ও আলী খাঁর বাড়ী (এলিংঘি) ও কৃষ্ণলাল চক্রবর্ত্তির দালান। পশ্চিম সীমা (এলিংঘি) মাঞ্জিনী সাহেবের জমী।

১৮৫৬ সালের ২০ আইনের ১০ [illegible] দেওয়া যাইতেছে। ঐ সংযোগকর [illegible] টাকা আদায় হইবেক তাহা ঐ টাকা দিবার যোগ্য লোকেরদের সংস্থান ও তাহারদের মত সম্পত্তি [illegible] রক্ষা করিতে হইবেক তাহা বুঝিয়া ধার্য যাইবে।

১০১৩ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১০ মার্চ।

কিশোরগঞ্জ এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত শ্রীযুত এচ বেবরেজ সাহেব (Mr. H. Beveredge,) ময়মনসিংহে ১৮২৪ সালের ১০ আইনের লিখিত ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ১৪ মার্চ।

শ্রীযুত সি এফ হার্বি সাহেব (Mr. C F. Harvey,) ফরিদপুরে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৬০ সালে ১৫ মার্চ।

বাকরগঞ্জের ফওজদারায়ক শ্রীযুত মৌলবী সফীউদ্দীন ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ১২ মার্চ।

পেবানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ও রাইলি সাহেব (Mr W O'Reilly.) অচিকিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৪ মার্চ।

শাহাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কুম সাহেব (Mr J. Combe,) গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের বিজ্ঞাপনক্রমে আট দিনের ছুটী পাইয়াছেন।

পুরীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বি কেণ্ডল সাহেব (Mr B Kendall) গত অক্টোবর মাসের ১৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত মিলিটারী ডিপার্টমেণ্টের ১৮৩৬ সালের মে মাসের ২ তারিখের হুকুমমত খাস কর্ম্মোপলক্ষে গত ডিসেম্বর মাসের ১৬ তারিখঅবধি ১১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মকামদীর এলাকার এক্সেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত কাপ্তান এচ ডিকসন সাহেব (Captain H Dixon.) ফিনানসিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৮ সালের ১৮ আপ্রেল তারিখের বিজ্ঞাপনক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১০ ফেব্রুআরি

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ময়মনসিংহ জিলাতে এক এলাকাখণ্ড করিবার অনুমতি দিয়াছেন, তাহার নাম কিশোরগঞ্জ, তাহার শামিল নীচের লিখিত কএক থানা। সদর মোকাম কিশোরগঞ্জ।

বাজিৎপুর।

নিকলী।

গফরগাঁও।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of CHARLES WILLIAM SALIZ, and another, Insolvents

Notice is hereby given, that Saturday, the 14th day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 30th day of June 1859, until the 29th day of February 1860 has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee*

Official Assignee's Office, Calcutta, 23rd March, 1860

কলিকাতায় যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন চার্লস উলিয়ম সালিজ সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনর্ব্বার [illegible] আগামি আপ্রিল মাসের ১৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৯ সালের জুন মাসের [illegible] অবধি ১৮৬০ সালের ফেব্রুআরি মাসের ২৯ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব

[*Government Gazette, 27th March,* 1860.]

দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত দেয়াত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কন্ত্রেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৩ মার্চ।

In the matter of SUNGUMLOLL, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 14th day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 19th day of May 1857, until the 1st day of March instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 23rd March, 1860.

দেয়াত্রহীন সঙ্গমলালের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি আপ্রিল মাসের ১৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৭ সালের মে মাসের ১৯ তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত দেয়াত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৩ মার্চ।

The like notice in the matter of ANN GILISPIE SKINNER, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 14th December, 1858 to 1st day of March instant.

দেয়াত্রহীন এন গিলিস্পী স্কিনর মেমের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৮ সালের ১৪ ডিসেম্বর তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of LOWIS ALEXANDER QUILLET, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 1st November, 1859 to the 1st day of March instant.

দেয়াত্রহীন লুইস আলেক্জাণ্ডর কুইলিট সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৯ সালের ১ নবেম্বর তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

In the matter of ALBERT JOHN DEHOCHEPIED LARPENT, and another Insolvents.

On Saturday, the 4th day of February last, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 22,000 in his hands pay a Dividend at the rate of Co.'s annas 2 3 pie per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 19,723 11-4) upon the several claims admitted on the Schedule of the said Insolvents so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 24th March, 1860

দেয়াত্রহীন আলবার্ট জান ডিহচিপিড লর্পেন্ট সাহেব ও অন্যের বিষয়ে।

আসৈনি সাহেব গত ফেব্রুআরি মাসের ৪ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত দেয়াত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ২২,০০০ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ২/৩ পাইয়ের হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৯,৭২৩৷৷৶৪ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৪ মার্চ

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

Lost from the Post Office of Joynagore, Zillah Furreedpore, A draft No. 11, written by Mr. R. C. Bell of Muddundharee Concern, on the 19th February 1860, to Messrs. Lyall, Rennie and Co. in Calcutta, for the sum of Co.'s Rs. 1,000 (one thousand) in favour of Shamchand Coondoo, the accompanying letter was not registered.

WOOMACHURN CHATTERJEE,
Mooktar.

Tallygunge,
The 16th March, 1860.

মদনধারি কুঠীর শ্রীযুত আর সি বেল সাহেব শ্রীশ্যামচাঁদ কুণ্ডুর নিমিত্তে ১৮৬০ সালের ১৯ ফেব্রুআরি তারিখের ১১ নম্বরের ১,০০০৲ টাকার এক ড্রাফট কলিকাতার মেসির্স লায়ল রেণি কোম্পানির নামে দেন তাহা জিলা ফরিদপুরের জয়নগরের ডাক ঘরে হারাণ যায়। এ ড্রাফট যে পত্রের সঙ্গে ছিল সেই পত্র রেজিষ্টর হয় নাই।

উমাচরণ চাটুর্য্যা
মোক্তার।

টালিগঞ্জ।
তারিখ ১৬ মার্চ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৭ মার্চ।]

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, THURSDAY, MARCH 29, 1860.

কলিকাতা বৃহস্পতিবার ১৮৬০ সাল ২৯ মার্চ।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 24TH MARCH 1860.

A Bill to enforce the fulfilment of Indigo Contracts.

[Preamble.]

WHEREAS it is expedient, pending a commission of enquiry into the practice of Indigo planting in Bengal, which the Executive Government purposes to appoint after the close of the present season of cultivation, to make temporary provision for enforcing by summary process the execution of agreements entered into for the cultivation of Indigo plant; and better to provide for the punishment of certain unlawful acts connected with such cultivation: It is enacted as follows:—

I. If any person who has received a cash advance upon his agreement to cultivate Indigo plant during the season now current, shall wilfully delay or omit from and after the 24th day of March 1860 to cultivate according to the conditions of his agreement the whole quantity of land which he has agreed to cultivate, and for the cultivation of which the cash advance was made, it shall be competent to the Magistrate to entertain a complaint made to the above effect on oath by the Planter who has made the advance or by any person on his behalf, and to summon the person complained of to appear before him in order to the investigation of the complaint preferred. If the Magistrate has reason to believe that the person complained of will not appear in obedience to the summons, he may issue a warrant for the arrest of such person.

II. On hearing the answer of the person complained of, and on taking such evidence as both parties may adduce, if the complaint be established to the satisfaction of the Magistrate, the Magistrate shall assess a certain sum as damages not exceeding five times the said advance made, and five times

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৪ মার্চ।

নীলের করারমতে কর্ম্ম করাইবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

নীলের চাষ করিবার এই সময় গেলে পর, এই দেশের কর্ত্তৃত্ব কার্য্যের গবর্ণমেণ্ট বাঙ্গলা দেশের মধ্যে নীল বুনিবার যে নিয়ম চলিতেছে তাহার তদন্ত লইবার কমিস্যন জারী করিতে মানস করিয়াছেন। কিন্তু ইহার মধ্যে নীলের চাষ করিবার যে বন্দোবস্ত হইয়াছে সেই বন্দোবস্তমতে সরাসরী মোকদ্দমাক্রমে কর্ম্ম করাইবার কিঞ্চিৎ কালের বিধান করা বিহিত। ও সেই চাষসম্পর্কীয় বেআইনী যে কতক কর্ম্ম হয় তাহার দণ্ড করিবার আরো উত্তম বিধান করা উচিত। এই কারণে এই২ হুকুম হইল।

১ ধারা। যদি কোন লোক এই সময়ে নীলের চাষ করিতে বন্দোবস্ত করিয়া দাদনী টাকা পাইয়া থাকে ও যত জমী চাষ করিতে করার করিয়াছিল ও যে জমীর চাষের নিমিত্তে দাদনী পাইয়াছে সেই সমুদয় জমীতে যদি আপন করারমতে ১৮৬০ সালের মার্চ মাসের ২৪ তারিখঅবধি ও তাহার পরে চাষ করিতে জানিয়াশুনিয়া বিলম্ব কি ত্রুটি করে, তবে যে নীলকর সাহেব ঐ দাদনী দিয়াছেন তিনি কি তাঁহার পক্ষের কোন লোক সেই মর্ম্মের নালিশ করিয়া শপথ করিলে, মাজিষ্ট্রেট সাহেব সেই নালিশ গ্রাহ্য করিতে পারিবেন, ও যে কথার নালিশ হইয়াছে তাহার বিচার করিবার জন্যে, যাহার নামে নালিশ হইল তাহাকে আপনার নিকট হাজির হইতে সমন করিতে পারিবেন। যাহার নামে নালিশ হয় তাহার নামে সমন হইলেও সে হাজির হইবে না মাজিষ্ট্রেট সাহেবের যদি এমত বুঝিবার কারণ থাকে, তবে ঐ লোকের গ্রেপ্তারী পরওয়ানা জারী করিতে পারিবেন ইতি।

২ ধারা। যাহার নামে নালিশ হইল সেই লোকের জওয়াব শুনিলে পর, ও উভয় পক্ষ যে সকল প্রমাণ দেয় তাহা লইলে পর, যদি সেই নালিশ মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে সাবুদ হয়, [illegible] সারৎ বলিয়া আসামীর কতক টাকা জরীমানা করিবেন, কিন্তু যত টাকা দাদনী হইয়াছিল তাহার পাঁচগুণ ও

the value of any seed that may have been furnished to him for such cultivation, to be paid by the defendant; and failing the immediate payment of the damages assessed may order the defendant to be imprisoned in the Civil Jail for a term not exceeding three months, and may on the motion of the complainant furthermore proceed to levy the damages assessed from the property of the defendant, in the mode provided for enforcing decrees of Court under Act VIII. of 1859. Provided that if the amount of the said damages is paid or levied within the aforesaid term of three months, the defendant shall be released from Jail on that amount being paid or levied.

III. If any person from and after the 24th day of March 1860 shall by violence, threats, or otherwise, intimidate or attempt to intimidate any other person who shall have entered into any such agreement as aforesaid with the intention of inducing such person to break the conditions thereof; or if any person from and after the date aforesaid shall conspire with any other person or persons for the purpose of causing the breach of any such contract or contracts as aforesaid; he shall on conviction before a Magistrate be liable to a sentence of imprisonment with or without labor for a period not exceeding six months, or to a fine not exceeding Rupees two hundred or to both, such fine being commutable if not paid to a further period of imprisonment not exceeding six months.

IV. If any person shall maliciously destroy or damage; or if any person shall maliciously command, compel, or persuade or shall with others maliciously conspire to command, compel or persuade any other person to destroy, or damage any growing crop of indigo, he shall on conviction before a Magistrate be liable to be sentenced to imprisonment with or without labor for a period not exceeding six months, or to a fine not exceeding Rupees two hundred or to both, such fine being commutable if not paid, to a further period of imprisonment not exceeding six months.

V. No appeal shall lie from the decision of a Magistrate under this Act.

VI. The power of a Magistrate under this Act may be exercised by any person vested with the full powers of a Magistrate and by any Assistant Magistrate, or Deputy Magistrate, specially empowered on that behalf by the local Government.

VII The Lieutenant Governor of Bengal shall as soon as conveniently may be after the day of issue a commission to such persons as the said Lieutenant Governor shall think fit, for the purpose of [illegible] into and reporting on the system and [illegible] of Indigo planting in Bengal and the relations between the Indigo Planters, and the

সেই চাষ করিবার জন্যে যত বীজ তাহাকে দেওয়া গিয়াছিল তাহার মূল্যের পাঁচগুণের অধিক টাকা জরীমানা করিবেন না। ও ঐ খেসারতের নির্দ্দিষ্ট টাকা যদি সেই সময়ে না দেওয়া যায় তবে আসামীর তিন মাসপর্য্যন্ত দেওয়ানী জেলখানায় কয়েদ হইবার হুকুম করিতে পারিবেন। ও ফরিয়াদী যদি প্রার্থনা করে তবে ১৮৫৯ সালের ৮ আইনমতে আদালতের ডিক্রী জারী করিবার যে বিধি আছে, সেই বিধিমতে আসামীর সম্পত্তিহইতে ঐ খেসারতের টাকা উসুল করিতে পারিবেন। কিন্তু ঐ খেসারতের টাকা যদি উক্ত তিন মাস মিয়াদের মধ্যে দেওয়া যায় কি উসুল হয়, তবে ঐ টাকা দেওয়া গেলেই কি উসুল হইলেই আসামীকে জেলখানাহইতে মুক্ত করা যাইবেক ইতি।

৩ ধারা। কোন লোক যদি উক্ত প্রকারের কোন বন্দোবস্ত করিয়া থাকে ও অন্য কেহ যদি তাহার ঐ করারের নিয়ম ভঙ্গ করাইবার অভিপ্রায়ে তাহাকে ১৮৬০ সালের মার্চ মাসের ২৪ তারিখে কি তাহার পরে, জবরদস্তী করিয়া কি ভয় জন্মাইবার কথা কহিয়া কি অন্য কোন প্রকারে তাহার ভয় জন্মায় কি জন্মাইতে চেষ্টা করে, কিম্বা পূর্ব্বোক্তমতের কোন করার লঙ্ঘন করাইবার জন্যে যদি ঐ তারিখে কি তৎপরে কোন লোক অন্য কোন এক কি অধিক লোকের সঙ্গে যোগসাজস করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার ঐ দোষ সাব্যস্ত হইলে, সেই জনের ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইয়া কঠিন পরিশ্রম করিবার, কি বিনাপরিশ্রমে কয়েদ হইবার, কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার হুকুম, কিম্বা ঐ দুই দণ্ডের হুকুম হইতে পারিবেক, যদি সেই জরীমানার টাকা না দেওয়া যায় তবে তাহার আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি।

৪ ধারা। নীলের যে গাছ উঠিতে লাগিয়াছে তাহা যদি কেহ ঈর্ষা করিয়া নষ্ট করে কি তাহার হানি করে, কিম্বা অন্য কোন লোককে তাহা নষ্ট করিতে কি তাহার হানি করিতে হুকুম করে, কি জোর করিয়া নষ্ট করায় কি তাহার হানি করায়, কিম্বা নষ্ট করিতে কি হানি করিতে প্রবৃত্তি দেয়, কিম্বা ঈর্ষা করিয়া অন্য কোন লোকের সঙ্গে যোগসাজস করিয়া সেই মতের হুকুম দেয়, কিম্বা জোর করিয়া ঐ কর্ম্ম করায় কি তাহা করিতে প্রবৃত্তি দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইয়া পরিশ্রম করিবার, কিম্বা বিনাপরিশ্রমে কয়েদ হইবার, কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার, কিম্বা ঐ দুই দণ্ড হইবার হুকুম হইতে পারিবেক, ও সেই জরীমানার টাকা না দেওয়া গেলে তাহার আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি।

৫ ধারা। এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের যে নিষ্পত্তি হয় তাহার উপর আপীল হইবেক না ইতি।

৬ ধারা। এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের যে ক্ষমতা থাকে সেই ক্ষমতামতে, মাজিষ্ট্রেট সাহেবের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত কোন লোকও কার্য্য করিতে পারিবেন, ও স্থানীয় গবর্ণমেণ্ট সেই কর্ম্মের জন্যে যে কোন আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটকে কি ডেপুটী মাজিষ্ট্রেটকে বিশেষমতে শক্তি দেন তিনিও সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

৭ ধারা। বাঙ্গলা দেশে নীল বুননাদি করিবার যে নিয়ম ও যে রীতি চলন হয় ও উক্ত বাঙ্গলা দেশের নীলকরেরদের সঙ্গে রাইয়তেরদের ও জমীদারেরদের পরস্পর যে সম্পর্ক থাকে তাহার তদন্ত লইয়া তাহার রিপোর্ট করিবার জন্যে, বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যাঁহারদিগকে উপযুক্ত বুঝেন এমত লোকেরদিগকে অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পর যত

Ryotts and Holders of land in Bengal aforesaid. The said Commissioners shall fully enquire into the matters aforesaid, and shall as soon as they conveniently can report to the Lieutenant Governor the result of their enquiries, and shall in their report or reports, suggest such alterations if any as may in their opinion be beneficially made in the law relating to the system and practice and the relations aforesaid.

শীঘ্র সুবিধা হয় তত শীঘ্র কমিস্যান দিবেন। উক্ত কমিস্যনরেরা পূর্ব্বোক্ত সকল বিষয়ের সম্পূর্ণমতে তদন্ত করিবেন, ও আপনাদের তদন্তের যে ফল হয় তাহার রিপোর্ট সুবিধামতে শীঘ্র করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের নিকটে করিবেন। ও পূর্ব্বোক্ত নিয়মের ও রীতির ও সম্পর্কের বিষয়ি আইনের যেরূপে পরিবর্ত্তন করা তাঁহারদের বিবেচনামতে বিহিত হয় তাহার প্রসঙ্গও সেই রিপোর্টে করিবেন ইতি।

VIII. In case of the death or resignation of any of the said Commissioners, or of any of them becoming unable to act, it shall be lawful for the other Commissioners or Commissioner to act alone; and all the powers by this Act given to Commissioners shall and may be exercised by the continuing Commissioners or Commissioner alone. It shall also be lawful for the said Lieutenant Governor from time to time without issuing a new Commission, to appoint any other person or persons to act as a Commissioner or Commissioners jointly with the continuing Commissioners or Commissioner, and in such case all the powers conferred by this Act on Commissioners shall and may be exercised by the said newly appointed Commissioner or Commissioners jointly with the continuing Commissioner or Commissioners.

৮ ধারা। ঐ কমিস্যনরেরদের মধ্যে যদি কেহ মরেন, কি কর্ম্ম ত্যাগ করেন, কিম্বা যদি তাঁহারদের মধ্যে কেহ কর্ম্ম করিতে অক্ষম হন, তবে অবশিষ্ট অন্য কমিস্যনরেরা কি এক জন কমিস্যনর একলা ঐ কর্ম্ম করিতে পারিবেন। ও এই আইনমতে ঐ কমিস্যনরদিগকে যে সকল ক্ষমতা দেওয়া যায়, সেই সকল ক্ষমতামতে ঐ অবশিষ্ট কমিস্যনরেরা কি কমিস্যনর কার্য্য করিতে পারিবেন ও কার্য্য করিবেন। আরো অবশিষ্ট যে কমিস্যনরেরা কি কমিস্যনর থাকেন তাঁহার কি তাঁহারদের সঙ্গে কর্ম্ম করিতে উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব সময়ে২ অন্য এক কি অধিক জনকে নিযুক্ত করিতে পারিবেন। ইহাতে তাঁহার নূতন কমিস্যান দিবার প্রয়োজন হইবেক না। এমন স্থলে এই আইনমতে কমিস্যনরদিগকে যে সকল ক্ষমতা দেওয়া গেল, সেই সকল ক্ষমতামতে ঐ নূতন নিযুক্ত কমিস্যনর কি কমিস্যনরেরা ঐ অবশিষ্ট কমিস্যনর কি কমিস্যনরেরদের সঙ্গে কার্য্য করিতে পারিবেন ও কার্য্য করিবেন ইতি।

IX. It shall be lawful for the Commissioners aforesaid, by a summons under hand of any one of them, to require the attendance before them, at a time and place to be mentioned in such summons, of any person or persons whomsoever, residing or being within the Lieutenant Governorship of Bengal whose evidence shall in the judgment of the Commissioners aforesaid be material to any of the matters of the enquiry aforesaid, and to require the person or persons so summoned to bring and produce before them all such books, papers, deeds, and writings as to them the said Commissioners shall appear necessary for arriving at the truth of the matters directed to be enquired into by the said Commissioners all which persons shall accordingly attend the said Commissioners and shall produce such books, papers, deeds and writings as shall be required of them, and shall be in their custody and control or in the custody and control of any one of them according to the tenor of the summons. Provided always that no person shall be compelled to attend at the said Commissioner or to give his evidence at a greater distance than miles from the place where such person shall be residing.

৯ ধারা। পূর্ব্বোক্তমতে যে২ বিষয়ের তদন্ত লইতে হইবেক এমত কোন বিষয়ে পূর্ব্বোক্ত কমিস্যনরেরদের বিবেচনাতে যাহারদের সাক্ষ্য লওয়া গুরুতর হয়, এমত যে কোন লোক কি লোকেরা বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের এলাকার মধ্যে বাস করে কি থাকে, তাহার কি তাহারদের নামে উক্ত কমিস্যনরেরা আপনারদের কোন এক জনের দস্তখৎকরা সমন জারী করিয়া তলব করিতে পারিবেন। ঐ সমনের মর্ম্ম এই যে উক্ত লোক কি লোকেরা ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে ঐ কমিস্যনরেরদের সম্মুখে উপস্থিত হয়. ও উক্ত কমিস্যনরেরা যে২ বিষয়ের তদন্ত লইবেন তাহার প্রকৃত ভাব বুঝিবার জন্যে তাঁহারা যে সকল বহী ও কাগজপত্র ও দলীল ও লিপি আবশ্যক বুঝেন তাহাও ঐ সমনকরা লোক কি লোকেরা সঙ্গে করিয়া আনিয়া দেখায়। তদনুসারে সেই সকল লোক কমিস্যনরেরদের সম্মুখে উপস্থিত হইবে ও সমনের মর্ম্মমতে তাহারদের জিম্মার ও এখ্তিয়ারের মধ্যে কিম্বা তাহারদের কোন কাহার জিম্মার কি এখ্তিয়ারের মধ্যে যে সকল বহী ও কাগজপত্র ও দলীল ও লিপি তাহারদের আনিতে আজ্ঞা হয় তাহা সকলি দেখাইবে। পরন্তু কোন লোকের বাসস্থান হইতে এত ক্রোশের অধিক দূর কোন স্থানে উক্ত কমিস্যনরেরদের সম্মুখে তাহাকে বলপূর্ব্বক হাজির করাইয়া সাক্ষ্য লওয়া যাইতে পারিবেক না ইতি।

X. It shall be lawful for the Commissioners aforesaid, or one of them, to administer an oath, or in the case of persons allowed by law to make affirmation instead of taking an oath, an affirmation, in such form as to them, the said Commissioners, shall seem fit, to all persons who shall be examined before them touching the matters to be enquired into by them as aforesaid. Provided that nothing herein contained shall render it necessary

১০ ধারা। পূর্ব্বোক্ত কমিস্যনরেরদের যে২ বিষয়ের তদন্ত লইতে হইবেক সেই২ বিষয়ে তাঁহারদের সম্মুখে যে সকল লোকের জোবানবন্দী লইতে হইবেক, তাহারদিগকে ঐ কমিস্যনরেরা কি তাঁহারদের কোন এক জন হলফ করাইতে পারিবেন, কিম্বা আইনমতে যাহারদের হলফের পরিবর্ত্তে প্রতিজ্ঞা করিবার অনুমতি হয় তাহারদিগকে কমিস্যনরেরা যেরূপে উচিত [illegible] সেই রূপে প্রতিজ্ঞা করাইতে পারিবেন। কিন্তু [illegible] কথাতে ঐ কমিস্যনরেরদের হলফ কি প্রতিজ্ঞা করাইয়া

[*Government Gazette*, 29*th March*, 1860]

for the said Commissioners to take evidence upon oath or affirmation unless they shall think fit or expedient so to do.

XI. If any person, upon whom any such summons shall be served by the delivery thereof to him or by the leaving thereof at his usual place of abode being a person living within (   ) miles of the place at which he shall be required to attend, without reasonable cause (to be allowed by the Commissioners aforesaid) fail to appear before them at the time and place mentioned in the summons or shall refuse to be sworn or to make affirmation (as the case may be) or shall not make answer to such questions as shall be put to him or her touching the matters directed, or which may hereafter be directed, to be enquired into by the Commissioners aforesaid or shall refuse or fail, without reasonable cause (to be allowed by the Commissioners aforesaid) to produce and show to the said Commissioners any such paper, book, deed or writing being in their possession or under their control as to the Commissioners aforesaid shall appear necessary for arriving at the truth of the matters to be enquired into by them, the Commissioners aforesaid shall have the same powers in all respects touching any such persons so failing to appear or refusing to be sworn or to make affirmation, or not answering such questions as shall be put to him or her, or refusing to produce and show any such book, paper, deed or writing as aforesaid as the principal Court of Civil Jurisdiction within the limits of which the said person shall be residing may by law exercise against any person for making default of appearance, or for refusing to be sworn or to give evidence on any issue joined in any action depending in such Court.

XII. Every person, who upon examination upon oath, or affirmation before the Commissioners aforesaid shall wilfully give false evidence, shall be liable to the pains and penalties of perjury.

XIII. This Act shall have effect from and after the 24th day of March 1860, within the territories subject to the Lieutenant Governor of Bengal, and no complaint or prosecution shall be entertained under this Act, unless preferred within six months from the date aforesaid.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬০ । ২১ মার্চ ।]

সাক্ষ্য লওয়া আবশ্যক হইবেক না, কেবল যে স্থলে উচিত কি বিহিত বোধ করেন সেই স্থলে হলফ কি প্রতিজ্ঞা করাইবেন ইতি।

১১ ধারা। যাহার নামে কোন সমন দেওয়া যায় সেই জনের যে স্থানে হাজির হইবার সমন হয় তাহা তাহার বাসস্থানহইতে এত ক্রোশের মধ্যে হইলে, ও সেই সমন তাহাকে দিয়া কি তাহার নিরত বাসস্থানে রাখিয়া তাহার উপর জারী হইলে, সেই জন উপযুক্ত কারণ না থাকিতেও যদি ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে ঐ কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইতে ত্রুটি করে (ও সেই কারণ উপযুক্ত কি না তাহা উক্ত কমিস্যনরেরা স্থির করিবেন) কিম্বা যদি হলফ করিতে কি বিষয়বিশেষে প্রতিজ্ঞা করিতে স্বীকার না করে, কিম্বা উক্ত কমিস্যনরেরদের যে২ বিষয়ের তদন্ত করিতে হুকুম হইল কি ইহার পরে হুকুম হয়, এমত কোন বিষয়ে যে কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর যদি না করে, কিম্বা ঐ কমিস্যনরেরদের যে২ বিষয়ের তদন্ত করিতে হয় তাহার প্রকৃত ভাব জানিবার জন্য তাঁহারা যে২ কাগজপত্র কি বহী কি দলীল কি লিপি আবশ্যক বুঝেন, ঐ সমনকরা লোকের দখলে কি এখ্তিয়ারে থাকা এমত কোন কাগজপত্রপ্রভৃতি যদি সেই লোক উপযুক্ত কারণ না থাকিতেও আনিতে ও উক্ত কমিস্যনরদিগকে দেখাইতে স্বীকার না করে কি ত্রুটি করে (ও সেই কারণ উপযুক্ত কি না তাহা উক্ত কমিস্যনরেরা স্থির করিবেন) তবে দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার প্রধান যে আদালতের সীমার মধ্যে ঐ লোক বাস করে, সেই আদালতে উপস্থিতথাকা কোন মোকদ্দমায় ঐ লোক হাজির হইতে ত্রুটি করিলে, কিম্বা সেই মোকদ্দমায় যে কোন ইসু নিরূপণ হয় তাহার বিষয়ে হলফ করিতে কি সাক্ষ্য দিতে স্বীকার না করিলে তাহার উপর ঐ আদালতের যে ক্ষমতা থাকিত, ঐ কমিস্যনরেরদের সম্মুখে উক্ত যে লোক হাজির হইতে ত্রুটি করে, কি হলফ কি প্রতিজ্ঞা করিতে স্বীকার না করে, কিম্বা তাহাকে যে কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর না করে, কিম্বা পূর্ব্বোক্ত মতের কোন বহী কি কাগজপত্র কি দলীল কি লিপি আনিয়া দেখাইতে স্বীকার না করে, তাহার উপর ঐ কমিস্যনরেরদের সর্ব্ব বিষয়ে সেই ক্ষমতা থাকিবেক ইতি।

১১ ধারা। পূর্ব্বোক্ত কমিস্যনরেরদের সম্মুখে যে কেহ হলফ করিয়া কি প্রতিজ্ঞা করিয়া জোবানবন্দী দিবার সময়ে ইচ্ছা করিয়া মিথ্যা সাক্ষ্য দেয়, সেই জনের মিথ্যা শপথ করিবার দণ্ডপ্রভৃতি হইতে পারিবেক ইতি।

১৩ ধারা। এই আইন ১৮৬০ সালের মার্চ মাসের ২৪ তারিখঅবধি বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের অধীন দেশে চলন হইবেক। ও সেই তারিখঅবধি ছয় মাসের মধ্যে উপস্থিত না করা গেলে এই আইনমতে কোন নালিশ কি মোকদ্দমা গ্রাহ্য হইবেক না ইতি।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 3, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৩ আপ্রিল।

ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 24TH MARCH 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 12th March 1860 (communicated to the Legislative Council on the 24th idem,) and is hereby promulgated for general information. —

ACT No. VIII. OF 1860.

An Act for regulating the establishment and management of Electric Telegraphs in India.

[Preamble.]

WHEREAS it is expedient that better provision should be made for regulating the establishment and management of lines of Electric Telegraph in India; It is enacted as follows :—

[Act repealed.]

I. Act XXXIV. of 1854 *(for regulating the establishment and management of Electric Telegraphs in India,)* is hereby repealed, except as to any act or offence which shall have been done or committed, or to any fine or penalty which shall have been incurred, or to any proceedings which shall have been commenced, before this Act shall come into operation, and except also as to any license for the establishment of a line of Electric Telegraph granted under the said Act. All things done under the authority or in pursuance of the said Act, shall be as valid and effectual as if this Act had not been passed.

[Governor General in Council to have the exclusive privilege of establishing Electric Telegraphs. · Proviso.]

II. Within the British territories in India, the Governor General of India in Council shall have

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৪ মার্চ।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মঞ্জুরকৃত এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ১২ মার্চ তারিখে সম্মত হইয়া ঐ মাসের ২৪ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে স্বীয় সম্মতি জ্ঞাপ্ত করেন। এইরূপে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৮ আইন।

ভারতবর্ষে ইলেকট্রিক টেলিগ্রাফ করিবার ও তাহার কার্য্য চালাইবার বিধানের আইন।

[হেতুবাদ।]

ভারতবর্ষে ইলেকট্রিক টেলিগ্রাফের তার বসাইবার ও তাহার কার্য্য চালাইবার আরো উত্তম বিধান করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[আইন রদ হইবার কথা।]

১ ধারা। ১৮৫৪ সালের ৩৪ আইন (অর্থাৎ ভারতবর্ষে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করিবার ও তাহার কার্য্য চালাইবার নিয়ম করণের আইন) ইহাতে রদ হইল। কিন্তু এই আইন জারী হইবার পূর্ব্বে যে কোন কার্য্য কি অপরাধ করা গিয়া থাকে, কিম্বা যে কোন জরীমানার কি দণ্ডের আজ্ঞা হইয়া থাকে, কিম্বা মোকদ্দমাসম্পর্কীয় যে কোন কার্য্য আরম্ভ হইয়া থাকে, তাহার বিষয়ে ঐ আইন রদ হইবেক না। ও উক্ত আইন মতে ইলেকট্রিক টেলিগ্রাফের তার বসাইবার যে কোন অনুমতিপত্র দেওয়া যায় তাহার বিষয়ে ঐ আইন রদ হইবেক না। ঐ আইনের শক্তিক্রমে কি ঐ আইনমতে যে সকল কার্য্য করা গেল তাহা এই আইন জারী না হইবার মতে সিদ্ধ ও সফল হইবেক ইতি।

[ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করিতে কেবল হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের ক্ষমতা থাকার কথা। ও বর্জিত কথা।]

২ ধারা। ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধীন দেশের মধ্যে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করিতে হজুর

the exclusive privilege of establishing lines of Electric Telegraph. Provided that the Governor General of India in Council may grant a license to any person or Company to establish a line of Electric Telegraph within any part of such territories, which license shall be revocable on the breach of any of the conditions therein contained.

[Penalties for establishing or maintaining unauthorized Electric Telegraphs.]

III. Whoever shall otherwise than under a license duly granted as aforesaid establish, or after revocation of such license maintain a line of Electric Telegraph within the said territories, shall be liable to a fine not exceeding one thousand Rupees, and for every week during which such line shall be maintained shall be liable to a further fine not exceeding five hundred Rupees.

[Penalty for using or working such Telegraphs.]

IV. Whoever shall use a line of Electric Telegraph, knowing or having reason to believe that it is an unlicensed line, for the purpose of sending or receiving messages, or shall perform any service incidental thereto, shall, for every such offence, be liable to a fine not exceeding fifty Rupees.

[Government may take possession of Telegraphs established by license.]

V. The Governor General of India in Council may, on the occurrence of any public emergency, take temporary possession of any line of Electric Telegraph established under license within the said territories

[Government may establish Telegraphs on land of Railway Company.]

VI. Any Railway Company, on being required so to do by the Governor General of India in Council, shall permit the Government to establish upon the land of such Company adjoining the line of Railway, a line of Electric Telegraph, and shall give every reasonable facility for establishing and using the same.

[Governor General in Council to frame rules for the conduct of Government Telegraphs.]

VII. The Governor General of India in Council may from time to time frame rules for the conduct of Electric Telegraphs established by Government not inconsistent with this Act, and therein prescribe the regulations, conditions, and restrictions according to which all messages and signals shall be transmitted.

[Government not responsible for loss or damage.]

VIII. The Government shall not be responsible for any loss or damage which may occur in consequence of any person employed by the Government in the Electric Telegraph Department failing to transmit with accuracy any message entrusted to him for transmission; and no such person shall be

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৩ আপ্রিল।]

কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক, অন্য কাহারও নয়। পরন্তু হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ঐ দেশের কোন স্থানে কোন লোককে কি কোম্পানিকে ইলেকট্রিক টেলিগ্রাফের তার বসাইবার অনুমতিপত্র দিতে পারিবেন। সেই অনুমতির কোন নিয়ম ভঙ্গ হইলে, ঐ অনুমতিপত্র বাতিল করা যাইতে পারিবেক ইতি।

[বিনানুমতিতে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করিবার কি রাখিবার দণ্ডের কথা।]

৩ ধারা। যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারের অনুমতিপত্র উচিতমতে না পাইয়া, উক্ত দেশের মধ্যে কোন ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করে, কিম্বা সেই অনুমতিপত্র বাতিল হইলে পর ঐ টেলিগ্রাফ রাখে, তবে তাহার হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, ও তাহার পর সেই টেলিগ্রাফ যত সপ্তাহ রাখে তাহার প্রতিসপ্তাহের আর পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[সেইরূপ টেলিগ্রাফ লইয়া কার্য্য করিবার দণ্ড।]

৪ ধারা। কোন ইলেকট্রিক টেলিগ্রাফ বিনানুমতির আছে জানিয়া, কি এমত বোধ করিবার কারণ পাইয়া, যদি কোন লোক তাহার দ্বারা সম্বাদ পাঠাইবার কি পাইবার জন্যে তাহা লইয়া কার্য্য করে, কি তাহার সম্পর্কীয় কোন কার্য্য করে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে সেই লোকের পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[অনুমতিমতে যে টেলিগ্রাফ স্থাপন হইয়াছে গবর্ণমেণ্টের তাহা দখল করিবার কথা।]

৫ ধারা। সর্ব্ব সাধারণের হিতাহিতজনক কোন প্রকতর ব্যাপার ঘটিলে, উক্ত দেশের মধ্যে অনুমতিপত্রক্রমে যে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন হইয়াছে এমত কোন টেলিগ্রাফ, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিঞ্চিৎকালের নিমিত্তে দখল করিতে পারিবেন ইতি।

[রেলরোড কোম্পানির জমীতে গবর্ণমেণ্টের টেলিগ্রাফ স্থাপন করিবার ক্ষমতার কথা।]

৬ ধারা। কোন রেলরোড কোম্পানিকে যদি হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আদেশ হয়, তবে সেই কোম্পানি আপনারদের জমীতে রেলরোডের কাছে ইলেকট্রিক টেলিগ্রাফের তার বসাইবার অনুমতি গবর্ণমেণ্টকে দিবেন, ও সেই টেলিগ্রাফ স্থাপন করিবার ও তাহার কার্য্য চলিবার উপযুক্তমতে সাহায্য করিবেন ইতি।

[গবর্ণমেণ্টের টেলিগ্রাফের কার্য্য চালাইবার বিধি হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরহইতে করা যাইবার কথা।]

৭ ধারা। গবর্ণমেণ্টের দ্বারা যে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন হয়, তাহার কার্য্য চালাইবার বিধি হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সময়েং করিতে পারিবেন, কেবল সেই বিধি এই আইনের অসঙ্গত না হয়। ও যে নিয়মমতে সম্বাদ ও সিগ্নাল (অর্থাৎ শব্দবোধক চিহ্ন) ঐ টেলিগ্রাফের দ্বারা পাঠান যাইবেক, তাহার বিধান ও নিয়ম ও নিষেধ করিতে পারিবেন ইতি।

[ক্ষতির কি নোকসানের জন্যে গবর্ণমেণ্টের দায়ী না হইবার কথা।]

৮ ধারা। ইলেকট্রিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের নিযুক্ত কোন ব্যক্তিকে কিছু সম্বাদ স্থানান্তরে পাঠাইতে দেওয়া গেলে, সেই লোক ঐ সম্বাদ যথার্থমতে না পাঠাইবাতে যদি কিছু ক্ষতি কি নোকসান হয়, তবে তাহার নিমিত্তে গবর্ণমেণ্ট দায়ী হইবেন না। ও সেই লোকও তদ্রূপ কোন ক্ষতির কি নোকসা-

responsible for any such loss or damage, unless he shall cause the same negligently, maliciously, or fraudulently.

[Penalty for intruding into signal room, &c.]

IX. Whoever shall, without permission, enter into the signal room of a Government Telegraph Office, or shall refuse to quit the same on being requested to do so by any Officer or servant employed therein, or shall wilfully obstruct or impede any such Officer or servant in the performance of his duty, shall be liable to a fine not exceeding one hundred Rupees.

[Penalties for cutting the line.]

X. Whoever shall wilfully cause or attempt to cause any interruption to the transmission of signals along a line of Electric Telegraph established by the Government, by cutting or injuring the wire, or by injuring any portion of the line or posts or any instrument or apparatus, or by any other means, shall be liable to imprisonment, with or without hard labor, for a term not exceeding two years, or to fine, or to both.

[Penalties for omitting to transmit or deliver messages or for divulging messages, &c.]

XI. Whoever, being in the employ of the Government in the Electric Telegraph Department, shall wilfully secrete, make away with, alter, or omit to transmit any message which he may have received for transmission or delivery, or shall wilfully or otherwise than by the Official order of a Secretary to the Government of India, or Government of Madras or Bombay, or Lieutenant Governor of Bengal or of the North-Western Provinces, or of the Punjab, or Chief Commissioner of Oude, or such other Officers as the Governor General of India in Council shall authorize to give such order, divulge any message or the purport of any message or signal to any person not entitled to receive, or to become acquainted with the same—shall be liable to be imprisoned, with or without hard labor, for a term not exceeding two years, or to fine, or to both.

[Penalty for offering a bribe.]

XII. Whoever offers a bribe to any person in the employ of the Government in the Electric Telegraph Department in order to induce such person to act in a manner inconsistent with his duty, shall be liable to be imprisoned for a term not exceeding six months, or to fine, or to both.

[Penalty for misconduct.]

XIII. Whoever, being in such employ, shall be guilty of any act of drunkenness, carelessness, or other misconduct, whereby the transmission or delivery of any message shall be endangered, or who shall loiter or make delay in the transmission or delivery of any message, shall be liable to imprisonment, with or without hard labor, for a term not exceeding three months, or to a fine not exceeding one hundred Rupees, or to both.

[*Government Gazette*, *3rd April*, 1860.]

নের নিমিত্তে দায়ী হইবেক না, কেবল যদি তাহার অমনোযোগে কি ঈর্ষ্যাতে কি প্রতারণাতে ঐ ক্ষতি হয় তবে দায়ী হইবেক ইতি।

[সিগনালের ঘরপ্রভৃতিতে ঢুকিবার দণ্ডের কথা।]

৯ ধারা। গবর্ণমেণ্টের টেলিগ্রাফ আফিসের কোন সিগনালের ঘরে (অর্থাৎ যে ঘরে যন্ত্র চালান যায় সেই ঘরে) যদি কেহ অনুমতি না পাইয়া ঢুকে, কিম্বা সেই ঘরের কর্ম্মে নিযুক্ত কোন কার্য্যকারক কি চাকর তাহাকে বাহিরে যাইতে কহিলে যদি সে না যায়, কিম্বা তদ্রূপ কোন কার্য্যকারকের কি চাকরের কর্ম্মের জানিয়াশুনিয়া কিছু আটক কি বাধা করে, তবে তাহার এক শত টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[তার কাটিবার দণ্ড।]

১০ ধারা। যদি কোন লোক তার কাটিয়া কি নোকসান করিয়া কিম্বা তারের কোন অংশ কি থামের কি কোন যন্ত্রের কি সরঞ্জামের নোকসান করিয়া, কি অন্য কোন কার্য্য করিয়া গবর্ণমেণ্টের স্থাপিত ইলেকট্রিক টেলিগ্রাফের দ্বারা সম্বাদ পাঠাইবার কিছু বাধা জানিয়াশুনিয়া করে কি করিবার উদ্যোগ করে, তবে সে কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানা, কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[সম্বাদ না পাঠাইবার কি পঁহুছাইয়া না দিবার ও সম্বাদ প্রকাশ করিবার দণ্ডের কথা।]

১১ ধারা। ইলেকট্রিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টে সরকারী কর্ম্মে নিযুক্ত কোন লোক যদি কোন স্থানে পাঠাইবার কি পঁহুছাইবার নিমিত্তে কিছু সম্বাদ পাইয়া তাহা জানিয়াশুনিয়া লুকাইয়া রাখে, কি নষ্ট করে, কি বদল করে, কি না পাঠায়, কিম্বা ঐ সম্বাদ যে লোকের পাইবার কি জ্ঞাত হইবার অধিকার নাই, এমত কোন ব্যক্তিকে যদি সেই লোক ইচ্ছামতে, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের, কিম্বা বাঙ্গলা দেশের কি উত্তর-পশ্চিম দেশের কি পঞ্জাবের লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের, কিম্বা অযোধ্যার প্রধান কমিস্যনর সাহেবের পদ সংক্রান্ত হুকুম না পাইয়া, কিম্বা হজুর কোন্সলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অন্য যে কার্য্যকারকদিগকে হুকুম করিবার ক্ষমতা দেন তাঁহারদের স্থানে হুকুম না পাইয়া, কোন সম্বাদ কি কোন সম্বাদের মর্ম্ম কিম্বা যন্ত্র দ্বারা শব্দবোধক চিহ্নের মর্ম্ম প্রকাশ করে, তবে সে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[ঘুষ দিতে চাহিবার দণ্ডের কথা।]

১২ ধারা। ইলেকট্রিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টে সরকারী কর্ম্মে নিযুক্ত কোন লোকের যেরূপে কর্ম্ম করিতে হয় তাহা অসঙ্গতরূপে করিতে লওয়াইবার জন্যে যদি কোন লোক তাহাকে ঘুষ দিতে চাহে, তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানা, কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি

[অসদাচারের দণ্ডের কথা।]

১৩ ধারা। যদি কোন লোক ঐ কর্ম্মে নিযুক্ত থাকিয়া মাতলামী করে, কি অমনোযোগ কি অন্যমতের অসদাচার করিয়া কোন সম্বাদ পাঠাইবার কি পঁহুছাইবার হানি জন্মায়, কিম্বা কোন সম্বাদ পাঠাইতে কি পঁহুছাইতে গাফলতী কি বিলম্ব করে, তবে [illegible]পর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা, কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[Penalties for sending messages without payment to Government.]

XIV. Whoever, being in such employ, shall transmit by the Electric Telegraph any message upon which the prescribed charge has not been paid, intending thereby to defraud the Government, shall be liable to be imprisoned, with or without hard labor, for a term not exceeding two years, or to fine, or to both.

[Penalties for sending fabricated message.]

XV. Whoever shall transmit or cause to be transmitted by an Electric Telegraph established by Government a message which he knows to be false or fabricated, shall be liable to be imprisoned, with or without hard labor, for a term not exceeding two years, or to fine, or to both.

[Jurisdiction beyond local limits of Supreme Court.]

XVI. Any person not being a European British subject, who shall, beyond the local limits of the jurisdiction of a Court of Judicature established by Royal Charter, commit any of the offences mentioned in Sections X., XI., XII., XIII., XIV., and XV. of this Act, shall be punishable upon conviction by any Magistrate within whose jurisdiction the offence shall be committed. If any such offence be committed beyond the said local limits by a European British subject, the offender shall be punishable upon conviction before a Court of Judicature established by Royal Charter.

[Jurisdiction within local limits of Supreme Court.]

XVII. Any person, whether a European British subject or not, who shall, within the local limits of the jurisdiction of a Court of Judicature established by Royal Charter, commit any of the offences referred to in the last preceding Section, shall be punishable upon conviction before such Court.

[Fines how to be adjudged.]

XVIII. Any person, whether a European British subject or not, who shall be guilty of any offence, for which, according to the provisions of this Act, he shall be liable to a fine only, shall be punishable for such offence by any Magistrate of Police, for any of the Presidency Towns of Calcutta, Madras, and Bombay, or for the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, Magistrate, Joint Magistrate, or person lawfully exercising the powers of a Magistrate, within whose jurisdiction the offence shall be committed; and any person hereby made punishable by a Magistrate of Police, shall be punishable upon summary conviction.

[Fines how levied. Imprisonment if no sufficient distress, &c.]

XIX. All fines imposed under the authority of [illegible] for offences punishable by fine only, by any Police Magistrate, Magistrate, Joint Magistrate, or person lawfully exercising the powers of a Ma-

[গবর্ণমেণ্টে খরচ না দিয়া সম্বাদ পাঠাইবার দণ্ড।]

১৪ ধারা। ইলেকট্রিক টেলিগ্রাফের দ্বারা কোন সম্বাদ পাঠাইবার যত খরচ নির্দ্দিষ্ট হইয়াছে সেই খরচ না দেওয়া গেলেও গবর্ণমেণ্টকে ঠকাইবার মানসে, যদি সেই কর্ম্মে নিযুক্ত কোন লোক সম্বাদ পাঠায়, তবে সে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[কল্পিত সম্বাদ পাঠাইবার দণ্ডের কথা।]

১৫ ধারা। যদি কোন লোক গবর্ণমেণ্টের স্থাপিত ইলেকট্রিক টেলিগ্রাফের দ্বারা কোন সম্বাদ মিথ্যা কি কল্পিত জানিয়া প্রেরণ করে কি করায়, তবে সে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[সুপ্রিম কোর্টের এলাকার সীমার বাহিরের ক্ষমতার কথা।]

১৬ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হইয়া কোন লোক যদি রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত আদালতের এলাকার সীমাসরহদ্দের বাহিরে, এই আইনের ১০ ও ১১ ও ১২ ও ১৩ ও ১৪ ও ১৫ ধারার লিখিত কোন অপরাধ করে, তবে তাহা সাবুদ হইলে যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে ঐ অপরাধ করা যায় তাঁহার দ্বারা তাহার দণ্ড হইতে পারিবেক। ইউরোপীয় ব্রিটনীয় কোন প্রজা যদি উক্ত এলাকার সীমার বাহিরে উক্ত প্রকারের কোন দোষ করে, তবে রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালতের সম্মুখে ঐ অপরাধির দোষ সাবুদ হইলে তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[সুপ্রিম কোর্টের এলাকার সীমার মধ্যের ক্ষমতার কথা।]

১৭ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে কি না হইলে, যদি কোন লোক রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত কোন আদালতের এলাকার সীমাসরহদ্দের মধ্যে ইহার পূর্ব্বের ধারার লিখিত কোন অপরাধ করে, তবে ঐ আদালতের সম্মুখে তাহার অপরাধ সাবুদ হইলে তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[জরীমানার হুকুম যে প্রকারে হইবেক তাহার কথা।]

১৮ ধারা। এই আইনের বিধানমতে যে অপরাধের কেবল জরীমানা করিয়া দণ্ড করিতে হয়, এমত কোন অপরাধ ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে কি না হইলে যে কেহ করে, তাহার সেই অপরাধের দণ্ড কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর প্রধান নগরের, কিম্বা পুলুপিনাঙ্গ কি সিংহপুর কি মলাকা বসতি স্থানের পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা আইনঅনুসারে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি অন্য লোকের আজ্ঞামতে, অর্থাৎ যাঁহার এলাকার সীমার মধ্যে ঐ অপরাধ করা যায় তাঁহার আজ্ঞামতে হইতে পারিবেক। ও এই আইনমতে যাহারদের দণ্ড পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে হইতে পারে, তাহারদের সেই দণ্ড সরাসরী বিচারমতে হইতে পারিবেক ইতি।

[জরীমানার টাকা যেরূপে আদায় হইতে পারিবেক তাহার কথা, ও ক্রোকের দ্বারা উপযুক্ত টাকা আদায় হইতে না পারিলে কয়েদ হইবার কথা।]

১৯ ধারা। কেবল জরীমানা করিয়া যে অপরাধের দণ্ড পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবের কি কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতামতে

gistrate, may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods and chattels of the offender, by warrant under the hand of any of the above-named Officers, and in case any such fine shall not be forthwith paid, any such Officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless such party shall give security to the satisfaction of such Officer for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress, and such Officer may take such security by way of recognizance or otherwise, and if, upon the return of such warrant, it shall appear that no sufficient distress can be had whereon to levy such fine, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Officer, by the confession of the party or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such fine or sum of money could be levied if a warrant of distress were issued, any such Officer, by warrant under his hand, may commit the offender to prison, there to be imprisoned only or to be imprisoned and kept to hard labor, according to the discretion of such Officer, for any term not exceeding two calendar months where the amount of the fine shall not exceed fifty Rupees, and for any term not exceeding four calendar months where the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six months in any other case; the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Authority to punish Government Servants who commit offences against this Act in Foreign territory.]

XX. If any Servant of the Government, employed in the Electric Telegraph Department within the dominions of any Foreign Prince or State in alliance with the Government of India in which an Electric Telegraph is established by the Government, shall within the dominions of such Prince or State commit any act hereby prohibited or omit to do any act hereby required to be done by any person similarly employed within the British territories in India, such Servant of the Government shall be guilty of an offence, and on conviction thereof shall be punished in the same manner as if such act had been done or omitted within the said last mentioned territories; and every such person may be tried, convicted, and punished either by fine or otherwise, according to the nature of the offence, by any Court or Officer duly empowered by the Governor General of India in Council to take cognizance of offences committed in such dominions by Servants of the

[*Government Gazette, 3rd April,* 1860.]

কার্য্যকারি কোন লোকের আজ্ঞামতে হইতে পারে. তাহার মধ্যে যে সকল জরীমানার হুকুম এই আইনের শক্তিক্রমে করা যায়, সেই জরীমানার টাকা যদি না দেওয়া যায়, তবে পূর্ব্বোক্ত কোন কার্য্যকারকের দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধির মাল ও জিনিসপত্র ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় হইতে পারিবেক। ও যদি তদ্রূপ কোন জরীমানার টাকা অব্যাজে না দেওয়া যায়, তবে সেই ক্রোকের পরওয়ানার রিটর্ণ যত কাল অনায়াসে হইতে না পারে, তত কাল উক্ত কোন কার্য্যকারক সাহেব ঐ অপরাধিকে গ্রেপ্তার করিয়া উপযুক্ত নেগাহবানীক্রমে হাজতে রাখিবার হুকুম করিতে পারিবেন। কিন্তু সেই ক্রোকের পরওয়ানার রিটর্ণ হইবার যে সময় ও স্থান নিরূপণ করা যায় সেই সময়ে ও স্থানে হাজির হইবার জামিন ঐ অপরাধী ঐ কার্য্যকারক সাহেবের খাতিরজমামতে দিলে, তাহাকে হাজতে রাখিতে হইবেক না। সেই কার্য্যকারক সাহেব রিকাগনিজান্স অর্থাৎ প্রতিজ্ঞাপত্রস্বরূপে কি অন্য প্রকারে সেই জামিনী লইতে পারিবেন। ও সেই পরওয়ানার রিটর্ণ হইলে, যদি দৃষ্ট হয় যে ঐ জরীমানার টাকা আদায় করিবার উপযুক্ত দ্রব্য ক্রোক করিতে পাওয়া যায় না, ও সেই টাকা যদি তখনি দেওয়া যায় না, অথবা সেই অপরাধির স্বীকারমতে কিম্বা অন্য প্রকারে যদি ঐ কার্য্যকারক সাহেব খাতিরজমামতে জানিতে পান যে ক্রোকের পরওয়ানা জারী হইলে ঐ জরীমানা কি টাকা যাহাতে আদায় হইতে পারে অপরাধির এত মাল ও দ্রব্য নাই, তবে তদ্রূপ কোন কার্য্যকারক সাহেব আপনার স্বাক্ষরকরা পরওয়ানাক্রমে ঐ অপরাধিকে কয়েদ করাইতে পারিবেন, অর্থাৎ জরীমানা পঞ্চাশ টাকার অধিক না হইলে ইঙ্গরেজী হিসাবমতের দুই মাসের অনধিক কালপর্য্যন্ত, কিম্বা জরীমানা এক শত টাকার অধিক না হইলে ইঙ্গরেজী হিসাবমতের চারি মাসের অনধিক কালপর্য্যন্ত, ও অন্য কোন স্থলে ইঙ্গরেজী হিসাবমতের ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত, ঐ কার্য্যকারক সাহেবের বিবেচনামতে, আসামীকে কেবল কয়েদ করিবার, কিম্বা কয়েদ ও কঠিন পরিশ্রম করিবার হুকুম করিতে পারিবেন। উক্ত প্রত্যেক স্থলে জরীমানার টাকা দেওয়া গেলেই আসামীকে ছাড়িয়া দেওয়া যাইবেক ইতি।

[সরকারের কার্য্যকারকেরা বিদেশে এই আইন লঙ্ঘন করিয়া অপরাধ করিলে তাহারদের দণ্ড করিবার ক্ষমতার কথা।]

২০ ধারা। ভারতবর্ষের গবর্ণমেণ্টের সঙ্গে সন্ধিবদ্ধ কোন বিদেশীয় রাজার রাজ্যের কিম্বা কোন বিদেশের মধ্যে গবর্ণমেণ্টের দ্বারা ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন হইলে, ভারতবর্ষের ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে ঐ কর্ম্মে নিযুক্ত কোন লোকের যে কার্য্য করিতে আজ্ঞা হয় কি নিষেধ হয় ইলেকট্রিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টে নিযুক্ত গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক যদি সেই রাজার রাজ্যের মধ্যে কি সেই বিদেশে এই আইনের নিষিদ্ধ তদ্রূপ কোন কার্য্য করে, কিম্বা এই আইনেতে যে কার্য্য করিবার আজ্ঞা হয় তাহা না করে, তবে গবর্ণমেণ্টের ঐ কার্য্যকারক অপরাধের দোষী হইবেক, ও সেই অপরাধ সাবুদ হইলে, ব্রিটনীয়েরদের অধিকৃত উক্ত দেশের মধ্যে সেই নিষিদ্ধ কার্য্য করিলে, কিম্বা সেই আজ্ঞাকরা কার্য্য না করিলে তাহার যে দণ্ড হইতে পারিত, সেই দণ্ড হইতে পারিবেক। ও গবর্ণমেণ্টের চাকরেরা সেই বিদেশের মধ্যে যে অপরাধ করে তাহার বিচার করিবার জন্যে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে [illegible] জজকে কি কার্য্যকারককে উচিতমতে ক্ষমতা দেন, তাঁ

Government, or by any Court or Magistrate or other competent Officer in any part of the British territories in India in the same manner as if the offence had been committed in such part of the said territories.

[Explanation of terms.]

XXI The word "Magistrate" in this Act shall include Joint Magistrates and persons lawfully exercising the powers of Magistrates, and the word "Fine" shall include a penalty or forfeiture.

[Government to frame rules for Telegraphs established by license. And to declare Act applicable to Telegraphs established within British Territories by Foreign Powers.]

XXII. It shall be lawful for the Governor General in Council to frame rules for the conduct of any Electric Telegraph established by license under this Act, and to declare from time to time what portions of this Act shall be applicable to such Telegraph and to persons using the same, or employed in connexion therewith. It shall also be lawful for the Governor General in Council to declare from time to time that this Act, or such portions thereof as may be specified, shall be applicable to any Electric Telegraph established or to be established within the British Territories in India by any Foreign Prince or State with the consent of the British Government, and to persons using such Telegraph or employed in connexion therewith.

M. WYLIE,
Clerk of the Council.

THE 24TH MARCH 1860.

THE following Act passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 12th March 1860 (communicated to the Legislative Council on the 24th idem), and is hereby promulgated for general information :—

ACT No. IX. OF 1860.

An Act to make provision for the speedy determination of certain disputes between workmen engaged in Railway and other public works and their employers.

[Preamble.]

WHEREAS it is expedient to make provision for the speedy determination of certain disputes between workmen engaged in Railway and other public works and their employers ; It is enacted as follows :—

[Government may empower any Magistrate to decide disputes as to wages or price of work.]

I. It shall be lawful for the Executive Govern-

হার দ্বারা, কিম্বা ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের কোন স্থানে সেই অপরাধ হইবার মতে ঐ দেশের কোন স্থানের কোন আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেবের দ্বারা ঐ অপরাধির বিচার হইতে পারিবেক, ও তাহার দোষ সাবুদ হইয়া অপরাধের ভাবানুসারে জরীমানা করিয়া কি অন্য প্রকারে তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[শব্দের অর্থ করিবার ধারা।]

২১ ধারা। এই আইনেতে "মাজিষ্ট্রেট" এই শব্দেতে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবদিগকে ও অন্য যে সকল লোক আইনমতে মাজিষ্ট্রেটেরদের ক্ষমতাক্রমে কার্য্য করেন তাঁহারদিগকেও বুঝায়। ও "জরীমানা" এই শব্দেতে অর্থদণ্ড কি জব্দকরণও বুঝায় ইতি।

[অনুমতিপত্রক্রমে যে টেলিগ্রাফ স্থাপন হয় তাহার বিধি গবর্ণমেণ্টের করিবার কথা ও বিদেশীয় লোক ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে যে টেলিগ্রাফ করে তাহার উপর এই আইন খাটিবার আজ্ঞা করিবার কথা।]

২২ ধারা। এই আইনমতে অনুমতিপত্র পাইয়া যে কোন ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন হয় তাহার কার্য্য চালাইবার বিধি শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে করিতে পারিবেন, ও সেই টেলিগ্রাফের উপর ও তাহা লইয়া যে লোকেরা কার্য্য করে কিম্বা তাহার সম্পর্কে যে লোকেরা নিযুক্ত থাকে তাহারদের উপর এই আইনের যে২ অংশ খাটিবেক তাহারও সময়ে২ আজ্ঞা করিতে পারিবেন। আরো বিদেশীয় কোন রাজা কিম্বা কর্তৃত্বকারি লোকেরা ব্রিটনীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে যে কোন ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করিয়াছেন কি করেন, তাহার উপর, ও সেই২ টেলিগ্রাফের ব্যবহার যে লোকেরা করে কিম্বা তাহার সম্পর্কে যাহারা কর্ম্ম করে তাহারদের উপর এই আইন খাটিবে, কিম্বা এই আইনের কোন নির্দ্দিষ্ট অংশ খাটিবে, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সময়ে২ এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৪ মার্চ।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মঞ্জুর করা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ১২ মার্চ তারিখে সম্মত হইয়া ঐ মাসের ২৪ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে স্বীয় সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৯ আইন।

রেলরোডে ও সরকারী অন্য কর্ম্মেতে যাহারা খাটে, তাহারদের মুনিবেরদের সঙ্গে ঐ কর্ম্মকারিরদের কোন২ বিবাদ ত্বরায় নিষ্পত্তি করিবার বিধান করণের আইন।

[হেতুবাদ]

রেলরোডে ও সরকারী অন্য কর্ম্মেতে যে লোকেরা কর্ম্ম করে, তাহারদের মুনিবেরদের সঙ্গে ঐ কর্ম্মকারিরদের যে২ বিবাদ হইয়া থাকে তাহার মধ্যে কতক বিবাদ ত্বরায় নিষ্পত্তি করিবার বিধান করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[বেতনের কি মেহনতানার বিবাদ নিষ্পত্তি করিতে মাজিষ্ট্রেট সাহেবকে গবর্ণমেণ্টের ক্ষমতা দিতে পারিবার কথা।]

১ ধারা। পারলিমেণ্ট, কিম্বা ভারতবর্ষে ব্রিটনীয়ের-

ment of any Presidency or place within the British Territories in India to invest any Magistrate or other Officer exercising the powers of a Magistrate with power to enquire into and decide disputes on account of wages, hire of carriage, or the price of work, between any workmen employed in the construction of any Railway, Canal, or other public work, the construction of which is or shall be sanctioned by Parliament or by any such Executive Government, and the person or persons by whom such workmen are employed.

[Magistrates to have jurisdiction in what cases.]

II. Magistrates empowered to decide disputes under the preceding Section shall have jurisdiction only in case the amount in dispute shall not exceed the sum of two hundred Rupees, and the claim is preferred within six months from the date on which the cause of action arose.

[Government to fix and alter local limits of jurisdiction.]

III. The Executive Government shall fix, and may, from time to time, alter the local limits of the jurisdiction of any Magistrate invested with jurisdiction under Section I. of this Act. A Magistrate so invested may hold a Court for the investigation of disputes of the nature described in the said Section, at any place within the local limits of his jurisdiction.

[Procedure in the investigation of disputes.]

IV. The rules for the institution of suits as provided in Act VIII. of 1859 (*for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter*) shall, as far as circumstances will allow, be followed in the investigation of disputes under the preceding Sections, and the procedure adopted shall be that provided for cases in which the suit may be disposed of at the first hearing.

[No appeal.]

V. There shall be no appeal against any decision passed under this Act.

[Order for payment. Distress.]

VI. The Magistrate having heard and decided the case shall make an order for the payment of such sum of money (if any) as shall appear to him to be justly due: and if the person ordered to pay shall make default in the payment of such sum immediately or within such time as the Magistrate shall direct, the Magistrate shall issue his warrant to levy the money by distress and sale of the goods and chattels of the defaulter.

[Property distrained.]

VII. If any question shall arise whether any goods or chattels seized under the warrant of distress belong to the defaulter, or are liable to be distrained and sold as aforesaid, the same shall be determined in the manner provided by the said Act

[*Government Gazette*, 3rd *April*, 1860.]

দের অধিকৃত দেশের অন্তর্গত কোন রাজধানীর কি স্থানের কর্তৃত্ত কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যে কোন রেল-রোড কি খাল কি সরকারী অন্য কর্ম্ম করিতে অনুমতি দিয়াছেন কি দেন, তাহার কর্ম্মেতে যে লোকেরা খাটে, তাহারদের মুনিবের কি মুনিবেরদের সঙ্গে বেতনের কি বহনীর ভাড়ার কি মেহনতানার কথা লইয়া তাহারদের যে বিবাদ হয়, তাহার তদন্ত লইয়া নিষ্পত্তি করিতে, ঐ কর্তৃত্ত কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট কোন মাজিষ্ট্রেট সাহেবকে কি মাজিষ্ট্রেটের শক্তিক্রমে কর্ম্মকারি অন্য কার্য্যকারককে ক্ষমতা দিতে পারিবেন ইতি।

[যে২ স্থলে মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে তাহার কথা।]

২ ধারা। ইহার পূর্ব্বের ধারামতের বিবাদ নিষ্পত্তি করিবার ক্ষমতা যে মাজিষ্ট্রেট সাহেবদিগকে দেওয়া যায়, তাঁহারদের এই২ স্থলে এলাকা থাকিবে, অর্থাৎ বিবাদ যদি দুই শত টাকার অধিকের বিষয়ে না হয়, ও নালিশের কারণ যে তারিখে হইয়াছিল সেই তারিখ অবধি যদি ছয় মাসের মধ্যে ঐ দাবীর নালিশ করা যায়, তবে তাঁহারদের এলাকা থাকিবে, নতুবা নয় ইতি।

[এলাকার সীমাসরহদ্দ গবর্ণমেণ্টের নির্দ্ধার্য্য করিবার ও পরিবর্ত্তন করিবার কথা।]

৩ ধারা। এই আইনের ১ ধারামতে যে কোন মাজিষ্ট্রেট সাহেবকে ক্ষমতা দেওয়া যায় তাঁহার এলাকার সীমাসরহদ্দ, কর্তৃত্ত কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট নির্দ্ধার্য্য করিবেন, ও সময়ে২ তাহার পরিবর্ত্তন করিতে পারিবেন। সেই প্রকারের ক্ষমতাপ্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেব ঐ ধারার লিখিত প্রকারের বিবাদ তদন্ত করিবার জন্যে আপনার এলাকার সীমাসরহদ্দের মধ্যের কোন স্থানে কাছারী করিতে পারিবেন ইতি।

[বিবাদের তদন্ত করিবার কালে যেরূপে কার্য্য করিতে হইবেক তাহার কথা।]

৪ ধারা। ইহার পূর্ব্বের ম'না ধারামতের বিবাদের তদন্ত যখন হয়, তখন ১৮৫৯ সালের ৮ আইনেতে, (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার যে২ আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইনেতে) মোকদ্দমা উপস্থিত করিবার যে বিধি আছে, তাবগতিক বুঝিয়া যেপর্য্যন্ত হইতে পারিবে সেইপর্য্যন্ত ঐ বিধিমতে কার্য্য হইবেক ও যে স্থলে মোকদ্দমা প্রথমবার শুনিবার সময়ে নিষ্পত্তি হইতে পারে সেই স্থলের যে বিধি আছে, ঐ তদন্ত করিবার কার্য্যের নিয়ম সেই বিধিমতে হইবেক ইতি।

[আপীল না হইবার কথা।]

৫ ধারা। এই আইনমতে যে কোন নিষ্পত্তি হয় তাহার উপর আপীল হইতে পারিবেক না ইতি।

[টাকা দিবার হুকুমের কথা ও ক্রোক করিবার কথা।]

৬ ধারা। মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করিলে, যদি দেখিতে পান যে, কিছু টাকা ন্যায্য-মতে দেনা আছে, তবে তাহা দিবার হুকুম করিবেন। ও যাহার সেই টাকা দিবার হুকুম হয়, সেই লোক তৎক্ষণাৎ, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব যে মিয়াদ দেন সেই মিয়াদের মধ্যে যদি ঐ টাকা না দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ বাকীদারের মাল ও জিনিসপত্র ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা উসুল করিবার পরওয়ানা জারী করিবেন ইতি।

[ক্রোককরা দ্রব্যের কথা।]

৭ ধারা। ঐ ক্রোকী পরওয়ানামতে যে কোন মাল কি জিনিসপত্র ক্রোক করা যায় তাহা ঐ বাকীদারের দ্রব্য বটে কি না, কিম্বা সেই দ্রব্য পূর্ব্বোক্তমতে ক্রোক ও নীলাম হইবার যোগ্য কি না, এইরূপ কোন আপত্তি যদি করা যায়, তবে ডিক্রীজারী করিবার কালে সেই

VIII. of 1859 for the determination of the like questions arising in the execution of decrees.

[Penalty for workmen neglecting or refusing to work.]

VIII. Any person who shall voluntarily engage for a stipulated period to work on any Railway, Canal, or other public work, the construction of which is or shall be sanctioned in the manner specified in Section I. of this Act, or to execute any specific work in connection with such public work, and who shall wilfully and without lawful or reasonable excuse neglect or refuse to perform the work so stipulated for, shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding twenty Rupees. The Magistrate may, at the request of the complainant or of any one authorized to act on his behalf, instead of fining such person, order him to perform or get performed the work according to the terms of his contract or engagement; and if he shall fail to comply with the order, the Magistrate may, upon proof to his satisfaction of such non-compliance, sentence such person to be imprisoned with or without hard labor for any term not exceeding two months.

[Operation of Act.]

IX. This Act shall take effect only in those districts or places to which it shall be extended by order of the Governor General of India in Council, or of the Executive Government of any Presidency or place.

M. WYLIE,
Clerk of the Council.

THE 24TH MARCH 1860

THE following Act passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 12th March 1860 (communicated to the Legislative Council on the 24th idem), and is hereby promulgated for general information:—

ACT No. X. OF 1860.

An Act to amend Act VII. of 1859 (to alter the Duties of Customs on goods imported or exported by Sea.)

[Preamble]

WHEREAS it is expedient to amend the law relating to Customs Duties, it is enacted as follows:—

[Customs Duties to be levied as prescribed in the Schedules annexed to this Act. Proviso.]

I. From and after the 18th day of February 1860, in lieu of the Customs Duties authorized to be charged in Acts VII. of 1859 *(to alter the Duties of Customs on goods imported or exported by Sea)* and XXIII. of 1859 *(to alter the rates of duty on goods imported or exported by land from certain Foreign Territories into or from the Presidencies of Madras and Bombay respectively)*, there shall be levied and collected the Duties as contained in the two Schedules A and B annexed to this Act; pro-

প্রকারের আপত্তি হইলে তাহার নিষ্পত্তি করিবার যে বিধি ১৮৫৯ সালের উক্ত ৮ আইনেতে আছে সেই বিধিমতে ঐ আপত্তিরও নিষ্পত্তি হইবেক ইতি।

[কর্ম্মকারকেরা কর্ম্ম করিতে শৈথিল্য করিলে কি স্বীকার না করিলে তাহারদের দণ্ডের কথা।]

৮ ধারা। এই আইনের ১ ধারার লিখনমতে যে কোন রেলরোড কি খাল কি সরকারী অন্য কর্ম্ম করিবার অনুমতি হইয়াছে কি হয়, সেই কর্ম্মেতে যদি কোন লোক নিরূপিত কালের নিমিত্তে খাটিতে, কিম্বা ঐ সরকারী কর্ম্মসম্পর্কীয় বিশেষ কোন কার্য্য করিতে স্বেচ্ছামতে করার করে, ও যে কর্ম্ম করিতে করার করিল তাহা করিতে যদি পরে জানিয়াশুনিয়া কিম্বা আইনসিদ্ধ কি উপযুক্ত ওজর না থাকিতেও শৈথিল্য করে, কি স্বীকার না করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ দোষ সাব্যস্ত হইলে, ঐ লোকের বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। ফরিয়াদীর, কিম্বা তাহার পক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন কোন লোকের প্রার্থনা হইলে, মাজিষ্ট্রেট সাহেব ঐ লোকের জরীমানা না করিয়া তাহাকে আপন করারের কি চুক্তির নিয়মমতে ঐ কর্ম্ম করিয়া কি করাইয়া দিতে হুকুম করিতে পারিবেন। যদি সেই হুকুমমতে কর্ম্ম করিতে ত্রুটি করে, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহার সেই ত্রুটির প্রমাণ খাতিরজমামতে পাইলে, তাহার দুই মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইয়া পরিশ্রম করিবার কি বিনাপরিশ্রমে কয়েদ হইবার হুকুম করিতে পারিবেন ইতি।

[এই আইন চলন হইবার কথা।]

৯ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের হুকুমমতে এই আইন যে২ জিলাতে কি স্থানে খাটান যায়, কেবল সেই২ জিলাতে কি স্থানে খাটিবে ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৪ মার্চ।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মঞ্জুরকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ১২ মার্চ তারিখে সম্মত হইয়া ঐ মাসের ২৪ তারিখে আপনার সম্মতি ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে জ্ঞাত করেন। এইক্ষণে ঐ আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ১০ আইন।

১৮৫৯ সালের ৭ আইন, অর্থাৎ "সমুদ্রপথে আমদানী কি রফ্তানীহওয়া মালের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার আইন" সংশোধনের আইন।

[হেতুবাদ।]

কষ্টমের মাসুলের আইন সংশোধন করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[এই আইনের শেষে যে তফসীল দেওয়া যায় তাহার লিখনমতে মাসুল আদায় হইবার কথা ও বর্জ্জিত কথা।]

১ ধারা। ১৮৫৯ সালের ৭ আইনেতে (অর্থাৎ সমুদ্রপথে আমদানী কি রফ্তানীহওয়া মালের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার আইনেতে) ও ১৮৫৯ সালের ২৩ আইনেতে (অর্থাৎ কোন২ বিদেশহইতে যে সকল মাল স্থলপথে বোম্বাই ও মান্দ্রাজ রাজধানীতে আমদানী ও রফ্তানী হয় তাহার মাসুলের হার পরিবর্ত্তন করিবার আইনেতে) কষ্টমের যত মাসুল লইবার হুকুম হয় তাহার পরিবর্ত্তে ১৮৬০ সালের ফেব্রুআরি মাসের ১৮ তারিখঅবধি এই আইনের A ও B চিহ্নিত তফসীলের লিখনমতে মাসুল বসান যাইবে ও উসুল হইবেক। কিন্ত নিমকের ও আফীমের যে মাসুল এখন আছে তা-

vided always that nothing herein contained shall be deemed to alter the existing Duties upon Salt and Opium, or to authorise the levy of Duties in any free Port, or to affect the provisions of Acts VI. of 1848 (*for equalizing the Duties on goods imported and exported on Foreign and British Bottoms, and for abolishing Duties on goods carried from Port to Port in the Territories subject to the Government of the East India Company*) and VII. of 1848 (*to except certain free Ports from the operation of Section III. Act No. VI. of 1848, and otherwise to amend that Act.*)

হার পরিবর্ত্তন হইল, কিম্বা যেং বন্দরে মাসুল লাগে না সেইং বন্দরে মাসুল আদায় করিবার হুকুম হইল এই আইনের কোন কথাতে এমত জ্ঞান করিতে হইবেক না। আরো ১৮৪৮ সালের ৬ আইনের (অর্থাৎ ভিন্নাধিকার দেশীয় এবং ব্রিটনীয় জাহাজের দ্বারা আমদানী ও রপ্তানীহওয়া দ্রব্যের মাসুল তুল্য করণের এবং কোম্পানি বাহাদুরের শাসিত দেশের এক বন্দরহইতে অন্য বন্দরে রপ্তহওয়া দ্রব্যের মাসুল রহিত করণের আইনের) যে বিধান আছে, ও ১৮৪৮ সালের ৭ আইনের (অর্থাৎ ১৮৪৮ সালের ৬ আইনের ৩ ধারা কতকং বেমাসুলী বন্দরে চলন না হওনের এবং অন্য প্রকারে সেই আইন সংশোধনের আইনের) যেং বিধান আছে তাহার কিছু হ্রাসবৃদ্ধি এই আইনের কোন কথাতে হইল এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[Duty on Cotton Twist or Yarn sold or contracted to be delivered in India duty-paid before 18th February 1860.]

II. In case it shall be proved to the satisfaction of the Collector of Customs Duties that in respect to any Cotton Twist or Yarn which on the said 18th day of February had arrived in any Port in British India but upon which the Duty of Customs had not been paid, or which had on or before that date been shipped on board any Vessel in a Foreign Port and which had sailed for a Port in British India, the said Cotton Twist or Yarn had before the said 18th day of February been sold or contracted to be delivered at a price including the Duty payable in India, then in every such case such Cotton Twist or Yarn shall be admitted at a Duty of five per centum upon the value thereof.

[১৮৬০ সালের ১৮ ফেব্রুআরি তারিখের পূর্ব্বে কাটা যে সুতার কি পশমের যে সুতার মাসুল দিয়া ভারতবর্ষে পঁহুছাইবার করার হইয়াছিল কি সেই করারে বিক্রয় হইয়াছিল তাহার মাসুলের কথা।]

২ ধারা। কিছু কাটা সুতা কি পশমের সুতা যদি উক্ত ফেব্রুআরি মাসের ১৮ তারিখে ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের কোন বন্দরে পঁহুছিল কিন্তু তাহার উপর কষ্টমের মাসুল পূর্ব্বে দেওয়া যায় নাই, কিম্বা যদি ঐ তারিখে কি তাহার পূর্ব্বে বিদেশীয় বন্দরের কোন জাহাজে বোঝাই করা গেল ও ঐ জাহাজ ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের কোন বন্দরে যাইবার জন্যে প্রস্থান করিয়াছিল, তবে ভারতবর্ষে তাহার যে মাসুল দিতে হইত তাহাও মূল্যের মধ্যে ধরিয়া সেই কাটা সুতা কি পশমের সুতা উক্ত ১৮ ফেব্রুআরি তারিখের পূর্ব্বে বিক্রয় হইয়াছিল, কি ভারতবর্ষে পঁহুছাইবার করার হইয়াছিল এই কথার প্রমাণ যদি কষ্টমের মাসুলের কালেক্টর সাহেবের খাতিরজমামতে করা যায়, তবে এমত প্রত্যেক স্থলে ঐ কাটা সুতার কি পশমের সুতার মূল্যের উপর শতকরা পাঁচ টাকার হিসাবে মাসুল লইয়া তাহার আমদানী হইবার অনুমতি হইবেক ইতি।

[Disputes in matters concerning the Revenue by whom to be settled.]

III. If in a matter concerning the Revenue any dispute shall arise in respect to the construction of this Act or of any Act relating to Customs Duties or in respect to any other matter whatever relating to the importation or exportation of goods or merchandize, or relating to the levy or collection of the Duties thereon, the Collector or other chief Revenue authority of the Port at which the same may take place shall settle the same, subject however to an appeal to the Government of India in the Revenue Department.

[রাজস্বের কোন কথার বিবাদ যাঁহার দ্বারা নিষ্পত্তি হইবেক তাঁহার কথা।]

৩ ধারা। রাজস্বসম্পর্কীয় কোন কথা লইয়া যদি এই আইনের অর্থ কিম্বা কষ্টমের মাসুলসম্পর্কীয় কোন আইনের অর্থ বিষয়ে, কিম্বা মাল কি মহাজনী দ্রব্যের আমদানী কি রপ্তানীসম্পর্কীয় অন্য কোন বিষয়ে, কিম্বা তাহার মাসুল বসাইবার কি উসুল করিবার কোন বিষয়ে কোন বিবাদ হইয়া থাকে, তবে যে স্থানে ঐ বিবাদ হয় সেই স্থানের বন্দরের কালেক্টর সাহেব কিম্বা রাজস্বের প্রধান অন্য কার্য্যকারক সাহেব সেই বিবাদ নিষ্পত্তি করিবেন। কিন্তু তাঁহার নিষ্পত্তির উপর, রেবিনিউ ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে আপীল হইতে পারিবেক ইতি।

[Goods in bond to be treated as new importations.]

IV. Whereas doubts have existed as to the conditions upon which goods or merchandize are bonded, in any Port of India in respect to the liability of such goods or merchandize to be charged with any new rate of Duty that may be imposed while yet such goods or merchandize remain in bond, be it enacted that all goods and merchandize being bonded in any Port in India shall, in the event of any change of Duties taking place, be considered in every respect in relation thereto as if they were new importations.

[একরারনামাতে যে মাল বদ্ধ আছে তাহা লইয়া নূতন আমদানীকরা দ্রব্যের মতে কার্য্য হইবার কথা।]

৪ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে যে মাল কি মহাজনী দ্রব্য মাসুলের একরারনামাতে বদ্ধ থাকে তাহা সে সময়ে বদ্ধ থাকে এমত সময়ে যদি সেই প্রকারের দ্রব্যের উপর নূতন কোন হারে মাসুল বসাইবার আজ্ঞা হয়, তবে তদ্রূপ বদ্ধ থাকা সেই দ্রব্যের উপর কোন্ নিয়মমতে মাসুল লইতে হইবেক ইহার কিছু সন্দেহ হইয়াছে। এই কারণে এই বিধান করা গেল, ভারতবর্ষের কোন বন্দরে মাল ও মহাজনী দ্রব্য যে সময়ে মাসুলের একরারনামাতে বদ্ধ থাকে সেই সময়ে যদি মাসুলের কিছু পরিবর্ত্তন হয়, তবে মাসুলসম্পর্কীয় সকল বিষয়ে ঐ দ্রব্য লইয়া নূতন রপ্তহওয়া দ্রব্যের মতে কার্য্য হইবেক ইতি।

[*Government Gazette*, *3rd April*, 1860.]

U

SCHEDULE A.

Rates of Duty to be charged on the following goods imported by Sea into any Port of India not being a free Port :—

No.	Article	Duty
1	Bullion and Coin ..	Free.
2	Precious Stones and Pearls	,,
3	Grain and Pulse ...	,,
4	Horses and other living Animals	,,
5	Ice ...	,,
6	Coal, Coke, Bricks, Chalk, and Stones ..	,,
7	Cotton Wool .	,,
8	Wool	,,
9	Flax	,,
10	Hemp	,,
11	Jute	,,
12	Hides and Skins, Raw	,,
13	Books	,,
14	Maps, Prints, and Works of Art	,,
15	Seeds when imported by any Public Society for gratuitous distribution	,,
16	Agricultural implements ...	,,
17	Machinery of all kinds	,,

And the Collector of Customs, subject to the General Orders of the Government of India in the Revenue Department, shall decide what articles come within the definition of Machinery, and such decision shall be final in law.

No.	Article	Duty
18	Conveyances and carriages of every description	,,
19	Military and other Regulation Uniforms and Accoutrements when imported for private use by persons in the Public Service . . .	,,
20	Guano and manures of all kinds ...	,,
21	Porter, Ale, Beer, Cider, and other similar fermented Liquors ...	4 annas the imperial gallon.
22	Wines and Liqueurs	2 Rupees the imperial gallon.
23	Spirits	3 Rupees the imperial gallon. And the duty to be rateably increased as the strength exceeds London Proof.
24	Tobacco, unmanufactured .	8 annas a seer of 80 tolahs weight.
25	Tobacco, manufactured	1 Rupee a seer of 80 tolahs weight.
26	All articles not included in the above enumeration ...	10 per Cent. *ad valorem.*

A চিহ্নিত তফসীল।

ভারতবর্ষের যে২ বন্দরে মাসুল লাগে এমত কোন বন্দরে কোন মাল সমুদ্রপথে আমদানী হইলে তাহার এই হিসাবে মাসুল লাগিবে। অর্থাৎ

নং	দ্রব্য	মাসুল
১।	সোণারুপাপ্রভৃতির চাকির ও মুদ্রার উপর	নাই
২।	মণি মুক্তাদির উপর	ঐ
৩।	ডাইলকলাইপ্রভৃতি শস্যের উপর	ঐ
৪।	ঘোড়া ও জীবৎ অন্য পশুপক্ষ্যাদির উপর	ঐ
৫।	বরফের উপর	ঐ
৬।	কয়লা ও কোক অর্থাৎ পোড়া কয়লা ও ইট ও খড়ি ও পাতরের উপর ..	ঐ
৭।	কার্পাসের তুলার উপর ..	ঐ
৮।	পশমের উপর ...	ঐ
৯।	পাটের উপর ..	ঐ
১০।	শণের উপর ..	ঐ
১১।	চাঁচা শণের উপর ..	ঐ
১২।	কাঁচা চামড়ার উপর ..	ঐ
১৩।	কেতাবের উপর ...	ঐ
১৪।	নকশা ও ছাপাকরা ছবি ও চিত্র নির্ম্মাণাদি বিদ্যার কর্ম্মের উপর	ঐ
১৫।	বীজ অর্থাৎ বিনামূল্যে বিলি করিবার জন্যে কোন সাধারণ সোসাইটীর দ্বারা যে বীজ আমদানী হয় তাহার উপর ...	ঐ
১৬।	চাষ করিবার হাতিয়ারের উপর ...	ঐ
১৭।	কোন প্রকারের যন্ত্রের উপর	ঐ

যন্ত্র বলিয়া কি২ দ্রব্য ধরিতে হইবেক তাহা রেবিনিউ ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সাধারণ হুকুমমতে হাসিলের কালেক্টর সাহেব নির্দ্ধার্য্য করিবেন ও তাঁহার সেই নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।

নং	দ্রব্য	মাসুল
১৮।	সকল প্রকারের গাড়ি ও যানাদির উপর	ঐ
১৯।	সৈন্যেরদের ও আইনমতের পোশাক যখন সরকারী কর্ম্মে নিযুক্ত কোন বিশেষ লোকের পরিবার জন্যে আমদানী হয় তখন তাহার	ঐ
২০।	গুআনো ও সকল প্রকারের সার ..	ঐ
২১।	পর্টর ও এল ও বীর ও সাইডর ও সেইপ্রকারের গাঁজাধরা অন্য শরাবের উপর	ইম্পিরিয়ল গালন প্রতি ।০
২২।	ওয়াইন শরাব ও লিকিউর	ঐ ঐ ২৲
২৩।	তীব্র শরাবের উপর ...	ঐ ঐ ৩৲ ও তাহার তীব্রতা লণ্ডন প্রুফের যত অধিক হয় তদনুসারে মাসুল বৃদ্ধি হইবেক।
২৪।	দোক্তার উপর	৮০ তোলার শের প্রতি ॥০
২৫।	তৈয়ারকরা তামাকের উপর ...	ঐ ঐ ১৲
২৬।	এই ফর্দ্দেতে যে সকল দ্রব্য ধরা যায় নাই তাহার উপর	মূল্য বুঝিয়া শত করা ১০৲

SCHEDULE B.

Rates of Duty to be charged upon goods exported by Sea from any Port in India not being a free Port

No.	Article	Duty
1	Bullion and Coin	Free.
2	Precious Stones and Pearls	,,

B. চিহ্নিত তফসীল।

ভারতবর্ষের যে২ বন্দরে মাসুল লাগে এমত কোন বন্দরহইতে সমুদ্রপথে যে সকল দ্রব্যের রপ্তানী হয় তাহার উপর এই হিসাবে মাসুল লাগিবে।

নং	দ্রব্য	মাসুল
১।	সোণা রুপাদির চাকির ও মুদ্রার উপর	নাই।
২	মণিমুক্তাদির উপর ...	ঐ

3.	Horses and other living Animals	Free.
4.	Sugar and Rum	"
5.	Spirits	"
6.	Tobacco, and all preparations thereof	"
7.	Tea	"
8.	Coffee	"
9.	Raw Silk	"
10.	Cotton Wool	"
11.	Wool	"
12.	Flax	"
13.	Hemp	"
14.	Jute	"
15.	Hides and Skins, Raw	"
16.	Books	"
17.	Maps, Prints, and Works of Art ...	"
18.	Teak Timber exported from the Arracan, Pegu, Martaban, and Tenasserim Provinces	"
19.	Grain and Pulse of all sorts	2 annas the Indian Maund.
20.	Saltpetre ...	2 Rupees the Indian Maund.
21.	Indigo ...	3 Rupees the Indian Maund.
22	Lac Dye and Shell Lac	4 per Cent. *ad valorem.*
23.	All country articles not enumerated or named above	3 per Cent. *ad valorem.*

M. WYLIE,
Clerk of the Council.

		মাসুল
৩।	ঘোড়া ও জীবৎ অন্য পশু পক্ষ্যাদির উপর	নাই
৪।	চিনি ও রম	ঐ
৫।	তীব্র শরাবের উপর	ঐ
৬।	তামাকের উপর ও তামাকে তৈয়ারকরা সকল দ্রব্যের উপর ...	ঐ
৭।	চার উপর ...	ঐ
৮।	কাওয়ার উপর ..	ঐ
৯।	কাঁচা রেশমের উপর ...	ঐ
১০।	কাপাসের উপর ...	ঐ
১১।	পশমের উপর ...	ঐ
১২।	পাটের উপর ...	ঐ
১৩।	শণের উপর	ঐ
১৪।	চাচা শণের উপর ...	ঐ
১৫।	কাঁচা চামড়ার উপর ...	ঐ
১৬।	কেতাবের উপর ..	ঐ
১৭।	নকশা ও ছাপাকরা ছবি ও চিত্র নির্ম্মাণাদি বিদ্যার কর্ম্মের উপর ...	ঐ
১৮।	শাল কাঠের গুঁড়ি অর্থাৎ আরাকাণ ও পিগু ও মার্তাবান ও থনাসরিম দেশের রফ্তু হওয়া ঐ কাঠের উপর ...	ঐ
১৯।	ডাইলকলাইপ্রভৃতি সকল প্রকারের শস্যের উপর	মোনপ্রতি ✓০
২০।	শোরার উপর ...	ঐ ঐ ২৲
২১।	নীলের উপর ...	ঐ ঐ ৩৲
২২।	লাহার রঙ্গ ও চাপড়া লাহার উপর	মূল্য বুঝিয়া শত করা ৪
২৩।	এই দেশীয় অন্য যে সকল দ্রব্য এই ফর্দ্দের মধ্যে ধরা যায় নাই তাহার উপর ...	ঐ ঐ ৩৲

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

THE 24TH MARCH 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 24th March 1860, and was referred to a Select Committee who are to report thereon (under a suspension of the Standing Orders) within a week :—

A Bill to amend Act V. of 1858 *(for the punishment of certain Offenders who have escaped from Jail, and of persons who shall knowingly harbour such Offenders.)*

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act V. of 1858. *(for the punishment of certain Offenders who have escaped from Jail, and of persons who shall knowingly harbour such Offenders)*: It is enacted as follows:—

[Time for the surrender of certain escaped offenders.]

I It shall be competent to the Executive Government of any Presidency or place to declare by an order, as regards any or all of the Districts under such Government, the time within which the persons who within such District or Districts shall, since the 1st of May 1857, have escaped from

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৪ মার্চ।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৪ মার্চ তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল এই মুসাবিদার বিষয়ে স্থায়ি বিধি স্থগিত হইল ও তাঁহারা এক সপ্তাহের মধ্যে সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

১৮৫৮ সালের ৫ আইন (অর্থাৎ জেলখানাহইতে যাহারা পলাইয়াছে এমত কোন২ অপরাধিরদের ও যাহারা সেই অপরাধিদিগকে জানিয়াশুনিয়া আশ্রয় দেয় তাহারদিগের দণ্ড করিবার আইন) সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

১৮৫৮ সালের ৫ আইন (অর্থাৎ জেলখানাহইতে যাহারা পলাইয়াছে এমত কোন২ অপরাধিরদের ও যাহারা সেই অপরাধিদিগকে জানিয়াশুনিয়া আশ্রয় দেয় তাহারদিগের দণ্ড করিবার আইন) সংশোধনকরা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[পলাতক কোন২ অপরাধিরদের ধরা দিবার সময়ের কথা।]

১ ধারা। উক্ত আইনের ১ ধারাতে যে সকল অপরাধ লেখা হইয়াছে তাহার মধ্যে কোন অপরাধের নিমিত্তে কয়েদ হইবার আজ্ঞা পাইয়া, কিম্বা বিচার হওনের নিমিত্তে সোপর্দ্দ হইয়া, কিম্বা তদ্রূপ কোন অপরাধের দোষী হইবার নালিশ হইয়া, যদি কোন লোক কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর

Jail or other lawful custody whilst detained either under sentence of imprisonment for any of the crimes mentioned in Section III. of the said Act, or under committal for trial or under a charge of being guilty of any such crimes, could and ought to have surrendered themselves to a Magistrate or Police Officer; and no such person who shall have so surrendered himself within the period fixed as aforesaid, shall be liable to be prosecuted under the said Act.

[Modification of punishment prescribed by Sections I. and II. Act V. of 1858. In what cases Magistrate may pass sentence without commitment to Sessions Court.]

II. So much of Sections I. and II. Act V. of 1858 as enacts that the persons therein mentioned shall upon conviction be sentenced to transportation for life, is hereby repealed. Every person who, since the 1st of May 1857, shall have escaped from Jail or other lawful custody whilst detained as aforesaid, and who shall not have surrendered himself within the time declared by the Executive Government as aforesaid, may be sentenced to transportation for life or for any shorter period not being less than five years, or to imprisonment with or without hard labor in irons for any period not exceeding three years, in addition to any unexpired term of his original sentence. In any case falling within the provisions of this Section in which the Magistrate shall be of opinion that a more severe sentence than three years' imprisonment with or without labor is not called for, it shall not be necessary for the Magistrate to order the commitment of the offender to the Sessions Court, but he may himself pass sentence within the limit abovementioned, and proceed to carry the sentence into execution.

[Certain sentences already passed, to be deemed valid.]

III. All sentences already passed which would be valid under Sections I. and II. Act V. of 1858 as now amended, shall be deemed valid sentences.

[Certain escaped offenders, remanded to Jail, not liable to be prosecuted under this Act.]

IV. If any person subject to the penalty prescribed in Section I. Act V. of 1858 shall, before the passing of this Act, have been remanded to Jail under the order of a Magistrate to undergo the portion of this sentence remaining unexpired at the date of his escape from Jail or other lawful custody, such person shall not be liable to be prosecuted under this Act.

M. Wylie,
Clerk of the Council.

মেণ্টের অধীন কোন জিলার জেলখানার কি আইনমতের অন্য হাজতে রাখা গেলে পর, ১৮৫৭ সালের মে মাসের ১ তারিখের পরে পলাইয়া থাকে, তবে যে সময়ের মধ্যে সেই লোক কোন মাজিস্ট্রেট সাহেবের নিকটে কি পোলীসের কর্ম্মকারকের নিকটে আপনাকে ধরা দিতে পারিত, কি তাহার আপনাকে ধরা দেওয়া উচিত, তাহা ঐ গবর্ণমেণ্ট আপনার অধীন উক্ত সকল কি কোন জিলার বিষয়ে প্রকাশ করিয়া আজ্ঞা করিতে পারিবেন। ও উক্তমতের নিরূপিত কালের মধ্যে যে কোন লোক আপনাকে সেই প্রকারে ধরা দিয়া থাকে তাহার নামে উক্ত আইনঅনুসারে মোকদ্দমা চলিবে না ইতি।

[১৮৫৮ সালের ৫ আইনের ১ ও ২ ধারার নির্দিষ্ট দণ্ড মতান্তর হইবার কথা। ও যে যে স্থলে মাজিস্ট্রেট সাহেব সেশন আদালতে সোপর্দ্দ না করিয়া দণ্ডাজ্ঞা করিতে পারিবেন তাহার কথা।]

২ ধারা। ১৮৫৮ সালের ৫ আইনের ১ ও ২ ধারার লিখিত ব্যক্তিরদের দোষ সাবুদ হইলে তাহারদের যাবজ্জীবন দ্বীপান্তরে থাকিবার দণ্ড হইবেক, এই বিধান ঐ ১ ও ২ ধারার যে অংশেতে আছে তাহা ইহাতে রদ করা গেল। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে আটক হইয়া ১৮৫৭ সালের মে মাসের ১ তারিখের পর জেলখানা হইতে কি আইনমতের অন্য হাজতহইতে, পলায়, ও কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের পূর্ব্বোক্তমতের নির্দিষ্ট কালের মধ্যে আপনাকে ধরা না দিয়া থাকে, তবে তাহার প্রথম দণ্ডের হুকুমের যে মিয়াদ ফুরায় নাই তাহার অধিক তাহার যাবজ্জীবন কিম্বা পাঁচ বৎসরের কম না হয় কতক বৎসর মিয়াদে দ্বীপান্তরে থাকিবার কিম্বা তিন বৎসরের অনধিক কোন মিয়াদপর্য্যন্ত যায় বেড়িতে কয়েদ হইয়া পরিশ্রম করিবার কি পরিশ্রমবিনা কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক। এই ধারাতে যে স্থলের বিধান হইয়াছে এমত কোন স্থলে তিন বৎসরের অধিক কাল যায় পরিশ্রম কি বিনা পরিশ্রম কয়েদ হইবার হুকুম হইবার প্রয়োজন নাই মাজিস্ট্রেট সাহেব যদি এমত বোধ করেন, তবে অপরাধিকে সেশন আদালতে সোপর্দ্দ করিবার হুকুম করা মাজিস্ট্রেট সাহেবের আবশ্যক হইবেক না কিন্তু তিনি উক্ত মিয়াদপর্য্যন্তের হুকুম আপনি করিতে পারিবেন, ও সেই হুকুমমতের দণ্ড করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[পূর্ব্বের দণ্ড করিবার কতক হুকুম সিদ্ধ হইবার কথা।]

৩ ধারা। ইহার পূর্ব্বের করা কোন দণ্ডাজ্ঞা যদি এইক্ষণকার সংশোধনকরা ১৮৫৮ সালের ৫ আইনের ১ ও ২ ধারামতে সিদ্ধ হইত, তবে এখন সিদ্ধ জ্ঞান হইবেক ইতি।

[পলাতক যে অপরাধিদিগকে জেলখানায় ফিরিয়া পাঠান যায় তাহারদের নামে এই আইনমতে মোকদ্দমা হইতে না পারিবার কথা।]

৪ ধারা। ১৮৫৮ সালের ৫ আইনের ১ ধারাতে যে দণ্ড নির্দিষ্ট হইয়াছে সেই দণ্ডের যোগ্য কোন লোক জেলখানাহইতে কিম্বা আইনমতে অন্য হাজতহইতে যে তারিখে পলায়, সেই তারিখঅবধি তাহার দণ্ডাজ্ঞার মিয়াদের যত কাল বাকী থাকে, তত কালপর্য্যন্ত দণ্ড ভুগিবার জন্যে যদি তাহাকে এই আইন জারী হইবার আগে মাজিস্ট্রেট সাহেবের হুকুমমতে জেলখানায় ফিরিয়া পাঠান যায়, তবে সেই ব্যক্তির নামে এই আইনমতে মোকদ্দমা চলিতে পারিবেক না ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০ ৩ আপ্রিল।]

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণরের সাহেবের হুকুম।

১১১৬ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৭ মার্চ।

শ্রীযুত মৌলবী বিলায়ৎ হুসেন বেহারের কতওয়ালারক হইবেন।

সেবন্দী পল্টনের একটিং সেনাপতি শ্রীযুত লেপ্টেনেন্ট জে ডি বালান্স সাহেব (Lieutenant J. D. Vallance,) স্বীয় কর্ম্মোপলক্ষে জব্বলপুরের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্টের কর্ম্মও করিবেন।

১৮৬০ সাল ১৯ মার্চ।

শ্রীযুত ডি জে মাকনীল সাহেব (Mr. D. J. McNeile,) বনগাঁর এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

১৮৬০ সাল ২০ মার্চ।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) নদীয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) পূর্ণিয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি পি হবহৌস সাহেব (Mr. C. P. Hobhouse,) শ্রীহট্টের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত অনরবিল এ ইডেন সাহেব (Hon'ble A. Eden,) কটকের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের ও নিমকের এজেণ্টের কর্ম্ম করিবেন ও স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ ল এফ রাবিনসন সাহেব (Mr. W. Le F. Robinson,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) বর্দ্ধমানের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডরসন সাহেব (Mr W. H. Henderson,) মুঙ্গেরের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শাহাবাদের বন্দোবস্তী কার্য্যকারক শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব (Mr. W. F. McDonell,) ঐ জিলার মাজিষ্ট্রেটের কর্ম্মও করিবেন।

শ্রীযুত বি উড সাহেব (Mr. B. Wood,) সাস্তাল পরগনার ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ২১ মার্চ।

শ্রীযুত মৌলবী মাজিরুদ্দীন মহম্মদ ফরিদপুরের দলিলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

পোলীসের ৩ পল্টনের সেনাপতি শ্রীযুত কাপ্তান জে আর পিউ সাহেব (Captain J R. Pughe,) জিলা মুরশিদাবাদে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V. G. Taylor,) নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও সেই জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত সি বি গরেট সাহেব (Mr. C. B. Garrett,) মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীরামপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এল মাকেঞ্জি সাহেব (Mr. W. L. Mackenzie,) নদীয়াতে নিযুক্ত হইয়াছেন, সেই জিলাতে তিনি মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. P. Grant,) শ্রীরামপুর এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন ও হুগলী জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

কলাগাছিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি জি ডি বেটস সাহেব (Mr. C. G. D Betts,) নদীয়াতে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াহিদুন্নবী কলাগাছিয়া এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও চব্বিশপরগনাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

বনগাঁ এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত শ্রীযুত ডি জে মাকনীল সাহেব (Mr. D. J. McNeile,) নদীয়াতে জাইণ্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ জি মিলেট সাহেব (Mr. F. G. Millett,) ঐ জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ১৭ মার্চ।

বাঙ্গলা দেশের পোলীসের ৭ পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ এডমণ্ডস সাহেক (Lieutenant W. W. Edmondes,) গত মাসের ১৮ তারিখে যে ছুটী পান তাহার অধিক, চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ১ প্রকরণমতে গত মাসের ১৫ তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৯ মার্চ।

চম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্লণ্ডেল সাহেব (Mr. W. Blundell,) গত জানুআরি মাসের ২৭ তারিখে যে ছুটী পান তাহার অধিক, চিকিৎসকের সর্টিফিকটক্রমে, অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

পূর্ণিয়ার একটিং জজ শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব (Mr. W. H. Brodhurst,) রাজধানীর চিকিৎসকেরদের চিরস্থায়ি কমিটির সম্মুখে উপস্থিত হইবার জন্যে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের বিজ্ঞাপনমতে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২০ মার্চ।

সদর আদালতের জজ শ্রীযুত ই এ সামুএলস সাহেব (Mr. E. A. Samuells,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৩ ধারামতে একুশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২১ মার্চ।

চব্বিশপরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে বোকর সাহেব (Mr. J. Bowker,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২২ মার্চ।

ভবানীপুরের ও দলন্দার ইঙ্গরেজী ও বাঙ্গলা পাগলাগারদের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর টি কাণ্টর সাহেব (Dr. T. Cantor.) আপন কর্ম্মের ভার শ্রীযুত ডাক্তর এ জে পেন সাহেবের প্রতি (Dr A. J. Payne,) অর্পণ করিয়া ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৮ সালের ১৮ আপ্রিল তারিখের বিজ্ঞাপনমতে তিন মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার সেই ছুটীর সময়ে কিম্বা অন্য হুকুম যাবৎ না হয় তাবৎ শ্রীযুত পেন সাহেব তাঁহার কর্ম্ম করিবেন।

[*Government Gazette*, 3rd *April*, 1860.]

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৯ মার্চ।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব জিলা নদীয়াতে এক এলাকাখণ্ড করিবার অনুমতি করিয়াছেন। তাহার নাম বনগাঁও। নীচের লিখিত থানা তাহার শামিল হইবেক। তাহার সদর মোকাম বনগাঁও। থানার নাম এই৷

শড়ষা।
গোবরডাঙ্গা।
বাগদহ।
রাণাঘাটের পূর্ব্বাংশ।

১১৬৪ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২৪ মার্চ।

শ্রীযুত এ জে আর বেনব্রিজ সাহেব (Mr A J R Bainbridge) পাবনার কালেক্টর ও মাজিস্ট্রেটের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ মসপ্রাট সাহেব (Mr. H. Muspratt) নারায়ণগঞ্জের জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

নদীয়ার মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টান্ট শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V. G. Taylor,) যশোহর ও বারাসত জিলাতে জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

নদীয়ার ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এল মাকেঞ্জি সাহেব (Mr. W. L. Mackenzie,) জিলা যশোহরে ও শ্রীযুত ই জি ডি বেট্স সাহেব (Mr. E. G. D. Betts) বারাসতে মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১০ ধারা। এই আইন ১৮৬০ সালের আপ্রিল মাসের ৪ তারিখঅবধি চলন হইবেক। ও বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অধীন যে দেশ আছে তাহার বাহিরে খাটিবে না। ও কোন নালিশ কি মোকদ্দমা উক্ত তারিখঅবধি ছয় মাসের মধ্যে উপস্থিত না হইলে গ্রাহ্য হইবেক না ইতি।

[Government Gazette, 24th April, 1860.]

[Certain past orders declared valid. Indemnity.]

XI. All orders made or acts done before the 4th day of April 1860, which would have been lawful if the Bill "to enforce the fulfilment of Indigo Contracts" as read a second time on the 24th day of March 1860 had then become law are hereby declared to be valid. And all Magistrates and other Public Officers are hereby indemnified for any acts done before the said 4th day of April 1860, which would have been justifiable under the said Bill if the same had become law on the said 24th day of March 1860.

[Appointment of Commission of Enquiry.]

XII. The Lieutenant Governor of Bengal shall, as soon as conveniently may be, issue a Commission to such persons as the said Lieutenant Governor shall think fit, for the purpose of enquiring into and reporting on the system and practice of Indigo planting in Bengal and the relations between the Indigo Planter and the Ryots and holders of land in Bengal aforesaid. The said Commissioners shall fully enquire into the matters aforesaid, and shall, as soon as they conveniently can, report to the Lieutenant Governor the result of their enquiries, and shall in their report or reports suggest such alterations, if any, as may in their opinion be beneficially made in the law relating to the system and practice and the relations aforesaid.

[Death or resignation of any of the Commissioners.]

XIII. In case of the death or resignation of any of the said Commissioners, or of any of them becoming unable or refusing to act, it shall be lawful for the other Commissioners or Commissioner to act alone, and all the powers by this Act given to Commissioners shall and may be exercised by the continuing Commissioners or Commissioner alone, but only until such vacancy can be filled up. It shall be lawful for the said Lieutenant Governor from time to time, and he shall as soon as conveniently may be, without issuing a new Commission, appoint some other person or persons to act as a Commissioner or Commissioners jointly with the continuing Commissioners or Commissioner, and in such case all the powers conferred by this Act shall and may be exercised by the said newly appointed Commissioner or Commissioners jointly with the continuing Commissioner or Commissioners.

[Attendance of witnesses. Proviso.]

XIV. It shall be lawful for the Commissioners aforesaid, by a summons under the hand of any one of them, to require the attendance before them, at a time and place to be mentioned in such summons, of any person or persons whomsoever, resid-

[পূর্ব্বের করা কোন২ হুকুম বহাল করিবার কথা ও দায়হইতে রক্ষা করিবার কথা।]

১১ ধারা। "নীলের করারমতে কার্য্য বলপূর্ব্বক করাইবার আইনের" যে মুসাবিদা ১৮৬০ সালের মার্চ মাসের ২৪ তারিখে দ্বিতীয়বার পাঠ করা গিয়াছিল, তাহা যদি তখন আইন হইয়া চলিত, তবে তদনুযায়ি যে সকল হুকুম কি কার্য্য আইনসিদ্ধ হইত, এমত যে সকল হুকুম কি কার্য্য ১৮৬০ সালের আপ্রিল মাসের ৪ তারিখের পূর্ব্বে করা গিয়াছে তাহা ইহাতে বহাল করা গেল। ও সেই মুসাবিদা ১৮৬০ সালের উক্ত ২৪ তারিখে আইন হইয়া চলন হইলে, মাজিষ্ট্রেট সাহেবেরদের ও সরকারী অন্য সকল কার্য্যকারকের যে সকল কর্ম্ম উক্ত মুসাবিদামতে ন্যায্য হইত, ১৮৬০ সালের আপ্রিল মাসের উক্ত ৪ তারিখের পূর্ব্বে [illegible]হারদের তদ্রূপ কোন কার্য্যের নিমিত্তে তাঁহারদের কোন দায় হইবে না ইতি।

[তদন্ত করিবার জন্যে কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার কথা।]

১২ ধারা। বাঙ্গলা দেশে নীল বুননাদি করিবার যে নিয়ম ও যে রীতি চলন আছে ও উক্ত বাঙ্গলা দেশের নীলকরেরদের সঙ্গে রাইয়তেরদের ও জমীদারেরদের পরস্পর যে সম্পর্ক থাকে তাহার তদন্ত লইয়া রিপোর্ট করিবার জন্যে, বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব যাঁহারদিগকে উপযুক্ত বুঝেন, এমত লোকেরদিগকে সুবিধামতে শীঘ্র করিয়া ক্ষমতাপত্র দিবেন। উক্ত কমিস্যনরেরা (অর্থাৎ ঐ ক্ষমতাপত্র যাঁহারদিগকে দেওয়া যায় তাঁহারা) পূর্ব্বোক্ত সকল বিষয়ের সম্পূর্ণমতে তদন্ত করিবেন, ও আপনারদের তদন্তের যে ফল হয় তাহার রিপোর্ট সুবিধামতে শীঘ্র করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের নিকটে করিবেন। ও পূর্ব্বোক্ত নিয়মের ও রীতির ও সম্পর্কের আইনের যে রূপে পরিবর্ত্তন করা তাঁহারদের বিবেচনামতে বিহিত হয়, তাহার প্রসঙ্গও আপনারদের সেই রিপোর্টে করিবেন ইতি।

[কোন কমিস্যনর মরিলে কি কর্ম্ম ত্যাগ করিলে তাহার কথা।]

১৩ ধারা। ঐ কমিস্যনরেরদের মধ্যে যদি কেহ মরেন, কি কর্ম্ম ত্যাগ করেন, কিম্বা যদি তাঁহারদের মধ্যে কেহ কর্ম্ম করিতে আর না পারেন, কি স্বীকার না করেন, তবে অবশিষ্ট অন্য কমিস্যনরেরা কি এক জন কমিস্যনর একলা ঐ কর্ম্ম করিতে পারিবেন। ও সেই শূন্য পদে যাবৎ অন্য লোককে ভর্ত্তি না করা যায়, তাবৎ ঐ কমিস্যনরদিগকে এই আইনমতে যে সকল ক্ষমতা দেওয়া গেল, সেই সকল ক্ষমতামতে ঐ অবশিষ্ট কমিস্যনরেরা কি কমিস্যনর কার্য্য করিতে পারিবেন ও কার্য্য করিবেন। আরো অবশিষ্ট যে কমিস্যনরেরা কি কমিস্যনর থাকেন তাঁহার কি তাঁহারদের সঙ্গে কর্ম্ম করিতে, উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব, নূতন ক্ষমতাপত্র না দিয়া, সময়ে২ অন্য এক কি অধিক জনকে নিযুক্ত করিতে পারিবেন। ও তিনি সুবিধামতে শীঘ্র করিয়া তাহা করিবেন। এমন স্থলে এই আইনমতে কমিস্যনরদিগকে যে সকল ক্ষমতা দেওয়া গে[illegible] সেই সকল ক্ষমতামতে ঐ নূতন নিযুক্ত কমিস্যনর [illegible] কমিস্যনরেরা ঐ অবশিষ্ট কমিস্যনর কি কমিস্য[illegible]দের সঙ্গে কার্য্য করিতে পারিবেন ও কার্য্য করিবে[illegible]তি।

সাক্ষিরদের হাজির হইবার কথা ও বর্জ্জিত কথা।]

১৪ ধারা। পূর্ব্বোক্তমতে যে২ বিষয়ের তদন্ত লইতে হইবেক এমত কোন বিষয়ে পূর্ব্বোক্ত কমিস্যনরেরদের বিবেচনাতে যাহারদের সাক্ষ্য লওয়া গুরুতর হয়, এমত যে কোন লোক কি লোকেরা বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের এলাকার মধ্যে বাস করে কি

ng or being within the Lieutenant Governorship of Bengal, whose evidence shall in the judgment of the Commissioners aforesaid be material to any of the matters of the enquiry aforesaid, and to require the person or persons so summoned to bring and produce before them all such books, papers, deeds, and writings as to them the said Commissioners shall appear necessary for arriving at the truth of the matters directed to be enquired into by the said Commissioners, all which persons shall accordingly attend before the said Commissioners, and shall produce such books, papers, deeds, and writings as shall be required of them and shall be in their custody and control or in the custody and control of any one of them according to the tenor of the summons. Provided always that no person shall be compelled to attend before the said Commissioners or to give his evidence at a greater distance than fifty miles from the place where such person shall be residing.

[Examination of witnesses on oath or affirmation. Proviso.]

XV. It shall be lawful for the Commissioners aforesaid, or one of them, to administer an oath, or in the case of persons allowed by law to make affirmation instead of taking an oath, an affirmation in such form as to them the said Commissioners shall seem fit, to all persons who shall be examined before them touching the matters to be enquired into by them as aforesaid. Provided that nothing herein contained shall render it necessary for the said Commissioners to take evidence upon oath or affirmation unless they shall think fit or expedient so to do.

[Witnesses neglecting to attend, &c.]

XVI. If any person, upon whom any such summons shall be served by the delivery thereof to him or by the leaving thereof at his usual place of abode, being a person living within fifty miles of the place at which he shall be required to attend, without reasonable cause (to be allowed by the Commissioners aforesaid) fail to appear before them at the time and place mentioned in the summons, or shall refuse to be sworn or to make affirmation (as the case may be) or shall not make answer to such questions as shall be put to him touching the matters directed, or which may hereafter be directed, to be enquired into by the Commissioners aforesaid, or shall refuse or fail without reasonable cause (to be allowed by the Commissioners aforesaid) to produce and show to the said Commissioners any such paper, book, deed, or writing being in his possession or under his control as to the Commissioners aforesaid shall appear necessary for arriving at the truth of the matters to be enquired into by them, the Commissioners aforesaid shall have the same powers in all respects touching any such person so failing to appear or refusing to be sworn or to make affirmation, or not answering such questions as shall be put to him or refusing to produce and show any such book, pa-

- [*Government Gazette*, 24th April 1860.]

থাকে, তাহার কি তাহারদের নামে উক্ত কমিস্যানরেরা আপনারদের কোন এক জনের দস্তখতেরা সমন জারী করিয়া তলব করিতে পারিবেন। ঐ সমনের মর্ম্ম এই যে উক্ত লোক কি লোকেরা ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে ঐ কমিস্যানরেরদের সম্মুখে হাজির হয়, ও উক্ত কমিস্যানরেরা যেই বিষয়ের তদন্ত লইবার হুকুম পান তাহার প্রকৃতভাব বুঝিবার জন্যে তাঁহারা যে সকল বহী ও কাগজপত্র ও দলীল ও লিপি আবশ্যক বুঝেন, তাহাও ঐ সমনকরা লোক কি লোকেরা সঙ্গে করিয়া আনিয়া দেখায়। তদনুসারে সেই সকল লোক কমিস্যানরেরদের সম্মুখে হাজির হইবে, ও সমনের মর্ম্মমতে তাহারদের জিম্মার ও এখ্তিয়ারের মধ্যে কিম্বা তাহারদের কোন কাহার জিম্মায় ও এখ্তিয়ারের মধ্যে যে সকল বহী ও কাগজপত্র ও দলীল ও লিপি তাহারদের আনিতে আজ্ঞা হয়, তাহা সকলি দেখাইবে। পরন্তু কোন লোকের বাসস্থানহইতে পঞ্চাশ মাইলের অধিক দূর কোন স্থানে উক্ত কমিস্যানরেরদের সম্মুখে তাহাকে বলপূর্ব্বক হাজির করাণ যাইতে কি তাহার সাক্ষ্য লওয়া যাইতে পারিবেক না ইতি।

[শপথ কি প্রতিজ্ঞা করাইয়া জোবানবন্দী লইবার কথা ও বর্জ্জিত কথা।]

১৫ ধারা। পূর্ব্বোক্ত কমিস্যানরেরদের যেং বিষয়ের তদন্ত লইতে হইবেক সেইং বিষয়ে তাঁহারদের সম্মুখে যে সকল লোকের জোবানবন্দী লইতে হইবেক, তাহারদিগকে ঐ কমিস্যানরেরা কি তাঁহারদের কোন এক জন হলফ করাইতে পারিবেন, কিম্বা আইনমতে যাহারদের হলফের পরিবর্ত্তে প্রতিজ্ঞা করিবার অনুমতি হয় তাহারদিগকে কমিস্যানরেরা যেরূপে উচিত বোধ করেন সেইরূপে প্রতিজ্ঞা করাইতে পারিবেন। কিন্তু ইহার কোন কথাতে ঐ কমিস্যানরেরদের হলফ কি প্রতিজ্ঞা করাইয়া সাক্ষ্য লওয়া আবশ্যক হইবেক না, কেবল যে স্থলে উচিত কি বিহিত বোধ করেন সেই স্থলে করাইবেন ইতি।

[সাক্ষিরদের হাজির হইতে ত্রুটিপ্রভৃতি করিবার কথা।]

১৬ ধারা। যাহার নামে কোন সমন দেওয়া যায় সেই জনের যে স্থানে হাজির হইবার সমন হয় তাহা তাহার বাসস্থানহইতে পঞ্চাশ মাইলের মধ্যে হইলে, ও সেই সমন তাহাকে দিয়া কি তাহার নিয়ত বাসস্থানে রাখিয়া তাহার উপর জারী হইলে, সেই জন উপযুক্ত কারণ না থাকিতেও যদি ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে ঐ কমিস্যানরেরদের সম্মুখে হাজির হইতে ত্রুটি করে (ও সেই কারণ উপযুক্ত কি না তাহা উক্ত কমিস্যানরেরা স্থির করিবেন,) কিম্বা যদি হলফ করিতে কি বিষয়বিশেষে প্রতিজ্ঞা করিতে স্বীকার না করে, কিম্বা উক্ত কমিস্যানরেরদের যেং বিষয়ের তদন্ত করিতে হুকুম হইল কি ইহার পরে হুকুম হয়, এমত কোন বিষয়ে যে কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর যদি না করে, কিম্বা ঐ কমিস্যানরেরদের যেং বিষয়ের তদন্ত করিতে হয় তাহার প্রকৃত ভাব জানিবার জন্যে তাঁহারা যেং কাগজপত্র কি বহী কি দলীল কি লিপি আবশ্যক বুঝেন, ঐ সমনকরা লোকের দখলে কি এখ্তিয়ারে থাকা এমত কোন কাগজপত্রপ্রভৃতি যদি সেই লোক উপযুক্ত কারণ না থাকিতেও আনিতে ও উক্ত কমিস্যানরেরদিগকে দেখাইতে স্বীকার না করে কি ত্রুটি করে (ও সেই কারণ উপযুক্ত কি না তাহা উক্ত কমিস্যানরেরা স্থির করিবেন) তবে দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার প্রধান যে আদালতের এলাকার সীমার মধ্যে ঐ লোক বাস করে, সেই আদালতে উপস্থিত থাকা কোন মোকদ্দমায় ঐ লোক হাজির হইতে ত্রুটি করিলে, কিম্বা সেই মোকদ্দমায় যে কোন ইসু নিরূপণ হয় তাহার বিষয়ে হলফ করিতে কি সাক্ষ্য দিতে

per, deed, or writing as aforesaid, as the principal Court of original Civil jurisdiction within the limits of which the said person shall be residing, may by law exercise against any person for making default of appearance, or for refusing to be sworn or to give evidence on any issue joined in any action depending in such Court.

[Expenses of witnesses.]

XVII. Whenever a summons is issued for the attendance of a witness under this act, the Commissioners may if they think fit order such witness to receive from the Collector such travelling and other expenses as he would have been entitled to receive had he been summoned to appear and give evidence in the principal Court of original Civil jurisdiction in the District.

[Punishment for false evidence.]

XVIII. Every person who, upon examination upon oath or affirmation before the Commissioners aforesaid, shall wilfully give false evidence, shall be liable to the punishment of perjury.

M. WYLIE,
Clerk of the Council.

THE following Bill, as read a second time in the Legislative Council on the 24th March 1860, is referred to in the foregoing Act —

A Bill to enforce the fulfilment of Indigo Contracts.

[Preamble.]

WHEREAS it is expedient, pending a commission of enquiry into the practice of Indigo planting in Bengal, which the Executive Government purposes to appoint after the close of the present season of cultivation, to make temporary provision for enforcing by summary process the execution of agreements entered into for the cultivation of Indigo plant, and better to provide for the punishment of certain unlawful acts connected with such cultivation; It is enacted as follows :—

[Magistrate may on complaint, issue summons for appearance of a person who has received a cash advance and delays or neglects to cultivate land according to agreement.]

I. If any person who has received a cash advance upon his agreement to cultivate Indigo plant during the season now current, shall wilfully delay or omit from and after the 24th day of March 1860 to cultivate according to the conditions of his agreement the whole quantity of land which he has agreed to cultivate, and for the cultivation of which the cash advance was made, it shall be competent to the Magistrate to entertain a complaint made to the above effect on oath by the Planter who has made the advance, or by any person on his behalf, and to summon the person complained of to appear

স্বীকার না করিলে, তাহার উপর ঐ আদালতের যে ক্ষমতা থাকিত, ঐ কমিস্যানরেরদের সম্মুখে উক্ত যে লোক হাজির হইতে ত্রুটি করে, কি হলফ কি প্রতিজ্ঞা করিতে স্বীকার না করে, কিম্বা তাহাকে যে কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর না করে, কিম্বা পূর্ব্বোক্তমতের কোন বহী কি কাগজপত্র কি দলীল কি লিপি আনিবা দেখাইতে স্বীকার না করে, তাহারও উপর ঐ কমিস্যানরেরদের সর্ব্ব বিষয়ে সেই ক্ষমতা থাকিবেক ইতি ।

[সাক্ষিরদের খরচের কথা ।]

১৭ ধারা । এই আইনমতে যখন কোন সাক্ষির হাজির হইবার সমন জারী হয়, তখন জিলার মধ্যে দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার প্রধান যে দেওয়ানী আদালতের এলাকা থাকে, সেই আদালতে হাজির হইয়া সাক্ষ্য দিবার সমন হইলে যে পথখরচ ও অন্য২ খরচ পাইতে পারিত, কমিস্যানরেরা উপযুক্ত বোধ করিলে, ঐ সাক্ষির সেই পথখরচ ও অন্য২ খরচ কালেক্টর সাহেবের স্থানে লইবার হুকুম করিতে পারিবেন ইতি ।

[মিথ্যা সাক্ষ্য দিবার দণ্ডের কথা ।]

১৮ ধারা । পূর্ব্বোক্ত কমিস্যানরেরদের সম্মুখে যে কেহ হলফ করিয়া কি প্রতিজ্ঞা করিয়া জোবানবন্দী দিবার সময়ে ইচ্ছা করিয়া মিথ্যা সাক্ষ্য দেয়, সেই জনের মিথ্যা শপথ করিবার দণ্ড হইতে পারিবেক ইতি ।

এম ওয়াইলি ।
কৌন্সেলের ক্লার্ক ।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৪ মার্চ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল বলিয়া যে মুসাবিদার কথা পূর্ব্ব লিখিত আইনে ব্যক্ত হইয়াছে তাহা এই ।

নীলের করারমতে বলপূর্ব্বক কর্ম্ম করাইবার আইনের মুসাবিদা ।

[হেতুবাদ ।]

নীলের চাষ করিবার এই সময় গেলে পর, এই দেশের কর্ত্তৃত্ব কার্য্যের গবর্ণমেণ্ট বাঙ্গলা দেশের মধ্যে নীল বুনিবার যে নিয়ম চলিতেছে তাহার তদন্ত লইবার কমিস্যান জারী করিতে মানস করিয়াছেন । কিন্তু ইহার মধ্যে নীলের চাষ করিবার যে বন্দোবস্ত হইয়াছে সেই বন্দোবস্তমতে সরাসরী মোকদ্দমাক্রমে বলপূর্ব্বক কর্ম্ম করাইবার কিঞ্চিৎ কালের নিমিত্তে বিধান করা বিহিত ও সেই চাষসম্পর্কীয় বেআইনী যে কতক কর্ম্ম হয় তাহার দণ্ড করিবার আরো উত্তম বিধান করা উচিত । এই কারণে এই২ হুকুম হইল ।

[কোন লোক দাদনী পাইয়া করারমতে জমী চাষ করিতে ত্রুটি কি বিলম্ব করিলে তাহার নামে নালিশ হইলে তাহাকে হাজির করাইবার সমন জারী করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা ।]

১ ধারা । যদি কোন লোক এই সময়ে নীলের চাষ করিতে বন্দোবস্ত করিয়া দাদনী টাকা পাইয়া থাকে, ও যত জমী চাষ করিতে করা[illegible] করিয়াছিল ও চাষের নিমিত্তে দাদনী পাইয়া[illegible] সেই সমুদয় জমীতে যদি আপন করারমতে ১৮৬[illegible] সালের মার্চ মাসের ২৪ তারিখঅবধি ও তাহার পর[illegible] চাষ করিতে জানিয়া শুনিয়া বিলম্ব কি ত্রুটি করে, তবে যে নীলকর সাহেব ঐ দাদনী দিয়াছেন, তিনি কি তাঁহার পক্ষের কোন লোক শপথপূর্ব্বক সেই মর্ম্মের নালিশ করিলে, মাজিষ্ট্রেট সাহেব সেই নালিশ গ্রাহ্য করিতে পারিবেন, ও সে কথার নালিশ হইয়াছে তাহার বিচার করিবার জন্যে, যাহার নামে নালিশ হইল তাহাকে আপনার নিকট

before him in order to the investigation of the complaint preferred. If the Magistrate has reason to believe that the person complained of will not appear in obedience to the summons, he may issue a warrant for the arrest of such person.

[Penalty. Proviso.]

II. On hearing the answer of the person complained of, and on taking such evidence as both parties may adduce, if the complaint be established to the satisfaction of the Magistrate, the Magistrate shall assess a certain sum as damages not exceeding five times the said advance made and five times the value of any seed that may have been furnished to him for such cultivation to be paid by the defendant: and failing the immediate payment of the damages assessed, may order the defendant to be imprisoned in the Civil Jail for a term not exceeding three months, and may on the motion of the complainant furthermore proceed to levy the damages assessed from the property of the defendant, in the mode provided for enforcing decrees of Court under Act VIII. of 1859 (*for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter.*) Provided that if the amount of the said damages is paid or levied within the aforesaid term of three months, the defendant shall be released from Jail on that amount being paid or levied.

[Penalty for intimidation, &c.]

III. If any person from and after the 24th day of March 1860 shall by violence, threats, or otherwise intimidate or attempt to intimidate any other person who shall have entered into any such agreement as aforesaid, with the intention of inducing such person to break the conditions thereof; or if any person from and after the date aforesaid shall conspire with any other person or persons for the purpose of causing the breach of any such contract or contracts as aforesaid, he shall on conviction before a Magistrate be liable to a sentence of imprisonment with or without labor for a period not exceeding six months, or to a fine not exceeding two hundred Rupees, or to both, such fine being commutable, if not paid, to a further period of imprisonment not exceeding six months.

[Penalty for destroying or damaging crops]

IV. If any person shall maliciously destroy or damage, or any person shall maliciously command, compel, or persuade, or shall with others maliciously combine to command, compel, or persuade any other person to destroy or damage any growing crop of Indigo, he shall on conviction before a Magistrate be liable to be sentenced to imprisonment with or without labor for a period not exceeding six months, or to a fine not exceeding two hundred Rupees, or to both, such fine being commutable, if not paid, to a further period of imprisonment not exceeding six months.

[*Government Gazette*, *24th April*, 1860.]

হাজির হইতে সমন করিতে পারিবেন। যাহার নামে নালিশ হয় তাহার নামে সমন হইলেও সে হাজির হইবে না মাজিষ্ট্রেট সাহেবের যদি এমত বুঝিবার কারণ থাকে, তবে তিনি ঐ লোকের গ্রেফ্তারী পরওয়ানা জারী করিতে পারিবেন ইতি।

[দণ্ডের কথা ও বর্জ্জিত কথা।]

২ ধারা। যাহার নামে নালিশ হইল সেই লোকের জওয়াব শুনিলে পর, ও উভয় পক্ষ যে সকল প্রমাণ দেয় তাহা লইলে পর, যদি সেই নালিশ মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে সাবুদ হয়, তবে তিনি খেসারৎ বলিয়া আসামীর কতক টাকা জরীমানা করিবেন, কিন্তু যত টাকা দাদনী পাইয়াছে তাহার পাঁচগুণ ও সেই চাষ করিবার জন্যে যত বীজ তাহাকে দেওয়া গিয়াছিল তাহার মুল্যের পাঁচগুণের অধিক টাকা জরীমানা করিবেন না। ও ঐ খেসারতের নির্দ্দিষ্ট টাকা যদি সেই সময়ে না দেওয়া যায়, তবে আসামীর তিন মাসপর্য্যন্ত দেওয়ানী জেলখানায় কয়েদ হইবার হুকুম করিতে পারিবেন। ও ফরিয়াদী যদি প্রার্থনা করে, তবে ১৮৫৯ সালের ৮ আইনমতে (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার যে২ আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইনমতে) আদালতের ডিক্রী জারী করিবার যে বিধি আছে, সেই বিধিমতে আসামীর সম্পত্তিহইতে ঐ খেসারতের টাকা উসুল করিতে পারিবেন। কিন্তু ঐ খেসারতের টাকা যদি উক্ত তিন মাস মিয়াদের মধ্যে দেওয়া যায় কি উসুল হয়, তবে ঐ টাকা দেওয়া গেলেই কি উসুল হইলেই আসামীকে জেলখানাহইতে মুক্ত করা যাইবেক ইতি।

[ভয় দেখানপ্রভৃতির দণ্ডের কথা।]

৩ ধারা। কোন লোক যদি উক্ত প্রকারের কোন বন্দোবস্ত করিয়া থাকে ও অন্য কেহ যদি তাহার ঐ করারের নিয়ম ভঙ্গ করাইবার অভিপ্রায়ে তাহাকে ১৮৬০ সালের মার্চ মাসের ২৪ তারিখে কি তাহার পরে, জবরদস্তী করিয়া কি ভয় জন্মাইবার কথা কহিয়া কি অন্য কোন প্রকারে, তাহার ভয় জন্মায় কি জন্মাইতে চেষ্টা করে, কিম্বা পূর্ব্বোক্তমতের কোন করার লঙ্ঘন করাইবার জন্যে যদি ঐ তারিখে কি তৎপরে কোন লোক অন্য কোন এক কি অধিক লোকের সঙ্গে যোগসাজস করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার ঐ দোষ সাবুদ হইলে, সেই জনের ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইয়া কঠিন পরিশ্রম করিবার, কি বিনাপরিশ্রমে কয়েদ হইবার, কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার হুকুম, কিম্বা ঐ দুই দণ্ডের হুকুম হইতে পারিবেক, যদি সেই জরীমানার টাকা না দেওয়া যায় তবে তাহার আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি।

[ফসল নষ্ট কি লোকসান করিবার দণ্ডের কথা।]

৪ ধারা। নীলের যে গাছ হইতেছে তাহা যদি কেহ ঈর্ষা করিয়া নষ্ট করে কি তাহার হানি করে, কিম্বা অন্য কোন লোককে তাহা নষ্ট করিতে কি তাহার হানি করিতে হুকুম করে, কি জোর করিয়া নষ্ট করায় কি তাহার হানি করায়, কিম্বা নষ্ট করিতে কি হানি করিতে প্রবৃত্তি দেয়, কিম্বা ঈর্ষা করিয়া অন্য কোন লোকের সঙ্গে যোগসাজস করিয়া সেই মতের হুকুম দেয়, কিম্বা জোর করিয়া ঐ কর্ম্ম করায় কি তাহা করিতে প্রবৃত্তি দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইয়া পরিশ্রম করিবার, কিম্বা বিনাপরিশ্রমে কয়েদ হইবার, কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার, কিম্বা ঐ দুই দণ্ড হইবার হুকুম হইতে পারিবেক, ও সেই জরীমানার টাকা না দেওয়া গেলে তাহার আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি।

[No appeal.]

V. No appeal shall lie from the decision of a Magistrate under this Act.

[Jurisdiction.]

VI. The power of a Magistrate under this Act may be exercised by any person vested with the full powers of a Magistrate, and by any Assistant Magistrate or Deputy Magistrate specially empowered on that behalf by the local Government.

[Duration of Act.]

VII. This Act shall have effect from and after the 24th day of March 1860, within the territories subject to the Lieutenant Governor of Bengal. And no complaint or prosecution shall be entertained under this Act, unless preferred within six months from the date aforesaid.

M. WYLIE,
Clerk of the Council.

[আপীল না হইবার কথা।]

৫ ধারা। এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের যে নিষ্পত্তি হয় তাঁহার উপর আপীল হইবেক না ইতি।

[এলাকার কথা।]

৬ ধারা। এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের যে ক্ষমতা থাকে সেই ক্ষমতামতে, মাজিষ্ট্রেট সাহেবের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত কোন লোকও কার্য্য করিতে পারিবেন, ও স্থানীয় গবর্ণমেণ্ট সেই কর্ম্মের জন্যে যে কোন আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটকে কি ডেপুটী মাজিষ্ট্রেটকে বিশেষমতে শক্তি দেন তিনিও সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

[আইন যত দিন চলন হইবে তাহার কথা।]

৭ ধারা। এই আইন ১৮৬০ সালের মার্চ মাসের ২৪ তারিখঅবধি বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অধীন দেশে চলন হইবেক। ও সেই তারিখঅবধি ছয় মাসের মধ্যে উপস্থিত না করা গেলে এই আইনমতে কোন নালিশ কি মোকদ্দমা গ্রাহ্য হইবেক না ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFTS OF ACTS.

THE 14TH APRIL 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 14th April 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 18th of July next:—

A Bill relating to the Emigration of Native Laborers to the British Colony of Saint Kitts.

[Preamble.]

WHEREAS it is expedient to render lawful the Emigration of laborers, being Native Inhabitants of British India, to the British Colony of Saint Kitts, and to extend the provisions of Act XXXI. of 1855 *(relating to the Emigration of Native Laborers to the British Colonies of Saint Lucia and Grenada)* to the Emigration of Native Inhabitants of British India who may emigrate to Saint Kitts; It is enacted as follows:—

[Act repealed.]

I. Act XIV. of 1839, in so far as it renders liable to penalties every person who shall make with any Native of India any contract for labor to be performed in the British Colony of Saint Kitts, or who shall knowingly aid or abet any Native of India in emigrating from the Ports of Calcutta, Madras, and Bombay respectively, to the said Colony, is repealed.

[Act XXXI. of 1855 extended.]

II. All the provisions of Act XXXI. of 1855 and of the Schedule thereto shall extend and apply to Native Inhabitants of the British Territories in India who shall emigrate to Saint Kitts, and that Act shall be read as if the words "or the British Colony of Saint Kitts" had been inserted therein after the words "Saint Lucia and Grenada," or "Saint Lucia or Grenada," wherever those words occur in the said Act.

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৪ আপ্রিল।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৪ আপ্রিল তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। আগামি জুলাই মাসের ১৮ তারিখের পরে তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

সেণ্ট কিট্‌সনামক ব্রিটনীয়েরদের বসতিস্থানে এদেশের মজুরেরদের যাইবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ভারতবর্ষের যে দেশ ব্রিটনীয়েরদের অধিকারে আছে তাহার লোকদিগের সেণ্ট কিট্‌সনামক ব্রিটনীয়েরদের বসতি স্থানে মজুরস্বরূপে যাওয়া আইনসিদ্ধকরা বিহিত, ও ভারতবর্ষের যে দেশ ব্রিটনীয়েরদের অধিকারে আছে তাহার যে লোকেরা সেণ্ট কিট্‌সনামক স্থানে যাইতে চাহে তাহারদের উপর ১৮৫৫ সালের ৩১ আইন, (অর্থাৎ সেণ্টলুসিয়া ও গ্রেনেডা নামক ব্রিটনীয় বসতি স্থানে এদেশীয় মজুরেরদের গমন করিবার বিষয়ি আইন) খাটান বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[যে আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। সেণ্ট কিট্‌সনামক ব্রিটনীয়েরদের বসতিস্থানে মজুরী করিবার জন্যে যদি কেহ ভারতবর্ষের কোন লোকের স্থানে করার লয়, কিম্বা কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইহইতে উক্ত বসতিস্থানে ভারতবর্ষের কোন লোকের যাইতে যদি কেহ জানিয়াশুনিয়া সাহায্য করে, তবে তাহার দণ্ড হইবে, এই ভাবের যে কথা ১৮৩৯ সালের ১৪ আইনে আছে তাহা রদ করা গেল ইতি।

[১৮৫৫ সালের ৩১ আইন বিস্তারিত করিবার কথা।]

২ ধারা। ভারতবর্ষের যে দেশ ব্রিটনীয়েরদের অধিকারে আছে তাহার যে কোন লোক সেণ্ট কিট্‌সনামক স্থানে যাইবে, তাহারদের উপর ১৮৫৫ সালের ৩১ আইনের সকল বিধান ও তাহার তফসীল বিস্তারিত হইয়া খাটিবে, ও "সেণ্ট লুসিয়া ও গ্রেনেডা" কিম্বা "সেণ্ট লুসিয়া কি গ্রেনেডা" এই কথা সেই আইনের যে কোন পদে থাকে, তাহার পরে "কিম্বা সেণ্ট কিট্‌সনামক ব্রিটনীয়েরদের বসতিস্থান" এই কথা থাকিবার মতে ঐ আইন পড়িতে হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৪ আপ্রিল।]

[Commencement of Act.]

III. This Act shall take effect as to the Colony of Saint Kitts from the day when the Governor General of India in Council shall notify in the Calcutta Gazette that such Regulations have been provided, and such measures taken as the Governor General in Council deems necessary for the protection of such emigrants during their residence in the said Colony of Saint Kitts and in respect of their return to India.

M. WYLIE,
Clerk of the Council.

THE 14TH APRIL 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 14th April 1860, and was referred to a Select Committee who are to report thereon (under a suspension of the Standing Orders) within three weeks:—

A Bill for the Licensing of Arts, Trades, and Professions.

[Preamble.]

WHEREAS it is expedient to provide for the Licensing of Arts, Trades, and Professions in the British Territories in India, and to impose a tax on the grant of such Licenses; It is enacted as follows:—

[Regulations repealed.]

I. Regulation IV. 1818 of the Madras Code (*Prescribing Rules for the assessment and collection of the Veesabuddy or tax upon the profits of trade in the Provinces known by the appellation of the Ceded Districts or the Zillahs of Bellary and Cuddapah*), and Regulation V. 1832 of the same Code (*declaratory of the liability of persons exercising certain arts, trades, and professions to the Mohturfa Tax*) are hereby repealed.

[License to exercise art, trade, or profession.]

II. From and after the   day of   every person who shall exercise any lawful art, trade, or profession, shall be required to take out such license as is by this Act directed.

[Who to be deemed persons exercising an art or trade.]

III.* For the purposes of this Act the following shall be deemed to be persons exercising an art or trade, namely:—

Every person who shall exercise any art or trade having for its object the procurement of gain to such person;

Every Company or Association or body of persons who shall exercise any art or trade as aforesaid whether constituted a Company by Act of Par-

[এই আইন যে অবধি চলিবে তাহার কথা।]

৩ ধারা। সেণ্ট কিট্‌সনামক উক্ত বসতিস্থানে যাহারা যায় তাহারদের সেই স্থানে বাস করিবার কালে তাহারদের সুরক্ষার ও ভারতবর্ষে তাহারদের ফিরিয়া আসিবার যে সকল বিধান করা ও যে সকল নিয়ম করা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর আবশ্যক জ্ঞান করেন, সেই সকল বিধান ও নিয়ম হইয়াছে, এই কথা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে দিনে কলিকাতা গেজেটে প্রকাশ করেন, সেই দিনঅবধি সেণ্ট কিট্‌সনামক বসতিস্থানের বিষয়ে এই আইন চলন হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৪ আপ্রিল।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৪ আপ্রিল তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। এই বিষয়ে স্থায়ি বিধান স্থগিত হইল ও ঐ কমিটির সাহেবেরা তিন সপ্তাহের মধ্যে ঐ মুসাবিদার রিপোর্ট করিবেন।

শিল্প কর্ম্মের ও বাণিজ্যব্যাপারের ও বিদ্যাব্যবসায়ের অনুমতিপত্র দিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ভারতবর্ষের যে সকল দেশ ব্রিটনিয়েরদের অধিকারে আছে সেই সকল দেশে শিল্প কর্ম্মের ও বাণিজ্যব্যবসায়ের ও বিদ্যাব্যবসায়ের অনুমতিপত্র দিবার বিধান করা, ও সেই অনুমতিপত্র দেওয়ার উপর টাক্স বসাইবার বিধান করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[যেং আইন রদ হইবে তাহার কথা।]

১ ধারা। মান্দ্রাজ দেশের চলিত ১৮১৮ সালের ৪ আইন (অর্থাৎ বেলারী ও কড়াপা নামক দত্ত জিলা বলিয়া যে প্রদেশ জানা যায়, তাহাতে "বিসাবদী" অর্থাৎ বাণিজ্যব্যবসায়ের লভ্যের উপর টাক্স বসাইবার ও আদায় করিবার বিধান করিবার আইন) ও সেই দেশের চলিত ১৮৩২ সালের ৫ আইন (অর্থাৎ যাহারা কোন২ শিল্প বিদ্যার ও বাণিজ্যব্যবসায়ের ও বিদ্যাব্যবসায়ের কর্ম্ম করে তাহারদের মোহতরফা অর্থাৎ টাক্স দিতে হইবার বিধানপ্রকাশক আইন) ইহাতে রদ করা গেল ইতি।

[শিল্প কর্ম্ম কি বাণিজ্যব্যাপার কি বিদ্যাব্যবসায় করিবার অনুমতিপত্রের কথা।]

২ ধারা। যে কোন ব্যক্তি আইনমতের উপযুক্ত কোন শিল্প কর্ম্ম কি বাণিজ্যব্যবসায় কি বিদ্যাব্যবসায় করেন, তাঁহার অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি এই আইনের আজ্ঞামতের অনুমতিপত্র লইতে হইবেক ইতি।

[শিল্পকর কি বাণিজ্যব্যবসায়ী বলিয়া যাহারা জ্ঞান হইবেক তাহারদের কথা।]

৩ ধারা। এই আইনের অভিপ্রায় সফল হইবার জন্যে এই২ লোকদিগকে শিল্পকর কি বাণিজ্যব্যবসায়ী বলিয়া জ্ঞান হইবেক। অর্থাৎ

যে কোন লোক নিজ লাভের জন্যে কোন শিল্পকর্ম্ম করেন কি বাণিজ্যব্যাপার করেন সেই লোক।

যেং কোম্পানি, কি সমাজ, কি বহু লোক মিলিয়া উক্তমতের কোন শিল্পকর্ম্ম কি বাণিজ্যব্যবসায় করে, তাহারা আক্ট পারলিমেণ্টের দ্বারা কি রাজকীয় চার্টর

liament, Royal Charter, Letters Patent, or Act of the Legislative Council of India; or constituted or regulated by deed of settlement or other instrument:

Every partnership of persons who shall exercise any art or trade for the procurement of gain to such partnership.

[Grant of license]

IV. A license under this Act shall be granted by the Collector of Land Revenue of the District or place in which the person requiring such license shall exercise his art, trade, or profession, or by such other Officer as the Government shall appoint or authorize in that behalf. If the person requiring such license shall exercise his art, trade, or profession in more than one District or place, the license shall be granted by the Collector or other authorized Officer of the District or place in which the chief office or place of business of such person is situate; but if the art, trade, or profession so carried on at any one District or place be distinct from and not necessarily from its nature connected with that carried on at any other District or place by the same person, then a separate license shall be chargeable in each District or place in which such separate art, trade, or profession is so carried on.

[Particulars to be specified in the license.]

V. There shall be specified in every license to be granted under this Act the date of the grant thereof, the true name of the person to whom the license is granted, the sum paid for such license, and the place or places where such person shall exercise or intend to exercise his art, trade, or profession.

[Commencement and expiration of license.]

VI Every license which shall be granted under this Act shall have effect and continue in force from the day of the date thereof until the day hereinafter appointed for the expiration thereof; and every such license which shall be granted before the 1st day of 186 shall expire on that day; and every such license which shall be granted upon or at any time after that day shall expire on the 1st day of next after the day of the granting thereof.

[Renewal of license.]

VII. Every person to whom any such license shall be granted and who shall be desirous of continuing to exercise his art, trade, or profession after the expiration thereof, shall take out a fresh license for that purpose for the following year, to expire on the day appointed in the last preceding Section, and shall renew the same from year to year, so long as he

দ্বারা কি পাটেণ্টপত্রমতে কি ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের আক্টমতে যথাক্রমে সংযুক্ত হউন কি না হউন; কিম্বা নিরূপণপত্র কি অন্য কোন দলীল করিয়া যথাক্রমে সংযুক্ত হউন কি না হউন, তাঁহারা।

যোক্তার কার্য্যকারি যে সকল লোক ঐ অংশিত্ব কর্ম্মের লাভের জন্যে কোন শিল্পকর্ম্ম কি বাণিজ্যব্যবসায় করেন তাঁহারা ইতি।

[অনুমতিপত্র দিবার কথা।]

৪ ধারা। যে জনের ঐ প্রকারের অনুমতিপত্র লইতে হইবেক তিনি যে জিলাতে কি স্থানে আপনার শিল্পকর্ম্ম কি বাণিজ্যব্যাপার কি বিদ্যাব্যবসায় করেন, সেই জিলার কি স্থানের মালগুজারীর কালেক্টর সাহেব কিম্বা সেই কর্ম্ম করিতে গবর্ণমেণ্ট অন্য যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন কি ক্ষমতা দেন তিনি এই আইনমতের অনুমতিপত্র দিবেন। সেই প্রকারের অনুমতিপত্র যাঁহার লইতে হইবেক, সেই জন যদি দুই কি অধিক জিলাতে আপনার শিল্পকর্ম্ম চালান, কি বাণিজ্যব্যাপার কি বিদ্যাব্যবসায় করেন, তবে তাঁহার সদর কি প্রধান কর্ম্মস্থান যে জিলার কি স্থানের মধ্যে থাকে সেই জিলার কালেক্টর সাহেব কি ক্ষমতাপ্রাপ্ত ঐ অন্য কার্য্যকারক ঐ অনুমতিপত্র দিবেন। কিন্তু এক জিলাতে কি স্থানে কোন লোক যে শিল্পকর্ম্ম কি বাণিজ্য কি বিদ্যাব্যবসায় করেন, সেই লোকের যদি অন্য জিলাতে কি স্থানে স্বতন্ত্র কর্ম্ম কি ব্যবসায় থাকে, ও কর্ম্মের ভাব বুঝিয়া যদি সেই কর্ম্ম অন্য জিলার কর্ম্মের সঙ্গে অবশ্য সংযুক্ত না হয়, তবে সেই শিল্পকর্ম্ম কি বাণিজ্য ব্যাপার কি বিদ্যাব্যবসায় যে২ জিলার কি স্থানের মধ্যে চলন হয়, তাহার প্রত্যেক জিলাতে ঐ লোকের ভিন্ন২ অনুমতিপত্র লইতে হইবেক ইতি।

[অনুমতিপত্রেতে বিশেষ যাহা লেখা থাকিবে তাহার কথা।]

৫ ধারা। এই আইনমতে যে অনুমতিপত্র দেওয়া যায় তাহার প্রত্যেক পত্রেতে এই২ কথা লিখিতে হইবে অর্থাৎ, ঐ অনুমতিপত্র যে তারিখে দেওয়া যায় তাহা, ও যাঁহাকে দেওয়া যায় তাঁহার প্রকৃত নাম, ও ঐ অনুমতিপত্রের জন্যে যত টাকা দিতে হইবে তাহা, ও সেই লোক যে স্থানে কি যে২ স্থানে আপনার শিল্পকর্ম্ম কি বাণিজ্যব্যাপার কি বিদ্যাব্যবসায় চালাইবেন কি চালাইতে কল্পনা করেন তাহার নাম ইতি।

[অনুমতিপত্র যে তারিখঅবধি চলন হইবে ও যে তারিখে রহিত হইবে তাহার কথা।]

৬ ধারা। এই আইনমতে যে প্রত্যেক অনুমতিপত্র দেওয়া যায়, তাহা ঐ পত্রের তারিখঅবধি আরম্ভ হইয়া, ইহার পরে যে তারিখ নিরূপণ হইবে সেই তারিখপর্য্যন্ত প্রবল থাকিবে। ও অমুক সালের অমুক মাসের প্রথম তারিখের আগে যে সকল অনুমতিপত্র দেওয়া যায় তাহা সেই নিরূপিত তারিখঅবধি রহিত হইবে, ও সেই নিরূপিত তারিখে কি তাহার পর কোন সময়ে তদ্রূপের যে২ অনুমতিপত্র দেওয়া যায়, তাহা দেওয়া যাইবার তারিখের পর অমুক মাসের ১ তারিখঅবধি রহিত হইবে ইতি।

[নূতন অনুমতিপত্র লইবার কথা।]

৭ ধারা। যাঁহাকে তদ্রূপের কোন অনুমতিপত্র দেওয়া যায়, তিনি যদি ঐ অনুমতিপত্রের মিয়াদ ফুরাইবার পরে আপনার সেই শিল্পকর্ম্ম কি বাণিজ্যব্যাপার কি বিদ্যাব্যবসায় করিয়া থাকিতে চাহেন, তবে তাহার পর বৎসরে তাঁহার সেই অভিপ্রায়ে নূতন এক অনুমতিপত্র লইতে হইবেক তাহার মিয়াদ ইহার পূর্ব্বের ধারার নিরূপিত দিনে ফুরাইবে। সেই প্রকারে যত কাল ঐ শিল্পকর্ম্ম কি বাণিজ্যব্যাপার কি বিদ্যাব্যবসায় করিয়া থাকি-

shall desire to continue such art, trade, or profession.

[Annual sums payable upon licenses.]

VIII. Upon all licenses to be granted under this Act there shall be paid by the persons to whom such licenses are granted the several annual sums hereinafter mentioned (that is to say),

If the person shall be an artizan ..	1 Re. a year.
If a petty retail dealer of Class II	2 Rs. a year.
If a retail trader of Class I. or a small manufacturer for retail sale only	4 Rs. a year.
If a wholesale trader, banker, manufacturer for retail and wholesale, or a member of a profession	10 Rs. a year.

[Collector how to determine the class under which a person shall be assessed.]

IX. The Collector or other Officer authorized as aforesaid shall, subject to the provisions of Section of this Act, determine under what class every person to whom a license is granted shall be assessed.

[List to be prepared and published.]

X. On or before the day of in every year, the Collector or other Officer authorized as aforesaid shall prepare a list of the persons requiring to be licensed under this Act, which list shall state the art, trade, or profession of each of the persons therein named, the class under which he shall be assessed, and the tax payable in respect of his license, and such list shall be filed in the Office of such Collector or other Officer as aforesaid.

[Penalty for not taking out a license.]

XI. After the said day of if any person exercise his art, trade, or profession without having taken out a license as required by this Act, he shall be liable on conviction before a Magistrate to a penalty not exceeding ten times the amount which in the judgment of the Magistrate would have been payable by such person in respect of a license duly taken out as aforesaid.

[Persons who have not taken out a license shall not recover in suits for trade debts, &c.]

XII. No person required by this Act to take out a license shall be allowed to recover in any judicial suit or proceeding any money, debt, or charge claimed by him in respect of the art, trade, or profession exercised by him after the passing of this Act, unless such person shall, if required, prove to the satisfaction of the Judge or Officer

তে চাহেন, তত কালপর্য্যন্ত তাঁহার বৎসরে২ নূতন অনুমতিপত্র লইতে হইবেক ইতি।

[অনুমতিপত্রের নিমিত্তে বৎসরে২ যত দিতে হইবে তাহার কথা।]

৮ ধারা। এই আইনমতে যে সকল অনুমতিপত্র যাঁহারদিগকে দেওয়া যায় তাঁহারদের বৎসরে২ ঐ অনুমতিপত্রের নিমিত্তে এই হিসাবে টাকা দিতে হইবে অর্থাৎ,

লোক যদি ছুতর কামারপ্রভৃতি কারিগর হন তবে	বৎসরে ১৲ টাকা।
দ্বিতীয় শ্রেণীর খুচরা বিক্রয়ের পাইকারপ্রভৃতি হইলে ...	বৎসরে ২৲ টাকা।
প্রথম শ্রেণীর খুচরা বিক্রয়ের ব্যাপারিপ্রভৃতি কিম্বা কেবল খুচরা বিক্রয়ের নিমিত্তে ক্ষুদ্র শিল্পকর হইলে ...	বৎসরে ৪৲ টাকা।
থোকে বিক্রয়ের মহাজন কি বণিক হইলে, কিম্বা খুচরা ও থোকে বিক্রয়ের শিল্পকর্ম্মী হইলে, কি বিদ্যাব্যবসায়ী হইলে ..	বৎসরে ১০৲ টাকা

[যে শ্রেণীর মধ্যে যাঁহাকে ধরিয়া টাক্স ধার্য্য করিতে হইবে তাহা কালেক্টর সাহেবের নির্ণয় করিবার কথা।]

৯ ধারা। যাঁহাকে অনুমতিপত্র দেওয়া যায় তাঁহাকে কোন্ শ্রেণীর মধ্যে ধরিয়া তাঁহার স্থানে কত করিয়া লইতে হইবেক, এই কথা কালেক্টর সাহেব কিম্বা অন্য যে কার্য্যকারক উক্তমতে ক্ষমতা পান তিনি, এই আইনের অমুক ধারার বিধানমতে নির্ণয় করিবেন ইতি।

[ফর্দ্দ প্রস্তুত হইয়া প্রকাশ হইবার কথা।]

১০ ধারা। এই আইনমতে যে সকল লোকের অনুমতিপত্র লইতে হইবেক, তাঁহারদের নামের এক ফর্দ্দ কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক, প্রতিবৎসরের অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে প্রস্তুত করিবেন। সেই ফর্দ্দে যাঁহারদের নাম লেখা থাকে, তাঁহারদের প্রত্যেক জনের যে শিল্পকর্ম্ম, কি যে বাণিজ্যব্যাপার, কি যে বিদ্যাব্যবসায় থাকে তাহা, ও যে শ্রেণীর মধ্যে ধরিয়া তাঁহার টাক্স ধার্য্য করিতে হইবে, ও তাঁহার অনুমতিপত্রের নিমিত্তে যত টাক্স দিতে হইবে, এই সকল কথা ঐ ফর্দ্দে লেখা থাকিবে, ও সেই ফর্দ্দ সেই কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারকের দফ্তরখানায় ফাইল করিয়া রাখিতে হইবেক ইতি।

[অনুমতিপত্র না লইবার দণ্ডের কথা।]

১১ ধারা। এই আইনেতে যেরূপ আজ্ঞা হইল, সেইরূপে যদি কোন লোক অনুমতিপত্র না লইয়া অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পরে আপনার শিল্পকর্ম্ম কি বাণিজ্যব্যাপার কি বিদ্যাব্যবসায় চালান, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাঁহার দোষ সাব্যস্ত হইলে, সেই লোক পূর্ব্বোক্তমতে উপযুক্তরূপে অনুমতিপত্র লইলে মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে তাঁহার যত টাকা দিতে হইত, তাহার দশগুণের অধিক না হয় এমত জরীমানা হইতে পারিবে ইতি।

[যাঁহারা অনুমতিপত্র না লন তাঁহারদের বাণিজ্যব্যাপারসম্পর্কীয় পাওনা টাকাপ্রভৃতির বাবৎ মোকদ্দমা করিয়াও না জিতিবার কথা।]

১২ ধারা। এই আইনেতে যাঁহার অনুমতিপত্র লইবার আজ্ঞা হইয়াছে, এমত কোন লোক এই আইন জারী হইবার পরে যে শিল্পকর্ম্ম কি বাণিজ্যব্যাপার কি বিদ্যাব্যবসায় চালান, তাঁহার সেই কর্ম্মসম্পর্কে যদি কিছু টাকা কি কর্জ্জের বাবৎ টাকা পাওনা থাকে কি কোন দাবী থাকে তবে তাহার বাবৎ নালিশ করিয়া আদালতে মোকদ্দমা করিলে যে করারমতে ঐ টাকা পাওনা

presiding at the trial, that at the time when the contract was entered into he had duly obtained a license in conformity with this Act.

[License to be produced on demand.]

XIII. Any person required by this Act to take out a license, who shall without reasonable excuse neglect or refuse to produce and show his license when required so to do by an Officer duly empowered to make such requisition by the Collector or other Officer authorized as aforesaid, shall on conviction before a Magistrate be liable to a penalty not exceeding one hundred Rupees.

[Adjudication of offences and recovery of penalties.]

XIV. All offences under this Act made punishable by any penalty may be prosecuted summarily before a Magistrate or any person exercising the powers of a Magistrate. The provisions of Act XIII. of 1856 relating to the adjudication of fines and penalties and the enforcing payment thereof shall apply to penalties imposed under this Act in the Towns of Calcutta, Madras, and Bombay.

[Act not to apply to ryots or agricultural menials.]

XV. Nothing in this Act shall be deemed to apply to any ryot or cultivator of land or agricultural menial.

[Saving of other Laws relating to licenses.]

XVI. Nothing in this Act shall be construed to alter or affect the provisions of any other Law or Regulation relating to licenses.

[Act not to apply to Straits' Settlement.]

XVII. This Act shall not take effect or have operation within the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca.

[Government empowered to make rules.]

XVIII. It shall be lawful for the Governor-General of India in Council from time to time to make rules for the guidance of Officers in matters connected with the enforcement of this Act, Provided such rules are not inconsistent with any of the provisions herein contained.

M. WYLIE,
Clerk of the Council.

হয় সেই করার হইবার পূর্ব্বে ঐ লোক এই আইনমতে উপযুক্তরূপে অনুমতিপত্র লইয়াছেন, এই কথার প্রমাণ করিবার আজ্ঞা হইলে, যদি জজ সাহেবের কিম্বা বিচারকর্ত্তার খাতিরজমামতে প্রমাণ করিতে না পারেন, তবে সেই জজ সেই মোকদ্দমায় কিম্বা মোকদ্দমাঘটিত অন্য কার্য্যের দ্বারা ঐ টাকা পাইতে পারিবেন না ইতি।

[অনুমতিপত্র দেখাইবার আজ্ঞা হইলে তাহা দেখাইবার কথা।]

১৩ ধারা। এই আইনমতে যাহার অনুমতিপত্র লইবার আজ্ঞা হয়, এমত কোন লোককে, আপনার অনুমতিপত্র দেখাইবার আজ্ঞা করিতে যে কোন কার্য্যকারক কালেক্টর সাহেবের স্থানে কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের স্থানে উপযুক্তমতে ক্ষমতা পান, তিনি সেই লোককে অনুমতিপত্র দেখাইতে আজ্ঞা করিলে, যদি সেই লোক উপযুক্ত ওজর না থাকিতেও আপনার ঐ অনুমতিপত্র বাহির করিয়া দেখাইতে ত্রুটি করেন কি স্বীকার না করেন, তবে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে তাঁহার দোষ সাব্যস্ত হইলে তাঁহার এক শ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[অপরাধের বিচার করিবার ক্ষমতার ও জরীমানার টাকা আদায় করিবার কথা।]

১৪ ধারা। এই আইনমতে যে সকল অপরাধের দণ্ড হইতে পারে, এমত কোন অপরাধের নালিশ সরাসরীমতে কোন মাজিস্ট্রেট সাহেবের নিকটে, কিম্বা মাজিস্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি অন্য লোকের নিকটে হইতে পারিবেক। জরীমানার ও অর্থদণ্ডের হুকুম করিবার ও সেই জরীমানার টাকা বলপূর্ব্বক আদায় করিবার যে বিধান ১৮৫৬ সালের ১৩ আইনেতে আছে, সেই বিধান, কলিকাতা ও বোম্বাই ও মান্দ্রাজ নগরে, এই আইনমতে যে জরীমানার আজ্ঞা হয় তাহার উপরেও খাটিবেক ইতি।

[রাইয়তপ্রভৃতির উপরে এই আইনের বিধান না খাটিবার কথা।]

১৫ ধারা। এই আইনের কোন কথা কোন রাইয়তের কি জমীর চাষির উপর কি কৃষাণ চাকরের উপর খাটে, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[অনুমতিপত্রের অন্য২ আইন বহাল রাখিবার কথা।]

১৬ ধারা। অনুমতিপত্রের বিষয়ে অন্য যে কোন আইন খাটে তাহার বিধানের যাহাতে পরিবর্ত্তন কি হানি হয়, এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না ইতি।

[মোহনার বসতিস্থানে এই আইন চলন না হইবার কথা।]

১৭ ধারা। এই আইন পুলু পিনাঙ্গে কি সিংহপুরে কি মলাকাতে চলন কি প্রবল হইবে না ইতি।

[বিধি করিতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

১৮ ধারা। এই আইন প্রবল [illegible]বার কার্য্যসম্পর্কে হজুর কৌন্সেলে ভারতবর্ষের [illegible]ত গবরনর জেনরল বাহাদুর কার্য্যকারকেরদের জন্যে সময়ে২ বিধি করিতে পারিবেন। কিন্তু সেই বিধি এই আইনের কোন বিধানের অন্যথা না হয় ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০ : ২৪ আপ্রিল।]

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 13th April, 1860.

Baboo Mohanund Roy Chowdri, to officiate as Moonsiff of Lohagarah, Zillah Jessore, during the absence on leave of the incumbent.

LEAVE OF ABSENCE.

The 13th April, 1860.

Baboo Haranund Mojumdar, Moonsiff of Lohagarah, Zillah Jessore, for two months, in extension, under Medical Certificate.

H. B. LAWFORD *Offg Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

১৭৮০ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২৯ মার্চ।

এতদ্দেশীয় চিকিৎসক শ্রীযুত দিসওয়ালা সিংহ আরাতে দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভার পাইয়াছেন।

এতদ্দেশীয় চিকিৎসক শ্রীযুত মীর আকবর আলী সেরাজগঞ্জ এলাকাধডের চিকিৎসকের ভার পাইয়াছেন ও সেই মোকামে দাতব্য ঔষধালয়ের চিকিৎসকের কর্ম্মের ভার পাইয়াছেন।

এতদ্দেশীয় চিকিৎসক শ্রীযুত শারদানাথ গুহ ময়মনসিংহে দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভার পাইয়াছেন।

১৮৬০ সাল ৯ আপ্রিল।

শ্রীযুত জে এফ ব্রৌন সাহেব (Messrs. J. F. Browne, and S. Nation,) ও শ্রীযুত এস নেসন সাহেব কমিলাতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৬০ সাল ১১ আপ্রিল।

শ্রীযুত মৌলবী ওয়াজী উল্লা বীরভূমের কতওয়ালদারক হইবেন ও সেই জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের লিখিত মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত মৌলবী ফয়জুল্লা হুগলীর কতওয়ালদারক হইবেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ১৪ আপ্রিল।

শ্রীযুত মেজর ডি এল রিচার্ডসন সাহেব (Major D. L. Richardson,) রাজধানীর কালেজে ইঙ্গরেজী ভাষার ও সাহিত্য বিদ্যার অধ্যাপক হইবেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এম এচ লাকরষ্টিন সাহেব (Assistant Surgeon M. H. Lackersteen,) চিকিৎসকের নিমিত্তে রাণীগঞ্জের বারিক ঘরের ও মোকামের চিকিৎসকতা কর্ম্মে নিযুক্ত হইয়া গত মাসের ২১ তারিখে ঐ স্থানের দেওয়ানী জেলখানার চিকিৎসকতা কর্ম্মের ভার কিছি[illegible] কালের জন্যে গ্রহণ করেন।

[illegible] সাল ১৩ আপ্রিল।

তমলুকের নিমকে[illegible] একটিং এজেণ্ট শ্রীযুত জি ডবলিউ বাটী সাহেব (Mr[illegible] W. Battye,) বলেশ্বর জিলাতে নিমকের এজেণ্ট ও নিমক চৌকীর সুপারিণ্টেণ্ডেণ্ট হইবেন।

হিজলীর নিমকের একটিং এজেণ্ট শ্রীযুত জি এ সি প্লোডন সাহেব (Mr. G. A. C. Plowden,) সেই জিলার নিমকের এজেণ্ট হইবেন।

উপরের লিখিত নিয়োগ বর্ত্তমান মাসের ১০ তারিখ অবধি চলিবেক।

[*Government Gazette, 24th April,* 1860.]

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ১৩ আপ্রিল।

জিলা যশোহরের লোহাগাড়ার মুনসেফ ছুটী পাইয়া যত কাল কর্ম্মে ফিরিয়া না যান তত কাল শ্রীযুত বাবু মহানন্দ রায় চৌধুরী ঐ স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৩ আপ্রিল।

জিলা যশোহরের লোহাগাড়ার মুনসেফ শ্রীযুত বাবু হারানন্দ মজুমদার চিকিৎসকের সর্টিফিকেটক্রমে অধিক দুই মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

ছুটী।

১৮৬০ সাল ৪ আপ্রিল।

শাহাবাদের রেভেনিউর কার্য্যকারক ও একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব (Mr. W. F. McDonell,) ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের বিজ্ঞাপনমতে নিয়মিত ছুটী লইবার পূর্ব্বে প্রস্তুত হইবার জন্যে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

উত্তর পাড়ার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু দয়ালচাঁদ বসাক গত জানুআরি মাসের ৬ তারিখে যে ছুটী পাইয়াছিলেন তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে দুই মাস তেরো দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৯ আপ্রিল।

সিংহভূমে ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট আর সি বর্চ সাহেব (Lieutenant R. C. Birch,) আপন কর্ম্মের ভার আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত ডাক্তর ডবলিউ এচ হেজ সাহেবের (Dr. W. H. Hayes,) প্রতি অর্পণ করিয়া ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৮ সালের আপ্রিল মাসের ২৮ তারিখের বিজ্ঞাপনমতে এক মাসের ছুটী পাইয়াছেন ও তিনি যত দিন আপন কর্ম্মে ফিরিয়া না যান কিম্বা অন্য হুকুম যত দিন না হয় তত দিন শ্রীযুত ডাক্তর হেজ সাহেব তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr. T. B. Mactier.) আপন কর্ম্মের ভার আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ হীলী সাহেবের (Mr W. Heeley,) প্রতি অর্পণ করিয়া রাজধানীতে চিকিৎসকের স্থায়ি কমিটির সম্মুখে উপস্থিত হইবার জন্যে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের বিজ্ঞাপনমতে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১০ আপ্রিল।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আলী আহমদ গত ডিসেম্বর মাসের ১৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের জুলাই মাসের ৩১ তারিখের বিজ্ঞাপনমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৪ আপ্রিল।

এদেশীয় চিকিৎসক শ্রীযুত অঘোরনাথ বাঁড়ুয্যার নাম গবর্ণমেণ্টের নিযুক্ত চিকিৎসকেরদের নামের ফর্দ্দহইতে উঠাইয়া দেওয়া গিয়াছে।

১৮৬০ সাল ১৪ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ই এ সামুএলস সা-

হেব ও শ্রীযুত জে এচ রেবেন্‌শা ও শ্রীযুত জি এন বার্লো সাহেব (Messrs. E. A. Samuells, J. H. Ravenshaw, and G. N. Barlow,) নিমলিখিত বাষ্পীয় জাহাজে বর্ত্তমান মাসের ১০ তারিখে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮২৯ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৮ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V. G. Taylor,) যশোহরের মাগুরা এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

১৮৬০ সাল ২০ আপ্রিল।

শ্রীযুত জে বি ওর্গান সাহেব (Mr. J. B Worgan,) শাহাবাদের মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এস সি বেলি সাহেব (Mr. S. C. Bayley,) শাসিরাম এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন। ও শাহাবাদে জাইণ্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ৭ আপ্রিল।

শ্রীযুত জে এচ রেবেন্‌শা সাহেব (Mr. J. H. Ravenshaw,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১০ আপ্রিল।

বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ বাঁড়ুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৮ আপ্রিল।

নওয়াদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল আর টটনহাম সাহেব (Mr. L. R. Tottenham,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

হিজলির নিমকের এজেণ্ট শ্রীযুত জি এ সি প্লৌডন সাহেব (Mr. G. A. C. Plowden,) আপনার এজেন্টী কর্ম্মের ভার আসিষ্টাণ্ট শ্রীযুত আর এচ পর্কিন্‌স সাহেবের (Mr. R. H. Perkins,) হস্তে রাখিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২০ আপ্রিল।

ডাকাইতী নিবারণের কমিস্যনর সাহেবের আফিসে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জে কোবর্ন সাহেব (Mr J. Cockburn,) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন ইহাতে গত ফেব্রুআরি মাসের ২৮ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল ঐ ১০ তারিখঅবধি রহিত হইয়াছে।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা শ্রীহট্ট।

১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা সম্বাদ দেওসা যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মাহালাত ১৮৬০ সালের ১৮ জানুআরিপর্য্যন্তের বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্য যেং দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬০ সালের মে মাসের ৭ দিবস মোতাবক ১২৬৭ বাঙ্গলার বৈশাখ মাসের ২৬ দিবস সোমবার ঐ জেলার কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে নীলাম হইবেক ইতি।

১ শ্রেণী ইস্তমেরারী জমা ধার্য্য হওয়া মাহাল।

পং চৈতন্য নগর

৪০৯৮১ নং তাং চৈতন্য চান্দ রিজিষ্টরী হওয়া মালিক রায় রাধাগোবিন্দ সিংহ সদর জমা ৯৯২ ৷৵৩

সন ১৮৬০ ইং ৭ আপ্রিল। G. BALFOUR, *Offg. Collector.*

NOTICE.

Notice is hereby given, that the improvements in the Channel of the Bansputtee Khall which connects the Damoodah River at Moisrakah with the Hooghly River at Ooloobariah will be completed on the 30th April 1860, when the Dams will be removed and the Channel be opened for navigation during high Tides and Floods between the Damoodah and Hooghly Rivers and that a public Auction will be held at Ooloobariah in the Dawk Bungalow, at noon on the 25th April 1860, by the Executive Engineer of the Burdwan Division for the sale of the Toll collections to the highest bidder who will have to deposit 500 Rs. and to make that sum up to one-fourth of the amount of the Farm before the

ইস্তাহার।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে মৈশরাখার দামোদর নদী ও উলুবেড়িয়ার হুগলী নদীর মধ্যে যে বাঁশপাতি খাল ছিল তাহা খনন হইতেছে ও আগত ৩০ এপ্রেল তারিখে ঐ কর্ম্ম সম্পূর্ণ হইবে ও কোটালের জুয়ারে ও বন্যার সময়ে নৌকাইত্যাদি অনায়াসে ঐ খাল দিয়া গমনাগমন করিতে পারিবেক ঐ খাল দিয়া যে সকল নৌকাইত্যাদি গমন করিবেক তাহার উপর নীচের লিখিত নিরিখমতে [illegible] মাসুল আদায় করা যাইবেক তাহা আগত ২৫ এপ্রেল তারিখে দুই প্রহর সময়ে মোকাম উলুবেড়িয়া [illegible] বাঙ্গলায় বর্দ্ধমান ডিবিজানের একজিকিউটিব ইঞ্জি[illegible]র সাহেব ডাক নীলাম দ্বারা ইজারা বন্দবস্ত করিবেন যে কেহ ইজারা লইতে বাসনা করহ অবধারিত দিবসে মোং উলুবেড়িয়াতে উপস্থিত হইবা আরো জ্ঞাত করা যাইতেছে যে যে ব্যক্তি উচ্চ ডাকিয়া ইজারা লইবেক তাহাকে ঐ ২৫ এপ্রেল তারিখে কোং ৫০০৲ টাকা আমানত করিতে হইবেক ও ডাকের টাকার সিকি পূরাণ করিতে যে টাকা

1st May 1860, when the agreement will be signed and completed.

The Toll collections are to be made according to the subscribed Schedule approved of by Government and the period of the lease will extend from the 1st May to the 30th November 1860, both days inclusive.

For further particulars apply to W. Smith, Esq., Executive Engineer of the Division at Burdwan, or to Sergeant J. Keane, Assistant Overseer at Moisrakah.

Schedule of rates at which Tolls will be levied at the Bausputtee Channel.

All Boats to pay 8 eight annas per 100 Maunds.
,, Empty 4 Do. per 100 Maunds.
,, Rafts 1 one anna per each Timber.
,, Floats 2 two annas per 100 Bamboos.
,, Passenger boats 2 annas per Oar.
,, Empty passenger boats to pay 1 one anna each.

J. W. Smith, C. E.,
Exe. Engr. Burdwan Division.

Burdwan, 11th April, 1860.

বাকী থাকিবেক তাহা ১ মেই তারিখের মধ্যে দাখিল করিলে ইজারার পাট্টা দেওয়া যাইবেক।

এই খালে বাঙ্গাল গবর্ণমেণ্টের মঞ্জুরমতে নীচের লিখিত নিরিখমতে মাসুল লওয়া যাইবেক ও ১ মেই-হইতে ৩০ নবেম্বর সন ১৮৬০। যোৎ সাত মাস মিয়াদে ইজারা দেওয়া যাইতেছে এই ইজারার বিষয় অন্যান্য সংবাদ বর্দ্ধমান ডিবিজানের একজিকিউটিব ইঞ্জিনিয়র সাহেবের নিকট অথবা মৈশরাখার আসিষ্টাণ্ট উবরসিয়র সারজাণ্ট কানকিন সাহেবের নিকট পাইবে।

বাঁশপাতি খাল দিয়া নৌকাইত্যাদি গমনাগমন করিলে মাসুলের নিরিখ।

নৌকা বোঝাই প্রত্যেক ১০০/ মোন ॥০ আনা।
ঐ খালী ঐ ঐ ... ... ।০ আনা।
কাষ্ঠ ষাড় প্রত্যেক কাষ্ঠ ... ৴০ আনা।
প্রত্যেক ১০০ বাঁশ ... ৶০ আনা।
নৌকা সওয়ারি প্রত্যেক দাঁড় ৶০ আনা।
ঐ ঐ খালী ঐ ঐ ৴০ আনা।

জে ডবলিউ স্মিথ। C. E.
বর্দ্ধমান এলাকার একজিকিউটিব ইঞ্জিনিয়র।
সন ১৮৬০। ১১ এপ্রেল।

MISCELLANEOUS ADVERTISEMENT.

সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

দেওয়ানী আদালতের বিচারসংক্রান্ত পুরাতন ও নূতন বিধি অর্থাৎ ১৮৫৯ সালের ৮ আইনের প্রত্যেক ধারার সহিত পুরাতন আইন, সরকুলর অর্ডর, কনষ্ট্রকসন ও সদর আদালতের নজীর এতাবতের যে সম্বন্ধ আছে তাহার খোলাসা। তদ্ভিন্ন উক্ত আইন সম্বন্ধে ইং ১৮৫৯ সালের মাহ জুলাই নাং ১৮৬০ সালের জানুআরি যে সকল সরকুলর চিঠি ও সদর আদালতের নজীর প্রকাশ হইয়াছে তাহা ও যেং ধারানুযায়ী পরওয়ানাদি জারি করিতে হইবেক সে তাবৎ লিখিবার পাঠ সংগৃহীত হইয়া প্রায় ৩০০ পৃষ্ঠার এক খণ্ড পুস্তক প্রকাশ করা হইয়াছে ও ২৲ টাকা মূল্যে বিক্রীত হইতেছে, যাঁহার প্রয়োজন হয় তিনি সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তির বঙ্গানুবাদক শ্রীকৃষ্ণচন্দ্র হালদারের নিকট অথবা কলিকাতা যোড়াসাঁকো বলরাম দে ষ্ট্রীট নং ১। ১ বাটীতে অনুবাদ যন্ত্রালয়ে শ্রীবৈকুণ্ঠনাথ দাসের নিকট তত্ত্ব করিলে ঐ পুস্তক পাইতে পারিবেন।

[*Government Gazette*, 24*th April*, 1860.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ স্মিথ্ সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 1, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১ মে।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 14TH APRIL 1860

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 14th April 1860, and was referred to a Select Committee who are to report thereon (under a suspension of the Standing Orders) within three weeks —

A Bill for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices

PART I

Imposes Duties of 3 and 1 per cent

[Duty of 3 per cent , and Schedules 1, 2, 3, and 4]

1 FROM and after the day of there shall be charged, raised, levied, collected and paid for the service of the Government of India, during the term herein limited, for and in respect of the property and profits mentioned in the several Schedules contained in this Act, and marked 1, 2, 3, and 4 respectively, the yearly Duty of 3 Rupees for every 100 Rupees of the annual value thereof, that is to say,

SCHEDULE 1

For and in respect of the property in, and profits arising from all lands and houses in India.

SCHEDULE 2.

For and in respect of the annual profits arising to any person residing in India from any kind of property whatever, whether situate in India, or elsewhere, and for and in respect of the annual profits arising to any person residing in India from any profession, trade, employment or calling, whe-

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৪ আপ্রিল।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৪ আপ্রিল তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। তাহাতে স্থায়ি বিধি স্থগিত হইবে ও ঐ কমিটির সাহেবেরা তিন সপ্তাহের মধ্যে ঐ মুসাবিদার রিপোর্ট করিবেন।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও বাণিজ্যব্যাপারেতে ও চাকরী করিয়া যে লভ্য হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইনের মুসাবিদা।

প্রথম খণ্ড।

শতকরা ৩৲ টাকা ও শতকরা ১৲ টাকা টাক্স বসাইবার বিধি।

[শতকরা ৩৲ টাকা টাক্সের কথা ও ১ ও ২ ও ৩ ও ৪ নম্বরের তফসীল]

১ ধারা এই আইনের ১ ও ২ ও ৩ ও ৪ নম্বরের তফসীলে যে সম্পত্তির ও লভ্যের কথা আছে তাহাতে বৎসরে যত আয় হয় তাহার ফিশত টাকার উপর বৎসরে ৩৲ টাকা টাক্স ভারতবর্ষের গবর্ণমেণ্টের কার্য্যের নিমিত্তে. অমুক সালের অমুক মাসের অমুক তারিখ অবধি এই আইনে যত কাল নির্দ্ধারিত হইয়াছে তত কালপর্য্যন্ত, বসান যাইবে ও ধার্য্য হইবে ও আদায় ও উসুল হইবে ও লোকেরদের তাহা দিতে হইবে। অর্থাৎ

১ নম্বরের তফসীল।

ভারতবর্ষে যে সকল জমী ও ঘর থাকে তাহাতে যে স্বামিত্ব ও যে লভ্য হয় তাহার নিমিত্তে ও তাহার উপর ঐ টাক্স লাগিবে।

২ নম্বরের তফসীল।

ভারতবর্ষনিবাসি কোন লোকের যে কোন প্রকারের সম্পত্তি ভারতবর্ষের মধ্যে কি অন্য কোন দেশে থাকে, তাহাতে বৎসরে যত লাভ হয় তাহার নিমিত্তে ও তাহার উপর। ও ভারতবর্ষনিবাসি কোন লোক ভারতবর্ষের মধ্যে কি অন্য দেশে যে কোন বিদ্যাব্যবসায় করেন কি যে কোন বাণিজ্যব্যাপার চালান কি যে কোন কর্ম্ম

ther the same shall be carried on in India or elsewhere.

And for and in respect of the annual profits arising to any person whatever, whether a subject of Her Majesty or not, although not resident in India, from any property whatever in India, or any profession, trade, employment or calling exercised within India.

And for and in respect of all interest of money, annuities, and other annual profits arising to any person residing in India, or accruing and payable in India to any person, whether residing in India or not, not charged by virtue of any other Schedule of this Act.

SCHEDULE 3.

For and in respect of all profits arising from interest, annuities or dividends, payable to any person residing in India, out of any public revenue whatever, or payable to any person, whether residing in India or elsewhere, out of any public revenue of or in India.

SCHEDULE 4.

For and in respect of every public office or employment of profit, and every office or employment of profit in or under any Company in India, and upon every annuity, pension, or stipend payable by the Government of India, or out of the public revenue of India, except annuities charged to the Duties under Schedule 3.

[Duty of 1 per cent. for local purposes.]

II. From and after the day aforesaid, there shall also be charged, raised, levied, collected and paid, for the purposes hereinafter mentioned and described as local purposes, for and in respect of the property and profits mentioned in the said several four Schedules respectively, the further yearly Duty of 1 Rupee for every 100 Rupees of the annual value thereof.

[Duties in fractional parts of 100 Rupees.]

III. Upon every fractional part of 100 Rupees of the annual value or amount of the property and profits aforesaid, the like proportion of Duties at the respective rates aforesaid shall be charged, but no Duty shall be charged of a lesser denomination than one anna.

[Assessments to be for the current year.]

IV. The said Duties shall be charged and levied by yearly assessments. Every assessment made under this Act within the year appointed for making the same shall be deemed to be for the current year, and shall be in force for such year. And every assessment made after the expiration of any year in which the same ought to have been made shall be deemed to be for the whole of the year current when the assessment ought to have been made.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬০। ১ মে।]

কি চাকরী করেন, তাহাতে তাঁহার বৎসরে যত আয় হয় তাহার নিমিত্তে ও তাহার উপর,

আরো শ্রীমতী মহারাণীর প্রজা হউন কি না হউন, কোন লোক ভারতবর্ষের মধ্যে বাস না করিলেও যদি ভারতবর্ষের মধ্যে তাঁহার কোন প্রকারের সম্পত্তি থাকে, কিম্বা তিনি যদি ভারতবর্ষের মধ্যে কোন বিদ্যাব্যবসায় করেন, কি বাণিজ্যব্যাপার চালান কিম্বা কোন কর্ম্ম কি চাকরী করেন, তবে সেই সম্পত্তিপ্রভৃতিতে তাঁহার বৎসরে যত আয় হয়, তাহার নিমিত্তে ও তাহার উপর,

আরো ভারতবর্ষনিবাসি কোন লোকের টাকার যে সকল সুদ ও বার্ষিক বৃত্তি ও বার্ষিক অন্য যে আয়ের টাক্স এই আইনের অন্য কোন তফসীলে ধার্য্য হয় নাই তাহার নিমিত্তে ও তাহার উপর, ও ভারতবর্ষে বাস করিলে কি না করিলেও [illegible]ন লোকের সেই প্রকারের যে সুদপ্রভৃতি ভারতবর্ষে পাওনা হয় তাহার উপর ঐ টাক্স লাগিবে।

৩ নম্বরের তফসীল।

ভারতবর্ষনিবাসি কোন লোককে সরকারের কোন খাজানাহইতে, কিম্বা ভারতবর্ষ কি অন্য দেশনিবাসি কোন লোককে ভারতবর্ষেতে কিম্বা ভারতবর্ষের সরকারী কোন খাজানাহইতে, যে সুদ কি বার্ষিক বৃত্তি কি ডিবিডেণ্ড দিতে হয়, সেই আয়ের নিমিত্তে ও তাহার উপর ঐ টাক্স লাগিবে।

৪ নম্বরের তফসীল।

সরকারী যে কোন পদে কি চাকরীতে, ও ভারতবর্ষস্থ কোন কোম্পানির কি তাহার তাবের যে কোন পদে কি চাকরীতে কিছু আয় হয় তাহার নিমিত্তে ও তাহার উপর, ও ভারতবর্ষের গবর্ণমেণ্টহইতে কিম্বা ভারতবর্ষের সরকারী খাজানাহইতে যে কিছু বার্ষিক বৃত্তি কি পেনসান কি মুশাহেরা দিতে হয় তাহার উপর ঐ টাক্স লাগিবে, কিন্তু ৩ নম্বরের তফসীলে যে বার্ষিক বৃত্তির টাক্স ধরা গিয়াছে তাহা ইহার মধ্যে ধরা গেল না।

[স্থানবিশেষের কার্য্যের নিমিত্তে শতকরা ১৲ টাকা টাক্সের কথা।]

২ ধারা। উক্ত চারি তফসীলে যে সম্পত্তির ও আয়ের কথা আছে, তাহার বার্ষিক আয়ের ফিশত টাকার উপর বৎসরে ১৲ টাকা টাক্স, স্থানবিশেষের কার্য্য বলিয়া যে২ কার্য্য পরে লেখা যাইতেছে ও নিরূপণ হইতেছে সেই২ কার্য্যের নিমিত্তে, পূর্ব্বলিখিত তারিখঅবধি বসান যাইবে ও ধার্য্য হইবে ও আদায় ও উসুল হইবে ও লোকেরদের তাহা দিতে হইবে ইতি।

[শতের কম টাকার উপর ঐ টাক্সের কথা।]

৩ ধারা। পূর্ব্বোক্ত সম্পত্তির ও আয়ের যত লাভ কি টাকা বৎসরে হয় তাহার মধ্যে শতের কম যে টাকা হয়, তাহারও টাক্স পূর্ব্বোক্ত হিসাবে ধরা যাইবেক, কিন্তু আনার কম কিছু টাক্স লওয়া যাইবে না ইতি।

[টাক্স চলিত বৎসরের নিমিত্তে ধার্য্য হইবার কথা।]

৪ ধারা। উক্ত টাক্স বৎসরে[illegible] ধার্য্য হইয়া বসান যাইবে ও আদায় হইবে। এই [illegible]নিয়মতে যখন টাক্স ধার্য্য হয় তখন যে বৎসরে আদা[illegible]ইবে বলিয়া নিরূপণ হয়, সেই বৎসরের নিমিত্তে ধা[illegible] হইল জ্ঞান হইবেক, ও সেই বৎসরে প্রবল থাকিবেক। ও কোন বৎসরে যে টাক্স ধার্য্য করা উচিত ছিল, সেই বৎসর ফুরাইলে পর যে টাক্স ধার্য্য হয়, তাহা যে বৎসরে ধার্য্য করা উচিত ছিল সেই পূরা বৎসরের নিমিত্তে হইয়াছে জ্ঞান হইবে ইতি।

[Such year to commence on the 1st May 1860.]

V. Such year shall commence, for the first assessment, on the 1st day of May 1860, and for every subsequent assessment during the continuance of this Act on the 1st day of May in the year of such assessment.

PART II.

Appointment of Officers for managing and assessing the Duties.

[Duties to be under the management of the Chief Revenue Authorities.]

VI. The Duties by this Act imposed shall, subject to the provisions of this Act, be under the direction and management of the several Chief Revenue Authorities for the time being in each Presidency, Lieutenant-Governorship and Province. The said authorities are hereby empowered to do all such acts and things subject as aforesaid, as may be deemed necessary or expedient, for the collecting, receiving, and accounting for the said Duties throughout the respective Presidencies, Lieutenant-Governorships and Provinces respectively, for which they are appointed, in the like manner as they are authorized to do with relation to any other Duties or Revenue under their care.

Commissioners for General Purposes.

[Commissioners for General Purposes in Presidency Towns and Straits' Settlement.]

VII. In each of the Presidency Towns of Calcutta, Madras, and Bombay, and in the several Stations of the Settlement of Prince of Wales' Island, Singapore and Malacca, the several local Governments shall, from time to time, appoint such and so many persons, as they shall deem expedient, to be Commissioners for the general purposes of this Act for and within the said Towns and Stations respectively, of whom not less than two shall be persons not in the service of, or holding any office under the Government. The persons so appointed in the Presidency Towns shall not be less than six in number: and in the Stations of the said Settlement shall not be less than four in number.

Provided that, if any person not in the service of the Government, being so appointed as aforesaid, shall decline or neglect to take upon himself the execution of the said office, it shall be lawful for the local Government to appoint a person in the service of the Government, or a person not in such service, as it may deem expedient, to be a Commissioner in lieu of the person so declining or neglecting.

[Commissioners for General Purposes beyond Presidency Towns and Settlements.]

VIII. In each and every District in India, not

[সেই বৎসর ১৮৬০ সালের ১ মে তারিখে আরম্ভ হইবার কথা।]

৫ ধারা। টাক্স ধার্য্য করিবার ঐ প্রথম বৎসর ১৮৬০ সালের ১ মে তারিখে আরম্ভ হইবে। ও তাহার পর এই আইন যত কাল চলন থাকে তত কালপর্য্যন্ত টাক্স ধার্য্য করিবার জন্যে প্রত্যেক বৎসর ১ মে তারিখঅবধি আরম্ভ হইবে ইতি।

দ্বিতীয় খণ্ড।

ঐ টাক্সের কার্য্য করিবার ও ধার্য্য করিবার কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবার বিধি।

[ঐ টাক্সের কার্য্য নির্ব্বাহের কর্ম্ম রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেবের ভারে থাকিবার কথা।]

৬ ধারা। এক২ রাজধানীতে, ও লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের অধীন দেশে, ও এক২ প্রদেশে রাজস্বের প্রধান যে কার্য্যকারকেরা যে সময়ে থাকেন তাঁহারদের আজ্ঞার ও কর্তৃত্বের অধীনে, এই আইনের ধার্য্যকরা টাক্সের কার্য্য এই আইনের বিধান মানিয়া করা যাইবে। ও সেই কার্য্যকারক সাহেবেরদের প্রতি অন্য যে টাক্সের কি রাজস্বের তত্ত্ব লইবার ভার থাকে তাহার বিষয়ে তাঁহারদের যেরূপে করিবার ক্ষমতা আছে, সেইরূপে তাঁহারা যে২ রাজধানীতে ও লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের অধীন যে দেশে ও যে প্রদেশে নিযুক্ত থাকেন, সেই২ দেশের তাবৎ স্থানে উক্ত টাক্স উসুল করিবার ও গ্রহণ করিবার ও তাহার হিসাব করিবার যে সকল কর্ম্ম ও বিষয় করা আবশ্যক কি বিহিত বোধ করেন, তাহা করিতে তাঁহারদিগকে ইহাতে ক্ষমতা দেওয়া গেল। কিন্তু এই আইনের বিধান মানিয়া ঐ সকল কার্য্য করিবেন ইতি।

সাধারণ কার্য্যের নিমিত্তে কমিস্যনরেরদের বিধি।

[রাজধানীতে ও মোহনার বসতিস্থানে সাধারণ কার্য্যের নিমিত্তে কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার কথা।]

৭ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকা মোকামের নিমিত্তে, ও সেই২ নগর ও মোকামের মধ্যে এই আইনের সাধারণ কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট যত জনকে ও যাঁহারদিগকে উপযুক্ত জ্ঞান করেন, তাঁহারদিগকে সময়ে২ কমিস্যনর করিয়া নিযুক্ত করিবেন। তাঁহারদের অতিকম দুই জন, গবর্ণমেণ্টের চাকরীতে কিম্বা গবর্ণমেণ্টের তাবে কোন পদে না থাকেন এমত লোক হইবেন। উক্ত রাজধানীতে ছয়২ জনের কম সেই প্রকারে নিযুক্ত হইবেন না, ও উক্ত বসতি স্থানের সদর মোকামে চারি২ জনের কম নিযুক্ত হইবেন না।

পরন্তু গবর্ণমেণ্টের চাকরীতে যিনি না থাকেন এমত কোন লোক উক্ত প্রকারের পদে নিযুক্ত হইলে যদি তিনি সেই পদের কার্য্য করিতে না চাহেন কি ত্রুটি করেন, তবে তাঁহার পরিবর্ত্তে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যেমন বিহিত বোধ করেন, তেমনি গবর্ণমেণ্টের চাকরীতে নিযুক্ত কোন লোককে, কিম্বা তদ্রূপ চাকরীতে যিনি না থাকেন, এমত লোককে কমিস্যনরের কর্ম্মে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[রাজধানীর ও ঐ বসতি স্থানের সদর মোকামের বাহিরে সাধারণ কার্য্যের নিমিত্তে কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার কথা।]

৮ ধারা। উক্ত রাজধানীর কি পূর্ব্বোক্ত বসতির

being within any of the said Presidency Towns, or the Settlement aforesaid, the several local Governments shall appoint each and so many persons, not less than four in number, as they shall deem expedient, to be Commissioners for the general purposes of this Act, within the said several Districts respectively, of whom one at least shall be a person not in the service of, or holding any office under, the Government.

Provided that, if it shall appear to the local Government that no such person as last aforesaid, competent to exercise the duties of such Commissioners, can be found within the District, or if any such person being appointed as aforesaid shall decline or neglect to take upon himself the execution of the said office, and in the judgment of the local Government it be deemed expedient, it shall be lawful for the said local Government, instead of appointing a person not in the service of the Government, to appoint a person in the service of the Government to be one of the said Commissioners.

[Vacancies among Commissioners to be supplied.]

IX. 1. When any Commissioner for general purposes, appointed under this Act, shall die or neglect to act, (except as in the 7th and 8th Sections provided for.) or having begun to act, shall decline or neglect to act any further, or shall leave India without the intention of returning within three months, or shall not be present at any of the meetings whenever it shall be held by the Commissioners, within six successive months, after notice of all such meetings shall have been left at his residence, the local Government shall appoint a person to be a Commissioner for general purposes in the place of the Commissioner so dying or declining, or neglecting to act, or leaving India.

2. It shall also be lawful for the said local Government, from time to time, to remove any Commissioner, and to appoint another person to be a Commissioner in his place.

Provided that no Commissioner not in the service or employment of the Government shall be so removed, without the consent of the Governor-General of India in Council

3. If the Commissioner so dying, or declining or neglecting to act, or leaving India, or so removed, shall not have been in the service of the Government, such new appointment to supply such vacancy shall be subject to the several provisions and conditions contained in Sections VII. and VIII. respectively, concerning the original appointment.

Provided that, if at the time of filling up such vacancy, the number prescribed in those Sections respectively of persons not in the service of the Government shall be and continue to act as such Commissioner or Commissioners, it shall be lawful for the local Government to appoint a person in the service of, or holding an office under, the Government to supply such vacancy.

মধ্যে নহে, ভারতবর্ষের এমত প্রত্যেক জিলাতে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই আইনের সাধারণ কার্য্যের জন্যে যত জনকে উপযুক্ত বোধ করেন তত জনকে নিযুক্ত করিবেন, কিন্তু চারি জনের কম না হয়, ও তাঁহারদের অতিকম এক জন গবর্ণমেণ্টের চাকরীতে কিম্বা গবর্ণমেণ্টের তাবে কোন পদে নিযুক্ত নহেন, এমত লোক হইবেন।

কিন্তু ঐরূপ কমিস্যনরের কর্ম্ম করিতে পারেন শেষোক্ত প্রকারের এমত কোন লোককে ঐ জিলার মধ্যে পাওয়া যাইতে পারে না, স্থানবিশেষের গবর্ণমেণ্ট যদি এইরূপ বুঝিতে পান, কিম্বা উক্ত প্রকারের কোন লোক নিযুক্ত হইয়া যদি ঐ পদেরকার্য্য করিতে না চাহেন কি ক্রটি করেন, ও স্থানবিশেষের গবর্ণমেণ্টের বিবেচনায় যদি বিহিত হয়, তবে গবর্ণমেণ্টের চাকরীতে নিযুক্ত নহেন এমত লোককে ঐ স্থানবিশেষের গবর্ণমেণ্ট নিযুক্ত না করিয়া, গবর্ণমেণ্টের চাকরীতে যিনি আছেন এমত লোককে উক্ত কমিস্যনরেরদের এক জন বলিয়া নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[কমিস্যনরের পদ শূন্য হইলে, তাহাতে লোককে ভর্ত্তি করিবার কথা।]

৯ ধারা।—১ প্রকরণ। সাধারণ কার্য্যের জন্যে যাঁহারা এই আইনমতে কমিস্যনরের পদে নিযুক্ত হন তাঁহারদের কোন লোক যদি মরেন, কিম্বা (৭ ও ৮ ধারাতে যাঁহারদের ক্রটি করিবার কথা আছে তাঁহারদের ছাড়া অন্য লোক) যদি কর্ম্ম করিতে ক্রটি করেন, কিম্বা কর্ম্ম করিতে আরম্ভ করিয়া যদি আর কর্ম্ম করিতে না চাহেন কি শৈথিল্য করেন, কিম্বা ভারতবর্ষ দেশ ছাড়িয়া তিন মাসের মধ্যে ফিরিয়া না আসিবার কল্পনায় যান, কিম্বা কমিস্যনরেরদের বৈঠক করিবার সম্বাদ তাঁহার বাড়ীতে নিয়ত দেওয়া গেলেও যদি ক্রমশঃ ছয় মাসপর্য্যন্ত তাঁহারদের কোন বৈঠকে উপস্থিত না হন, তবে সেইরূপে মরিলেন কি কর্ম্ম করিতে চাহিলেন না কি শৈথিল্য করিলেন কি ভারতবর্ষ দেশ ছাড়িয়া গেলেন যে কমিস্যনর, তাঁহার স্থানে ঐ সাধারণ কার্য্যের জন্যে স্থানবিশেষের গবর্ণমেণ্ট আর এক জনকে কমিস্যনরের কর্ম্মে নিযুক্ত করিবেন।

২ প্রকরণ। আরো কোন কমিস্যনরকে সময়েং অবসর করিয়া তাঁহার স্থানে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে ঐ স্থানবিশেষের গবর্ণমেণ্টের ক্ষমতা থাকিবে।

কিন্তু গবর্ণমেণ্টের চাকরীতে কিম্বা গবর্ণমেণ্টের তাবের কোন পদে যিনি না থাকেন এমত কোন কমিস্যনরকে অবসর করিবার আগে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের অনুমতি লইতে হইবেক।

৩ প্রকরণ। সেইপ্রকারের যে কমিস্যনর মরিলেন কি কর্ম্ম করিতে চাহিলেন না কি শৈথিল্য করিলেন কি ভারতবর্ষ দেশ ছাড়িয়া গেলেন, কি অবসর হইলেন তিনি যদি গবর্ণমেণ্টের চাকরীতে না থাকা লোক হন, তবে সেই পদে লোককে প্রথমে নিযুক্ত করিবার যে বিধি ও নিয়ম ৭ ও ৮ ধারাতে আছে সেইং বিধি ও নিয়মমতে ঐ শূন্য পদে অন্য লোককে ভর্ত্তি করিবার কার্য্য হইবেক।

কিন্তু ঐ শূন্য পদে লোককে ভর্ত্তি করিবার সময়ে, গবর্ণমেণ্টের চাকরীতে না থাকা যত জন কমিস্যনর থাকিবার বিধান ঐ দুই ধারাতে হইয়াছে তত জন যদি থাকেন ও কর্ম্ম করিতে থাকেন, তবে গবর্ণমেণ্টের চাকরীতে কিম্বা গবর্ণমেণ্টের তাবে কোন পদে কর্ম্ম করেন এমত লোককে ঐ স্থানবিশেষের গবর্ণমেণ্ট ঐ শূন্য পদে ভর্ত্তি করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১ মে।]

[Commissioners for General Purposes to have the general execution of the Act, except where special provision is made otherwise.]

X. The Commissioners for general purposes shall execute this Act in all matters relating to the Duties in Schedule 1, in Schedule 2, and Schedule 4 of this Act, except when such matters are hereby directed to be done by the Collectors, and except also as regards Schedule 2, where such matters are herein directed to be done by the Commissioners for special purposes, and except as regards Schedule 4, where such matters are directed to be done by the Commissioners hereby authorized to be appointed for certain of the Duties in that Schedule.

[সাধারণ কার্য্যের নিমিত্তে যাঁহারা কমিশ্যনর হন অন্য প্রকারের বিশেষ বিধান না থাকিলে ঐ আইনমতের কার্য্য করিবার ভার তাঁহারদের হাতে থাকার কথা।]

১০ ধারা। এই আইনের ১ ও ২ ও ৪ নম্বরের তফসীলে যে টাকসের কথা আছে তাহার সকল বিষয়ে, সাধারণ কার্য্যের কমিস্যনরেরা এই আইনমতের কর্ম্ম করিবেন। কিন্তু যে স্থলে সেই কার্য্য এই আইনমতে কালেকটর সাহেবের দ্বারা করিবার আজ্ঞা হয় সেই স্থলে নয়, ও ২ নম্বরের তফসীলসম্পর্কীয় যে স্থলে ঐ সকল কার্য্য বিশেষ কর্ম্মের কমিস্যনরেরদের দ্বারা হইবার আজ্ঞা হইয়াছে সেই স্থলে নয়, ও ৪ নম্বরের তফসীলসম্পর্কীয় যে স্থলে ঐ তফসীলের লিখিত কোন২ কর্ম্মের নিমিত্তে যে কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার হুকুম হয় তাঁহারদেরই দ্বারা কার্য্য হইবার আজ্ঞা হইয়াছে সেই স্থলে নয় ইতি।

Districts of Commissioners and Officers appointed under the Act.

[Power of Government to define limits of Districts.]

XI. 1. It shall be lawful for the several local Governments, from time to time, to declare and to alter, extend or diminish the limits of the District or local jurisdiction of any Commissioners or Officers appointed under or acting in the execution of this Act; and to direct that the said Commissioners and Officers appointed and hereby authorized to act for and in the said Presidency Towns and Stations shall exercise the powers hereby conferred on them in and throughout such District, or such portions of any District near to the said Towns and Stations respectively, as such local Government may direct. And in regard to Districts not within any of the said Towns or Stations, that the Commissioners and Officers appointed for and authorized to act in any District shall exercise the powers hereby conferred on them in and throughout any portion of any other District besides that for which they have been so appointed and authorized to act respectively.

এই আইনমতের নিযুক্ত কমিস্যনবেরদের ও কার্য্যকারকেরদের এলাকার বিধি।

[প্রদেশের সীমা নিরূপণ করিতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

১১ ধারা।—১ প্রকরণ। যে কমিস্যনরেরা কি কার্য্যকারকেরা এই আইনমতে নিযুক্ত হন কি এই আইনমতের কার্য্য করেন, তাঁহারদের প্রদেশ কি এলাকা যত দূর থাকিবে তাহার সীমা স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ নির্দ্ধার্য্য কি পরিবর্ত্তন করিতে কি বাড়াইতে কি কমাইতে পারিবেন। ও যে কমিস্যনরেরা ও কার্য্যকারকেরা পূর্ব্বোক্ত রাজধানীতে ও সেই২ স্থানের সদর মোকামে নিযুক্ত হন ও সেই২ স্থানের নিমিত্তে কর্ম্ম করিতে এই আইনমতে ক্ষমতা পান, তাঁহারদিগকে এই আইনমতে যে শক্তি দেওয়া যায় সেই শক্তিমতে ঐ২ নগরের ও মোকামের নিকটস্থ কোন প্রদেশের সমুদয় স্থানে, কিম্বা তাহার যে কোন অংশ স্থানবিশেষের গবর্ণমেণ্ট আজ্ঞা করেন সেই অংশে, কর্ম্ম করিতে আজ্ঞা করিতে পারিবেন। ও উক্ত নগরের কি সদর মোকামের শামিল যে প্রদেশ না থাকে তাহার বিষয়ে স্থানবিশেষের গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন যে, কোন প্রদেশের মধ্যে যে কমিস্যনরেরা ও কার্য্যকারকেরা নিযুক্ত হন ও কার্য্য করিতে ক্ষমতাপন্ন হন, তাঁহারা এই আইনমতে যে শক্তি পাইয়াছেন সেই শক্তিক্রমে সেই প্রদেশভিন্ন অন্য কোন প্রদেশের মধ্যে বা অন্য প্রদেশের সমুদয় স্থানে কার্য্য করেন।

2. As soon as any such order shall have been made, altering the limits of the District or local jurisdiction of any Commissioner or Officer as aforesaid, such Commissioner or Officer shall, by the order aforesaid, have and exercise in and throughout the District or jurisdiction so defined, altered, extended or diminished, all the powers hereby conferred on such Commissioner and Officer respectively.

২ প্রকরণ। কোন কমিস্যনরের কি কার্য্যকারকের প্রদেশের কি এলাকার সীমা পরিবর্ত্তন করিবার হুকুম যখন পূর্ব্বোক্তমতে করা যায় তখন যে প্রদেশের কি এলাকার সীমা সেইরূপে নির্দ্ধার্য্য কি পরিবর্ত্তন হইয়াছে কি বাড়ান কি কমান গিয়াছে তাহার মধ্যে ও তাহার তাবৎস্থানে ঐ কমিস্যনর ও কার্য্যকারক এই আইনমতে যে২ শক্তি পান সেই২ শক্তিমতে উক্ত হুকুমক্রমে কার্য্য করিবেন ইতি।

[Word “District,” as used in this Act, to consist of District so defined.]

XII. The word “District,” as used in this Act, shall, as regards the said Presidency Towns and Stations, include and apply to the said Towns and Stations respectively, and (when any such order as aforesaid shall have been made) the said Towns and Stations, together with any District or portion

[এই আইনে “প্রদেশ” এই শব্দেতে উক্তমতের সীমা নির্দ্দিষ্ট স্থান বুঝাইবার কথা।]

১২ ধারা। এই আইনের মধ্যে “প্রদেশ” এই শব্দ যখন উক্ত নগর ও সদর মোকাম লক্ষ করিয়া ব্যবহৃত হয়, তখন সেই শব্দেতে ঐ নগর কি মোকাম বুঝাইবে. ও যদি পূর্ব্বোক্তমতের কোন হুকুম করা যায়, তবে সেই নগর ও মোকাম ও তাহার সঙ্গে ঐ নগরের কি মোকামের কমিস্যনরেরদের এলাকার সীমার মধ্যে বলিয়া যে প্রদেশ কি প্রদেশের যে অংশ নির্দ্দিষ্ট হয় তাহা

of a District which may be declared to be within the local limits of the jurisdiction of the Commissioners for such Towns or Stations: And shall, as regards any place not being within any of the said Presidency Towns or Stations, include and apply to any District of Revenue; and where any such order as aforesaid shall have been made, any District of Revenue, as defined, altered, extended or limited by such order.

বুঝাইবে। যদি, উক্ত কোন নগর কি সদর মোকামের শামিল কোন স্থান লক্ষ না করিয়া ঐ শব্দ দেওয়া যায়, তবে তাহাতে রাজস্বসম্পর্কীয় কোন জিলা বুঝাইবে ও তাহাতে খাটিবে। ও যদি পূর্ব্বোক্তমতের কোন হুকুম করা যায়, তবে সেই হুকুমমতে রাজস্বসম্পর্কীয় যে জিলার সীমা নির্দ্দিষ্ট কি পরিবর্ত্তন হইল কি বৃদ্ধি কি কম করা গেল তাহা বুঝাইবে ইতি।

[Clerk to Commissioners.]

XIII. The several local Governments shall appoint a Clerk to the Commissioners for general purposes in each District in which they shall be so appointed as aforesaid, which Clerk shall execute his office according to the Regulations of this Act, and shall act as such Clerk as well in all matters to be done by, under, and before the said Commissioners, as also in all matters to be done by, under, and before the Collector of the District in regard to the making and allowing the assessments mentioned in this Act, and carrying into effect the provisions thereof. Such Clerk may be removed by the local Government and another may be appointed in his place.

[কমিস্যনরেরদের ক্লার্কের কথা।]

১৩ ধারা। সাধারণ কার্য্যের কমিস্যনরেরা পূর্ব্বোক্তমতে যে২ প্রদেশে নিযুক্ত হন সেই প্রত্যেক প্রদেশে তাঁহারদের ক্লার্কের কর্ম্মে স্থানবিশেষের গবর্ণমেণ্ট এক২ জনকে নিযুক্ত করিবেন। তিনি এই আইনের বিধানমতে আপন পদের কর্ম্ম করিবেন। ও এই আইনমতের টাক্স বসাইবার ও ধার্য্য করিবার ও এই আইনের বিধান সফল করিবার জন্যে যে সকল কর্ম্ম উক্ত কমিস্যনরেরদের দ্বারা ও তাঁহারদের তাবে ও সম্মুখে করিতে হইবে, ও যে সকল কর্ম্ম জিলার কালেক্টর সাহেবের দ্বারা ও তাঁহার তাবে ও সম্মুখে করিতে হইবে সেই সকল কর্ম্মেতে তিনি ক্লার্কস্বরূপে কার্য্য করিবেন। সেই ক্লার্ককে অবসর করিয়া অন্য জনকে তাঁহার স্থানে নিযুক্ত করিবার ক্ষমতা স্থানবিশেষের গবর্ণমেণ্টের থাকিবেক ইতি।

Commissioners for Special Purposes.

[Commissioners for Special Purposes in Presidency Towns and places specially mentioned.]

XIV. Within and for each of the said Districts and of the Divisions of Revenue hereinafter mentioned, the Officers and persons hereinafter mentioned, together with such other persons as shall be appointed in that behalf by the local Government, shall be Commissioners for the special purposes of this Act, that is to say,

In Calcutta, the Members of the Board of Revenue for the Presidency of Fort William for the time being.

In Madras, the Members of the Board of Revenue for the Presidency of Fort Saint George for the time being.

In Bombay, the Commissioners or Commissioner of Revenue for Bombay for the time being.

In Allahabad and the Division of Revenue of Allahabad, the Members of the Board of Revenue for the North-Western Provinces for the time being.

In Lahore and the Division of Revenue of Lahore, the Chief Revenue Authority for the Punjab for the time being.

In each of the Stations of the Settlement of Prince of Wales' Island, Singapore and Malacca, the Chief Revenue Authority for such Station for the time being.

And it shall be lawful for the local Government to appoint such other person or persons as may be deemed expedient to be a Commissioner or Commissioners for such special purposes in and for the several Districts and Divisions aforesaid, and from time to time to remove such person or persons, and appoint another or others in his or their place.

বিশেষ কার্য্যের কমিস্যনরেরদের বিধি।

[রাজধানীতে ও বিশেষমতের নির্দ্দিষ্ট স্থানে বিশেষ কার্য্যের কমিস্যনরেরদের কথা।]

১৪ ধারা। উক্ত প্রত্যেক প্রদেশে ও তাহার নিমিত্তে. ও রাজস্বসম্পর্কীয় যে সকল এলাকা পরে লেখা যাইতেছে তাহাতে ও তাহার নিমিত্তে, নীচের লিখিত কার্য্যকারক সাহেবেরা ও ব্যক্তিরা, ও অন্য যে লোকদিগকে স্থানবিশেষের গবর্ণমেণ্ট সেই কর্ম্মেতে নিযুক্ত করিবেন তাঁহারা, এই আইনের বিশেষ কার্য্যের নিমিত্তে কমিস্যনর হইবেন, অর্থাৎ

কলিকাতায়, ফোর্ট উলিয়ম রাজধানীর বোর্ড রেবিনিউর মেম্বরের পদে যাঁহারা যে সময়ে থাকেন তাঁহারা।

মান্দ্রাজে ফোর্ট সেণ্ট জর্জ রাজধানীর বোর্ড রেবিনিউর মেম্বরের পদে যাঁহারা যে সময়ে থাকেন তাঁহারা।

বোম্বাইতে, বোম্বাইয়ের রাজস্বের কমিস্যনর যিনি বা যাঁহারা যে সময়ে হন তিনি বা তাঁহারা।

আলাহাবাদে ও আলাহাবাদের রাজস্বসম্পর্কীয় এলাকায়, উত্তরপশ্চিম দেশের বোর্ড রেবিনিউর মেম্বরের পদে যাঁহারা যে সময়ে থাকেন তাঁহারা।

লাহোরে ও লাহোরের রাজস্বসম্পর্কীয় এলাকায়, পঞ্জাবের রাজস্বের প্রধান কার্য্যকারক যিনি যে সময়ে হন তিনি।

পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকা বসতি স্থানের সদর মোকামে, ঐ২ মোকামের রাজস্বসম্পর্কীয় প্রধান কার্য্যকারক যাঁহারা যে সময়ে হন তাঁহারা।

আরো পূর্ব্বোক্ত নানা প্রদেশে [illegible] এলাকায় অন্য যে ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে [illegible] করা বিহিত বোধ হয়, তাঁহাকে কি তাঁহারদিগকে স্থানবিশেষের গবর্ণমেণ্ট তদ্রূপ বিশেষ কার্য্যের কমিস্যনরের পদে নিযুক্ত করিতে পারিবেন, ও সময়ে২ তাঁহাকে কি তাঁহারদিগকে অবসর করিতে পারিবেন ও তাঁহার কি তাঁহারদের স্থানে অন্য লোককে কি লোকদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[Commissioners for Special Purposes may be appointed in other Districts.]

XV. It shall be lawful for the local Government to appoint such person or persons as they may deem expedient to be a Commissioner or Commissioners for the special purposes of this Act, in and for any District, or in and for any Division of Revenue not hereinbefore expressly mentioned, and from time to time to remove such person or persons, and appoint another or others in his or their place. Nevertheless, it shall not be necessary for the Government to make any such appointment in any District or Division not hereinbefore expressly mentioned.

[অন্যান্য প্রদেশে বিশেষ কার্য্যের কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার কথা।]

১৫ ধারা। ইহার পূর্ব্বের ধারাতে যে প্রদেশ কি রাজস্বসম্পর্কীয় যে এলাকা স্পষ্টরূপে লেখা না গিয়াছে, এমত কোন প্রদেশে কি এলাকায় যাঁহাকে কি যাঁহারদিগকে নিযুক্ত করা বিহিত বোধ হয়, এমত কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই আইনের বিশেষ কার্য্য করিবার জন্যে কমিস্যনরের পদে নিযুক্ত করিতে পারিবেন, ও সময়ে২ তাঁহাকে কি তাঁহারদিগকে অবসর করিতে পারিবেন ও তাঁহার কি তাঁহারদের স্থানে অন্য লোককে কি লোকদিগকে নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু ইহার পূর্ব্বের ধারাতে যে প্রদেশ কি এলাকা স্পষ্টরূপে লেখা যায় নাই, তাহাতে গবর্ণমেণ্টের অবশ্য কোন লোককে নিযুক্ত করিতে হইবেক এমত নয় ইতি।

[Special Commissioners to have powers of General Commissioners when acting under this Act.]

XVI. Wherever by this Act authority is given to the Commissioners for special purposes to do any act, or to make, sign, or allow any assessment, or hear any appeal, or levy or receive any Duty, all the powers and authorities which may be exercised in that behalf under this Act by the Commissioners for general purposes, or by their order or warrant, shall and may be exercised by the Commissioners for special purposes, or by their warrant or order.

[বিশেষ কমিস্যনরেরা যখন এই আইনমতের কার্য্য করেন তখন সাধারণ কমিস্যনরেরদের ন্যায় তাঁহারদের ক্ষমতা থাকার কথা।]

১৬ ধারা। বিশেষ কার্য্যের কমিস্যনর যাঁহারা হন তাঁহারদিগকে যখন কোন কার্য্য করিতে কি কোন টাক্স ধার্য্য করিতে কি টাক্সের ফর্দে দস্তখৎ করিতে কি তাহার অনুমতি দিতে কিম্বা কোন আপীল শুনিতে কিম্বা কোন টাক্স বসাইতে কি গ্রহণ করিতে এই আইনমতে ক্ষমতা দেওয়া যায়, তখন সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের দ্বারা কি তাঁহারদের হুকুম কি পরওয়ানাক্রমে এই আইনমতের যে সকল শক্তি ও ক্ষমতানুসারে এ২ কার্য্য করা যাইতে পারিবেক, সেই সকল শক্তি ও ক্ষমতামতে বিশেষ কার্য্যের কমিস্যনরেরদের দ্বারা কি তাঁহারদের হুকুম কি পরওয়ানাক্রমে কার্য্য হইতে পারিবেক ও হইবেক ইতি।

[Quorum of Commissioners.]

XVII. Not less than two of the said Commissioners for general purposes, or of the said Commissioners for special purposes shall be competent to form any meeting under this Act: and such two Commissioners, or the major part of the Commissioners present at any meeting, shall be competent to do any Act authorized by this Act. Provided that, where authority is given by this Act to appoint one Commissioner only for any District or Division, and one Commissioner only has been appointed or is acting for such District or Division, any act, which is hereby directed or authorized to be done by or before the Commissioners of a District or Division, may be done by or before such one Commissioner.

[যত জন কমিস্যনর উপস্থিত থাকিলে কার্য্যের বৈঠক হইতে পারিবে তাহার কথা।]

১৭ ধারা। সাধারণ কার্য্যের উক্ত কমিস্যনরেরদের কিম্বা বিশেষ কার্য্যের উক্ত কমিস্যনরেরদের দুই জনের কম উপস্থিত থাকিলে তাঁহারা এই আইনমতের কোন বৈঠক করিতে পারিবেন না। দুই জন কমিস্যনর বর্ত্তমান থাকিলে তাঁহারা, কিম্বা যত জন কোন বৈঠকে উপস্থিত থাকেন তাঁহারদের অধিকাংশ লোক এই আইনমতের কোন কার্য্য করিতে পারিবেন। কিন্তু যদি এই আইনেতে কোন প্রদেশের কি এলাকার কেবল এক জন কমিস্যনরকে নিযুক্ত করিবার অনুমতি দেওয়া হইয়াছে, ও সেই প্রদেশে কি এলাকায় কেবল এক জন কমিস্যনর নিযুক্ত থাকেন কি কর্ম্ম করেন, তবে কোন প্রদেশের কি এলাকার কমিস্যনরেরদের দ্বারা কি তাঁহারদের সম্মুখে যে কোন কার্য্য করিবার আজ্ঞা কি অনুমতি এই আইনেতে হইয়াছে সেই কার্য্য ঐ এক জন কমিস্যনরের দ্বারা কি তাঁহার সম্মুখে হইতে পারিবেক ইতি।

Special Commissioners for Government Securities and Public Departments.

[Special Commissioners for interest on Government Securities.]

XVIII. The Accountant General and the Sub-Treasurer of the Presidency of *Fort William in Bengal;* the Accountant General and Sub-Treasurer of the Presidency of *Fort St. George;* the Accountant General and Sub-Treasurer of the Presidency

গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের ও সরকারী নানা ডিপার্টমেণ্টের নিমিত্তে বিশেষ কমিস্যনরেরদের বিধি।

[গবর্ণমেণ্টের নিদর্শনপত্রের সুদের বিশেষ কমিস্যনরেরদের কথা।]

১৮ ধারা। বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর আক্কৌণ্টেণ্ট জেনরল ও সব-ট্রেজরর সাহেব ও ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর আক্কৌণ্টেণ্ট জেনরল ও সব-ট্রেজরর সাহেব, ও [illegible] রাজধানীর আক্কৌণ্টেণ্ট জেনরল ও সব-ট্রেজরর

of Bombay; and the Revenue Authorities in charge of the Public Treasury and authorised to make disbursements therefrom, in and for any District or place in or at which the interest on any securities of the Government of India, or any annuities payable out of the public revenue of India shall be payable, shall be respectively Commissioners for executing this Act for the purpose of assessing and discharging the duties hereby imposed in respect of interest on securities of the Government of India and of all annuities payable out of the revenues of India to any person whatever, at the places at which the said Officers respectively hold office; and in respect of all other yearly sums (other than the salaries, pensions or stipends mentioned in the five next succeeding Sections of this Act), payable by the said Government, or out of the public revenue at the Government Treasuries at the said places respectively, and also in respect of all other profits chargeable with any Duty under this Act, and arising within any office or department under the management or control of, or the accounts of which are rendered to, or pass through the office of the said several Officers respectively.

সাহেব, ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন নিদর্শন পত্রের (অর্থাৎ কোম্পানির কাগজের) সুদ, কি ভারতবর্ষের সরকারী খাজানাহইতে যে বার্ষিক বৃত্তি দিতে হয় তাহা, যে কোন জিলাতে কি স্থানে দেওয়া গিয়া থাকে, সেই জিলার কি স্থানের সরকারী খাজানাখানা রাজস্বের যে কার্য্যকারক সাহেবেরদের জিম্মায় থাকে, ও যে সাহেবেরা ঐ খাজানাখানাহইতে টাকা দিবার ক্ষমতা পান, সেই২ সাহেব এই আইনমতের এই২ কার্য্য করিবার জন্যে কমিসানর হইবেন। অর্থাৎ, ঐ২ কার্য্যকারক সাহেবেরা যে২ স্থানে কাছারী করিয়া বসেন সেই ২ স্থানে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিদর্শন পত্রের যে সুদ ও যে সকল বার্ষিক বৃত্তি ভারতবর্ষের খাজানাহইতে কোন লোককে দিতে হয়, তাহার উপর যে টাক্স এই আইনমতে বসান গেল সেই টাক্স ধার্য্য করিবার ও তাহার টাকা আদায় করিবার জন্যে, ও (এই আইনের এই ধারার পর পাঁচ ধারাতে যে বেতনের কি পেনসানের কি বৃত্তির কথা লেখা আছে তাহাছাড়া) অন্য যে সকল টাকা বৎসরে২ ঐ গবর্ণমেণ্টের দিতে হয়, কিম্বা উক্ত নানা স্থানের গবর্ণমেণ্টের খাজানাখানাতে সরকারী খাজানাহইতে দিতে হয়, তাহার উপরও উক্ত নানা কার্য্যকারক সাহেবের কর্ত্তৃত্বের কি তত্ত্বের অধীন কোন আফিসে কি ডিপার্টমেণ্টে যে টাকা পাওয়া যায়, কিম্বা যে টাকার হিসাব উক্ত নানা কার্য্যকারক সাহেবদিগকে দেওয়া যায় কি তাঁহারদের আফিসে দাখিল করা যায়, এমত যে সকল টাকার উপর এই আইনমতে টাক্স বসান গেল, তাহার টাক্স ধার্য্য করিবার ও আদায় করিবার জন্যে তাঁহারা কমিসানর হইবেন।

[Special Commissioners for Civil Salaries.]

[দেওয়ানী কার্য্যের বেতনের বিশেষ কমিস্যনরেরদের কথা।]

XIX. The several Officers charged or entrusted with the duty of auditing, and the several Officers charged or entrusted with the duty of paying and disbursing the salaries and allowances to any person in the civil employment of the Government, or for the payment of which the audit of any Civil Auditor is required, and payable out of the public revenue, shall be respectively Commissioners for executing this Act for the purpose of assessing all salaries and allowances payable to any person in the civil employment of the Government, or serving in any Civil Department, or for the payment of which the audit of any Civil Auditor is required, and payable from the public revenue by or upon the audit of such Officers respectively

১৯ ধারা। গবর্ণমেণ্টের দেওয়ানী কর্ম্মে নিযুক্ত কোন লোকের বেতন ও উপরি টাকা, কিম্বা যে টাকা পাইবার আগে কোন সিবিল আডিটর সাহেবের আডিটকরা প্রয়োজন ও সরকারের খাজানাহইতে দেওয়া যায়, বেতনাদির সেই টাকা আডিট করিবার কর্ম্ম যে২ কার্য্যকারকের হাতে থাকে ও যাঁহারদের প্রতি অর্পণ হয়, ও সেই টাকা দিবার কর্ম্ম যে২ কার্য্যকারকের হাতে থাকে ও যাঁহারদের প্রতি অর্পণ হয়, তাঁহারা এই আইনমতের এই২ কার্য্য করিবার জন্যে কমিসানর হইবেন। অর্থাৎ, গবর্ণমেণ্টের দেওয়ানী কর্ম্মে নিযুক্ত কিম্বা দেওয়ানী কোন সিরিশ্তার চাকর কোন লোককে, যে সকল বেতন ও উপরি টাকা দেওয়া যায়, কিম্বা যে টাকা দিবার আগে কোন সিবিল আডিটর সাহেবের আডিটকরা প্রয়োজন, ও ঐ ২ কার্য্যকারক সাহেবেরদের দ্বারা আডিট হইলে যাহা সরকারী খাজানাহইতে দেওয়া যায়, এমত সকল বেতনপ্রভৃতির টাকার উপর টাক্স ধার্য্য করিবার জন্যে তাঁহারা কমিসানর হইবেন ইতি।

[Special Commissioners for Military Salaries.]

[পল্টনের লোকেরদের বেতনের নিমিত্তে বিশেষ কমিসানরেরদের কথা।]

XX. The several Officers charged with the duty of auditing, and the several Pay-masters and Officers charged with the duty of paying and disbursing any pay, salaries, or allowances payable to any officer or person in Her Majesty's Army, or in Her Majesty's Indian Military Force, or in the Military employment of the Government, or serving in any Military Department, or for the payment of which the audit of any Military Auditor is required and payable out of any public revenue, shall be respec-

২০ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর পল্টনের, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় পল্টনের, কিম্বা গবর্ণমেণ্টের সৈন্যসম্পর্কীয় কর্ম্মে নিযুক্ত, কিম্বা কোন মিলিটারী ডিপার্টমেণ্টের কর্ম্মকর্ত্তা কোন সেনাপতি সাহেবের কি লোকের কোন মাহিয়ানা কি বেতন কি উপরি টাকা কিম্বা যে টাকা দিবার আগে কোন মিলিটারী আডিটর সাহেবের আডিটকরা প্রয়োজন, ও সরকারী খাজানাহইতে দেওয়া যায়, এমত সকল মাহিয়ানাপ্রভৃতি আডিট করিবার কর্ম্ম যে সকল কার্য্যকারক সাহেবের হাতে থাকে ও সেই মাহিয়ানাপ্রভৃতি দিবার

শ্রীযুত জগবন্ধু বাবু বড়পেটার মুনসেফ হইবেন।

শ্রীযুত মুনশী ব্রজলাল দাস গৌহাটির মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত মুনশী কিফায়ৎ উল্লা লক্ষ্মীপুরের মুনসেফ হইবেন, এবং ঐ জিলাতে সদর আমীন ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২ আপ্রিল।

ইষ্টাম্প ও কৌশলরিক্ সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Mr. J. A. Crawford.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব সেণ্ট পাল নামক গ্রীজা ঘরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে কেব ব্রৌন সাহেবকে (Rev. J. C. Browne,) এক মাসের যে অনুগ্রহের ছুটী দেন তাহা মঞ্জুর হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২৪ আপ্রিল।

চব্বিশপরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অভয়াচরণ মল্লিক বর্ত্তমান মাসের ১৯ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন। ইহাতে গত মাসের ৩ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল ঐ ১৯ তারিখঅবধি রহিত হইয়াছে।

১১৬৮ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২৫ আপ্রিল।

শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr. A. W. Russell,) ঢাকার অতিরিক্ত জজ হইবেন।

একটিং রেজিষ্টর শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr. H. B. Lawford,) সদর আদালতের রেজিষ্টর হইবেন।

বর্দ্ধমানের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এস উএলস সাহেব (Mr. W. S. Wells,) ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ সি রিচার্ডসন সাহেব (Mr. H. C. Richardson,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীহট্টের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি ওআলটন সাহেব (Mr. T. Walton,) সেই জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

বাকরগঞ্জের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর সি রেক্স সাহেব (Mr. R. C. Raikes,) গত মাসের ১১ তারিখঅবধি ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ এচ রাবিনসন সাহেব (Mr. H. H. Robinson,) পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত চম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

পূরণিয়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ স্মিথ সাহেব (Mr. A. Smith,) ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত রঙ্গপুরের জজের কর্ম্ম করিতে থাকিবেন।

যশোহরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই ডবলিউ মলোনি সাহেব (Mr. E. W. Molony,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

মালদহের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এম লোইস সাহেব (Mr. J. M. Lowis,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ বি সিমসন সাহেব (Mr. H. B. Simson,) মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ জে রেনলডস সাহেব (Mr. H. J. Reynolds,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত সি এফ কার্নাক সাহেব (Mr. C. F. Carnac,) কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট এবং যাঁর কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এইরূপে তাঁহার ছুটী হইয়াছে।

চব্বিশপরগনার একটিং কালেক্টর শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr. G. Bright,) ঐ জিলার কালেক্টর হইবেন।

শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু, অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীহট্টের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

মুঙ্গেরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এস সি বেলি সাহেব (Mr. S. C. Bayley,) শাহাবাদের মাজিষ্ট্রেট হইবেন।

পোলীসের দ্বিতীয় পল্টনের অধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেণ্ট জে জি রিবস সাহেব (Lieut. J. G. Reeves,) পাবনা জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

কামরূপে রঙ্গিয়ার মুনসেফ শ্রীযুত বাবু রাধাকান্ত বড়ুয়া ঐ জিলাতে সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ আপ্রিল।

সদর আদালতের জজ শ্রীযুত সি বি ট্রেবর সাহেব (Mr. C. B. Trevor,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৫ আপ্রিল।

রেলওয়ে কমিস্যনর শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেব (Mr. W. Ainslie,) ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের বিজ্ঞাপনমতে নিয়মিত ছুটী লইয়া যাইবার আগে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সলীলউদ্দীন আহমদ অচিকিত্ত কার্য্যকারকেরদেত ছুটীর বিধির ৭ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২৫ আপ্রিল।

শ্রীযুত জে বি ওর্গান সাহেবকে (Mr. J. B. Worgan,) বর্ত্তমান মাসের ২০ তারিখে শাহাবাদের মাজিষ্ট্রেটের কর্ম্ম করিতে নিযুক্ত হইবার যে হুকুম হয় তাহা রহিত হইয়াছে তিনি শাসিরাম এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া থাকিবেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

50 *Rupees Reward.*

Stolen on the 17th April, 1860, a gold Geneva watch. Maker's name Aucre.

No. 28,200.

The above reward will be paid to any one giving such information as may lead to the recovery of the property stolen.

Apply to the Joint Magistrate of Hooghly.

R. V. COCKERELL, *Joint Magistrate.*

৫০৲ টাকা পুরস্কার।

জেনিবা দেশের নির্ম্মিত এক সোণার ওয়াচ ঘড়ি চুরি হইয়াছে। ঘড়ি নির্ম্মাতার নাম (Auer) ওকর। ঘড়ির নম্বর ২৮,২০০।

ঐ ঘড়ি যাহাতে ফিরিয়া পাওয়া যাইতে পারে এমত সম্বাদ যে কেহ হুগলীর মাজিষ্ট্রেট সাহেবকে জানা-ইতে পারেন তাঁহাকে ঐ ৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবে।

আর বি কাক্রেল। জাইণ্ট মাজিষ্ট্রেট।

ইস্তাহারনামা কাছারী নেমক চৌকীয়াত শহর কলিকাতা ইতি সন ১৮৬০ সাল তারিখ ২৪ এপ্রেল।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে গত ১৬ এপ্রেল তারিখে রাত্রি আন্দাজ ৯॥ ঘণ্টার সময় নেমক চৌকী সুতানুটীর আল্ক জমাদার সুতানুটীর বন্দরে এক ব্যক্তিকে বিনানুমতির এক বস্তা পাঙ্গা নেমক সহ যাইতে দেখিয়া উক্ত ব্যক্তিকে ধৃত করিবার কারণ উদ্যোগ করায় ঐ ব্যক্তি নমক ফেলিয়া পলায়ন করায় ধৃত হওয়া নেমক ওজন করাতে ৮০ তোলা সেরের ১॥৮৵ হইয়াছে অতএব যে কেহ ঐ নেমকের দাবি রাখে তাহার উচিত যে মিয়াদ এক মাসের মধ্যে এই কাছারীতে অথবা অত্রস্থ উত্তর বিভাগের শ্রীযুক্ত জুষ্টীস আফ দি পিশ সাহেবের হুজুরে ২৬ মে তারিখে উক্ত মোকদ্দমা বিচারের দিন অবধারিত হইল ঐ দিবস প্রশংসিতের হুজুরে হাজির হইয়া আপন দাওয়া করে ইতি।

এচ জে মসটন। কলিকাতার নেমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALLAN GILMORE, and others, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 5th day of May next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of August 1858, until the fourth day of April 1860 has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 24th April, 1860.

কলিকাতায় যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আলেন গিলমোর সাহেবের ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মে মাসের ৫ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৮ সালের আগষ্ট মাসের ১ তারিখঅবধি ১৮৬০ সালের আপ্রিল মাসের ৪ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কাক্রেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৪ আপ্রিল।

In the matter of SIR ALBERT JOHN DEHOCHEPIED LARPENT, BARONET, an Insolvent. (Estate Larpent, Saunders and Co.)

Notice is hereby given, that Saturday, the 5th day of May next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the ninth day of June 1858, until the thirty first day of March 1860, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office. Calcutta, 24th April, 1860.

যোত্রহীন [illegible] নাম [illegible] সাহেবের বিষয়ে। (মোরগেণ্ট সা তার্স কোম্পানির ইষ্টেট।)

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মে মাসের ৫ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৮ সালের জুন মাসের ৯ তারিখঅবধি ১৮৬০ সালের মার্চ মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কাক্রেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৪ আপ্রিল।

In the matter of SHAIK MAHERMOOLLAH, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 5th day of May next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 12th day of September last, until the 14th day of April instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

Official Assignee's Office, Calcutta, 25th April, 1860.

যোত্রহীন শেখ মেহেরমুল্লার বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মে মাসের ৫ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং গত সেপ্টেম্বর মাসের ১২ তারিখঅবধি বর্ত্তমান আপ্রিল মাসের ১৪ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৫ আপ্রিল।

The like notice in the matter of JOHN PARRY, an Insolvent, wherein the Account of the Assignee is from 16th April, 1859 to the 14th day of April instant.

যোত্রহীন জান পেরি সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৯ সালের ১৬ আপ্রিল তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৪ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of JOHN DAVIDSON and HENRY PICKEL, Insolvents, wherein the Account of the Assignee is filed from 8th May, 1857 to 14th April instant.

যোত্রহীন জান ডেবিডসন ও হেনরী পিকেল সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৭ সালের ৮ মে তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৪ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

In the matter of JOHN HUTCHESON FERGUSSON, an Insolvent.

On Saturday, the third day of March 1860, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 98,000 in his hands pay a Dividend at the rate of Co.'s Rs. 2-8 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 50,000,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 25th April, 1860.

যোত্রহীন [illegible] হচিসন ফরগসন সাহেবের বিষয়ে।

আসৈনি [illegible] ১৮৬০ সালের মার্চ মাসের ৩ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের [illegible] যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৯৮,০০০৲ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ২৷৷০ টাকা হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৫০,০০০৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৫ আপ্রিল।

[*Government Gazette*, 1st. *May*, 1860.]

সদর দেওয়ানী আদালতের সরকারী উকীল শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায়ের কৃত ইংরাজী ভাষায় ১৮৫৯ সালের ৮ আইনের নবুল ব্যাখ্যা যে পুস্তক প্রকাশ হইয়াছে তাহা বঙ্গ ভাষায় অনুবাদিত ও ব্যাপটিষ্ট মিসন প্রেসে ছাপা হইয়া অদ্য প্রকাশ হইল অতএব গ্রহণেচ্ছুক মহাশয়েরা সদর দেওয়ানী আদালতের পুস্তকরক্ষক শ্রীযুত হরিশ্চন্দ্র রুদ্রের নিকট তত্ত্ব করিলে পাইবেন। মূল্য ২৲ টাকা মাত্র বিদেশীয় গ্রাহক মহাশয়েরা মূল্যের সহিত ডাক মাসুল প্রেরণ করিবেন।

বিজ্ঞাপন।

দেওয়ানী আদালতের বিচারসংক্রান্ত পুরাতন ও নূতন বিধি অর্থাৎ ১৮৫৯ সালের ৮ আইনের প্রত্যেক ধারার সহিত পুরাতন আইন, সরক্যুলর অর্ডর, কনষ্ট্রকসন ও সদর আদালতের নজীর এতাবতের যে সম্বন্ধ আছে তাহার খোলাসা। তদ্ভিন্ন উক্ত আইন সম্বন্ধে ইং ১৮৫৯ সালের মাহ জুলাই নাং ১৮৬০ সালের জানুয়ারি যে সকল সরক্যুলর চিঠি ও সদর আদালতের নজীর প্রকাশ হইয়াছে তাহা ও যেং ধারানুযায়ী পরওয়ানাদি জারী করিতে হইবেক সে তাবৎ লিখিবার পাঠ সংগৃহীত হইয়া প্রায় ৩০০ পৃষ্ঠার এক খণ্ড পুস্তক প্রকাশ করা হইয়াছে ও ২৲ টাকা মূল্যে বিক্রীত হইতেছে, যাঁহার প্রয়োজন হয় তিনি সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তির বঙ্গানুবাদক শ্রীকৃষ্ণচন্দ্র হালদারের নিকট অথবা কলিকাতা যোড়াসাঁকো বলরাম ঘোষের ষ্ট্রীট নং ১। ২ বাটীতে অনুবাদ যন্ত্রালয়ে শ্রীবৈকুণ্ঠনাথ দাসের নিকট তত্ত্ব করিলে ঐ পুস্তক পাইতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 8, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৮ মে।

DRAFT OF ACT.

A Bill for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

PART III.

[Continued from page 198.]

Duties of Collectors.

[Collector to allow, sign assessments, or to correct and rectify.]

XLIV. 1. Within a reasonable time after the Assessor shall have delivered the said assessments, the Collector of the District shall proceed to take the same, and also the said several returns and statements into consideration.

2. In case he shall be satisfied that the same have been made truly and correctly, and so as to charge the several properties and persons mentioned therein with the full Duties which ought to be charged on them respectively, and that the said returns and statements upon which the said assessments have been made, have been *bonâ fide* made according to the provisions of this Act, so as to enable the said Collector to charge the persons returning the same with the full Duties with which they ought to have been charged on account thereof, the said Collector shall allow and sign such assessments.

3. But in ca[illegible] the Collector shall not be satisfied with the co[illegible]tness of any of the said assessments, or [illegible] the returns or statements upon which the same [illegible] have been made, it shall be lawful for the [illegible] Collector, according to the best of his judg[illegible] to [illegible]orrect and rectify such assessments, either by in[illegible]asing or reducing the same, so that the Duty ma[illegible] be fully and fairly charged according to the inte[illegible] and meaning of this Act, and the said Collector shall allow and sign the said assessments when so rectified.

আইনের মুসাবিদা।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও বাণিজ্যব্যাপারেতে ও চাকরী করিয়া যে লভ্য হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইনের মুসাবিদা।

তৃতীয় খণ্ড।

[১৯৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

কালেক্টরেরদের কার্য্য করিবার বিধি।

[টাক্সের ফর্দ কালেক্টরের মঞ্জুর করিবার ও তাহাতে দস্তখৎ করিবার কি সংশোধন করিবার কথা।]

৪৪ ধারা।—১ প্রকরণ। আসেসর ঐ টাক্সের ফর্দ দাখিল করিলে পর উপযুক্ত সময়ের মধ্যে, প্রদেশের কালেক্টর তাহা, ও উক্ত সকল ফর্দ ও কৈফিয়ৎ লইয়া তাহার বিবেচনা করিবেন।

২ প্রকরণ। সেই টাক্স সত্য ও যথার্থমতে ধার্য্য হইয়াছে, ও তাহাতে যে সকল সম্পত্তির কথা ও যে ব্যক্তিরদের নাম লেখা আছে তাহারদের প্রত্যেকের পূরা যত টাক্স ধরা উচিত তত ধার্য্য হইয়াছে, ও যে ফর্দ ও কৈফিয়ৎ দেখিয়া উক্ত টাক্স ধার্য্য হইয়াছে তাহ, এই আইনের বিধানঅনুসারে প্রকৃতপ্রস্তাবে এমন লেখা হইয়াছে যে, ঐ ফর্দ ও কৈফিয়ৎ যাঁহারা দিয়াছেন, তাঁহারদের ঐ সম্পত্তিপ্রভৃতির যত টাক্স ধার্য্য করা উচিত সেই পূরা টাক্স কালেক্টর ধার্য্য করিতে পারিবেন, ইহা [illegible] খাতিরজমামতে জানিতে পান, তবে ঐ কালেক্টর ঐ টাক্সের ফর্দ গ্রাহ্য করিয়া তাহাতে দস্তখৎ করিবেন।

৩ প্রকরণ। কিন্তু উক্ত যে টাক্স ধার্য্য হইয়াছে তাহার কোন টাক্সের শুদ্ধতার বিষয়ে, কিম্বা যেই ফর্দ কি কৈফিয়ৎ দেখিয়া ঐ টাক্স ধার্য্য হইয়াছে তাহার কোন ফর্দের কি কৈফিয়তের বিষয়ে যদি কালেক্টরের খাতিরজমা না হয়, তবে এই আইনের অভিপ্রায় ও অর্থমতে পূরা টাক্স ন্যায্যমতে ধার্য্য হয়, এই কারণ কালেক্টর ঐ টাক্স বৃদ্ধি কি কম করিয়া আপনার বুদ্ধিসাধ্যমতে তাহা সংশোধন ও শুদ্ধ করিতে পারিবেন, ও সংশোধিত ঐ টাক্সের ফর্দ গ্রাহ্য করিয়া তাহাতে দস্তখৎ করিবেন ইতি।

[In cases of no return, or defective return, Collector to assess according to best of judgment.]

XLV. If any person shall have made default in the delivery of any statement or return, such person not having been otherwise charged to the Duties in respect of which such statement or return ought to have been made, or if the Collector shall not be satisfied with the statement delivered by any person, either in consequence of the same being in itself insufficient, or in consequence of his not believing the truth of the statements therein, the Collector, assisted by the Assessor, shall make an assessment on such person in such sum as according to the best of the judgment of the Collector ought to be charged on such person by virtue of this Act.

[Assessors may inspect assessments and point out errors, which Collectors may rectify.]

XLVI. The Assessor shall and may, at all reasonable times, inspect and examine any assessment which shall be signed and altered by the Collector; and in case he shall, before the delivery thereof to the Commissioners for general purposes, discover any error in the same, which, in his judgment, shall require amendment, he shall certify the same to the Collector, by whom the assessment shall be signed and altered, and the Collector, upon sufficient cause being shown to him, shall amend the same as in his judgment the case shall require.

[Assessors may state objections to assessments in writing.]

XLVII. In every case where the Assessor shall object to the amount of the Duty charged in any assessment, altered and signed by the Collector, and not corrected by him as in the last Section provided, (which the Assessor is hereby empowered to do in any case upon sufficient cause,) he shall state such objection in writing to the said Collector, who shall thereupon certify the same, together with the reasons for making such assessment, and any information he shall have obtained respecting the same, to the Commissioners for general purposes; and the said Assessor shall also give notice thereof to the party assessed, in sufficient time to enable such party to appear before the said Commissioners for general purposes in support of such assessment.

[Collector to cause certificate of assessment to be made out and delivered to General Commissioner.]

XLVIII. 1. The Collector shall cause certificates of the assessments made and allowed by him to be duly made out, from time to time, as the same shall be completed, which certificate shall contain the names of the parties charged, and the sums which they respectively ought to pay by virtue of this Act, and shall cause such certificates to be entered in books provided for that purpose, according to such forms as shall be transmitted to the Collector by the Chief Revenue Authority aforesaid.

2. The Collector shall also, from time to time,

[ফর্দ না দেওয়া গেলে কিম্বা সেই ফর্দ পূরা না হইলে কালেক্টরের ঐ টাক্স নিজ বুদ্ধিসাধ্যমতে বসাইবার কথা।]

৪৫ ধারা। যদি কোন লোক কোন কৈফিয়ৎ কি ফর্দ দাখিল করিতে ত্রুটি করেন, ও তাঁহার সেই কৈফিয়ৎ কি ফর্দ যে টাক্সের বিষয়ে করা উচিত ছিল সেই টাক্স যদি অন্য প্রকারে তাঁহার উপর বসান যায় নাই, কিম্বা কোন লোক যে কৈফিয়ৎ দাখিল করেন তাহা পূরা নহে বলিয়া কিম্বা সেই কৈফিয়তের কথাতে কালেক্টরের বিশ্বাস না হওয়াতে যদি তাহাতে খাতিরজমা না হয়, তবে তিনি ঐ আসেসরের সহায়তাক্রমে আপন বুদ্ধিসাধ্যমতে ঐ লোকের এই আইনমতে যত টাকা টাক্স ধার্য্য করা উচিত, তত ধার্য্য করিবেন ইতি।

[আসেসরেরদের ঐ টাক্সের ফর্দ দৃষ্টি করিয়া দোষ দেখাইবার কথা ও কালেক্টরেরদের তাহা সংশোধনের কথা।]

৪৬ ধারা। কালেক্টর ঐ টাক্সের যে ফর্দ সংশোধন করিয়া দস্তখৎ করিয়াছেন, তাহা আসেসর বিবেচনা করিয়া দেখিবেন ও উপযুক্ত কোন সময়ে দেখিতে পারিবেন, ও সাধারণ কার্য্যের কমিস্যনরদিগকে সেই ফর্দ দিবার আগে যদি তাহাতে কোন ভুল দেখেন ও যদি তাঁহার বিবেচনাতে ঐ ভুল সংশোধন করা প্রয়োজন তবে যে কালেক্টর ঐ ফর্দ শুধরাইয়া দস্তখৎ করিয়াছেন তাঁহাকে সেই কথা জানাইবেন। ও কালেক্টরকে উপযুক্ত কারণ দেখান গেলে তাঁহার বিবেচনামতে যেরূপে সংশোধন করা উচিত হয় সেইরূপে তিনি তাহা সংশোধন করিবেন ইতি।

[টাক্সের ফর্দে আসেসরেরদের যে আপত্তি থাকে তাহা লিখিয়া জানাইবার কথা।]

৪৭ ধারা। কালেক্টরের সংশোধিত ও দস্তখৎকরা টাক্সের কোন ফর্দে যত টাকা ধরা গিয়াছে তাহা যদি ইহার পূর্ব্বের বিধানমতে কালেক্টর সংশোধন না করিয়া থাকেন, তবে উপযুক্ত কারণ থাকিলে আসেসরকে আপত্তি করিবার ক্ষমতা ইহাতে দেওয়া গেল, ও তাঁহার আপত্তি থাকিলে, তিনি ঐ আপত্তি লিখিয়া কালেক্টরকে জানাইবেন। তাহাতে ঐ কালেক্টর ঐ আপত্তির কথা, ও সেই টাক্স যে কারণে ধার্য্য করিলেন তাহা ও সেই বিষয়ে যে কিছু জানিতে পাইলেন তাহা সাধারণ কার্য্যের কমিস্যনরদিগকে জানাইবেন। ও যাঁহার সেই টাক্স ধার্য্য হইয়াছে সেই লোক ঐ টাক্স বহাল রাখিবার জন্যে উপযুক্ত সময়ে সাধারণ কার্য্যের উক্ত কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইতে পারেন এমন উপযুক্ত সময় থাকিতে, ঐ আসেসর সেই লোককে সম্বাদ দিবেন ইতি।

[কালেক্টর যে টাক্স ধার্য্য করিয়াছেন তাহার সর্টিফিকট লিখিয়া সাধারণ কমিস্যনরকে দিবার কথা।]

৪৮ ধারা।—১ প্রকরণ। কালেক্টরের ধার্য্য ও মঞ্জুরকরা টাক্সের ফর্দ সময়ে২ সমাপ্ত হইলে তিনি তাহার সর্টিফিকট উপযুক্তমতে লেখাইবেন। যাঁহারদের উপর টাক্স বসান গিয়াছে তাঁহারদের না[illegible] ও এই আইনক্রমে যাঁহার যত করিয়া দিতে হইবেক [illegible] সর্টিফিকটে লেখা থাকিবে। ও রাজস্বের [illegible] প্রধান কার্য্যকারক সাহেব কালেক্টরকে যে [illegible] লিখিয়া দেন, সেই পাঠে ঐ সর্টিফিকট লেখা হইয়া, [illegible] লিখিবার বহীতে লেখাইবেন।

২ প্রকরণ। আরো কালেক্টর সময়ে২ উক্ত

deliver the said assessments and also the statements returned by the parties relating to such assessments, to be delivered under cover sealed up to the Commissioners for general purposes.

[Collector to give general notice of assessments and of time for appeals.]

XLIX. 1. As soon as the said assessment and returns shall have been delivered to the Commissioners for public purposes, the Collector shall cause notice of the said assessments having been made, and of the time for hearing appeals therefrom to be given, which notice may be given by delivering a copy of such assessments to the Assessor of such District for the inspection of the parties charged thereby, together with a public notice of the day of appeal to be given by proclamation as aforesaid, in the manner directed by the said Commissioners, and also by affixing a copy thereof in the Office of the said Commissioners.

2. Such notice shall be given at least fourteen days before the day of hearing the appeal.

PART IV.

Appeals from Assessments.

[Persons aggrieved may appeal to Commissioners for General Purposes within a time limited. Persons prevented by sickness or other reasonable cause, after expiration of limited time.]

L. 1. If any person shall think himself aggrieved by an assessment made by the said Collector, it shall be lawful for him, on giving ten days' notice thereof in writing to the Assessor, to appeal to the Commissioners for general purposes in the District where such assessment was made, who shall hear and determine such appeal.

2. The Commissioners for general purposes shall, from time to time, appoint days for hearing appeals and also objections made by the Assessor as aforesaid—as soon after any assessments shall be returned to them by the Collector, as conveniently can be done, notice of which days so appointed shall be given as aforesaid.

3. The meetings of the Commissioners for the purpose of hearing appeals and objections shall be held, from time to time, within the time limited by the said Commissioners, with or without adjournment, and no appeal shall be received after the time so limited, except on the ground of diminution of income, as hereinafter mentioned.

4. If any appellant shall be prevented by absence, sickness, or other reasonable cause to be allowed by the said Commissioners, from making or proceeding upon his appeal within the time so limited, it shall be lawful for the said Commissioners to give further time for that purpose.

টাক্সের কর্দ্দ, ও সেই টাক্সের নিমিত্তে যে কৈফিয়ৎ লোকেরদের হাতে পাইয়াছেন তাহা খাম করিয়া ও শিল আঁটিয়া সাধারণ কার্য্যের কমিস্যনরদিগের নিকটে পাঠাইবেন ইতি।

[টাক্স ধার্য্য হওয়ার ও আপীল করিবার মিয়াদের সাধারণ এত্তেলা কালেক্টরের দিবার কথা।]

৪৯ ধারা।—১ প্রকরণ। উক্ত টাক্সের কর্দ্দ ও কৈফিয়ৎ সাধারণ কার্য্যের কমিস্যনরদিগকে দেওয়া গেলে পর, কালেক্টর ঐ টাক্স ধার্য্য হওয়ার এত্তেলা, ও তাহার উপর আপীল যে মিয়াদের মধ্যে শুনা যাইতে পারিবেক, তাহার এত্তেলা দেওয়াইবেন। সেই এত্তেলা এই প্রকারে দেওয়া যাইবে অর্থাৎ, ঐ কর্দ্দেতে যাঁহারদের উপর টাক্স বসান গিয়াছে তাঁহারদের দেখিবার জন্যে ঐ কর্দ্দের এক কেতা নকল ঐ প্রদেশের আসেসরকে দেওয়া যাইবে, ও উক্ত কমিস্যনরেরা যেরূপ আজ্ঞা করেন সেইরূপে, আপীল করিবার দিনের সাধারণ এত্তেলা ঘোষণাদ্বারা দেওয়া যাইবে, ও তাহার এক কেতা নকল ঐ কমিস্যনরেরদের আফিসে লটকান থাকিবে।

২ প্রকরণ।—আপীল শুনিবার দিনের আগে অতিকম চৌদ্দ দিন থাকিতে ঐ এত্তেলা দেওয়া যাইবেক ইতি।

চতুর্থ খণ্ড।

যে টাক্স ধার্য্য হইল তাহার উপর আপীলের বিধি।

[যাঁহারা আপনারদিগকে অন্যায়গ্রস্ত জ্ঞান করেন, তাঁহারদের বিশেষ মিয়াদের মধ্যে সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে আপীল করিতে পারিবার কথা, ও পীড়া কি অন্য উপযুক্ত কারণে যাঁহারদের বাধা হয় তাঁহারদের ঐ মিয়াদের পরে আপীল করিবার কথা।]

৫০ ধারা।—১ প্রকরণ। উক্ত কালেক্টর যে টাক্স ধার্য্য করিলেন তাহাতে যদি কোন লোক আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করেন, তবে তিনি আসেসরের নিকটে দশ দিন থাকিতে সম্বাদ দিলে, ঐ টাক্স যে প্রদেশে ধার্য্য হইল সেই প্রদেশের সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে আপীল করিতে পারিবেন, ও তাঁহারা ঐ আপীল শুনিয়া নিষ্পত্তি করিবেন।

২ প্রকরণ। কোন টাক্সের কর্দ্দ কালেক্টর যে সময়ে সাধারণ কার্য্যের কমিস্যনরদিগকে দেন তাহার পর ঐ কমিস্যনরেরা সুবিধামতে ত্বরা করিয়া আপীল শুনিবার জন্যে ও আসেসরেরা পূর্ব্বোক্তমতে যে সকল আপত্তি করেন তাহা শুনিবার নিমিত্তে সময়ে২ দিন নিরূপণ করিবেন। ও সেই নিরূপিত দিনের এত্তেলা পূর্ব্বোক্তমতে দেওয়া যাইবে।

৩ প্রকরণ। উক্ত কমিস্যনরেরা যে মিয়াদ নিরূপণ করেন, তাহার মধ্যে আপীল ও আপত্তি শুনিবার নিমিত্তে তাঁহারদের বৈঠক হইবেক, ও প্রয়োজনমতে সময়ে২ কার্য্য মুলতবী রাখিতে পারিবেন। সেই নিরূপিত মিয়াদের পরে কোন আপীল গ্রাহ্য হইবেক না। কিন্তু তৎপরে যদি কাহারো আয় কম হইয়া যায় তবে ঐ মিয়াদের পরেও আপীল হইতে পারিবেক। তাহার কথা পরে লেখা যাইতেছে।

৪ প্রকরণ। যদি অন্য স্থানে থাকাতে কি পীড়াপ্রযুক্ত কিম্বা উক্ত কমিস্যনরেরা উপযুক্ত অন্য যে কারণ গ্রাহ্য করেন এমত কোন কারণে কোন লোক, ঐ নিরূপিত মিয়াদের মধ্যে আপীল করিতে কি চালাইতে না পারেন, তবে উক্তকমিস্যনরেরা তাঁহাকে সেই কর্ম্মের নিমিত্তে অধিক সময় দিতে পারিবেন ইতি।

[On appeal, or objection made by Assessor, Commissioners may require Schedule from parties assessed. Assessors to have access to such Schedules.]

[আপীল হইলে কিম্বা আসেসর আপত্তি করিলে যাহারদের টাকা ধার্য্য হইল তাঁহারদের স্থানে কমিস্যনরেরদের তফসীল চাহিবার কথা ও সেই তফসীল আসেসরেরদের দেখিতে পারিবার কথা।]

LI 1. Upon receiving notice of appeal against any assessment made as last aforesaid, and also in every case where the Assessor shall have stated his objection in writing to an assessment, and shall have given such notice thereof as hereinbefore mentioned, the said Commissioners may, if they shall think fit, direct their Precept to the person appealing, to return to them, within the time limited therein, a Schedule containing such particulars as the said Commissioners shall demand for their information respecting the property of such person, or the trade, or concern, or the profession, or employment, respectively carried on or exercised by him, and the amount of the balance of his profits, distinguishing the particular amounts derived from each separate source, or respecting the particulars of the deductions from any of such profits made in such Schedule.

৫১ ধারা।—১ প্রকরণ। যে টাকা ধার্য্য হইল তাহার উপর আপীল করিবার এত্তেলা যখন কমিস্যনরেরা পূর্ব্বোক্তমতে পান, ও যে টাকা ধার্য্য হইল, তাহার বিষয়ে যখন আসেসর লিখিয়া আপত্তি জানান ও ইহার পূর্ব্বের লিখিত মতের এত্তেলা দেন, তখন উক্ত কমিস্যনরেরা উপযুক্ত বোধ করিলে, ঐ আপীল যে জন করেন তাঁহার নামে এই মর্ম্মের হুকুমনামা দিতে পারিবেন অর্থাৎ তাঁহার যে সম্পত্তি থাকে, কিম্বা তাঁহার যে বাণিজ্য কি ব্যাপার কি বিদ্যাব্যবসায় কি চাকরী থাকে তাহার বিষয়ে ও একং নির্ঘহইতে যত পাইয়া থাকেন তাহা বিশেষ করিয়া লিখিয়া, ঐ আয়ের বাকী যত থাকে তাহার বিষয়ে, উক্ত কমিস্যনরেরা বিশেষ যে সকল কথা জানিতে চাহেন, তাহার এক তফসীল, কিম্বা ঐ তফসীলের লিখনমতে তজ্রূপের প্রাপ্ত কোন টাকা হইতে যাহা বাদ দেওয়া গেল তাহার বিশেষ যে কথা তাঁহারা জানিতে চাহেন তাহার তফসীল ঐ হুকুমনামার লিখিত মিয়াদের মধ্যে পাঠান।

2. If any Statement or Schedule, delivered under any such Precept, shall appear to the said Commissioners insufficient or deficient in any particular the said Commissioners are hereby empowered and required to demand, from time to time, a fresh Statement or Schedule, containing such particulars as aforesaid, whenever the same shall appear to them necessary, and so on, from time to time, until a complete Schedule, to the satisfaction of the said Commissioners, of all the particulars required by them, shall be delivered.

২ প্রকরণ। ঐ হুকুমনামার মতে যে কোন কৈফিয়ৎ কি তফসীল দেওয়া যায়, তাহা যদি উক্ত কমিস্যনরেরদের বিবেচনাতে কোন বিষয়ে উপযুক্ত কি পূরা না হয়, তবে উক্ত কমিস্যনরদিগকে ইহাতে এই ক্ষমতা দেওয়া গেল ও এই আজ্ঞা করা যাইতেছে যে তাঁহারা যখনই আবশ্যক জ্ঞান করেন তখন পূর্ব্বোক্ত বিশেষ কথার নূতন কৈফিয়ৎ কি তফসীল দিবার আজ্ঞা করেন, ও তাঁহারদের বিশেষ যে সকল কথা জানা প্রয়োজন থাকে তাহার পূরা এক তফসীল যত কাল ঐ কমিস্যনরেরদের খাতিরজমামতে দেওয়া না যায়, তত কালপর্য্যন্ত সময়ে২ ঐরূপ আজ্ঞা করেন।

3. Every such Precept, upon being delivered or left at the last or usual place of abode of the person to whom the same shall be directed, shall be binding upon him according to the exigency thereof.

৩ প্রকরণ। সেই প্রকারের কোন হুকুমনামা যাঁহার নামে হয় তাঁহাকে দেওয়া গেলে, কি তাঁহার ইতিপূর্ব্বের কি নিয়ত বাসস্থানে রাখা গেলে, তাহার লিখিত হুকুমমতে তাঁহার অবশ্য কর্ম্ম করিতে হইবেক।

4. Or in case such person shall have removed from the jurisdiction of the said Commissioners, or cannot be found, or his place of abode shall not be known, then, upon fixing such Precept on or near to the door of the Office where the Commissioners shall meet in the execution of this Act, and upon giving such further general notice, proclamation, or otherwise, as the said Commissioners shall direct, such Precept shall be binding on such person according to the exigency thereof.

৪ প্রকরণ। কিম্বা যদি সেই লোক ঐ কমিস্যনরেরদের এলাকাহইতে অন্য স্থানে গিয়া থাকেন, কিম্বা যদি তাঁহার সন্ধান পাওয়া যাইতে না পারে, কি তাঁহার বাসস্থান জানা না যায়, তবে ঐ কমিস্যনরেরা এই আইনমতে কার্য্য করিবার জন্যে যে আফিসে বৈঠক করেন তাহার দ্বারে কি তাহার নিকটে ঐ হুকুমনামা লটকাইয়া দেওয়া গেলে পর, ও উক্ত কমিস্যনরেরা অন্য যে সাধারণ এত্তেলা দিতে কি ঘোষণাপ্রভৃতি করিতে আজ্ঞা করেন, তাহা দেওয়া গেলে কি করা গেলে পর, ঐ লোকের সেই হুকুমনামার হুকুমমতে অবশ্য কর্ম্ম করিতে হইবেক।

5. The said person so served shall make the return required by the said Commissioners within the time limited in such Precept, under the penalty in this Act contained, and subject to such charge as the said Commissioners are hereby authorized to make in such case.

৫ প্রকরণ। যাঁহার উপর ঐ হুকুমনামা জারী হয় তিনি ঐ কমিস্যনরেরদের আজ্ঞামতে কৈফিয়ৎ ঐ হুকুমনামার লিখিত মিয়াদের মধ্যে দিবেন। না দিলে, তাঁহার এই আইনের লিখিত দণ্ড হইবেক ও তদ্রূপ স্থলে উক্ত কমিস্যনরেরদের যে খরচা লইবার ক্ষমতা এই আইনেতে দেওয়া যাইতেছে তাঁহার সেই খরচাও দিতে হইবেক।

6. The Assessor shall have free access, at all reasonable times, to the Schedule when returned as aforesaid, and shall take such copies thereof, or extracts therefrom, as he shall think necessary, for the due execution of this Act.

৬ প্রকরণ। ঐ তফসীল [illegible]মতে দেওয়া গেলে আসেসর উপযুক্ত কোন সময়ে তাহা দেখিতে পারিবেন। ও এই আইনমতে [illegible] জন্য তিনি ঐ কৈফিয়তের যে সকল কর কি যে কথা গ্রহণ করা আবশ্যক বুঝেন তাহা নকল [illegible] লইবেন ইতি।

[Assessors may object to Statements and Schedules giving notice of such objection to the party.]

LII. 1. It shall be lawful for the Assessor, within a reasonable time to be allowed by the said Commissioners for general purposes, after he shall have had the examination of such Schedules, to object to the same or any part thereof, and to state such objections in writing, and the cause thereof to the best of his knowledge or information.

2. The said Assessor shall, in every case of objecting to any such Schedule, deliver a notice in writing of such objection to the party to be charged, or leave the same at his last or usual place of abode, under cover sealed up and directed to such party.

3. Any such objection shall be heard by the Commissioners, at the same time as the appeal from, or objection to the assessment, in respect of which the Schedule objected to shall have been filed.

[Persons assessed to attend hearing of appeals personally, unless attendance is dispensed with by Commissioners. When attendance dispensed with, such persons may be heard by Agents, according to the Rules herein prescribed.]

LIII. 1. Upon the hearing of any such appeal or objection, the person assessed shall personally attend before the said Commissioners, unless his personal attendance shall be dispensed with by the said Commissioners, as next hereinafter is provided.

2. If any person shall be prevented from attending personally before the said Commissioners, by absence or sickness, or if it shall appear reasonable to the said Commissioners that the personal attendance of any person should be dispensed with, and that such person should be heard upon such appeal through his or her agent, clerk, or servant, who shall be named at the time to the said Commissioners, the said Commissioners may order that the personal attendance of such person shall be dispensed with, and that such person be at liberty to attend at the hearing of such appeal by such agent, clerk, or servant.

3. When any such order shall have been made the person assessed shall be at liberty to attend at the hearing of such appeal by the agent, clerk, or servant so named as aforesaid; and such agent, clerk, or servant, shall be entitled to be heard by the said Commissioners to the same extent and in the same manner as the person assessed would himself, if present, have been entitled to be heard.

4. Provided that any agent, clerk, or servant, who shall attend on behalf of any person so assessed as aforesaid, shall not be entitled to be heard by the said Commissioners, unless he shall submit to be examined by them upon oath, to the best of his

[ঐ ইকফিয়ৎ ও তফসীলের বিষয়ে আসেসরেরা আপত্তি করিতে ও সেই আপত্তির এত্তেলা ব্যক্তিকে জানাইবার কথা।]

৫২ ধারা।—১ প্রকরণ। আসেসর ঐ তফসীল দেখিয়া লইলে পর কমিস্যনরেরা উক্ত কমিস্যনরেরা তাঁহাকে উপযুক্ত যে মিয়াদ নিরূপণ করিয়া দেন, সেই মিয়াদের মধ্যে তিনি ঐ তফসীলের বিষয়ে কি তাহার কোন অংশের বিষয়ে আপত্তি করিতে পারিবেন। সেই আপত্তি ও তাহার কারণ যেপর্য্যন্ত জানেন কি শুনেন সেই পর্য্যন্ত লিখিয়া দিবেন।

২ প্রকরণ। উক্ত আসেসর যখন তদ্রূপ কোন তফসীলের বিষয়ে আপত্তি করেন, তখন যাঁহার তফসীলের উপর ঐ আপত্তি থাকে তাঁহাকে ঐ আপত্তির এত্তেলা লিখিয়া দিবেন কিম্বা সেই এত্তেলা খামে করিয়া মোহর আঁটিয়া তাঁহার নামে শিরনামা দিয়া তাঁহার বসতিপূর্ব্বের কি নিয়ত বাসস্থানে রাখিবেন।

৩ প্রকরণ। যে তফসীলের বিষয়ে আপত্তি হইয়াছে তাহার সম্পর্কে যে টাক্স ধার্য্য হইল, তাঁহার উপর আপীল কি আপত্তির শুনানি যে সময়ে দাখিল করা যায়, সেই সময়ে ঐ কমিস্যনরেরা ঐ তফসীলের আপত্তি শুনিয়া বিবেচনা করিবেন ইতি।

[আপীল শুনিবার সময়ে যাঁহারদের টাক্স ধার্য্য হইল তাঁহারদের হাজির না হইবার অনুমতি কমিস্যনরেরা না দিলে তাঁহারদের স্বয়ং হাজির থাকিবার কথা। ও হাজির না হইবার অনুমতি হইলে কর্ম্মকারকের দ্বারা তাঁহারদের কথা এই ধারায় লিখিত বিধিমতে শুনা যাইবার কথা।]

৫৩ ধারা।—১ প্রকরণ। সেই প্রকারের কোন আপীল কি আপত্তি শুনিবার সময়ে যাঁহার ঐ টাক্স ধার্য্য হইয়াছে তিনি আপনি উক্ত কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইবেন। কিন্তু যদি ইহার পরের লিখিত প্রকরণমতে উক্ত কমিস্যনরেরা তাঁহাকে হাজির না হইবার অনুমতি দেন তবে হাজির হইবেন না।

২ প্রকরণ। যদি কোন লোক অন্য স্থানে থাকাতে কিম্বা পীড়াপ্রযুক্ত উক্ত কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইতে না পারেন, কিম্বা যদি উক্ত কমিস্যনরেরা কোন লোকের নিজে হাজির না হওয়ার অনুমতি দেওয়া উচিত বোধ করেন, ও সেই আপীল শুনিবার সময়ে ঐ লোকের যে গোমাশ্তার কি মুৎসুদ্দীর কি কর্ম্মকারকের নাম উক্ত কমিস্যনরেরদের নিকটে কহা যায়, তাঁহার দ্বারা ঐ লোকের কথা সেই সময়ে শুনা উচিত বোধ করেন, তবে ঐ লোকের নিজে হাজির হওয়া প্রয়োজন নাই, ও সেই আপীল শুনিবার সময়ে ঐ লোক উক্ত গোমাশ্তার কি মুৎসুদ্দীর কি কর্ম্মকারকের দ্বারা হাজির হইতে পারিবেন, ঐ কমিস্যনরেরা এই হুকুম করিতে পারিবেন।

৩ প্রকরণ। সেই প্রকারের হুকুম যখন হয়, তখন যাঁহার টাক্স ধার্য্য হইয়াছে সেই লোক পূর্ব্বোক্তমতের উল্লিখিত গোমাশ্তার কি মুৎসুদ্দীর কি কর্ম্মকারকের দ্বারা ঐ আপীল শুনিবার সময়ে হাজির হইতে পারিবেন ও যাঁহার টাক্স ধার্য্য হইল তিনি হাজির থাকিলে কমিস্যনরেরদের দ্বারা তাঁহার কথা যেপর্য্যন্ত ও যে প্রকারে শুনা যাইতে পারিত সেইপর্য্যন্ত ও সেই প্রকারে তাঁহার গোমাশ্তার কি মুৎসুদ্দীর কি কর্ম্মকারকের কথা ঐ কমিস্যনরেরা শুনেন তাঁহার এমন দাওয়া থাকিবেক।

৪ প্রকরণ। কিন্তু যাঁহার ঐ টাক্স ধার্য্য হইয়াছে তিনি যে তফসীল কি কৈফিয়ৎ দাখিল করেন তাহা যথার্থ হওয়ার বিষয়ে, ও ঐ টাক্সের অন্য যে২ বিষয়ে উক্ত কমিস্যনরেরা ঐ গোমাশ্তার কি মুৎসুদ্দীর কি কর্ম্মকারকের জোবানবন্দী লওয়া উচিত বুঝেন, সেই সকল বিষয়ে

knowledge, information and belief, regarding the truth of the Schedule or Statement returned by the person so assessed, and regarding all matters relating to the said assessment upon which the said Commissioners shall think fit to examine him.

5. Provided, further, that no Counsel, Advocate, Pleader, or Attorney, and no person practising the law, shall be allowed to plead or appear on behalf of any other person before the said Commissioners upon any appeal or objection.

6. No person, who shall attend in person before the said Commissioners, or who shall not have obtained such order as aforesaid, dispensing with his or her personal attendance, shall be entitled to be heard before the said Commissioners by any agent, clerk, or servant.

7. When the person assessed shall not attend in person, and shall not have obtained such order as aforesaid, the said Commissioners may proceed to hear the said appeal or objection *ex parte* in the absence of such person.

[Commissioners for general purposes to hear appeal, and if satisfied, confirm assessments, or alter them according to Schedule.]

LIV. 1. If, upon the hearing of any such appeal or objection as aforesaid, the said Commissioners shall be satisfied with the assessment made by the said Collector, they shall confirm such assessment.

2. If, upon such hearing they shall be satisfied with the correctness of the grounds of appeal or of objection, they shall allow such appeal or objection partially or wholly as the case may require, and shall alter the assessment appealed from or objected to accordingly, subject to the provision contained in Section LVIII. of this Act.

3. If, after delivery of a Schedule the Commissioners shall be satisfied therewith, and shall have received no information of the insufficiency thereof, the said Commissioners shall direct such assessment to be confirmed or altered according to such Schedule, as the case may require.

4. The assessment so confirmed or altered by the said Commissioners shall be final and conclusive, subject only to such surcharge in case of fraud, as in the Section of this Act provided.

[Commissioners may call on party to verify Schedules and Statements on oath.]

LV. 1. In every case where the said Commissioners shall think proper that the said statement, on which the Collector made his assessment, or the Schedule delivered to the said Commissioners for general purposes shall be verified, they shall require the person to be charged with the said duties to appear before them to verify the said Statement or Schedule.

সেই কর্ম্মকারকপ্রভৃতি যেপর্য্যন্ত জানে ও অবগত থাকে ও বিশ্বাস করে, সেইপর্য্যন্ত শপথ করিয়া জোবানবন্দী দিতে যদি স্বীকার না করে, তবে যাঁহার টাক্স ধার্য্য হইয়াছে তাঁহার পক্ষে ঐ গোমাশ্তার কি মুৎসুদ্দীর কি কর্ম্মকারকের কথা ঐ কমিস্যনরেরা শুনেন, তাঁহার এমত দাওয়া থাকিতে পারিবে না।

৫ প্রকরণ। আরো, কোন আপীল কি আপত্তির বিচার কালে, কোন কৌন্সেলী সাহেব কি আড্‌বোকেট কি উকীল কি টর্নি কি আইনব্যবসায়ি কোন লোক ঐ কমিস্যনরেরদের সম্মুখে অন্য কোন লোকের তরফে সওয়াল জওয়াব করিতে কি হাজির হইতে পারিবেন না।

৬ প্রকরণ। যে লোক আপনি ঐ কমিস্যনরেরদের সম্মুখে হাজির হন, কিম্বা যে লোকের হাজির না হওয়ার অনুমতি পূর্ব্বোক্ত প্রকারের হুকুমক্রমে পাওয়া না যায়, তাঁহার কথা উক্ত কমিস্যনরেরদের সম্মুখে কোন গোমাশ্তার কি মুৎসুদ্দীর কি কর্ম্মকারকের দ্বারা শুনা যায় তাঁহার এমত দাওয়া থাকিতে পারিবে না।

৭ প্রকরণ। যে লোকের উক্তমতে টাক্স ধার্য্য হইয়াছে তিনি যদি আপনি হাজির না হন ও পূর্ব্বোক্তমতের হুকুম যদি না পান, তবে ঐ লোক গরহাজির থাকিলে উক্ত কমিস্যনরেরা উক্ত আপীল কি আপত্তি একতরফা শুনিতে পারিবেন ইতি।

[ঐ আপীল সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের শুনিবার কথা ও খাতিরজমা হইলে ঐ টাক্স মঞ্জুর করিবার কি তফসীলমতে বদল করিবার কথা।]

৫৪ ধারা।—১ প্রকরণ। পূর্ব্বোক্তমতের কোন আপীল কি আপত্তি শুনিবার কালে যদি উক্ত কালেক্টরের ধার্য্যকরা ঐ টাক্সেতে ঐ কমিস্যনরেরদের খাতিরজমা হয় তবে তাঁহারা সেই টাক্স মঞ্জুর করিবেন।

২ প্রকরণ। উক্ত প্রকারে শুনিবার সময়ে যদি তাঁহারা ঐ আপীলের কি আপত্তির কারণ যথার্থ জ্ঞান করেন, তবে তাঁহারা ঐ আপীলের কি আপত্তির এক অংশ কিম্বা বিষয় বুঝিয়া সমুদয় গ্রাহ্য করিবেন, ও ধার্য্যকরা যে টাক্সের উপর আপীল কি আপত্তি হইয়াছে তাহা তদনুসারে এই আইনের ৫৮ ধারার বিধান মানিয়া পরিবর্ত্তন করিবেন।

৩ প্রকরণ। তফসীল দাখিল করা গেলে পর, যদি তাহাতে কমিস্যনরেরদের খাতিরজমা হয়, ও তাহা উপযুক্ত না হইবার কোন কথা যদি শুনিতে না পান, তবে উক্ত কমিস্যনরেরা ঐ তফসীলঅনুসারে ঐ ধার্য্যকরা টাক্স মঞ্জুর করিবেন, কিম্বা বিষয় বুঝিয়া তাহা পরিবর্ত্তন করিবেন।

৪ প্রকরণ। ঐ ধার্য্যকরা টাক্স উক্ত কমিস্যনরেরা সেই প্রকারে মঞ্জুর কি বদল করিলে তাহা স্থির ও চূড়ান্তভাবে থাকিবে, কেবল যদি প্রতারণা থাকে তবে এই আইনের অমুক ধারামতে উপরি টাক্স বসান যাইবে ইতি।

[লোকেরদিগকে শপথ করিয়া আপনারদের তফসীল ও কৈফিয়ৎ সাবুদ করিতে কমিস্যনরেরদের হুকুম করিবার কথা।]

৫৫ ধারা।—১ প্রকরণ। কালেক্টর যে কৈফিয়ৎ দেখিয়া টাক্স ধার্য্য করেন সেই কৈফিয়ৎ, কিম্বা সাধারণ কার্য্যের উক্ত কমিস্যনরদিগকে [illegible] তফসীল দেওয়া যায় সেই তফসীল যথার্থ, ইহা [illegible]বুদকরা যদি ঐ কমিস্যনরেরা উচিত বোধ করেন, [illegible] লোকেরদের ঐ টাক্স লাগিবে তাঁহারদিগকে ঐ কমিস্যনরেরা ঐ কৈফিয়ৎ কি তফসীল সাবুদ ক[illegible]ার জন্যে আপনারদের সম্মুখে হাজির হইতে আজ্ঞা [illegible]রিবেন।

2. If such person shall be present at the hearing of the appeal, he shall at such hearing, when so required, verify the said Schedule on oath, as hereinafter mentioned, and sign the same with his proper name.

3. If such person shall not be present at the said hearing, the said Commissioners may, if they shall think fit, adjourn the said meeting, and direct the said Assessor to give notice to such person to appear before them on the day to which the hearing shall be adjourned, and to verify the said Statement or Schedule.

4. Such person shall, upon receiving such notice, attend accordingly on the day therein mentioned before the said Commissioners, and shall verify on oath his said Statement or Schedule, and shall sign the same with his proper name.

5. Such oath shall be to the effect that the contents of such Statement or Schedule are true to the best of his judgment or belief, and that the same contains a just and correct account of the balance of all the profits and income of the person delivering the same chargeable to such person under this Act, from whatever source or sources thereof, after making such reductions as are therein stated, and that no deduction whatever other than such as is therein stated, and to such amount only as is therein stated, have been made from the profits or income accounted for.

6. Provided always that such person shall be at liberty to amend his said Statement or Schedule before he shall be required to take such oath.

[Commissioners may put questions, either in writing or orally, touching any assessment, and receive answers, and may order to produce books.]

LVI. 1. Whenever the Commissioners for general purposes shall be dissatisfied with any assessment made by the Collector, or with any Schedule delivered to them, or shall require further information respecting the same, it shall be lawful for the said Commissioners to put to the person to be charged in respect thereof any question in writing or *vivâ voce* touching such assessment, or the contents of such Schedule, or touching any of the matters which ought to be contained therein, or any sums which shall have been set against or deducted from the profits or gains to be estimated in such assessment or Schedule, and the particulars thereof, and to demand an answer to such question accordingly from the person to be charged: and to require the said person to produce his books and accounts for the year in respect of which he is to be charged:—[illegible] so from time to time, whenever the said Comm[illegible]oners shall think the same necessary.

2. Wh[illegible] such person shall not himself be in attendance, the said Commissioners for general purposes shall issue th[illegible] Precept, requiring true and particular answers to be given to such questions as

২ প্রকরণ। আপীল শুনিবার সময়ে যদি ঐ লোক হাজির থাকেন, তবে সেই শুনানির কালে তাঁহাকে আজ্ঞা হইলে; তিনি ইহার পরের লিখিতমতে শপথপূর্ব্বক ঐ তফসীল সত্য জানাইবেন, ও সুকৃতিপত্রে আপনার প্রকৃত নাম দস্তখৎ করিবেন।

৩ প্রকরণ। ঐ শুনানির সময়ে যদি ঐ লোক হাজির না থাকেন, তবে উক্ত কমিস্যনরেরা উপযুক্ত বোধ করিলে বৈঠক করিবার অন্য দিন নিরূপণ করিয়া, ঐ শুনানির সেই অন্য দিনে ঐ লোক তাঁহারদের সম্মুখে হাজির হইয়া ঐ কৈফিয়ৎ কি তফসীল সাবুদ করেন, এই মর্ম্মের এত্তেলা তাঁহাকে দিতে আসেসরকে আজ্ঞা করিবেন।

৪ প্রকরণ। ঐ লোক সেই এত্তেলা পাইলে পর, তদনুসারে ঐ এত্তেলায় লিখিত দিনে উক্ত কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইয়া, আপনার সেই কৈফিয়ৎ কি তফসীল সত্য এই কথা শপথ করিয়া জানাইবেন, ও তাহাতে আপনার প্রকৃত নাম দস্তখৎ করিবেন।

৫ প্রকরণ। ঐ শপথের মর্ম্ম এই যে, তাঁহার বিবেচনা ও বিশ্বাসমতে ঐ কৈফিয়ৎ কি তফসীল যথার্থ বটে, ও যে জন তাহা দিয়াছেন তাঁহার যে বিষয় কি যে২ বিষয়হইতে উৎপন্ন যে সকল লভ্যের ও আয়ের উপর তাঁহার ঐ টাক্স লাগিতে পারে তাহাহইতে কেবল ঐ তফসীলের লিখনমতে যাহা বাদ দেওয়া হইয়াছে সেইপর্য্যন্ত বাদ দিয়া, ঐ লভ্যের ও আয়ের বাকী যত থাকে, তাহার যথার্থ ও ঠিক হিসাব দেওয়া হইয়াছে, ও সেই হিসাবে যাহা লেখা নাই এমত কিছুই বাদ দেওয়া যায় নাই, ও যত টাকা লেখা আছে তাহার কমবেশ কিছু বাদ দেওয়া যায় নাই।

৬ প্রকরণ। কিন্তু সেই লোককে ঐ শপথ করিতে আজ্ঞা করিবার আগে তিনি আপনার উক্ত কৈফিয়ৎ কি তফসীল শুধরাইতে পারিবেন ইতি।

[ধার্য্যকরা টাক্সের বিষয়ে কমিস্যনরেরদের লিখিত কি মৌখিক জিজ্ঞাসা করিবার ও জওয়াব লইবার ও বহী দেখাইতে আজ্ঞা করিতে পারিবার কথা।]

৫৬ ধারা।—১ প্রকরণ। কালেক্টর যে টাক্স ধার্য্য করেন, কিম্বা কমিস্যনরদিগকে যে তফসীল দেওয়া যায়, তাহাতে যদি সাধারণ কার্য্যের ঐ কমিস্যনরেরদের খাতিরজমা না হয়, কিম্বা তাহার বিষয়ে যদি অধিক জানিতে চাহেন, তবে যাঁহার ঐ টাক্স লাগিবে তাঁহাকে ঐ কমিস্যনরেরা ঐ ধার্য্যকরা টাক্সের বিষয়ে, কিম্বা ঐ তফসীলের লিখিত কথার বিষয়ে, কিম্বা তাহাতে যে২ কথা লেখা উচিত ছিল তাহার কোন বিষয়ে, কিম্বা ঐ ধার্য্যকরা টাক্সের কর্ত্তব্যে. কি তফসীলে যে লভ্য কি প্রাপ্তি ধরিতে হয় তাহাহইতে যে কিছু টাকা বাদ দেওয়া গেল তাহার বিষয়ে, ও তাহার বেওরার বিষয়ে কোন কথা লিখন দ্বারা কি মৌখিক জিজ্ঞাসা করিতে পারিবেন, ও যাঁহার সেই টাক্স লাগিবে তাঁহার স্থানে তদনুসারে ঐ প্রশ্নের উত্তর চাহিতে পারিবেন, ও যে বৎসরের নিমিত্তে তাঁহার ঐ টাক্স ধার্য্য হইল সেই বৎসরের তাঁহার খাতাবহী ও হিসাব দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন। এই প্রকারে সময়ে২ উক্ত কমিস্যনর সাহেবেরা যখন আবশ্যক বুঝেন তখন করিতে পারিবেন।

২ প্রকরণ। যদি সেই লোক আপনি হাজির না থাকেন, তবে সাধারণ কার্য্যের উক্ত কমিস্যনরেরা তাঁহার নামে হুকুমনামা জারী করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন, যে ঐ কমিস্যনরেরা যে মিয়াদ নিরূপণ

aforesaid; within a time to be directed by the said Commissioners.

3. Every such person shall make true and particular answers, in writing, signed by him, to such questions within the time directed by the said Commissioners, or shall, within the like period, tender himself before the said Commissioners, to be examined by them *vivâ voce* to such matters; and every person required to make such answer, or appearing before the said Commissioners, to be examined as a party, or in case of absence, sickness, or other reasonable causes, to be allowed by the said Commissioners as aforesaid, as the clerk, agent, or servant of such party, as herein is mentioned, shall be permitted to give his answers, either in writing as aforesaid, or *vivâ voce*, without having taken any oath, and shall be at liberty to object to any question, and peremptorily to refuse to answer the same, or to produce his books or accounts.

4. The substance of such answers as any such person shall give *vivâ voce*, shall, in his presence, be reduced into writing and read to him, and he shall be at liberty to alter any part thereof, and also to alter or amend any particular contained in his answers in writing, or in any Schedule or Declaration, before he shall be called upon to verify the same in the manner herein directed.

5. Any such Schedule shall be altered or amended, as shall seem requisite, after such inquiry or examination.

[Commissioners may call on party to verify answers and examination on oath.]

LVII. It shall be lawful for the Commissioners for general purposes, in any of the cases mentioned in the preceding Sections, whenever they shall think the same necessary, to require any person who shall have made any answer in writing as aforesaid, or who shall have been examined *vivâ voce* before them, to verify his examination on oath which any one of the said Commissioners is hereby empowered to administer, and such oath shall be to the effect that the contents of all such answers in writing as shall have been returned to the said Commissioners by him are true; and in the case of an examination *vivâ voce*, shall be to the effect that the contents of his examination, as the same have been reduced into writing, are true; and every such oath shall be subscribed by the party taking the same.

[Commissioners may summon witnesses and examine them on oath.]

LVIII. 1. It shall be lawful for the Commissioners for general purposes to summon, in like manner, any person whom they shall think able to give evidence or testimony respecting the assessment made, or to be made, on any other person, to

করেন সেই মিয়াদের মধ্যে পূর্ব্বোক্তমতের প্রশ্নের যথার্থ ও বিশেষ উত্তর দেন।

৩ প্রকরণ। উক্ত কমিসানরেরা যে মিয়াদ নিরূপণ করেন সেই মিয়াদের মধ্যে উক্ত প্রকারের প্রত্যেক জন ঐ প্রশ্নের যথার্থ ও বিশেষ উত্তর লিখিয়া আপনি তাহাতে দস্তখৎ করিবেন। না হয়, আপনি ঐ মিয়াদের মধ্যে ঐ কমিসানরেরদের সম্মুখে হাজির হইয়া ঐ বিষয়ের মৌখিক জোবানবন্দী দিতে স্বীকার করিবেন। ও যাহাকে সেই প্রকারের উত্তর লিখিয়া দিতে আজ্ঞা হয়, কিম্বা যে কেহ মোকদ্দমার এক পক্ষের লোকের মতে জোবানবন্দী দিতে ঐ কমিসানরেরদের সম্মুখে হাজির হন, কিম্বা আপনি সেই স্থানে না থাকাতে কি পীড়িত হওয়াতে, কিম্বা উক্ত কমিসানরেরা উপযুক্ত অন্য যে কারণে অনুমতি দেন, সেই কারণে যে কেহ এই আইনের লিখনমতে ঐ লোকের মুহুরী কি গোমাশ্তা কি কর্ম্মকারকস্বরূপে হাজির হন, তিনি যদি শপথ না করিয়া আপনার জওয়াব পূর্ব্বোক্তমতে লিখিয়া দিতে কি জোবানীতে দিতে অনুমতি পান, তবে কোন কথা জিজ্ঞাসা করার বিষয়ে আপত্তি করিতে পারিবেন, ও উত্তর দিবেন না কিম্বা আপনার খাতাবহী কি হিসাব দেখাইবেন না এই কথা দৃঢ়মতে কহিতে পারিবেন।

৪ প্রকরণ। উক্ত প্রকারের কোন লোক জোবানীতে যে সকল উত্তর করেন তাহার মর্ম্ম তাঁহার সাক্ষাতে লিখিয়া লওয়া যাইবে, ও তাঁহার নিকটে পাঠ করা যাইবে, ও তাহা যথার্থ এই কথাতে তাঁহাকে দস্তখৎ করিতে আজ্ঞা হইবার পূর্ব্বে তিনি তাহার কোন কথা বদল করিতে পারিবেন, কিম্বা যে উত্তর লিখিয়া দেন তাহার কিম্বা কোন তফসীলের কি নিশ্চয়ার্থক কোন কথার কোন বিশেষ কথা বদল করিতে কি শুধরাইতে পারিবেন।

৫ প্রকরণ। সেই প্রকারের তদন্ত হইলে পর কি জোবানবন্দী লওয়া গেলে পর, উক্ত প্রকারের কোন তফসীল যেমন আবশ্যক বোধ হয় তেমনি পরিবর্ত্তন কি সংশোধন করা যাইতে পারিবেক ইতি।

[লোকেরদিগকে শপথপূর্ব্বক আপনারদের জওয়াব ও জোবানবন্দী সাবুদ করিতে কমিসানরেরদের আজ্ঞা করিতে পারিবার কথা।]

৫৭ ধারা। ইহার পূর্ব্বের কএক ধারাতে যে২ বিষয় লেখা হইয়াছে, তাহার কোন বিষয়ে, সাধারণ কার্য্যের কমিসানরেরা যখন আবশ্যক বোধ করেন, তখন যে কোন লোক পূর্ব্বোক্তমতে কোন জওয়াব লিখিয়া দিয়াছেন, কিম্বা তাঁহারদের সম্মুখে যে কোন লোকের মৌখিক জোবানবন্দী লওয়া গিয়াছে, তাঁহাকে আপনার জোবানবন্দীর কথা শপথ করিয়া সাবুদ করিতে আজ্ঞা করিতে পারিবেন। ও উক্ত কমিসানরেরদের কোন এক জনকে সেই শপথ করাইবার ক্ষমতা ইহাতে দেওয়া গেল। সেই শপথের মর্ম্ম এই, যে উক্ত কমিসানরদিগকে যে সকল জওয়াব লিখিয়া দিয়াছেন, তাহার সকল কথা সত্য। ও মৌখিক জোবানবন্দী যখন লওয়া গিয়াছে তখন সেই শপথের এই মর্ম্ম যে, তাহার জোবানবন্দীর যে সকল কথা লিখিয়া লওয়া গিয়াছে তাহা সত্য। ও যে জন শপথ করেন তিনি ঐ স্বীকৃতিপত্রে দস্তখৎ করিবেন ইতি।

[সাক্ষিদিগকে তলব করিয়া শপথপূর্ব্বক তাঁহারদের জোবানবন্দী লইতে কমিসানরেরদের ক্ষমতার কথা।]

৫৮ ধারা।—১ প্রকরণ। কোন লোকের যত টাক্স ধার্য্য করা গিয়াছে কি করিতে হইবেক, তদ্বিষয়ে সাধারণ কার্য্যের কমিসানরেরদের বিবেচনামতে যাঁহারা সাক্ষ্য কি প্রমাণ দিতে পারেন, তাঁহারদিগকে ঐ কমিসনরেরা জোবানবন্দী দিবার জন্যে আপনারদের

appear before them to be examined, and to examine every such person who shall so appear before them on oath, which oath any one of the said Commissioners is hereby empowered to administer.

সমুখে সেই প্রকারে তলব করিতে পারিবেন, ও যাঁহারা তদ্রূপে আপনারদের সমুখে হাজির হন তাঁহারদের জোবানবন্দী শপথপূর্ব্বক লইতে পারিবেন। উক্ত কমিসানরেরদের কোন এক জনকে সেই শপথ করাইবার ক্ষমতা ইহাতে দেওয়া গেল।

2. Such oath shall be to the effect that the testimony or evidence to be given by such person shall contain the whole truth, and nothing but the truth, in respect of the matter in question concerning which such evidence or testimony is to be given, and every such oath shall be subscribed by the person taking the same.

২ প্রকরণ। সেই শপথের মর্ম্ম এই যে, ঐ লোকের সাক্ষ্য কি প্রমাণ উল্লিখিত যে বিষয়ে দিতে হইবেক সেই বিষয়ে তিনি যে সাক্ষ্য কি প্রমাণ দেন তাহার সকল কথা সত্য হইবে, ও সত্যছাড়া হইবে না। ও যে জন ঐ শপথ করেন তিনি ঐ শপথপত্রে দস্তখৎ করিবেন ইতি।

[When Schedules not returned, or answers given, Commissioners to make assessment according to best of their judgment, which shall be final.]

[তফসীল দাখিল না করা গেলে কি জওয়াব না দেওয়া গেলে, কমিসানরেরদের নিজ বিবেচনামতে টাক্স ধার্য্য করিবার কথা ও তাহা চূড়ান্ত হইবার কথা।]

LIX. 1. Whenever any person chargeable under the Act shall have neglected or refused to return a Statement or Schedule according to the exigency of the Precept of the said Commissioners, or whenever any person charged as aforesaid, or any clerk, agent, or servant of such person being summoned, shall have neglected or refused to appear before the Commissioners to be examined, or whenever such person, or his clerk, agent, or servant as aforesaid, shall have declined to answer any question put to him by the said Commissioners in writing or *vivâ voce*, or to produce his books, or whenever the Schedule delivered shall have been objected to as aforesaid, and the person assessed shall not have appeared to oppose such objection, or whenever any person, being required so to do, shall have neglected or refused to verify his Statement or Schedule, or his answers or examination in writing, the said Commissioners shall, in every such case, according to the best of their judgment, subject to the provisions contained in the next succeeding Section of this Act, settle and ascertain in what sums such person ought to be charged, and shall make an assessment accordingly.

৫৯ ধারা।—১ প্রকরণ। এই আইনমতে যাঁহার টাক্স লাগিতে পারে, এমত কোন লোক যদি উক্ত কমিসানরেরদের হুকুমনামামতের কৈফিয়ৎ কি তফসীল না দেন কি দিতে স্বীকার না করেন, কিম্বা পূর্ব্বোক্তমতে যাঁহার টাক্স বসান গিয়াছে এমত কোন লোক কিম্বা তাঁহার কোন মুৎসুদ্দী কি গোমাশ্তা কি কর্ম্মকারক সমন হইলে পর যদি জোবানবন্দী দিবার জন্যে কমিসানরেরদের সমুখে হাজির না হন, কিম্বা হাজির হইতে স্বীকার না করেন, কিম্বা সেই লোককে কি তাঁহার পূর্ব্বোক্তমতের মুৎসুদ্দীকে কি গোমাশ্তাকে কি কর্ম্মকারককে উক্ত কমিসানরেরা যে কোন কথা জিজ্ঞাসা করেন, তাহার লিখিত কি মৌখিক জওয়াব যদি দিতে না চাহেন কি খাতাবহী দেখাইতে না চাহেন, কিম্বা যে তফসীল দিয়াছেন তাহার বিষয়ে যদি পূর্ব্বোক্তমতে আপত্তি ধরা যায়, ও যাঁহার ঐ টাক্স ধার্য্য হইয়াছে তিনি যদি ঐ আপত্তি খণ্ডাইবার জন্যে হাজির না হন, কিম্বা আজ্ঞা হইলে পর যদি কোন লোক আপনার কৈফিয়ৎ কি তফসীল কি জওয়াব কিম্বা তাহার যে জোবানবন্দী লিখিয়া লওয়া গিয়াছে তাহা দস্তখৎ করিয়া সাবুদ না করেন কি করিতে স্বীকার না করেন, তবে সেই লোকের যত টাকা টাক্স লাগিতে পারিবে তাহা উক্ত কমিসানরেরা এই আইনের ইহার পর ধারার বিধান মানিয়া আপনারদের বুদ্ধি সাধ্যমতে নিরূপণ করিয়া নির্দ্ধার্য্য করিবেন, ও তদনুসারে টাক্স ধার্য্য করিবেন।

2. Such assessment shall be final and conclusive, subject only to such surcharge as is in the 61st Section provided.

২ প্রকরণ। উক্ত যে টাক্স ধার্য্য করেন তাহা শেষ ও চূড়ান্ত হইবেক। কেবল ৬১ ধারাতে যে উপরি টাক্সের বিধান আছে সেই বিধানমতে ঐ উপরি টাক্স লাগিতে পারিবে ইতি।

[Where assessment increased upon erroneous return or in default, Commissioners may charge double amount of which Duties increased, unless the person charged proves that the error or default was not fraudulent or wilful.]

[ঐ অশুদ্ধ কৈফিয়ৎ দেওয়া কি কৈফিয়ৎ না দেওয়া প্রতারণাক্রমে কি জানিয়াশুনিয়া হয় নাই ইহার প্রমাণ না হইলে, অশুদ্ধ কৈফিয়ৎ দেওয়াতে কি কৈফিয়ৎ না দেওয়াতে যদি টাক্স বৃদ্ধি করিয়া ধার্য্য হয়, তবে যত ধার্য্য হইয়াছে তাহার দ্বিগুণ কমিসানরেরদের ধরিবার কথা।]

LX. In every case where the Commissioners for general purposes shall have increased the assessment upon any person, either upon the amount contained in the Statement or Schedule of such pe[illegible] or upon his default to return a Statement or Schedule, or d[illegible] to verify the same, or upon his refusal, or the [illegible]l of his agent, clerk, or servant as aforesaid [illegible] a[illegible]wer any question, or to produce any book, it shall [illegible]lawful for them to charge and assess such person, [illegible]in addition to the sum originally assessed), in [illegible] sum not exceeding (double) the amount by which the Duties shall have been in-

৬০ ধারা। কোন লোক যে কৈফিয়ৎ কি তফসীল দিয়াছেন তাহা দেখিয়া, কিম্বা কৈফিয়ৎ কি তফসীল না দেওয়াতে, কিম্বা তাহা উপযুক্তমতে সাবুদ না করাতে, কিম্বা কোন কথা জিজ্ঞাসা হইলে সেই লোকের কি তাঁহার পূর্ব্বোক্তমতের গোমাশ্তার কি মুৎসুদ্দীর কি কর্ম্মকারকের জওয়াব না দেওয়াতে, কিম্বা কোন বহী না দেখাইবাতে, যদি সাধারণ কার্য্যের কমিসানরেরা ঐ লোকের টাক্স বৃদ্ধি করেন, তবে প্রথমে যত টাক্স ধার্য্য হইয়াছিল তদতিরিক্ত অধিক যত ধরা হইয়াছে, সেই অধিকের দ্বিগুণপর্য্যন্ত তাঁহারা ঐ লোকের টাক্স বসাইয়া ধার্য্য করিতে পারিবেন। কিন্তু ঐ কৈফিয়ৎপ্রভৃতি যে দেওয়া যায় নাই

creased, unless such person shall make it appear to the satisfaction of the said Commissioners, that the omission or wrong statement, or the said default or refusal complained of, did not proceed from any fraud, or contrivances, or intent to evade payment of any sum justly chargeable, or any wilful neglect.

[Powers to Collectors or Assessors to surcharge at any time on discovery of fraud or contrivance. Surcharge to be in treble Duty.]

LXI. 1. The several Collectors and Assessors in each District are hereby empowered respectively, at all reasonable times, to inspect and examine all and every the assessments of the said Duties made by the Commissioners under this Act, together with the returns of the persons assessed in such District.

2. If any such Collector or Assessor shall discover at any time after the said Commissioners shall have signed and allowed their assessments, and before any Statement or Schedule correcting the said omission or mis-statement shall have been filed under the next succeeding Section of this Act, that any person who ought to be charged with the said Duties, or any of them, shall have been omitted to be charged therewith, or shall have been, through any fraud or contrivances or mis-representation, under-rated in the said assessment, then, and in every such case, the said Collector or Assessor shall certify the same, in writing under his hand, to the said Commissioners, by way of surcharge, together with the full amount of duty which ought to be paid by way of surcharge, and shall cause notice of such surcharge, and of the time appointed for hearing the same by the said Commissioners, to be given in manner aforesaid to the party chargeable.

3. The said Commissioners shall appoint a time for hearing such surcharge, and shall, at such time, or at any time to which the hearing shall be adjourned by them, hear and determine the matter of the same. If they shall allow the said surcharge, and shall consider that the omission to charge, or the under-rating the party so chargeable, was caused by any fraud, contrivance, or misrepresentation on his part, they shall charge and assess him, in addition to the original assessment, in a sum not exceeding treble the amount by which the said Duties shall have been increased upon such surcharge.

[Persons who have delivered an erroneous statement, or no statement, may be relieved on delivering a correct statement before any proceedings to assess increased Duty or for penalties, or to surcharge. If any proceedings commenced, Commissioners may stay them on terms.]

LXII. 1. If any person who shall have delivered a Statement or Schedule, shall discover any omission or wrong statement therein, it shall be lawful for him to deliver an additional Statement

কি অশুদ্ধ দেওয়া গেল, কিম্বা মওয়াবপ্রভৃতি যে দেওয়া যায় নাই কি দিতে স্বীকার হয় নাই, তাহা কোন প্রতারণাতে কি ছলনাতে, কিম্বা ন্যায্যমতে যে টাকা বসান যাইতে পারে তাহা না দিবার অভিপ্রায়ে, কিম্বা জানিয়াশুনিয়া কোন ত্রুটি করিয়া হয় নাই, এই কথার প্রমাণ যদি সেই লোক ঐ কমিস্যনরেরদের খাতিরজমামতে করেন, তবে তাঁহার ঐ বৃদ্ধিকরা টাক্সের অধিক ধরা যাইবে না ইতি।

[প্রতারণার কি ছলনার কার্য্য দেখা গেলে উপরি টাক্স কোন সময়ে বসাইতে কালেক্টরের কি আসেসরের ক্ষমতার কথা। ও সেই উপরি টাক্স আসলের তিনগুণপর্য্যন্ত হইবার কথা।]

৬১ ধারা।—১ প্রকরণ। এই আইনমতে কমিস্যনরেরা উক্ত যে টাক্স ধার্য্য করেন তাহা, ও প্রত্যেক প্রদেশের যে লোকেরদের টাক্স ধার্য্য হইয়াছে তাঁহারদের কৈফিয়ৎপ্রভৃতি ঐ প্রদেশের কালেক্টরদিগকে ও আসেসরদিগকে উপযুক্ত কোন সময়ে দৃষ্টি করিয়া বিবেচনা করিতে ইহাতে ক্ষমতা দেওয়া গেল।

২ প্রকরণ। উক্ত কোন কালেক্টর কি আসেসর যে টাক্স ধার্য্য করেন, তাহা উক্ত কমিস্যনরেরা মঞ্জুর করিলে ও তাহাতে দস্তখৎ করিলে পর, ও ইহার পরের ধারামতে উক্ত কোন ত্রুটি কি অশুদ্ধ কথা শোধন করিবার কোন কৈফিয়ৎ কি তফসীল দাখিল হইবার পূর্ব্বে কোন সময়ে, যদি সেই কালেক্টর কি আসেসর দেখিতে পান যে উক্ত টাক্স কিম্বা তাহার মধ্যে কোন টাক্স যাঁহার উপর বসান উচিত ছিল এমত কোন২ লোকের উপর বসান যায় নাই, কিম্বা কোন প্রতারণাতে কি ছলনাতে কি ভুলাইবার কথাতে তাঁহার অল্প টাক্স ধরা গিয়াছে, তবে উক্ত প্রত্যেক স্থলে ঐ কালেক্টর কি আসেসর অধিক ধরিয়া তাহার কথা উক্ত কমিস্যনরদিগকে লিখিয়া জানাইবেন ও তাহাতে দস্তখৎ করিবেন ও উপরি টাক্স বলিয়া তাঁহার যত দেওয়া উচিত তাহার সকল টাকা লিখিয়া দিবেন, ও যাঁহার সেই টাক্স লাগিবে তাঁহাকে ঐ উপরি টাক্সের এত্তেলা ও তাহার কথা শুনিবার জন্যে উক্ত কমিস্যনরেরা যে সময় নিরূপণ করেন সেই সময়ের এত্তেলা পূর্ব্বোক্তমতে দেওয়াইবেন।

৩ প্রকরণ। উক্ত কমিস্যনরেরা ঐ উপরি টাক্সের কথা শুনিবার সময় নিরূপণ করিবেন, ও সেই সময়ে, কিম্বা তাহা শুনিবার কার্য্য মুলতবী রাখিয়া অন্য যে সময় নিরূপণ করেন সেই সময়ে, ঐ টাক্সের কথা শুনিয়া নিষ্পত্তি করিবেন। তাঁহারা যদি ঐ উপরি টাক্স মঞ্জুর করেন, আর ঐ লোকের টাক্স যে বসান যায় নাই কি অল্প টাক্স যে বসান গিয়াছিল, ইহা তাঁহার কোন প্রতারণার কি ছলনার কার্য্যেতে কি ভুলাইবার কথার দ্বারা হইয়াছে, তাঁহারা যদি এইরূপ বোধ করেন, তবে প্রথমে যত টাকা টাক্স ধার্য্য হইয়াছিল তাহার অধিক যত উপরি ধরা গিয়াছে তাহার তিনগুণ পর্য্যন্ত তাঁহারা বসাইয়া ধার্য্য করিবেন ইতি।

[যাঁহারা অশুদ্ধ কৈফিয়ৎ দিয়াছেন কিম্বা কৈফিয়ৎ দেন নাই, তাঁহারা অধিক টাক্স ধার্য্য করিবার কি দণ্ড করিবার কি উপরি টাক্স বসাইবার কোন কার্য্য হইবার পূর্ব্বে শুদ্ধ কৈফিয়ৎ দি[illegible] [illegible] হইবার কথা। ও তদ্রূপ কোন [illegible] আরম্ভ হইবার পরে কমিস্যনরেরদের নিয়ম করি[illegible] তাহা স্থগিত করিবার কথা।]

৬২ ধারা।—১ প্রকরণ। কোন লোক কৈফিয়ৎ কি তফসীল দাখিল করিলে পর, য[illegible] তাহাতে কোন চুক কি অশুদ্ধ কথা দেখিতে পান, তবে তিনি ঐ চুক কি অশুদ্ধ কথা শোধন করিয়া অন্য এক কৈফিয়ৎ কি

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৮ মে।]

or Schedule, rectifying such omission or wrong statement, and if such additional Statement or Schedule be found to be true and correct in all its particulars by the Commissioners, they shall correct the assessment on such person in accordance therewith, and such person shall not afterwards be subject to any proceeding to assess double or treble Duties under either of the two last preceding Sections of this Act, or to any proceeding for any of the penalties hereinafter imposed by reason of such original omission or wrong statement.

তফসীল দাখিল করিতে পারিবেন। আর কমিসানরেরা যদি সেই অন্য কৈফিয়ৎ কি তফসীল সকল বিষয়ে যথার্থ ও ঠিক দেখিতে পান, তবে তদনুসারে ঐ লোকের ধার্য্যকরা টাক্স সংশোধন করিবেন। ও ইহার পূর্ব্বের দুই ধারার মতে দ্বিগুণ কি তিনগুণ টাক্স ধার্য্য করিবার কোন কার্য্য, কিম্বা আসল কৈফিয়ৎপ্রভৃতিতে ঐ চুক কি অশুদ্ধ কথা লিখিবার জন্যে যে দণ্ডের বিধি ইহার পরে করা যাইতেছে সেই দণ্ড করিবার কোন কার্য্য তাঁহার উপর হইবে না।

2. If any person shall not have delivered a Statement or Schedule within the time limited by the Commissioners for that purpose, it shall be lawful for him to deliver a Statement or Schedule in manner herein directed, at any time before a proceeding shall be held to surcharge him, or to recover double or treble Duty or the penalty herein mentioned; and if such last mentioned Statement or Schedule be found by the Commissioners to be true and correct in all particulars, the said Commissioners shall assess the said person in accordance therewith: and no proceeding shall be afterwards had for recovering such double or treble Duties or penalty, by reason of his neglect to deliver the said Statement or Schedule within the time limited.

২ প্রকরণ। কমিসানরেরা কৈফিয়ৎ কি তফসীল দাখিল করিবার যে মিয়াদ নিরূপণ করেন, সেই মিয়াদের মধ্যে যদি কোন লোক তাহা দেন নাই, তবে তাঁহার উপরি টাক্স বসাইবার কিম্বা এই আইনের লিখিত দ্বিগুণ কি তিনগুণ টাক্স বসাইবার কি দণ্ড করিবার জন্যে কোন কার্য্য হইবার পূর্ব্বে, তিনি কোন সময়ে এই আইনের লিখিত বিধানমতে কৈফিয়ৎ কি তফসীল দাখিল করিতে পারিবেন। ও কমিসানরেরা যদি ঐ শেষোক্ত তফসীল কি কৈফিয়ৎ সর্ব্ব বিষয়ে যথার্থ ও ঠিক দেখিতে পান, তবে ঐ কমিসানরেরা তদনুসারে ঐ লোকের টাক্স ধার্য্য করিবেন। ও তিনি সেই মিয়াদের মধ্যে ঐ কৈফিয়ৎ কি তফসীল দাখিল করিতে ত্রুটি করিলেন এই কারণে ঐ দ্বিগুণ কি তিনগুণ টাক্স কি দণ্ড আদায় করিবার কোন কার্য্য পরে হইবে না।

3. If any proceeding shall have been actually had before the Commissioners for surcharging such sums, or for recovering such double or treble Duties, or such penalty, before the delivery of such additional Statement or Schedule, it shall be lawful for the said Commissioners, on proof to their satisfaction, that no fraud or evasion whatever was intended, to stay such proceedings, either on the terms of paying, or without paying the costs then incurred, as the Commissioners shall think fit.

৩ প্রকরণ। সেই অতিরিক্ত কৈফিয়ৎ কি তফসীল দাখিল করিবার পূর্ব্বে যদি ঐ উপরি টাক্স বসাইবার কিম্বা ঐ দ্বিগুণ কি তিনগুণ টাক্স আদায় করিবার কি এরূপ দণ্ড করিবার কোন কার্য্য ঐ কমিসানরেরদের সম্মুখে নিতান্ত আরম্ভ হইয়া থাকে, তবে কোন প্রতারণার কি চাতুরীর অভিপ্রায় ছিল না এই কথার প্রমাণ উক্ত কমিসানরেরদের খাতিরজমামতে হইলে ঐ কার্য্যের যে খরচা লাগিয়াছে তাহা দিবার কি কমিসানরেরা উপযুক্ত বোধ করিলে ঐ খরচা না দিবার নিয়মে, ঐ কার্য্য স্থগিত করিতে পারিবেন।

4. If any person, chargeable to the said Duties, shall have delivered an imperfect Statement or Schedule, and shall give to the Commissioners a sufficient reason why a perfect Statement or Schedule cannot be delivered, the said Commissioners, being satisfied therewith, shall give further time, and so from time to time, for the delivery of such Statement or Schedule, and such person shall not be liable to any double or treble Duty, or to any penalty, for not having delivered such Statement or Schedule within the time before limited, in case such person shall have delivered as perfect a Statement or Schedule as, from the nature of the case, he was enabled, in the judgment of the Commissioners, to give, and so from time to time, as long as the Commissioners shall grant further time as aforesaid.

৪ প্রকরণ। উক্ত টাক্স যাঁহার লাগিতে পারে এমত কোন লোক যদি অশুদ্ধ কৈফিয়ৎ কি তফসীল দিয়া থাকেন, ও পূরা কৈফিয়ৎ কি তফসীল দিতে না পারিবার উপযুক্ত কারণ যদি কমিসানরদিগকে জানান, তবে উক্ত কমিসানরেরদের তাহাতে খাতিরজমা হইলে, তাঁহারা ঐ কৈফিয়ৎ কি তফসীল দাখিল করিবার অধিক মিয়াদ দিতে পারিবেন, ও সেই প্রকারে সময়ে২ মিয়াদ দিতে পারিবেন। ও সেই লোক ঐ তফসীল কি কৈফিয়ৎ বিষয় বুঝিয়া যত শুদ্ধ করিতে পারিলেন তত শুদ্ধ করিয়া দিয়াছেন, ঐ কমিসানরেরদের যদি এই রূপ বিবেচনা হয়, তবে ঐ মিয়াদের মধ্যে ঐ কৈফিয়ৎ কি তফসীল দাখিল না করাপ্রযুক্ত ঐ লোকের কোন দ্বিগুণ কি তিনগুণ টাক্স কি কোন দণ্ড হইবেক না, ও কমিসানরেরা সময়ে২ যত কাল পূর্ব্বোক্তমতে অধিক মিয়াদ দেন তত কালপর্য্যন্ত সেরূপে হইবে।

[[illegible]ied under Schedule 2 to have option of appeal [illegible] to Commissioner for Special Purposes, instea[illegible]o Commissioner for General Purposes.]

[২ নম্বরের তফসীলমতে যাঁহারদের টাক্স ধার্য্য হয় তাঁহারদের ইচ্ছামতে বিশেষ কার্য্যের কমিসানরের কি সাধারণ কার্য্যের কমিসানরের নিকটে আপীল করিবার কথা।]

LXIII. 1. [illegible] any case in which an appeal is allowed to be [illegible]ade to the Commissioners for general purposes against any assessment of the

৬৩ ধারা।—১ প্রকরণ। এই আইনের ২ নম্বরের তফসীলমতে যে টাক্স ধার্য্য হইয়াছে তাহার বিষয়ে কি তাহার উপরি টাক্স বসাইবার বিষয়ে যদি সাধারণ

Duties contained in Schedule 2 of this Act, or against any surcharge of such Duties, it shall be lawful for the person assessed or charged, if he shall think fit, and if any Commissioners for special purposes shall have been appointed for the Division or District in which he shall have been so charged, instead of appealing to the said Commissioners for general purposes, to appeal to the Commissioners for special purposes, for the said Division or District upon giving notice of such appeal in writing to the Assessors within the time limited for notices of appeal to the Commissioners for general purposes in similar cases.

2. Thereupon every such appeal shall be heard and determined by the Commissioners for special purposes of that Division or District, and the determination of the said Commissioners for special purposes shall be final and conclusive in the matter, subject only to such surcharge as in the 61st Section is provided.

3. Provided, always, that no person, who shall claim the exemption or abatement hereinafter granted respectively to persons whose annual income is less than Rupees 200 or Rupees 500 respectively, shall be allowed to appeal to the said Commissioners for special purposes, but that every such claim shall be determined by the Commissioners for general purposes.

[Commissioners to transmit list of Assessments to Commissioners of Revenue of Division.]

LXIV The Commissioners for general purposes shall, in their respective books of assessment, cause to be entered the several amounts of the sums assessed by them; and they shall, from time to time, make out and transmit to the Commissioner of Revenue of the Division, and in the said Districts of Calcutta, Madras, Bombay, and the Settlement aforesaid, to the respective Chief Revenue Authorities as aforesaid, accounts of the amount of Duty assessed by them, distinguishing the amount charged on each person, which accounts shall severally be made out, with the particulars required by this Act; and they shall also, from time to time, make out and transmit to the Commissioners or Chief Revenue Authority as aforesaid, lists containing the name, description, and place of residence of every person assessed by them respectively, as soon as the same conveniently can be done.

PART V.

Provisions as to Trustees and Special Classes of Persons chargeable.

[Trustees and Guardians of incapacitated persons to be charged.]

LXV. The trustee, guardian, curator, or committee of any person, being an infant, or married woman, subject to the law of England as aforesaid, or a lunatic, and having the direction, control, or management of the property or concerns of such in-

কার্য্যের কমিস্যনরেরদের নিকটে আপীল করিবার অনুমতি আছে, তবে যাঁহার ঐ টাক্স ধার্য্য হইয়াছে কি বসান গিয়াছে তিনি উপযুক্ত বোধ করিলে, ও যে এলাকাতে কি প্রদেশে তাঁহার ঐ টাক্স বসান যায় তাহাতে যদি বিশেষ কার্য্য করিবার কোন কমিস্যনরেরা নিযুক্ত থাকেন, তবে তদ্রূপ স্থলে সাধারণ কার্য্যের কমিস্যনরদিগকে আপীল করিবার এত্তেলা যে মিয়াদের মধ্যে দিতে হইবেক, সেই মিয়াদের মধ্যে তিনি আসেসরদিগকে লিখিয়া ঐ আপীল করিবার এত্তেলা দিলে, তিনি সাধারণ কার্য্যের ঐ কমিস্যনরেরদের নিকটে আপীল না করিয়া, ঐ এলাকার কি প্রদেশের বিশেষ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে আপীল করিতে পারিবেন।

২ প্রকরণ। তাহা করিলে, ঐ এলাকার কি প্রদেশের বিশেষ কার্য্যের কমিস্যনরেরা সেইরূপ প্রত্যেক আপীল শুনিয়া নিষ্পত্তি করিবেন, ও সেই বিষয়ে বিশেষ কার্য্যের উক্ত কমিস্যনরেরদের যে নিষ্পত্তি হয় তাহা শেষ ও চূড়ান্ত হইবেক। কেবল ৬১ ধারাতে যে উপরি টাক্সের বিধান আছে সেই বিধানমতে তাঁহার ঐ উপরি টাক্স হইতে পারিবেক।

৩ প্রকরণ। কিন্তু যেং লোকের আয় বৎসরে ২০০৲ টাকার কি ৫০০৲ টাকার কম হয়, তাঁহারদের যে ক্ষমা কি রেয়াইৎ হইবার অনুমতি এই আইনে দেওয়া যাইতেছে, সেই ক্ষমা কি রেয়াইৎ পাইবার দাওয়া যাঁহারা করেন, তাঁহারা বিশেষ কার্য্যের ঐ কমিস্যনরেরদের নিকটে আপীল করিতে পারিবেন না। কিন্তু সেই প্রকারের প্রত্যেক দাওয়ার নিষ্পত্তি সাধারণ কার্য্যের কমিস্যনরেরা করিবেন ইতি।

[যে সকল টাক্স ধার্য্য হইয়াছে তাহার ফর্দ এলাকার রাজস্বের কমিস্যনর সাহেবেরদের নিকটে কমিস্যনরেরদের পাঠাইবার কথা।]

৬৪ ধারা। সাধারণ কার্য্যের কমিস্যনরেরা, যত টাকা টাক্স ধার্য্য করেন, তাহা আপনং টাক্সের বহীতে লেখাইয়া রাখিবেন। ও তাঁহারা যত টাকা টাক্স বসান তাহার হিসাব করিয়া সময়েং এলাকার রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন, ও কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইতে ও পূর্ব্বোক্ত বসতি স্থানে ঐং স্থানের রাজস্বের পূর্ব্বোক্ত প্রধান কার্য্যকারক সাহেবেরদের নিকটে পাঠাইবেন। তাহাতে একং জনের যত টাকা ধার্য্য হইয়াছে তাহা বিশেষ করিয়া লিখিবেন। ও এই আইনের আজ্ঞামতের বেওরা লিখিয়া ঐং হিসাব পৃথক করিয়া করা যাইবেক। আরো তাঁহারা যেং লোকের টাক্স ধার্য্য করিয়াছেন তাঁহার নামের ও ব্যবসায়াদি বেওরার ও বাসস্থানের ফর্দ [illegible] প্রস্তুত করিয়া সুবিধামতে শীঘ্র করিয়া ঐ কমিস্যনর সাহেবেরদের, কিম্বা রাজস্বের পূর্ব্বোক্ত প্রধান কার্য্যকারক সাহেবেরদের নিকটে পাঠাইবেন ইতি।

পঞ্চম খণ্ড।

ট্রষ্টীরদের ও বিশেষ শ্রেণীর যে লোকেরদের টাক্স লাগিতে পারে তাঁহারদের বিষয়ের [illegible]।

[অক্ষম লোকেরদের ট্রষ্টীরদের [illegible]দিরদের টাক্স লাগিবার কথা।]

৬৫ ধারা। কোন ব্যক্তি নাবাল[illegible] পূর্ব্বোক্তমতে ইঙ্গলণ্ডীয় আইনের অধীনা [illegible]বিবাহিতা স্ত্রীর, কি ক্ষেপা লোকের ট্রষ্টী কি অভি[illegible]ক সম্পত্তিরক্ষক কি কমিটি হইয়া, যদি ঐ নাবালগের [illegible] বিবাহিতা স্ত্রীর কি ক্ষেপার সম্পত্তি কি বিষয়ব্যাপার তাঁহার আজ্ঞার কি

fant, married woman, or lunatic, whether such infant, married woman, or lunatic, shall reside in India, or not, shall be chargeable to the said Duties in like manner and to the same amount as would be charged, if such infant were of full age, or such married woman were sole, or such lunatic were capable of acting for himself.

[Agents, Factors, and Receivers of Non-residents to be charged.]

LXVI. Any person not resident in India, whether a subject of Her Majesty or not, being in the receipt through any agent, factor, or receiver, of any profits or income chargeable under this Act, shall be chargeable in the name of such agent, factor, or receiver having the receipt in India of such profits or income belonging to such person, in the like manner and to the like amount as would be charged if such persons were resident in India, and in the actual receipt thereof.

[Trustees, Guardians, Agents, &c., required to do all acts necessary for the assessment of their principals.]

LXVII. 1. Every such trustee, guardian, curator, or committee in the 65th Section mentioned, and every such agent, factor, or receiver in the 66th Section mentioned, shall be answerable for the doing of all such acts and things as shall be required to be done by virtue of this Act, in order to the assessing of any such person to the Duties granted by this Act, and paying the same.

Provided, that no trustee, who shall have authorised the receipt of the profits or income arising from trust property by the person entitled thereunto, or by the agent of such last-mentioned person, and which person shall actually receive the same under such authority, nor any agent, or factor, or receiver, of any person, being of full age, and resident in India, and being under no disability, as a married woman subject to the law of England, or a lunatic, who shall return a list in the manner herein required, of the name and residence of such person, and of the assessment so authorised to be received, shall be required to do any other act for the purpose of assessing such person, unless the Commissioners, acting in the execution of this Act in respect of the assessment to be made on such person, shall require the testimony of such trustee, agent, or receiver, in pursuance of the authority by this Act given.

[Trustees or Agents of persons of full age, (being resident in India) only required to deliver a list of names and residence of principals.]

LXVIII. 1. Every person who shall act in any character aforesaid for any other person, who, by reason of any such incapacity as aforesaid, or by reason of his not being resident in India, cannot be personally charged by virtue of this Act, shall

কর্ত্তৃত্বের কি তত্ত্বের অধীনে থাকে, তবে সেই নাবালগ কি বিবাহিতা স্ত্রী কি ক্ষেপা ভারতবর্ষে বাস করুন কি না করুন ঐ ট্রুষ্টীপ্রভৃতির ঐ টাক্স লাগিতে পারিবে। অর্থাৎ সেই নাবালগ বয়ঃপ্রাপ্ত লোক হইলে, কিম্বা সেই বিবাহিতা স্ত্রী অবিবাহিতা হইলে, কিম্বা সেই ক্ষেপা লোক আপনার কার্য্য আপনি নির্ব্বাহ করিতে সক্ষম হইলে, তাঁহারদের যে প্রকারে ও যত টাকা টাক্স লাগিত, সেই প্রকারে ঐ ট্রুষ্টীপ্রভৃতির তত টাক্স লাগিবে ইতি।

[যাঁহারা ভারতবর্ষে বাস না করেন তাঁহারদের গোমাশ্তারদের ও কারকুনেরদের ও রিসীবরেরদের এ টাক্স লাগিবার কথা।]

৬৬ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হইয়া কি না হইয়া যে কোন লোক ভারতবর্ষে বাস করেন না, কিন্তু এই আইনমতে যে প্রাপ্তির কি আয়ের উপর টাক্স লাগিতে পারে তাহা কোন গোমাশ্তার কি কারকুনের কি রিসীবরের দ্বারা পাইয়া থাকেন, তাঁহার ঐ লাভ কি আয় ভারতবর্ষে যে গোমাশ্তা কি কারকুন কি রিসীবর আদায় করেন তাঁহার নামে ঐ টাক্স তাঁহার উপর বসান যাইবে, অর্থাৎ সেই লোক আপনি ভারতবর্ষে বাস করিয়া ঐ আয় আদায় করিলে তাঁহার যে প্রকারে ও যত টাকা টাক্স লাগিত সেই প্রকারে ঐ গোমাশ্তা প্রভৃতির তত টাক্স লাগিবে ইতি।

[আসল ব্যক্তিরদের টাক্স বসাইবার জন্যে যে সকল কার্য্যের আবশ্যক হয় তাহা ঐ ট্রুষ্টী ও অলি ও গোমাশ্তাপ্রভৃতির করিবার কথা।]

৬৭ ধারা।—১ প্রকরণ। উক্ত প্রকারের কোন লোকের যে টাক্স এই আইনমতে লাগে তাহা ধার্য্য ও আদায় করিবার জন্যে এই আইনের শক্তিক্রমে যে সকল কার্য্য ও বিষয় করিবার আজ্ঞা হয় তাহা করিবার বিষয়ে, ৬৫ ধারার লিখিত প্রত্যেক জন ট্রুষ্টী কি অলি কি সম্পত্তিরক্ষক কি কমিটি ও ৬৬ ধারার লিখিত প্রত্যেক জন গোমাশ্তা কি কারকুন কি রিসীবর দায়ী হইবেন।

২ প্রকরণ। কিন্তু কোন ট্রুষ্টীর নিকটে যে সম্পত্তি আমানৎ থাকে তাহাতে যে কিছু লাভ কি আয় হয়, তাহা আদায় করিবার ক্ষমতা যদি ঐ ট্রুষ্টী ঐ আয় পাইবার স্বত্ববান ব্যক্তিকে কিম্বা তাঁহার গোমাশ্তাকে দেন, ও সেই ক্ষমতাক্রমে যদি ঐ লোক নিতান্ত ঐ আয় প্রাপ্ত হন, কিম্বা কোন লোক বয়ঃপ্রাপ্ত হইয়া, ও ভারতবর্ষে বাস করিয়া, ইঙ্গলণ্ডীয় আইনের অধীনা বিবাহিতা স্ত্রী না হইয়া কি ক্ষেপা না হইয়া কোন প্রকারে অক্ষম না হইলে, যদি তাঁহার কোন গোমাশ্তা কি কারকুন কি রিসীবর এই আইনের বিধানমতে তাঁহার নামের ও বাসস্থানের, ও উক্ত প্রকারে যে টাক্স আদায় করিবার অনুমতি হয় তাহার ফর্দ্দ দেন, তবে সেই লোকের টাক্স ধার্য্য করিবার জন্যে তাঁহারদের অন্য কোন কার্য্য করিতে আজ্ঞা হইবেক না। কেবল সেই লোকের উপর যে টাক্স বসাইতে হইবেক তাহার বিষয়ে যে কমিস্যনরেরা কার্য্য করেন তাঁহারা এই আইনমতে যে শক্তি পাইয়াছেন তদনুসারে যদি ঐ ট্রুষ্টীর কি গোমাশ্তার কি রিসীবরের সাক্ষ্য চাহেন তবে তাহা লইতে পারিবেন ইতি।

[ভারতবর্ষনিবাসি বয়ঃপ্রাপ্ত লোকেরদের ট্রুষ্টীদের কি গোমাশ্তারদের আসল ব্যক্তির নামের ও বাসস্থানের ফর্দ্দমাত্র দিতে হইবার কথা।]

৬৮ ধারা।—১ প্রকরণ। কোন লোক পূর্ব্বোক্তমতে অক্ষম হওয়াতে, কিম্বা ভারতবর্ষে বাস না করাতে, যদি নিজ তাঁহার উপর এই আইনমতে টাক্স বসান যাইতে না পারে, তবে তাঁহার নিমিত্তে যে লোক পূর্ব্বোক্ত প্রকারে ট্রুষ্টীপ্রভৃতির কর্ম্ম করেন, তিনি উক্ত নিয়মের

also, within the like period, deliver in the manner herein directed, and in the same District in which the person delivering such list ought to be charged on his own account, a true and correct statement, in writing, signed by him, of the amount of the income and profits to be charged on him on account of such other person, estimated during the period, and according to the rules contained in the said respective Schedules, together with such declaration of the manner of estimating the same as aforesaid.

2 Provided, always, that where two or more such persons shall be liable to be charged for the same person, one return only shall be required, and such return shall be made by them jointly, or by one or more of them, on behalf of himself or themselves, and the rest of the persons so liable; and it shall be lawful for them to give notice, in writing, to the Commissioners acting in each District where they shall be called upon for such statement, in what District or place, or Districts or places they are respectively chargeable by this Act on their own account, and in which of the said Districts or places they are desirous of being so charged on the behalf of such other person for whom they so act in any of the characters before mentioned, and they shall be assessed accordingly by one assessment in such District or place, provided any one of such persons shall be liable to be charged on his own account in such District or place.

3. If more than one assessment shall be made on such persons, or any of them, on the same account, relief shall be granted for such double assessment by like applications to the Commissioners, as are allowed in other cases by this Act.

[Receiver or Manager of Trust Property chargeable.]

LXIX. The receiver or manager appointed by any Court in India, whether constituted by Royal Charter or not, or having the direction and control of any property in respect whereof a Duty is chargeed by this Act, whether the title to such property shall be uncertain or not, or subject to any contingency or not, shall be chargeable to the said Duties in like manner and to the like extent as the persons entitled thereto would be chargeable, if in actual possession of the said property, and if the title thereto were certain and not subject to any contingency whatever.

[Court of Wards is to be charged for property in its control.]

LXX. The Courts of Wards in the Presidencies of Fort William, Fort St. George and Bombay and in any other parts of British India wherein such Courts shall be established, shall, in respect of all property, profits, and incomes chargeable with any Duty under this Act, in the direction and control

মধ্যে এই ধারার লিখিত বিধানমতে ফর্দ দাখিল করিবেন, অর্থাৎ ঐ অন্য লোকের নিমিত্তে তাঁহার উপর যে লাভের ও আয়ের জন্যে টাক্স বসান যাইবে, তাহা যত টাকা হয় ইহার হিসাব ঐ২ তফসীলের লিখিত কালের মিমিত্তে ও তাহার বিধানমতে করিয়া, তাহার যথার্থ ও ঠিক কৈফিয়ৎ লিখিয়া ও তাহার হিসাব করিবার নিয়মের নিশ্চয়ার্থক কথা পূর্ব্বোক্তমতে লিখিয়া দস্তখৎ করিবেন, ও আপনার নিমিত্তে যে প্রদেশে তাঁহার উপর টাক্স বসান উচিত সেই প্রদেশে দাখিল করিবেন।

২ প্রকরণ। কিন্তু যদি একি জনের নিমিত্তে দুই কি ততোধিক লোকের উপর টাক্স বসান যাইতে পারে, তবে কেবল এক ফর্দ দিবার প্রয়োজন হইবে, সেই ফর্দ তাঁহারা একত্রে করিবেন, কিম্বা তাঁহারদের এক কি অধিক জন আপনার কি আপনারদের নিমিত্তে এবং অন্য যে লোকেরা সেই প্রকারে দায়ী হন তাঁহারদের নিমিত্তেও ঐ ফর্দ করিবেন। ও সেই কৈফিয়ৎ লিখিতে তাঁহারদিগকে যে প্রদেশের মধ্যে আজ্ঞা হয়, সেই প্রদেশের কর্ম্মকারি কমিস্যনরদিগকে তাঁহারা এত্তেলা দিয়া, নির্ণয় করিবে যে প্রদেশে কি স্থানে কি যে২ প্রদেশে কি স্থানে তাঁহারদের এই আইনমতে টাক্স লাগিতে পারে এই কথা, ও যাঁহার তরফে তাঁহারা ঐ ট্রস্টীপ্রভৃতির কর্ম্ম করেন তাঁহার নিমিত্তে উক্ত যে প্রদেশে কি স্থানে তাঁহারদের উপর টাক্স বসান যায় ইহাতে তাঁহারদের যে ইচ্ছা এই কথা জানাইতে পারিবেন। তাহাতে যদি সেই প্রদেশে কি স্থানে তাঁহারদের কোন এক জনের আপনার নিমিত্তে টাক্স বসান যাইতে পারে, তবে সেই প্রদেশে কি স্থানে তাঁহারদের উপর ঐ লোকের জন্যে মোটে টাক্স ধার্য্য হইবেক।

৩ প্রকরণ। যদি একি সম্পত্তিপ্রভৃতির বাবতে তাঁহারদের উপর কি তাঁহারদের কোন কাহারদের উপর একবারের অধিক টাক্স বসান যায়, তবে অন্যান্য স্থলে কমিস্যনরেরদের নিকটে যেরূপ দরখাস্ত করিবার অনুমতি এই আইনে হইয়াছে সেইরূপে দরখাস্ত করিলে, তাঁহারা ঐ দোহারা টাক্সহইতে মুক্ত হইতে পারিবে।

[আমানৎকরা সম্পত্তির রিসীবরের কি সরবরাহকারের টাক্স লাগিবার কথা।]

৬৯ ধারা। ভারতবর্ষের কোন আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হউক কি না হউক, এমত আদালতহইতে নিযুক্ত কোন রিসীবরের কি সরবরাহকারের উপর, কিম্বা এই আইনমতে যে সম্পত্তির উপর টাক্স বসান যাইতে পারে সেই সম্পত্তির স্বত্ব অনিশ্চিত হউক কি না হউক, কিম্বা আগন্তুক কোন ঘটনার অপেক্ষাতে প্রাপ্য হউক কি না হউক, ঐ সম্পত্তি যাঁহার তত্ত্বের কি কর্ত্তৃত্বের অধীনে থাকে, এমত কোন রিসীবরের কি সরবরাহকারের উপর ঐ টাক্স বসান যাইবে। অর্থাৎ ঐ সম্পত্তি স্বত্ববান লোকেরদের নিজ অধিকারে নিতান্ত থাকিলে, ও তাহাতে তাঁহারদের স্বত্ব নিশ্চিত হইলে ও আগন্তুক কোন ঘটনার অপেক্ষা না থাকিলে, ঐ লোকেরদের যে প্রকারে ও যত টাক্স ধার্য্য হইত সেই প্রকারে ঐ রিসীবরপ্রভৃতির তত টাক্স লাগিবে।

[কোর্ট ওয়ার্ডসের অধীনে যে সম্পত্তি থাকে তাহার নিমিত্তে ঐ কোর্টের টাক্স লাগি[illegible]

৭০ ধারা। কোর্ট উলিয়ম [illegible] রাজধানীতে ও মান্দ্রাজে ও বোম্বাইতে ও ব্রিটনীয়েরদে[illegible] অধিকৃত ভারতবর্ষের অন্য যে কোন স্থানে কোর্ট [illegible] স্থাপন হয়, সেই স্থানে এই আইনমতের কো[illegible] টাক্স যাহাতে লাগিতে পারে এমত সম্পত্তি ও লা[illegible] ও আয় ঐ কোর্টের কর্ত্তৃত্বের ও তত্ত্বের অধীনে [illegible]কিলে, ঐ কোর্ট সে যাবি-

of such Courts, whether the proprietors on whose behalf the said Court shall have such direction or control, be or continue disqualified or not, so long as the said Court shall have such direction or control, shall be chargeable to the said Duties in the like manner and to the like extent as the proprietors of such property, if not disqualified, and in actual possession thereof would be chargeable.

[Administrators General are to be charged for all property in their possession and control.]

LXXI. Every Administrator General of Bengal, Madras and Bombay respectively, shall be chargeable under this Act in respect of all property, profits, and income in possession or control, either under or by virtue of any letter of administration or *ad colligenda* or by virtue of any probate granted to him as executor of any will, or of any appointment as curator, or as official trustee.

[Receivers, Managers, Court of Wards and Administrators General are required to do all acts under this Act.]

LXXII. Every such receiver or manager, every such Court of Wards, and every such Administrator General respectively shall be answerable for doing all such matters and things, and for delivering all such lists, declarations and statements as shall be required to be done as declared by virtue of this Act, in order to the assessing of the Duties imposed by this Act in respect of the several properties, pr[illegible], and income under their charge respectively, [illegible] order to the payment of the same.

[Corporations, Companies, and Societies charged with Duties, and their Officers to do all acts required for assessment.]

LXXIII. 1. All Bodies Politic or Corporate, or Collegiate, and all Companies or Societies of persons, whether corporate or not corporate, and the property thereof, shall be chargeable with such and the like Duties, and be liable to such and the like remedies, as any person and his property will, under this Act, be chargeable with and liable unto.

2. When such Body, Company, or Society shall be registered under Act XIX. of 1857, or under any other Act of the Governor General of India in Council, the registered Officers of such Body, Company, or Society, and where it shall not be so registered, the Secretary or Principal Agent or Manager in India shall be answerable for doing all such acts and things [illegible] be required to be done by virtue of this Act, [illegible]rder to the assessing such Body Corporate, Co[illegible]y or Society to the Duties imposed by this [illegible], an[illegible] paying the same.

3. The Treasurer of s[illegible] Body Corporate, Company, or Society, whether the same be registered

[*Government Gazette, 8th May,* 1860.]

কেরদের তরফ হইয়া সেই কর্তৃত্ব কি তত্ত্ব করেন তাঁহারা অক্ষম হউন কি অক্ষম হইয়া থাকুন কি না থাকুন, ঐ কোর্টের যত কাল ঐ কর্তৃত্ব কি তত্ত্ব থাকে তত কাল ঐ সম্পত্তির নিমিত্তে ঐ কোর্টের টাক্স লাগিবে। অর্থাৎ ঐ সম্পত্তির মালিকেরা অক্ষম না হইলে ও সেই সম্পত্তির অধিকার নিতান্ত প্রাপ্ত হইলে, তাঁহারদের যে প্রকারে যত টাক্স দিতে হইত ঐ কোর্টের সেই প্রকারে তত টাক্স লাগিবে ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবেরদের দখলে ও কর্তৃত্বে যত সম্পত্তি থাকে তাহার নিমিত্তে তাঁহারদের টাক্স লাগিবার কথা।]

৭১ ধারা। বাঙ্গলা দেশের ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবেরা (লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন কিম্বা আড কালিজেণ্ডা দোনা অর্থাৎ) সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করিবার কিম্বা সম্পত্তি সংগ্রহ করিবার যে ক্ষমতাপত্র পান, কিম্বা কোন উইলের অছিস্বরূপে যে কোন প্রোবেট পান তৎক্রমে, কিম্বা সম্পত্তি রক্ষকের কি সম্পত্তির সরকারী ট্রষ্টীর পদে থাকাপ্রযুক্ত, তাঁহারদের অধিকারে কি কর্তৃত্বে যে সকল সম্পত্তি ও লাভ ও আয় থাকে, তাহার নিমিত্তে তাঁহারদের এই আইনমতে টাক্স লাগিতে পারিবেক ইতি।

[রিসীবরেরদের ও সরবরাহকারেরদের ও কোর্ট ওয়ার্ডসের ও আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবেরদের এই আইনমতের সকল কার্য্য করিতে হইবার কথা।]

৭২ ধারা। উক্ত প্রকারের রিসীবরের ও সরবরাহকারের ও ঐ২ কোর্ট ওয়ার্ডসের ও ঐ২ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের জিম্মায় যে সকল সম্পত্তি ও লাভ ও আয় থাকে, তাঁহার উপর এই আইনমতের টাক্স ধার্য্য করিবার ও সেই টাকা দিবার জন্যে এই আইনের শক্তিক্রমে যে সকল কার্য্য ও বিষয় করিবার ও যে সকল ফর্দ ও নিশ্চয়ার্থক কথা ও কৈফিয়ৎ দাখিল করিবার আজ্ঞা হয়, তাহার নিমিত্তে তাঁহারা দায়ী হইবেন ইতি।

[চার্টরপ্রাপ্ত সমাজের ও কোম্পানির ও সোসাইটির উপর টাক্স বসাইবার কথা ও সেই টাক্স ধার্য্য হইবার সকল কর্ম্ম ঐ২ সোসাইটিপ্রভৃতির কার্য্যকারকেরদের করিবার কথা।]

৭৩ ধারা।—১ প্রকরণ। দেশীয় কি বিদেশীয় কোন কার্য্যের নিমিত্তে চার্টরপ্রাপ্ত সকল সমাজ ও কালেজ সংস্থাপক সমাজ, ও চার্টরপ্রাপ্ত হইলে কি না হইলেও সকল কোম্পানি কি সোসাইটি অর্থাৎ সমাজভুক্ত সকল লোকের ও তাঁহারদের সম্পত্তির উপর টাক্স বসান যাইবে, অর্থাৎ এই আইনমতে কোন লোকের ও তাঁহার সম্পত্তির যেমতে টাক্স লাগে ও তাঁহার যেমতের উপায় থাকে, ঐ সমাজপ্রভৃতির সেইরূপে টাক্স লাগিবে ও তাঁহারদের সেইমতের উপায় থাকিবে।

২ প্রকরণ। সেই সমাজ কি কোম্পানি কি সোসাইটি যদি ১৮৫৭ সালের ১৯ আইনমতে, কিম্বা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অন্য কোন আইনমতে রেজিষ্টর করা যায়, তবে ঐ সমাজের কি কোম্পানির কি সোসাইটির যে টাক্স এই আইনমতে লাগিবে তাহা ধার্য্য ও আদায় করিবার জন্যে এই আইনমতে যে সকল বিষয় ও কার্য্য করিবার আজ্ঞা হয়, তাহা করিবার নিমিত্তে ঐ সমাজের কি কোম্পানির কি সোসাইটির রেজিষ্টরীহওয়া কার্য্যকারকেরা দায়ী হইবেন, কিম্বা যদি রেজিষ্টরী না হয় তবে ভারতবর্ষে যিনি সেক্রেটারী কি প্রধান কর্ম্মকারক কি কর্ম্মাধ্যক্ষ হন তিনি ঐ কর্ম্মের বিষয়ে দায়ী হইবেন।

৩ প্রকরণ। ঐ চার্টরপ্রাপ্ত সমাজ কি কোম্পানি কি সোসাইটি উক্তমতে রেজিষ্টরী হইলে কি না হইলেও

as aforesaid or not, shall be also answerable for the payment of the said Duties, when assessed as aforesaid.

[Officers of Corporation, Companies, and Societies are required to deliver correct statements.]

LXXIV. 1. Every Officer in the second Clause of the last preceding Section described, of any Corporation, Company, or Society, shall also, within the period required by this Act, prepare and deliver in the form and manner prescribed in this Act, a true and correct statement of the profits and gains to be charged on such Corporation, Company, or Society, computed according to the directions of this Act, together with such declaration of the manner of estimating the same as aforesaid.

2. Such estimate shall be made on the amount of the annual profits and gains of such Corporation, Company, or Society, before any dividend shall have been made thereof to any other persons, corporations or companies having any share, right or title in, or to such profits or gains, and all such other persons and Corporations or Companies shall allow out of such dividends a proportionate deduction in respect of the Duty so charged.

[Trustees, Agents, and Receivers, may retain Duties charged on them out of trust monies.]

LXXV. Where any person being trustee, guardian, tutor, curator, or committee, or being agent, factor, or receiver of or for any person, shall be assessed under this Act in respect of such person; or where any receiver appointed by any Court or any Court of Wards, or any Administrator General, shall be assessed under this Act in respect of the property, profits or incomes received by them in their character respectively: or where any Secretary, Agent, Manager or other Officer of any Corporation, Company, or Society shall be so assessed in respect of such Corporation, Company or Society as aforesaid, it shall be lawful for every such person, who shall be so assessed, by and out of the money which shall come to his hands as such trustee, agent, factor or receiver, guardian, tutor, committee, or curator as aforesaid: or as such receiver, Court of Wards, or Administrator General as aforesaid: or as such Secretary, Manager, Agent, or other Officer, to retain so much and such part thereof from time to time as shall be sufficient to pay such assessment; and each and every of the said persons enumerated in this Section, shall be fully indemnified against every person, Corporation, Company, or Society whatsoever, for all payments which he shall make in pursuance and by virtue of this Act.

[Married woman (subject to English law) having separate property chargeable]

LXXVI. 1. Any married woman subject to the law of England in regard to her coverture, acting as a sole trader in her own name, or having or being entitled to any property or profits to her sole

তাহার টাক্স পূর্ব্বোক্তমতে ধার্য্য হইলে ঐ টাক্সের টাকা, আদায়ের জন্যে ঐ সমাজপ্রভৃতির জেম্বর (অর্থাৎ খাজাঞ্চী) দায়ী হইবেন ইতি।

[সমাজের ও কোম্পানির ও সোসাইটির কার্য্যকারকদিগের যথার্থ কৈফিয়ৎ দাখিল করিতে হইবার কথা।]

৭৪ ধারা।—১ প্রকরণ। ইহার পূর্ব্বের ধারার দ্বিতীয় প্রকরণে চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির যে কার্য্যকারকেরদের কথা লেখা আছে, তাঁহারদের প্রত্যেক জন ঐ চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির যত প্রাপ্তি ও লাভ ধরিতে হইবেক তাহার হিসাব, এই আইনের বিধানমতে করিয়া, তাহার যথার্থ ও ঠিক কৈফিয়ৎ ও ঐ হিসাব যে প্রকারে করা গেল তাহার পূর্ব্বোক্তমতের নিশ্চয়ার্থক কথা এই আইনের নির্দ্দিষ্ট পাঠে ও নিয়মমতে প্রস্তুত করিয়া, এই আইনের নিরূপিত মিয়াদের মধ্যে দাখিল করিবেন।

২ প্রকরণ। ঐ চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির বৎসরে যত প্রাপ্তি ও লাভ হয়, তাহাতে অন্য যে লোকেরদের কি চার্টরপ্রাপ্ত যে সমাজের কি কোম্পানির কোন অংশ কি স্বত্ব কি অধিকার থাকে, তাঁহারদিগকে ঐ প্রাপ্তির কি লাভের কোন ডিবিডেণ্ড দিবার পূর্ব্বে ঐ প্রাপ্তি মবলগ ধরিয়া ঐ হিসাব করিতে হইবে। ও সেই অন্য সকল লোক ও চার্টরপ্রাপ্ত সমাজ কি কোম্পানি ঐ ধার্য্যকরা টাক্সের জন্যে ঐ ডিবিডেণ্ড হইতে হারাহারিমতে বাদ দিবার অনুমতি দিবেন ইতি।

[ট্রষ্টীরদের ও গোমাশ্তারদের ও রিসীবরেরদের যে টাক্স লাগে তাহা আমানৎকরা টাকাহইতে কাটিয়া লইতে পারিবার কথা।]

৭৫ ধারা। কোন লোক ট্রষ্টী কি অলি কি তরিবৎকারী কি সম্পত্তিরক্ষক কি কমিটি হইয়া, কিম্বা গোমাশ্তা কি কারকুন কি রিসীবর হইয়া যদি অন্য লোকের জন্যে তাঁহার এই আইনমতে টাক্স ধার্য্য হয়, কিম্বা কোন আদালত কি কোর্ট ওয়ার্ডসহইতে নিযুক্ত কোন রিসীবর কিম্বা কোন আড্মিনিষ্ট্রেটর জেনরল সেই২ কর্ম্মোপলক্ষে যে সম্পত্তি কি লাভ কি আয় প্রাপ্ত হন, তাহার নিমিত্তে যদি এই আইনমতে তাঁহারদের টাক্স ধার্য্য হয়, কিম্বা কোন চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির নিমিত্তে যদি ঐ চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির কোন সেক্রেটারীর কি কর্ম্মকারকের কি কর্ম্মাধ্যক্ষের কি অন্য কার্য্যকারকের সেইরূপে টাক্স ধার্য্য হয়, তবে যাঁহার উপর এ টাক্স ধার্য্য হয়, তাঁহার হাতে পূর্ব্বোক্ত ট্রষ্টীস্বরূপে কি গোমাশ্তা কি কারকুন কি রিসিবর কি অলি কি তরীবৎকারী কি কমিটি কি সম্পত্তিরক্ষকস্বরূপে কিম্বা পূর্ব্বোক্তমতে রিসীবর কি কোর্ট ওয়ার্ডস কি আড্মিনিষ্ট্রেটর জেনরলস্বরূপে, কিম্বা সেক্রেটারী কি কর্ম্মাধ্যক্ষ কি এজেণ্ট কি অন্য কার্য্যকারকস্বরূপে যে সকল টাকা আইসে, তাহাহইতে যত ও যে অংশ ঐ টাক্স দিবার উপযুক্ত হয় তত টাকা সময়ে২ কাটিয়া রাখিতে পারিবেন। ও এই ধারার লিখিত প্রত্যেক ব্যক্তি এই আইনানুসারে ও এই আইনের শক্তিক্রমে যে সকল টাকা দেন, তাহার নিমিত্তে অন্য কোন ব্যক্তিহইতে ও চার্টরপ্রাপ্ত সমাজ ও কোম্পানি ও সোসাইটিহইতে তাঁহারদের কোন দায় হইবে না ইতি।

[যাহার উপর টাক্স লাগি[illegible] ইঙ্গলণ্ডীয় আইনের অধীনা বিবাহিতা স্ত্রীর এমত[illegible] সম্পত্তি থাকিবার কথা।]

৭৬ ধারা।—১ প্রকরণ। [illegible]কোন বিবাহিতা স্ত্রী যদি স্বামির আশ্রয়াধীনে থাকা[illegible] বিষয়ে ইঙ্গলণ্ডের আইনের অধীনা হইয়া, আপনা[illegible] নামে একলা বাণিজ্য কর্ম্ম করেন, কিম্বা তাঁহার একলা কি স্বতন্ত্র ব্যবহারের নিমিত্তে

or separate use, shall be chargeable to such and the like Duties, and in like manner, except as hereinafter is mentioned, as if she were actually sole and unmarried.

2. Provided, always, that the profits of any married woman subject to the law of England as aforesaid, living with her husband, shall be deemed the profits of the husband, and the same shall be charged in the name of the husband, and not in her name or of her trustee.

3. Provided also that any married woman subject to the law of England as aforesaid, living in India separate from her husband, whether such husband shall be temporarily absent from her or from India, or otherwise, who shall receive any allowance or remittance from property out of India, shall be charged as a *feme sole* if entitled thereto in her own right, and as the agent of the husband if she receive the same from or through him, or from his property, or on his credit.

[Commissioners, Collectors, and Assessors to be charged with Duties as other persons.]

LXXVII. 1. The persons acting as Commissioners, Collectors, and Assessors in the execution of this Act shall be charged and assessed to all the Duties imposed by this Act if liable thereto, and shall deliver all such lists, declarations and statements, and shall do all such acts and things as shall be required to be delivered or done by this Act, and in order to the assessing of the said Duties in like manner as any other persons.

2. Provided, always, that any Commissioner, whose Statement or Schedule shall be under consideration, or shall be concerned or interested therein either for himself or for any other person in any character before described, shall have no voice, and shall not be present, except upon an appeal for the purpose of being examined *vivâ voce* by the Commissioners then having his assessment or Schedule under consideration, but shall withdraw during the consideration and determination thereof.

[To be continued.]

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 26th April, 1860.

Baboo Juggobundoo, to officiate as Moonsiff of [illegible] during the absence on leave of the incumbent.

LEAVES OF ABSENCE.

The 20th April, 1860.

Baboo Kurrutt[illegible] Mullick, Moonsiff of Pandooah, Zillah Hooghly, from the 7th to the 21st instant, under Medical Certificate.

যদি তাঁহার কোন সম্পত্তি কি প্রাপ্তি থাকে, কিম্বা সেই সম্পত্তিতে কি প্রাপ্তিতে অধিকার থাকে, তবে সেই স্ত্রী নিতান্ত একলা কি অবিবাহিতা হওয়ার মতে তাঁহার ঐ টাক্স লাগিতে পারিবে। কেবল ইহার পরে যে স্থল বর্জ্জিত হইয়াছে সেই স্থলে লাগিবে না।

২ প্রকরণ। কিন্তু পূর্ব্বোক্তমতে ইঙ্গলণ্ডীয় আইনের অধীনা বিবাহিতা যে স্ত্রী আপন স্বামির সঙ্গে থাকেন, তাঁহার সকল প্রাপ্তি আপনার স্বামির প্রাপ্তি জ্ঞান হইবেক, ও তাঁহার স্বামির নামে তাঁহার টাক্স বসান যাইবেক, তাঁহার নামে কি তাঁহার ট্রুষ্টীর নামে নয়।

৩ প্রকরণ। আরো, পূর্ব্বোক্তমতে ইঙ্গলণ্ডীয় আইনের অধীনা কোন বিবাহিতা স্ত্রী যদি ভারতবর্ষে স্বামিহইতে স্বতন্ত্র বাস করেন, ও তাঁহার স্বামী তাঁহাহইতে কি ভারতবর্ষহইতে কিঞ্চিৎ কালের নিমিত্তে কি প্রকারান্তরে প্রস্থান করিলে, যদি ঐ স্ত্রী ভারতবর্ষের বাহিরের কোন সম্পত্তিহইতে কিছু বৃত্তি কি টাকা পাইয়া থাকেন, তবে ঐ সম্পত্তিতে তাঁহার নিজ স্বত্বক্রমে অধিকার থাকিলে অবিবাহিতা স্ত্রীর মতে তাঁহার ঐ টাক্স ধার্য্য হইবে, কিন্তু যদি তাঁহার স্বামিহইতে কি তাঁহার দ্বারা কি স্বামির সম্পত্তিহইতে কি তাঁহার মাতবরীতে ঐ টাকা পান, তবে স্বামির গোমাশ্তাস্বরূপে তাঁহার ঐ টাক্স ধার্য্য হইবেক ইতি।

[কমিস্যনরেরদের ও কালেক্টরেরদের ও আসেসরেরদের অন্য লোকের মতে টাক্স লাগিবার কথা।]

৭৭ ধারা।—১ প্রকরণ। যাঁহারা এই আইনমতে কমিস্যনর ও কালেক্টর ও আসেসর হইয়া কর্ম্ম করেন, তাঁহারা যদি এই আইনমতের টাক্সের যোগ্য হন তবে তাঁহারদেরও ঐ টাক্স লাগিবে। ও অন্য কোন লোকের মত তাঁহারদের ঐ টাক্স ধার্য্য হইবার জন্যে এই আইনের নির্দ্দিষ্ট হুকুমমতে যে সকল ফর্দ্দ ও নিশ্চয়ার্থক কথা ও কৈফিয়ৎ দাখিল করিতে ও যে সকল বিষয় ও কর্ম্ম করিতে হয় সেই সকল করিবেন ও দাখিল করিবেন।

২ প্রকরণ। কিন্তু কোন কমিস্যনরের কৈফিয়ৎ কি তফসীল যে সময়ে বিবেচনা হইতেছে, কিম্বা পূর্ব্বোক্ত কোন পদে থাকিয়া আপনার পক্ষে কি অন্য কোন লোকের পক্ষে যদি কোন কৈফিয়তে কি তফসীলে তাঁহার সম্পর্ক থাকে, তবে তাঁহার টাক্সের ফর্দ্দ কি তফসীল যে সময়ে বিবেচনা হইতেছে, সেই সময়ে তিনি কোন কথা কহিতে পারিবেন না, হাজিরও থাকিবেন না। কেবল আপীল করিলে কমিস্যনরেরদের সম্মুখে মৌখিক জোবানবন্দী দিবার জন্যে হাজির হইবেন, কিন্তু তাহা বিবেচনা ও নির্দ্ধার্য্য করিবার কালে তিনি থাকিবেন না ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ২৬ আপ্রিল।

জোরাবরগঞ্জের মুনসেফ ছুটী লইয়া যত কাল কর্ম্মে না আইসেন তত কাল শ্রীযুত জগবন্ধু বাবু তাঁহার কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২০ আপ্রিল।

জিলা হুগলীর পেঁড়ুয়ার মুনসেফ শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক চিকিৎসকের সর্টিফিকেটক্রমে বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি ২১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

The remaining portion of the leave of absence granted to Baboo Gourchunder Mojoomdar, Moonsiff of Kaguzpookeriah, Zillah Nuddea, is hereby cancelled.

The 26th April, 1860.

Moulvie Nussirooddeen, Moonsiff of Zorawurgunge, Zillah Chittagong, for six weeks, in extension, under Medical Certificate.

H. B. Lawford, *Offg. Register*.

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদারকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ইহাতে রহিত হইয়াছে।

১৮৬০ সাল ২৬ আপ্রিল।

জিলা চাটিগাঁয়ের জোরাবরগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী নসিরউদ্দীন চিকিৎসকের সর্টিফিকটক্রমে অধিক ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

২০৫৭ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২০ আপ্রিল।

বেহারের এজেন্টীতে আফীনের একটিং সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত টি এফ পেপ সাহেব (Mr. T. F. Peppe,) ঐ এজেন্টীতে আফীনের সব-ডেপুটী এজেন্ট হইয়া বেত্তিয়াতে নিযুক্ত হইবেন।

বেহারের এজেন্টীতে আফীনের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত জে কসিরাট সাহেব (Mr. J. Cosserat,) ঐ এজেন্টীতে আফীনের সব-ডেপুটী এজেন্ট হইয়া মতিহারিতে নিযুক্ত হইবেন।

শ্রীযুত জি বার্নিস সাহেব (Mr. G. Barnes,) ছাপরাতে আফীনের সব-ডেপুটী এজেন্টের কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২১ আপ্রিল।

শ্রীযুত পাদরি জে রোফ সাহেব (Reverend J. Rofe,) ফোর্ট উলিয়ম কিল্লার জেনরল হাসপিটালের ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ২৩ আপ্রিল।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মাকেঞ্জি সাহেব (Mr. J. Mackenzie,) চাম্পারণে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি ১৭৯৩ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টান্টের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ৩০ আপ্রিল।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই জি মান সাহেব (Mr. E. G. Man,) পাবনাতে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি নীলের করার ভঙ্গ হইবার নালিশের সরাসরীমতে বিচার করিবার নিমিত্তে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডেবিস সাহেব (Mr. H. Davies,) পাবনাতে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি নীলের করার ভঙ্গ হইবার নালিশের সরাসরীমতে বিচার করিবার নিমিত্তে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ১ মে।

শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) পূরণিয়ার সিবিল ও সেশন জজ হইবেন। এক্ষণে তাঁহার ছুটী আছে।

ত্রিহুতের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত বি এচ শক সাহেব (Mr. V. H. Schalch,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

বালেশ্বরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট হইবেন।

ঢাকার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

নওয়াখালির একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

হুগলীর একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর বি কাকেরল সাহেব (Mr. R. V. Cockerell,) ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেব (Mr. J. S. Drummond,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। ও অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করিবেন।

ময়মনসিংহের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ এ বি গ্লোবর সাহেব (Mr. F. A. B. Glover,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত সি পি হবহোস সাহেব (Mr. C. P. Hobhouse,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত হুগলীর সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

বর্দ্ধমানের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত টি বি লেন সাহেব (Mr. T. B. Lane,) মুঙ্গেরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেব (Mr. H. T. Prinsep,) হাবড়ার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V. G. Tayler,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ এম রীড সাহেব (Mr. H. M. Reid,) রাজশাহী এলাকার রাজস্বের ও সায়েরসাএরের কমিস্যনর হইবেন।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ হইবেন।

মুরশিদাবাদের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এ পিগু সাহেব (Mr. A. Pigou,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson,) সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ জে লংমোর সাহেব (Mr. W. J. Longmore,) চাটিগাঁয়ের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। এক্ষণে তাঁহার ছুটী আছে।

শ্রীহট্টের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি জি বাল্‌ফোর সাহেব (Mr. G. [illegible] Balfour,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৮ মে।]

শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরুলিয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এচ বি সিমসন সাহেব (Mr. H. B. Simson,) দিনাজপুরের মাজিষ্ট্রেট হইবেন।

ত্রিপুরার একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত আর এচ রসেল সাহেব (Mr. R H. Russell,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

সারণের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এচ রোজ সাহেব (Mr. H. Rose,) বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ বালফোর সাহেব (Mr. H. Balfour,) দিনাজপুরের কালেক্টরের কর্ম্ম করিবেন।

ময়মনসিংহের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি পি লারকিন্স সাহেব (Mr. T. P. Larkins.) ঐ জিলার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

চাটিগাঁয়ের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব (Mr. J. D. Ward,) ঐ জিলার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বি টি টেলর সাহেব (Mr. V. T. Taylor,) দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এস লশিংটন সাহেব (Mr. S. Lushington) মেদিনীপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্টের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত সি এফ হার্বি সাহেব (Mr. C. F. Harvey,) ঢাকার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত জে পি গ্রান্ট সাহেব (Mr. J. P. Grant,) দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr. A. Grote,) বোর্ড রেবিনিউর মেম্বরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই এচ লশিংটন সাহেব (Mr. E. H. Lushington,) নদীয়া এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier,) বোর্ড রেবিনিউর দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ জে হর্শল সাহেব (Mr. W. J. Herschel,) চাম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এল আর টটনহাম সাহেব (Mr. L. R. Tottenham,) ফরীদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ডি জে মাকনীল সাহেব (Mr. D. J. McNeile,) দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮[illegible] সাল ২১ আপ্রিল।

দখলে থাকে তাহা কি তাহার প্রতিলিপি ঐ কালেক্টরকে দেখাইবার এত্তেলা যদি [illegible] সময় ঐ জমীর কি ঘরের জমীদারের কি মালিকের নিরত বাসস্থানে রাখেন, তবে তাহার পর দশ দিনের মধ্যে ঐ জমীদার কি মালিক ঐ কবুলিয়ৎপ্রভৃতি কি তাহার প্রতিলিপি ঐ কালেক্টরকে দেখাইবেন। যদি সেই প্রকারের কোন কবুলিয়ৎ কি বন্দোবস্ত কি প্রতিলিপি না থাকে, কিম্বা থাকিলেও যদি ঐ জমীদারের নিকটে কি তাঁহার এখ্তিয়ারে না থাকে, তবে এই প্রকরণের লিখিত পূর্ব্ব বিধানমতে যে বেওরা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার এক লিপি তিনি পূর্ব্বোক্ত মিয়াদের মধ্যে ঐ আসেসরের নিকটে দাখিল করিবেন। না করিলে তাঁহার ঐ বিধানমতের দণ্ড হইবেক।

৫ দফা। ঐ পাট্টা কি বন্দোবস্ত কি দলীল কি রসীদ কি খাজানার ফর্দ্দ কিম্বা বিষয়বিশেষে ঐ কবুলিয়ৎ কি প্রতিলিপি ঐ আসেসরকে দেখান গেলে, তাহা প্রকৃত প্রাট্টাপ্রভৃতি আছে ইহা যদি তাঁহার খাতিরজমামতে জানা যায়, তবে তাঁহাতে যত খাজানা ধরা আছে কি নির্দ্দিষ্ট হয় কি দিতে হয় তদনুসারে তিনি ঐ টাক্স ধার্য্য করিবেন। ও সেই প্রকারের কোন দলীল যদি দেখান না যায়, তবে যত খাজানা ধরা আছে ইহার যে লিপি পূর্ব্বোক্তরূপে তাঁহাকে দেওয়া যায় ঐ জমীর তত খাজানা প্রকৃতপ্রস্তাবে দেওয়া গিয়া থাকে, ও তাহার অধিক কিছু দেওয়া যায় না, এই কথা যদি আসেসর খাতিরজমামতে বোধ করেন, তবে পূর্ব্বোক্তমতের দেওয়া লিপিঅনুসারে যত খাজানা ধরা আছে কি দিতে হয় তাহার উপর ঐ টাক্স বসাইবেন।

৬ দফা। কিন্তু ঐ দলীল, কি তাহার মধ্যের কোন দলীল, কিম্বা তাঁহাকে যে লিপি দেওয়া যায় তাহা যদি আসেসর খাতিরজমামতে যথার্থ বোধ না করেন, কিম্বা তদ্রূপ কোন লিপি যদি তাঁহাকে না দেওয়া যায়, তবে তিনি পূর্ব্ব লিখিত বিধিঅনুসারে আপনার বুদ্ধিসাধ্যমতে ঐ টাক্স ধার্য্য করিবেন।

৭ দফা। পরন্তু ঐ রাইয়ৎ যে বাটীতে থাকে তাহা যদি আসেসরের বাটীহইতে পাঁচ মাইলের অধিক দূর হয়, তবে ঐ প্রদেশের মধ্যে রাজস্বের সিরিশ্তার যে সরকারী কার্য্যকারক অতি নিকট থাকেন, তাঁহার নিকটে ঐ রাইয়ৎ আপনার পাট্টা কি বন্দোবস্ত কি দলীল কি খাজানার লিপি গচ্ছিত করিতে পারিবে। ও ঐ কার্য্যকারক আদেশ পাইলে তাহা উক্ত আসেসরকে দেখাইবেন।

[যে জমীতে কি ঘরে বাসিন্দা নাই তাহার বিধি।]

১৭ প্রকরণ। ১ দফা। ঐ টাক্স সকল জমীর ও ঘরের উপর বসান যাইবে। টাক্স ধার্য্য করার সময়ে তাহা কাহারো দখলে থাকিলে কি না থাকিলেও বসান যাইবে। ঐ টাক্স যাহাতে লাগিতে পারে এমত কোন জমী যদি কাহারো ভোগদখলে না থাকে, ও ঐ টাক্স দিতে হইবার সময়ে যদি তাহাতে ক্রোক করিবার কোন বিষয় না থাকে, তবে ঐ জমী তৎকালে যে প্রদেশে থাকে সেই প্রদেশের কালেক্টর, তৎপরে ঐ জমীতে ক্রোক করিবার কোন বিষয় কোন সময়ে থাকিলে, সেই জমীতে প্রবেশ করিতে পারিবেন, অর্থাৎ ঐ টাক্স যে সময়ে দেনা হইল সেই সময়ে সেই জমী ঐ লোকের দখলে থাকিলে যে ক্ষমতামতে ক্রোক করিতে পারিতেন সেই ক্ষমতামতে করিতে পারিবেন।

২ দফা। কিন্তু যে বৎসরে কিম্বা বৎসরের যত দিন কোন ঘরের ভাড়া না হইয়া থাকে সেই বৎসরের কি তত দিনের জন্যে ঐ ঘরের উপর কোন টাক্স বসান যাইবে না ও আদায় হইবে না। কিন্তু সেই ঘরের যত দিন ভাড়া না হইয়া থাকে ইহার উপযুক্ত প্রমাণ হইলে, সেই বৎ-

such year, or portion of the year as aforesaid, shall, upon appeal, be discharged or diminished by the Commissioners, on due proof of the time during which such house remained unoccupied.

সরের মিধিতে, কিম্বা পূর্ব্বোক্তমতে বৎসরের তত দিনের জন্যে তাহার উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা আপীলমতে কমিস্যনরেরা ক্ষমা কি কম করিবেন।

[Power to Assessor to enter and survey lands and houses.]

18. In cases where the person chargeable under this Act in respect of any lands or houses, or the tenant or occupier, shall, upon due notice under this Act, omit to produce or deliver any account or note in writing, which he is by this Act required to produce or deliver according to such Rule in the Act as is applicable to such property, or shall have delivered an account with which the Collector or the Commissioners upon appeal, or upon any objection taken under this Act, shall be dissatisfied, the Assessor, having first obtained an order in that behalf, signed by the said Collecter or by the said Commissioners respectively and taking to his assistance such person or persons of skill as shall be named in such order, shall, after two days' notice to the occupier, have full power, at all reasonable times in the day-time, to view and examine any lands, houses, or other property chargeable, in order to make a survey thereof, and otherwise to ascertain the annual value at which the same ought to be charged by virtue of this Act, and for so doing shall have liberty to enter upon any lands or houses, and to value the same, and to measure and survey the same, if they cannot otherwise ascertain the annual value thereof.

[জমীতে ও ঘরে প্রবেশ করিয়া জরিপ করিতে আসেসরের ক্ষমতার কথা।]

১৮ প্রকরণ। কোন জমীর কি ঘরের জন্যে যে লোকের এই আইনমতে টাক্স লাগিতে পারে, তিনি, কিম্বা রাইয়ৎ কি দখীলকার, এই আইনমতে উপযুক্ত এত্তেলা পাইলে পর, ঐ সম্পত্তির উপর এই আইনের যে বিধি খাটে সেই বিধিমতে এই আইনানুসারে যে হিসাব কি লিপি দেখাইতে কি দাখিল করিতে আজ্ঞা হইয়াছে তাহা যদি না দেখান্ কি দাখিল না করেন, কিম্বা যে হিসাব দাখিল করেন তাহাতে যদি কালেক্টরের, কিম্বা আপীলমতে, কিম্বা এই আইনানুসারে আপত্তি হওয়াতে যদি কমিস্যনরেরদের খাতিরজমা না হয়, তবে আসেসর, ঐ কালেক্টরের কিম্বা ঐ কমিস্যনরেরদের দস্তখৎকরা হুকুম পাইয়া, ও ঐ হুকুমে যে নিপুণ লোকের কি লোকেরদের নাম লেখা থাকে তাঁহাকে কি তাঁহারদিগকে সঙ্গে লইয়া, ও দুই দিন থাকিতে দখীলকারকে সম্বাদ দিয়া, কোন জমী কি ঘর, কি টাক্স যাহাতে লাগিতে পারে এমত অন্য সম্পত্তি দৃষ্টি করিবার জন্যে, ও এই আইনমতে তাহার বার্ষিক যত প্রাপ্তি ধরিয়া টাক্স বসাইতে হয় ইহা নিরূপণ করিবার জন্যে, দিনমানে উপযুক্ত কোন সময়ে ঐ ঘর কি জমী কি অন্য সম্পত্তি দেখিয়া তদারক করিতে সম্পূর্ণ ক্ষমতা পাইবেন, ও তাহা করিবার জন্যে কোন জমীতে কি ঘরে তাঁহারদের প্রবেশ করিবার, ও তাহাতে যত প্রাপ্তি হইতে পারে তাহা নিরূপণ করিবার অনুমতি হইবে, ও ঐ জমীপ্রভৃতির বার্ষিক প্রাপ্তি যদি অন্য প্রকারে নির্ণয় করিতে না পারেন, তবে তাহা মাপ ও জরিপ করিতে পারিবেন।

[Power to appoint a Valuer.]

19. (1.) *If*, upon appeal, any dispute shall arise touching the annual value of any lands or houses, and the Commissioners shall deem it necessary, or the appellants shall desire, that a valuation thereof should be taken and made by any person of skill, it shall be lawful for the said Commissioners to direct that a valuation be made by any person to be named by the said Commissioners, the costs and charges whereof shall abide the final determination of the said Commissioners, and to require the just valuation to be verified on the oath or solemn affirmation of the person making the same; but in case the appellant, after having desired such valuation, shall not within such time as the said Commissioners shall consider reasonable, cause such valuation to be made as aforesaid, the said Commissioners shall make an assessment according to the best of their judgment without such valuation.

[যাচনদারকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।]

১৯ প্রকরণ। ১ দফা। আপীল হইলে যদি কোন জমীর কি ঘরের বার্ষিক প্রাপ্তির বিষয়ে কোন বিবাদ হয়, ও নিপুণ কোন লোকের দ্বারা ঐ জমীপ্রভৃতির প্রাপ্তি নিরূপণ করিয়া লওয়া যায় ইহা যদি কমিস্যনরেরা আবশ্যক বোধ করেন, কিম্বা আপেলাণ্ট যদি তাহা চাহেন, তবে উক্ত কমিস্যনরেরা যাঁহাকে মনোনীত করেন এমত কোন লোকের দ্বারা তাহার নিরূপণ হয় ঐ কমিস্যনরেরা এমত হুকুম করিতে পারিবেন, ও সেই যাচনদার তাহার যথার্থ যে প্রাপ্তি নিরূপণ করেন তাহা শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া সাবুদ করেন এমত আজ্ঞা করিতে পারিবেন। ও সেই নিরূপণ করিবার খরচখরচা ঐ কমিস্যনরেরদের চূড়ান্ত নিষ্পত্তিমতে দেওয়া যাইবে। কিন্তু ঐ আপেলাণ্ট উক্ত প্রকারে নিরূপণ করিবার ইচ্ছা প্রকাশ করিলে পর, যদি উক্ত কমিস্যনরেরদের বিবেচনামতে উপযুক্ত সময়ের মধ্যে পূর্ব্বোক্তমতের নিরূপণ না করান, তবে ঐ কমিস্যনরেরা ঐ নিরূপণ করণব্যতিরেকে আপনারদের বুদ্ধিসাধ্যমতে টাক্স নির্দ্ধার্য্য করিবেন।

(2.) Provided, always, that it shall be competent to the said Commissioners in every such case where the valuation so made shall exceed the value put upon the same lands or houses by the appellant, to direct the costs and charges attending the same to be paid by him; but if they shall be of opinion that such costs and charges have not been incurred through any default of the said appellant, they shall direct the same to be paid by the Collector of the District, who, on the certificate of the Commissioners, present at the time of the deter-

২ দফা। কিন্তু এমত প্রত্যেক স্থলে আপেলাণ্ট ঐ জমীর কি ঘরের যত প্রাপ্তি ধরিয়াছেন, যদি তদ্রূপে নিরূপণ করিয়া তাহার অধিক প্রাপ্তি ধরা যায়, তবে নিরূপণ করিবার খরচখরচা ঐ আপেলাণ্টের দিতে হইবেক, উক্ত কমিস্যনরেরা এমত হুকুম করিতে পারিবেন। পরন্তু ঐ খরচখরচা ঐ আপেলাণ্টের কোন ত্রুটির দ্বারা হয় নাই, তাঁহারা যদি এমত বোধ করেন, তবে ঐ খরচ দিতে ঐ প্রদেশের কালেক্টরকে আজ্ঞা করিবেন, ও সেই নিষ্পত্তি করিবার সময়ে যে কমিস্যনরেরা উপস্থিত ছিলেন তাঁহারদের সর্টিফিকট পাইলে কালেক্টর তাহা দিবেন, ও তদ্রূপে যে টাকা

mination, shall pay the same, and the sum so paid shall be allowed to such Collector in his accounts

দেওয়া যায় তাহা ঐ কালেক্টর আপন [illegible] খরচ লিখিতে পারিবেন।

[Deduction where rents reduced in consequence of flood, drought, or tempest.]

[বন্যা কি অনাবৃষ্টি কি ঝড় প্রযুক্ত খাজানা কম করা গেলে টাক্স কম করিবার কথা।]

20. (1.) Whenever by any flood, drought, or tempest, loss shall be sustained on the growing crops, or on the stock on lands let to tenants, or the said lands, or any part thereof, shall, by such flood, drought, or tempest, be rendered incapable of cultivation for any year, and it shall be proved on oath, to the satisfaction of the Collector, or, upon appeal, to the satisfaction of the Commissioners for general purposes, that the owner of the said lands, or the person in receipt of the rents thereof, hath, in consideration of such loss, abated or agreed to abate to his tenant the whole or any proportion of the rent reserved or payable by such tenant for any year of such demise, it shall be lawful for the said Collector, or for the said Commissioners, to abate in the assessment made in respect of the said lands for the same year for which such rent hath been abated, and to discharge therefrom the whole or the like proportion of Duty as the said owner shall appear, on such proof as aforesaid, to have abated of or from the rent reserved and made payable to him on such demise.

২০ প্রকরণ। ১ দফা। রাইয়ৎকে যে জমি খাজানা করিয়া দেওয়া গেল তাহাতে যে ফসল হইতেছে কি তাহাতে যে মাল থাকে, বন্যার কি অনাবৃষ্টির কি ঝড়ের দ্বারা যদি তাহার নোকসান হয়, কিম্বা সেই বন্যা কি অনাবৃষ্টি কি ঝড়প্রযুক্ত ঐ জমীর চাষ যদি কোন বৎসরে হইতে না পারে, ও ঐ জমীর মালিক কিম্বা যে জন তাহার খাজানা আদায় করেন, তিনি ঐ নোকসানহওয়ার বিবেচনায়, রাইয়তের ঐ বৎসরের ভোগদখলের জন্যে যত জমা ধরা ছিল কি দিতে হইত তাহার সমুদয় কি তাহার কোন অংশ ক্ষমা করিয়াছেন কি করিতে স্বীকার করিয়াছেন এই কথার প্রমাণ যদি শপথপূর্ব্বক কালেক্টরের খাতিরজমামতে করা যায়, কিম্বা আপীল হইলে সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের খাতিরজমামতে করা যায়, তবে যে বৎসরের নিমিত্তে ঐ খাজানা ক্ষমা হইয়াছে, সেই বৎসরের নিমিত্তে যে টাক্স ধার্য্য হইয়াছে তাহাও উক্ত কালেক্টর কিম্বা উক্ত কমিস্যনরেরা ক্ষমা করিতে পারিবেন, ও সেই মালিকের প্রাপ্য যত খাজানা ধরা হইয়াছিল ও তাঁহার পাওনা হইত, তাহাহইতে তিনি ঐ নোকসানপ্রযুক্ত পূর্ব্বোক্ত প্রমাণমতে যত ত্যাগ করিয়াছেন দৃষ্ট হয়, তদনুসারে ঐ কালেক্টর কি ঐ কমিস্যনরেরা ঐ জমীর সমুদয় টাক্স ছাড়িয়া দিবেন কিম্বা তাহার হারহারিমতে ক্ষমা করিতে পারিবেন।

(2.) It shall also be lawful for the said Collectors, or for the said Commissioners, in every such case, to abate in the assessment made in respect of the occupation of the said land for the same year, and to discharge therefrom the like proportion of Duty as shall have been abated or discharged from the assessment made in respect of the property on the said lands for the cause aforesaid.

২ দফা। আরো তদ্রূপ স্থলে সেই জমী দখল করিবার জন্যে সেই বৎসরের যত টাক্স ধার্য্য হইয়াছে, তাহাও ঐ কালেক্টরেরা কি ঐ কমিস্যনরেরা কম করিতে পারিবেন, ও ঐ জমীর উপর যে ফসলাদি সম্পত্তি ছিল তাহার যত টাক্স পূর্ব্বোক্ত কারণে কম করা গিয়াছে কি ক্ষমা হইয়াছে, তাহার হারহারিমতে ঐ জমী দখল করিবার টাক্সও ক্ষমা করিতে পারিবেন।

[A similar provision as to lands in occupation of owner.]

[মালিকের দখলে যে জমী থাকে তাহার বিষয়ে তদ্রূপ বিধি।]

21. Whenever, from any of the causes aforesaid, the like loss shall be sustained on lands in the occupation of the owner, and the same shall be proved to the satisfaction of the Collector, or, in case of appeal, before the said Commissioners, it shall be lawful for him or them to abate in the several assessments made in respect of the said lands, and to discharge the whole or any part of the said respective Duties, and in proportion to the loss so sustained, and to the amount which he or they shall be of opinion would, or ought to have been abated as aforesaid, if the said lands had been demised to a tenant, and a proportionate abatement had been made to such tenant under the circumstances of the said loss.

২১ প্রকরণ। মালিকের নিজ দখলে যে জমী থাকে তাহাতে যদি পূর্ব্বোক্ত কোন কারণে সেইপ্রকারের নোকসান হয়, ও তাহার প্রমাণ যদি কালেক্টরের খাতিরজমামতে কিম্বা আপীল হইলে উক্ত কমিস্যনরেরদের খাতিরজমামতে করা যায়, তবে ঐ জমীর যে ২ টাক্স ধরা গিয়াছে তাহা তিনি কি তাঁহারা কম করিতে পারিবেন, ও ঐ২ টাক্সের সমুদয় কি কোন অংশ ত্যাগ করিতে পারিবেন। অর্থাৎ ঐ জমী যদি রাইয়ৎকে পাট্টা করিয়া দেওয়া যাইত ও ঐ প্রকারের নোকসান হওয়াতে সেই রাইয়তের যত খাজানা তাঁহার বিবেচনামতে কম করা উচিত হইত, ঐ মালিকের সেই ক্ষতির হিসাবে তাঁহার তত খাজানা কম করিতে পারিবেন।

[Deductions from rents for loss caused by insolvency or absconding of tenants.]

[রাইয়ৎ খাজানা দিতে না পারিলে কি পলাইলে যে ক্ষতি হয় তাহার জন্যে খাজানা কম করিবার কথা।]

22. Whenever any loss of rents shall be sustained by the owner or landlord of any lands occasioned by the insolvency or absconding of the tenant or occupier by whom such rent was payable, or by the fraudulent assignment or removal of his goods, or by reason of such lands being left unoccupied or waste, and the same shall be established to the

২২ প্রকরণ। যে রাইয়তের কি দখীলকারের স্থানে খাজানা পাওনা হয়, সে যদি দীনতাপ্রযুক্ত খাজানা দিতে না পারে, কিম্বা যদি পলায়, কিম্বা তাহার মাল চাতুরীক্রমে অন্যের হাতে দেওয়া যায় কি স্থানান্তর করা যায়, কিম্বা জমীতে যদি রাইয়ৎ না থাকে কি ঐ জমী পতিত থাকে ও তাহাতে যদি জমীদারের কি ভূম্যধিকারির খাজানার হানি হয়, ও সেই কথা যদি ঐ কালেক-

satisfaction of the said Collector, or upon appeal to the satisfaction of the said Commissioners for general purposes, it shall be lawful for the said Collector or for the said Commissioners to abate in the assessment made in respect of the said lands, and to discharge the whole or any part of the said Duties in proportion to the loss so sustained.

PART VII.

Rules under Schedule II.

LXXIX. The Duties hereby imposed contained in the Schedule marked II. shall be assessed and charged under the following Rules:—

SCHEDULE II.

The said Rules shall extend and apply to every description of property or profits which shall not be contained in either of the said Schedules I or III., and to every description of employment of profit not contained in Schedule IV., and not specially exempted from the said respective Duties, and shall be charged annually on, and paid by the person, receiving or entitled unto the same, and his representatives.

First Case.—Duties to be charged in respect of any Trade.

[Computation of Duties to be for the preceding year.]

1. (1.) The Duties to be charged in respect thereof shall be computed at a sum not less than the full amount of the balance of the profits of such trade during the preceding year, that is to say, during one year, ending on the day of the year immediately preceding the year of assessment on which the accounts of the said trade, manufacture, adventure, or concern shall have been usually made up, or on the 30th day of April preceding the year of assessment, and shall be assessed, charged, and paid without other deduction than is hereinafter allowed.

[Rules when the Trade has been commenced within the preceding year.]

(2.) Provided, always, that in cases where the trade, manufacture, adventure, or concern shall have been set up and commenced within the said period of one year, or within the year of assessment, the computation shall be made according to an average of the balance of the profits for such period as the Commissioners shall, under the circumstances, deem reasonable and direct.

[Duties under Schedule II. to extend to all trades and manufactures, whether connected with the occupation of land or not.]

2 (1.) The said Duties shall extend to every Person, Body, Politic or Corporate, Company, or Society in respect of any trade, manufacture, business, adventure, concern, or carried on by them respectively in India or elsewhere as aforesaid.

(2.) The said Duties under Schedule II. shall extend to every such trade, business, occupation, adventure, or concern, whether the same be connect-

টক্সের খাতিরজমামতে সাবুদ হয়, কিম্বা আপীল হইয়া সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের খাতিরজমামতে সাবুদ হয়, তবে ঐ কালেক্টর কিম্বা ঐ কমিস্যনরেরা ঐ জমীর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা কম করিতে পারিবেন, ও যত ক্ষতি হইয়াছে তাহার হারাহারিমতে ঐ টাক্সের সমুদয় কি কোন অংশ ক্ষমা করিতে পারিবেন।

সপ্তম খণ্ড।

২ নম্বরের তফসীলমতের বিধি।

৭৯ ধারা। ২ নম্বরের তফসীলমতে যে টাক্স এই আইনক্রমে বসান যাইবে, তাহা ধার্য্য করিবার ও বসাইবার এইং বিধি।

২ নম্বরের তফসীল।

যত প্রকারের সম্পত্তি কি প্রাপ্তি উক্ত ১ নম্বরের কি ৩ নম্বরের তফসীলে ধরা যায় নাই, ও কর্ম্মের যত প্রকারের কর্ম্ম ৪ নম্বরের তফসীলে ধরা যায় নাই, ও যেং প্রকারের সম্পত্তি কি প্রাপ্তি উক্ত টাক্সহইতে বিশেষমতে মুক্ত করা যায় নাই, তাহার উপর এই সকল বিধি খাটিবে ও চলিবে। ও যে জন ঐ প্রাপ্তি পান কি পাইবার স্বত্ববান হন তাঁহার উপর কি তাঁহার স্থলাভিষিক্তের উপর বৎসরেং বসান যাইবেক ও তাঁহার স্থানে আদায় হইবেক।

প্রথম ভাগ।

কোন বাণিজ্যব্যবসায়ের জন্যে যে টাক্স লাগে তাহার বিধি।

[পূর্ব্ব বৎসরের নিয়মে ঐ টাক্সের হিসাব করিবার কথা।]

১ প্রকরণ। ১ দফা। ঐ বাণিজ্য দ্বারা পূর্ব্ব বৎসরে যত প্রাপ্তি হয় তাহা কিছু কম না করিয়া সমুদয় ধরিয়া ঐ টাক্স ধার্য্য হইবেক, অর্থাৎ যে বৎসরের টাক্স ধার্য্য হইবেক তাহার পূর্ব্ব বৎসরের যে শেষ দিনে ঐ বাণিজ্যকার্য্যের কি শিল্প কর্ম্মের কি পরীক্ষার্থ ব্যবসায়ের কি কারবারের হিসাবসকল নিষ্পত্তি করা গিয়া থাকে সেই শেষ দিনপর্য্যন্ত, কিম্বা টাক্স ধার্য্য করিবার বৎসরের পূর্ব্ব সালের ৩০ আপ্রিল তারিখপর্য্যন্ত এক বৎসরে যত প্রাপ্তি হয় তাহা ধরিতে হইবেক। ও তাহার উপর টাক্স ধার্য্য হইয়া বসান যাইবেক ও এই আইনেতে যত কম করিবার অনুমতি হইতেছে তদ্ভিন্ন কম না করিয়া আদায় হইবেক।

[পূর্ব্ব বৎসরের মধ্যে যদি ঐ বাণিজ্যব্যবসায়ের আরম্ভ হইয়া থাকে তবে তাহার কথা।]

২ দফা। কিন্তু যদি ঐ বাণিজ্যকার্য্য কি শিল্প কর্ম্ম কি পরীক্ষার্থ ব্যবসায় কি কারবার উক্ত এক বৎসরের মধ্যে কি টাক্স ধার্য্য করিবার বৎসরের মধ্যে স্থাপন হয় ও আরম্ভ করা যায়, তবে কমিস্যনরেরদের বিবেচনামতে বিষয় বুঝিয়া যত কাল উপযুক্ত বোধ হয় তত কালের প্রাপ্তির গড় ধরিয়া ও যত আজ্ঞা করেন তদনুসারে ঐ টাক্স ধার্য্য হইবেক।

[কোন বাণিজ্যব্যবসায়ের ও শিল্প কর্ম্মাদির সম্পর্কে জমী দখল হউক কি না হউক, ২ নম্বরের তফসীলমতের টাক্স খাটিবার কথা।]

২ প্রকরণ। ১ দফা। কোন লোক কি চার্টরপ্রাপ্ত কোন সমাজ কি কোন কোম্পানি কি সোসাইটী ভারতবর্ষে কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য স্থানে যে কোন বাণিজ্য কার্য্য কি শিল্পকর্ম্ম কি ব্যবসায় কি পরীক্ষার্থ ব্যবসায় কি কারবার চালান তাহার উপর ঐ টাক্স খাটিবে।

২ দফা। ঐ বাণিজ্যকার্য্য কি কর্ম্ম কি ব্যবসায় কি পরীক্ষার্থ ব্যবসায় কি কারবার সম্পর্কে জমীর ভোগদখল ও ব্যবহার হউক কি না হউক তাহার উপর ২ নম্বরের তফ-

ed with the occupation and use of land or not, including among others the following persons: Railway Companies, Canal Companies, Irrigation Companies, Docking Companies, Coal Companies, Gas Companies, Mining Companies, Tea Companies, Indigo Planters, Coffee Planters, Sugar Planters, Tea Planters, Silk Manufacturers, Holders of Silk filatures, and all Companies and persons holding or using lands for the purpose of manufacturing the produce thereof, and selling such produce when manufactured, or for any purpose of the nature of trade or manufacture, whether such Companies or persons are subject to the Bankrupt Laws as traders or not

নীলমতের ঐ টাক্স লাগিবে। ঐ ক্লে প্রভৃতির মধ্যে ইহারাও গণ্য হন, অর্থাৎ রেলওয়ে কোম্পানি, ও খালের কোম্পানি, ও জল সেচিবার কোম্পানি, ও ডাঁদর কোম্পানি, ও কয়লার কোম্পানি, ও গ্যাস কোম্পানি, ও খানি খুঁড়িবার কোম্পানি, ও চা কোম্পানি, ও নীলকরেরা, ও কাওয়া কৃষকেরা, ও চিনির কুঠিওয়ালারা. ও চা কৃষকেরা. ও রেশমের কুঠিওয়ালারা, ও রেশমের সুতার কর্ম্মকারিরা. ও জমীর উৎপন্ন কোন দ্রব্য শিল্প যন্ত্রে প্রস্তুত করিবার জন্যে. ও প্রস্তুত করা সেই দ্রব্য বেচিবার জন্যে, কিম্বা বাণিজ্যের কি শিল্প কর্ম্মের মতের কোন কর্ম্ম করিবার জন্যে যাঁহারা জমী দখল করেন কি ব্যবহার করেন. সেই২ কোম্পানি কি লোক বাণিজ্যকারী বলিয়া তাঁহারদের উপর দেউলিয়ার আইন খাটুক কি না খাটুক তাঁহারাও গণ্য হইবেন।

(3.) The foregoing enumeration shall not be construed to exclude from the provisions as to Schedule II. any person not expressly specified therein, who would, but for such enumeration, have been deemed to be included therein under the general words of this Rule.

৩ দফা। উক্ত ব্যবসায়িরদের যে সকল ব্যক্তি পূর্ব্ব দফাতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা নির্দ্দিষ্ট না থাকিলে যে সকল লোক এই বিধির সাধারণ কথার মধ্যে গণ্য হইতেন এমত কোন লোকের কর্ম্ম ঐ দফার খাতির মধ্যে নির্দ্দিষ্ট হয় নাই বলিয়া, তাঁহারা ২ নম্বরের তফসীলের বিধানহইতে মুক্ত হন, এমত অর্থ জানিতে হইবেক না।

[No deduction to be allowed in computation, except those specified]

[বাদ দিবার যে২ খরচ নির্দ্দিষ্ট হয় তাহাছাড়া অন্য কিছু বাদ দেওয়ার অনুমতি না থাকার কথা।]

3. In estimating the balance of profits chargeable under Schedule II., or for the purpose of assessing the Duty thereon, no sum shall be set against, or deducted from, or allowed to be set against or deducted from such profits or gains on account of any sum expended for repairs of premises occupied for the purpose of such trade, manufacture, or concern, nor for any sum expended for the supply, or repairs, or alterations of any implements, utensils, or articles employed for the purpose of such trade, manufacture, or concern, beyond the sum usually expended for such purposes according to an average of three years preceding the year in which such assessment shall be made: nor on account of loss not connected with, or arising out of such trade, manufacture, or concern, nor on account of any capital withdrawn therefrom, nor for any sum employed or intended to be employed as capital in such trade, manufacture, adventure, or concern, nor for any capital employed in improvement of premises occupied for the purposes of such trade, manufacture, or concern; nor on account of any interest which might have been made on such sums if laid out at interest; nor for any debts, except bad debts proved to be such to the satisfaction of the Commissioners respectively, or except doubtful debts as hereinafter mentioned; nor for any average loss, beyond the actual amount of loss after adjustment nor for any sum recoverable under an insurance or contract of indemnity.

[*Government Gazette*, 15th *May*. 1860.]

৩ প্রকরণ। ২ নম্বরের তফসীলমতে যে২ প্রাপ্তির উপর টাক্স বসান যাইতে পারে কিম্বা তাহার উপর টাক্স ধার্য্য করিবার নিমিত্তে তাহার হিসাব করিবার সময়ে, ঐ টাক্স যে বৎসরে ধার্য্য হয় তাহার পূর্ব্বের তিন বৎসরের মধ্যে ঐ বাণিজ্য কি শিল্পকর্ম্ম কি কারবার করিবার বাড়ী ঘরপ্রভৃতি মেরামৎ করিতে যত খরচ হইয়াছে, ও সেই বাণিজ্যের কি শিল্পকর্ম্মের কি কারবারের কার্য্যেতে যে কোন যন্ত্র কি হাতিয়ার কি দ্রব্যের ব্যবহার হয় তাহা আমাইতে কি সারিয়া দিতে কি পরিবর্ত্তন করিতে যত খরচ হইয়াছে, তাহার গড় ধরিয়া যত হয় বাদ দেওয়া যাইতে পারিবে, কিন্তু তাহার অধিক কিছুই ঐ কার্য্যের নিমিত্তে ঐ প্রাপ্তি কি লাভহইতে বাদ দেওয়া যাইবে না কি বাদ দিবার অনুমতি হইবে না। আরো ক্ষতি হইলে ঐ বাণিজ্য কি শিল্প কর্ম্মের কি কারবারের সঙ্গে যাহার সম্পর্ক নাই কি তাহাহইতে যাহা হয় নাই এমত কোন ক্ষতির জন্যে, কিম্বা ঐ বাণিজ্য কার্য্যে কি শিল্পকর্ম্মে কি কারবারে যাহা খরচ হইত এমত কোন পুঁজির টাকা উঠাইয়া লওয়া গিয়াছে এই কারণে, কিম্বা ঐ বাণিজ্যকার্য্যে কি শিল্পকর্ম্মেতে কি পরীক্ষার্থ ব্যবসায়েতে কি কারবারে কিছু টাকা খরচ হইয়াছে কি খরচহওয়ার কল্পনা আছে এই কারণে কিম্বা ঐ বাণিজ্য কার্য্য কি শিল্প কর্ম্ম কি কারবার যে বাড়ীর মধ্যে চালান যায় তাহা আরো উত্তম করিবার জন্যে কিছু পুঁজির টাকা খরচ হইয়াছে এই কারণে, কিম্বা সেই টাকা গচ্ছিত করিয়া সুদ লওয়া গেলে তাহার উপর যে সুদ পাওনা যাইতে পারিত তাহার কারণে, কিম্বা কোন টাকা কর্জ দেওয়া গেল এই কারণে, ঐ প্রাপ্তিহইতে কিছু বাদ দিতে হইবেক না, কেবল পাওনা কোন টাকা ফিরিয়া পাওয়া যাইতে পারে না ইহার প্রমাণ কমিসানরেরদের খাতিরজমামতে করা গেলে. তাহা কিম্বা পাওনা কোন টাকা ফিরিয়া পাইবার সন্দেহ হইলে তাহা বাদ দেওয়া যাইতে পারিবেক। তাহার কথা পরে লেখা যাইতেছে। ও হিসাব নিকাশ করিলে যত টাকার ক্ষতি নিশ্চয় হইয়াছে তাহাভিন্ন গড় কে ক্ষতি হয় তাহার নিমিত্তে কিম্বা বিমাপত্রক্রমে কি ক্ষতি না হইবার চুক্তিপত্রক্রমে যত টাকা আদায় হইতে পারে তাহার নিমিত্তে ঐ প্রাপ্তিহইতে কিছু বাদ দিতে হইবেক না ইতি।

[Doubtful debts may be deducted.]

4. In estimating the amount of profits as aforesaid, it shall be lawful to estimate the value of all doubtful debts due or owing to such persons, and in the case of the insolvency or bankruptcy of the debtor, the amount of the dividend which may reasonably be expected to be received upon such debt, shall be deemed to be the value thereof, and the Duty chargeable shall be assessed and charged upon the estimated value of such doubtful debts accordingly.

[পাওনা যে টাকা ফিরিয়া পাইবার সংশয় হয় তাহা বাদ দিবার কথা।]

৪ প্রকরণ। পূর্ব্বোক্তমতের প্রাপ্তির হিসাব করিবার সময়ে ঐ লোকেরদের পাওনা যে সকল টাকা আদায় করিবার সংশয় হয় তাহাও হিসাবে ধরিতে হইবেক। ও খাতক বোত্রহীন কি দেউলিয়া হইলে ঐ পাওনা টাকার যত ডিবিডেণ্ড পাইবার সম্ভাবনা হয় তত ঐ পাওনা বলিয়া জ্ঞান হইবেক, ও যে টাক্স আদায় হইতে পারে তাহা ঐ সংশয়ের পাওনা যত টাকা উক্ত প্রকারে ধরা গেল তাহার উপর ধার্য্য হইবে ও বসান যাইবে ইতি।

[No deduction on account of annuities payable out of profits.]

5. In estimating the amount of the profits arising as aforesaid, no deduction shall be made on account of any annual interest, or any annuity or other annual payment payable out of such profits.

[প্রাপ্তিহইতে যে বার্ষিক বৃত্তি দিতে হয় তাহার জন্যে কিছু বাদ না দিবার কথা।]

৫ প্রকরণ। পূর্ব্বোক্তমতে যে প্রাপ্তি হয় তাহার হিসাব করিবার সময়ে. ঐ প্রাপ্তিহইতে বৎসরে২ যে কিছু সুদ দিতে হয় কিম্বা বৎসরে২ যে কিছু বৃত্তি কি অন্য টাকা দিতে হয় তাহার নিমিত্তে কিছু বাদ দিতে হইবেক না ইতি।

দ্বিতীয় ভাগ।

Second Case.—The Duty to be charged in respect of professions or employments not contained in any other Schedule of the Act.

যে বিদ্যাব্যবসায়ের কি কর্ম্মের কথা এই আইনের অন্য কোন তফসীলে লেখা নাই তাহার জন্যে যে মাসুল ধার্য্য হইবেক তাহার কথা।

[Duties chargeable on all employments by retainer, whether annual or not.]

6. The said Duties on employments shall be construed to extend to every employment by retainer in any character whatever, whether such retainer shall be annual or for a longer or shorter period; and to all profits and earnings, of whatever value, subject only to such exemptions as are hereinafter mentioned.

[বেতন পাইবার করারে যে কর্ম্ম করা যায় সেই বেতন বৎসরে২ কি অন্য প্রকারে পাইবার করার হউক, ঐ কর্ম্মের উপর টাক্স লাগিবার কথা।]

৬ প্রকরণ। কর্ম্মের উপর ঐ টাক্সের এই অর্থ করিতে হইবেক। বেতন পাইবার যে কোন প্রকারের করারে কর্ম্ম হয়, অর্থাৎ বৎসরের কি তাহার অধিক কালের কি অল্প কালের ঐ করার হউক ঐ কর্ম্মের উপর টাক্স লাগিবে। ও লাভ ও প্রাপ্তি যত টাকা হউক তাহার উপর ঐ টাক্স লাগিবেক। কেবল ইহার পর যাহা ত্যাগ করিয়া দেওয়া যাইতেছে তাহার উপর লাগিবে না ইতি।

[Period of computation.]

7. The Duty to be charged shall be computed at a sum not less than the full amount of the balance of the profits and emoluments of such profession or employment (after making such deductions, and no others, as by this Act are allowed) within the preceding year, ending as in the first case, to be paid on the actual amount of such profits or gains, without any deduction, subject to the like provisions as are made in the first case in Rule No. 1, in respect of the period of computation in the case of setting up or commencing such profession, employment or vocation within one year preceding the year of assessment, or within the year of assessment.

[যত কালের হিসাব ধরিতে হইবেক তাহার কথা।]

৭ প্রকরণ। পূর্ব্ব বৎসরে, অর্থাৎ এই বিধির প্রথম ভাগে বৎসরের শেষ যে তারিখ নিরূপণ হইয়াছে সেই তারিখপর্য্যন্ত পূর্ব্ব বৎসরে, ঐ বিদ্যাব্যবসায় কি কর্ম্ম দ্বারা যত প্রাপ্তি ও আয় হয়, তাহাহইতে এই আইনমতে যাহা বাদ দিবার অনুমতি আছে তাহা ছাড়া অন্য কিছু বাদ না দিয়া যত বাকী থাকে তাহার সমুদয় টাকার উপর ঐ টাক্স ধার্য্য হইবেক। ও সেই প্রাপ্তি কি লাভ নিতান্ত যত টাকা হয় তাহার কিছু বাদ না দিয়া ঐ টাক্স দিতে হইবেক। ও টাক্স ধার্য্য করিবার পূর্ব্ব বৎসরের মধ্যে কি টাক্স ধার্য্য করিবার বৎসরের মধ্যে কোন বিদ্যাব্যবসায় কি চাকরী কি কর্ম্ম স্থাপন হইলে কি আরম্ভ হইলে যত দিনের হিসাব ধরিতে হইবে, তাহার বিষয়ে এই বিধির প্রথম ভাগের ১ প্রকরণের বিধান খাটিবে।

[3rd, 4th, or 5th Rules of Case 1 applicable to Case 2.]

8. The third, fourth, and fifth Rules in the first case shall also extend to the profits arising under the second case, as far as they are applicable.

[প্রথম ভাগের ৩ ও ৪ ও ৫ প্রকরণের কথা ২ ভাগের উপর খাটিবার কথা।]

৮ প্রকরণ। এই বিধির প্রথম ভাগের ৩ ও ৪ ও ৫ প্রকরণে যে কথা আছে তাহা দ্বিতীয় ভাগের লিখিত প্রাপ্তির উপর যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবে।

(To be continued.)

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 3.

To the Sessions Judges in the Lower Provinces.

The Court are pleased to call the attention of the Sessions Judges, subordinate to them to the provisions of Act III. 1860, "to empower Sessions Judges to pass sentence in certain cases without reference to the Sudder Court," published in the *Calcutta Gazette* of the 8th Instant.

(Signed) H. B. LAWFORD,
Offg. Register.

Fort William, the 28th February, 1860.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 4th May, 1860.

Baboo Sreenauth Roy, to officiate as Moonsiff of Beegunge, during the deputation of the incumbent, to officiate as Sudder Ameen of Dinagepore

H. B. LAWFORD, *Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

২২৩৯ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৫ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ কলিস সাহেব (Mr. W. Colles,) পাবনাতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৬০ সাল ২৭ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. Henderson,) মুঙ্গেরে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৬০ সাল ৪ মে।

রেলওয়ে ডিপার্টমেণ্টে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ চাটুয্যা মুঙ্গেরে নিযুক্ত হইয়াছেন এবং ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়া ঐ জিলার ডেপুটী মাজিষ্ট্রেটের পদেও নিযুক্ত হইয়াছেন।

১৮৬০ সাল ৫ মে।

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব (Mr. T. J. C. Grant,) চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ২৩ আপ্রিল।

রাজশাহীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ ওয়াইট সাহেব (Mr. W. White,) উক্ত স্থানের চিকিৎসকের কর্ম্মের ভার এদেশীয় চিকিৎসক শ্রীযুত বাবু নীলমণি দাসের প্রতি অর্পণ করিয়া ফিনান্শিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের বিজ্ঞাপনমতে রাজধানীতে চিকিৎসকেরদের স্থায়ি কমিটির সম্মুখে উপস্থিত হইবার জন্যে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette*, 15*th May*, 1860.]

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

১৮৬০ সালের ৩ আইনের, অর্থাৎ "কোন২ মোকদ্দমায় সেশন জজ সাহেবেরা সদর আদালতে জিজ্ঞাসা না করিয়া দণ্ডাজ্ঞা করিতে পারেন এইমত ক্ষমতা দেওনের" আইনের বিধানেতে সদর আদালতের সাহেবেরা আপনারদের অধীন সেশন জজ সাহেবদিগকে মনোযোগ করিতে আদেশ করিতেছেন। ঐ আইন ১৮৬০ সালের ৭ ফেব্রুআরি তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইয়াছে।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ২৮ ফেব্রুআরি।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ৪ মে।

বীজগঞ্জের মুনসেফ প্রেরিত হইয়া যত কালপর্য্যন্ত দিনাজপুরের সদর আমীনের কর্ম্ম করেন তত কালপর্য্যন্ত শ্রীযুত বাবু শ্রীনাথ রায় তাঁহার কর্ম্ম করিবেন।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৩ মে।

হিজলীর মেমকের এজেণ্ট শ্রীযুত জি এ সি প্লৌডন সাহেব (Mr. G. A. C. Plowden,) গত মাসের ১৮ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৩ মে।

ইহার দ্বারা এই সম্বাদ দেওয়া যাইতেছে। বর্দ্ধমান এলাকার বাঁকুড়া জিলার শামিল সোণামুখী গ্রামে এই তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন চলন হইবেক।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। দ্বিতীয় খণ্ডের রেবিনিউর সরবেয়র সাহেব ঐ গ্রাম জরিপ করিয়া তাহার যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে ঐ গ্রামের যেপর্য্যন্ত সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক ঐ কাগজ বর্দ্ধমানের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে যাঁহার দেখিবার মানস থাকে তিনি সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ঐ গ্রামে যে টাক্স আদায় করিতে হইবেক তাহা যে লোকেরদের যত টাক্স দিতে হয় তাহারদের শক্তিক বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবেক তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

২৩৪২ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৮ আপ্রিল।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে টি ওর্সলি সাহেব (Mr. J. T. Worsley,) নওয়াদহ এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

১৮৬০ সাল ২ মে।

নদীয়ার শান্তিপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসু শান্তিপুর এলাকার মধ্যে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত এচ মিশেল সাহেব (Mr. H. Michel,) লক্ষ্মীপুরে ১৮৩৩ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ৫ মে।

শ্রীযুত পি জি ই টেলর সাহেব (Mr. P. G. E. Taylor,) নদীয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ৭ মে।

হুগলীর একটিং জজ শ্রীযুত সি পি হবহৌস সাহেব (Mr. C. P. Hobhouse,) ঐ জিলাতে ১৮২৮ সালের ৩ আইনমতে সেপসিয়ল কমিস্যনরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬০ সাল ৮ মে।

শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) যশোহরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr A. V Palmer,) সারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram,) বেহারের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত বি টি টেলর সাহেব Mr. V. T. Tayler,) মদাইপুরা এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

শ্রীযুত ই ডি লকউড সাহেব Mr. E. D Lockwood,) রঙ্গপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত পি এ হমফ্রে সাহেব (Mr. P. A. Humphrey,) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত মৌলবী তাজমুল আলি চাটিগাঁয়ে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও সেই জিলাতে ১৭৯৩ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টান্টের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ৯ মে।

শ্রীযুক্ত জে এচ আর কার্নাক সাহেব (Mr. J. H. R. Carnac,) মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত এফ জোন্স সাহেব (Mr. F. Jones,) ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত টি এফ বিগনোলড সাহেব (Mr. T. F. Bignold,) পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ এস আটকিনসন সাহেব (Mr. W. S. Atkinson,) বাঙ্গলাপ্রভৃতি দেশের সর্ব্ব সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের ডিরেক্টর হইবেন।

নীচের লিখিত মহাশয়েরা গোহাটি নগর আরো উত্তম করিবার জন্যে মুনিসিপল কমিটির মেম্বর হইবেন অর্থাৎ

শ্রীযুত কাপ্তান ডবলিউ আগনিউ সাহেব (Captain W. Agnew,) ও

শ্রীযুত আর সিয়র্স সাহেব (Mr. R. Sears,) ও

শ্রীযুত বাবু মহেশচন্দ্র বড়ুয়া।

ছুটী।

১৮৬০ সাল ৪ মে।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এ সি মাঙ্গলস সাহেব (Mr. A. C. Mangles,) রাজধানীতে চিকিৎসকেরদের স্থায়ি কমিটির সম্মুখে উপস্থিত হইবার জন্যে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের বিজ্ঞাপনমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৭ মে।

বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সালামৎ উল্লা খাঁ গত ফেব্রুআরি মাসের ১৮ তারিখে যে ছুটী পান তাহার অধিক অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২ মে।

নীচের লিখিত কার্য্যকারক সাহেবেরা পুনরায় পোলীসের কর্ম্মে নিযুক্ত হইয়াছেন। ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের যে ক্ষমতা গত সেপ্টেম্বর মাসের ২৩ তারিখে পাইয়াছিলেন তাঁহারদের সেই ক্ষমতা রহিত হইয়াছে অর্থাৎ ভবানীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ রাইলাণ্ড সাহেব (Mr. W. H. Ryland,) ও তেঁতুলিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি এ ডনো সাহেব (Mr. T. A. Donough.)

১৮৬০ সাল ৯ মে।

সিবিলসম্পর্কীয় নিরিশ্তার শ্রীযুক্ত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব ও শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Messrs. W. H. Brodhurst and J. A. Crawford,) বর্ত্তমান মাসের ৫ তারিখে নুবিয়ানামক কলের জাহাজে ভারতবর্ষহইতে গিয়াছেন এমত রিপোর্ট করেন।

অশুদ্ধ শোধন।

বর্ত্তমান মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে শ্রীযুত ডি জে মাকনীল সাহেব (Mr. D. J. McNeile,) দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন" এই কথার পরিবর্ত্তে "শ্রীযুত জে এফ ব্রোন সাহেব (Mr. J. F. Browne,) দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন" এই কথা পড়িতে হইবেক।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

50 *Rupees Reward.*

Stolen on the 17th April, 1860, a gold Geneva watch. Maker's name Aucre.

No. 28,200.

The above reward will be paid to any one giving such information as may lead to the recovery of the property stolen

Apply to the Joint Magistrate of Hooghly.

R. V. COCKERELL, *Joint Magistrate.*

৫০৲ টাকা পুরস্কার।

জেনিবা দেশের নির্ম্মিত এক সোণার ওয়াচ ঘড়ি চুরি হইয়াছে। ঘড়ি নির্ম্মাতার নাম (Auer) এবং ঘড়ির নম্বর ২৮,২০০।

ঐ ঘড়ি যাহাতে ফিরিয়া পাওয়া যাইতে পারে এমত সন্ধান যে কেহ হুগলীর মাজিষ্ট্রেট সাহেবকে জানাইতে পারেন তাঁহাকে ঐ ৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবে।

আর বি কাক্রেল। জাইন্ট মাজিষ্ট্রেট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৫ মে।]

OPIUM.

আফিমের ইশ্তিহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ১১ জুন সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৮।৫৯ সালের পয়দায়শী আফিমের ষষ্ঠ নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপোজিট অর্থাৎ আর্নীনস্ত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিস্তিরেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১৬ এবং ২৬ জুন এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিসরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোন রকম সরকারী বাত্তরী মহাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১৯ জুন শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সবরে কিস্তের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৬০ সালের ২৬ জুন মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্তেহারের যেকদার আফিম দেওয়ার ইমসন নীচের লিখিত বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখাহাতে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬০ সালের	৯	জুলাই	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৬	আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৮	অক্টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	[illegible]	[illegible]বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	[illegible]	[illegible]বর	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭৫	৫০৯	১৭৮৪
ঐ							
					৭৬২৫	৩০৫৯	১০৬৮

ই. টি. টুবর। সেক্রেটারী

গবর্ণমেণ্টের হুকুম মাফিক সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। কোর্ট উলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ৩ মে

জিলা বীরভূম।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বীরভূম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নোক্ত ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেণ্টের জমীদারীর যে স্বত্ব আছে তাহা গবর্ণমেণ্টের আদেশানুসারে যাহা শ্রীযুতের আণ্ডরি সেক্রেটারী সাহেবের সন ১৮৫৯ সালের ৩ নবেম্বর তারিখের সদর বোর্ডের সেক্রেটারী সাহেবের প্রতি ২৭২২ নং চিঠীতে প্রকাশ আছে ঐ জেলার কালেক্টরি কাছারিতে সন ১৮৬০ সালের ৪ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৬৭ সালের ২১ জ্যৈষ্ঠ তারিখে নীলাম হইবেক আর ইহা প্রকাশ করা যাইতেছে যে ব্যক্তি নীলাম খরিদ করিবেক তাহাকে নীচের লিখিত শর্ত্তের প্রতি অবলম্বন করিতে হইবেক।

১ দফা। হারহারি সুরত ধার্য্য মুল্য উর্দ্ধ সর্ব্ব উচ্চ ডাককারিকে দেওয়া যাইবেক এবং নীচের লিখিত প্রত্যেক মহালের সম্মুখের লিখিত সদর জমা এইক্ষণে যাহা অবধারিত আছে তাহাই থাকিবেক।

২ দফা। ঐ নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিরমিত কালপর্য্যন্ত ঐ নীলামহওয়া স্বত্বে বহাল থাকিবেক ও বন্দোবস্তি কাগজাতের দ্বারা ও প্রচলিত আইনের দ্বারা যাহার প্রতি যে স্বত্বার্পিত আছে তাহা বহাল থাকিবেক ও খোদকস্তা রাইয়ত সালের কার্য্যকারকের কৃত জমাবন্দীতে যে দস্তখৎ করিয়াছে তাহার স্বত্বকে সম্মান করিতে নীলাম খরিদার বাধ্য থাকিবেক।

৩ দফা। যদি ঐ খরিদা মুল্য ১০০৲ টাকার অনধিক হয় তবে খরিদকারিকে তৎক্ষণাৎ তাহা দাখিল করিতে হইবেক।

৪ দফা। যদি ডাককৃত টাকা ১০০৲ টাকার অধিক হয় তবে শতকরা ১৫৲ টাকার হিসাবে তৎক্ষণাৎ ফিস দাখিল করিতে হইবেক যদি ঐ নীলামের তারিখহইতে নীলামের তারিখকে এক দিবস গণনাপূর্ব্বক ১৫ দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত অবশিষ্ট টাকা দাখিল না করে তবে ঐ ফিসেরটাকা সরকারে জব্দ এবং পুনর্নীলাম হইবেক।

৫ দফা। আর ইহা প্রকাশ থাকে যে ঐ সাষ্যক মহালের করলাদি খনন করিবার নানাপ্রকার আকর ও খানের প্রতি সরকারের স্বত্ব স্থাপিত রহিল ইতি সন ১৮৬০ ইং তারিখ ১ মে।

নম্বর	তৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম	জমি	সদর জমা	নিরুপিত উর্দ্ধ মুল্য	কৈফিয়ৎ
		তৃতীয় শ্রেণী।				
১	১৪৯ নং	মুহুনা পং বনহাট	৪৬০ ॥২ ॥৵	৩৯৪৻৮	৬৯০ ।১০	
২	১৫০ নং	লাট গুনুটীয়া পং ইন্দা-পুখুরিয়া	৩৭৫৫৻।	৫৭৩২ ॥/	৫০৬৮ ॥৶৩৸	
৩	৩৯০ নং	গোপালনগর পং নওয়া নগর	৯১ ॥২ ॥/	৮৩৲	১০৩৸/	
৪	৩৯১ নং	জাজীগ্রাম পং ঐ	৬১/ ৪ ॥	১১১ ।৶৬	১১৮৸৶৯ ॥	
৫	৪০৫ নং	কিঃ আলোআনি পং সুলতান উজিআন	১৫৪৸৪ ॥	৭১ ।/	৮৩৸৵৪	
৬	৪১৮ নং	কিঃ জাজীগ্রাম পং নওয়া-নগর	১১৸০৶	২১৲	১৩৻১০	
৭	৪৩১ নং	কিঃ জাজীগ্রাম পং ঐ	২ ॥১৶	৪৸/ ৮	৬ ।৶৭	
৮	৪৩২ নং	কিঃ জাজীগ্রাম পং ঐ	৭ ।৩৸৶	৮ ।০	১১৲	
৯	৪৩৩ নং	কিঃ জাজীগ্রাম পং ঐ	২৻৸৶	৩ ॥/ ১	৪৸১	
১০	৪৪৪ নং	কতে উল্যাপুর পং রাজশাহী	৭৭ ॥৪ ।/	৫৬ ॥৵২	৭১ ।৶৫	
১১	৪৪৫ নং	কিঃ পাইকড় পং নওয়ানগর	৮ ॥৪৸/	৫/ ৬	৬ ।/ ১১	
১২	৪৪৭ নং	গোপনন্দী গ্রাম ওরফে জমুনি পং রাজশাহী	১৸১	১ ॥৵১১	২/ ৭	

এচ এ আর আলেকজাণ্ডর। কালেক্টর।

জিলা বাকুণ্ডা।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বাকুণ্ডা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নোক্ত ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেণ্টের জমীদারীর যে স্বত্ব আছে তাহা গবর্ণমেণ্টের আদেশানুসারে যাহা শ্রীযুতের আণ্ডরি সেক্রেটারী সাহেবের সন ১৮৫৯ সালের ৩ নবেম্বর তারিখের সদর বোর্ডের সেক্রেটারী সাহেবের প্রতি ২৭২২ নং চিঠীতে প্রকাশ আছে ঐ জেলার কালেক্টরি কাছারিতে সন ১৮৬০ সালের ১৪ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৬৭ সালের ১ আষাঢ় তারিখে নীলাম হইবেক আর ইহা প্রকাশ করা যাইতেছে যে ব্যক্তি নীলাম খরিদ করিবেক তাহাকে নীচের লিখিত শর্ত্তের প্রতি অবলম্বন করিতে হইবেক।

১ দফা। হারহারি সুরত ধার্য্য মুল্য উর্দ্ধ সর্ব্ব উচ্চ ডাককারিকে দেওয়া যাইবেক এবং নীচের লিখিত প্রত্যেক মহালের সম্মুখের লিখিত সদর জমা এইক্ষণে যাহা অবধারিত আছে তাহাই থাকিবেক।

২ দফা। ঐ নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিরমিত কালপর্য্যন্ত ঐ নীলামহওয়া স্বত্বে বহাল থাকিবেক ও বন্দোবস্তি কাগজাতের দ্বারা ও প্রচলিত আইনের দ্বারা

যাহার প্রতি যে স্বত্বার্পিত আছে তাহা বহাল থাকিবেক ও খোদকস্তা [illegible] খালের কার্য্যকারকের কৃত জমাবন্দি-তে যে দস্তখৎ করিয়াছে তাহার স্বত্বকে সম্মান করিতে নীলাম খরিদার বাধ্য থাকিবেক।

৩ দফা। যদি ঐ খরিদা মূল্য ১০০৲ টাকার অনধিক হয় তবে খরিদকারিকে তৎক্ষণাৎ তাহা দাখিল করিতে হইবেক।

৪ দফা। যদি ডাককৃত টাকা ১০০৲ টাকার অধিক হয় তবে শতকরা ২৫৲ টাকার হিসাবে তৎক্ষণাৎ ফিস দাখিল করিতে হইবেক যদি ঐ নীলামের তারিখহইতে নীলামের তারিখকে এক দিবস গণনাপূর্ব্বক ১৫ দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত অবশিষ্ট টাকা দাখিল না করে তবে ঐ ফিসের টাকা সরকারে জব্দ এবং পুনর্নীলাম হইবেক।

৫ দফা। আর ইহা প্রকাশ থাকে যে ঐ লাখেরাজ মহালের কয়লাদি খনন করিবার নানাপ্রকার আকর ও খানের প্রতি সরকারের স্বত্ব স্থাপিত রহিল ইতি সন ১৮৬০ ইং তারিখ ৩ মে।

নম্বর	তৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম	জমি	সদর জমা	নিরূপিত উর্দ্ধ মূল্য	কৈফিয়ৎ
		তৃতীয় শ্রেণী।				
১	৭৭ নং	কুঠী সোণামুখী পং বিষ্ণুপুর	৭২॥২॥	৭৯॥৶১০	১০৬৸০	
২	১২৩ নং	চক সুন্দর পং ঐ	৭/৩৸১০	৮।৬	১৬॥/০	
৪	১২৯ নং	যোগারা গোপালপুর পং ঐ	৬৯/৩॥	২৮৸৮	৩৪৸৵	
৭	২৬৩ নং	মাজী বেরা পং ঐ	৬১॥০৸৵	১০৶১০	২০।৶৮	
১০	৩১৬ নং	আমলা ডাঙ্গা পং ঐ	৩॥২।/	২৲	২৲	
১১	৩৫০ নং	কুঠী পাত্র শাহীর পং ঐ	৫১॥৪/১০	৭৯॥৶৭	৮১॥০	

ই ড্রামণ্ড। আং কালেক্টর।

জিলা বালেশ্বর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বালেশ্বরের নীচের লিখিত জমিনী স্বত্ব অন্য মহালের বাকী মালগুজারির বাবৎ ইঙ্গরেজী সন ১৮৬০ সাল ২৬ মে মোতাবেক উড়িয়া সন ১২৬৭ সাল জ্যৈষ্ঠ মাসের ১৫ তারিখ রোজ শনিবার ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনাওজর নীলাম ধরা যাইবেক ইতি সন ১৮৬০ সাল তারিখ।

চতুর্থ শ্রেণী অন্য মহালের বাকী মালগুজারির বাবৎ যে মহাল নীলাম হইবেক।

৫৬৯ নং তৌজী প্রগনে কাটিয়া কিসমত ৶৮ গণ্ডা খরিদগী মৌজে তনিহা ওগের জমীদার ভিকারী পাণ্ড সদর জমা ৭৩৸৵৫

৫৬৯ নং ঐ প্রঃ ঐ কিসমত /১৭ গণ্ডা ঐ মৌজার জমীদার উদেকর পাণ্ডা সদর জমা ৪২।৶১১

৫৬৯ নং ঐ প্রঃ ঐ কিং /১১ গণ্ডা ঐ মৌজার জমীদার সদাশিব পাণ্ডা সদর জমা ৩১॥৵৮

৯৯১ নং ঐ প্রগনে ভেড়া কিসমত ৸৶ মৌজে নন্দকন্দর্প জমীদার শ্যামসুন্দর রায় সদর জমা ২১১।৹

১১৩০ নং ঐ প্রগনে কওরদাচৌর কিসমত তাঃ পুরুষোত্তমপুর জমীদার চৌধুরী গোবিন্দপ্রসাদ দাস মাহাপাত্র ও চৌধুরী গুরুপ্রসাদ দাস মাহাপাত্র ও চৌধুরী উমাকান্ত দাস মাহাপাত্র ও চৌধুরী নবীনদাস মাহাপাত্র সদর জমা ৪৮১।১০

A. Eliott Russell, *Collector.*

জিলা কটক।

এতলানামা কাছারি কালেক্টরি মধ্যমপ্রদেশ জেলা কটক।

সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী সন ১৮৫৯ সাল ১১ আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মহাল নাগাএত কিস্তি মাহ জানুআরি সন ১৮৬০ সাল মোতাবক সন ১২৬৭ সাল আট পণি বাকী সরকারের পাওনা আদায় কারণ সন ১৮৬০ সাল মাহ মাহার ১৮ তারিখ মোতাবক সন ১২৬৭ সাল জ্যৈষ্ঠ মাহার ১৭ তারিখ সোমবার দিবসে এ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক। ৫ তারিখ মাহ মাই সন ১৮৬০ সাল।

দ্বিতীয় শ্রেণী মিআদি বন্দোবস্ত জমা ধার্য্যকওয়া মাহাল।

নং ৭৩৪ তৌজি হজুরি মাহাল পং কুশ মণ্ডল তালুকে ঝাড়েশ্বরপুর লিখিত মালিক রতন মণি দাসী সদর জমা মং ৮১৪।৮ পাই কোম্পানিমাত্র।

তারিখ সন সদর

S. Edes, *Offg. Collector.*

[*Government Gazette*, 15*th May*, 1860.]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of CHARLES WILLIAM SALIZ, and another, Insolvents.

On Saturday, the 14th day of April 1860, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 10,926-13-2 in his hands, pay a Dividend at the rate of Co.'s Rs. Six and half per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 9,126,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 7th May, 1860.

কলিকাতায় খোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

খোত্রহীন চার্লস উলিয়ম সালিজ সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে গত আপ্রিল মাসের ১৪ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত খোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ১০,৯২৬৸/২ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ৬॥০ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৯,১২৬৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ৭ মে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৫ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত যারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 22, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২২ মে

ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA

The 5th May 1860.

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Governor General on the 26th April 1860 (communicated to the Legislative Council on the 5th May 1860), and is hereby promulgated for general information —

Act No. XVII. of 1860

An Act to repeal Act V. of 1858 (for the punishment of certain Offenders who have escaped from Jail, and of persons who shall knowingly harbour such Offenders), and to make certain provisions in lieu thereof.

[Preamble.]

Whereas it is expedient to repeal Act V. of 1858 (*for the punishment of certain Offenders who have escaped from Jail, and of persons who shall knowingly harbour such Offenders*), and to make certain provisions in lieu thereof; It is enacted as follows:—

[Act V. of 1858 repealed.]

1. Act of 1858 is repealed except as to any sentences passed under that Act.

[Time for the surrender of certain escaped offenders.]

II. It shall be competent to the Executive Government of any Presidency or place to declare by an order, as regards any or all of the Districts under such Government, the time within which the persons, who within such District or Districts shall, between the first of May 1857 and the time so declared, have escaped from Jail or other lawful custody whilst detained under sentence of imprison-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৫ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মাঞ্জীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ আপ্রিল তারিখে সম্মত হইয়া ১৮৬০ সালের ৫ মে তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে স্বীয় সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৭ আইন।

১৮৫৮ সালের ৫ আইন (অর্থাৎ যাহারা জেলখানা হইতে পলাইয়াছে এমত কোন২ অপরাধিরদের, ও যাহারা জানিয়াশুনিয়া ঐ অপরাধিদিগকে আশ্রয় দেয় তাহারদের দণ্ড করিবার আইন) রদ করিবার ও তাহার পরিবর্ত্তে কতক বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৫৮ সালের ৫ আইন (অর্থাৎ যাহারা জেলখানা হইতে পলাইয়াছে এমত কোন২ অপরাধিরদের, ও যাহারা জানিয়াশুনিয়া ঐ অপরাধিদিগকে আশ্রয় দেয় তাহারদের দণ্ড করিবার আইন) রদ করা বিহিত ও তাহার পরিবর্ত্তে কতক বিধান করা বিহিত। এই কারণে এই২ বিধান করা গেল।

[১৮৫৮ সালের ৫ আইন রদ করিবার কথা।]

১ ধারা। ১৮৫৮ সালের ৫ আইন রদ হইল। কিন্তু সেই আইনমতে যে কোন দণ্ডাজ্ঞা হইয়াছে তাহার বিষয়ে ঐ আইন বহাল থাকিবে ইতি।

[পলাতক কোন২ অপরাধিরদের ধরা দিবার মিয়াদের কথা।]

২ ধারা। কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহক গবর্ণমেণ্ট আপনার অধীন কোন২ কি সকল জিলার বিষয়ে মিয়াদ নিরূপণ করিয়া এই কথা প্রকাশ করিতে পারিবেন, যে ঐ জিলার কি এ২ জিলার মধ্যে যে লোকেরা ইহার পশ্চাৎ লিখিত কোন অপরাধের নিমিত্তে জেলখানাতে, কিম্বা আইনমতে কয়েদ হইবার অন্য স্থানে কয়েদ হইবার হুকুম পাইয়া, ১৮৫৭ সালের ১ মে তারিখের ও সেই নিরূপিত সময়ের মধ্যে

ment for any of the crimes hereinafter mentioned, could and ought to have surrendered themselves to a Magistrate or Police Officer; and no such person who shall have so surrendered himself within the period fixed as aforesaid, shall be liable to be prosecuted under this Act.

কোন সময়ে পলায়ন করিয়াছে, তাহারা উক্তমতের নিরূপিত মিয়াদের মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কি পোলীসের কোন কার্য্যকারকের নিকটে আপনারদিগকে ধরা দিতে পারিল ও তাহারদের ধরা দেওয়া উচিত। ও যে কোন লোক পূর্ব্বোক্তমতের নিরূপিত সময়ের মধ্যে আপনাকে ধরা দেয় তাহার উপর এই আইনমতে মোকদ্দমা চলিবার সম্ভাবনা নাই ইতি।

[Punishment for not surrendering within the time aforesaid. In what cases Magistrate may pass sentence without commitment to Sessions Court.]

8. In all cases where the salaries, fees, wages, allowance, or profits of any Officer chargeable to the said Duties shall not arise out of any of the Offices mentioned in the foregoing Rule, but shall arise from any other Office or employment of profit chargeable to the said Duties, and the salaries, fees, wages, perquisites, or profits, shall be payable at such Office by any Officer thereof, or by any receiver of the same respectively, or by any agent employed in that behalf, or shall be payable by any Company in whose employment the person chargeable shall be, the Duties chargeable under this Act in respect of such salaries, fees, wages, perquisites, or profits, shall be detained and stopped out of the same, or out of any money which shall be paid upon such salaries, fees, wages, perquisites, or profits, or for arrears thereof, whenever the same shall happen, and be applied to the satisfaction of the Duties (not otherwise paid) in the manner directed by this Act.

[Duties charged with sums payable to any other persons to be deducted out of such sums.]

9. Such portion of the said Duties on Offices or employments of profit, or on annuities, pensions, or stipends as are charged with any sum money pay-

নিকাশ হইয়া থাকে সেই তারিখপর্য্যন্ত পূর্ব্ব বৎসরের যত প্রাপ্তি হয় তদনুসারে হিসাব করা যাইবেক।

[কোন সরকারী কর্ম্ম স্থানে যে বেতন ও রসুম ও পেনস্যন পাওয়া যায় তাহার টাক্স ঐ আফিসে কাটিয়া রাখিবার কথা।]

৭ প্রকরণ। ১ দফা। কোন বেতন কি রসুম কি মেহনতানা কি অন্য উপরি টাকা কি প্রাপ্তি কি কোন বার্ষিক বৃত্তি কি পেনস্যন কি মুশাহেরা যদি কোন সরকারী আফিসহইতে কিম্বা গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের হাতে কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে নিযুক্ত কোন কর্ম্মকারকের হাতে পাওয়া যায়, তবে ঐ বেতনের কি রসুমের কি মেহনতানার কি উপরি টাকার কি প্রাপ্তির জন্যে কিম্বা ঐ২ বার্ষিক বৃত্তির কি পেনস্যনের কি মুশাহেরার জন্যে যে টাক্স এই আইনমতে লাগে, তাহা যদি অন্য প্রকারে না দেওয়া যায়, তবে ঐ বেতনপ্রভৃতিহইতে কাটিয়া লওয়া যাইবে, কিম্বা সেই বেতনের কি রসুমের কি মেহনতানার কি উপরি টাকার কি প্রাপ্তির বাবৎ, কিম্বা সেই বার্ষিক বৃত্তির কি পেনস্যনের কি মুশাহেরার বাবৎ, কিম্বা তাহার কিছু যদি কোন সময়ে বাকী পড়ে তবে তাহার বাবৎ, যে কিছু টাকা দেনা থাকে, তাহাহইতে কাটিয়া লওয়া যাইবে, ও সেই পদের কি কর্ম্মের কিম্বা সেই বার্ষিক বৃত্তির কি পেনস্যনের কি মুশাহেরার টাক্সের পরিশোধে দেওয়া যাইবেক।

[বেতন যে সময়ে পাওনা হয় সেই সময়ে টাক্সের হিসাব আফিসে অর্থাৎ কর্ম্মস্থানে পাঠাইবার কথা।]

২ দফা। সেই প্রকারের যে টাকা দেনা হয় তাহার উপর সাধারণ কার্য্যের কমিস্যনরেরা আপন২ প্রদেশে টাক্স ধার্য্য করিলে পর যে২ আফিসহইতে তাহা দিতে হয় সেই২ আফিসে ঐ ধার্য্যকরা টাক্সের টাকা আটকিয়া রাখা যায়, এই কারণে তাঁহারা ঐ ধার্য্যকরা টাক্স যত টাকা হয় তাহার হিসাব সেই২ আফিসে পাঠাইবেন।

[৭ নম্বরের প্রকরণে যে বেতনের কথা লেখা হয় নাই তাহার টাক্সের টাকা যে ব্যক্তিরা ঐ বেতন দেন তাঁহারদের কাটিয়া রাখিবার কথা।]

৮ প্রকরণ। যাঁহার বেতনের কি রসুমের কি মেহনতানার কি মুশাহেরার কি প্রাপ্তির ঐ টাক্স লাগিতে পারে এমত কোন কর্ম্মকারক যদি পূর্ব্ব প্রকরণের লিখিত কোন পদহইতে বেতনপ্রভৃতি না পান, কিন্তু ঐ টাক্স যাহাতে লাগিতে পারে এমত অন্য কোন পদ কি প্রাপ্তিজনক কর্ম্মহইতে পান, ও তাঁহার বেতন কি রসুম কি মেহনতানা কি উপরি টাকা কি প্রাপ্তি উক্ত আফিসে কোন কার্য্যকারকের স্থানে, কিম্বা যে জন তাহা প্রাপ্ত হইয়া থাকেন এমত কোন লোকের স্থানে, কিম্বা সেই কর্ম্মে নিযুক্ত কোন কর্ম্মকারকের স্থানে, কিম্বা যাঁহার টাক্স ধার্য্য হইবেক তিনি যে কোম্পানির কর্ম্মে নিযুক্ত থাকেন সেই কোম্পানিহইতে যদি পাওয়া যায়, তবে এই আইনমতে ঐ বেতনের কি রসুমের কি মেহনতানার কি উপরি টাকার কি প্রাপ্তির যে টাক্স লাগিতে পারে তাহা ঐ বেতনপ্রভৃতিহইতে কাটিয়া লওয়া যাইবেক, কিম্বা সেই বেতন কি রসুম কি মেহনতানা কি উপরি টাকা কি প্রাপ্তিহইতে যে টাকা দেওয়া যায় তাহাহইতে, কিম্বা ঐ বেতনাদির কিছু কোন সময়ে বাকী পড়িলে সেই বাকীহইতে কাটিয়া লওয়া যাইবে, ও (ঐ টাক্স অন্য প্রকারে যদি না দেওয়া যায় তবে) এই আইনের লিখিতমতে টাক্সের পরিশোধে দেওয়া যাইবে।

[অন্য লোকেরদের পাওনা টাকার উপর যে টাক্স লাগে তাহা ঐ টাকাহইতে কাটিয়া লইবার কথা।]

৯ প্রকরণ। পদের কি প্রাপ্তিজনক কর্ম্মের কি বার্ষিক বৃত্তির কি পেনস্যনের কি মুশাহেরার টাকাহইতে যদি অন্য লোকেরদের পাওনা টাকা দিতে

able to any other person, shall be deducted out of the sum payable to such other person, as a like rate on such sum would amount unto. And all such persons, their agents, and receivers, shall allow such deductions and payments upon receipt of the residue of such sums.

হয়, তবে অন্য লোকেরদের পাওনা ঐ টাকার উপর যে টাক্[illegible]হইতে কাটিয়া লওয়া যাইবে, অর্থাৎ সেই টাকার উপর যে হিসাবে টাক্স লাগে তত কাটিয়া লওয়া যাইবে। ও তাহা বাদ দিয়া অবশিষ্ট টাকা যখন ঐ লোকদিগকে দেওয়া যায় তখন তাঁহারা কি তাঁহারদের গোমাশ্তারা কি তাঁহারদের নিমিত্তে যাঁহারা ঐ টাকা গ্রহণ করেন তাঁহারা ঐ টাক্সের টাকা কাটিয়া লইতে দিবেন।

[Duty paid by the Principal in an Office upon salary paid to his Deputy or Clerk to be deducted from salary.]

10. Such portion of the said Duties charged on any Office or employment of profit, executed by any deputy or clerk, or other person employed under the principal in such Office, and paid by such principal out of the salary or profits of such principal, shall be deducted out of the salary or profits so payable, as a like rate on such salary or profits would amount unto; and all such deputies, clerks, and other persons so employed shall allow to their respective principals such deductions and payments upon the receipt of the residue of such salaries or wages.

[অধীন কর্ম্মকারকের কি কেরাণীর বেতনের টাকা-হইতে দফ্তরখানার প্রধান কর্ম্মকারকের যে টাক্স দিতে হয় তাহা ঐ বেতনহইতে কাটিয়া লইবার কথা।]

১০ প্রকরণ। কোন কর্ম্মেতে প্রধান কর্ম্মকারকের অধীন কোন কার্য্যকারকের কি কেরাণীর কি অন্য ব্যক্তির যে পদ কি প্রাপ্তিজনক যে কর্ম্ম হয় তাহার উপর টাক্সের যে অংশ বসান যায়, তাহা যদি সেই প্রধান কর্ম্মকারকের নিজ বেতন কি প্রাপ্তিহইতে দেওয়া যায় তবে উক্তমতের দেনা বেতন কি প্রাপ্তিহইতে কাটিয়া লওয়া যাইবে, অর্থাৎ সেই টাকার উপর যে হিসাবে টাক্স লাগে তত কাটিয়া লওয়া যাইবে। ও তাহা বাদ দিয়া অবশিষ্ট টাকা যখন উক্তমতের নিযুক্ত কর্ম্মকারকদিগকে কি কেরাণীদিগকে কি লোকদিগকে দেওয়া যায়, তখন তাঁহারা আপন২ প্রধান কার্য্যকারকদিগকে ঐ টাক্সের টাকা কাটিয়া লইতে দিবেন।

[Payments on receipts of salaries, or in passing accounts to be deducted.]

11. In estimating the Duty payable for any such Office or employment of profit, or any pension, annuity, or stipend, all official deductions and payments made upon the receipt of the salaries, perquisites and profits thereof, or in passing the accounts belonging to such Office, or upon the receipt of such pension, annuity, or stipend, shall be allowed to be deducted, provided a due account thereof be rendered to the said Commissioners and proved to their satisfaction.

[বেতন পাইবার কি হিসাব সাফরাইয়া দিবার কালে যে টাকা দেওয়া যায় তাহা বাদ দিবার কথা।]

১১ প্রকরণ। সেই প্রকারের কোন পদের কি প্রাপ্তিজনক কর্ম্মের উপর, কিম্বা কোন পেনস্যানের কি বার্ষিক বৃত্তির কি মুশাহেরার উপর যে টাক্স দিতে হয় তাহার হিসাব করণকালে, ঐ২ পদের বেতন ও উপরি টাকা ও প্রাপ্তির টাকা পাইবার সময়ে, কি তাহার হিসাব সাফরাইয়া দিবার সময়ে, কিম্বা সেই পেনস্যান কি বার্ষিক বৃত্তি কি মুশাহেরা গ্রহণ করিবার সময়ে যে সকল টাকা ঐ পদসম্পর্কে কাটা যায় ও দেওয়া যায়, তাহা বাদ দিবার অনুমতি হইবে, কিন্তু তাহার উপযুক্ত হিসাব ঐ কমিস্যনরদিগকে দিতে হইবেক, ও তাহার প্রমাণ তাঁহারদের খাতিরজমামতে করিতে হইবেক।

[Persons assessed for Offices to be deemed to have exercised the same at the Head Office.]

12. Every person to be assessed for his office or employment, shall be deemed to have exercised the same at the head office of the department under which such office or employment shall be held, and shall be rated for such office or employment, as if exercised at such Office, although the duties of such office or employment shall be performed, or any part of the profits thereof arising from such office or employment shall be payable elsewhere, within or out of British India, wherever he shall exercise his office or employment, shall be rated accordingly in the same District where such head office shall be established.

[যাঁহারদের পদের নিমিত্তে টাক্স ধার্য্য হয়, তাঁহারা সদর আফিসে অর্থাৎ প্রধান কর্ম্মস্থানে কর্ম্ম করিয়াছেন এমত জ্ঞান হইবার কথা।]

১২ প্রকরণ। কোন পদের কি কর্ম্মের নিমিত্তে যাঁহার উপর টাক্স ধার্য্য হয়, তিনি ঐ পদের কর্ম্ম যেখানে করুন অর্থাৎ ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের মধ্যে কি বাহিরে করুন, ও ঐ পদের কি কর্ম্মের প্রাপ্তির কোন অংশ ঐ দেশের মধ্যে কি বাহিরে দেনা হউক, তথাপি, ঐ পদ কি কর্ম্ম যে ডিপার্টমেণ্টে থাকে সেই ডিপার্টমেণ্টের প্রধান কর্ম্মস্থানে ঐ পদের কর্ম্ম করিয়াছেন এমত জ্ঞান হইবেক, ও সেই কর্ম্মস্থানে ঐ কর্ম্ম করিবার মতে তাঁহার ঐ পদের কি কর্ম্মের টাক্স ধার্য্য হইবেক, ও তদনুসারে ঐ প্রধান কর্ম্মস্থান যে প্রদেশে থাকে সেইপ্রদেশে টাক্স ধার্য্য হইবেক।

[Public Officers becoming entitled to increased salaries to be charged for the same by supplemental assessment.]

13. Where any person, who shall hold or exercise any public office or employment of profit, shall, at any time or times, during, or for, or in respect of any year of assessment, become entitled to any additional salary, fees, or emoluments beyond the amount for which any assessment may have been

[সরকারী যে কার্য্যকারকেরদের বেতনবৃদ্ধি হয় তাঁহারদের সেই বৃদ্ধিকরা বেতনের টাক্স অতিরিক্ত ফর্দ্দ দ্বারা ধার্য্য করিবার কথা।]

১৩ প্রকরণ। কোন লোকের সরকারী কোন পদ থাকিলে কিম্বা তিনি প্রাপ্তিজনক কোন কর্ম্ম করিলে, ও তৎপ্রযুক্ত যে বৎসরের টাক্স ধার্য্য হইয়াছে, সেই বৎসরের মধ্যে কিম্বা সেই বৎসরের নিমিত্তে তাঁহার কোন এক কি অধিক সময়ে বেতনের বৃদ্ধি হইবার কি অধিক রসুম পাইবার কি উপরি অধিক টাকা পাইবার স্বত্ব থাকিলে, অর্থাৎ এ

made upon him, or beyond the amount for which, at the commencement of such year, he would have been liable to be assessed, an additional or supplementary assessment shall from time to time, as often as the case shall require, be made upon such person for such additional salary, fees, or emoluments, so that he shall be assessed and charged for the full amount of the whole of the salary, fees, and emoluments which he shall receive or become entitled to at any time, and from time to time, during, or for, or in respect of the said year of assessment.

[Commissioners to take the oaths prescribed, and to have power to appoint Assessors.]

14. The several Commissioners authorised to act in the execution of this Act in relation to the Duties on offices or employments of profit, and on pensions or stipends, as soon after their appointment respectively as conveniently can be done in their respective departments, shall meet and take the oaths hereby prescribed in that behalf, and shall have power to elect and appoint an Assessor, and if they shall deem it necessary, Assessors for each separate department with the cognizance of the said Commissioners.

[Assessor appointed under Schedule IV. to deliver to Commissioners within a fixed time their certificates of assessment in writing under their hands and upon oaths.]

15. The Assessors appointed by the Commissioners under Schedule IV. shall, within a time to be fixed by the respective Commissioners, deliver to them their certificates of assessment in writing under their hands, to be verified upon their oaths, of the full and just annual value of all offices and employments of profit chargeable under this Act, in the department for which they shall be appointed Assessors, and of all pensions and stipends estimated according to this Act, with the names of the several Officers and persons entitled to pensions or stipends, and the several sums of money they ought to pay by virtue of this Act, without abatement or deduction, and without concealment or favor, upon pain of forfeiture for every neglect in the premises of any sum not exceeding Rupees 1,000 nor less than Rupees 200.

[Assessors to assess themselves and other Officers in respect of pensions and stipends, under this Act.]

16. The said Assessors shall charge and assess themselves and all other Officers, Clerks, and persons employed in their respective departments of office, and with respect to the Duty on pensions or stipends, shall charge and assess all persons entitled unto any such pensions or stipends, and shall respectively make their assessment according to the provisions of this Act.

[Assessor to have access to Documents, and may require returns.]

17. Every such Assessor shall have free access

বৎসরের আরম্ভে তাঁহার বেতনপ্রভৃতি যত টাকা ধরিয়া টাক্স ধার্য্য হইয়াছিল কি যত টাক্স ধার্য্য করা উচিত ছিল তাঁহার অধিক বেতনপ্রভৃতি হইলে, এমন স্থলে ঐ লোকের ঐ অতিরিক্ত বেতন কি রসুম কি উপরি টাকার উপর সময়ে২ অর্থাৎ যতবার প্রয়োজন হয় ততবার তাঁহার অতিরিক্ত টাক্স ধার্য্য হইবে। তাহাতে উক্ত যে বৎসরের টাক্স ধার্য্য হইয়াছে সেই বৎসরের মধ্যে কিম্বা সেই বৎসরের নিমিত্তে তিনি যে কোন সময়ে ও সময়ে২ যত বেতন ও রসুম ও উপরি টাকা পান কি পাইবার স্বত্ববান হন, তাহা সমুদয়ের উপর তাঁহার টাক্স ধার্য্য হইবেক ও বসান যাইবেক।

[কমিস্যনরেরদের নির্দ্দিষ্ট শপথ করিবার কথা ও আসেসরদিগকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।]

১৪ প্রকরণ। কোন পদের কি প্রাপ্তিজনক কর্ম্মের ও পেনস্যনের কি মুশাহেরার উপর যে টাক্স লাগে তৎসম্পর্কীয় এই আইনমতের কার্য্য করিতে যে২ কমিস্যনর ক্ষমতা পান, তাঁহারা আপন২ পদে নিযুক্ত হইবার পর আপন২ সিরিশ্তার মধ্যে সুবিধামতে যত শীঘ্র পারেন, তত শীঘ্র একত্র হইয়া ঐ কর্ম্মের নিমিত্তে এই আইনের নির্দ্দিষ্ট শপথ করিবেন, ও এক জন আসেসরকে মনোনীত করিয়া নিযুক্ত করিতে পারিবেন, ও যদি আবশ্যক বোধ করেন তবে প্রত্যেক ডিপার্টমেণ্টের কমিস্যনরেরদের জ্ঞাতসারে এ২ ডিপার্টমেণ্টে এক২ জন আসেসরকে নিযুক্ত করিবেন।

[৪ নম্বরের তফসীলমতে যে আসেসরেরা নিযুক্ত হন, তাঁহারদের ধার্য্য করা টাক্সের সর্টিফিকট লিখিয়া দস্তখৎ করিয়া ও তাহার বিষয়ে শপথ করিয়া নিরূপিত কালের মধ্যে কমিস্যনরদিগকে দিবার কথা।]

১৫ প্রকরণ। ৪ নম্বরের তফসীলমতের কমিস্যনরেরদের দ্বারা যে আসেসরেরা নিযুক্ত হন, তাঁহারা যে ডিপার্টমেণ্টে নিযুক্ত হন সেই ডিপার্টমেণ্টে যে সকল পদের ও প্রাপ্তিজনক কর্ম্মের টাক্স এই আইনমতে বসান যাইবে তাহার, ও এই আইনঅনুসারে হিসাব করিয়া, সকল পেনস্যনের ও মুশাহেরার পূরা ও যথার্থ বার্ষিক প্রাপ্তি, ও যে২ কার্য্যকারক ও লোক ঐ পেনস্যন কি মুশাহেরা পাইবার স্বত্ববান হন তাঁহারদের নাম, ও এই আইনের বলে তাঁহারদের এক২ জনের যত টাকা টাক্স দিতে হয়, তাহার কিছু বাদ কি মিনাহ না দিয়া, ও কিছু গুপ্ত না রাখিয়া ও পক্ষপাত না করিয়া, ঐ টাক্স ধার্য্য করিয়া, তাহার সর্টিফিকট লিখিয়া ও তাহাতে দস্তখৎ করিয়া, ঐ কমিস্যনরেরদের নিরূপিত মিয়াদের মধ্যে তাঁহারদিগকে দিবেন ও তাহার সত্যতার বিষয়ে শপথ করিবেন। ইহাতে যদি কিছু কম করেন কি গোপনে রাখেন কি পক্ষপাত করেন, তবে প্রথম স্থলীয় উক্ত কার্য্যের যতবার ঐ ত্রুটি করেন, ততবার তাঁহারদের ২০০৲ টাকাঅবধি ১,০০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক।

[আসেসরেরদের আপন২ ও অন্য২ কর্ম্মকারকেরদের ও পেনস্যনের ও মুশাহেরার বিষয়ে এই আইনমতে টাক্স ধার্য্য করিবার কথা।]

১৬ প্রকরণ। উক্ত আসেসরেরা আপনারদের, ও অন্য যে সকল কর্ম্মকারক ও কেরাণী ও লোক তাঁহারদের কর্ম্মের ডিপার্টমেণ্টে নিযুক্ত থাকেন তাঁহারদের টাক্স বসাইবেন, ও ধার্য্য করিবেন, ও যে পেনস্যনের ও মুশাহেরার উপর টাক্স হয় তাহা যে সকল লোকের পাইবার স্বত্ব থাকে তাঁহারদের উপর বসাইবেন, ও ঐ সকল টাক্স এই আইনের বিধানঅনুসারে ধার্য্য করিবেন।

[আসেসরের দলীল দেখিতে ও রিটর্ণ দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।]

১৭ প্রকরণ। প্রত্যেক জন আসেসরের দপ্তরখানায়

to all documents and papers whatever in their respective Offices, touching the salaries, fees, wages, perquisites, and profits of any Officer, Clerk, or person aforesaid, belonging to their respective Offices, and touching the amount of the respective pensions or stipends, and shall be at liberty, whenever the same may be necessary, to require returns from the parties themselves, according to the provisions of this Act, that they may be enabled to make a true assessment in pursuance thereof.

[Statements of profits arising from Offices not required under a general notice.]

18. No person shall, in respect of the profits arising from any Office, or from any pension or stipend chargeable before the respective Commissioners appointed for those purposes in their respective departments of Office as aforesaid, be liable to the penalty herein contained, for not returning a statement of the profits arising from such office, pension, or stipend in pursuance of any general notice hereinbefore directed, nor in any case except where the Assessor for those profits respectively shall have required a return thereof in pursuance of Rule No. 17.

[Full value of Offices to be stated, although exemption claimed.]

19. Where any persons holding any such office or employment, or entitled unto any pension or stipend as aforesaid, shall claim to be exempt from such assessment, the Commissioners shall nevertheless set down in such assessment the names of such persons, and the full and just annual value of such Offices, employments, pensions, or stipends, and the claim to such exemption shall be preferred and examined by the Commissioners for general purposes of the District, and the merits thereof shall be heard and determined by the said Commissioners under the regulations of this Act with respect to other assessments.

[Deputies to pay for Principals when they are in the receipt of the profits.]

20. (1.) Where any office or employment of profit chargeable by this Act is, or shall be executed by deputy, such deputy shall in all cases where he shall be in the receipt of the profits thereof, be answerable for, and shall pay such assessment as shall be charged thereon, and deduct the same out of the profits of such office or employment.

[Officers receiving salaries or fees to be answerable for Duties.]

(2) Where the salaries, fees, or profits of any Officer or Officers in any such Office shall be receivable by any one or more of the said Officers, for the use of such Officers, to be divided amongst such Officers in certain proportions; the Officer or Officers receiving such salaries, fees, wages, perquisites, or profits shall be answerable for the Duties charged thereon, and shall pay and deduct the same out of the funds provided for such respective offices or employments, before any division or apportionment thereof.

যে কোন কর্ম্মকারক কি কেরাণী কি পূর্ব্বোক্তমতের অন্য লোক থাকে তাহার বেতন ও রসুম ও মেহনতানা ও উপরি টাকা ও প্রাপ্তির বিষয়, ও যাঁহার যত পেনশ্যান কি মুশাহেরা হয় তাহার বিষয়ে যে সকল দলীলদস্তাবেজ ও কাগজপত্র তাঁহারদের ঐ দফ্তরখানায় থাকে তাহা তাঁহারা অবাধে দেখিতে পারিবেন। আরো তাঁহারা এই আইনমতে যথার্থমতে টাক্স বসাইতে পারেন, এই কারণে যখন আবশ্যক হয় তখন তাঁহারা ঐ লোকেরদিগকেও এই আইনের বিধানমতের কৈফিয়ৎ লিখিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন।

[ঐ দফ্তরখানাহইতে যে প্রাপ্তি হয় তাহার কৈফিয়ৎ সাধারণ এস্তেলামতে দিতে না হইবার কথা।]

১৮ প্রকরণ। উক্ত কর্ম্মে নিযুক্ত কমিস্যানরেরদের কর্ম্মের ডিপার্টমেণ্টে কোন লোকের কোন পদের যে প্রাপ্তির কিম্বা যে পেনস্যানের কি মুশাহেরার টাক্স তাঁহারদের সম্মুখে বসান যাইতে পারে, সেই লোক সেই পদের কি সেই পেনস্যানের কি মুশাহেরার প্রাপ্তির কৈফিয়ৎ পূর্ব্ব লিখিত কোন সাধারণ এস্তেলামতে না দিলেও তাঁহার এই আইনের লিখিত দণ্ড হইবেক না। কেবল ঐ প্রাপ্তির আসেসর যদি ১৭ প্রকরণের বিধিমতে ঐ প্রাপ্তির কৈফিয়ৎ চাহেন, তবে না দিলে দণ্ড হইতে পারিবেক।

[মুক্ত হওয়ার দাওয়া হইলেও পদের সমুদয় প্রাপ্তি লিখিতে হইবার কথা]

১৯ প্রকরণ। সেই প্রকারের পদে কি কর্ম্মে নিযুক্ত কোন লোক, কিম্বা পেনস্যান কি মুশাহেরা পাইবার যোগ্য কোন লোক যদিও সেই টাক্সহইতে মুক্ত হইবার দাওয়া করেন, তথাপি কমিস্যনরেরা ঐ টাক্সের ফর্দ্দেতে ঐ লোকেরদের নাম, ও সেই২ পদ কি কর্ম্ম কি পেনস্যান কি মুশাহেরাহইতে বৎসরে২ যত প্রাপ্তি হয় তাহা সম্পূর্ণরূপে ও যথার্থমতে লিখিবেন, ও উক্তমতে মুক্ত হওয়ার যে দাওয়া হয় তাহা প্রদেশের সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে করা যাইবেক, ও তাঁহারা তাহার বিচার করিবেন, ও ধার্য্যকরা অন্য২ টাক্সের বিষয়ে এই আইনের যে২ বিধান আছে সেই২ বিধানমতে ঐ কমিস্যনরেরা ঐ দাওয়ার দোষগুণ শুনিয়া নিষ্পত্তি করিবেন।

[প্রধান কর্ম্মকারকের স্থানে তাঁহার নায়েব যদি প্রাপ্তি পান, তবে টাক্স তাঁহার দিতে হইবার কথা।]

২০ প্রকরণ। ১ দফা। এই আইনমতে যে কোন পদের কি প্রাপ্তিজনক কর্ম্মের টাক্স লাগিতে পারে, সেই পদের কর্ম্ম যদি কোন লোক নায়েবস্বরূপে করেন, ও সেই নায়েবের হাতে যদি ঐ কর্ম্মের প্রাপ্তি আইসে, তবে ঐ প্রাপ্তির যে টাক্স লাগে সেই টাক্সের নিমিত্তে তিনি দায়ী হইবেন ও তাহা দিবেন, ও সেই পদের কি কর্ম্মের প্রাপ্তিহইতে তাহা কাটিয়া লইবেন।

[যে কার্য্যকারকেরা বেতন কি রসুম পান তাঁহারদের ঐ টাক্সের দায়ী হইবার কথা।]

২ দফা। উক্ত প্রকারের কোন কর্ম্মস্থানে যদি কোন এক কি অধিক জন কার্য্যকারকের বেতন কি রসুম কি প্রাপ্তি তাঁহারদের মধ্যে বাঁটিয়া দিবার জন্যে উক্ত কোন এক কি অধিক জন কার্য্যকারক পাইয়া থাকেন, তবে যে জন ঐ বেতন কি রসুম কি মেহনতানা কি উপরি টাকা কি প্রাপ্তি পান, তিনি ঐ সকল টাকার টাক্সের নিমিত্তে দায়ী হইবেন, ও সেই পদের কি কর্ম্মের নিমিত্তে তাহাকে যে সকল টাকা দেওয়া যায় তাহাহইতে সেই বেতনপ্রভৃতি ঐ কর্ম্মকারকেরদের মধ্যে বাঁটিয়া কি ভাগ করিয়া দিবার আগে, তিনি তাহাহইতে ঐ টাক্সের টাকা বাদ দিয়া রাখিবেন।

[Officers to furnish Assessors with accounts of salaries in public departments.]

21. The proper Officers or their respective deputies, and the receivers and pay-masters in every Public Department of Office, and in every other Office for which Commissioners are hereby intended to be appointed, in raising the Duties hereby charged on such Offices respectively, and any agent by whom any salaries, fees, wages, perquisites, or profits shall be payable, and registered Officers, and the Secretary or Principal Agent or Manager of any Company in whose employment any person chargeable under this Act may be, shall, upon any request to him made by the Assessors of the said Duties, deliver gratis true lists or accounts of all such salaries, fees, and profits belonging to such Officers or persons respectively, and of all pensions and stipends payable to them respectively, for the better guidance of the said Assessors in charging the same.

[Assessors, if dissatisfied, may require Returns of Salaries and Profits of Offices.]

22. If the said Assessors shall be dissatisfied with such accounts, it shall be lawful for them to require any Officer or person, whose Office shall not be truly valued in such account, to prepare and produce to them, within the like period of time as is limited for the returns of other accounts by this Act, a list or account of the salaries, fees, wages, perquisites, and profits of the Office exercised by him, which returns such Officer or person shall be obliged to make under the penalties contained in this Act for not making other returns hereby required, and papers in their respective Offices.

[Assessors to make up assessments from Documents in their Offices, and deliver them to Commissioners.]

23. The said Assessors shall, from the documents and papers in their respective Offices, as well as from such lists and accounts as aforesaid, make their assessment upon the persons holding such offices, or entitled unto such pensions respectively, according to the annual value thereof, and shall, in like manner as is before directed with respect to Assessors for any District, bring in their said assessments to the respective Commissioners for their allowance.

[Commissioners, if satisfied, allow the assessments, if not, to correct and alter them.]

24. The said Commissioners, if satisfied with the said assessment, shall allow and set their hands to the same, and if not satisfied therewith, shall correct and alter the same, and shall, to that end, possess and exercise all the powers and authorities

[সরকারী নানা ডিপার্টমেণ্টের বেতনের হিসাব আসেসরদিগকে দেওয়া যাইবার কথা।]

২১ প্রকরণ। ঐ টাক্স বসাইবার কার্য্য ঐ আসেসরেরা আরো উত্তমরূপে করিতে পারেন এই কারণে, কর্ম্ম করিবার প্রত্যেক সরকারী ডিপার্টমেণ্টের, ও অন্য যেং আফিসে কমিস্যনরদিগকে এই আইনমতে নিযুক্ত করিবার কল্পনা হয়, সেইং আফিসের উপযুক্ত কর্ম্মকারকেরা কিম্বা তাঁহারদের নায়েব, ও বেতনাদির টাকা অন্য যে লোকেরদের হাতে আইসে তাঁহারা কি বকশীরা, এই আইনমতের বসান টাক্স আদায় করিবার কার্য্যেতে, ও কোন বেতন কি রসুম কি মেহনতানা কি উপরি টাকা কি প্রাপ্তি যে কোন গোমাশ্তার দ্বারা দেওয়া যায় তিনি, ও রেজিষ্টরীকরা কর্ম্মকারকেরা, ও এই আইনমতে যাঁহার উপর টাক্স লাগিতে পারে এমত কোন লোক কোন কোম্পানির যে সেক্রেটারীর কি প্রধান কর্ম্মকারকের কি কর্ম্মাধ্যক্ষের তাবে নিযুক্ত হন, সেই সেক্রেটারীপ্রভৃতি উক্ত টাক্সের আসেসরেরদের স্থানে আদেশ পাইলে, ঐ কর্ম্মকারকেরদের ও লোকেরদের ঐ বেতনের ও রসুমের ও প্রাপ্তির ও তাঁহারদিগকে যে সকল পেনসান ও মুশাহেরা দিতে হয়, তাহার যথার্থ ফর্দ্দ কি হিসাব নিখরচাতে দিবেন।

[আসেসরেরদের যদি তাহাতে খাতিরজমা না হয় তবে দফ্তরখানার লোকেরদের বেতনের ও প্রাপ্তির কৈফিয়ৎ তলব করিবার কথা।]

২২ প্রকরণ। উক্ত প্রকারের হিসাবে যদি ঐ আসেসরেরদের খাতিরজমা না হয়, তবে যাঁহার দফ্তরখানার সেই প্রাপ্তিপ্রভৃতির হিসাব যথার্থমতে লেখা যায় নাই এমত কোন কর্ম্মকারককে কি লোককে তাঁহারা এই আজ্ঞা করিতে পারিবেন যে, তিনি যে আফিসের কর্ম্ম চালান সেই আফিসের সকল বেতনের ও রসুমের ও মেহনতানার ও উপরি টাকার ও প্রাপ্তির এক ফর্দ্দ কি হিসাব প্রস্তুত করিয়া, অন্য হিসাব দাখিল করিবার যে মিয়াদ এই আইনেতে নিরূপণ হইয়াছে সেই মিয়াদের মধ্যে দেন। ও সেই হিসাব ঐ কর্ম্মকারকের কি লোকের দাখিল করিতে হইবেক। যদি না করেন, তবে এই আইনমতে অন্য যে কৈফিয়ৎ দাখিল করিবার আজ্ঞা হইয়াছে তাহা ও আপনং দফ্তরখানার কাগজপত্র না দেওনের যে দণ্ড এই আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে তাঁহার সেই দণ্ড হইতে পারিবে।

[আসেসরেরদের দফ্তরখানায় যে কাগজপত্র আছে তাহা দেখিয়া তাঁহারদের ঐ টাক্স ধার্য্য করিবার ও তাহা কমিস্যনরদিগকে দিবার কথা।]

২৩ প্রকরণ। উক্ত পদে যাঁহারা থাকেন, কিম্বা উক্ত পেনসান পাইবার স্বত্ব যাঁহারদের থাকে, তাঁহারদের বৎসরের প্রাপ্তিঅনুসারে ঐ আসেসরেরা আপনং দফ্তরখানার দলীলদস্তাবেজ ও কাগজপত্র ও উক্তপ্রকারের ফর্দ্দ ও হিসাব দেখিয়া টাক্স ধার্য্য করিবেন, ও কোন প্রদেশের আসেসরদিগকে যে প্রকারে করিবার আজ্ঞা হয় সেইপ্রকারে, তাঁহারা আপনারদের টাক্সের ফর্দ্দ গ্রাহ্য হইবার নিমিত্তে আপনারদের উপরিস্থ কমিস্যনরদিগকে দেখাইবেন।

[কমিস্যনরেরদের খাতিরজমা হইলে ঐ টাক্সের ফর্দ্দ গ্রাহ্য করিবার কথা, না হইলে তাহা সংশোধন ও পরিবর্ত্তন করিবার কথা।]

২৪ প্রকরণ। উক্ত ধার্য্যদরা টাক্সের ফর্দ্দে যদি কমিস্যনরেরদের খাতিরজমা হয়, তবে তাঁহারা তাহা গ্রাহ্য করিয়া তাহাতে দস্তখৎ করিবেন। যদি তাঁহারদের খাতিরজমা না হয়, তবে তাঁহারা ঐ ফর্দ্দ শুধরাইবেন ও তাহার পরিবর্ত্তন করিবেন। এই অভিপ্রায়ে সাধারণ কা-

herein conferred upon the said Commissioners for general purposes, so far as the same are applicable to an assessment of the said Duties under Schedule IV., and shall finally allow and set their hands to the said assessments when so altered and corrected as aforesaid.

র্য্যের উক্ত কমিস্যনরদিগকে যে সকল শক্তি ও ক্ষমতা এই আইনে [illegible] গেল, তাহা ৪ নম্বরের তফসীলমতের উক্ত টাক্স ধার্য্য করিবার কর্ম্মে যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত তাঁহারদিগকে দেওয়া যাইবে ও তদনুসারে তাঁহারা কার্য্য করিবেন। ও সেই ধার্য্যকরা টাক্সের ফর্দ উক্তমতে পরিবর্ত্তন ও সংশোধন হইলে তাঁহারা চূড়ান্ত রূপে তাহা গ্রাহ্য করিয়া তাহাতে দস্তখৎ করিবেন।

[Assessments when allowed to be in force for one year, and payable at periods as in Districts.]

[টাক্স গ্রাহ্য হইলে এক বৎসর প্রবল থাকিবার, ও প্রদেশে যেমন হইতে পারে তেমনি সময়ে২ ঐ টাক্সের টাকা দিবার কথা।]

25. The said assessments, when so allowed and signed as aforesaid, shall be in force for one year, commencing and payable at the like periods as the assessments in Districts are made payable.

২৫ প্রকরণ। উক্ত ধার্য্যকরা টাক্সের ফর্দ উক্ত প্রকারে গ্রাহ্য হইলে ও তাহাতে দস্তখৎ হইলে তাহা এক বৎসর প্রবল থাকিবে। অর্থাৎ প্রদেশে বসান টাক্স যে সময়ে আরম্ভ হয় ও তাহার টাকা যে২ সময়ে দেওয়া যাইতে পারে, ঐ টাক্সও সেই সময়ে আরম্ভ হইবেক ও সেই২ সময়ে দেওয়া যাইতে পারিবেক।

[Commissioners to deliver Duplicates of assessments to Collectors.]

[টাক্সের ফর্দের নকল কমিস্যনরেরদের কালেক্টরদিগকে দিবার কথা।]

26. The said respective Commissioners for the Duties on offices shall cause the like duplicates to be made of the said assessments and delivered to Collectors, with like warrants to collect the said Duties, as are before directed to be given to Collectors for any Districts.

২৬ প্রকরণ। কোন প্রদেশের কালেক্টরদিগকে ধার্য্যকরা টাক্সের ফর্দের নকল ও সেই টাক্স উসুল করিবার হুকুমনামা যেরূপে দিবার আজ্ঞা পূর্ব্বে হইয়াছে, সেইরূপে আফিসের টাক্স বসাইবার উক্ত বিশেষ কমিস্যনরেরা ঐ ধার্য্যকরা টাক্সের দোকর ফর্দ প্রস্তুত করাইয়া কালেক্টরদিগকে দিবেন, ও সেই টাক্স উসুল করিবার হুকুমনামাও দিবেন।

[Collecting Officers to demand and levy the Duties.]

[টাক্স আদায়কারি কার্য্যকারকেরা ঐ টাক্স দাওয়া করিয়া উসুল করিবেন।]

27. The said Officers for collection and receipt of the said Duties on offices, shall have the like authority to demand and levy the said Duties as is herein given, to the Collecting Officer of any District.

২৭ প্রকরণ। কোন প্রদেশের টাক্স আদায়কারি কার্য্যকারককে এই আইনে যে ক্ষমতা দেওয়া গেল, কোন পদের উক্ত টাক্স আদায় ও গ্রহণ করিবার উক্ত কার্য্যকারকদিগকেও উক্ত টাক্স চাহিয়া লইবার ও উসুল করিবার সেই ক্ষমতা দেওয়া গেল।

[Commissioners to deliver like Duplicates when Duty on salaries detained to officers who shall keep account.]

[বেতনের উপর যে টাক্স লাগে তাহা যদি প্রধান কর্ম্মকারকেরা আটকিয়া রাখেন, তবে তাঁহারদিগকেও কমিস্যনরেরদের ঐ টাক্সের নকল দিবার, ও ঐ কর্ম্মকারকেরদের হিসাব রাখিবার কথা।]

28. Provided, always, that in all cases where the Duties on any salaries, fees, wages, perquisites, or profits of any office shall be detained and stopped out of the same, or out of any monies which shall be paid thereupon, the respective Commissioners shall cause the like duplicates to be delivered to the proper Officers in the respective Offices who shall keep true accounts of all monies stopped and detained under the authority of this Act, and account for, and pay away the same as directed in of this Act.

২৮ প্রকরণ। কিন্তু কোন বেতনের কি রসুমের কি মেহনতানার কি উপরি টাকার কি প্রাপ্তির উপর যে টাক্স বসান যায়, তাহা যদি বেতনপ্রভৃতি হইতে কিম্বা ঐ বেতনাদির বাবৎ কোন টাকাহইতে কাটিয়া রাখা যায়, তবে ঐ বিশেষ কমিস্যনরেরা ঐ২ দফ্তরখানার উপযুক্ত কার্য্যকারকদিগকে ঐ টাক্সের ফর্দের সেইরূপ নকল দেওয়াইবেন। ও সেই কার্য্যকারকেরা এই আইনের শক্তিক্রমে যে সকল টাকা আটকিয়া রাখেন, তাহার যথার্থ হিসাব রাখিবেন, ও এই আইনমতে যেমন আজ্ঞা হইয়াছে তেমনি তাহার হিসাব রাখিবেন, ও সেই টাকা দিবেন।

[Duties on Offices which cannot be stopped to be certified in case of non-payment.]

[যদি কোন টাক্স বেতনহইতে কাটিয়া লওয়া যাইতে না পারে, তবে টাক্স না দেওয়া গেলে সেই কথার সর্টিফিকট হইবার কথা।]

29. Where the Duties hereby chargeable upon any office or employment of profit, cannot be detained and stopped according to the provisions of this Rule, or the amount of such Duties shall have been paid over to the person holding or exercising the said office or employment, and such person shall refuse or neglect to pay the sum of money charged upon him, the Commissioners for raising the Duties on the said offices shall and may certify in

২৯ প্রকরণ। এই আইনমতে কোন পদের কি লভ্যজনক কর্ম্মের উপর যে টাক্স লাগিতে পারে, তাহা যদি এই বিধির নিয়মমতে আটকিয়া রাখা যাইতে না পারে, কিম্বা সেই টাক্স যত টাকা হয় তাহা যদি ঐ পদস্থ লোককে কিম্বা ঐ কর্ম্মকারি লোককে দেওয়া গিয়াছে, ও তাঁহার উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা যদি সেই লোক দিতে স্বীকার না করেন কি ত্রুটি করেন, তবে ঐ ক্রটি করিবার কি স্বীকার না করিবার কথা, ও এই আইনের বলে যত টাকা দিতে হয় সেই কথার সর্টি-

writing such neglect or refusal and the sum payable by virtue of this Act.

[When Commissioners shall be distinct from Commissioners for general purposes, the certificates to be addressed to the latter, who shall issue their warrants to the Collector of the District where parties reside for levying the same.]

30. When the last mentioned Commissioners shall be distinct from the Commissioners for general purposes, such certificate shall be addressed to the Commissioners for general purposes, and upon the receipt of such certificate, or, in case the Commissioners for raising the Duties on the said Offices shall be also the Commissioners for general purposes, as soon as the same shall have been signed by them, the Commissioners for general purposes shall issue their warrant, authorising and empowering the Collecting Officer of the District where such Officer or person shall reside, to levy the said Duties from such Officer or person.

[Collectors to execute such warrants.]

31. Such Collecting Officer shall thereupon execute such warrant accordingly, and shall levy the said Duties by the like ways and means, and under the like powers as is herein provided, in regard to the Duties under Schedules I. and II., and as if such Officer or person were charged to the said Duties in such District.

[Officers acting in raising the Duties on Offices liable to penalties for default.]

32. The respective Assessors and Officers appointed to raise and assess, or levy, collect and pay the sums of money to be charged under Schedule IV. of the Act, shall respectively be subject to the penalties and forfeitures for refusing or neglecting the performance of their duty, or for being guilty of any fraud or abuse in executing the same as are inflicted on such Officers respectively, for the like offences in respect of Schedules I. and II., or either of them.

[Duties to be stopped at the times at which payable.]

33. Such of the said Duties, levied under Schedule IV of this Act, as may be stopped and deducted out of the sums in respect whereof they shall be charged or deducted, shall be respectively stopped or deducted at such times in each year as the said sums shall be payable to the person entitled thereto.

PART XI.

Discretionary modes of Assessment in particular Districts

[Government may order Assessment by Punchayets or otherwise than according to the general provisions of this Act.]

LXXXIII Whenever it shall appear desirable to the local Government that the assessment to the Duties imposed under Schedules I. and II. of this

ফিকট, ঐ২ পদের টাক্স আদায় করিবার কমিসানরের লিখিতে পারিবেন ও লিখিবেন।

[ঐ কমিসানরেরা যদি সাধারণ কার্য্যের কমিসানর-ছাড়া অন্য হন, তবে তাঁহারদিগের নামে ঐ সর্টিফিকট লিখিবার কথা, ও সেই লোকেরা যে প্রদেশে বাস করেন তাহার কালেক্টরকে ঐ টাক্স উসুল করিবার হুকুমনামা দিবার কথা।]

৩০ প্রকরণ। শেষোক্ত কমিসানরেরা যদি সাধারণ কার্য্যের কমিস্যনর না হইয়া অন্য কমিস্যনর হন, তবে সেই সর্টিফিকট ঐ সাধারণ কার্য্যের কমিসানরেরদের নামে লিখিতে হইবেক, ও তাঁহারা সেই সর্টিফিকট পাইলে পর, কিম্বা ঐ২ আফিসে টাক্স বসাইবার কমিস্যনরেরা যদি সাধারণ কার্য্যের কমিস্যনর হন, তবে ঐ সর্টিফিকটে তাঁহারা দস্তখৎ করিলে পর, সাধারণ কার্য্যের কমিসানরেরা ঐ কর্ম্মকারক কি ব্যক্তি যে প্রদেশে বাস করেন সেই প্রদেশের টাক্স আদায়কারির নামে হুকুমনামা জারী করিয়া ঐ লোকের স্থানে ঐ টাক্স উসুল করিতে ক্ষমতা ও শক্তি দিবেন।

[সেই হুকুমনামামতে কালেক্টরেরদের কার্য্য করিবার কথা।]

৩১ প্রকরণ। তাহা হইলে টাক্স আদায়কারি ঐ কার্য্যকারক ঐ হুকুমনামামতে কার্য্য করিবেন. ও ১ ও ২ নম্বরের তফসীলমতের টাক্সের বিষয়ে যেরূপে ও যে নিয়মে ও যে শক্তিক্রমে টাক্স আদায় করিবার বিধান এই আইনে হইয়াছে, সেইরূপে ও নিয়মে ও সেই শক্তিক্রমে ও সেই কর্ম্মকারকের কি ব্যক্তির সেই টাক্স ঐ প্রদেশে বসান যাইবার মতে, ঐ কালেক্টর সেই টাক্স আদায় করিবেন।

[যে কার্য্যকারকেরা পদের টাক্স বসান তাঁহারদের ত্রুটি হইলে তাঁহারদের দণ্ডের কথা।]

৩২ প্রকরণ। এই আইনের ৪ নম্বরের তফসীলমতে যে টাক্স বসান যাইবে, তাহা বসাইতে ও ধার্য্য করিতে কি তাহা উসুল ও আদায় করিতে ও দিতে যে২ আসেসরেরা ও কর্ম্মকারকেরা নিযুক্ত হন, তাঁহারা যদি আপনারদের কর্ত্তব্য কর্ম্ম করিতে স্বীকার না করেন কি ত্রুটি করেন, কিম্বা সেই কর্ম্ম করিতে যদি কোন চাতুরী কি অন্যায় করিবার দোষী হন, তবে ১ ও ২ নম্বরের কি তাহার মধ্যের কোন তফসীলের সম্পর্কে সেই প্রকারের কার্য্যকারকেরা সেই অপরাধ করিলে যে দণ্ডের যোগ্য হন তাঁহারদের সেই দণ্ড হইতে পারিবেক।

[বেতনাদির টাকা যে সময়ে দেওয়া যায় সেই সময়ে টাক্স কাটিয়া রাখিবার কথা।]

৩৩ প্রকরণ। এই আইনের ৪ নম্বরের তফসীলমতের ধার্য্যকরা উক্ত টাক্স যে বেতনাদির উপর বসান যায় তাহাহইতে যদি কাটিয়া রাখিবার ও বাদ দিবার অনুমতি হয়, তবে ঐ টাকা বৎসরের যে২ সময়ে ঐ টাকাপাওনিয়া লোককে দেওয়া যায়, সেই২ সময়ে ঐ টাক্সের টাকা আটকিয়া কি বাদ দিয়া রাখিতে হইবে ইতি।

একাদশ খণ্ড।

বিশেষ কোন২ জিলাতে লোকেরদের ইচ্ছামতে টাক্স ধার্য্য করিবার বিধি।

[পঞ্চায়ত দ্বারা, কিম্বা এই আইনের সাধারণ বিধি মতে না হইয়া টাক্স ধার্য্য করিতে গবর্ণমেণ্টের হুকুম করিবার কথা।]

৮৩ ধারা। কোন জিলাতে কি নগরে কি প্রদেশে, কিম্বা কোন জিলার কি নগরের কি প্রদেশের কোন অংশে কি মহলাতে এই আইনের ১ ও ২ নম্বরের তফ-

Act, or either of them, in any District, Town, Village, or Tract of country, or in any portions or quarter of a District, Town, Village, or Tract of Country should be made by a Punchayet, or otherwise than according to the general provisions of this Act, it shall be lawful for such Government, subject to the approval of the Governor-General in Council, to order that the inhabitants of the said District, Town, Village, or Tract of Country, or of the said portion of a District, Town, Village, or Tract, or any class of such inhabitants who shall be chargeable with such Duties, shall be assessed to the Duties mentioned in Schedules I. and II. of this Act, or in either of such Schedules, by Punchayet, or otherwise than according to the general provisions of this Act, and according to such mode of assessment as shall be directed by the said local Government with such sanction as aforesaid, under the tenth part of this Act.

[Government may rescind or vary the order from time to time.]

LXXXIV. It shall be lawful for the local Government, with such sanction as aforesaid, at any time after the said order shall have been in operation for one year, to rescind the said order, or from time to time to vary the same, and to alter the mode of assessment thereby directed.

[Collector to publish such order in the District before proceedings are taken under it.]

LXXXV. Before any proceedings shall be had under such original order, or under any order varying the same, or in consequence of any such order of rescission, the Collector of the District shall cause such original order, or such varied order, or such order of rescission as aforesaid, to be published and notified in and throughout the said District, Town, Village, or Tract of Country in the manner usual in such District, Town, Village, or Tract.

[Orders shall also be published in the *Government Gazette.*]

LXXXVI. Every such original order, and every order varying the same, and every such order of rescission, shall also be published in the *Government Gazette*, of the Lieutenant-Governorship, or Province in or nearest to which the said District or Town, Village or Tract shall be.

[Where any such order shall have been made and shall remain in force, Duties to be assessed under such order, and not under general provisions of Act.]

LXXXVII. Whenever any such original order, or any order varying the same, shall have been made, the inhabitants of the said District, Town, Village, or Tract, or of such portion of such District, Town, Village, or Tract, or the Members of such class of the said inhabitants as aforesaid, who shall be chargeable with such Duties, shall, so long as such order shall be in force, be assessed in respect of all the property and profits mentioned in Schedules I. and II. of this Act, or in respect of all

লিখিতমতের টাক্স পঞ্চায়তের দ্বারা ধার্য্যকরা বিহিত, কিম্বা এই আইনের সাধারণ বিধানমতে না হইয়া অন্য প্রকারে ধার্য্য করা বিহিত, স্থানদিগেশের গবর্ণমেণ্ট যদি এমত বোধ করেন, তবে স্থানদিগেশের ঐ গবর্ণমেণ্ট আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের কিম্বা ঐ জিলা-প্রভৃতির উক্ত অংশের নিবাসি লোকেরদের, কিম্বা তদ্রূপ নিবাসি যে কোন শ্রেণীর লোকেরদের ঐ টাক্স লাগিতে পারে তাঁহারদের, এই আইনের ১ ও ২ নম্বরের তফসীল কিম্বা তাহার কোন তফসীলের লিখিত টাক্স পঞ্চায়তে দ্বারা ধার্য্য হয়, কিম্বা এই আইনের সাধারণ বিধানমতে না হইয়া অন্য প্রকারে ধার্য্য হয়, ও ঐ টাক্স ধার্য্য করিবার যে নিয়ম ঐ স্থানদিগেশের গবর্ণমেণ্ট এই আইনের দশম খণ্ডঅনুসারে নির্দিষ্ট করেন, সেই নিয়মমতে ঐ টাক্স ধার্য্য হয়, কিন্তু এই কার্য্যেতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের সম্মতির প্রয়োজন থাকে ইতি।

[এই হুকুম গবর্ণমেণ্টের সময়ে২ বাতিল কি বদল করিতে পারিবার কথা।]

৮৪ ধারা। উক্ত হুকুম এক বৎসরপর্য্যন্ত প্রবল থাকিলে পর কোন সময়ে, স্থানদিগেশের গবর্ণমেণ্ট উক্ত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতি লইয়া ঐ হুকুম রদ করিতে পারিবেন, কিম্বা সময়ে২ তাহা বদল করিতে পারিবেন, ও তাহাতে টাক্স ধার্য্য করিবার যে নিয়মের আজ্ঞা হইয়াছে তাহার পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[সেই হুকুমমতের কোন কার্য্য হইবার পূর্ব্বে কালেক্টরের প্রদেশের মধ্যে ঐ হুকুম প্রকাশ করিবার কথা।]

৮৫ ধারা। সেই প্রথম হুকুমমতের, কিম্বা তাহার পরিবর্ত্তন করিবার কোন হুকুমমতের কোন কার্য্য হইবার পূর্ব্বে, কিম্বা ঐ হুকুম রদ হওয়াপ্রযুক্ত কোন কার্য্য হইবার পূর্ব্বে, প্রদেশের কালেক্টর উক্ত জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের মধ্যে ও তাহার সর্ব্ব স্থানে, ঐ জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের চলিত রীতিমতে, ঐ প্রথম হুকুম কিম্বা মতান্তরকরা ঐ হুকুম কিম্বা ঐ হুকুম পূর্ব্বোক্তমতে রদ হইবার কথা প্রকাশ করাইবেন ও তাহার এত্তেলা দেওয়াইবেন ইতি

[ঐ হুকুম গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবার কথা।]

৮৬ ধারা। আরো সেই প্রথম হুকুম ও তাহা মতান্তর করিবার প্রত্যেক হুকুম ও তাহা রদ করিবার প্রত্যেক হুকুম, ঐ জিলা কি নগর কি গ্রাম কি প্রদেশ যে লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকার কি প্রদেশের মধ্যে কি অতি নিকট থাকে, তাহার গবর্ণমেণ্ট গেজেটে ছাপা হইবেক ইতি।

[সেই প্রকারের হুকুম হইয়া যত কাল প্রবল থাকে তত কাল সেই হুকুমমতে টাক্স ধার্য্য হইবার কথা ও আইনের সাধারণ বিধানমতে না হইবার কথা।]

৮৭ ধারা। সেই প্রকারের কোন আসল হুকুম কিম্বা তাহা মতান্তর করিবার কোন হুকুম যখন করা যায়, তখন ঐ জিলা কি নগর কি গ্রাম কি প্রদেশ নিবাসি, কিম্বা সেই জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের উক্ত প্রকার অংশ নিবাসি লোকেরদের, কি তদ্রূপ নিবাসি যে শ্রেণীর লোকেরদের ঐ টাক্স লাগিতে পারে, তাঁহারদের এই আইনের ১ ও ২ নম্বরের তফসীলের লিখিত সকল সম্পত্তির ও প্রাপ্তির জন্যে, কিম্বা উক্ত যে কোন তফসীলের কথা ঐ হুকুমে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার লিখিত সকল সম্পত্তির ও প্রাপ্তির জন্যে তাঁহারদের টাক্স ঐ হুকুম যত কাল বহাল থাকে তত কালপর্য্যন্ত

the property and profits mentioned in such one of the said Schedules as the said order shall direct, by punchayet or otherwise, according to the provisions of such order, and of the eleventh part of this Act, and not according to the general provisions of this Act.

ঐ হুকুমের ও এই আইনের একাদশ খণ্ডের বিধানমতে পঞ্চায়তের দ্বারা কি অন্য প্রকারে ধার্য্য হইবেক, এই আইনের সাধারণ বিধানমতে ধার্য্য হইবেক না ইতি।

[Any person giving notice to the Collector within ten days after proclamation of order of his unwillingness to be assessed under the order, shall not be assessed under such order, but according to general provisions of Act.]

[ঐ হুকুমের এত্তেলা দেওয়া যাইবার পরে দশ দিনের মধ্যে যদি কোন লোক ঐ হুকুমমতে টাক্স ধার্য্য না হইবার মানস প্রকাশ করেন, তবে তাঁহার টাক্স সেই হুকুমমতে ধার্য্য না হইয়া, আইনের সাধারণ বিধানমতে ধার্য্য হইবার কথা।]

LXXXVIII. Provided, always, that if any inhabitant of the said District, Town, Village, or Tract of Country, or of the portion or quarter of a District, Town, Village, or Tract, included in any such said original order, or in any order varying or altering the same, or any Member of the said class of inhabitants included in the said order shall, within ten days after the said original order, or order varying or altering the same, shall have been so proclaimed as aforesaid, notify to the Collector of the District that he is desirous to be assessed according to the ordinary provisions of this Act, such person shall not be assessed under the said order, but shall be assessed under the ordinary provisions of this Act as contained in the third and fourth parts thereof, as if no such order had been made.

৮৮ ধারা। কিন্তু উক্ত প্রকারের কোন আসল হুকুমেতে কিম্বা তাহার পরিবর্ত্তন কি মতান্তর করিবার কোন হুকুমে, উক্ত যে জিলা কি নগর কি গ্রাম কি প্রদেশ ধরা আছে, কিম্বা ঐ জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের যে অংশ কি মহল্লা ধরা আছে, তাহার কোন বাশেন্দা কিম্বা ঐ বাশেন্দারদের যে শ্রেণী উক্ত হুকুমে ধরা আছে তাঁহারদের কোন লোক, ঐ আসল হুকুম কিম্বা তাহা পরিবর্ত্তন কি মতান্তর করিবার হুকুম পূর্ব্বোক্তমতে জারী হইলে পর দশ দিনের মধ্যে যদি প্রদেশের কালেকটরকে জ্ঞাত করেন যে, আমার টাক্স এই আইনের সাধারণ বিধানমতে ধার্য্য হয় আমার এই ইচ্ছা, তবে সেই লোকের টাক্স উক্ত হুকুমমতে ধার্য্য হইবেক না, কিন্তু সেই হুকুম না হইবার মতে এই আইনের তৃতীয় ও চতুর্থ খণ্ডে এই আইনের যে বিধান আছে সেই বিধানমতে তাঁহার টাক্স ধার্য্য হইবেক ইতি।

[Assessment to be made to the satisfaction of the Collector, who shall be at liberty to attend meetings of assessing Body.]

[টাক্স কালেকটরের খাতিরজমামতে করিবার কথা ও যাঁহারা টাক্স ধার্য্য করেন তাঁহারদের বৈঠকে তাঁহার বর্ত্তমান থাকার কথা।]

LXXXIX. The assessment to be made under any such order of the local Government, shall be made by such punchayet or other persons appointed as aforesaid, to the satisfaction of the Collector of the District, who shall be at liberty to attend at any meetings of such punchayet or persons as aforesaid, or from time to time, to call for their proceedings.

৮৯ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্টের উক্ত প্রকারের কোন হুকুমমতে যে টাক্স ধার্য্য করিতে হইবেক, তাহা কোন পঞ্চায়তের কিম্বা পূর্ব্বোক্তমতের নিযুক্ত কোন লোকেরদের দ্বারা প্রদেশের কালেকটরের খাতিরজমামতে ধার্য্য করিতে হইবেক। পূর্ব্বোক্ত পঞ্চায়তের কি লোকেরদের কোন বৈঠক হইলে তিনি তাহাতে বর্ত্তমান থাকিতে পারিবেন, কিম্বা সময়েং তাঁহারদের কার্য্যের কাগজপত্র তলব করিয়া দেখিতে পারিবেন ইতি।

[Collector may require Punchayet to reconsider their assessment.]

[পঞ্চায়তকে আপনারদের ধার্য্যকরা টাক্স পুনরায় বিবেচনা করিতে কালেকটরের আজ্ঞা করিতে পারিবার কথা।]

XC. If the said punchayet or persons propose to make an assessment with which the said Collector shall not be satisfied, he shall require them to reconsider and revise the same from time to time, until he shall be satisfied with the said assessment.

৯০ ধারা। উক্ত পঞ্চায়ত কি লোকেরা যে টাক্স ধার্য্য করিতে প্রস্তাব করেন, তাহাতে যদি উক্ত কালেকটরের খাতিরজমা না হয়, তবে তিনি তাঁহারদিগকে সেই টাক্স পুনর্ব্বিচার কি পুনর্দৃষ্টি করিতে আজ্ঞা করিবেন, ও যত কাল উক্ত ধার্য্যকরা টাক্সেতে তাঁহার খাতিরজমা না হয়, তত কাল তিনি সময়েং সেই প্রকারের হুকুম করিতে পারিবেন ইতি।

[If the Collector be dissatisfied, the assessment shall be made according to the ordinary provisions of this Act.]

[কালেকটরের যদি খাতিরজমা না হয় তবে এই আইনের সাধারণ বিধানমতে টাক্স ধার্য্য হইবার কথা।]

XCI. If the said Collector shall not be satisfied with the assessment proposed to be made, after he shall have so required them to reconsider the same as aforesaid, and if they shall refuse or neglect to revise and alter the same to his satisfaction, the said Collector shall certify that he is dissatisfied with the assessment proposed to be made, and thereupon no further proceedings shall be held under the said order; but the said several persons in the said District, Town, Village, or Tract of Country, or in

৯১ ধারা। ঐ কালেকটর তাঁহারদিগকে ঐ টাক্স পূর্ব্বোক্তমতে পুনর্ব্বিচার করিতে আজ্ঞা করিলে পর, তাঁহারা যে টাক্স ধার্য্য করিতে চাহেন তাহাতে যদি তাঁহার খাতিরজমা না হয়, ও তাঁহারা যদি ঐ টাক্স তাঁহার খাতিরজমামতে পুনর্দৃষ্টি ও মতান্তর করিতে স্বীকার না করেন কি ত্রুটি করেন, তবে তাঁহারা যে টাক্স ধার্য্য করিতে চাহেন তাহাতে তাঁহার খাতিরজমা হয় নাই, এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন। তাহা করিলে ঐ হুকুমমতে আর কোন কার্য্য হইবেক না। কিন্তু ঐ জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের, কিম্বা তাহার

the said portion of District, Town, Village, and Tract, or in the said class mentioned in the said order, and chargeable by the said Duties, shall be assessed to the said Duties in the manner prescribed, and according to the ordinary provisions of this Act, as contained in the fourth and subsequent parts thereof, and shall be liable to make all the returns, statements, and declarations, and to do the several acts and things in order to the said assessment, and shall be subject to the same proceedings as in the fourth and subsequent parts of this Act provided, as if no such order had been made.

[Collector, if satisfied, shall confirm the assessment.]

XCII. If the said Collector shall be satisfied with any assessment made by such punchayet or persons as aforesaid, he shall confirm the same, and shall cause proclamation to be made as aforesaid, in the said District, Town, Village, or Tract aforesaid, that he has confirmed the said assessment.

[Such confirmation shall be final and conclusive, except in cases of appeal or fraud.]

XCIII. The assessment so confirmed shall be final and conclusive, unless the same shall be disallowed or varied upon any such appeal or further proceeding as hereafter mentioned, and shall be subject also to be surcharged in case of fraud as in Section LXI. of this Act provided.

[To be continued.]

উক্ত অংশের উক্ত যে প্রত্যেক লোকের উপর, কিম্বা ঐ হুকুমের লিখিত শ্রেণীর যে প্রত্যেক জনের উপর ঐ টাক্স ধার্য্য হইতে পারে, তাঁহার উপর ঐ টাক্স এই আইনের নির্দ্দিষ্ট প্রকারে ও এই আইনের চতুর্থ ও তৎপরের অন্য২ খণ্ডের লিখিত সাধারণ বিধানমতে ধার্য্য হইবেক। ও সেই টাক্স ধার্য্য হইবার জন্যে এই আইনের চতুর্থ ও তৎপরের অন্য২ খণ্ডে যে২ ফর্দ্দ ও কৈফিয়ৎ ও নিশ্চয়ার্থক কথা লিখিবার, ও অন্য যে২ কার্য্য ও বিষয় করিবার বিধান আছে তাহা ঐ লোকের করিতে হইবেক, ও সেই বিধানমতে তাহার উপর মোকদ্দমা চলিতে পারিবেক, অর্থাৎ উক্ত প্রকারের কোন হুকুম না করা যাইবার মতে হইবেক ইতি।

[কালেক্টরের খাতিরজমা হইলে, ঐ টাক্স মঞ্জুর হইবার কথা]

৯২ ধারা। ঐ পঞ্চায়ত কি উক্ত লোকেরা যে টাক্স ধার্য্য করেন, তাহাতে যদি কালেক্টরের খাতিরজমা হয়, তবে তিনি তাহা মঞ্জুর করিবেন। ও তিনি ঐ ধার্য্যকরা টাক্স মঞ্জুর করিয়াছেন এই কথা পূর্ব্বোক্ত জিলাতে কি নগরে কি গ্রামে কি প্রদেশে পূর্ব্বোক্ত প্রকারে ঘোষণা করাইবেন ইতি।

[প্রতারণা কি আপীল না হইলে, ঐ টাক্স মঞ্জুর করা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবার কথা।]

৯৩ ধারা। উক্ত মতে ধার্য্যকরা যে টাক্স মঞ্জুর হইয়াছে তাহার উপর পশ্চাৎ লিখিতমতে আপীল হইয়া কি অন্য প্রকারের কার্য্য হইয়া যদি তাহা অগ্রাহ্য কি মতান্তর না হয়, তবে তাহা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক। আরো যদি প্রতারণা হয়, তবে এই আইনের ৬১ ধারার বিধানমতে তাহার উপর উপরি টাক্স বসান যাইতে পারিবে ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 8.

To the several Civil Judges in the Lower Provinces, and to the Civil Authorities in the Non Regulation Provinces to which Act VIII. of 1859 has been extended.

The Court, having had referred to them by the Officiating Judge of Cuttack the questions inserted in the margin,* connected with the enforcement of private awards under Section 327, Act VIII. of 1859, direct me, with a view to uniformity of procedure in the Courts under their control, to circulate the following answers for general information.

* "Is the application to be made as a miscellaneous matter in the Judge's Court, or is it to be regarded as the institution of a regular suit, and preferred therefore in the Court of lowest jurisdiction competent to try the case, i. e. in the Courts of the Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens, according as the amount may or may not exceed 300 Rupees and 1000 Rupees?"

2. "Is the application to be made on stamp paper prescribed for petitions of plaint, or on that for miscellaneous petitions and applications?"

[*Government Gazette*, 29th *May*. 1860.]

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু, ও আইনবহির্ভূত যে২ প্রদেশে ১৮৫৯ সালের ৮ আইন চালান গিয়াছে সেই২ প্রদেশের দেওয়ানীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১৮৫৯ সালের ৮ আইনের ৩২৭ ধারামতে আপোসে যে ফয়সলা হয় তাহা প্রবল করিবার বিষয়ে কটকের একটিং জজ সাহেব নীচের লিখিত * কথা সদর আদালতে জিজ্ঞাসা করিয়াছেন। তাহাতে তাঁহারদের অধীন আদালতে কার্য্য করিবার একি নিয়ম হয়, এই কারণে সকল লোকের জানিবার জন্যে তাঁহারা আমাকে এই উত্তর প্রকাশ করিতে আজ্ঞা করেন।

* ১। ঐ দরখাস্ত কোথায় করিতে হইবেক, অর্থাৎ মুৎফরক্কা বিষয়ের ন্যায় জজ সাহেবের আদালতে, না রীতিমতের মোকদ্দমা উপস্থিত করণের তুল্য জ্ঞান হইয়া অধঃস্থ যে আদালতে ঐ মোকদ্দমার বিচার হইতে পারে সেই আদালতে, অর্থাৎ মুনসেফের, কিম্বা ৩০০৲ শত টাকার অধিকের মোকদ্দমা হইলে সদর আমীনের, কি ১০০০৲ টাকার অধিকের হইলে প্রধান সদর আমীনের আদালতে করিতে হইবেক।

২। ঐ দরখাস্ত কি প্রকারের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক, অর্থাৎ নালিশের আরজী যে প্রকারের ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম আছে তাহাতে, না মুৎফরক্কা আরজী ও দরখাস্ত যে ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম আছে তাহাতে।

2. In regard to the *first* question, the Court have held that the *application to give effect* to a private *award* should be made to the Court having jurisdiction as to value; and so far as the question involved is to be tried, viz., whether the award shall stand or not, it will be brought on the file as a *regular suit*, and be inserted in the Quarterly Statement No. 1, intended for the entry of regular cases.

After the award is upheld on trial, *application for its execution* should be made to the Court upholding the award, on its *miscellaneous side*, and be inserted in the statement No. 2 or No. 3 for the entry of miscellaneous cases, according as the deciding Court may be that of the Judge and Principal Sudder Ameen, or that of the Sudder Ameen and Moonsiff.

A special heading (18) for the entry of these Cases in their *second* or miscellaneous stage, has been provided in the new statement No 2. The Court request that a similar heading may be inserted in the new statement No. 3, between the present headings, 3 and 4, and numbered 4; the present headings, 4, 5, 6 & 7, being severally altered to 5, 6, 7 and 8.

3. In regard to the *second* question, the Court have held that the applications should be made on the stamp now required for miscellaneous petitions.

(Signed) H. B LAWFORD,
Offg Register.

Fort William, the 14th April, 1860.

২। প্রথম কথার বিষয়ে সদর আদালতের সাহেবেরা এই নির্দ্ধার্য্য করিয়াছেন, আপোসে যে ফয়সলা হয় তাহা প্রবল করিবার দরখাস্ত, মূল্য বুঝিয়া যে আদালতের এলাকা থাকে সেই আদালতে করিতে হইবেক। ও ঐ দরখাস্ত যে বিষয়ের হয়, অর্থাৎ ঐ ফয়সলা বহাল থাকিবে কি না এই বিষয়ের বিচার হইবার জন্যে তাহা জাবেতামত মোকদ্দমার ন্যায়, নথীর শামিল করা যাইবেক, ও তিন২ মাসের ১ নম্বরের যে কৈফিয়তে জাবেতামতের মোকদ্দমা লিখিতে হয়, তাহাতে লেখা যাইবে।

ঐ ফয়সলা বিচার হইয়া বহাল রাখা গেলে, যে আদালতে ঐ ফয়সলা বহাল করা যায়, সেই আদালতে মুতফরক্কার ন্যায় ঐ ফয়সলা জারী করিবার দরখাস্ত করিতে হইবেক। ও যে আদালত ঐ মোকদ্দমার নিষ্পত্তি করেন তাহা জজ সাহেবের কি প্রধান সদর আমীনের আদালত হইলে, মুতফরক্কা মোকদ্দমার ২ নম্বরের কৈফিয়তে লিখিতে হইবেক, কিম্বা সদর আমীনের কি মুনসেফের আদালত হইলে ৩ নম্বরের কৈফিয়তে লিখিতে হইবেক।

ঐ মোকদ্দমার দ্বিতীয় অর্থাৎ মুতফরক্কা অবস্থা হইলে, তাহা লিখিবার জন্যে ১৮ নম্বরের এক বিশেষ ঘর ২ নম্বরের নূতন কৈফিয়তে হইয়াছে। সদর আদালতের সাহেবেরা আদেশ করিতেছেন যে, ৩ নম্বরের নূতন কৈফিয়তে এইক্ষণকার ৩ ও ৪ নম্বরের ঘরের মধ্যে অন্য ঘর করিয়া তাহার ৪ নম্বর লেখ, ও এইক্ষণকার ৪ ও ৫ ও ৬ ও ৭ ঘরের নম্বর পরিবর্ত্তন করিয়া ৫ ও ৬ ও ৭ ও ৮ নম্বর লেখ।

৩। দ্বিতীয় জিজ্ঞাসার বিষয়ে সদর আদালতের সাহেবেরা এই নির্দ্ধার্য্য করিয়াছেন যে, এইক্ষণে মুতফরক্কা দরখাস্ত যে প্রকারের ইষ্টাম্প কাগজে লিখিতে হয় সেই প্রকারের কাগজে ঐ দরখাস্ত লিখিতে হইবেক।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৪ আপ্রিল।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 16*th May*, 1860.

Baboo Biseshur Chuckerbutty, Moonsiff of Bishenpore, in Zillah West Burdwan, to be Moonsiff of Culna, in Zillah East Burdwan, Baboo Umbica Churn Mitter, Moonsiff of Ajmerigunge, in Zillah Sylhet, to be Moonsiff of Bishenpore, and Gooroochurn Doss, to be Moonsiff of Ajmerigunge.

LEAVE OF ABSENCE.

The 16*th May*, 1860.

Moulvy Syed Ahmed, Moonsiff of Bhotmarce, Zillah Rungpore, for ten days, under Medical Certificate.

H. B. LAWFORD, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ১৬ মে।

পশ্চিম বর্দ্ধমানের বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু বিশেশ্বর চক্রবর্ত্তী পূর্ব্ব বর্দ্ধমানের কুলনার মুনসেফ হইবেন। ছিলটের আজমীরীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ মিত্র বিষ্ণুপুরের মুনসেফ হইবেন। ও শ্রীযুত বাবু গুরুচরণ দাস আজমীরীগঞ্জের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ মে।

জিলা রঙ্গপুরের ভোটমারীর মুনসেফ শ্রীযুত মৌলবী সৈয়দ আহমদ চিকিৎসকের সার্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

২৪৩৭ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত এল ডিবিরিয়া সাহেব (Mr. L. Deveria,) গত নবেম্বর মাসের ১৫ তারিখঅবধি জরিপী কার্য্যের প্রথম অর্থাৎ উত্তরাংশে দ্বিতীয় সব-আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত জি ই নাশ সাহেব (Mr. G. E. Nash.) গত জানুআরি মাসের ১ তারিখঅবধি জরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশে দ্বিতীয় সব-আসিষ্টাণ্ট হইবেন

শ্রীযুত পি এচ ডবলিউ ব্রেডি সাহেব (Mr. P. H. W. Brady,) গত ফেব্রুআরি মাসের ১ তারিখঅবধি জরিপী

কার্য্যের ষষ্ঠ অর্থাৎ ছোট নাগপুর এলাকাতে দ্বিতীয় সব-আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত পাল আগাবেগ সাহেব (Mr. Paul Agabeg,) জরিপী কার্য্যের তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশে প্রধান সব-আসিষ্টান্ট হইবেন।

১৮৬০ সাল ১০ মে।

১৮৬০ সালের ১১ আইনের ১২ ধারার বিধানমতে নীচের লিখিত মহাশয়েরা বাঙ্গলা দেশে নীল বুনিবার যে নিয়ম চলে ও বাঙ্গলা দেশে নীলকরেরদের ও রাইয়তেরদের ও জমীদারেরদের মধ্যে যে সম্পর্ক থাকে তাহার তদন্ত ও রিপোর্ট করিবার নিমিত্তে কমিস্যনরস্বরূপ নিযুক্ত হইয়াছেন বিশেষত;

শ্রীযুত ডবলিউ এস সিটনকার সাহেব (Mr. W. S. Seton-Karr,) সভাপতি।

শ্রীযুত আর টেম্পল সাহেব (Mr. R. Temple.)

শ্রীযুত ডবলিউ এফ ফর্গসন সাহেব (Mr. W. F. Fergusson.)

শ্রীযুত পাদরি জে সেল সাহেব (Reverend J. Sale.)

শ্রীযুত বাবু চন্দ্রমোহন চাটুর্য্যা।

শ্রীযুত এফ জে আলেকজাণ্ডর সাহেব (Mr. F. J. Alexander.) সেরঘাটি এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারাতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন ও বেহারে ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ১১ মে।

আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেব (Captain E. A. Rowlatt,) খাসিয়া ও জয়ন্তিয়া পর্ব্বতের কর্ম্মের ভার পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান ই পি লয়েড সাহেব (Captain E. P. Lloyd, কামরূপ জিলার কর্ম্মের ভার পাইয়াছেন।

শ্রীযুত জে বি সাডুয়েল সাহেব (Mr. J. B. Shadwell,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান রৌলাট সাহেবের (Captain Rowlatt,) আসিষ্টান্টস্বরূপ চেরাপুঞ্জীতে থাকিবেন।

শ্রীযুত বাবু অভয়কুমার দত্ত মেদিনীপুরের অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত জে এস আর্ম্মষ্ট্রং সাহেব (Mr. J. S. Armstrong,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৬০ সাল ১২ মে।

মুনশীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ সি রাইট সাহেব (Mr. A. C. Wright,) ঢাকা জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ক্লেমেণ্টসন সাহেব (Mr. W. Clementson,) ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

পূর্ণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীপ্রসন্ন রায় ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ৪ মে।

আরাকাণের জরিপী কার্য্যে নিযুক্ত সব-আসিষ্টান্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত ডবলিউ এ মাজ সাহেব (Sub-Assistant Revenue Surveyor W. A. Madge,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৯ মে।

ভাগলপুরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ ওয়াজিদ খাঁ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৯ ধারামতে পঁচিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১২ মে।

সেরঘাটীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডাইসন সাহেব (Mr. J. Dyson,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৪ মে।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এ সি মাঙ্গলস সাহেব (Mr. A. C. Mangles,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে পনের মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১১ মে।

সেণ্টপালনামক গির্জা ঘরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে কেব ব্রোন সাহেব (Reverend J. Cave Browne,) বর্ত্তমান মাসের ৫ তারিখে নুবিয়া নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১১ মে।

ইহার দ্বারা এই সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত যে২ গ্রাম ও মহল্লা বালেশ্বর নগর কিম্বা তাহার শহরতলীর শামিল আছে তাহাতে অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন চলন হইবেক এবং এ আইনের বিধান সফল করিবার জন্যে উক্ত আইনের ৩ ধারামতে সংযুক্ত হইবেক।

২। আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে রেবিনিউর সরবেয়র সাহেব এ সকল গ্রাম জরিপ করিয়া যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে ঐ২ গ্রামের যাহার যেপর্য্যন্ত সীমা নির্দ্দিষ্ট করা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। ঐ কাগজ বালেশ্বরের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে যাঁহার দেখিবার মানস থাকে তিনি সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন।

৩। আরো ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে ঐ সকল গ্রাম নিবাসিরদের উপর যে টাক্স আদায় করিতে হইবেক তাহা তাহার অবস্থা বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবেক তাহা বিবেচনা করিয়া ধার্য্য হইবেক।

ঐ সকল গ্রামাদির নাম এই২। মানিক খাঁ, মোহনার ডাঙ্গা, বারো বাটী, ওলন্দবাটী, রাণী পতনা, শ্রীকানপুর, পরোয়া পাড়া, করণ্ডিকা কৃষ্ণরায়পুর, ভুজঙ্গ, চন্দ্রখণ্ডি, বাগবৃন্দাবন, গোরীজা বাগ, মোহনপুর, নালাজাফর, দামোদরপুর, আজিমাবাদ, কিল্লা ঘরি পাতপড়না, মসুমগঞ্জ, ফকির জনিয়া, মলি কাসপুর, গোবিন্দরামপুর, মাধবলপুর, বটাহোর, ব্রাহ্মণী নগর, কাজীবাগ, আলমগঞ্জ, আকটপুর, শুনহট, পাতর পাড়া, কেদারখণ্ড, মানসিংহ বাজার, নূরপুর মহম্মদপুর, কসবা।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১১ মে।

ইহার দ্বারা এই সম্বাদ দেওয়া যাইতেছে যে কটক নগরে ও তাহার শহরতলীতে অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন চলন হইবেক।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। রেবিনিউর সর্বেয়র সাহেব ঐ নগর ও তাহার শহরতলী জরিপ করিয়া তাহার যে নকশা ১৮৪৯ সালের আপ্রিল মাসে প্রস্তুত করিয়াছিলেন তাহাতে ঐ২ নগরাদির যে সীমা নির্দ্দিষ্ট করা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। ঐ নকশার এক কেতা নকল কটকের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে। যাঁহার দেখিবার মানস থাকে তিনি সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ঐ কটক নগরে ও তাহার শহরতলীতে যে টাক্স আদায় করিতে হইবেক তাহা লোকেরদের স্বাবগতিক বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবেক তাহা বিবেচনা করিয়া ধার্য্য হইবেক।

২৫৫১ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৯ মে।

শ্রীযুত জে গেগহান সাহেব (Mr. J. Geoghegan,) ও শ্রীযুত বাবু হংসগিরি গোস্বামী ও শ্রীযুত বাবু পরশুনাথ চৌধুরী মালদহে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৬০ সাল ১৪ মে।

শ্রীযুত টি এম গিবন সাহেব ও শ্রীযুত জেমস স্মিথ সাহেব (Messrs. T. M Gibbon and James Smith,) চম্পারণে ফেরি ফণ্ড কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ সি সথরলাণ্ড সাহেব (Mr H. C. Sutherland) ত্রিপুরাতে দলীল দস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৬০ সাল ১৫ মে।

সাওতালপরগনার চিকিৎসক শ্রীযুত ডবলিউ এফ গস সাহেব (Mr. W. F. Goss,) ঐ পরগনাতে আসিষ্টাণ্ট কমিসানরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬০ সাল ১৬ মে।

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব (Mr. T. J. C. Grant,) জিলা চব্বিশপরগনার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত ডাক্তর এ জে পেন সাহেব (Mr. A. J. Payne, M. D.,) ভবানীপুরে ও দলন্দাতে ইউরোপীয় ও এ দেশীয় পাগলা গারদের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ রাইলাণ্ড সাহেব (Mr. W. H Ryland,) রাণীগঞ্জ এলাকাখণ্ডের কার্য্যের ভার পাইয়াছেন ও বাঁকুড়াতে মাজিষ্ট্রেট সাহেবের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ মে।

যশোহরের নিমকচৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে এস রচফোর্ট সাহেব (Mr. J. S. Rochfort,) আপন পদের কর্ম্মের ভার খুলনার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্রের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন তিনি যত কাল কর্ম্মে ফিরিয়া না আইসেন কিম্বা অন্য হুকুম না হয় তত কাল উক্ত বাবু আপনার কর্ম্মের অতিরিক্ত তাঁহার কর্ম্মও করিবেন।

১৮৬০ সাল ১৭ মে।

কলিকাতায় সেণ্ট জেমস নামক গির্জা ঘরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এ এচ সিটওএল সাহেব (Mr. A. H. Sitwell.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে পল্টনের নিয়মিত ছুটীর নূতন বিধির ১৩ ধারামতে বারো মাসের ছুটী পাইয়াছেন, ও ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৯ সালের ৮ আপ্রিল তারিখের নির্দ্ধারণমতে প্রস্তুত হইবার জন্যে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৬ মে।

শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেবকে (Mr J. S. Drummond.) পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্মে নিযুক্ত হইবার যে হুকুম বর্ত্তমান মাসের ১ তারিখে হইয়াছিল, সেই হুকুম রহিত হইয়াছে। অন্য হুকুম না হওনপর্য্যন্ত তিনি ত্রিহুতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কার্য্য করিতে থাকিবেন।

কাছাড়ের জেলখানায় চিকিৎসকের কর্ম্মকারি ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস এম শরকোর সাহেব (Mr. S. M. Shircore,) গত ফেব্রুআরি মাসের ৯ তারিখে যে ছুটী পাইয়াছিলেন তাহা রহিত হইয়াছে।

ডাকাইতী নিবারণের কমিসানরের অধীন ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গুরুচরণ দাস গত মাসের ২৩ তারিখে যে ছুটী পাইয়াছিলেন তাহা রহিত হইয়াছে।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

ইশ্তিহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে গত ১ মার্চ তারিখে যে সকল ব্যক্তিরা বালেশ্বর নেমক খরিদ করিয়াছিল এইক্ষণে আকাম সালিখার সরকারী গোলায় যত নেমক মৌজুদ আছে তাহার অন্দরে ৩,৭৭,০৪৮/ মোন হিজলী নেমক সেই সকল ব্যক্তিরদিগকে টেণ্ডরের দ্বারা বিক্রী করা যাইবেক, প্রত্যেক ব্যক্তি গতবারে যে পরিমাণে বালেশ্বরের নেমক পাইয়াছিল এবারেও সেই পরিমাণে উক্ত হিজলীর নেমক পাইবেক।

দর ফি ১০০/ মোন ৩৭৬৲ টাকা।

যে পরিমাণ নেমকের জন্য টেণ্ডরের দরখাস্ত দাখিল হইবেক সেই নেমকের মূল্যের টাকার জেমুরী রসিদ তাহারদিগের টেণ্ডরের দরখাস্তের সহিত একত্রে দাখিল করিতে হইবেক বর্ত্তমান মাসের ২৮ তারিখ সোমবারঅবধি আগামি মাসের ১ তারিখ শুক্রবারপর্য্যন্ত যে কএক দিন দপ্তরখানা খোলা থাকিবেক সেই কএক দিন বেলা দুই প্রহর ১ ঘণ্টাঅবধি বেলা দুই প্রহর ২ ঘণ্টাপর্য্যন্ত এই দপ্তরখানায় টেণ্ডরের দরখাস্ত লওয়া যাইবেক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৯ মে।]

প্রত্যেক টেণ্ডরের দরখাস্ত ৫০০/ মোনের অধিক পরিমাণে দাখিল করিতে পারিবেক না এবং প্রত্যেক টেণ্ডরের দরখাস্ত দুই টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

বিবোজীর হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ২৫ মে।

ই টি টুবর। সেক্রেটারী।

---

50 *Rupees Reward.*

Stolen on the 17th April. 1860, a gold Geneva watch. Maker's name Aucre.

No. 28,200.

The above reward will be paid to any one giving such information as may lead to the recovery of the property stolen.

Apply to the Joint Magistrate of Hooghly.

R. V. COCKERELL, *Joint Magistrate*

৫০৲ টাকা পুরস্কার।

জেনিবা দেশের নির্ম্মিত এক সোণার ওয়াচ ঘড়ি চুরি হইয়াছে। ঘড়ি নির্ম্মাতার নাম (Aucre) একর ঘড়ির নম্বর ২৮২০০।

ঐ ঘড়ি যাহাতে ফিরিয়া পাওয়া যাইতে পারে এমত সম্বাদ যে কেহ হুগলীর মাজিষ্ট্রেট সাহেবকে জানাইতে পারেন তাঁহাকে ঐ ৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবে।

আর বি কাক্রেল। জাইণ্ট মাজিষ্ট্রেট।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্টের বিজ্ঞাপন।

সুপ্রিম কোর্ট।

রিশীবের আফিস জমিদারীদিগর ইজারা।

বজলর রহমান — বাদী।

মৌলবী মণিরুদ্দীনদিগর — প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সনহালের ৯ জুন শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রিম কোর্টের রিশীবর শ্রীযুত জেমস ওএলচ সাহেব তাঁহার আফিসে মৃত মুন্সী গোলাম হুজুরের ইষ্টেটের দরুণ নাচের লিখিত জমিদারীদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন তাঁহারা উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

জিলা বীরভূম

পরগনে খটাঙ্গা লাট দুর্গাপুর ৩ মৌজা।
ঐ পরগনার লাট মাজিগ্রাম ৬ মৌজা।
পরগনে শাহা সেলামপুর লাট মান্দারি ৬ মৌজা।
পরগনে সারেক মৌরেশ্বর তরফ বাঁশাড়া বাহাদুরগঞ্জ রকম ৶০ তিন আনা।

জিলা বর্দ্ধমান।

পরগনে কুতবপুর লাট কুকুলনরুল ১ মৌজা।
পরগনে আজমতশাহী আয়মা মঙ্গলকোট ৩ মৌজা।
ঐ পরগনার আয়মা মাজিখণ্ডা।
পরগনে মনোহরশাহী আয়মা নারেজা।

জিলা মুরশিদাবাদ

কিসমত পরগনে কুতবপুর ১৭ মৌজা।
কিসমত নারায়ণপুর ২ মৌজা।
কিসমত কালিকাপুর ২ মৌজা।
পরগনে কোতরপ্রতাপ লাট কানুহা ৭ মৌজা।
পরগনে ধাওয়া কিসমত তাড়গ্রাম।
ঐ পরগনার কিসমত জোত রামভদ্র।
পরগনে মহলন্দী কিসমত খাসপুর ৬ মৌজা রকম ।৶৬॥= ছয় আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি।
পরগনে ভাতশালা কিসমত ইন্দরা ২ মৌজা রকম ।৶৬॥= ছয় আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি।
পরগনে ফতেসিংহ কিসমত অনন্তপুর রকম ৲১৫৷– পোনের গণ্ডা তিনকড়া এক ক্রান্তি।
ঐ পরগনার কিসমত সৈয়দ কুলুটিয়া ৪ মৌজা রকম ৲৫ এক পাই।
পরগনে কুতবপুর লাট হরিনাপুর ৬ মৌজা।
পরগনে শমশখাজি লাট হাতিনগর ২ মৌজা।
পরগনে চুনাখালি কিসমত তরফ বেজপাড়া রামনাথপুরদিগর ৪ মৌজা রকম /৫ পাঁচ পাই
মৌরসী তালুক পরগনে ফতেসিংহ তরফ তালিবপুর ৩ মৌজা।
মৌরসী তালুকএ তালিবপুরের মধ্যে মহল দেবোত্তর।
মৌরসী তালুক ঐ পরগনার কিসমত অনন্তপুর রকম /৪= এক আনা চারি গণ্ডা দুই ক্রান্তি।
জোত সাকবা ১৯ উনিশ দফা।

[illegible]
কিসমত [illegible]পুর।
তায়ে ফকীর মহম্মদ।

[*Government Gazette, 29th May*, 1860.]

মেছবাহা অদ্দীন।
বরকতুল্লা।
মৈনদ্দীন।
বদরুদ্দীন।
মুনশী এনাতুল্লা ও কাজী গোলাম এ ছিয়া
হানিফ মহম্মদ।
রাহাতুল্লা।
ছরফদ্দীন।
খোনকার বদরুদ্দীন।
কিসমত শালাড়।
হেদাতুল্লা।
সমছুল্লা
মহম্মদ নছির।
কিসমত কাঁদরা।
কলিমদ্দীন।
সেখ বেকু।
কিসমত পালিন্দা খোনকার মহম্মদ ওফা।
কিসমত তালগ্রাম মুন্সী আবদুল রেজাক।
কিসমত নওয়াপাড়া খোনকার আলা অদ্দীন।
কিসমত কুলুটিয়া সেখ পছন ঐ তালিবপুরের মধ্যে লাখেরাজ বাজেআপ্তী ভূমি ও পুষ্করিণী ঐ তালিবপুরদিগরের লাখেরাজ রাইয়তি জমী।
শিকমি জমা পরগনে কোতরপ্রতাপ পটীদিগম্বর বন্দো।
আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।
রিসিবর আফিস কোর্ট হৌস তারিখ ১৭ মে ১৮৬০ সাল।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন, কানস্ট্রকসন, ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন, কানস্ট্রকসন ও সাধারণ লিপি এবং সংস্কৃত দায়ভাগ, ব্যবস্থা দত্তক চন্দ্রিকা, ও দত্তকমীমাংসাপ্রভৃতির বঙ্গানুবাদ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফ মহাশয়ের সহায়তায় শ্রীযুত বাবু বেণীমাধব দের বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত হইতেছে এই পুস্তক ১০০০ পৃষ্ঠা পরিমাণে উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত করত উত্তমরূপে বাঁধাইয়া স্বাক্ষরকারির প্রতি ১০, টাকা ও বিনা স্বাক্ষরকারির প্রতি ১২, টাকা মূল্যে বিক্রয় করা যাইবেক যে সকল মহাশয়দিগের উক্ত পুস্তক প্রয়োজন হইবে তাঁহারা শহর কলিকাতার বটতলার ২৪৬ নং ভবনে উক্ত যন্ত্রাগারে অথবা উক্ত যন্ত্রাধ্যক্ষের পুস্তকালয়ে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি তারিখ সন।

[গবর্নমেন্ট গেজেট ১৮৬০। ১৯ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল স্মিথ্‌ক্রুস সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 5, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৫ জুন।

ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA

THE 26TH MAY 1860.

THE following Act, passed by the Legislative Council of India received the assent of the Right Honorable the Governor General on the 21st May 1860, and is hereby promulgated for general information —

ACT No. XXI. OF 1860.

An Act for the Registration of Literary, Scientific, and Charitable Societies.

[Preamble.]

WHEREAS it is expedient that provision should be made for improving the legal condition of Societies established for the promotion of Literature, Science, or the Fine Arts, or for the diffusion of useful knowledge, or for Charitable purposes, It is enacted as follows.—

[Societies formed by Memorandum of Association and Registration.]

I. Any seven or more persons associated for any Literary, Scientific, or Charitable purpose, or for any such purpose as is described in Section XX of this Act, may, by subscribing their names to a Memorandum of Association, and filing the same with the Registrar of Joint-Stock Companies under Act XIX of 1857, form themselves into a Society under this Act.

[Memorandum of Association.]

II. The Memorandum of Association shall contain the following things, (that is to say)—

The name of the Society.

The objects of the Society.

The names, addresses, and occupations of the Governors, Council, Directors, Committee, or other governing body to whom, by the Rules of the So-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৬ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কর্তৃকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২১ মে তারিখে সম্মত হইলেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২১ আইন।

সাহিত্য ও বিদ্যাঘটিত ও দানাদি কার্য্যের সমাজ রেজিষ্টরী করিবার আইন।

[হেতুবাদ।]

সাহিত্য ও পদার্থপ্রকৃতি ও চিত্রকর্ম্মাদি বিদ্যা ও লোকেরদের উপকারক জ্ঞান বর্দ্ধনার্থে ও দানাদি কার্য্যের নিমিত্তে যে২ সোসাইটি অর্থাৎ সমাজ স্থাপন হয় তাহার আইনসম্পর্কীয় অবস্থা আরো উত্তম করিবার বিধান করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[সামাজিক লিপি করিয়া রেজিষ্টরী করণের দ্বারা সমাজ স্থাপনের কথা।]

১ ধারা। সাহিত্য কি সাধারণ বিদ্যাঘটিত কি দানাদি কার্য্যের নিমিত্তে, কিম্বা এই আইনের ২০ ধারাতে যে২ অভিপ্রায় নির্দ্দিষ্ট হইয়াছে তাহার মধ্যে কোন অভিপ্রায়ে সংযুক্ত কোন সাত জন কি ততোধিক জন সামাজিক লিপিতে স্বাক্ষর করিয়া, তাহা ১৮৫৭ সালের ১৯ আইনমতে জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্টার সাহেবের নিকটে দাখিল করিলে তাঁহারা এই আইনমতে সোসাইটি হইতে পারিবেন ইতি।

[সামাজিক লিপির কথা।]

২ ধারা। সামাজিক লিপিতে এই২ কথা লিখিতে হইবেক, অর্থাৎ

সোসাইটির নাম ও

সোসাইটির অভিপ্রায় ও

সোসাইটির বিধিমতে তাহার কার্য্যনির্ব্বাহের ভার যাঁহারদের প্রতি অর্পণ হয় এমত যে গবর্নর অর্থাৎ কর্ত্তা, কি কৌন্সেল অর্থাৎ সভা, কি ডেরেক্টর অর্থাৎ

ciety, the management of its affairs is entrusted. A copy of the Rules and Regulations of the Society, certified to be a correct copy by not less than three of the Members of the governing body, shall be filed with the Memorandum of Association.

[Registration. Fees.]

III. Upon such Memorandum and certified copy being filed, the Registrar shall certify under his hand that the Society is registered under this Act. There shall be paid to the Registrar for every such registration a fee of fifty Rupees, or such smaller fee as the Governor General of India in Council may from time to time direct; and all fees so paid shall be accounted for to Government.

[Annual list of managing body to be filed.]

IV. Once in every year, on or before the 14th day succeeding the day on which, according to the Rules of the Society, the Annual General Meeting of the Society is held, or if the Rules do not provide for an Annual General Meeting, in the month of January, a list shall be filed with the Registrar of Joint-Stock Companies, of the names, addresses, and occupations of the Governors, Council, Directors, Committee, or other governing body then entrusted with the management of the affairs of the Society

[Property of Society how to be vested.]

V. The property, moveable and immoveable, belonging to a Society registered under this Act, if not vested in trustees, shall be deemed to be vested, for the time being, in the governing body of such Society, and in all proceedings, Civil and Criminal, may be described as the property of the governing body of such Society by their proper title.

[How suits by and against Societies to be brought.]

VI. Every Society registered under this Act may sue or be sued in the name of the President, Chairman, or Principal Secretary, or Trustees, as shall be determined by the Rules and Regulations of the Society, and in default of such determination, in the name of such person as shall be appointed by the governing body for the occasion; provided that it shall be competent for any person having a claim or demand against the Society, to sue the President or Chairman, or Principal Secretary or the Trustees thereof, if on application to the governing body some other Officer or person be not nominated to be the defendant.

[Suits not to abate.]

VII. No suit or proceeding in any Civil Court shall abate or discontinue by reason of the person

কর্ম্মাধ্যক্ষ, কি কমিটি অর্থাৎ কর্ম্মনির্ব্বাহক সম্প্রদায় নিযুক্ত হন, তাঁহারদের নাম ও বাসস্থান ও ব্যবসায়াদি। ঐ সামাজিক লিপির সঙ্গে সোসাইটির বিধি ও ব্যবস্থার এক কেতা নকল দিতে হইবেক। ও সেই নকল শুদ্ধ আছে এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া তাহাতে ঐ সোসাইটির কর্তৃত্বকারি তিন জন মেম্বর অর্থাৎ অন্তর্গত লোক দস্তখৎ করিবেন ইতি।

[রেজিষ্টরী করণের ও রসুমের কথা।]

৩ ধারা। সেই সামাজিক লিপি ও সর্টিফিকটযুক্ত নকল দেওয়া গেলে পর, ঐ সোসাইটি এই আইনমতে রেজিষ্টরী করা গিয়াছে, এই কথার সর্টিফিকট লিখিয়া রেজিষ্ট্রার সাহেব তাহাতে দস্তখৎ করিবেন। সেই প্রকারে রেজিষ্টরী করণের নিমিত্তে ঐ রেজিষ্ট্রার সাহেবকে পঞ্চাশ টাকা রসুম দিতে হইবেক, কি তাহার কম যে রসুম হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর সময়েং হুকুম করেন তাহা দিতে হইবেক। ও সেই প্রকারে যে সকল রসুম দেওয়া যায় তাহার হিসাব গবর্ণমেণ্টে দিতে হইবেক ইতি।

[সোসাইটির কর্ম্মনির্ব্বাহক লোকেরদের নামাদির ফর্দ্দ বৎসরেং দিবার কথা।]

৪ ধারা। সোসাইটির গবর্ণরের ও কৌন্সেলের ও ডৈরেক্টরেরদের ও কমিটির, কিম্বা ঐ সোসাইটির কার্য্যনির্ব্বাহের ভার যাঁহারদের প্রতি অর্পণ থাকে, তাঁহারদের নাম ও বাসস্থান ও ব্যবসায়াদির ফর্দ্দ, প্রতিবৎসরে একবার, অর্থাৎ সোসাইটির বিধিমতে ঐ সোসাইটির সাধারণ বৈঠক বৎসরেং যে দিনে হয় তাহার পর চতুর্দ্দশ দিনে কি তৎপূর্ব্বে, কিম্বা যদি বিধির মধ্যে বৎসরে সাধারণ বৈঠক করিবার নিয়ম না থাকে, তবে জানুআরি মাসে, জ ইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার সাহেবের নিকটে দাখিল করিতে হইবেক ইতি।

[সোসাইটির সম্পত্তি যাঁহারদের প্রতি সমর্পিত থাকিবেক তাঁহারদের কথা।]

৫ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা সোসাইটির স্থাবর ও অস্থাবর সম্পত্তি যদি ট্রষ্টীরদের হাতে সমর্পিত না থাকে, তবে যে সময়ে যাঁহারা ঐ সোসাইটির কর্তৃত্বকারি লোক হন তাঁহারদের প্রতি সমর্পিত আছে জ্ঞান হইবেক, ও দেওয়ানী কি ফৌজদারী কোন মোকদ্দমা হইলে ঐ সোসাইটির সেই কর্তৃত্বকারি লোকেরদের উপযুক্ত খ্যাতি দিয়া তাঁহারদের সম্পত্তি বলিয়া নির্দ্দিষ্ট হইবেক ইতি।

[সোসাইটির তরফে ও তাঁহার নামে মোকদ্দমা যে রূপে করিতে হইবেক তাহার কথা।]

৬ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা কোন সোসাইটির বিধি ও ব্যবস্থাতে যেমত নির্দ্ধার্য্য হয়, সেইমতে ঐ সোসাইটির প্রেসীডেণ্টের কি চেরমানের কি প্রধান সেক্রেটারীর কি ট্রষ্টীর নাম ধরিয়া ঐ সোসাইটি নালিশ করিতে পারিবেক ও তাহার নামে নালিশ হইতে পারিবেক। ও সেই প্রকারের কথা নির্দ্ধার্য্য না থাকিলে, কর্তৃত্বকারি লোকেরা সেই কার্য্যের নিমিত্তে যাহাকে নিযুক্ত করেন তিনি নালিশ করিতে পারিবেন ও তাঁহার নামে নালিশ হইতে পারিবেক। পরন্তু সোসাইটির উপর যদি কোন লোকের দাওয়া থাকে, ও তিনি কর্তৃত্বকারি লোকদিগকে জিজ্ঞাসা করিলে, যদি কোন বিশেষ কার্য্যকারক কি অন্য লোক আসামী হইবার নিমিত্তে নিযুক্ত না হন, তবে তিনি ঐ সোসাইটির প্রেসীডেণ্টের কি চেরমানের কিম্বা প্রধান সেক্রেটারীর কি ট্রষ্টীর নামে নালিশ করিতে পারিবেন ইতি।

[মোকদ্দমা স্থগিত না হইবার কথা।]

৭ ধারা। সোসাইটির কোন লোক দেওয়ানী কোন আদালতে নালিশ করিলে কিম্বা তাহার নামে নালিশ হই-

by or against whom such suit or proceedings shall have been brought or continued, dying or ceasing to fill the character in the name whereof he shall have sued or been sued, but the same suit or proceeding shall be continued in the name of or against the successor of such person.

[How judgment to be enforced against.]

VIII. If a judgment shall be recovered against the person or Officer named on behalf of the Society, such judgment shall not be put in force against the property, moveable or immoveable, or against the body of such person or Officer, but against the property of the Society. The application for execution shall set forth the judgment, the fact of the party against whom it shall have been recovered having sued or having been sued, as the case may be, on behalf of the Society only, and shall require to have the judgment enforced against the property of the Society.

[Society may make Bye-law to be enforced.]

IX. Whenever by any Bye-law duly made in accordance with the Rules and Regulations of the Society, or, if the Rules do not provide for the making of Bye-laws, by any Bye law made at a General Meeting of the Members of the Society convened for the purpose, (for the making of which the concurrent votes of three-fifths of the Members present at such Meeting shall be necessary), any pecuniary penalty is imposed for the breach of any Rule or Bye-law of the Society, such penalty, when accrued, may be recovered in any Court having jurisdiction where the defendant shall reside, or the Society shall be situate, as the governing body thereof shall deem expedient.

[Members liable to be sued as strangers.]

X. Any Member who may be in arrear of a subscription which according to the Rules of the Society he is bound to pay, or who shall possess himself of or detain any property of the Society in a manner or for a time contrary to such Rules, or shall injure or destroy any property of the Society, may be sued for such arrear or for the damage accruing from such detention, injury, or destruction of property in the manner hereinbefore provided. But if the defendant shall be successful in any suit or other proceeding brought against him at the instance of the Society, and shall be adjudged to recover his costs, he may elect to proceed to recover the same from the Officer in whose name the suit shall be brought, or from the Society, and in the latter case shall have process against the property of the said Society in the manner above described.

যে রাজ্য, যদি সেই লোক মরেন কিম্বা তাঁহার যে পদের খ্যাতিক্রমে তিনি নালিশ করিয়াছিলেন কি তাঁহার নামে নালিশ হইয়াছিল সেই পদ যদি ছাড়েন, তবু সেই মোকদ্দমা স্থগিত কি রহিত হইবেক না, কিন্তু তাঁহার স্থানে যে জন নিযুক্ত হন তিনি ঐ মোকদ্দমা চালাইবেন কি তাঁহার নামে মোকদ্দমা চলিবেক ইতি।

[সোসাইটির বিপক্ষে যে হুকুম হয় তাহা জারী হইবার কথা।]

৮ ধারা। সোসাইটির পক্ষে যে লোকের কি যে কার্য্যকারকের নামে মোকদ্দমা চলে তাঁহার বিপক্ষে যদি ডিক্রী হয়, তবে সেই ডিক্রী সেই লোকের কি কার্য্যকারকের উপর, কিম্বা তাঁহার স্থাবর কি অস্থাবর সম্পত্তির উপর জারী হইবেক না, কিন্তু সোসাইটির সম্পত্তির উপর জারী হইবেক। যে ডিক্রী হইয়াছে তাহা, ও যে লোকের বিপক্ষে ডিক্রী হইয়াছে তিনি, কেবল সোসাইটির তরফে নালিশ করিয়াছেন, কিম্বা বিশেষবিশেষে সোসাইটীর তরফে তাঁহার নামে নালিশ হইয়াছে, এই২ কথা ঐ ডিক্রীজারী হইবার দরখাস্তে লিখিতে হইবেক, ও সোসাইটির সম্পত্তির উপর ঐ ডিক্রীজারী হয় এমত প্রার্থনা করিতে হইবেক ইতি।

[সোসাইটির নিয়মের ও তাহা প্রবল করিবার কথা।]

৯ ধারা। যদি সোসাইটির বিধি ও ব্যবস্থামতে কোন নিয়ম উপযুক্তরূপে করা গিয়া থাকে, কিম্বা যদি নিয়ম করিবার বিধান ঐ সোসাইটির বিধির মধ্যে না থাকে, কিন্তু নিয়ম করিবার জন্যে সোসাইটির অন্তর্গত ব্যক্তিরদের সাধারণ বৈঠক হইয়া কোন নিয়ম করা যায়, ও তদনুসারে যদি সোসাইটির কোন বিধি কি নিয়ম লঙ্ঘন করিলে জরীমানা দিতে হয়, তবে কোন লোকের সেই জরীমানা দিতে হইলে, তিনি যে আদালতের এলাকার মধ্যে বাস করেন, কিম্বা সোসাইটি যে আদালতের এলাকায় থাকে, অর্থাৎ কর্তৃত্বকারি লোকেরা ইহার মধ্যে যাহা বিহিত জ্ঞান করেন, সেই আদালতে নালিশ করিয়া ঐ জরীমানা আদায় হইতে পারিবেক। পরন্তু নিয়ম করিবার সেইরূপ বৈঠকে যে মেম্বরেরা বর্ত্তমান থাকেন তাঁহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোকের সম্মতি না হইলে কোন নিয়ম করা যাইতে পারিবেক না ইতি।

[উদাসীন লোকেরদের ন্যায় মেম্বরেরদের নামে নালিশ হওবার কথা।]

১০ ধারা। সোসাইটির বিধিমতে এক২ জন মেম্বরের যত টাকা নির্দ্ধারিত সময়ে২ দিতে হয়, তাহা যদি কেহ না দিয়া বাকী পাড়েন, কিম্বা ঐ বিধিমতে সোসাইটির কিছু সম্পত্তি যে প্রকারে ও যত কাল কোন মেম্বরের হাতে থাকিতে পারে তদ্ভিন্ন অন্য প্রকারে কি তাহার অধিক কাল যদি কোন মেম্বর তদ্রূপ কিছু সম্পত্তি প্রাপ্ত হন কি আটকিয়া রাখেন, কিম্বা সোসাইটির কিছু সম্পত্তির হানি কি নাশ করেন, তবে সেই বাকীর নিমিত্তে কিম্বা সম্পত্তি সেইরূপে আটকিয়া রাখাতে কি হানি কি নাশ করাতে যত ক্ষতি হয়, সেই ক্ষতি পরিশোধের নিমিত্তে তাঁহার নামে এই আইনে যে বিধি হইয়াছে সেই বিধিমতে নালিশ হইতে পারিবেক। কিন্তু সোসাইটির তরফে যে কোন নালিশ কি মোকদ্দমা আসামীর নামে করা যায়, তাহাতে যদি আসামী জিতেন ও তাঁহার খরচ পাইবার ডিক্রী হয়, তবে তিনি আপনার বিবেচনামতে, যে কার্য্যকারকের নাম ধরিয়া সেই মোকদ্দমা উপস্থিত করা গিয়াছিল, হয় তাঁহার স্থানে, না হয় সোসাইটির স্থানে, সেই খরচা আদায় করিতে পারিবেন। যদি সোসাইটির স্থানে আদায় করিতে চাহেন, তবে ইহার পূর্ব্বে যেমন নির্দ্দিষ্ট হইয়াছে তেমনি ঐ সোসাইটির সম্পত্তির উপরে তিনি ডিক্রী জারীর পরওয়ানা পাইবেন ইতি।

[Members guilty of offences punishable as strangers.]

XI. Any Member of the Society who shall steal, purloin, or embezzle any money or other property, or wilfully and maliciously destroy or injure any property of such Society, or shall forge any deed, bond, security for money, receipt, or other instrument, whereby the funds of the Society may be exposed to loss, shall be subject to the same prosecution, and if convicted shall be liable to be punished in like manner, as any person not a Member would be subject and liable to in respect of the like offence.

[মেম্বরেরা অপরাধ করিলে উদাসীনের মত তাঁহারদের দণ্ড হইবার কথা।]

১১ ধারা। সোসাইটির কোন মেম্বর যদি কিছু টাকা কি অন্য দ্রব্য চুরী করেন কি অপহরণ করেন কি তহবীল ভাঙেন, কিম্বা ঐ সোসাইটির কোন বিষয় জানিয়াশুনিয়া ও ঈর্ষা করিয়া নষ্ট করেন কি ক্ষতি করেন, কিম্বা কোন দলীল কি খত কি টাকার নিদর্শনপত্র কি রসীদ কি অন্য লিপি জাল করেন, ও তাহাতে সোসাইটির তহবীলের হানি হইবার সম্ভাবনা হয়, তবে মেম্বর না হইলে সেই অপরাধের নিমিত্তে তাঁহার প্রতি যেরূপে হইতে পারিত, সেইরূপে তাঁহার নামে নালিশ হইতে পারিবেক, ও দোষ সাব্যস্ত হইলে তাঁহার সেইরূপে দণ্ড হইতে পারিবেক ইতি।

[Societies enabled to alter, extend, or abridge their purposes.]

XII. Whenever it shall appear to the governing body of any Society registered under this Act, which has been established for any particular purpose or purposes, that it is advisable to alter, extend, or abridge such purpose to or for other purposes within the meaning of this Act, or to amalgamate such Society either wholly or partially with any other Society, such governing body may submit the proposition to the Members of the Society in a written or printed report, and may convene a Special Meeting for the consideration thereof according to the Regulations of the Society; but no such proposition shall be carried into effect unless such report shall have been delivered or sent by post to every Member of the Society ten days previous to the Special Meeting convened by the governing body for the consideration thereof, nor unless such proposition shall have been agreed to by the votes of three-fifths of the Members delivered in person or by proxy, and confirmed by the votes of three-fifths of the Members present at a second Special Meeting convened by the governing body at an interval of one month after the former Meeting.

[সোসাইটির অভিপ্রায় পরিবর্তন কি বিস্তার কি খর্ব করণের ক্ষমতার কথা।]

১২ ধারা। বিশেষ কোন এক কি অধিক অভিপ্রায়ে এই আইনমতের রেজিষ্টরীকরা যে সোসাইটি স্থাপন হইয়াছে, এমত কোন সোসাইটির কর্তৃত্বকারি লোকেরা যদি বোধ করেন যে, সেই অভিপ্রায় পরিবর্তন কি বৃদ্ধি কি খর্ব করিয়া এই আইনের অর্থের মধ্যে অন্য অভিপ্রায় নিরূপণকরা, কিম্বা অন্য কোন সোসাইটির সঙ্গে সেই সোসাইটিকে একেবারে কি অংশমতে সংযোগ করা উচিত, তবে ঐ কর্তৃত্বকারি লোকেরা সেই কথার প্রস্তাব হাতের লেখা কি ছাপাকরা রিপোর্টে প্রকাশ করিয়া সোসাইটির মেম্বরেরদের গোচর করিতে পারিবেন, ও সেই কথা বিবেচনা করিবার জন্যে সোসাইটির ব্যবস্থামতে বিশেষ বৈঠক করিতে পারিবেন। কিন্তু সেই কথা বিবেচনা করিবার জন্যে ঐ কর্তৃত্বকারি লোকেরা যে বিশেষ বৈঠক করিবেন, তাহার দশ দিন থাকিতে যদি সেই রিপোর্ট ঐ সোসাইটির প্রত্যেক জন মেম্বরকে না দেওয়া যায় কি ডাকযোগে পাঠান না যায়, ও সেইরূপ বৈঠকেতে যে মেম্বরেরা উপস্থিত থাকেন তাঁহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোক যদি আপনারা কি অন্যেরদের দ্বারা ঐ প্রস্তাবেতে সম্মতি প্রকাশ না করেন, ও সেই বৈঠকের পরে এক মাস গত হইলে ঐ কর্তৃত্বকারি লোকেরা পুনরায় বিশেষ বৈঠক করিয়া তাহাতেও যে মেম্বরেরা উপস্থিত থাকেন তাঁহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোক যদি সেই প্রস্তাব মঞ্জুর না করেন, তবে তাহা প্রবল হইবেক না ইতি।

[Provision for the dissolution of Societies and adjustment of their affairs.]

XIII. Any number not less than three-fifths of the Members of any Society may determine that it shall be dissolved, and thereupon it shall be dissolved forthwith, or at the time then agreed upon, and all necessary steps shall be taken for the disposal and settlement of the property of the Society, its claims, and liabilities, according to the Rules of the said Society applicable thereto if any, and, if not, then as the governing body shall find expedient, provided that, in the event of any dispute arising among the said governing body or the Members of the Society, the adjustment of its affairs shall be referred to the principal Court of original Civil jurisdiction of the District in which the chief building of the Society is situate; and the Court shall make such order in the matter as it shall deem requisite. Provided that no Society shall be dissolved unless three-fifths of the Members shall have expressed a wish

[সোসাইটির কর্ম রহিত করিবার ও তাহার কার্য্য ব্যাপার নিষ্পত্তি করিবার বিধি।]

১৩ ধারা। সোসাইটি রহিত হয় এই কথা ঐ সোসাইটির মেম্বরেরদের পাঁচ ভাগের অন্যূন তিন ভাগ লোক নির্দ্ধার্য করিতে পারিবেন। তাহা করিলে ঐ সোসাইটি তৎক্ষণাৎ রহিত হইবেক, কিম্বা তাহা রহিত হইবার যে সময় তাঁহারা তখন একবাক্যে নির্দ্ধার্য করেন সেই সময়ে রহিত হইবেক। ও সেই সোসাইটির কর্ম বন্দ করিবার বিষয়ে যদি কোন বিধি থাকে, তবে সেই বিধিমতে সোসাইটির সম্পত্তি ও তাহার দাওয়া ও দায় বিক্রয়াদি ও নিষ্পত্তি করিবার যে সকল কার্য্য আবশ্যক হয় সেই সকল কার্য্য করা যাইবেক। যদি কোন বিধি না থাকে, তবে কর্তৃত্বকারি লোকেরা যেমন বিহিত বোধ করেন তেমনি তাহা করা যাইবেক। পরন্তু যদি উক্ত কর্তৃত্বকারি লোকেরদের কিম্বা সোসাইটির মেম্বরেরদের মধ্যে কিছু বিবাদ হয়, তবে তাহার কার্য্যব্যাপার নিষ্পত্তি করিবার ভার, ঐ সোসাইটির প্রধান ঘর যে জিলার মধ্যে থাকে সেই জিলাতে, দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার প্রধান যে আদালতের ক্ষমতা থাকে, সেই আদালতের প্রতি অর্পিত হইবেক, ও সেই আদালত সেই বিষয়ে যে

for such dissolution by their votes delivered in person, or by proxy, at a general Meeting convened for the purpose: Provided that whenever the Government is a Member of, or a contributor to, or otherwise interested in any Society registered under this Act, such Society shall not be dissolved without the consent of Government.

[Upon a dissolution no Member to receive profit. Proviso for Joint-Stock Companies.]

XIV. If upon the dissolution of any Society registered under this Act there shall remain, after the satisfaction of all its debts and liabilities, any property whatsoever, the same shall not be paid to or distributed among the Members of the said Society or any of them, but shall be given to some other Society, to be determined by the votes of not less than three-fifths of the Members present personally or by proxy at the time of the dissolution, or in default thereof, by such Court as aforesaid; provided however that this Clause shall not apply to any Society which shall have been founded or established by the contributions of shareholders in the nature of a Joint-Stock Company.

[Who is a Member.]

XV. For the purposes of this Act a Member of a Society shall be a person who having been admitted therein according to the Rules and Regulations thereof, shall have paid a subscription, or shall have signed the roll or list of Members thereof, and shall not have resigned in accordance with such Rules and Regulations; but in all proceedings under this Act no person shall be entitled to vote or be counted as a Member whose subscription at the time shall have been in arrear for a period exceeding three months.

[The governing body defined.]

XVI. The governing body of the Society shall be the Governors, Council, Directors, Committee, Trustees, or other body to whom by the Rules and Regulations of the Society the management of its affairs is entrusted.

[Registration of Societies formed before this Act.]

XVII. Any Company or Society established for a Literary, Scientific, or Charitable purpose and registered under Act XLIII. of 1850, or any such Society established and constituted previously to the passing of this Act but not registered under the said Act XLIII. of 1850, may at any time hereafter be registered as a Society under this Act; subject to the proviso that no such Company or Society shall be registered under this Act unless an assent to its being so registered has been given by three-fifths of the Members present personally,

[*Government Gazette*, 5th *June*, 1860.]

হকুম করা আবশ্যক তাঁহার ক্রমে তাহা করিবেন। পরন্তু কোন সোসাইটির কার্য্য বন্দ করিবার কথা বিবেচনা করিবার জন্যে সাধারণ বৈঠক হইয়া মেম্বরেরদের পাঁচ ভাগের তিন ভাগ লোক যদি আপনারাই কিম্বা অন্যের দ্বারা মত জানাইয়া সেই সোসাইটি রহিত হইবার বিষয়ে সম্মতি প্রকাশ না করেন, তবে রহিত হইবেক না। গবর্ণমেণ্ট যদি এই আইনমতের রেজিষ্টরীকরা কোন সোসাইটির মেম্বর হন, কিম্বা যদি তাহাতে চাঁদা দেন; কিম্বা তাহাতে যদি গবর্ণমেণ্টের অন্য প্রকারে সম্পর্ক থাকে, তবে গবর্ণমেণ্ট সম্মত না হইলে, ঐ সোসাইটি রহিত হইবে না ইতি।

[সোসাইটি রহিত হইলে কোন মেম্বরের কিছু লভ্য না পাইবার কথা। ও জাইণ্ট ষ্টক কোম্পানির বিষয়ে বর্জ্জিত বিধি।]

১৪ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা কোন সোসাইটির কর্ম্ম বন্দ হইলে, তাহার সকল কর্জ্জ ও দায় শোধ করিবার পরে যদি কিছু সম্পত্তি থাকে, তবে তাহা উক্ত সোসাইটির মেম্বরদিগকে কি তাঁহারদের কোন কাহাকে দেওয়া যাইবেক না, ও তাঁহারদের মধ্যে বিভাগ হইবেক না, কিন্তু অন্য কোন সোসাইটিকে দেওয়া যাইবেক, ও যে সোসাইটিকে দিতে হইবেক তাহা রহিত হইবার সময়ে যে মেম্বরেরা উপস্থিত থাকেন তাঁহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোক আপনারা কি অন্যেরদের দ্বারা যে মত প্রকাশ করেন তদনুসারে নির্দ্ধার্য্য হইবে। ইহার ত্রুটি হইলে পূর্ব্বোক্তমতের আদালত নির্দ্ধার্য্য করিবেন। পরন্তু যদি ঐ সোসাইটি অংশিরদের দেওয়া টাকাহইতে জাইণ্ট ষ্টক কোম্পানির মতে সংস্থাপিত হয়, তবে তাহার উপর এই ধারার কথা খাটিবেক না ইতি।

[মেম্বর কাঁহাকে বলে তাহার কথা।]

১৫ ধারা। সোসাইটির বিধি ও ব্যবস্থামতে যে কেহ সোসাইটিতে ভর্ত্তি হইয়া আপনার দেয় চাঁদার টাকা দিয়াছেন, কিম্বা সোসাইটির মেম্বরেরদের নামের ফর্দ্দে স্বাক্ষর করিয়াছেন, ও সেই বিধি ও ব্যবস্থামতে পদ ত্যাগ না করিয়াছেন, সেই জন এই আইনের কার্য্য সম্পর্কে সোসাইটির মেম্বর হইবেন। কিন্তু এই আইনমতের কোন কার্য্যেতে যে কেহ তিন মাসের অধিক কালপর্য্যন্ত আপনার দেয় টাকা না দিয়া বাকীদার হইয়াছেন, তিনি মত প্রকাশ করিতে, কিম্বা মেম্বর বলিয়া গণ্য হইতে পারিবেন না ইতি।

[কর্ত্তৃত্বকারি লোক এই কথার অর্থ।]

১৬ ধারা। সোসাইটির গবর্নর ও কৌন্সেল ও ডৈরেক্টর ও কমিটি ও ট্রষ্টী কিম্বা সোসাইটির বিধি ও ব্যবস্থামতে তাহার কার্য্য নির্ব্বাহ করিবার ভার যাঁহারদের প্রতি অর্পিত থাকে তাঁহারা ঐ সোসাইটির কর্ত্তৃত্বকারি লোক হইবেন ইতি।

[এই আইনের পূর্ব্বে যে সোসাইটি হইয়াছিল তাহা রেজিষ্টরী করিবার কথা।]

১৭ ধারা। সাহিত্য ও বিদ্যাঘটিত কিম্বা দানাদি কার্য্যের অভিপ্রায়ে যে কোন কোম্পানি কি সোসাইটি স্থাপিত হইয়া ১৮৫০ সালের ৪৩ আইনমতে রেজিষ্টরী করা যায়, কিম্বা তদ্রূপ যে কোন সোসাইটি এই আইন জারী হইবার পূর্ব্বে নির্দ্দিষ্ট ও স্থাপিত হইয়া ১৮৫০ সালের উক্ত ৪৩ আইনমতে রেজিষ্টরী না হইয়াছে, তাহা ইহার পর কোন সময়ে এই আইনমতের সোসাইটি বলিয়া রেজিষ্টরী হইতে পারিবেক। পরন্তু ইহাতে প্রয়োজন যে, সেই প্রকারের কোন কোম্পানির কি সোসাইটির রেজিষ্টরী করিবার কথা বিবেচনা করিবার জন্যে তাহার কর্ত্তৃত্বকারি লোকেরা সাধারণ বৈঠক

or by proxy, at some General Meeting convened for that purpose by the governing body. In the case of a Company or Society registered under Act XLIII. of 1850, the Directors shall be deemed to be such governing body. In the case of a Society not so registered, if no such body shall have been constituted on the establishment of the Society, it shall be competent for the Members thereof, upon due notice, to create for itself a governing body to act for the Society thenceforth.

[Such Societies to file Memorandum &c., with Registrar of Joint-Stock Companies.]

XVIII. In order to any such Society as is mentioned in the last preceding Section obtaining registry under this Act, it shall be sufficient that the governing body file with the Registrar of Joint-Stock Companies under Act XIX. of 1857, a Memorandum showing the name of the Society, the objects of the Society, and the names, addresses, and occupations of the governing body, together with a copy of the Rules and Regulations of the Society certified as provided in Section II., and a copy of the report of the Proceedings of the General Meeting at which the registration was resolved on.

[Inspection of documents. Certified copies.]

XIX. Any person may inspect all documents filed with the Registrar under this Act on payment of a fee of one Rupee for each inspection; and any person may require a copy or extract of any document or any part of any document, to be certified by the Registrar, on payment of two annas for every hundred words of such copy or extract; and such certified copy shall be *primâ facie* evidence of the matters therein contained in all legal proceedings whatever.

[To what Societies the Act shall apply.]

XX. The following Societies may be registered under this Act, Charitable Societies, the Military Orphan Funds or Societies established at the several Presidencies of India, Societies established for the promotion of Science, Literature, or the fine Arts, for instruction, the diffusion of useful knowledge, the foundation or maintenance of Libraries or Reading-rooms for general use among the Members or open to the public, or public Museums and Galleries of Paintings and other works of Art, Collections of Natural History, Mechanical and Philosophical Inventions, Instruments, or Designs.

M. WYLIE,
Clerk of the Council.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ জুন।]

করেন ও সেই বৈঠকে যে মেম্বরেরা উপস্থিত থাকেন তাঁহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোক আপনারাই কিম্বা অন্যেরদের দ্বারা সম্মতি না জানাইলে সেই কোম্পানি কি সোসাইটি এই আইনমতে রেজিষ্টরী হইবেক না। ১৮৫০ সালের ৪৩ আইনমতে যে কোম্পানি কি সোসাইটি রেজিষ্টরী হইয়াছে, তাহার ডৈরেক্টরেরা সেই কর্তৃত্বকারি লোক জ্ঞান হইবেন। যে সোসাইটি সেই প্রকারে রেজিষ্টরী না হইয়াছে, তাহা স্থাপন করিবার সময়ে যদি সেই প্রকারের কর্তৃত্বকারি লোকেরা নিযুক্ত না হইয়া থাকেন, তবে মেম্বরেরা উপযুক্তমতের সম্বাদ দিয়া আপনারদের কর্তৃত্বকারি লোকদিগকে নিযুক্ত করিতে পারিবেন, ও তাঁহারা সেই সময়াবধি সোসাইটির পক্ষে কর্ম্ম করিবেন ইতি।

[ঐ প্রকারের সোসাইটির সাম্বাজিক লিপিপ্রভৃতি জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার সাহেবকে দিবার কথা।]

১৮ ধারা। ইহার পূর্ব্ব লিখিত ধারামতের কোন সোসাইটি এই আইনমতে রেজিষ্টরী হয় এই কারণে কর্তৃত্বকারি লোকেরদের এই কর্তব্য। তাঁহারা ঐ সোসাইটির নাম, ও ঐ সোসাইটির অভিপ্রায়, ও কর্তৃত্বকারি লোকেরদের নাম ও বাসস্থান ও ব্যবসায়াদি সম্বলিত এক লিপি, ও সোসাইটির বিধি ও ব্যবস্থার এই আইনের ২ ধারামতে সর্টিফিকটযুক্ত নকল, ও সেই সোসাইটি রেজিষ্টরী করা যায় এই কথা সাধারণ যে বৈঠকে নির্দ্ধার্য্য হইয়াছিল সেই বৈঠকের কার্য্যের রিপোর্টের এক কেতা নকল, এই সকল কাগজপত্র ১৮৫৭ সালের ১৯ আইনমতে জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার সাহেবের নিকটে দাখিল করিবেন ইতি।

[দলীল দৃষ্টি করিবার কথা ও সর্টিফিকটযুক্ত নকলের কথা।]

১৯ ধারা। এই আইনমতে যে সকল কাগজপত্র রেজিষ্ট্রার সাহেবের নিকটে দাখিল করা যায় তাহা যদি কেহ দৃষ্টি করিতে চাহেন, তবে এক২বার দৃষ্টি করিবার জন্যে এক টাকা রসুম দিলে দেখিতে পাইবেন। ও কোন কাগজপত্রের কি তাহার কোন অংশের নকল কি কোন কথার নকল যদি চাহেন, তবে সেই নকলের কি সেই গৃহীত কথার এক২ শত শব্দের প্রতি দুই২ আনা দিলে, রেজিষ্ট্রার সাহেবের সর্টিফিকটযুক্ত সেই নকল পাইতে পারিবেন। ও আদালত-সম্পর্কীয় সমস্ত কার্য্যেতে সেই সর্টিফিকটযুক্ত নকল আদিদৃষ্টে তাহার লিখিত কথার প্রমাণ হইবেক ইতি।

[এই আইন যে২ সোসাইটির উপর খাটে তাহার কথা।]

২০ ধারা। এই আইনমতে এই২ সোসাইটি রেজিষ্টরী হইতে পারে। দানাদি কার্য্যের সোসাইটি, ও ভারতবর্ষের নানা রাজধানীর মিলিটারী আরফন ফণ্ড কি সোসাইটি, ও বিদ্যা ও সাহিত্যঘটিত ও চিত্রাদি কর্ম্ম বর্দ্ধনার্থে ও শিক্ষা দানার্থে, ও সাধারণের উপকারক জ্ঞান বর্দ্ধনার্থে, ও সোসাইটির মেম্বরেরদের কিম্বা সর্ব্ব সাধারণের ব্যবহার করিবার পুস্তকালয় কি পাঠালয় করণার্থে, কি তাহার ব্যয় শোধনার্থে, ও সর্ব্ব সাধারণ লোক যাহাতে যাইতে পারিবেক এমত নানা আশ্চর্য্য দ্রব্যসঞ্চয়াগার, ও ছবি প্রতিমাপ্রভৃতি নির্ম্মাণ বিদ্যাঘটিত নানা দ্রব্য প্রকাশালয়, ও নানাপ্রকারের জীবজন্তু সংগ্রহ করিবার ও শিল্প বিদ্যা ও পদার্থ বিদ্যাঘটিত নবকল্পিত দ্রব্য ও যন্ত্র ও নানা কার্য্যের নক্শাপ্রভৃতি সংগ্রহ করিবার আলয় করণার্থে যে সকল সোসাইটি স্থাপন হয় তাহা ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

THE 26TH MAY 1860.

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 21st May 1860, and is hereby promulgated for general information :—

ACT No. XXII. OF 1860.

An Act to remove certain tracts on the Eastern border of the Chittagong District from the jurisdiction of the tribunals established under the general Regulations and Acts.

[Preamble.]

WHEREAS is is expedient to remove the Hilly and Forest tracts of country situated on the Eastern border of the District of Chittagong from the jurisdiction exercised by the Civil, Criminal, and Revenue Courts and Offices of that District, under the General Regulations and Acts of the Government; It is enacted as follows :—

[Certain tracts removed from the operation of the General Regulations and Acts. Proviso.]

I. The tracts of country described in the Schedule to this Act are hereby removed from the jurisdiction of the Courts of Civil and Criminal Judicature, and from the control of the Offices of Revenue constituted by the Regulations of the Bengal Code and the Acts passed by the Governor General of India in Council and the Legislative Council of India, as well as from the system of procedure prescribed for the said Courts and Offices by the Regulations and Acts aforesaid; and no Act hereafter passed by the Legislative Council of India relative to the constitution or procedure of the said Courts and Offices shall be deemed to extend to any part of the said tract, unless the same be specially named therein: provided that nothing herein contained shall extend to or affect any case now pending in any Court or Office.

[Administration of justice and collection of Revenue vested in Officers subject to the control of the Lieutenant Governor of Bengal.]

II. The administration of Civil and Criminal justice and the superintendence of the settlement and realization of the public Revenue and of all matters relating to rent within the said tracts, are hereby vested in such Officer or Officers as the Lieutenant Governor of Bengal may for the purpose of tribunals of first instance or of reference and appeal appoint, and the Officer or Officers so appointed shall, in the matter of the administration and superintendence aforesaid, be subject to the direction and control of the Lieutenant Governor of Bengal, and be guided by such instructions as the Lieutenant Governor of Bengal may from time to time issue.

[Appeals.]

III. It shall be lawful for the Lieutenant Governor of Bengal to direct that an appeal may be

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কাম্পকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২১ মে তারিখে সম্মত হইলেন। এইরূপে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২২ আইন।

চাটিগাঁ জিলার পূর্ব্ব সীমার কতক দেশ সাধারণ আইন ও আক্ট মতের স্থাপিত আদালতপ্রভৃতির এলাকাহইতে পৃথক্ করিবার আইন।

[হেতুবাদ।]

চাটীগাঁ জিলার দেওয়ানী ও ফৌজদারী ও রাজস্বের আদালতের ও কাছারীর যে এলাকা গবর্ণমেণ্টের সাধারণ আইন ও আক্টঅনুসারে থাকে, সেই এলাকাহইতে ঐ জিলার পূর্ব্ব সীমানার পাহাড়ীয় ও বন্য দেশ স্বতন্ত্র করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[কোন২ দেশ সাধারণ আইন ও আক্টের আমলহইতে স্বতন্ত্র করিবার কথা। ও বর্জ্জিত কথা।]

১ ধারা। এই আইনের তফসীলে যে সকল স্থান নির্দ্দিষ্ট হইয়াছে তাহা, বাঙ্গলা দেশের চলিত আইনদ্বারা ও হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ও ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা আক্টদ্বারা স্থাপিত দেওয়ানী ও ফৌজদারী আদালতের এলাকাহইতে, ও রাজস্বের কার্য্যকারকেরদের কর্ত্তৃত্বহইতে, ও উক্ত আইন ও আক্ট দ্বারা ঐ২ আদালতের ও সিরিশ্তার কার্য্য করিবার যে নিয়ম নির্দ্ধার্য্য হইয়াছে তাহাহইতেও স্বতন্ত্র করা গেল। ও উক্ত আদালতের ও সিরিশ্তার সংস্থাপনের কি কার্য্য করিবার নিয়মের বিষয়ে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে কোন আইন ইহার পরে জারী হয়, তাহাতে যদি ঐ দেশের নাম বিশেষমতে লেখা না থাকে, তবে সেই আইন ঐ দেশের কোন স্থানে খাটে এমত জ্ঞান করিতে হইবেক না। পরন্তু কোন আদালতে কি কাছারীতে এইক্ষণে যে মোকদ্দমা উপস্থিত আছে, তাহার উপর এই আইনের কোন কথা খাটিবেক না, ও এই আইনেতে তাহার কিছু ক্ষতিবৃদ্ধি হইবেক না ইতি।

[বিচার করিবার কার্য্যের ও রাজস্ব আদায়ের কার্য্যের ভার বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কর্ত্তৃত্বাধীন লোকেরদের প্রতি থাকিবার কথা।]

২ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে কার্য্যকারককে কি কার্য্যকারকদিগকে মোকদ্দমা প্রথমে শুনিবার জন্যে কিম্বা অর্পণ কি আপীলক্রমে শুনিবার জন্যে নিযুক্ত করেন, তাঁহারদের প্রতি উক্ত দেশসম্পর্কীয় দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার বিচারাদি কার্য্যের ভার, ও সরকারী মালগুজারীর ও খাজানাসম্পর্কীয় সকল বিষয়ের বন্দোবস্ত ও আদায় করিবার কার্য্যের তত্ত্বাবধারণের ভার ইহাতে অর্পণ করা গেল। ও তদ্রূপে যে কার্য্যকারক কি কার্য্যকারকেরা নিযুক্ত হন তাঁহারা পূর্ব্বোক্ত কার্য্য নির্ব্বাহের ও তত্ত্বাবধারণের সম্পর্কে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবেন, ও বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ে২ যে হুকুম জারী করেন তদনুসারে তাঁহারা কার্য্য করিবেন ইতি।

[আপীলের কথা।]

৩ ধারা। চাটীগাঁয়ের সিবিল ও সেশন জজ সাহেব কিম্বা ঐ জিলার রাজস্বের কমিস্যনর সাহেব কিম্বা সদর

heard in any of the matters described in the last preceding Section by the Civil and Sessions Judges of Chittagong or the Commissioner of Revenue for that District or by the Sudder Dewanny and Nizamut Adawlut or by the Board of Revenue, and to declare in what cases the order made by any Officer or Court empowered by the Lieutenant Governor to dispose of any of the matters aforesaid, shall be final.

[Reference to the Sudder Court.]

IV. It shall be lawful to the Lieutenant Governor of Bengal to direct any Officer empowered to administer Criminal jurisdiction in or for the tracts aforesaid, to refer the sentence passed by him in any class of Criminal trials for the confirmation of the Sudder Court; and no sentence of death passed by any person competent under the direction of the Lieutenant Governor to pass such sentence, shall be carried into execution until it be confirmed by the Sudder Court. In disposing of any trial referred for disposal under this Section, the Sudder Court shall not call for the Futwah of its Law Officer, and shall pass such order as it may deem just and proper, so as that it shall not convict any person acquitted by the referring Officer, or enhance any sentence pronounced by him.

[Place of imprisonment or transportation.]

V. Any person liable to be imprisoned in any Civil or Criminal Jail or to be transported beyond sea under any order or sentence passed by any Officer or Court empowered as provided in this Act, may be imprisoned in any Civil or Criminal Jail or transported to any place which the Lieutenant Governor of Bengal may direct.

[Questions of disputed boundary to be determined by Commissioner of Chittagong.]

VI. When a question shall arise whether any place falls within the tracts described in the Schedule of this Act, it shall be competent to the Commissioner of Revenue for the District of Chittagong to consider and determine on which side of the described boundary the place aforesaid may lie, and the order made by the Commissioner shall be final.

[Commencement of Act.]

VII. This Act shall take effect from such date as shall be fixed by the Lieutenant Governor of Bengal, and notification thereof shall be published in the Office of the Commissioner of Revenue and the Courts of the Civil and Sessions Judge and of the Magistrate of Chittagong, and in such other manner as the Lieutenant Governor may direct.

দেওয়ানী ও নিজামৎ আদালতের কিম্বা বোর্ড রেবিনিউর সাহেবেরা ইহার পূর্ব্বের ধারার লিখিত কোন বিষয়ের আপীল শুনিতে পারেন, বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব এমত হুকুম করিতে পারিবেন। ও পূর্ব্বোক্ত প্রকারের কোন মকদ্দমা নিষ্পত্তি করিতে যেং কার্য্যকারক সাহেব কি আদালত শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের স্থানে ক্ষমতা পান, তাঁহারদের হুকুম যে প্রকারের মোকদ্দমায় চূড়ান্ত হইবেক তাহাও তিনি প্রকাশ করিতে পারিবেন ইতি।

[সদর আদালতের প্রতি অর্পণ করিবার কথা।]

৪ ধারা। পূর্ব্বোক্ত দেশেতে কি তন্নিমিত্তে ফৌজদারী কার্য্যনির্ব্বাহ করিবার ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক ফৌজদারী কোনং প্রকারের মোকদ্দমায় যে হুকুম করেন সেই হুকুম তিনি সদর আদালতের মঞ্জুর করিবার জন্যে অর্পণ করেন বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব এমত হুকুম করিতে পারিবেন। ও শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আজ্ঞামতে প্রাণদণ্ডের আজ্ঞা করিতে যাঁহার ক্ষমতা থাকে, তিনি তদ্রূপ যে আজ্ঞা করেন তাহা সদর আদালতের দ্বারা মঞ্জুর না হইলে করা যাইবেক না। এই ধারামতে নিষ্পত্তি হইবার নিমিত্তে যে কোন মোকদ্দমা অর্পণ করা যায়, তাহার নিষ্পত্তি করণেতে সদর আদালতের সাহেবেরা ঐ আদালতের কোন মৌলবীর ফতওয়া লইবেন না, ও যে হুকুম ন্যায্য ও উপযুক্ত বোধ হয় তাহা করিবেন, কিন্তু ঐ মোকদ্দমা অর্পণকরণিয়া কার্য্যকারক যে কোন লোককে নির্দ্দোষ করেন তাহাকে দোষী করিবেন না, ও তিনি যে কোন দণ্ডের আজ্ঞা করেন তাহা বৃদ্ধি করিবেন না ইতি।

[কয়েদ করিবার কি দ্বীপান্তর প্রেরণের স্থানের কথা।]

৫ ধারা। এই আইনের বিধানমতের ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের কি আদালতের কোন হুকুম কি দণ্ডাজ্ঞামতে যদি কোন লোককে দেওয়ানী কি ফৌজদারী কোন জেলখানায় কয়েদ করিতে হয়, কিম্বা সমুদ্রপারের কোন দ্বীপান্তরে পাঠাইতে হয়, তবে বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে কোন স্থান আজ্ঞা করেন সেই স্থানের দেওয়ানী কি ফৌজদারী কোন জেলখানায় তাহাকে কয়েদ করা যাইবেক, কিম্বা দ্বীপান্তরের সেই স্থানে পাঠান যাইবেক ইতি।

[সীমানার কোন বিবাদ হইলে চাটীগাঁয়ের কমিস্যনর সাহেবের তাহা নিষ্পত্তি করিবার কথা।]

৬ ধারা। এই আইনের তফসীলের নির্দিষ্ট কোন দেশের মধ্যে কোন স্থান থাকে কি না, এই কথা লইয়া যদি কিছু বিবাদ হয়, তবে ঐ স্থান সেই নির্দিষ্ট সীমানার কোন্ দিগে থাকে এই কথা চাটীগাঁ জিলার রাজস্বের কমিস্যনর সাহেব বিচার করিয়া নিষ্পত্তি করিতে পারিবেন। ও কমিস্যনর সাহেব যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবে ইতি।

[এই আইন যে সময়াবধি চলিবে তাহার কথা।]

৭ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে তারিখ নিরূপণ করেন সেই তারিখঅবধি এই আইন চলিবেক। তাহার ইশ্তিহার চাটিগাঁয়ের রাজস্বের কমিস্যনর সাহেবের কাছারীতে, ও সিবিল ও সেশন জজ সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের আদালতে প্রকাশ হইবেক, ও শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব অন্য যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে প্রকাশ হইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ জুন।]

SCHEDULE.

The boundary of the Hilly and Forest tract referred to in the *foregoing* Act shall be understood generally to run to the eastward of the surveyed area of the villages situated on the eastern frontier of the Chittagong District as surveyed and mapped in the course of the Revenue Survey of that District, and shall be more particularly taken to be indicated as follows :—

As respects Thannah Futtickcherree, all the country lying east of the villages Ramghur, Joozkola, Hapuneah, Fuckeerachung, Kunchunpoor, and Gomareetulla.

" " Thannah Hathezaree, all the country lying east of Mugkatta, Radahmadhebpoor, and other surveyed villages of this Thannah and of a line drawn from the south-eastern boundary to Gogra in Faree Rungunneah.

" " Faree Rungunneah, all the country lying to the east of Gogra, Nichintapoor, Kodala, Puddooa, Dood-Pookereah, and other surveyed villages of this Faree situated on both sides of the Fenny River.

" " Thannah Putteah, all the country lying east of the surveyed villages of this Thannah, that is to say lying east of a line drawn from the eastern surveyed boundary of Dood-Pookereah in Faree Rungunneah down to the eastern surveyed boundary of the village Doobacherree lying north of the River Sunkoo.

" " Thannah Sutkuneah, all the country lying east of Pooranghur, Burdooara, Andar Manik, Rajbarree and other surveyed villages of this Thannah.

" " Thannah Chuckereah, all the country lying eastward of a line drawn from the village Rajbaree in Thannah Tulkuneah to the surveyed villages Boonoo and Bilcharrie on the Moree River in Thannah Chuckereah, and also all the country lying eastward of the surveyed villages of this Thannah between Bilcherrie and Pagoleebeel.

" " Thannah Ramoo, all the country lying east of a line drawn from Pagoleebeel in Thannah Chuckereah to Edghur, Gurjamah, and Kucheppeah in Thannah Ramoo.

Also all the country comprised in Thannah Teknaaf and lying south of the mouth of the Rajoo River and south and east of a line drawn from the Rajoo River to the surveyed village Kucheppeah of Thannah Ramoo.

M. WYLIE,
Clerk of the Council.

তফসীল।

এই আইনেতে পাহাড়ীয় ও বন্য যে দেশের কথা আছে তাহার সীমানা এই চাটীগাঁ জিলার রাজস্ব-সম্পর্কীয় জরিপী কার্য্যমতে ঐ জিলা জরিপ হইয়া যে নক্শা করা গিয়াছে সেই নক্শামতে ঐ জিলার পূর্ব্ব অঞ্চলের যে সকল গ্রাম জরিপ হইয়াছে তাহার পূর্ব্ব সীমা ঐ দেশের সাধারণ সীমানা জ্ঞান হইবেক। তাহা আরো বিশেষমতে নির্দ্দিষ্ট করা যাইতেছে। অর্থাৎ

থানা ফটিকচেরির রামগড় ও জুযকলা ও হাপনিয়া ও ফকীরাচঙ্গ ও কাঞ্চনপুর ও গুমারিতলা গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ ;

থানা হাটহাজারীর মগকাটা ও রাধামাধবপুর ও ঐ থানার জরিপকরা অন্য সকল গ্রামের পূর্ব্ব দিগের, ও তাহার দক্ষিণ পূর্ব্ব সীমাঅবধি রঙ্গণিয়া ফাঁড়ির গোগরাপর্য্যন্ত রেখা টানিলে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

ফাঁড়ি রঙ্গণিয়ার গোগরা ও নিশ্চিন্তপুর ও কোদালা ও পদুয়া ও দুদপুকুরিয়া গ্রামের, ও ফেনি নদীর দুই ধারে ঐ ফাঁড়ির অন্য যে সকল গ্রাম জরিপ হইয়াছে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

থানা পটিয়ার জরিপকরা গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ অর্থাৎ ফাঁড়ি রঙ্গণিয়ার দুদপুকুরিয়ার জরিপমতে তাহার পূর্ব্ব সীমাঅবধি শঙ্খ নদীর উত্তর দিগে দুবাচারী গ্রামের জরিপমতে তাহার পূর্ব্ব সীমাপর্য্যন্ত রেখা টানিলে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

থানা সৎকন্যার পুরাণঘর ও বড়দুয়ারা ও আন্ধার-মাণিক ও রাজবাড়ী ও ঐ থানার জরিপকরা অন্যান্য গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ।

থানা তলকন্যার রাজবাড়ী গ্রামহইতে থানা চকেরিয়ার মোরী নদীর জরিপকরা বুনু ও বিলচেরী গ্রামপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার পূর্ব্ব দিগের, ও বিলচেরি ও পাগলিবিলের মধ্যে ঐ থানার জরিপকরা সকল গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ।

থানা চকেরিয়ার পাগলিবিলহইতে থানা রামুর এদঘর ও গর্জ্জামা ও কচ্ছপিয়াপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

রাজু নদীর মোহনার দক্ষিণে ও রাজু নদীঅবধি থানা রামুর জরিপকরা কচ্ছপিয়া গ্রামপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার দক্ষিণ ও পূর্ব্ব দিগে থানা টেকনাফের সকল দেশ।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

THE 26TH MAY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 23rd May 1860, and is hereby promulgated for general information :—

ACT NO. XXIII. OF 1860.

An Act to amend Act XXI. of 1856 *(to consolidate and amend the law relating to the Abkaree Revenue in the Presidency of Fort William in Bengal.)*

[Preamble.]

WHEREAS it is expedient to increase the rate of duty levied on spirits manufactured at distilleries worked according to the English method, and otherwise to amend Act XXI. of 1856; It is enacted as follows :—

[Sections repealed. Rate of duty to be levied on spirits manufactured according to the English method.]

I. Section IX. Act XXI. of 1856, so much of Section VII. of the said Act as prescribes that the duty leviable on spirits manufactured at distilleries worked according to the English method for the Imperial gallon of the strength of London proof shall be one Rupee, and so much of Section XV. of the said Act as prohibits spirits under bond from being exported or shipped to any Port in India without payment of duty, are hereby repealed. On and after the 21st January 1860 it shall be lawful for the Government to levy the duty as aforesaid at the rate of three Rupees, and the duty shall be rateably increased as the strength exceeds London proof.

[Removal of spirits from distillery under bond without payment of duty.]

II. Spirits may be removed from any licensed distillery for exportation without payment of duty under such rules and restrictions as may be from time to time prescribed by the Board of Revenue, on the person removing them executing a bond with one or more sureties to the Government in the form hereunto annexed for the payment of the prescribed duty upon such portion of the said spirits as may not be exported within four months from the date of the bond, or upon such portion as may be exported to any other Port within British India not being a free Port, proof of the landing whereof and of the payment of the duty whereon shall not be furnished to the satisfaction of the Board of Revenue within six months from the date of such bond. Provided however that it shall be lawful for the Collector, with the sanction of the Commissioner, on sufficient cause shown, to extend the period allowed for the exportation of the spirits, or as the case may be for the production of such proof as aforesaid, for a further term of four months. Provided also that spirits exported as aforesaid shall if imported at any Port in the Territories subject to the Government of India, be

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৬ মে ।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কার্য্যকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৩ মে তারিখে সম্মত হইলেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৩ আইন।

১৮৫৬ সালের ২১ আইন (অর্থাৎ বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর মোতালক স্থানে আবকারীর রাজস্বের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইন) সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যে কারখানাতে কার্য্য হইতেছে তাহাতে যে সকল উগ্র শরাব চোয়ান যায় তাহার উপর যে মাসুল আদায় হয় তাহা বৃদ্ধিকরা, ও ১৮৫৬ সালের ২১ আইন অন্য প্রকারে সংশোধন করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[যে২ ধারা রদ হইল তাহার কথা ও ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যে উগ্র শরাব চোয়ান যায় তাহার যে মাসুল আদায় হইবেক তাহার কথা।]

১ ধারা। ১৮৫৬ সালের ২১ আইনের ৯ ধারা, ও যে২ কারখানাতে ইঙ্গলণ্ডের নিয়মমতে মদিরা চোয়ান যায় তাহাতে লণ্ডন প্রুফের মত তীব্র মদিরার ইম্পিরিয়ল গালন্ প্রতি ১৲ টাকার হিসাবে মাসুল লওয়া যাইবেক, ঐ আইনের ৭ ধারার এই কথা, ও মাসুল না দেওয়া গেলে বণ্ডক্রমে দেওয়া কোন মদিরা ভারতবর্ষের কোন বন্দরে রপ্ত হইবেক না কি জাহাজে উঠাইয়া দেওয়া যাইবে না ঐ আইনের ১৫ ধারার এই মর্ম্মের কথা ইহাতে রদ হইল। ১৮৬০ সালের জানুআরি মাসের ২১ তারিখে ও তাহার পরে, গবর্ণমেণ্ট তিন টাকার হিসাবে উক্ত মাসুল আদায় করিতে পারিবেন, ও সেই শরাব লণ্ডনপ্রুফহইতে যত অধিক তীব্র হয় তদনুসারে তাহার ঐ মাসুল বৃদ্ধি হইবেক ইতি।

[বণ্ডক্রমে দেওয়া শরাব মাসুল না দিয়া কারখানাহইতে লইয়া যাইবার কথা।]

২ ধারা। উগ্র শরাব রপ্তানী হইবার জন্যে পাট্টাপ্রাপ্ত কোন কারখানাহইতে মাসুল না দিয়া এই প্রকারে স্থানান্তর করা যাইতে পারিবে। অর্থাৎ যে ব্যক্তি তাহা লইয়া যাইবে সে যদি গবর্ণমেণ্টকে এই আইনের শেষ ভাগের লিখিত পাঠে এক কি অধিক জন জামিন দিয়া এই মর্ম্মের এক বণ্ড লিখিয়া দেয় যে, এই বণ্ডের তারিখঅবধি চারি মাসের মধ্যে উক্ত শরাবের যে অংশ রপ্ত না হয়, কিম্বা বেমাসুলী বন্দর না হইয়া ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের মধ্যের অন্য কোন বন্দরে তাহার কোন অংশ রপ্ত হইলে, সেই অংশের পঁহুছিবার ও তাহার উপর মাসুল দেওয়া যাইবার প্রমাণ ঐ বণ্ডের তারিখঅবধি ছয় মাসের মধ্যে বোর্ড রেবিনিউর সাহেবেরদের খাতিরজমামতে না দেওয়া গেলে, সেই অংশের নির্দ্দিষ্ট মাসুল দিব. তবে বোর্ড রেবিনিউর সাহেবেরা যে বিধি ও নিষেধাজ্ঞা সময়ে২ করিয়া থাকিবেন সেই বিধিমতে ঐ লোক মাসুল না দিয়া ঐ শরাব লইয়া যাইতে পারিবেক। কিন্তু উপযুক্ত কারণ দর্শান গেলে, কমিসানর সাহেবের অনুমতি পাইয়া কালেক্টর সাহেব ঐ শরাব রপ্ত করিবার কিম্বা বিষয়বিশেষে পূর্ব্বোক্তমতের প্রমাণ দেখাইবার মিয়াদ অধিক চারি মাসপর্য্যন্ত বৃদ্ধি করিতে পারিবেন। আরো পূর্ব্বোক্তমতে যে শরাব রপ্ত হয়, তাহা যদি ভারতবর্ষের গবর্ণমেণ্টের শাসিত দেশের কোন বন্দরে আমদানী হয়, তবে তৎকালের চলিত আইনমতে সমুদ্রপথে আমদানী-

charged with the duty payable on account of spirits imported by sea under any Act for the time being in force.

[Imprisonment in default of payment of fine.]

III. When any person is sentenced to pay any fine or forfeiture under the said Act, such person in default of payment of the same may be imprisoned by order of the Magistrate for any term not exceeding two months when the amount of the fine or forfeiture shall not exceed fifty Rupees, or for any term not exceeding four months when the amount of the fine or forfeiture shall not exceed two hundred Rupees, or for any term not exceeding six months when the amount of the fine or forfeiture shall exceed two hundred Rupees: but in any case the imprisonment shall determine upon the payment of the fine or forfeiture adjudged.

[Indemnity to Collectors, &c.]

IV. Every Collector or other Officer is hereby indemnified for any thing done on and after the said 21st of January 1860 in collecting or enforcing the duty leviable under the 1st Section of this Act, or by virtue of any order of Government heretofore made authorizing the levy of any such duty, or in otherwise carrying out this Act; and no action or other proceeding shall be maintained against any such Collector or other Officer in respect of any thing so done.

[Construction of Act.]

V. This Act and Act XXI. of 1856 as hereby amended shall be read as one Act.

FORM OF BOND UNDER SECTION II.

Know all men by these presents, That we are jointly and severally held and firmly bound unto the Secretary of State for India in the sum of Company's Rupees to be paid to the said Secretary of State for India; for which payment well and truly to be made, we jointly and severally bind ourselves and each of us binds himself and each and every one of our respective heirs, administrators, and representatives by these presents.

Sealed with our seals.

Dated this *day of*

Whereas the above bounden are justly and truly indebted to the Secretary of State for India in the sum of Company's Rupees being the amount of duty payable to the Secretary of State for India at the rate of three Rupees per Imperial gallon London proof for gallons of manufactured at which the said

হওয়া শরাবের যে মাসুল লাগিতে পারে তাহার সেই মাসুল লাগিবেক ইতি।

[জরীমানার টাকা না দেওয়া গেলে কয়েদ হইবার কথা।]

৩ ধারা। উক্ত আইনমতে কোন লোকের জরীমানা দিবার কি টাকা জব্দ হইবার হুকুম হইলে, যদি সেই লোক ঐ জরীমানার টাকা না দেয়, তবে সেই জরীমানা কি জব্দকরা টাকা পঞ্চাশ টাকার অধিক না হইলে তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে দুই মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক। কিম্বা জরীমানা কি জব্দকরা টাকা দুই শত টাকার অধিক না হইলে, তাহাকে চারি মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক। কিম্বা জরীমানা কি জব্দকরা টাকা দুই শত টাকার অধিক হইলে তাহাকে ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক। কিন্তু যত কাল হউক, জরীমানার কি জব্দকরা যত টাকা দিবার হুকুম হয় তাহা দেওয়া গেলেই সে কয়েদহইতে মুক্ত হইবেক ইতি।

[কালেক্টর সাহেবপ্রভৃতির দায়হইতে রক্ষা পাইবার কথা।]

৪ ধারা। এই আইনের ১ ধারাক্রমে যে মাসুল আদায় হইতে পারে তাহা, কিম্বা গবর্ণমেণ্টের যে কোন হুকুমমতে উক্ত প্রকারের কোন মাসুল আদায় করিবার ক্ষমতা ইতিপূর্ব্বে দেওয়া গেল তৎক্রমে ঐ মাসুল আদায় করিবার কিম্বা বলপূর্ব্বক লইবার কার্য্যেতে, কিম্বা অন্য প্রকারে এই আইনমতের কোন কার্য্য করণেতে, কোন কালেক্টর সাহেব কিম্বা অন্য কার্য্যকারক ১৮৬০ সালের জানুআরি মাসের উক্ত ২১ তারিখে কি তাহার পরে যে কোন কার্য্য করিয়া থাকেন তাহার নিমিত্তে তিনি কোন দায় ঠেকিবেন না, ও তদ্রূপের করা কোন কার্য্যের নিমিত্তে তদ্রূপ কোন কালেক্টর সাহেবের কি অন্য কার্য্যকারকের নামে কোন দাবীর নালিশ কি মোকদ্দমার অন্য কার্য্য গ্রাহ্য হইবেক না ইতি।

[এই আইনের অর্থ করিবার কথা।]

৫ ধারা। এই আইনমতে সংশোধনকরা ১৮৫৬ সালের ২১ আইন ও এই আইন একি আইনমতে পাঠ করিতে হইবেক ইতি।

---

২ ধারাতে যে বণ্ডের কথা আছে তাহা লিখিবার পাঠ।

এই লিখনদ্বারা সকলে জ্ঞাত হউন যে, আমরা অমুক২ ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুক্ত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবকে এত টাকা দিবার জন্যে ভারতবর্ষের নিমিত্তে উক্ত শ্রীযুক্ত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের নিকটে একত্রে ও স্বতন্ত্রে দৃঢ়রূপে বদ্ধ হইলাম। সেই টাকা উত্তমরূপে ও যথার্থমতে দেওয়া যায় এই জন্যে আমরা একত্রে ও স্বতন্ত্রে আপনারদিগকে বদ্ধ করিলাম, ও আমরা প্রত্যেক জন আপনাকে ও প্রত্যেক জন আপন২ উত্তরাধিকারিকে ও আড্‌মিনিষ্ট্রেটরদিগকে, ও স্থলাভিষিক্তদিগকে আপন২ মোহরকরা এই পত্রদ্বারা বদ্ধ করিলাম ইতি।

সাল মা তাং।

পূর্ব্বোক্তমতে বদ্ধ অমুক২, অমুক স্থানের কারখানায় প্রস্তুত অমুক শরাবের এত গালনের জন্যে, লণ্ডন প্রূফ শরাবের ইম্পিরিয়ল গালনপ্রতি ৩৲ টাকার হিসাবে, ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুক্ত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবকে দেনা কোম্পানির এত টাকা মাসুলের বাবৎ ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুক্ত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের নিকটে ন্যায় ও যাথার্থমতে বদ্ধ আছে। উক্ত অমুক২ সেই মাসুল না দিয়া সেই শরাবাদি সমুদ্রপথে রপ্তানী

ha been allowed to remove thence for exportation by sea without having paid the amount of such duty. Now the condition of this obligation is such that, if the above-bounden his or their heirs, executors, administrators, or representatives or some or one of them, do and shall at the expiration of four calendar months from the date of this obligation well and truly pay or cause to be paid to the said Secretary of State for India duty at the rate of three Rupees per Imperial gallon of proof spirit for all or any portion of the above-mentioned which shall not have been exported by sea or which shall have been passed for local consumption, or if the above-bounden his or their heirs, executors, administrators, or representatives or one of them do and shall within four months from the date of this obligation export the said by sea to some Port in British India (not being a free Port) and within six months from the date of this obligation afford proof to the satisfaction of the Board of Revenue that the same has been landed at such Port (not being a free Port) and that duty thereon according to the provisions of this Act has at such Port been paid thereon, then this obligation shall be void; otherwise it shall remain in full force and virtue.

Sealed and delivered
in the presence of

M. WYLIE,
Clerk of the Council.

DRAFT OF ACT.

A Bill for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

[Continued from page 287.]

PART XI.

Appeals from Assessment.

[Persons dissatisfied may appeal within days, on satisfying Collector that they have *primâ facie* ground of appeal. Persons prevented from appealing by sickness or otherwise shall be allowed extended time to appeal.]

XCIV. (1) If any person charged with the said Duties under any such assessment shall be dissatisfied therewith and shall, within days after the proclamation of the said assessment in the District, Town, Village, or Tract in which he shall reside at the time of the said assessment, (or in case of his being prevented from appealing within the time by sickness or any other excuse that shall appear reasonable to the said Collector, within such further time as the said Collector shall allow for that purpose,) satisfy the said Collector that he ought to be allowed to appeal from the said assessment, (in which case the Collector shall certify that, to his judgment, the said person ought to be

করিবার জন্যে লইয়া যাইতে অনুমতি পাইয়াছেন। এখন এই করারপত্রের এই নিয়ম। যদি পূর্ব্বোক্ত শরাবের সমুদয় কি তাহার কোন অংশ সমুদ্রপথে রপ্তনা হয় কিম্বা যদি সমুদয় কি তাহার কোন অংশের এই দেশে ব্যবহার হইবার জন্যে পাস দেওয়া যায়, তবে এই করার করিবার তারিখঅবধি চারি মাস গত হইলেই উপরের মতে বদ্ধ ঐ অমুক কি তাহার কি তাহারদের উত্তরাধিকারিরা কি অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি তাহারদের কোনং জন কি কোন এক জন প্রুফ শরাবের ইম্পিরিয়ল গালনপ্রতি ৩৲ টাকার হিসাবে পূর্ব্বোক্ত মাসুল ভারতবর্ষের নিমিত্তে উক্ত শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবকে উত্তম ও যথার্থমতে দিলে কি দেওয়াইলে এই করার বাতিল হইবেক। কিম্বা উক্তমতে বদ্ধ উক্ত অমুক কি তাহার কি তাহারদের উত্তরাধিকারিরা কি অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি স্থলাভিষিক্তেরা কি তাহারদের কোন এক জন যদি এই করারনামার তারিখঅবধি চারি মাসের মধ্যে ঐ শরাব (বেমাসুলী বন্দর না হইয়া) ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের কোন বন্দরে সমুদ্রপথে রপ্ত করায় ও সেই শরাব (বেমাসুলী বন্দর না হয় এমত) কোন বন্দরে পঁহুছিয়াছে ও এই আইনের বিধানমতে তাহার মাসুল সেই বন্দরে দেওয়া গিয়াছে এই কথার প্রমাণ যদি এই করার করিবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে বোর্ড রেবিনিউর সাহেবেরদের খাতিরজমামতে দেয়, তবে এই করারনামা বাতিল হইবেক। নতুবা তাহা সম্পূর্ণরূপে প্রবল ও শক্তিমন্ত থাকিবেক ইতি।

আমারদের সাক্ষাতে
মোহর করিয়া দেওয়া গল।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও বাণিজ্যব্যাপারেতে ও চাকরী করিয়া যে লভ্য হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইনের মুসাবিদা।

[২৮৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

একাদশ খণ্ড।

ধার্য্যকরা টাক্সের উপর আপীলের বিধি।

[কোন লোকেরদের আপীল করিবার হেতু আছে এই কথা আপাততঃ কালেক্টরেরদের খাতিরজমামতে জানাইলে তাঁহারদের এত দিনের মধ্যে আপীল করিতে পারিবার কথা। ও পীড়াপ্রভৃতির কারণে আপীল করিতে না পারিলে মিয়াদ বৃদ্ধির কথা।]

৯৪ ধারা। ১ প্রকরণ। উক্তমতে যে টাক্স ধার্য্য হয় তাহাতে যদি কোন লোক সন্তুষ্ট না হন, ও সেই টাক্সের বিষয়ে তাঁহার আপীল করিবার অনুমতি হওয়া উচিত, এই কথা ঐ টাক্স ধার্য্যহওয়ার সময়ে ঐ লোক যে জিলাতে কি নগরে কি গ্রামে কি প্রদেশে বাস করেন, তাহাতে ঐ টাক্স ধার্য্যহওয়ার কথা ঘোষণা হইবার পর এত দিনের মধ্যে, যদি উক্ত কালেক্টরের খাতিরজমামতে দেখাইতে পারেন; তবে কালেক্টর এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন যে আমার বিবেচনামতে উক্ত লোকের পূর্ব্বোক্তমতে আপীল করিবার অনুমতিহওয়া উচিত। তাহাতে তিনি ঐ সময়ের মধ্যে ঐ ধার্য্যকরা টাক্সের উপর আপীল করিতে পারিবেন। যদি তাঁহার পীড়া হওয়াতে কিম্বা অন্য যে কারণ উক্ত কালেক্টর উপযুক্ত জ্ঞান করেন এমত কোন কারণে তিনি

allowed to appeal as aforesaid,) he shall be at liberty, within the time aforesaid, to appeal from the said assessment.

[Appeal to lie to Commissioners for special purposes.]

2. Where special Commissioners shall have been appointed for the District in which the said person shall have been assessed, such appeal shall lie to the Commissioners for special purposes of the District.

[Or where none such have been appointed, to Commissioners for general purposes.]

3. Where no such Commissioners shall have been appointed, such appeal shall lie to the Commissioners for general purposes of the said District.

[Proceedings upon appeal shall be according to Part V. of this Act.]

XCV. 1. The proceedings upon any such appeal shall be conducted according to the provisions of Part IV. of this Act, so far as the same are applicable, and according to any regulations that may be passed in that behalf under Section C. of this Act.

2. The persons so appealing shall return all such lists, statements, and declarations, and shall do all such acts and things, and shall be subject to the said several provisions in the said Part IV, provided in regard to persons appealing, except so far as the same may be modified or varied by any special provisions contained in any such regulations, in which case, the provisions of such regulations shall be observed.

[Commissioners, if satisfied upon such appeal, shall reduce the assessment.]

XCVI. If, upon the hearing of any such appeal, the said Commissioners shall be satisfied that the Collector has so certified as aforesaid, and shall be of opinion that the said assessment upon the person appealing as aforesaid is erroneous and excessive, the said Commissioners shall reduce thesaid assessment upon such person, and shall settle and ascertain, according to the best of their judgment, in what sum the person so appealing ought to be assessed, and make an assessment on him accordingly, which assessment shall be final and conclusive, subject only to such surcharge in the case of fraud as in the 61st Section of this Act is provided.

[Commissioners, if dissatisfied, shall dismiss the appeal, and may charge double assessment.]

XCVII. If, upon the hearing of any such appeal, the person so appealing shall not satisfy the Commissioners that the Collector has so certified as aforesaid, and that the said assessment upon him was erroneous and excessive, his appeal shall be dismissed by the said Commissioners; and he shall be liable to be charged by them to the said Duties in a sum not exceeding double the amount at which he was assessed under the said assessment.

[*Government Gazette*, 5th June, 1860.]

ঐ মিয়াদের মধ্যে আপীল করিতে না পারেন, তবে উক্ত কালেক্টর আপীল করিবার জন্যে অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে আপীল করিতে পারিবেন।

[সেই আপীল বিশেষ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে হইবার কথা।]

২ প্রকরণ। উক্ত লোকের যে প্রদেশে টাক্স ধার্য্য হইল সেই প্রদেশে যদি বিশেষ কমিস্যনরেরা নিযুক্ত থাকেন তবে ঐ আপীল সেই প্রদেশের বিশেষ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে করিতে হইবেক।

[সেই প্রকারের কমিস্যনর নিযুক্ত না থাকিলে, সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে আপীল হইবার কথা।]

৩ প্রকরণ। যদি সেই প্রকারের কমিস্যনরেরা নিযুক্ত না হন, তবে সেই আপীল ঐ প্রদেশের সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে করিতে হইবেক ইতি।

[আপীলের কার্য্য এই আইনের চতুর্থ খণ্ডমতে হইবার কথা।]

৯৫ ধারা। ১ প্রকরণ। উক্ত প্রকারের যে কোন আপীল হয় তাহার উপর এই আইনের ৪ খণ্ডের বিধান যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত সেই বিধানমতে, ও এই আইনের ১০০ ধারামতে তদ্বিষয়ের যে কোন বিধান করা যায় সেই বিধানঅনুসারে ঐ আপীলমতের কার্য্য হইবেক।

২ প্রকরণ। যাঁহারা উক্তমতে আপীল করেন তাঁহারা আপীলকরণিয়া লোকেরদের বিষয়ে উক্ত চতুর্থ খণ্ডেতে যে বিধান হইয়াছে সেই বিধানমতের ফর্দ ও কৈফিয়ৎ ও নিশ্চয়ার্থক কথা লিখিয়া দিবেন ও সেই বিধানমতের সকল কার্য্য ও বিষয় করিবেন ও তাঁহারদের উপর ঐ সকল বিধান খাটিবেক। কিন্তু যদি উক্ত প্রকারের কোন বিধানের লিখিত কোন বিশেষ বিধিমতে তাহার পরিবর্ত্তন কি মতান্তর হয় তবে সেই বিধি মানিতে হইবেক ইতি

[ঐ আপীল শুনিয়া কমিস্যনরেরদের খাতিরজমা হইলে টাক্স কম করিবার কথা।]

৯৬ ধারা। উক্ত প্রকারের কোন আপীল শুনিলে কালেক্টর পূর্ব্বোক্তমতের সর্টিফিকট দিয়াছেন এই কথা যদি কমিস্যনরেরা খাতিরজমামতে জানেন ও আপীল করণিয়া লোকের উপর উক্ত যে টাক্স ধার্য্য হইয়াছে তাহাতে ভুল হইয়াছে ও তাহা অধিক ধরা হইয়াছে, ইহা যদি বোধ করেন, তবে উক্ত লোকের উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা ঐ কমিস্যনরেরা কম করিবেন, ও তাঁহারদের বিবেচনামতে উক্ত আপীলকরণিয়া লোকের যত টাক্স ধার্য্য করিতে হয় তাহা নির্দ্ধার্য্য ও নিরূপণ করিয়া, তদনুসারে ঐ লোকের উপর টাক্স ধার্য্য করিবেন, ও সেই টাক্স চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক। কেবল যদি প্রতারণা হয় তবে এই আইনের ৬১ ধারার বিধানমতে তাঁহার উপরি টাক্স লাগিতে পারিবেক ইতি।

[কমিস্যনরেরদের খাতিরজমা না হইলে আপীল ডিসমিস হইবার ও দ্বিগুণ টাক্স ধার্য্য হইবার কথা।]

৯৭ ধারা। সেই প্রকারের কোন আপীল শুনিবার সময়ে, কালেক্টর পূর্ব্বোক্তমতের সর্টিফিকট দিয়াছেন এই কথা ও তাঁহার উপর উক্ত যে টাক্স ধার্য্য হইয়াছে তাহাতে ভুল হইয়াছে ও তাহা অধিক ধরা হইয়াছে এই কথা যদি আপীলকরণিয়া লোক কমিস্যনরেরদের খাতিরজমামতে না জানাইতে পারেন, তবে ঐ কমিস্যনরেরা তাঁহার আপীল ডিসমিস করিবেন। ও তাঁহার উপর উক্ত যত টাক্স ধার্য্য হইয়াছে তাহার দ্বিগুণপর্য্যন্ত ঐ কমিস্যনরেরা তাঁহার স্থানে টাক্স লইতে পারিবেন ইতি।

[Commissioners to redistribute amount struck off from aggregate assessment among all the persons assessed, giving opportunity to persons re-assessed to be heard.]

XCVIII. 1. In any such case, it shall be lawful for the said Commissioners to make a new distribution and apportionment, according to the best of their judgment, of the entire and aggregate sum assessed by the said punchayet or persons as aforesaid, among all the persons assessed by them, under the said order of Government, and to vary and increase the amount of assessment upon each of the said persons so assessed as aforesaid.

2. Before the said Commissioners shall finally increase the assessment upon any person who shall not have appealed to them, they shall cause notice to be given to such person to show cause before them why his assessment shall not be increased, and such person shall be entitled to be heard before the said Commissioners, in support of the said assessment, in the same manner and subject to the same regulations as persons appealing from assessments are entitled to be heard.

3. If such person shall not appear to show cause, or shall not, on appearing, show sufficient cause in the judgment of the said Commissioners against an increase of his said assessment, the said Commissioners shall increase the amount of his said assessment according to the best of their judgment.

4. If any such person shall show sufficient cause in the judgment of the said Commissioners against any increase of his assessment, the said Commissioners shall confirm his original assessment.

5. The assessment so varied and increased, or so confirmed by the said Commissioners, shall be final and conclusive.

[Members of Punchayets may attend before the Commissioners and support their assessment when appealed from.]

XCIX. In all such cases of appeal it shall be lawful for the members of the punchayet or other body, from whose assessment the appeal shall have been preferred, or any of them, to attend before the said Commissioners and to support their said assessment.

[Local Government to make Regulations for the execution of this part of the Act, with the sanction of the Governor General in Council.]

C. 1. It shall be lawful for the local Government, with the consent of the Governor General in Council in that behalf first had and obtained, from time to time to make such regulations as it may deem necessary for the following purposes, that is,

1st.—For determining the mode of constituting the punchayet or other body of persons employed to make such assessments, and of appointing and removing the persons constituting the same, and of filling up vacancies among such persons.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০ : ৫ জুন।]

[মোটে যত ধার্য্য হয় তাহা টাক্স ধার্য্যহওয়া সকল লোকেরদের স্থানে ভাগ হারমতে লইবার, ও যাঁহারদের টাক্স পুনরায় ধার্য্য হয় তাঁহারদের আপত্তি শুনিবার কথা।]

৯৮ ধারা। ১ প্রকরণ। এমত কোন স্থলে, গবর্ণমেণ্টের উক্ত হুকুমমতে উক্ত পঞ্চায়ত কি পূর্ব্বোক্ত লোকেরা ঐ লোকেরদের উপর সর্ব্ব শুদ্ধ যত টাক্স ধার্য্য করিয়াছেন, তাহা যে লোকেরদের উপর ধার্য্য হইয়াছে তাঁহারদের স্থানে উক্ত কমিস্যনরেরা আপনারদের বিবেচনামতে নূতন ভাগ হার করিয়া লইতে পারিবেন, ও পূর্ব্বোক্তমতে ঐ লোকেরদের এক২ জনের যত টাক্স ধার্য্য হইয়াছে তাহা মতান্তর কি বৃদ্ধি করিতে পারিবেন।

২ প্রকরণ। ঐ কমিস্যনরেরদের নিকটে যে জন আপীল না করিয়াছেন এমত কোন লোকের ঐ টাক্স চূড়ান্তরূপে বৃদ্ধি করিবার পূর্ব্বে, তাঁহার সেই টাক্স বৃদ্ধি না হইবার কারণ দর্শাইতে তাঁহারা তাঁহাকে এত্তেলা দিবেন। ও ধার্য্যকরা টাক্সের বিষয়ে আপীলকরণিয়া লোকেরদের কথা যে প্রকারে ও যে বিধানমতে শুনা যাইতে পারে, সেই প্রকারে ও সেই বিধানমতে উক্ত লোকের প্রথম ধার্য্যকরা টাক্স বহাল রাখিবার জন্যে উক্ত কমিস্যনরেরদের সম্মুখে তাঁহার কথা শুনা যাইতে পারিবেক।

৩ প্রকরণ। ঐ লোকের উক্ত টাক্স বৃদ্ধি না হইবার কারণ দর্শাইবার জন্যে যদি সেই লোক উপস্থিত না হন, কিম্বা উপস্থিত হইয়া যদি উক্ত কমিস্যনরেরদের বিবেচনামতে উপযুক্ত কারণ না দর্শান, তবে উক্ত কমিস্যনরেরা আপনারদের বিবেচনামতে ঐ ধার্য্যকরা টাক্সের ঐ লোকের দেনা টাকা বৃদ্ধি করিবেন।

৪ প্রকরণ। যদি উক্ত প্রকারের কোন লোক ঐ কমিস্যনরেরদের বিবেচনামতে টাক্স বৃদ্ধি না হওয়ার উপযুক্ত কারণ দর্শান, তবে তাঁহার উপর প্রথমে যে টাক্স ধার্য্য হইয়াছিল তাহা উক্ত কমিস্যনরেরা বহাল রাখিবেন।

৫ প্রকরণ। উক্ত কমিস্যনরেরদের সেই প্রকারের মতান্তরকরা ও বৃদ্ধিহওয়া কিম্বা সেই প্রকারের বহাল রাখা টাক্স চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক ইতি।

[পঞ্চায়তের লোকেরা যে টাক্স ধার্য্য করেন তাহার উপর আপীল হইলে, কমিস্যনরেরদের সম্মুখে তাঁহারদের উপস্থিত হওয়ার ও টাক্সের পোষকতায় প্রমাণ দিবার কথা।]

৯৯ ধারা। উক্ত প্রকারের আপীল যখন হয়, তখন যে পঞ্চায়তের কি অন্য লোকেরদের ধার্য্যকরা টাক্সের উপর ঐ আপীল হয়, তাঁহারা সকলে কিম্বা তাঁহারদের কোন২ লোক উক্ত কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইয়া উক্ত যে টাক্স ধার্য্য করিয়াছেন তাহার পোষকতায় কথা কহিতে পারিবেন ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতি লইয়া আইনের এই অংশমতে কার্য্য করিবার বিধান স্থানবিশেষের গবর্ণমেণ্টের করিবার কথা।]

১০০ ধারা। ১ প্রকরণ। স্থানবিশেষের গবর্ণমেণ্ট, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতি প্রথমে লইয়া, নীচের লিখিত কার্য্য করিবার যে২ বিধান আবশ্যক জ্ঞান করেন তাহা সময়ে২ করিতে পারিবেন। অর্থাৎ

প্রথম। ঐ টাক্স ধার্য্য করিবার জন্যে যে পঞ্চায়ত কি অন্য সভা নিযুক্ত হইবে তাহা করিবার বিধান, ও যাঁহারদিগকে লইয়া ঐ পঞ্চায়তপ্রভৃতি হইবে তাঁহারদিগকে নিযুক্ত করিবার ও অন্তর করিবার, ও তাঁহারদের কাঁহারো পদ শূন্য হইলে সেই পদে অন্য লোককে ভর্ত্তি করিবার বিধান।

2nd.—For regulating the proceedings of any punchayet, or of any persons who may be employed to make assessment under the tenth part of this Act, and of revising and correcting the same.

দ্বিতীয়। যে পঞ্চায়ত কিম্বা এই আইনের দশম খণ্ডমতে টাক্স ধার্য্য করিতে যে কোন লোকেরা নিযুক্ত হন তাঁহারদের কার্য্য করিবার বিধান, ও সেই কার্য্য মোকাবিলা করিয়া শুধরাইবার বিধান।

3rd.—For enabling the said punchayet or persons making such assessment as aforesaid, when and if they shall make an aggregate assessment on the whole of the persons chargeable under such assessment, to duly apportion the aggregate sum assessed among the several persons included in such assessment, and to revise and correct such apportionment.

তৃতীয়। উক্ত পঞ্চায়ত কিম্বা যে লোকেরা পূর্ব্বোক্ত মতের টাক্স ধার্য্য করেন, তাঁহারা যখন ঐ টাক্স দিবার যোগ্য সমুদয় লোকের মোটে এত টাক্স ধার্য্য করেন, তখন ঐ টাক্সের ফর্দ্দের মধ্যে যত জন ধরা গিয়াছে তাঁহারদের যাঁহার যত দিতে হইবেক এমত ভাগ হার করিয়া দিতে পারেন, ও তাহা পুনর্দৃষ্টি করিয়া সংশোধন করিতে পারেন এমত বিধান।

4th.—For regulating the proceedings before the Commissioners upon any appeal from any assessment, and for enabling such Commissioners upon the allowance of any appeal, to make a new apportionment and distribution of the sums assessed.

চতুর্থ। ধার্য্যকরা কোন টাক্সের উপর কোন আপীল যখন হয় তখন কমিস্যনরেরদের সম্মুখে কার্য্য করিবার বিধান ও আপীল করিবার অনুমতি হইলে ঐ কমিস্যনরেরা লোকেরদের দেনা ঐ টাক্সের টাকা নূতন ভাগ ও বিলি করিয়া লইতে পারেন এমত বিধান।

5th.—Generally for effecting the said assessment, and for all matters properly incidental thereto.

পঞ্চম। সাধারণমতে ঐ ধার্য্যকরা টাক্স সফল করিবার ও তৎসম্পর্কীয় অন্য সকল কার্য্য করিবার বিধান।

2. Such regulations shall be published in the *Government Gazette* of the Presidency, Lieutenant Governorship, or Province, in or nearest to which the said District, Town, Village, or Tract of country shall be situated, and shall also be published and notified by proclamation in the said District, Town, Village, or Tract in the manner usual therein.

২ প্রকরণ। উক্ত জিলা কি নগর কি গ্রাম কি প্রদেশ যে রাজধানীর কি যে লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের এলাকার কি যে প্রদেশের মধ্যে কি অতি নিকট থাকে, সেই রাজধানীপ্রভৃতির গবর্ণমেণ্ট গেজেটে ঐ২ বিধান ছাপা হইবেক ও সেই জিলাতে কি নগরে কি গ্রামে কি প্রদেশে যে রীতি চলন আছে, সেই রীতিমতে ঐ২ বিধান ঘোষণা হইয়া প্রকাশ করা যাইবেক ও তাহার ইশ্তিহার দেওয়া যাইবেক।

3. Such regulations, when so published and notified, shall be binding on the several persons who shall have been assessed under such order, and shall, as to such persons, have the force and effect of law.

৩ প্রকরণ। সেই বিধান উক্তমতে প্রকাশ হইলে পর ও তাহার ইশ্তিহার দেওয়া গেলে পর, ঐ হুকুমমতে যাঁহারদের টাক্স ধার্য্য হইয়াছে তাঁহারা প্রত্যেক জন তাহাতে বদ্ধ হইবেন ও সেই লোকেরদের পক্ষে ঐ বিধানের আইনের তুল্য বল ও ফল হইবেক ইতি।

[Sums assessed shall be paid under the general provisions of this Act, except where the manner of payment is varied or modified by the order of Government.]

[টাক্সের টাকা দিবার নিয়ম গবর্ণমেণ্টের হুকুমমতে মতান্তর কি পরিবর্ত্তন না হইলে, ঐ টাকা এই আইনের সাধারণ বিধানমতে আদায় হইবার কথা।]

CI. The sums assessed under Part X of the Act shall be paid at the time and in the manner prescribed in the general provisions of this Act, except so far as the said order shall postpone the time, or modify or vary the manner of payment, in which case the said sums shall be paid at the time and in the manner directed by the said order.

১০১ ধারা। এই আইনের দশম খণ্ডমতে যে২ টাক্স ধার্য্য হয় তাহা এই আইনের সাধারণ বিধানের নির্দ্দিষ্ট সময়ে ও প্রকারে দিতে হইবেক। কিন্তু যদি উক্ত হুকুমেতে অন্য সময় নিরূপণ হয় কি টাকা দিবার নিয়ম মতান্তর কি পরিবর্ত্তন করা যায়, তবে ঐ টাকা ঐ হুকুমের নিরূপিত সময়ে ও প্রকারে দিতে হইবেক ইতি।

[The general remedies and provisions of this Act shall apply to persons assessed under Part XI.]

[১১ খণ্ডমতে যাঁহারদের টাক্স ধার্য্য হইল তাঁহারদের উপর এই আইনের সাধারণ উপায় ও বিধান খাটিবার কথা।]

CII. Upon any assessment being made under Part XI. of this Act, the several provisions of this Act relating to the recovery of the Duties aforesaid, and the remedies in respect thereof, and the penalties and forfeiture for any refusal or neglect to comply with any of the regulations of this Act, shall extend to the persons so assessed as last aforesaid, and to the property of such persons.

১০২ ধারা। এই আইনের ১১ খণ্ডমতে যখন কোন টাক্স ধার্য্য হয়, তখন পূর্ব্বোক্ত টাক্স আদায় করিবার বিষয়ে, ও তৎসম্পর্কীয় উপায়ের বিষয়ে, ও এই আইনের কোন বিধানমতে কার্য্য করিতে কেহ স্বীকার না করিলে কি ত্রুটি করিলে তাঁহার দণ্ড হইবার ও টাকাপ্রভৃতি জব্দ হওয়ার বিষয়ে যে২ বিধান এই আইনেতে আছে, সেই সকল বিধান শেষোক্ত প্রকারে যে লোকেরদের টাক্স ধার্য্য হইয়াছে তাঁহারদের উপর ও তাঁহারদের সম্পত্তির উপর খাটিবে ইতি।

PART XII.

Exemptions and Deductions.

দ্বাদশ খণ্ড।

মুক্তহওয়ার ও বাদ দেওয়ার বিধি।

[Exemption of persons whose income is less than 200 Rupees yearly.]

[যাঁহারদের আয় বৎসরে ২০০৲ টাকার কম হয় তাঁহারদের মুক্তহওয়ার কথা।]

CIII. Any person who shall be charged or

১০৩ ধারা। এই আইনমতে যে টাক্সের নিয়ম হয়

chargeable to any of the Duties granted by this Act, either by assessment, or by way of deduction from any rent, annuity, interest, or other annual payment to which he may be entitled, or shall have paid the same either by deduction or otherwise, and who shall prove before the Commissioners for general purposes, in the manner hereinafter mentioned, that the aggregate annual amount of his income, estimated according to the several Rules and directions of this Act, is less than Rupees 200, shall be exempted from the said Duties, and shall be entitled to be re paid the amount of all deductions or payments on account thereof, in the manner hereinafter directed, except so much of such Duties as the person claiming such exemption shall or may be entitled to charge against any other person, or to deduct or retain from, or out of any payment to which such claimant may be or become liable

তাহা টাক্স ধার্য্য করণ দ্বারা, কিম্বা কোন লোকের প্রাপ্য কোন ভাড়া কি খাজানা কি বার্ষিক বৃত্তি কি সুদ কি বৎসরের পাওনা অন্য টাকাহইতে বাদ দেওনের দ্বারা যে কোন লোকের উপর বসান যায় কি বসান যাইতে পারে. কিম্বা যে কোন লোকের টাক. বাদ দেওন দ্বারা কি অন্য প্রকারে ঐ টাক্স দেওয়া হইয়াছে, এমত কোন লোক যদি সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের সম্মুখে নীচের লিখিত প্রকারে প্রমাণ করিতে পারেন যে, এই আইনের নানা বিধান ও নিয়মানুসারে হিসাব করিলে আমার আয় বৎসরের সর্ব্বসুদ্ধ ২০০৲ টাকার কম হয়, তবে তাঁহার উক্ত টাক্স দিতে হইবেক না, ও সেই টাক্সের বাবৎ যত টাকা বাদ দেওয়া গিয়াছে কি যত টাকা দেওয়া হইয়াছে তাহা নীচের লিখিত বিধানমতে ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু যে জন উক্ত প্রকারে মুক্তহওয়ার দাওয়া করেন, সেই জন অন্য কোন লোকের নিমিত্তে যে টাকা পাইতে পারেন তাহাহইতে ঐ টাক্সের যে অংশ দেওয়া গেল, কিম্বা সেই দাওয়াদার যে কিছু টাকা দিবার যোগ্য হন কি হইতে পারেন তাহাহইতে ঐ টাক্সের যত টাকা বাদ দিয়া রাখা গেল তাহা তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে না ইতি।

[Exemption of persons from the Duty of 1 per cent., from excess above 2 per cent or 3 per cent. Duty, whose income is less than 500 Rupees annually.]

[যাঁহারদের আয় বৎসরে ৫০০৲ টাকার কম হয়, তাঁহারদের শতকরা ১৲ টাকা টাক্সহইতে, কিম্বা শতকরা ২৲ টাকার অধিক শতকরা ৩৲ টাকার টাক্সহইতে মুক্ত হওয়ার কথা।]

CIV. Any person who shall be charged or chargeable as aforesaid to any of the Duties granted by this Act, or shall have paid the same either by deduction or otherwise, and who shall prove before the said Commissioners, in the manner hereinafter prescribed, that his total income from every source, although amounting to 200 Rupees or upwards, is less than 500 Rupees for the year of the assessment of his profits or gains, shall be exempted and relieved from the whole of the Duty of 1 Rupee in every 100 Rupees for local purposes mentioned in the 2nd Section of this Act, and from so much of the Duty of 3 Rupees in every 100 Rupees assessed upon, or paid by him, under the 1st Section of this Act, as shall exceed the rate of 2 Rupees for every 100 Rupees of his profits, and shall be entitled to be repaid the amount of all deductions or payments on account of the said Duty of 1 per cent., or of the excess of the said Duty of 3 per cent., from which he shall be so exempted as aforesaid, except as in the last preceding Section of this Act is excepted.

১০৪ ধারা। এই আইনমতের কোন টাক্স যে কোন লোকের উপর বসান যায় কি বসান যাইতে পারে, কিম্বা যে কোন লোক বাদ দেওনদ্বারা কি অন্য প্রকারে ঐ টাক্স দিয়াছেন. এমত কোন লোক যদি সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের সম্মুখে নীচের লিখিত প্রকারে প্রমাণ করিতে পারেন যে, আমার যে বৎসরের প্রাপ্তির কি লভ্যের টাক্স ধার্য্য হইয়াছে সেই বৎসরে নানা কর্ম্মাদির দ্বারা আমার আয় যদিও সর্ব্বসুদ্ধ ২০০৲ টাকাপর্য্যন্ত কি তাহার অধিক হয় তথাপি ৫০০৲ টাকার কম হইল, তবে স্থানবিশেষের কার্য্যের নিমিত্তে কি শত টাকার উপর যে ১৲ টাকা টাক্সের কথা এই আইনের ২ ধারাতে লেখা আছে তাহাহইতে তিনি সম্পূর্ণরূপে মুক্ত হইবেন। ও তাঁহার প্রাপ্তির কি শত টাকার উপর ২৲ টাকার হিসাবের অধিক, কিশত টাকার উপর ৩৲ টাকার যত টাক্স এই আইনের ১ ধারামতে তাঁহার উপর বসান গিয়াছে কি তাঁহার দেওয়া হইয়াছে তাহাহইতে মুক্ত হইবেন। ও শতকরা ১৲ টাকার উক্ত যে টাক্সহইতে, ও শতকরা ২৲ টাকার অধিক উক্ত যে টাক্সহইতে তাঁহাকে পূর্ব্বোক্তমতে মুক্ত করা যায়, তাহার মধ্যে যত টাকা বাদ দেওয়া গিয়াছে কি যত টাকা দেওয়া গিয়াছে তাহা ফিরিয়া পাইতে পারিবেন। কেবল ইহার পূর্ব্ব ধারাতে যে কথা বর্জ্জিত হইয়াছে তাহা ফিরিয়া দেওয়া যাইবে না ইতি।

[Claims for exemption in the preceding 80th Section mentioned, and proceedings thereon shall be determined before Commissioners for general purposes.]

[৮০ ধারামতে মুক্ত হওয়ার যে দাওয়া হয় ও তাহাতে অন্য যে কার্য্য হয় তাহার নিষ্পত্তি সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের সম্মুখে হইবার কথা।]

CV. 1. The exemption and relief in the said Sections respectively mentioned shall be claimed and proved, and all proceedings thereupon shall be had (except in the case provided for in Section CXIV of this act.) before the Collectors and Commissioners for general purposes in the District where the claimants shall reside (whether such claimant shall be personally charged in such District or not)

১০৫ ধারা। ১ প্রকরণ। পূর্ব্বোক্ত নানা ধারাতে যে মুক্ত হওয়ার ও যে রেয়াইতের কথা লেখা আছে তাহার দাওয়া ও প্রমাণ ঐ দাওয়াদারেরা যে প্রদেশে বাস করেন (সেই প্রদেশে তাঁহারদের টাক্স আদায় হউক কি না) সেই প্রদেশের কালেক্টরের ও সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের সম্মুখে করিতে হইবেক ও তাহার সম্পর্কে যে সকল কার্য্য হয় তাহাও তাঁহারদের সম্মুখে হইবেক। কেবল এই আইনের ১১৪ ধারাতে যে স্থলের বিধান আছে সেই স্থলে নয়।

2. Such exemption shall be proved, and such proceedings shall thereupon be had pursuant to and under the powers and provisions by which the Duties in Schedule II. are herein directed to be ascertained and charged, and subject to the rules and directions herinafter contained.

[Persons entitled to such exemptions shall deliver to the Assessor a statement, stating the source of income.]

CVI. Every person claiming to be entitled to such exemption or relief as aforesaid shall, within the time to be limited as hereinbefore directed for delivering in the lists, declarations and statements required by this Act, or within such further time as the Collector, or Commissioners respectively shall for special cause assigned allow, deliver, or cause to be delivered to the Assessor of the District where such claimant shall reside, a notice of his claim for such exemption, together whith a declaration and statement signed by such claimant and in such form as may be provided under the authority of this Act, declaring and setting forth therein all the particular sources from whence the income of such claimant shall arise, and the particular amount arising from each source, and also every sum of annual interest or other annual payment reserved or charged thereon, whereby the income shall or may be diminished, and also every sum which such claimant may have charged, or may be entitled to charge against any other person, for or on account of the Duty made payable by this Act, or which he may have deducted or retained, or may be entitled to deduct or retain under the authority of this Act, from or out of any payment to which he may be or become liable.

2. Every Assessor shall be at liberty to peruse and examine and to take copies of, or extracts from every such declaration and statement under the like powers as in other cases.

[Assessor to transmit such statement to Collector, who shall allow the same, if not objected to by Assessor.]

CVII. The Assessor shall transmit such notice, declaration, and statement to the Collector, and if the Assessor shall not object to such declaration within forty days after such transmission, or within such further time as the said Collector, on just cause, shall allow to him to make such objection, and if the said Collector shall be satisfied with the justice of the said claim, the said Collector shall allow such claim of exemption or relief; and shall discharge, either wholly, or to the extent of such excess as aforesaid, as the case may require, the assessment made upon any property, or profits, or income of such person within the District of the said Collector.

[Property of persons claiming such exemption in any other District shall be exempted on the certificate of the Collector, or by the Chief Revenue Authority of the District.]

CVIII. If it shall appear to the said Collector

২ দফা। ২ নম্বরের তফসীলের টাক্স যে ক্ষমতা ও যে বিধানমতে নিরূপণ করিয়া বসাইবার আজ্ঞা হইয়াছে, সেই ক্ষমতা ও বিধানমতে ও ইহার পশ্চাৎ লিখিত বিধি ও আজ্ঞামতে ঐ মুক্ত হওয়ার প্রমাণ করিতে হইবেক ও তদনুযায়ি কার্য্য হইবেক ইতি।

[যাঁহারা মুক্ত হইতে পারেন তাঁহারদের আয়াদির কৈফিয়ৎ আসেসরকে দিবার কথা।]

১০৬ ধারা। ১ প্রকরণ। উক্ত প্রকারের মুক্তহওয়া কি রেয়াইৎ যে কেহ হক বলিয়া দাওয়া করেন, তিনি যে প্রদেশে বাস করেন সেই প্রদেশের আসেসরকে, এই আইনমতের ফর্দ ও নিশ্চয়ার্থক কথা ও কৈফিয়ৎ ইহার পূর্ব্বের বিধানমতে যে মিয়াদে দাখিল করিতে হয় সেই মিয়াদের মধ্যে, কিম্বা বিশেষ কোন কারণে কালেক্টর কিম্বা কমিস্যনরেরা অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে, আপনার মুক্তহওয়ার দাওয়ার এত্তেলা দিবেন, ও ঐ দাওয়াদারের যে নানা কর্ম্মাদির দ্বারা আয় হয়, ও এক২ কর্ম্মাদির দ্বারা যত পাওয়া যায়, ও বৎসরে২ যত সুদ কি অন্য টাকা ঐ আয়ের উপর ধরা হইয়া কিম্বা ঐ আয়হইতে দিতে হইয়া সেই আয়ের কমী হয়, আর এই আইনমতে যাহা আদায় হইতে পারে এমত কোন টাক্সের বাবৎ ঐ দাওয়াদার অন্য কোন লোকের স্থানে যাহা পাইয়াছেন কি পাইতে পারেন, কিম্বা তাঁহার যে কোন টাকা দিতে হয় তাহাহইতে যদি এই আইনের শক্তিক্রমে তিনি কিছু টাকা বাদ দিয়া রাখিয়াছেন কি বাদ দিয়া রাখিতে পারেন, তাহার সকল বিবরণ এই আইনমতের পাঠে লিখিয়া তাঁহার দস্তখৎকরা নিশ্চয়ার্থক কথার ও কৈফিয়তের সঙ্গে ঐ এত্তেলা দিবেন।

২ প্রকরণ। অন্য২ স্থলে আসেসরের যেমন ক্ষমতা আছে তেমনি সেই স্থলেও ঐ আসেসর ঐ নিশ্চয়ার্থক কথা ও কৈফিয়ৎ পাঠ করিতে ও দেখিয়া বিবেচনা করিতে ও তাহা নকল করিতে কিম্বা তাহাহইতে কোন কথা গ্রহণ করিতে পারিবেন ইতি।

[ঐ কৈফিয়ৎ কালেক্টরের নিকটে পাঠাইবার কথা ও আসেসরের আপত্তি না হইলে তাহা গ্রাহ্য হইবার কথা।]

১০৭ ধারা। আসেসর ঐ এত্তেলা ও নিশ্চয়ার্থক কথা ও কৈফিয়ৎ কালেক্টরের নিকটে পাঠাইবেন ও পাঠাইবার পরে চল্লিশ দিনের মধ্যে কিম্বা উপযুক্ত কারণে কালেক্টর অধিক মিয়াদ দিলে সেই অধিক মিয়াদের মধ্যে যদি আসেসর ঐ নিশ্চয়ার্থক কথার বিষয়ে কোন আপত্তি না করেন, ও যদি উক্ত দাওয়া যথার্থ বলিয়া উক্ত কালেক্টরের খাতিরজমা হয়, তবে উক্ত কালেক্টর ঐ মুক্ত হওয়ার কি রেয়াইতের ঐ দাওয়া স্বীকার করিবেন। ও ঐ কালেক্টরের প্রদেশের মধ্যে ঐ লোকের কোন সম্পত্তির কি প্রাপ্তির কি আয়ের উপর যে টাক্স ধার্য্য হইয়াছে, তাহা হয় সমুদয় ক্ষমা করিবেন, কিম্বা বিষয় বুঝিয়া যেমন প্রয়োজন হয় তেমনি পূর্ব্বোক্তমতে অধিক যত লওয়া গিয়াছে তাহা ক্ষমা করিবেন ইতি।

[যে জন মুক্ত হওয়ার দাওয়া করেন তাঁহার সম্পত্তি অন্য কোন প্রদেশে থাকিলে, তাহা ঐ প্রদেশের কালেক্টরের কিম্বা রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেবের সর্টিফিকটমতে মুক্ত হইবার কথা।]

১০৮ ধারা। ঐ লোকের কোন সম্পত্তির কি প্রাপ্তির

hat any property or profits of such person is or are assessed, or liable to be assessed in any other District, the said Collector shall certify to the Chief Revenue Authority of the Presidency, Lieutenant-Governorship, or Province, in such form as shall be provided under the authority of this Act, the allowance of such exemption; and the said last-mentioned Chief Revenue Authority shall direct the assessment made upon any property or profits of such claimant, in any other District, to be discharged either wholly or to the extent of such excess, as aforesaid, as the case may require, and the same shall be discharged accordingly.

[To be continued.]

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 21st May, 1860.

Moulvee Ameenooddeen Ahmed, Moonsiff of Sonamookey, Zillah West Burdwan, from the 23d March to the 7th May, 1860, under Medical Certificate.

The 25th May, 1860.

Baboo Juddoonath Mookerjee, late Moonsiff of Satkhirah, Zillah 24-Pergunnahs, for one month and six days, on Medical Certificate.

The 28th May, 1860.

Moonshee Mahomed Ally, Moonsiff of Begumgunge, Zillah Tipperah, for ten days, on private affairs

Mr W. Cardozo, Moonsiff of Raojan, Zillah Chittagong, for one day, on private affairs.

The 31st May, 1860.

Baboo Gopeenath Meitree, Moonsiff of Amtah, Zillah Hooghly, for seven days, on private affairs.

H. B. LAWFORD, *Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের হুকুম।

৫০২ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১২ মে।

গবর্ণমেণ্টের ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের নির্দ্ধারণেতে যে২ বিষয়ের পরীক্ষা নির্দ্দিষ্ট হইয়াছিল তাহাতে এই২ আসিষ্টাণ্ট ও ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা উত্তীর্ণ হইয়াছেন, পরীক্ষক বোর্ডের এই রিপোর্ট হইয়াছে।

প্রথম অর্থাৎ প্রধান শ্রেণীতে।

শ্রীযুত ই ডি লকউড সাহেব (Mr. E. D. Lockwood.)

শ্রীযুত জে ডবলিউ ফরেল সাহেব (Mr. J. W. Furrell.)

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা।

শ্রীযুত বাবু সাতকৌড়ী রায়।

শ্রীযুত বাবু রামকুমার বসু।

শ্রীযুত বাবু দ্বারকানাথ দে।

শ্রীযুত বাবু প্রতাপনারায়ণ সিংহ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ জুন।]

উপর অন্য কোন প্রদেশে টাক্স ধার্য্য হইয়াছে কি ধার্য্য হইতে পারে, ইহা যদি উক্ত কালেক্টর দেখিতে পান, তবে ঐরূপ মুক্ত হওয়ার অনুমতি হইয়াছে এই কথার সর্টিফিকট ঐ কালেক্টর এই আইনমতের নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া, রাজধানীর কিম্বা লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের এলাকার কিম্বা প্রদেশের রাজস্বের প্রধান কর্ম্মকারক সাহেবের নিকটে পাঠাইবেন। তাহাতে অন্য কোন প্রদেশে ঐ দাওয়াদারের কোন সম্পত্তির কি প্রাপ্তির উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা রাজস্বের শেষোক্ত প্রধান কার্য্যকারক সাহেব, হয় সমুদয় ক্ষমা করিতে, কিম্বা পূর্ব্বোক্তমতে বিষয় বুঝিয়া যেমন প্রয়োজন হয় তেমনি অধিক যত ধার্য্য হইয়াছে তাহা ক্ষমা করিতে আজ্ঞা করিবেন, ও সেই আজ্ঞামতে ক্ষমা হইবেক ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬০ সাল ২১ মে।

জিলা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখীর মুনসেফ শ্রীযুত মৌলবী আমীনুদ্দিন আহমদ চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৬০ সালের মার্চ মাসের ২৩ তারিখঅবধি মে মাসের ৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৫ মে।

জিলা চব্বিশপরগনার সাতক্ষীরার সাবেক মুনসেফ শ্রীযুত বাবু যদুনাথ মুখুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাস ছয় দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৮ মে।

জিলা ত্রিপুরার বেগমগঞ্জের মুনসেফ শ্রীযুক্ত মুন্সী মহম্মদ আলী আপন কর্ম্মের নিমিত্তে দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের রাওজানের মুনসেফ শ্রীযুত ডবলিউ কারডোজো সাহেব আপন কর্ম্মের নিমিত্তে এক দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৩১ মে।

জিলা হুগলীর আমতার মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র আপনার কর্ম্মের নিমিত্তে সাত দিনের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফোর্ড। রেজিষ্টর।

দ্বিতীয় শ্রেণীতে।

শ্রীযুত ই ই লোইস সাহেব (Mr. E. E. Lowis.)

শ্রীযুত জি এল টি হারিস সাহেব (Mr. G. L. T. Harris.)

শ্রীযুত এফ জে আলেকজাণ্ডর সাহেব (Mr. F. J. Alexander.)

শ্রীযুত সি টি মেটকাফ সাহেব (Mr. C T. Metcalfe.)

শ্রীযুত এচ এল অলিফাণ্ট সাহেব (Mr. H. L. Oliphant.)

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব (Mr T. J. C. Grant.)

শ্রীযুত এফ এচ পেলিউ সাহেব (Mr. F. H. Pellew.)

শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব (Mr. N. S. Alexander.)

শ্রীযুত জে মনরো সাহেব (Mr. J. Monro.)

শ্রীযুত এচ সি সথরলাণ্ড সাহেব (Mr. H. C. Sutherland.)

শ্রীযুত ডবলিউ ওরাইলি সাহেব (Mr. W. O'Reilly.)

শ্রীযুত বাবু শ্যামলানন্দ মুখুয্যা।

শ্রীযুত মৌলবী মীর মহম্মদ।

শ্রীযুত মৌলবী দলীলুদ্দীন আহমদ।

শ্রীযুত মুন্সী ফিদা আলী।

শ্রীযুত বাবু চন্দ্রচরণ সিংহ।
শ্রীযুত বাবু দিননাথ আঢ্য।
শ্রীযুত বাবু শ্যামচন্দ্র নাথ।
শ্রীযুত বাবু শ্রীশচন্দ্র বিদ্যারত্ন।
শ্রীযুত মৌলবী আবদুল করীম।
শ্রীযুত ই বি গডফ্রি সাহেব (Mr. E. B. Godfrey.)

নিয়োগ।

১৮৬০ সাল ১১ মে।

শ্রীযুত জে ডবলিউ ফরেল সাহেব (Mr. J. W. Furrell.) মুরশিদাবাদে জাইণ্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

নীচের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরদের নামের পার্শ্বে যে২ জিলার নাম লেখা যাইতেছে সেই২ জিলাতে তাঁহারা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবেরদের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতা ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

শ্রীযুত ই ই লোইস সাহেব (Mr. E. E. Lowis,)	মেদিনীপুরে।
শ্রীযুত জি এল টি হারিস সাহেব (Mr. G. L. T. Harris,)	পাবনাতে।
শ্রীযুত সি টি মেটকাফ সাহেব (Mr. C. T. Metcalfe,)	রাজশাহীতে।
শ্রীযুত এচ এল অলিফাণ্ট সাহেব (Mr. H. L. Oliphant,)	নদীয়াতে।
শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব (Mr. T. J. C. Grant,)	চব্বিশপরগনাতে।
শ্রীযুত এফ এচ পেলিউ সাহেব (Mr. F. H. Pellew,)	কটকে।
শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব (Mr. N. S. Alexander,)	সারণে।
শ্রীযুত জে মনরো সাহেব (Mr. J. Monro,)	ফরিদপুরে।
শ্রীযুত এচ সি সথরলাণ্ড সাহেব (Mr. H. C. Sutherland,)	ত্রিপুরাতে।

নীচের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেটেরদের ও ডেপুটী কালেক্টরেরদের নামের পার্শ্বে যে২ জিলার নাম লেখা যাইতেছে সেই২ জিলাতে তাঁহারা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত মৌলবী দীন মহম্মদ।	মুরশিদাবাদে।
শ্রীযুত মৌলবী নসীরুদ্দীন আহমদ।	বাকরগঞ্জে।
শ্রীযুত মুনশী ফিদা আলী।	পাটনাতে।
শ্রীযুত বাবু চণ্ডীচরণ সিংহ।	বর্দ্ধমানে।
শ্রীযুত বাবু দিননাথ আঢ্য।	হুগলীতে।
শ্রীযুত বাবু শ্যামচন্দ্র নাথ।	মেদিনীপুরে।
শ্রীযুত মৌলবী আবদুল করীম।	ময়মনসিংহে।
শ্রীযুত ই বি গডফ্রি সাহেব (Mr. E. B. Godfrey,)	বাকরগঞ্জে।

২৬২৫ নম্বর।

ছুটী।

১৮৬০ সাল ১২ মে।

বর্দ্ধমানের ঔষধালয়ে নিযুক্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত তারাচাঁদ বাঁড়ুয্যা চিকিৎসকের সর্টিফিকট-ক্রমে অনিশ্চিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৮ মে।

বেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে বি আলেন সাহেব (Mr. J. B. Allen,) গত মার্চ মাসের ২৪ তারিখে যে ছুটী পান তাহার অধিক ১৮৫৬ সালের ২ মে তারিখের মিলিটারী ডিপার্টমেণ্টের হুকুমমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২২ মে।

সেরঘাটীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডাইসন সাহেব (Mr. J. Dyson,) যে ছুটী বর্ত্তমান মাসের ১২ তারিখে পাইয়াছিলেন তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

২৬৩১ নম্বর।

১৮৬০ সাল ১১ মে।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে মেদিনীপুরের তমলুক নগরের শহরতলীর অন্তঃপাতি নীচের লিখিত গ্রামসকল ঐ নগরের সঙ্গে সংযুক্ত হয় এই অভিপ্রায়ে সেই সকল গ্রামে অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন চলন হইবেক।

ঐ২ গ্রামের নাম এই২। তমলুক ও শাঙ্গাৰ্দ্ধী ও পার্ব্বতীপুর ও পদ্মমুখ ও আউশবাড়ী ও কামিনা ও কালিকাপাড়া।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সংবাদ দেওয়া যাইতেছে রেবিনিউর সরবেয়র সাহেব ঐ সকল গ্রাম জরিপ করিয়া যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে যে২ গ্রামের যে সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক, ঐ কাগজ মেদিনীপুরের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে যাঁহার দেখিবার মানস থাকে তিনি তথায় গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারামতে এই সংবাদ দেওয়া যাইতেছে যে ঐ২ গ্রামে যে টাক্স আদায় হইবেক তাহা টাক্স দিবার যোগ্য লোকেরদের অবস্থা বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবেক তাহা বিবেচনা করিয়া ধার্য্য করিতে হইবেক।

এ আর যঙ্গ।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্টের বিজ্ঞাপন।

সুপ্রিম কোর্ট।

রিসীবরের আফিস জমিদারীদিগের ইজারা।

রজবের রহমান — বাদী।

মৌলবী নসিরুদ্দীনপ্রভৃতি — প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সনহালের ৯ জুন শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রিম কোর্টের রিসীবর শ্রীযুত জেমস ওএলস সাহেব তাঁহার আফিসে কুতকুলী নীলাম ছুকমের ইষ্টেটের সকল নীচের লিখিত জমিদারীদিগের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লইতেচ্ছুক হয়েন তাঁহারা ঠিক সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

জিলা বীরভূম।

পরগনে এটাজা লাট দুর্গাপুর ৩ মৌজা।
ঐ পরগনার লাট আজিগ্রাম ৬ মৌজা।

[*Government Gazette 5th June, 1860.*]

পরগনে শাহা সেলামপুর লাট মান্দারি ৬ মৌজা।
পরগনে সাবেক মৌরেশ্বর তরফ বাঁশাড়া বাহাদুরগঞ্জ বকম ৵৹ তিন আনা।

জিলা বর্দ্ধমান।

পরগনে সুতরপুর লাট কুসুমজরুল ৩ মৌজা।
পরগনে আজমতশাহী আয়মা মঙ্গলকোট ৩ মৌজা।
ঐ পরগনার আয়মা মাজিখণ্ডা।
পরগনে মনোহরশাহী আয়মা মারেজা।

জিলা মুরশিদাবাদ।

কিসমত পরগনে কুতবপুর ১৭ মৌজা।
কিসমত নারায়ণপুর ১ মৌজা।
কিসমত কালিকাপুর ২ মৌজা।
পরগনে কোতরপ্রতাপ লাট কানুহা ৭ মৌজা।
পরগনে খাওয়া কিসমত ভাকুগ্রাম।
ঐ পরগনার কিসমত জোত রামভদ্র।
পরগনে মজলন্দী কিসমত খাসপুর ৬ মৌজা বকম ।৵৬॥= ছয় আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি।
পরগনে ভাতশালা কিসমত ইন্দরা ১ মৌজা বকম ।৵৬॥= ছয় আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি।
পরগনে ফতেসিংহ কিসমত অনন্তপুর বকম ৻১৫৸— পোনের গণ্ডা তিনকড়া এক ক্রান্তি।
ঐ পরগনার কিসমত সৈয়দ কুলুটিয়া ৪ মৌজা বকম ৻৫ এক পাই।
পরগনে কুতবপুর লাট চন্দ্রনাপুর ৬ মৌজা।
পরগনে শমশখালি লাট হাতিনগর ১ মৌজা।
পরগনে চুনাখালি কিসমত তরফ বেলপাড়া রামনাথপুরদিগর ৪ মৌজা বকম ৴৫ পাঁচ পাই।
মৌকরী তালুক পরগনে ফতেসিংহ তরফ তালিবপুর ৩ মৌজা।
মৌকরী তালুক ঐ তালিবপুরের মধ্যে মহল দেবোত্তর।
মৌকরী তালুক ঐ পরগনার কিসমত অনন্তপুর বকম ৴৪= এক আনা চারি গণ্ডা দুই ক্রান্তি
জোট আয়মা ১৯ উনিশ দফা।

আয়

কিসমত তালিবপুর।
তাজ ও ফকীর মহম্মদ।
মেছরাহা অন্দন।
বরকতুল্লা।
সিমরুদ্দীন।
বদরুদ্দীন।
মুনশী এনাতুল্লা ও কাজী গোলাম এ হিয়া।
হানিফ মহম্মদ।
রাহাতুল্লা।
জয়ফরুদ্দীন।
খোন্দকার বদরুদ্দীন।
কিসমত শালাড।
জেদাতুল্লা।
সমছুল্লা।
মহম্মদ নছির।
কিসমত কাঁদরা।
সলিমদ্দীন।
সেখ বেলু।
কিসমত শালিক্কা খোন্দকার মহম্মদ ওফ।
কিসমত তালগ্রাম মুন্সী আবদুল রেজাক।
কিসমত নওয়াপাড়া খোনকার আলা অদ্দীন।
কিসমত কুলুটিয়া সেখ পহন ঐ তালিবপুরের মধ্যে লাখেরাজ বাজেআপ্তী ভূমি ও পুষ্করিণী ঐ তালিব পুরনিবাসীর লাখেরাজ রাইয়তি জমী।
শিকমি জমা পরগনে কোতরপ্রতাপ পটীদিগম্বর বন্দো।
অপর বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।
রিসিবর আফিস্ কোর্ট হৌস তারিখ ১৭ মে ১৮৬০ সাল।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড

থাকে ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন কানস্ট্রকসন, ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যেহইতে রহিত ব্যতীত সমুদয় আইন, কানস্ট্রকসন ও সাধারণ লিপি এবং সংস্কৃত দায়ভাগ, ব্যবস্থা দর্পণ চন্দ্রিক, ও দত্তকমীমাংসাপ্রভৃতির বঙ্গানুবাদ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফ মহাশয়ের সহায়তায় শ্রীযুত বাবু বেণীমাধব দেব বিদ্যারত্ন যত্নে মুদ্রিত হইতেছে এই পুস্তক ১০০০ পৃষ্ঠা পরিমাণে উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত করত উত্তমরূপে বাঁধাইয়া স্বাক্ষরকারির প্রতি ১০৲ টাকা এবং বিনা স্বাক্ষরকারির প্রতি ১২৲ টাকা মূল্যে বিক্রয় করা যাইবেক যে সকল মহাশয়দিগের উক্ত পুস্তক প্রয়োজন হইবে তাঁহারা শহর কলিকাতার বটতলার ১৪৯ নং ভবনে উক্ত যন্ত্রাগারে অথবা উক্ত যন্ত্রাধ্যক্ষের পুস্তকালয়ে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি তা- রিখ সন।

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ জুন]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মার্শেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

Numb. 1088 ১০৮৮) (৩১৩)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 12, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১২ জুন।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA

The 2nd June 1860

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 31st May 1860, and is hereby promulgated for general information —

Act No XXVI of 1860

An Act to amend Act VIII. of 1855 (relating to the office and duties of Administrator General.)

[Preamble.]

Whereas it is expedient to amend Act VIII. of 1855, relating to the office and duties of Administrator General, It is enacted as follows .—

[Administrator General in certain cases to secure and distribute the estate and effects of Soldiers. Proviso]

I The Administrator General shall, when duly authorized or required so to do by the Military Secretary to Government, secure and distribute the assets of the estate and effects of any Officer, Soldier, or other person subject to any Articles of War, in all cases in which such estate and effects do not exceed on the whole five hundred Rupees, charging the estate with a commission of three per centum only Provided always that it shall not be necessary for the Administrator General to take out letters of administration in cases referred to in this Section.

[Grant of certificate to creditors Proviso.]

II If in cases falling within Section XLIII of Act VIII. of 1855, no person claiming to be entitled to a principal share of the effects of the de-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২ জুন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের স্বীকৃত এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩১ মে তারিখে সম্মত হইলেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ আইন।

১৮৫৫ সালের ৮ আইন (অর্থাৎ আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিবরি আইন) সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৫৫ সালের ৮ আইন অর্থাৎ আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিবরি আইন সংশোধন করা বিহিত, এই কারণে এই২ বিধান হইল।

[সৈন্যেরদের সম্পত্তি ও মাল কোন২ স্থলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের আদায় ও বণ্টন করিতে হইবার কথা ও বর্জিত কথা।]

১ ধারা। কোন সেনাপতি সাহেব কি সৈন্য কিম্বা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন লোক যদি মরিলে সর্ব্বসুদ্ধ পাঁচ শত টাকার অনধিক মূল্যের সম্পত্তি ও মাল রাখিয়া যান, তবে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব গবর্ণমেণ্টের শ্রীযুত মিলিটারী সেক্রেটারী সাহেবের স্থানে উপযুক্তমতে ক্ষমতা কিম্বা আজ্ঞা পাইলে, ঐ মাল ও সম্পত্তির উৎপন্ন টাকা আদায় করিবেন, ও বণ্টন করিবেন, ও সেই ইষ্টেটের উপর শতকরা কেবল তিন টাকা কমিসান লইবেন। কিন্তু এই ধারার লিখিত কোন স্থলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান লইবার আবশ্যক হইবেক না ইতি।

[মহাজনদিগকে লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান দিবার কথা ও বর্জিত কথা।]

২ ধারা। ১৮৫৫ সালের ৮ আইনের ৪৩ ধারার মধ্যে যে বিষয় আইসে এমত কোন বিষয়ে, মৃত ব্যক্তির সম্পত্তির প্রধান ভাগ পাইবার দাওয়াদার কোন লোক যদি

ceased shall within three months obtain a certificate from the Administrator General under the said Section of the said Act, or letters of administration to the estate and effects of the deceased, the Administrator General may administer the estate without letters of administration in the same manner as if such letters of administration had been granted to him, and if he shall neglect or refuse to take upon himself the administration of the estate and effects, he shall upon the application of a creditor and upon being satisfied of his title, grant a certificate in the same manner as if such creditor were entitled to a principal share of the effects of the deceased, and such certificate shall have the same effect as a certificate granted under the provisions of the said Section of the said Act, and shall be subject to all the provisions of the said Act which are applicable to such certificate. Provided that the Administrator General may, before granting such certificate, if he think fit, require the creditor to give reasonable security for the due administration of the estate and effects of the deceased.

[Appointment of Officiating Administrator General.]

III. Whenever any person holding the Office of Administrator General shall obtain leave of absence, it shall be lawful for the Government to appoint some person to officiate as Administrator General, and such person while so officiating shall be subject to the same conditions and be bound by the same responsibilities as the Administrator General by any law now in force or that may hereafter be enacted, and he shall be deemed to be Administrator General for the time being under Act VIII. of 1855, and shall be liable to give security under Section VII. of the said Act in like manner as if he had been appointed Administrator General.

M. Wylie,
Clerk of the Council.

DRAFT OF ACT.

A Bill for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices

Part XII.

Exemptions and Deductions.

[Continued from page 310.]

[If Assessor object to such exemption, the same shall be determined by Commissioners for general purposes.]

CIX. In case the Assessor shall object to any such claim as aforesaid in writing, suggesting to the said Collector that he has reason to believe that the

তিন মাসের মধ্যে ঐ আইনের ঐ ধারামতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের স্থানে সর্টিফিকট না পান, কিম্বা মৃত ব্যক্তির সম্পত্তির ও মালের লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন না পান, তবে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে তদ্রূপ লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন দেওয়া গেলে যেমতে করিতে পারেন সেইমতে লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন না পাইয়াও তিনি ঐ ইষ্টেটের কার্য্য নির্ব্বাহ করিতে পারিবেন। ও যদি ঐ ইষ্টেটের ও সম্পত্তির কার্য্যনির্ব্বাহ করিতে শৈথিল্য করেন কি স্বীকার না করেন, তবে কোন মহাজন দরখাস্ত করিলে ও তাঁহার স্বত্বের বিষয়ে ঐ সাহেবের খাতিরজমা হইলে, তিনি তাঁহাকে সর্টিফিকট দিবেন অর্থাৎ, সেই মহাজন মৃত ব্যক্তির সম্পত্তির প্রধান অংশ পাইবার হকদার হইলে যেমত সর্টিফিকট দিতেন সেইমতে দিবেন, ও ঐ আইনের ঐ ধারার বিধানমতে সর্টিফিকট দেওয়া গেলে তাহার যে ফল হয়, ঐ সর্টিফিকটেরও সেই ফল হইবেক, ও ঐ আইনের যে সকল বিধান তদ্রূপ সর্টিফিকটের উপর খাটিতে পারে সেই সকল বিধান ঐ সর্টিফিকটের উপর খাটিবে। কিন্তু আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যদি উচিত বোধ করেন, তবে তদ্রূপ সর্টিফিকট দিবার আগে, মহাজনের স্থানে ঐ মৃত লোকের ইষ্টেট ও সম্পত্তির কার্য্য উপযুক্তমতে নির্ব্বাহ করিবার উপযুক্ত জামিন দিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[একটিং আডমিনিষ্ট্রেটর জেনরলকে নিযুক্ত করিবার কথা।]

৩ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরলের পদে যে সাহেব থাকেন, তিনি যদি কোন সময়ে ছুটী লন, তবে গবর্ণমেণ্ট ঐ আডমিনিষ্ট্রেটর জেনরলের কর্ম্ম করিবার নিমিত্তে কোন লোককে নিযুক্ত করিতে পারিবেন। ও এইক্ষণকার চলিত আইনমতে, কিম্বা ইহার পরে যে আইন চলন হইয়া থাকিবেক তদনুসারে, আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যে কোন নিয়মে বদ্ধ হন, ও তাঁহার শিরে যে কোন দায় থাকে ঐ ব্যক্তি যত কাল আডমিনিষ্ট্রেটর জেনরলের কর্ম্ম করেন তত কাল সেই নিয়মে বদ্ধ হইবেন ও তাঁহার শিরে সেই দায় থাকিবেক, ও তিনি তৎকালের নিমিত্তে ১৮৫৫ সালের ৮ আইনমতের আডমিনিষ্ট্রেটর জেনরল বলিয়া জ্ঞান হইবেন, ও আডমিনিষ্ট্রেটর জেনরলের পদে নিযুক্ত হইলে তাঁহার যেমন করিতে হইত, তেমনি তাঁহার ঐ আইনের ৭ ধারামতের জামিন দিবার আজ্ঞা হইতে পারিবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

আইনের মুসাবিদা।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও বাণিজ্যব্যাপারেতে ও চাকরী করিয়া যে লভ্য হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইনের মুসাবিদা।

দ্বাদশ খণ্ড।

মুক্তহওয়ার ও বাদ দেওয়ার বিধি।

[৩১০ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[আসেসর যদি সেই মুক্ত হওয়ার বিষয়ে আপত্তি করেন, তবে সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের সেই কথা নিষ্পত্তি করিবার কথা।]

১০৯ ধারা। যদি আসেসর পূর্ব্বোক্তমতের কোন দাওয়ার বিষয়ে আপত্তি লিখিয়া, ঐ দাওয়াদারের আয়, কিম্বা অন্য যে বিশেষ কথা পূর্ব্বোক্ত নিশ্চয়ার্থক কথা-

income of such claimant, or any other particular required by this Act to be declared or set forth in such declaration and statement as aforesaid, is not truly or fully declared or set forth therein in any specified particular, or in case the Collector shall not be satisfied with the justice of such claim, then and in such case the merits of such claim for exemption or relief shall be heard and determined before the Commissioners for general purposes, under and subject to such rules, regulations, and penalties, as appeals under this Act are directed to be heard and determined.

[If allowed an appeal, the Commissioners for general purposes to issue certificate.]

CX. If such claim shall be allowed on appeal as aforesaid, the said Commissioners for general purposes shall grant and issue such certificates as aforesaid, and give all necessary directions consequent on such exemption and relief.

[On proof that persons entitled to exemption have been charged with Duties by the deduction from any annuity, dividend, and rent, Commissioners to grant certificate thereof, which shall authorize the Collector to repay the amount of such Duties.]

CXI. 1. If it shall be proved to the satisfaction of the Collector or of the Commissioners for general purposes respectively, that any person, whose claim for exemption or relief has been allowed in manner aforesaid, has been charged to, and has paid any of the Duties hereby granted by way of deduction from any rent, annuity, interest, or other annual payment to which he may be entitled and from which a deduction is authorized to be made by this Act; or that such person has been assessed and has paid such Duties in respect of any interest, annuity, dividend, pension, or stipend payable to him out of the public revenue, then and in such case it shall be lawful for the said Collector, or for the Commissioners for general purposes respectively, to certify what shall have been so proved before them to the Chief Revenue Authority aforesaid, by a certificate in such form as shall be provided under the authority of this Act, specifying and describing the amount and the particular nature of the payment out of which, and the name and place of abode of the person by whom such deduction as aforesaid shall have been made, and specifying also the amount and description of the annuity, dividend, pension, or stipend, in respect of which such claimant has been assessed, and the Duties whereon he has paid.

2. Thereupon the said last mentioned Revenue Authority shall issue to such claimant an order for the re-payment to him of the amount of the Duties certified to have been paid as aforesaid or of the excess of the said Duties certified to have been so paid as aforesaid, as the case may require, and such order shall be directed to such Officer of Revenue as shall be appointed in that behalf by the said

তে ও কৈফিয়তে লিখিতে কি প্রকাশ করিতে এই আইনে আদেশ হইয়াছে, সেই কথা কোন বিশেষ অংশেতে যথার্থমতে কি সম্পূর্ণরূপে লেখা যায় নাই কি প্রকাশ হয় নাই আমার এমত বুঝিবার কারণ আছে, এই কথা যদি কালেক্টরকে লিখিয়া জানান, কিম্বা ঐ দাওয়া যথার্থ এই বিষয়ে যদি কালেক্টরের খাতির-জমা না হয়, তবে ঐ মুক্ত হওয়ার কি রেয়াইতের ঐ দাওয়ার দোষগুণ সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের সম্মুখে শুনা যাইবে ও নিষ্পত্তি হইবে, অর্থাৎ এই আইনমতে যে বিধি ও বিধানমতে ও যে দণ্ড মানিয়া আপীল শুনিবার ও নিষ্পত্তি হইবার আজ্ঞা হইয়াছে সেই বিধিপ্রভৃতি মানিয়া শুনা যাইবেক ও নিষ্পত্তি হইবেক ইতি।

[আপীলমতে যদি ঐ দাওয়া গ্রাহ্য হয়, তবে সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের সর্টিফিকট জারী করিবার কথা।]

১১০ ধারা। পূর্ব্বোক্তমতের আপীল হইয়া যদি ঐ দাওয়া গ্রাহ্য হয়, তবে সাধারণ কার্য্যের উক্ত কমিস্যনরেরা পূর্ব্বোক্ত মতের সর্টিফিকট দিবেন ও জারী করিবেন ও তদ্রূপে মুক্ত হওয়া ও রেয়াইৎ করা প্রযুক্ত আবশ্যকমতের সকল হুকুম দিবেন ইতি।

[মুক্ত হওয়া যাঁহারদের হক্ তাঁহারদের কোন বার্ষিক টাকা কি ডিবিডেণ্ড কি ভাড়া কি খাজানাহইতে বাদ দিয়া টাক্স লওয়া গিয়াছে এই কথার প্রমাণ হইলে, তাঁহারদের ঐ টাকা ফিরিয়া দিবার সর্টিফিকট কালেক্টরকে কমিস্যনরেরদের দিবার কথা।]

১১১ ধারা। ১ প্রকরণ। যাঁহার মুক্ত হওয়ার কি রেয়াইৎ পাইবার দাওয়া উক্তমতে গ্রাহ্য হইয়াছে, এমত কোন লোকের পাওনা যেপ্রকারের ভাড়া কি খাজানা কি বার্ষিক বৃত্তি কি সুদ কি বৎসর২ পাওনা অন্য টাকাহইতে এই আইনমতে টাক্সের টাকা কাটিয়া লইবার ক্ষমতা আছে, তাঁহার সেইরূপ ভাড়াপ্রভৃতিহইতে ঐ টাক্স লওয়া গিয়াছে ও বাদ দেওয়া গিয়াছে, কিম্বা সরকারী রাজস্বহইতে সেই লোকের পাওনা কোন সুদ কি বার্ষিক বৃত্তি কি ডিবিডেণ্ড কি পেনস্যন কি মুশাহেরার নিমিত্তে তাঁহার উপর টাক্স ধার্য্য হইয়াছে ও তিনি সেই টাক্স দিয়াছেন, এই কথার প্রমাণ যদি কালেক্টরের কি সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের খাতির জমামতে করা যায়, তবে উক্ত প্রকারে তাঁহারদের নিকটে যে কথার প্রমাণ হইয়াছে সেই কথার সর্টিফিকট ঐ কালেক্টর কিম্বা সাধারণ কার্য্যের ঐ কমিস্যনরেরা এই আইনের নির্দ্দিষ্টমতের পাঠে লিখিয়া রাজস্বের পূর্ব্বোক্ত প্রধান কার্য্যকারক সাহেবকে দিবেন। অর্থাৎ পূর্ব্বোক্তমতে যত টাকা বাদ দেওয়া গিয়াছে ও ঐ লোকের পাওনা বিশেষ যে প্রকারের টাকাহইতে তাহা বাদ দেওয়া গিয়াছে ও যিনি ঐ টাকা বাদ দিয়া রাখিলেন তাঁহার নাম ও বাসস্থান, ও সেই দাওয়াদারের যে বার্ষিক বৃত্তির কি ডিবিডেণ্ডের কি পেনস্যনের কি মুশাহেরার নিমিত্তে টাক্স ধার্য্য হইয়াছে ও উক্ত যে বৃত্তিপ্রভৃতির টাক্স দিয়াছেন তাহা যত টাকা হয় ও যে প্রকারের হয়, এই সকল কথা ঐ সর্টিফিকটে বিশেষমতে বর্ণনা করিয়া লিখিবেন।

২ প্রকরণ। তাহাতে ঐ সর্টিফিকটের লিখিতমতে টাক্সের যত টাকা পূর্ব্বোক্তমতে দেওয়া গিয়াছে, কিম্বা বিষয় বুঝিয়া ঐ সর্টিফিকটের লিখিতমতে অধিক যত টাকা পূর্ব্বোক্তমতে দেওয়া গিয়াছে, তাহা ঐ দাওয়াদারের ফিরিয়া পাইবার হুকুম রাজস্বের ঐ প্রধান কার্য্যকারক সাহেব লিখিয়া ঐ দাওয়াদারকে দিবেন। রাজস্বের ঐ প্রধান কার্য্যকারক সাহেব রাজস্ব বরের যে কর্ম্মকারককে সেই কর্ম্মেতে নিযুক্ত করেন

Chief Revenue Authority, and shall authorize and require the re-payment of the said Duties, or of the said excess, as the case may be.

3. The same shall accordingly be repaid by such Officer on production and delivery to him of such order, taking the receipt of the party entitled by endorsement on such order.

তাঁহার নামে ঐ হুকুম লেখা যাইবে, ও সেই হুকুমেতে ঐ টাক্স কিম্বা বিষয়বিশেষে ঐ অধিক টাক্স ফিরিয়া দিবার ক্ষমতা ও আদেশ থাকিবেক।

৩ প্রকরণ। ঐ হুকুম সেই কার্য্যকারককে দেখান গেলে ও তাঁহাকে দেওয়া গেলে, তিনি ঐ টাকা তদনুসারে ফিরিয়া দিবেন ও যাঁহার ঐ টাকা পাওনা হয় তাঁহার রসীদ ঐ হুকুমের পৃষ্ঠে লেখাইয়া লইবেন ইতি।

[Income arising from property how to be estimated with reference to claims for exemption.]

[মুক্ত হওয়ার দাওয়ার উপলক্ষে সম্পত্তির আয়ের হিসাব করিবার বিধি।]

CXII. The annual value of the property, or of the profits, or income of the nature described in Schedule I. or Schedule II. of this Act respectively, of any person claiming the said exemption, shall be estimated for the purpose of ascertaining his title to such exemption according to the Rules herein contained, relating to the said Schedule I. and the said Schedule II. respectively.

১১২ ধারা। ঐ রূপে মুক্তহওয়ার দাওয়া যে জন করেন তাঁহার সেই মুক্তহওয়া হক কি না এই কথা জানিবার জন্যে, এই আইনের ১ নম্বরের তফসীলে কিম্বা ২ নম্বরের তফসীলে যে প্রকারের সম্পত্তিপ্রভৃতি নির্দিষ্ট হইয়াছে তাঁহার সেই প্রকারের সম্পত্তিহইতে বৎসরের প্রাপ্তির, কিম্বা তাঁহার প্রাপ্তির কি আয়ের হিসাব ঐ ১ নম্বরের তফসীলের কিম্বা ২ নম্বরের তফসীলের বিষয়ে যে বিধি এই আইনেতে হইয়াছে সেই বিধিমতে করিতে হইবেক ইতি।

[Joint tenants, &c. may severally claim abatements, exemptions.]

[এজমালী সম্পত্তি ভোগিপ্রভৃতির স্বতন্ত্ররূপে রেয়াইৎ পাইবার কি মুক্ত হইবার দাওয়া করিবার কথা।]

CXIII. Co-parceners, joint tenants, or tenants in common of, and persons having joint or undivided interests in the profits of any property whatever, and any joint tenants of lands and persons jointly holding lands in partnership or otherwise, and entitled to the profits thereof in shares, and any partners carrying on trade or exercising any profession together, and entitled to the profits thereof in shares, may severally claim such exemption and relief according to their respective shares and interests in the manner before directed, and such claims being duly proved to the satisfaction of the Collector or Commissioners to whom the same are made, may be proceeded upon as in the case of several interests.

১১৩ ধারা। কোন প্রকারের সম্পত্তির সমান বখরাদারেরা, কি এজমালীরূপে কি সমানভাবে যাঁহারা ভোগ করেন তাঁহারা, ও কোন সম্পত্তির প্রাপ্তিতে যাঁহারদের সংযুক্ত ও অবিভক্ত সম্পর্ক থাকে তাঁহারা, ও যাঁহারা এজমালী জমী ভোগ করিয়া, ও যৌতায় কি অন্য প্রকারে এজমালীরূপে জমী দখল করিয়া তাহার প্রাপ্তি হিস্যা করিয়া পাইতে পারেন, তাঁহারা, ও যাঁহারা যৌতায় কোন কারবার কি বিদ্যাব্যবসায় করিয়া সেই কর্ম্মের প্রাপ্তি হিস্যা করিয়া পাইতে পারেন তাঁহারা, একে২ আপন২ হিস্যা ও সম্পর্ক বুঝিয়া ইহার পূর্ব্বের লিখিতমতে ঐ মুক্ত হওয়ার ও রেয়াইৎ পাইবার দাওয়া করিতে পারেন। ও সেই২ দাওয়া যে কালেক্টরের কিম্বা কমিস্যনরেরদের নিকটে করা যায় তাঁহারদের খাতিরজমামতে উপযুক্তরূপে প্রমাণ হইলে, তাহা লইয়া পৃথক্ সম্পর্কের ন্যায় কার্য্য হইতে পারিবেক ইতি।

[In case of incomes of offices, pensions, and stipends, the claim shall be made before the Commissioners of the Department. Persons out of British India may claim by affidavit.]

[কোন কর্ম্মের বেতনাদির ও পেনস্যনের ও মুশাহেরার বিষয়ের ঐ দাওয়া ডিপার্টমেণ্টের কমিস্যনরেরদের সম্মুখে করিবার কথা, ও যাঁহারা ভারতবর্ষে বাস না করেন তাঁহারদের আফিডেবিট করিয়া ঐ দাওয়া করিবার কথা।]

CXIV. 1. Where the whole income of the claimant shall arise from an office or employment of profit, the Duties whereon are cognizable before Commissioners under Sections XIX., XX., XXI., or XXIII. of this Act, or from a pension or stipend, the Duties whereon are cognizable under Section XXII. of this Act, the claim to exemption or relief may be made to and allowed by the Commissioners by whom the said Duties are so cognizable.

১১৪ ধারা। ১ প্রকরণ। প্রাপ্তিজনক যে পদের কি কর্ম্মের টাক্স এই আইনের ১৯ কি ২০ কি ২১ কি ২৩ ধারামতে কমিস্যনরেরদের বিচার্য্য হয়, কিম্বা যে পেনস্যনের কি মুশাহেরার টাক্স এই আইনের ২২ ধারামতে বিচার্য্য হয়, এমত কোন পদ কি কর্ম্ম কি পেনস্যন কি মুশাহেরাহইতে যদি দাওয়াদারের সমুদয় আয় হয় তবে ঐ টাক্সের কথা যে কমিস্যনরেরদের বিচার্য্য হয়, তাঁহারদের নিকটে ঐ মুক্ত হওয়ার কি রেয়াইৎ পাইবার দাওয়া হইতে পারিবে ও তাঁহারদের দ্বারা গ্রাহ্য হইতে পারিবেক।

2 If such claimant shall be out of British India, an affidavit stating the several matters required by this Act, taken before any person having authority to administer an oath in the place where such claimant shall reside, may be received by the respective Commissioners for executing this Act, in relation to the assessment on which such claim shall be founded.

২ প্রকরণ। সেই দাওয়াদার যদি ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের বাহিরে থাকেন, তবে তিনি যে স্থানে থাকেন সেই স্থানে শপথ করাইবার ক্ষমতাপন্ন কোন লোকের সম্মুখে, তিনি এই আইনের আজ্ঞামতের নানা বিষয়ের আফিডেবিট করিলে; ঐ ধার্য্যকরা যে টাক্সের বিষয়ে ঐ দাওয়া হইতেছে সেই টাক্সের বিষয়ে এই আইনমতে যে২ কমিস্যনর কার্য্য করেন তাঁহারা ঐ আফিডেবিট গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১১ জুন।]

[Claims may be made by Agents or Trustees on account of others.]

CXV. Any such claim for exemption may be made by any guardian, trustee, attorney, agent or factor, on account of others, in any case where satisfactory proof shall be made that the party claiming such exemption is unable to attend in person, or such claim may be made by the several persons acting in any of the characters hereinbefore described in such manner as they may act for others for the purpose of being assessed on their account in the first instance, as hereinbefore directed.

[অন্য লোকেরদের গোমাশ্তারদের কি ট্রুষ্টীরদের ঐ দাওয়া করিবার কথা।]

১১৫ ধারা। যে জন মুক্ত হওনার দাওয়া করেন তিনি আপনি হাজির হইতে পারেন না ইহার প্রমাণ খাতিরজমামতে হইলে, কোন অছি কি ট্রুষ্টী কি উকিল কি গোমাশ্তা কি কারকুন তাঁহার নিমিত্তে মুক্ত হওনার তদ্রূপ দাওয়া করিতে পারিবেন। কিম্বা তদ্রূপ পদস্থ লোকেরদের উপর অন্যেরদের কারণে প্রথম স্থলে টাক্স ধার্য্য হইলে, তাঁহারা এই আইনের পূর্ব্ব লিখিত বিধানমতে যেমন কার্য্য করিতে পারেন, তেমনি তাঁহারা এরূপ দাওয়াও করিতে পারিবেন ইতি।

[All Government property exempted.]

CXVI. No person shall be chargeable to the said Duties in respect of any property, real or personal, or vested in, or held in trust for the Government, or the Secretary of State for India in Council, for public purposes—and all such property shall be wholly exempted from the said Duties.

[গবর্ণমেণ্টের সকল সম্পত্তি মুক্ত থাকিবার কথা।]

১১৬ ধারা। স্থাবর কি অস্থাবর যে কিছু সম্পত্তি সরকারী কার্য্যের নিমিত্তে গবর্ণমেণ্টের পক্ষে কিম্বা হজুর কৌন্সেলে ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের পক্ষে কোন কাহার প্রতি বর্ত্তে কি কোন লোকের জিম্মায় থাকে, সেই সম্পত্তির জন্যে সেই লোকের উক্ত টাক্স লাগিবে না, ও তদ্রূপ সকল সম্পত্তি ঐ টাক্সহইতে সম্পূর্ণরূপে মুক্ত থাকিবে ইতি।

[Non-Commissioned Officers, Privates of Army, Navy, and Marine exempted.]

CXVII. All Non-Commissioned Officers and Privates of Her Majesty's Forces, or of Her Majesty's Indian Military Forces, (or of any Police Force,) and all petty Officers not being Warrant Officers, and Private Sailors of Her Majesty's Navy, or of Her Majesty's Indian Naval Forces, or in the employment of the Government of India in the Marine Department, shall be wholly exempted from the said Duties in respect of any pay or allowance that they may receive from Her Majesty, or from the Government, or from any public revenue.

[পল্টনে ও যুদ্ধ ও অন্য জাহাজে যাহারা সনন্দ পান নাই এমত জমাদারেরদের ও সিপাহীরদের ও গোরারদের ঐ টাক্স না লাগিবার কথা।]

১১৭ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর পল্টনের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় পল্টনের (কিম্বা পোলীসসম্পর্কীয় কোন পল্টনের) যাঁহারা সনন্দ পান নাই এমত সকল জমাদার ও সিপাহী ও ওয়ারণ্ট আফিসর ভিন্ন অধঃস্থ সকল জমাদার, ও শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধ জাহাজের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় যুদ্ধ জাহাজের কিম্বা মারিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের তাবে কোন কর্ম্মে নিযুক্ত গোরা লোকেরা শ্রীশ্রীমতী মহারাণীহইতে কিম্বা গবর্ণমেণ্টহইতে কিম্বা সরকারী কোন রাজস্বহইতে যে কিছু বেতন কি টাকা পান তাহার নিমিত্তে তাঁহারদের উক্ত কিছু টাক্স লাগিবে না ইতি।

[Power to exempt property used for charitable purposes or public religious purposes.]

CXVIII. It shall be lawful for the local Governments of any Presidency, Lieutenant Governorship, or Province, [subject to the approval of the Governor General of India in Council,] upon the representation of the Chief Civil Officer or the Chief Revenue Officer in any Division or District in such Presidency, Lieutenant Governorship, or Province that any property, moveable or immoveable, in such Division or District, solely employed for or dedicated to charitable purposes or public religious purposes, or that any person or class of persons in respect of any such property ought to be wholly or partially exempted from the said Duties, to order that such property, or such person, or such class of persons in respect of such property, shall be wholly or partially exempted from the said Duties; and to make such orders as may be necessary for securing and carrying into effect such exemption, and thereupon the property mentioned in the said order, and the person or class of persons mentioned in the said order, in respect of such property, shall be exempted and re-

[ধর্ম্মার্থ কার্য্যেতে কিম্বা সাধারণ লোকেরদের ধর্ম্ম সাধনের কার্য্যেতে যে সম্পত্তির ব্যবহার হয় তাহার টাক্স না লাগিবার কথা।]

১১৮ ধারা। কোন রাজধানীর কি লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এলাকার কি প্রদেশের অন্তঃপাতি কোন এলাকার কি জিলার মধ্যে স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি কেবল ধর্ম্মার্থে কিম্বা সাধারণ লোকেরদের ধর্ম্ম সাধনের কার্য্যেতে ব্যবহার হয়, কি সেই কার্য্যেতে নিযুক্ত হইয়াছে, কিম্বা সেই সম্পত্তির সম্পর্কে কোন লোকের কি কোন শ্রেণীর লোকেরদের উক্ত টাক্সহইতে সম্পূর্ণরূপে কি তাহার কোন অংশহইতে মুক্ত থাকা উচিত, এই কথা যদি তদ্রূপ কোন এলাকার কি জিলার দেওয়ানীর প্রধান কার্য্যকারক সাহেব কিম্বা রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেব ঐ স্থানবিশেষের গবর্ণমেণ্টকে জানান, তবে সেই গবর্ণমেণ্ট হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে আজ্ঞা করিতে পারিবেন যে ঐ সম্পত্তির উপর, কিম্বা ঐ সম্পত্তির বিষয়ে ঐ লোকের উপর কি ঐ শ্রেণীর লোকেরদের উপর উক্ত কিছু টাক্স না লওয়া যায় কি ঐ টাক্সের কেবল এক অংশ লওয়া যায়। ও সেইরূপে নিতান্ত মুক্ত থাকিবার ও মুক্ত হওয়ার হুকুম সফল করিবার জন্যে যেং হুকুম আবশ্যক হয় তাহাও করিতে পারিবেন। তাহা হইলে ঐ হুকুমের লিখিত সম্পত্তি, ও উক্ত হুকুমের লিখিত লোক কি শ্রেণীর লোকেরা সেই সম্পত্তির বিষয়ে ঐ টাক্সহই

lieved from the said Duties, wholly or in part, to the extent, and according to the operation of such order.

[Persons who have made Insurance or contracted for a deferred Annuity on the lives of themselves or wives, to be allowed an abatement of Duty in respect of the annual premiums or sums paid.]

CXIX. 1. Any person who shall have made insurance on his life, or on the life of his wife, or shall have contracted for any deferred annuity on his own life, or on the life of his wife, in or with any Insurance Company duly registered under any Act of the Imperial Parliament, or under any Act of the Governor General of India in Council, or authorized by law to carry on business without registration, and any person who shall be liable to the payment of an annual sum, or to have an annual sum deducted from his salary or stipend, in order to secure a deferred annuity to himself or to his widow, or a provision to his children after his death, shall be entitled to deduct the amount of the annual premium paid by him for such insurance or contract, or the annual sum paid by him, or deducted from his salary or stipend as aforesaid, from any income or profits in respect of which he shall be liable to be assessed under any of the Schedules of this Act, excepting Schedule III.; or to have any assessment which may be made upon him under any of the said Schedules, except Schedule III., reduced or abated by the deduction of the amount of the said annual premium or sum from the amount of the profits or income on which such assessment has been made.

2. Or if such person shall be assessed to Duties under any of the Schedules contained in this Act and shall have paid such assessment, or shall have paid or been charged with any of the said Duties by deduction or otherwise, such person, on claim made to the Commissioners for special purposes of the District, or, when no such Commissioners shall have been appointed, to the Commissioners for general purposes, and on production to them of the receipt for such annual payment or sums, and on proof of the facts to the satisfaction of the said Commissioners, shall be entitled to have repaid to him such portion of the said Duties paid by such person as the amount of the said annual premium or sum bears to the whole amount of his profits and gains on which he shall be chargeable under all or any of the Schedules of this Act.

3. Provided always, that no such abatement, allowances, or re-payment as aforesaid, shall be made in respect of any such annual premium or sum beyond one-sixth part of the whole amount of the profits and income of such person so chargeable as aforesaid, nor shall any such deduction or abatement entitle any such person to claim exemption or relief from Duty, on the ground of his

তে সম্পূর্ণরূপে মুক্ত হইবেন কিম্বা ঐ হুকুমে যেপর্য্যন্ত নির্দ্দিষ্ট হইয়াছে সেইপর্য্যন্ত ও ঐ হুকুমের লিখিত কার্য্যানুসারে মুক্ত হইবেন ইতি।

[কোন লোক যদি বীমাপত্র লন কিম্বা আপনার কি আপন স্ত্রীর জীবনপর্য্যন্ত বার্ষিক বৃত্তি পাইবার করার করেন, তবে তাহার নিমিত্তে তাঁহারা যে টাকা দেন কি বৎসরে২ যে টাকা দেন তাহার টাক্স কম করিবার কথা।]

১১৯ ধারা। ১ প্রকরণ। রাজকীয় পারলিমেণ্টের কোন আইনমতে কিম্বা হুজুর কৌন্সোলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের কোন আইনমতে উপযুক্তরূপে রেজিষ্টরী হইয়াছে কিম্বা রেজিষ্টরী না হইয়া কার্য্য চালাইতে আইনমতে ক্ষমতা পাইয়াছে এমত কোন ইন্সুরান্স কোম্পানিতে কিম্বা তাহার সঙ্গে যদি কোন লোক আপনার কি আপন স্ত্রীর মরণের পরে কতক টাকা পাইবার কিম্বা কতক বৎসরের পরে আপনার কি আপন স্ত্রীর জীবনপর্য্যন্ত বার্ষিক বৃত্তি পাইবার করারে বীমাপত্র করিয়াছেন, ও কতক বৎসর পরে আপনি জীবনপর্য্যন্ত কি আপনার মরণের পরে আপন স্ত্রী বার্ষিক বৃত্তি পান কি আপন সন্তানগণের ভরণপোষণের সঙ্গতি থাকে. এই কারণে যদি তাঁহার বৎসরে২ কিছু টাকা দিতে হয়, কিম্বা তাঁহার বেতন কি মুশাহেরাহইতে বৎসরে২ কিছু টাকা বাদ দিয়া লইতে হয়, তবে ঐ বীমাপত্র কি করারের নিমিত্তে তিনি বৎসরে যত টাকা দেন, কিম্বা তাঁহার বেতন কি মুশাহেরাহইতে বৎসরে২ যত টাকা দেন কি যত টাকা পূর্ব্বোক্তমতে কাটিয়া লওয়া যায়. তত টাকা তিনি আপনার আয় কি প্রাপ্তিহইতে, অর্থাৎ এই আইনের ৩ নম্বরের তফসীলছাড়া অন্য কোন তফসীলমতে যে আয়ের কি প্রাপ্তির জন্যে তাঁহার টাক্স ধার্য্য হইতে পারে, তাহাহইতে বাদ দিতে পারিবেন। কিম্বা ঐ ৩ নম্বরের তফসীলছাড়া উক্ত কোন তফসীলমতে তাঁহার যে প্রাপ্তির কি আয়ের উপর টাক্স ধার্য্য হয় তাহাহইতে তাঁহার এরূপ বৎসরের দেনা টাকা বাদ দিয়া তাঁহার ঐ টাক্স তত কম করা যাইতে পারিবে।

২ প্রকরণ। কিম্বা যদি সেই লোকের উপর এই আইনের লিখিত কোন তফসীলমতে টাক্স ধার্য্য হইয়াছে ও তিনি যদি ঐ টাক্সের টাকা দিয়াছেন, কিম্বা বেতনাদিহইতে বাদ দেওনদ্বারা কি অন্যমতে যদি ঐ টাক্স দিয়াছেন কিম্বা তাঁহার ঐ টাক্স লওয়া গিয়াছে, তবে তিনি ঐ প্রদেশের বিশেষ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে দাওয়া করিলে, কিম্বা সেই প্রকারের কোন কমিস্যনর যদি নিযুক্ত না হইয়া থাকেন, তবে সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে দাওয়া করিলে, ও বৎসরে তাঁহার দেওয়া সেই টাকার রসীদ তাঁহারদিগকে দেখাইলে ও ঐ কমিস্যনরেরদের খাতিরজমামতে ঐ কথার প্রমাণ করিলে, এই আইনের সকল কি কোন তফসীলমতে তাঁহার যে প্রাপ্তির ও লভ্যের উপর টাক্স লওয়া যাইতে পারে তাঁহার বৎসরের দেনা উক্ত টাকা ঐ লভ্যের কি প্রাপ্তির যে অংশ হয়, সেই অংশের ঐ টাক্স তাঁহার ফিরিয়া পাইবার স্বত্ব থাকিবে।

৩ প্রকরণ। কিন্তু ঐরূপ লোকের যে প্রাপ্তির কি লাভের উপর ঐ টাক্স লাগিতে পারে তাহার ছয় ভাগের এক ভাগের অধিক টাকার উপর তাঁহার বৎসরে২ দেনা উক্ত প্রকারের কোন টাকার জন্যে ঐ টাক্স কম করা যাইবে না, কি তাহার কিছু ক্ষমা হইবেক না, কি ফিরিয়া দেওয়া যাইবে না। ও তাঁহার বৎসরে২ দেনা সেই টাকা বাদ দিলে, তাঁহার প্রাপ্তি কি আয় ২০০৲ টাকার কিম্বা বিষয়বিশেষে ৫০০৲ টাকার কম হয় বলিয়া, তাঁহার একেবারে কিছু টাক্স না দিবার কি

profits, or income being thereby reduced below 200 Rupees, or 500 Rupees, as the case may be.

Relief from Double Assessments.

[Commissioners to grant relief from double assessments.]

CXX. 1. Whenever any person shall have been assessed to any of the Duties granted by this Act, whether charged on him on his own account, or in any of the characters hereinbefore described on the behalf of any other person, and shall, by any error or mistake, be again assessed for the same cause and on the same account, and for the same year, it shall be lawful for him to apply to the Commissioners for general purposes, acting for the Division or place for which he shall have been so assessed, for the purpose of being relieved from such double assessment, and the said Commissioners, on due proof thereof to their satisfaction, shall cause such assessment or such part thereof as shall be a double charge as aforesaid to be vacated.

2. Such proof may be either by a certificate of the assessment made on the party, under the hands of the Commissioners by whom he shall have been rightly assessed according to the directions of this Act for the matter or cause in question, certifying that such matter or cause is included in an assessment made by them on the same party on the same account and for the same year, or by other lawful evidence given of those facts on the oath of made credible witnesses. , it shall

[Commissioners to direct the Collectoions than ceiver to refund the amount of double assessment.]

CXXI. Whenever it shall be found to the satisfaction of the Chief Revenue Authority aforesaid, that any such double assessment as aforesaid has been made and has not been vacated, and that payment has been made of both assessments, it shall be lawful for the said Chief Revenue Authority to order and direct the Collector, or any Officer for receipt, to repay to the party the sum so erroneously and doubly assessed upon him and paid as aforesaid.

[Abatement on account of diminution of income how to be allowed.]

CXXII. 1. If within or at the end of the year current, at the time of making any assessment under this Act, or at the end of any year when such assessment ought to have been made, any person charged to the Duties contained in either of the Schedule I. or II., shall find and shall prove to the satisfaction of the Commissioners by whom the assessment was made and allowed, that his profits during such year for which the computation was made fell short of the sum so computed in respect of the same source of profits on which the computation was made, it shall be lawful for the said Commissioners to cause the assessment made for such current year to be amended in respect of such source of profit, as

না দিবার কি কম হারে টাক্স দিবার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

দ্বিগুণ টাক্স না লাগিবার উপায়ের বিধি।

[দ্বিগুণ টাক্স না লাগিবার উপায় কমিস্যনরেরদের করিবার কথা।]

১২০ ধারা। ১ প্রকরণ। কোন লোকের নিজের নিমিত্তে, কিম্বা এই আইনের মধ্যে পূর্ব্ব লিখিত কোন সম্বন্ধ থাকাতে অন্য কোন লোকের নিমিত্তে তাঁহার উপর এই আইনমতের কোন টাক্স ধার্য্য হইলে পর, যদি কোন ভ্রান্তি কি ভুলক্রমে সেই কারণে ও সেই লোকের পক্ষে ও সেই বৎসরের নিমিত্তে দ্বিতীয়বার টাক্স বসান যায়, তবে যে এলাকায় কি স্থানে তাঁহার তদ্রূপ টাক্স ধার্য্য হইয়াছে সেই স্থানের সাধারণ কার্য্যের কমিস্যনরস্বরূপ যাঁহারা কার্য্য করেন তাঁহারদের নিকটে, তাঁহার ঐ দ্বিগুণ টাক্স ধার্য্য না হয় এই দরখাস্ত করিতে পারিবেন। ও সেই কমিস্যনরেরা সেই কথার প্রমাণ খাতিরজমামতে পাইলে ঐ দ্বিগুণ টাক্স কিম্বা তাহার যে অংশের দ্বিগুণ লওয়া গেল তাহা রহিত করাইবেন।

২ প্রকরণ। ঐ প্রমাণ এই প্রকারে করিতে হইবেক, অর্থাৎ উল্লিখিত বিষয়ে কি কারণে এই আইনের বিধানমতে যে কমিস্যনরেরা যথার্থমতে তাঁহার টাক্স ধার্য্য করিয়াছেন তাঁহারদের দস্তখৎকরা এক সর্টিফিকট অর্থাৎ সেই লোকের উপর সেই বিষয়ে ও সেই বৎসরে ধার্য্যকরা টাক্সের ফর্দ্দেতে সেই বিষয় কি কারণ ধরা হইয়াছে এই কথা ঐ লোকের ধার্য্যকরা যে টাক্সের সর্টি—— ——ইনমতের গছে সেই সর্টিফিকট দেখাইয়া দিবার অনুমতি নাই ——বক। কিম্বা বিশ্বাসযোগ্য কোন

১২৫ ধারা। এই —— সকল কথায় আইনসিদ্ধ অন্য ধার্য্য করিতে হয় তাহা——ত পারিবেক।

[——ক্ষেত্রে যাহা বাদ দিবা——া গ্রহণকারিকে ঐ দ্বিগুণ টাক্সের টাকা ফিরিয়া দিতে ঐ কমিস্যনরেরদের হুকুম করিবার কথা।]

১২১ ধারা। উক্ত প্রকারের দ্বিগুণ কোন টাক্স ধার্য্য হইয়াছে, ও রহিত করা যায় নাই, ও ধার্য্যকরা সেই দুই টাক্সের টাকা দেওয়া গিয়াছে, এই কথা যদি রাজস্বের পূর্ব্বোক্ত প্রধান কার্য্যকারক সাহেব খাতিরজমামতে জানিতে পান, তবে ঐ লোকের উপর ভুলক্রমে যত টাকা উক্ত প্রকারে দ্বিগুণ বসান গিয়াছে ও তাঁহার দেওয়া হইয়াছে, তত টাকা তাঁহাকে ফিরিয়া দিতে রাজস্বের ঐ প্রধান কার্য্যকারক সাহেব কালেক্টরকে কিম্বা টাকা গ্রহণ করিবার অন্য কার্য্যকারককে হুকুম ও আদেশ করিবেন ইতি।

[আয় কম হইলে টাক্স কম করিবার বিধানের কথা।]

১২২ ধারা। ১ প্রকরণ। এই আইনমতের কোন টাক্স ধার্য্য করিবার চলিত বৎসরের মধ্যে, কিম্বা তাহার শেষে, কিম্বা যে বৎসরে ঐ টাক্স ধার্য্য করা উচিত সেই বৎসরের শেষে, ১ কি ২ নম্বরের তফসীলের লিখিত টাক্স যাঁহার উপর ধার্য্য হইয়াছে সেই লোক যদি দেখিতে পান যে, তাঁহার সেই বৎসরের যত প্রাপ্তি ধরা গিয়াছিল, ঐ প্রাপ্তিজনক যে কর্ম্মাদি ধরা গেল সেই কর্ম্মাদির দ্বারা তাঁহার তত প্রাপ্তি হয় নাই। ও যে কমিস্যনরেরা তাঁহার ঐ টাক্স ধার্য্য করেন ও মঞ্জুর করেন তাঁহারদের খাতিরজমামতে যদি ঐ কথার প্রমাণ করিতে পারেন, তবে ঐ কমিস্যনরেরা ঐ প্রাপ্তিজনক কর্ম্মাদির বিষয়ে ঐ চলিত বৎসরের ধার্য্যকরা ঐ টাক্স প্রয়োজনমতে সংশোধন করাইতে পারিবেন। ও সেই ধার্য্য করা টাকা যদি দেওয়া গিয়া থাকে, তবে ধার্য্যকরা

the case shall require; and in case the sum assessed shall have been paid, to certify under their hands, to the Commissioner of the Division, or in any of the said Presidency Towns or Stations to the Chief Revenue Authority of the Towns or Stations, the amount of the sum overpaid upon such first assessment.

2. Thereupon the said Commissioner of Revenue, or Chief Revenue Authority aforesaid, shall issue an order for the re-payment of such sum as shall have been so overpaid, which order shall be directed to such Officer of Revenue as the said Commissioner of Revenue, or the Chief Revenue Authority aforesaid, shall appoint in that behalf, and shall authorise and require the re-payment of the said sum so overpaid as aforesaid.

3. Such sum shall accordingly be paid by such Officer on production and delivery to him of such order, taking the receipt of the party entitled to the same by endorsement on such order.

[Abatement to be allowed when persons shall cease to exercise any trade, or shall die before the end of the year.]

CXXIII. 1. In case any person charged to the said Duties under Schedule II. shall cease to exercise the profession or to carry on the trade in respect whereof such assessment was made, or shall die, or become bankrupt or insolvent before the end of the year for making such t Schedulo III., ꞉ all, from any other specific cause n of the amount of lose the profits on which the in from the amount charged in such assessment aich such assessment lawful for such person or make application to the Commissioners for general purposes of the District, within three calendar months after the end of such year, and on due proof thereof to their satisfaction, the said Commissioners shall cause the assessment to be amended as the case may require, and give such relief to the party charged, or his representatives, as shall be just.

2. In cases requiring the same, the said Commissioners shall certify in the manner provided in the Section of this Act; and upon such certificate, the Commissioner of Revenue, or the Chief Revenue Authority aforesaid shall, in the manner provided in that Section, order re-payment to be made of such sum as shall have been overpaid on the assessment amended or vacated, which re-payment shall be made in the manner provided in the said Section.

3. Provided, always, that where any person shall have succeeded to the trade of the party charged, no such amendment shall be made, unless it shall be proved to the satisfaction of the said Commissioners that the profits of such trade have fallen short from some specific cause, to be alleged to them and proved, since such change or succession took place, or by reason thereof; but such person so succeeding to the same shall be liable to the

প্রথম টাক্সের কর্দ্দঅনুসারে যত টাকা অতিরিক্ত দেওয়া গিয়াছে, সেই টাকার এক সর্টিফিকট লিখিয়া দস্তখৎ করিয়া এলাকার কমিস্যনর সাহেবকে দিবেন, কিম্বা রাজধানীর উক্ত কোন প্রধান নগরে কি মোকামে হইলে ঐ নগরের কি মোকামের রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেবকে দিবেন।

২ প্রকরণ। তাহা হইলে, রাজস্বের ঐ কমিস্যনর সাহেব কিম্বা রাজস্বের পূর্ব্বোক্ত প্রধান কার্য্যকারক সাহেব তাঁহার অতিরিক্ত দেওয়া ঐ টাকা ফিরিয়া পাইবার হুকুম করিবেন। রাজস্বের উক্ত কমিস্যনর সাহেব কিম্বা রাজস্বের পূর্ব্বোক্ত প্রধান কার্য্যকারক সাহেব সেই কর্ম্মেতে রাজস্বের যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তাঁহার নামে সেই হুকুম লিখিবেন, ও সেই হুকুমেতে পূর্ব্বোক্তমতের অতিরিক্ত দেওয়া ঐ টাকা ফিরিয়া দিবার ক্ষমতা ও আদেশ থাকিবে।

৩ প্রকরণ। সেই হুকুম ঐ কর্ম্মকারককে দেখান গেলে ও তাঁহাকে দেওয়া গেলে, তিনি সেই হুকুমমতে ঐ টাকা দিবেন, ও সেই হুকুমের পৃষ্ঠে ঐ টাকাপাওনিয়া লোকের রসীদ লেখাইয়া লইবেন ইতি।

[কোন লোক বৎসরের মধ্যে কারবার ত্যাগ করিলে কি মরিলে, টাক্স কম করিবার কথা।]

১২৩ ধারা। ১ প্রকরণ। ২ নম্বরের তফসীলমতে যাঁহার উক্ত টাক্স ধার্য্য হইয়াছে এমত কোন লোকের যে বিদ্যাব্যবসায়ের কি যে কারবারের কারণে ঐ টাক্স ধার্য্য হইয়াছে তাহা যদি তিনি ঐ টাক্স ধার্য্য করিবার বৎসরের মধ্যে ত্যাগ করেন, কিম্বা যদি মরেন কি দেউলিয়া হন কি যোত্রহীন হন, কিম্বা যত প্রাপ্তির হিসাবে তাঁহার ঐ টাক্স ধার্য্য হয়, তত প্রাপ্তি যদি বিশেষ ক্কেন। কারণে তাঁহার না হয় কি হারাণ যায়, তবে ঐ তফসীলমতে । তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি ঐ বৎসর শেষ ধার্য্য হয় হলে পর তিন মাসের মধ্যে ঐ প্রদেশের সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের নিকটে দরখাস্ত করিতে পারিবেন। ও তাঁহারদের খাতিরজমামতে উপযুক্ত প্রমাণ হইলে, ঐ কমিস্যনরেরা প্রয়োজনমতে ঐ টাক্স সংশোধন করিতে পারিবেন, ও যাঁহার সেই টাক্স ধার্য্য হইয়াছে তাঁহার কিম্বা তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তির যথার্থমতে রেয়াইৎ দিবেন।

২ প্রকরণ। যে স্থলে প্রয়োজন হয়, সেই স্থলে ঐ কমিস্যনরেরা এই আইনের অমুক ধারার নির্দ্দিষ্টমতে সর্টিফিকট দিবেন। ও সেই সর্টিফিকট পাইলে রাজস্বের উক্ত কমিস্যনর সাহেব কিম্বা রাজস্বের উক্ত প্রধান কার্য্যকারক সাহেব ঐ সংশোধন কি রহিত করা টাক্সের বাবতে অতিরিক্ত যত টাকা দেওয়া গিয়াছে, তত টাকা ফিরিয়া দিবার হুকুম ঐ ধারার নির্দ্দিষ্টমতে দিবেন, ও সেই টাকা ঐ ধারার নির্দ্দিষ্টমতে ফিরিয়া দেওয়া যাইবে।

CLXIV. 1. In each and every District in India, not being within any of the Presidency Towns or the Settlement aforesaid, the several local Governments shall appoint such and so many persons, not less than (three) in number, as it shall deem expedient to be Commissioners for local purposes under this Act, within the said several Districts respectively, of whom at least (one) shall be a person not in the service of or holding any office under the Government.

[Except when no competent person, not in service of Government, can be found.]

2. Provided that, if it shall appear to the local Government that no person, competent to exercise the duties of Commissioners, can be found within the District, or if any person being so appointed as aforesaid shall decline or neglect to take upon himself the execution of the said office, and in the judgment of the local Government it be deemed expedient to appoint a person in the service of Government in the place of such person, it shall be lawful for the said local Government, subject to such approval as aforesaid, to appoint a person in the service of the Government to be one of the said Commissioners in lieu of the person so declining or neglecting.

[Government may divide Districts into two or more Divisions for local purposes, to appoint Commissioners in each.]

CLXV. 1. It shall be lawful for the local Government, if it shall think fit, with the sanction of the Governor General of India in Council, to direct that any District, not being within any of the said Presidency Towns or the said Settlements, shall be divided, for the purposes in the 14th Part of this Act mentioned, into two or more Divisions: and to appoint "Commissioners for Local Purposes" for and in each of such Divisions respectively.

2. Such Commissioners, when so appointed shall have all and every the powers and authorities within the Division for which they shall have been

ও কার্য্য করিয়া থাকেন, এমত কোন নগর কি শহরতলী-নিবাসিরদের কি বাণিজ্যকারিরদের উপরে, কিম্বা ঐ নগর কি শহরতলীর জমীর কি ঘরের উপর যখন ঐ টাক্স ধার্য্য হয়, তখন ঐ টাকা ও তাহার হিসাব ঐ কমিস্যনরদিগকে দেওয়া যাইবে ও ইনকম টাক্সের হিসাবের পৃথক্ খাতায় ঐ টাকা জমা হইবেক।

তৃতীয়। এই ধারার প্রথম ও দ্বিতীয় প্রকরণে যে লোকেরদের কি যে ঘরের কি জমীর কথা আছে তাহা-ভিন্ন অন্য লোকেরদের কি ঘরের কি জমীর উপর যখন ঐ টাক্স ধার্য্য হয়, তখন সেই টাকা যে প্রদেশে ধার্য্য ও আদায় হয় সেই প্রদেশে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে কমিস্যনরদিগকে সময়ে২ নিযুক্ত করেন তাঁহারদিগকে সেই টাকা ও তাহার হিসাব দেওয়া যাইবেক। ঐ কমিস্যনরেরদের নাম "স্থানবিশেষের কার্য্যের কমিস্যনর"। ও ইনকম টাক্সের হিসাবের খাতায় ঐ টাকা জমা হইবে।

[স্থানবিশেষের কমিস্যনরদিগকে গবর্ণমেণ্টের নিযুক্ত করিতে পারিবার কথা। তাঁহারদের অতি কম এক জন গবর্ণমেণ্টের কর্ম্মে নহেন এমত লোক হইবার কথা।]

১৬৪ ধারা। ১ প্রকরণ। রাজধানীর উক্ত প্রধান নগর কি বসতি স্থানভিন্ন ভারতবর্ষের প্রত্যেক জিলাতে স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই আইনমতের কার্য্য করিবার জন্যে উক্ত নানা জিলাতে যাঁহারদিগকে ও যত জনকে নিযুক্ত করা উচিত জ্ঞান করেন, তাঁহারদিগকে কমিস্যনর-স্বরূপ নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু তিন জনের কম নিযুক্ত করিবেন না, ও তাঁহারদের মধ্যে এক জন সরকারী কোন কর্ম্মে কিম্বা গবর্ণমেণ্টের তাবে কোন পদে নিযুক্ত নহেন এমত লোক হইবেন।

[কিন্তু সরকারের কর্ম্মে নহেন এমত উপযুক্ত লোক না পাওয়া গেলে তাহার কথা।]

২ প্রকরণ। কিন্তু কমিস্যনরের কর্ম্ম করিবার উপযুক্ত কোন লোককে জিলার মধ্যে পাওয়া যায় না, স্থান-বিশেষের গবর্ণমেণ্ট যদি ইহা দেখিতে পান, কিম্বা যদি কোন লোক সেই প্রকারে নিযুক্ত হইয়া ঐ পদের কর্ম্ম করিতে না চাহেন কি শৈথিল্য করেন, ও তাঁহার স্থানে সরকারের কর্ম্মে নিযুক্ত কোন লোককে নিযুক্ত করা উচিত স্থানবিশেষের গবর্ণমেণ্টের যদি এমত বিবেচনা হয়, তবে ঐ গবর্ণমেণ্ট ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমতি লইয়া, উক্ত যে লোক ঐ কর্ম্ম করিতে চাহিলেন না কি শৈথিল্য করিলেন তাঁহার স্থানে সরকারের কর্ম্মে নিযুক্ত কোন লোককে কমিস্যনরেরদের এক জন বলিয়া নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[স্থানবিশেষের কার্য্যের নিমিত্তে জিলার দুই কি তাহার অধিক ভাগ করিতে ও এক২ ভাগে কমিস্যনরদিগকে নিযুক্ত করিতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

১৬৫ ধারা। ১ প্রকরণ। স্থানবিশেষের গবর্ণমেণ্ট উপযুক্ত বোধ করিলে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতি লইয়া হুকুম করিতে পারিবেন যে, এই আইনের ১৪ অংশের কার্য্য হইবার জন্যে, উক্ত রাজধানীর প্রধান নগর কি বসতিস্থানের যোতালক না হয় এমত কোন জিলার দুই কি তাহার অধিক ভাগ করা যায়। ও তাহার এক২ ভাগে তিনি স্থানবিশেষের কার্য্যের কমিস্যনরদিগকে নিযুক্ত করিবেন।

২ প্রকরণ। উক্ত প্রকারের কমিস্যনরদিগকে যখন নিযুক্ত করা যায়, তখন কোন জিলার বিশেষ কার্য্যের নিমিত্তে নিযুক্ত ঐ কমিস্যনরেরদের যে সকল শক্তি ও

appointed, as the said Commissioners for local purposes appointed for any District shall have

[In that case separate accounts to be kept at the Treasury of sums received on account of 1 per cent. Duty in each Division.]

CLXVI. In case of any such division of any District for the purposes last aforesaid, separate accounts shall be kept at the Treasury into which the Duties levied on, and on account of such District shall be paid as aforesaid, of all such sums paid in on account of the said 1 per cent. Duty as shall have been assessed upon or received from any person residing or carrying on business on any lands or houses in each of the Divisions of such District.

[Sum assessed in each Division to be paid to Commissioners for local purposes of such Division.]

CLXVII. In such case such sums only as have been assessed upon and received from the persons on the lands and houses within each of the said Divisions of the District, shall be paid and accounted for to the Commissioners for local purposes appointed for such Division.

[Commissioners to be removed and vacancies filled up in same manner as in case of Commissioners of Divisions for general purposes.]

CLXVIII. The Commissioners for local purposes shall be, from time to time, appointed and shall be removeable, and vacancies in their number shall be filled up, in the manner provided in Section IX. of this Act in regard to Commissioners for general purposes.

[Commissioners for local purposes not to exercise any power within any Town in which Act XXV. of 1856 or Act XXVI. of 1850 is in force.]

CLXIX. The Commissioners for local purposes so appointed as aforesaid, shall not exercise any of the powers hereby conferred on them within, or in respect of, any Town or Suburb in which Act No. XXV. of 1856 or Act No. XXVI. of 1850 shall be in force and in which Commissioners shall have been appointed and shall be acting under either of the said Acts.

[The Municipal Commissioners, Commissioners under Act XXVI. of 1850, or the Commissioners for local purposes, to apply the 1 per cent. Duties for new public works or improvements as Government shall approve or direct.]

CLXX. 1. The said Municipal Commissioners, the said Commissioners under Act XXVI. of 1850, and the said Commissioners for local purposes respectively, shall apply the several sums of money paid to them as aforesaid under this Act in and upon the construction of such new public works and improvements in and of the said several Presidency Towns and Stations, the said Towns and Suburbs, and the said Districts or Divisions respectively, for which they shall have been appointed as aforesaid, as the local Government shall, from time to time, approve or direct.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১১ জুন।]

ক্ষমতা থাকে, ঐ কমিস্যনরেরা এবং ভাগে নিযুক্ত হন সেইং ভাগে তাঁহারদেরও সেই শক্তি ও ক্ষমতা থাকিবেক ইতি।

[শতকরা [illegible] টাকার হিসাবে যে টাক্স একং ভাগে পাওয়া যায় [illegible] পৃথকং হিসাব ত্রেজুরীতে রাখিবার কথা।]

১৬৬ ধারা। শেষোক্ত কারণে যদি কোন জিলার উক্ত প্রকারে বিভাগ হয়, তবে ঐ জিলার টাক্স আদায় হইয়া যে ত্রেজুরীতে দাখিল করা যায় তাহাতে ঐ জিলার একং ভাগের কোন জমীতে কি ঘরে যে লোকেরা বাস করেন কি কারবার করেন তাঁহারদের উপর শতকরা ১৲ টাকার হিসাবে যে টাক্স ধার্য্য কি আদায় হয় তাহার সকল টাকার হিসাব পৃথক্ রাখিতে হইবেক ইতি।

[একং ভাগে যে টাকা ধার্য্য হয়, তাহা ঐ ভাগের কার্য্যের কমিস্যনরদিগকে দিবার কথা।]

১৬৭ ধারা। তদ্রূপ স্থলে ঐ জিলার উক্ত একং ভাগের জমীর ও ঘরের লোকেরদের উপর যে টাক্স ধার্য্য হইয়াছে ও তাঁহারদের স্থানে পাওয়া গিয়াছে কেবল সেই টাকা ও তাহার হিসাব, ঐ ভাগের কার্য্যের নিমিত্তে নিযুক্ত কমিস্যনরেরদিগকে দিতে হইবেক ইতি।

[সাধারণ কার্য্যের কমিস্যনরেরদিগকে অবসর করিবার ও তাঁহারদের স্থানে লোককে ভর্ত্তি করিবার বিধি ঐ কমিস্যনরেরদের উপর খাটিবার কথা।]

১৬৮ ধারা। সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের বিষয়ে এই আইনের ৯ ধারাতে যে বিধি আছে সেই বিধিমতে ঐ স্থানবিশেষের কমিস্যনরেরা সময়েং নিযুক্ত হইবেন, ও তাঁহারদিগকে অবসর করা যাইতে পারিবেক, ও তাঁহারদের পদ শূন্য হইলে অন্য লোককে ভর্ত্তি করা যাইতে পারিবেক ইতি।

[১৮৫৬ সালের ২৫ আইন কিম্বা ১৮৫০ সালের ২৬ আইন যেং নগরে চলন আছে তাহাতে স্থানবিশেষের কমিস্যনরেরদের কোন ক্ষমতামতে কার্য্য করিতে না পারিবার কথা।]

১৬৯ ধারা। যে কোন নগরে কি শহরতলীতে ১৮৫৬ সালের ২৫ আইন কি ১৮৫০ সালের ২৬ আইন চলন আছে ও কমিস্যনরেরা তাহার কোন আইনমতে নিযুক্ত হন ও কার্য্য করিয়া থাকেন, এমত কোন নগরে কি শহরতলীতে কি তাহার সম্পর্কে, উক্তমতের নিযুক্ত স্থানবিশেষের কমিস্যনরেরা এই আইনমতের প্রাপ্ত কোন ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন না ইতি।

[শতকরা ১৲ টাকার হিসাবে ঐ টাক্সের টাকা গবর্ণমেণ্টের সম্মতি কি আজ্ঞামতে সরকারের নূতন কর্ম্ম করিতে কি রাস্তা সাঁকোপ্রভৃতি আরো উত্তম করিতে মুনিসিপল কমিস্যনরেরদের কি ১৮৫০ সালের ২৬ আইনের কমিস্যনরেরদের কি স্থানবিশেষের কমিস্যনরেরদের খরচ করিবার কথা।]

১৭০ ধারা। ১ প্রকরণ। উক্ত মুনিসিপল কমিস্যনরদিগকে ও ১৮৫০ সালের ২৬ আইনমতের উক্ত কমিস্যনরদিগকে, ও স্থানবিশেষের উক্ত কমিস্যনরদিগকে এই আইনমতে উক্ত যে সকল টাকা দেওয়া যায় তাহা তাঁহারা যে রাজধানীতে ও সদর মোকামে, ও নগরে ও শহরতলীতে ও জিলাতে কি ভাগে পূর্ব্বোক্তমতে নিযুক্ত হন, তাহার মধ্যে স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়েং যেমন মঞ্জুর করেন কি আজ্ঞা করেন, তেমনি সর্ব্ব সাধারণের উপকারের কোন নূতন কার্য্য করিতে কি কোন কার্য্য আরো উত্তম করিতে খরচ করিবেন।

[And to account for application of such Duties according to Rules to be made by Government.]

2. The said Commissioners shall account for the application and expenditure of the said sums in and upon such new works and improvements, in such manner and at such times as the said local Government shall appoint and direct, by any rules and orders made and passed by such Government with the sanction of the Governor-General in Council, and published in the *Gazette* of the Presidency, Lieutenant-Governorship, Province, or Station, in or nearest to which the District or place, for which such Commissioners shall have been appointed and shall be acting, shall be situated.

Part XV.

Penalties.

[Penalty for Commissioners and Officers acting before taking oath.]

CLXXI. If any person shall act as a Commissioner in relation to Schedule II. (except in administering the oath prescribed in Section ,) or shall act as a Clerk to Commissioners, or as an Assessor, or as an Officer of Receipt in relation to the Duties in Schedule II. before he shall have taken the oath hereby required to be taken by him, he shall forfeit a sum not exceeding Rupees 500.

[Penalty on Commissioner for vexatious or corrupt practices.]

CLXXII. If any Commissioner, or any member of any punchayet appointed under this Act, or any person appointed to make any assessment under this Act, or if any Collector or Assessor under this Act, shall knowingly or wilfully, through corruption, partiality, or favor, over-rate or under-rate, or omit to charge any person chargeable under this Act, or charge any person not chargeable under this Act, or shall be guilty of any corrupt, vexatious, or fraudulent practices, or of any extortion, or attempt to extort any money or valuable things in the execution of his office, or shall conduct himself with partiality or unfairness therein, such Commissioner, member of punchayet, or person so appointed to assess as aforesaid, and such Collector or Assessor shall be deemed guilty of a misdemeanor, and shall, for every such offence, be liable to imprisonment, with or without hard labor, for a period not exceeding one year, and to forfeit a sum not exceeding Rupees 1,000.

[Penalty for Assessors wilfully neglecting to appear before Collectors or Commissioners.]

CLXXIII. Every Assessor or Assistant Assessor who shall wilfully, or without reasonable cause, neglect to appear before the Collectors or Commissioners of the District on any occasion on which he ought to appear under any of the provisions of this Act, or refuse to make such oath as herein in that behalf prescribed, or who shall, without reasonable

[ও গবর্ণমেণ্টের বিধিমতে সেই টাক্সের টাকা খরচ করিবার হিসাব দিবার কথা।]

২ প্রকরণ। উক্ত কমিস্যনরেরা উক্ত প্রকারের নূতন কার্য্য করিতে কি কোন কার্য্য আরো উত্তম করিতে উক্ত যে টাকা খরচ করেন, তাহার হিসাব দিবার যে কোন বিধি ও হুকুম স্থানবিশেষের গবর্ণমেণ্ট হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে জারী করেন, তদনুসারে ঐ গবর্ণমেণ্ট যে সময় ও যে প্রকারে নিরূপণ ও আজ্ঞা করেন সেই সময়ে ও সেই প্রকারে দিবেন। ঐ কমিস্যনরেরা যে জিলাতে কি স্থানে নিযুক্ত হন ও কার্য্য করেন, তাহা যে রাজধানীর কি যে লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের এলাকার কি যে প্রদেশের কি মোকামের মধ্যে কি অতিনিকটে থাকে সেই প্রদেশপ্রভৃতির গেজেটে ঐ বিধি ও হুকুম ছাপা হইবেক ইতি।

পঞ্চদশ খণ্ড।

দণ্ডের বিধি।

[কমিস্যনরেরা ও কর্ম্মকারকেরা শপথ না করিয়া কর্ম্ম করিলে তাঁহারদের দণ্ডের কথা।]

১৭১ ধারা। এই আইনমতে কোন লোকের যে হলফ করিবার আজ্ঞা হয়, সেই হলফ না করিয়া যদি কোন লোক (অমুক ধারার লিখিতমতে শপথ করাণ ছাড়া) ২ নম্বরের তফসীলসম্পর্কীয় কোন কার্য্য কমিস্যনরস্বরূপ করেন কি কমিস্যনরেরদের ক্লার্কস্বরূপ কি আসেসরস্বরূপ কিম্বা ২ নম্বরের তফসীলের টাক্স গ্রহণ করিবার কর্ম্মকারকস্বরূপ কার্য্য করেন, তবে তাঁহার ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[কমিস্যনর ক্লেশদায়ক কার্য্য করিলে কি ঘুষ খাইলে তাঁহার দণ্ড।]

১৭২ ধারা। কোন কমিস্যনর, কিম্বা এই আইনমতের নিযুক্ত কোন পঞ্চায়তের কোন লোক, কিম্বা এই আইনমতের কোন টাক্স ধার্য্য করিবার জন্যে নিযুক্ত কোন লোক, কিম্বা এই আইনমতের কোন কালেক্টর কি আসেসর যদি জানিয়া কি ইচ্ছাপূর্ব্বক, ঘুষ খাইয়া কি পক্ষপাতী হইয়া কি অনুগ্রহ করিয়া, কোন লোকের অধিক টাক্স কি কম টাক্স ধরেন, কিম্বা এই আইনমতে যাঁহার টাক্স ধরিতে হয় তাঁহার টাক্স না ধরেন, কিম্বা এই আইনমতে যাঁহার টাক্স ধরিতে না হয় তাঁহার টাক্স ধরেন, কিম্বা কোন ঘুষ খাইবার কি বৈরক্তিজনক কি প্রতারণার কোন কার্য্য করিবার দোষী হন, কিম্বা আপন পদের কর্ম্ম করিবার কালে ভয় দেখাইয়া কিছু টাকা কি মূল্যবান কোন দ্রব্য লন কি লইবার উদ্যোগ করেন, কিম্বা যদি পক্ষপাতী হইয়া কি অন্যায়মতে কোন কর্ম্ম করেন, তবে ঐ কমিস্যনর, কিম্বা পঞ্চায়তের ঐ লোক, কি টাক্স ধার্য্য করিবার জন্যে পূর্ব্বোক্তমতের নিযুক্ত লোক, কি সেই কালেক্টর কি আসেসর অপরাধের দোষী জ্ঞান হইবেন। ও তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে যায় কঠিন পরিশ্রম কি পরিশ্রম বিনা তাঁহার এক বৎসরপর্য্যন্ত কয়েদ ও ১০০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[আসেসরেরা কালেক্টরেরদের কি কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইতে জানিয়াশুনিয়া ত্রুটি করিলে তাঁহারদের দণ্ডের কথা।]

১৭৩ ধারা। কোন আসেসরের কি আসিষ্টাণ্ট আসেসরের যে কোন সময়ে এই আইনের কোন বিধানঅনুসারে প্রদেশের কালেক্টরেরদের কি কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইতে হয়, সেই সময়ে যদি হাজির হইতে জানিয়াশুনিয়া কি উপযুক্ত কারণ না থাকিলেও ত্রুটি করেন, কিম্বা এই আইনেতে সেই বিষয়ের যে শপথ নির্দ্দিষ্ট হইয়াছে সেই শপথ করিতে স্বীকার না

cause, omit or neglect to return to the Collector the name of any person whose name ought to be included in any such list, as by this Act is required, shall forfeit for any such omission or neglect any sum not exceeding Rupees 200.

[Penalty for Clerks for misconduct.]

CLXXIV. If any Clerk to the Commissioners appointed under this Act shall wilfully delay or obstruct the execution of this Act, or shall wilfully misconduct or negligently conduct himself in the execution of this Act, he shall forfeit the sum of Rupees 200.

[Penalty for Collecting Officers for misconduct in Office.]

CLXXV. If any officer or person employed to receive or collect any Duties under this Act: *1st.*—Shall fraudulently collect or attempt to collect any money on account of Duties under this Act from any person not charged therewith; or

2ndly.—Shall fraudulently receive or collect or attempt to receive or collect, from any person or persons more money than is actually charged against such person upon his assessment; or

3rdly.—Shall receive or collect any money whatsoever under color of this Act, and not pay over and account for the whole of such money; or

4thly.—Shall fraudulently alter any duplicate or warrant, or any memorandum or document mentioned in this Act, after the same has been delivered to him as aforesaid; or

5thly.—If any such officer or any person employed or authorised to serve any notice, or to make any distress, attachment, or sale under this Act, shall extort or obtain, or attempt to extort or obtain, any sum of money or valuable thing other than such money as he shall have been authorised to receive or collect under this Act, from any person whatever, under color of his employment or authority, or as a bribe for forbearing to exercise any employment or authority under this Act, such officer or person shall be deemed guilty of a misdemeanor, and shall be liable to imprisonment, with or without hard labor, for a period not exceeding six months, and shall, for every such offence, forfeit a sum not exceeding Rupees 1,000, and shall also forfeit and refund or pay to the party aggrieved, if he shall have received any sum of money or valuable thing, double the amount, or double the value of the thing improperly received, or of the money received and not duly paid over as aforesaid, or in default, and until such refund or payment be made, shall be liable to further imprisonment, with or without hard labor, for a period not exceeding six months.

[Penalty on persons pretending to be employed to serve notices or collect monies.]

CLXXVI. If any person, not being employed or authorised to serve any notice required to be

করেন, কিম্বা এই আইনেতে যে ফর্দ্দ দিবার আজ্ঞা আছে সেই ফর্দ্দেতে যাঁহার নাম লিখিতে হয় এমত কোন লোকের নাম সেই ফর্দ্দে লিখিয়া কালেক্টরকে দেখাইতে যথোচিত পবুক্ত কারণ না থাকিলেও ত্রুটি করেন কি শৈথিল্য করেন, তবে সেইরূপ কোন ত্রুটি কি শৈথিল্যপ্রযুক্ত তাঁহার ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[ক্লার্কের কোন অনুচিত কর্ম্মের দণ্ডের কথা।]

১৭৪ ধারা। এই আইনমতে নিযুক্ত কমিস্যনরেরদের কোন ক্লার্ক যদি জানিয়াশুনিয়া এই আইনমতের কার্য্য হইবার বিলম্ব কি বাধা করেন, কিম্বা এই আইনমতের কার্য্য করিবার সময়ে জানিয়াশুনিয়া অনুচিত কর্ম্ম করেন কি অমনোযোগে কর্ম্ম করেন, তবে তাঁহার ২০০৲ টাকা জরীমানা হইবেক ইতি।

[যে কর্ম্মকারকেরা টাকা উসুল করেন তাঁহারদের অনুচিত কর্ম্মের দণ্ডের কথা।]

১৭৫ ধারা। কোন কর্ম্মকারক কি লোক এই আইনমতে কোন টাক্স গ্রহণ করিতে কি উসুল করিতে নিযুক্ত হইয়া যদি এই২ কর্ম্ম করেন, অর্থাৎ ১। এই আইনমতে যাঁহার উপর টাক্স বসান যায় নাই এমত কোন লোকের স্থানে কিছু টাকা প্রতারণা করিয়া উসুল করেন কি করিতে উদ্যোগ করেন। কিম্বা,

২। কোন লোকের কি লোকেরদের উপর যত টাক্স ধার্য্য হইয়াছে তাহার অধিক যদি সেই লোকের স্থানে প্রতারণা করিয়া লন কি উসুল করেন, কি লইতে কি উসুল করিতে উদ্যোগ করেন। কিম্বা,

৩। যদি এই আইনের ছলে কোন টাকা লইয়া কি উসুল করিয়া সেই সমুদয় টাকা দাখিল না করেন কি তাহার হিসাব না দেন। কিম্বা,

৪। এই আইনের লিখিত কোন নকল কি হুকুমনামা কি কোন খোলাসা কি দলীল তাঁহার নিকটে পূর্ব্বোক্ত মতে দাখিল হইলে পর যদি তাহা প্রতারণা করিয়া বদল করেন। কিম্বা,

৫। কোন কর্ম্মকারক কি কোন লোক এই আইনমতের কোন এত্তেলা জারী করিতে কিম্বা কোন বিষয় ক্রোক কি নীলাম করিতে নিযুক্ত হইয়া কি ক্ষমতা পাইয়া, এই আইনমতে যত টাকা লইতে কি উসুল করিতে ক্ষমতা পান তাহার অধিক কোন টাকা কি টাকা ভিন্ন অন্য মূল্যবান দ্রব্য আপন পদের কি ক্ষমতার ছলনায় কিম্বা এই আইনমতের কোন পদ কি ক্ষমতাক্রমে কার্য্য না করিবার নিমিত্তে ঘুষস্বরূপে কোন লোকের স্থানে ভয় দেখাইয়া লন কি পান কি লইতে কি পাইতে উদ্যোগ করেন, তবে সেই কর্ম্মকারক কি লোক অপরাধের দোষী জ্ঞান হইবেন, ও তাঁহার মায় কঠিন পরিশ্রম কি পরিশ্রমবিনা ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক ও তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে তাঁহার ১০০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, ও যদি কোন টাকা কি মূল্যবান দ্রব্য পাইয়া থাকেন, তবে সেই টাকার দ্বিগুণ, কিম্বা অনুচিতমতে প্রাপ্ত ঐ দ্রব্যের মূল্যের দ্বিগুণ, কি যে টাকা পাইয়া তাহা পূর্ব্বোক্তমতে উপযুক্তরূপে দাখিল না করিয়াছেন তাহার দ্বিগুণ তাঁহার ঐ অন্যায়গ্রস্ত ব্যক্তিকে দিতে হইবেক। যদি না দেন, তবে সেই টাকা যাবৎ ফিরিয়া না দেন তাবৎ মায় কঠিন পরিশ্রম কি তাহা বিনা তাঁহার আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক ইতি।

[যাঁহারা এত্তেলা জারী করিবার কি টাকা উসুল করিবার কর্ম্মে নিযুক্ত হইবার ছল করেন তাঁহারদের দণ্ডের কথা।]

১৭৬ ধারা। এই আইনেতে যে এত্তেলা দিবার হুকুম আছে এমত কোন এত্তেলা জারী করিতে কিম্বা এই

given under this Act, or to receive or collect any money under this Act, shall falsely pretend that he is employed or authorised to serve any notice, or to receive or collect any money under this Act, and shall, by such false pretence, obtain, or attempt to obtain, any money or valuable thing whatsoever from any person whatsoever, the person so offending shall be deemed guilty of a misdemeanor, and shall be liable to the punishment and penalties in the last preceding Section mentioned.

[Punishment for unlawful entry.]

CLXXVII. Any person employed or pretending to be employed to make any distress under this Act, who shall knowingly enter the apartments of any Hindoo or Mahomedan woman, which, by the usage of the country, are deemed private, or shall force open the outer door of a dwelling-house, contrary to the provisions of the 13th Part of this Act, shall be liable to be imprisoned for any period not exceeding three months.

[Penalty for forcibly or clandestinely taking away distrained property.]

CLXXVIII. If any person shall forcibly or clandestinely take away any moveable property duly distrained under this Act, while subject to such distress, such person shall, on conviction, be liable to be imprisoned for a period not exceeding three months, or until he sooner restores the property, or makes good the value of it to the Distraining Officer, and shall also be liable to a fine not exceeding the value of such property.

[Complaints in four preceding Sections cognizable before a Magistrate, or Justice of the Peace.]

CLXXIX. All complaints for any of the offences specified in any of the four last preceding Sections may be heard by any Magistrate, either of the District where the offence shall have been committed, or of the District where the offender shall be apprehended, or when such offence shall have been committed in any of the said Presidency Towns or Stations, or by any European British subject, by any Justice of the Peace of the place where the said offence shall have been committed, or of the place where the offender shall be apprehended.

[Penalty for Forgery.]

CLXXX. If any person shall forge, counterfeit, or alter, or cause or procure to be forged, counterfeited, or altered, or knowingly or wilfully aid or assist in forging, counterfeiting, or altering any certificate of the Commissioners for general purposes, or of any other Commissioners, or of any Collector acting in the execution of this Act, or any certificate or receipt which any Officer is, by this Act, authorised to give on the receipt of any money payable under this Act, or shall utter any such forged, counterfeited, or altered certificate or receipt as aforesaid, with intent to defraud Her Majesty, or the Secretary of State in Council, or the Government, or any person whomsoever, every per-

আইনমতের কোন টাকা গ্রহণ করিতে কি উসুল করিতে নিযুক্ত না হইয়া কি ক্ষমতা না পাইয়া কোন লোক, যদি এই আইনমতের কোন এত্তেলা জারী করিতে কিম্বা কিছু টাকা গ্রহণ কি উসুল করিতে নিযুক্ত হইবার কি ক্ষমতাপন্ন হইবার মিথ্যা ছল করেন, ও যদি সেই মিথ্যা ছলদ্বারা কোন লোকের স্থানে কিছু টাকা কি মূল্যবান দ্রব্য পান কি পাইবার উদ্যোগ করেন, তবে যে জন সেই অপরাধ করেন তিনি অপরাধের দোষী জ্ঞান হইবেন, ও ইহার পূর্ব্বের ধারার লিখনমতে তাঁহার দণ্ড ও জরীমানা হইতে পারিবেক ইতি।

[বেআইনীমতে ঘরে ঢুকিবার দণ্ডের কথা।]

১৭৭ ধারা। যদি কোন লোক এই আইনমতে কোন দ্রব্য ক্রোক করিবার জন্যে নিযুক্ত হইয়া কি নিযুক্ত হইবার ছল করিয়া, এই আইনের ১৩ খণ্ডের বিধান না মানিয়া, দেশাচারমতে যাহা গোপনীয় জ্ঞান হয়, হিন্দু কি মুসলমান লোকের ঘরের এমত কোন অন্তঃপুরে জানিয়াশুনিয়া ঢুকেন, কি কোন বসতঘরের সদর দ্বার জোর করিয়া খুলেন, তবে তাঁহার তিন মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক ইতি।

[ক্রোককরা দ্রব্য জোর করিয়া কি গুপ্তরূপে লইয়া যাইবার দণ্ডের কথা।]

১৭৮ ধারা। এই আইনমতে উপযুক্তরূপে ক্রোককরা কোন অস্থাবর দ্রব্য ক্রোক হইয়া থাকিলে, যদি কেহ জোর করিয়া কি গুপ্তরূপে তাহা লইয়া যায়, তবে তাহার দোষ সাবুদ হইলে তাহার তিন মাসপর্য্যন্ত, কিম্বা ইহার মধ্যে যত দিন ঐ দ্রব্য ফিরিয়া না দেয় কি তাহার মূল্য ক্রোকী আমীনকে না দেয়, তত দিন কয়েদ হইতে পারিবেক, ও সেই দ্রব্যের মূল্য যত টাকা হয় তত টাকাপর্য্যন্ত তাহার জরীমানা হইতে পারিবে ইতি।

[উক্ত চারি ধারার লিখিত নালিশ মাজিষ্ট্রেট সাহেবের কি জুষ্টিস অফ দি পীসের গ্রাহ্য করিতে পারিবার কথা।]

১৭৯ ধারা। ইহার পূর্ব্বের চারি ধারার লিখিত যে অপরাধের নালিশ হয় তাহার বিচার, অপরাধ যে জিলার মধ্যে হয় সেই জিলার, কিম্বা অপরাধিকে যে জিলার মধ্যে গ্রেপ্তার করা যায় সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব করিতে পারিবেন। কিম্বা যদি সেই অপরাধ উক্ত কোন রাজধানীর প্রধান নগরে কি মোকামে হয়, কিম্বা ইউরোপীয় ব্রিটনীয় প্রজা যদি ঐরূপ অপরাধ করেন, তবে যে স্থানে ঐ অপরাধ হইয়াছে, কি যে স্থানে অপরাধিকে গ্রেপ্তার করা যায়, সেই স্থানের জুষ্টিস অফ দি পীসের দ্বারা তাঁহার বিচার হইতে পারিবেক ইতি।

[জাল করিবার দণ্ডের কথা।]

১৮০ ধারা। সাধারণ কার্য্যের কমিসানরেরদের কিম্বা অন্য কোন কমিসানরেরদের কিম্বা এই আইনমতের কার্য্যকারি কোন কালেক্টরের সর্টিফিকট, কিম্বা এই আইনমতের প্রাপ্য কোন টাকা পাইলে, কোন কার্য্যকারক যে কোন সর্টিফিকট কি রসীদ এই আইনমতে দিতে ক্ষমতাপন্ন হন, তাহা যদি কেহ জাল করে, কি কৃত্রিম করিয়া লেখে, কি বদল করে, কি জাল করায় কি কৃত্রিম করিয়া লেখায় কি বদল করায়, কি জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক তাহা জাল করিতে কি কৃত্রিম করিয়া লিখিতে কি বদল করিতে সাহায্য করে, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের কি গবর্ণমেণ্টের কি কোন লোকের প্রাপ্য টাকা হরণ করিবার মানসে তদ্রূপ কোন জাল করা কি কৃত্রিম করা কি বদল করা কোন সর্টিফিকট কি রসীদ চালায়, তবে সেই

son so offending and being lawfully convicted thereof shall be adjudged guilty of felony, and shall be liable, if a European or American, to be sentenced to penal servitude for any period not less than five, or exceeding ten years, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding two years, and, if not a European or American, to be sentenced to transportation for any period not less than seven or exceeding fourteen years, or to imprisonment with or without hard labor for any term not exceeding seven years

অপরাধ যে কেহ করে ও যাহার সেই অপরাধ আইনমতে সাবুদ হয় সেই জন ফেলোনির দোষী জ্ঞান হইবেক। ও সেই লোক যদি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক হয়, তবে পাঁচ বৎসরের কম ও দশ বৎসরের অধিক না হয় এমত কোন কালপর্য্যন্ত তাহার খাটিবার দণ্ডের হুকুম হইতে পারিবেক, কিম্বা দুই বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত মায় কঠিন পরিশ্রম কি বিনা পরিশ্রমে কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক। ও যদি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক না হয়, তবে সাত বৎসরের কম কি চৌদ্দ বৎসরের অধিক না হয় এমত কোন কালপর্য্যন্ত তাহার দ্বীপান্তর প্রেরণের হুকুম, কিম্বা সাত বৎসরপর্য্যন্ত মায় কঠিন পরিশ্রম কি পরিশ্রম বিনা কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি।

[False deposition.]

CLXXXI. If any person, upon any examination on oath, or affirmation, or in any affidavit, deposition, or affirmation authorised by this Act, shall wilfully and corruptly give false evidence, or shall wilfully and corruptly swear or affirm any matter or thing which shall be false or untrue, every such person so offending, and being thereof duly convicted, shall be subject and liable to such pains and penalties as, by the law in force for the time being, persons convicted of wilful and corrupt perjury are subject and liable to.

[মিথ্যা জোবানবন্দীর কথা।]

১৮১ ধারা। কোন লোক শপথ করিয়া কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া কোন জোবানবন্দী দিবার সময়ে, কিম্বা এই আইনের বিধানমতে আফিডেবিট করিলে কি জোবানবন্দী লেখাইয়া দিলে, কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিলে, যদি জানিয়াশুনিয়া ও কুভাবে মিথ্যা সাক্ষ্য দেয়, কিম্বা যাহা মিথ্যা কি অসত্য [illegible] এমত কোন কথা কি বিষয় যদি জানিয়াশুনিয়া ও কুভাবে সত্য বলিয়া শপথ করে কি কহে, তবে তদ্রূপ অপরাধির দোষ উপযুক্তমতে সাবুদ হইলে, জানিয়াশুনিয়া ও ঘুষ খাইয়া মিথ্যাশপথের দোষি লোকেরদের দণ্ডের ও জরীমানার যে সময়ে যে আইন চলন থাকে, সেই আইনঅনুসারে তাহার দণ্ড ও জরীমানা হইতে পারিবেক ইতি।

[Charge to be preferred when perjury committed.]

CLXXXII. Any charge to be preferred under the last preceding Section for any of the offences therein mentioned, in regard to any affidavit, deposition, or affirmation, shall and may be laid, tried, and determined in the place where such affida[illegible] deposition, or affirmation shall be [illegible]xhibited to th[illegible] Commissioners in pursuance of this Act.

[মিথ্যা শপথ যে স্থানে হয় সেই স্থানে নালিশ হইবার কথা।]

১৮২ ধারা। আফিডেবিটের কি জোবানবন্দীর কি প্রতিজ্ঞার বিষয়ে যে কোন অপরাধের কথা ইহার পূর্ব্বের ধারাতে লেখা আছে তাহার নালিশ, ঐ আফিডেবিট কি জোবানবন্দী কি প্রতিজ্ঞা যে স্থানে এই আইন[illegible] [illegible]মিসানরেরদের গোচর করা যায়, সেই স্থানে হই[illegible] পারিবে ও হইবে, ও তাহার বিচার ও নিষ্পত্তি সেই স্থানে হইতে পারিবে ও হইবে ইতি।

[Penalty for making false returns of profits or of the value of lands.]

CLXXXIII 1. If any person shall knowingly and wilfully make or deliver any false or fraudulent account, statement, or declaration of or concerning any profits or income chargeable under this Act, or of the yearly rent or value of any lands or houses or hereditaments, or of any matters or things affecting such rent or value, such person so offending shall, for every such offence, forfeit a sum not exceeding Rupees 500, besides the increased Duties hereby made payable upon the increased assessment of such person.

[প্রাপ্তির কি জমীর উৎপন্ন টাকার মিথ্যা রিপোর্ট করিবার দণ্ডের কথা।]

১৮৩ ধারা। ১ প্রকরণ। এই আইনমতে যে কোন প্রাপ্তির কি আয়ের উপর টাক্স লাগিতে পারে, তাহার বিষয়ে, কিম্বা কোন জমীর কি ঘরের কি উত্তরাধিকারিরদের ভোগ্য বিষয়ের বৎসরের খাজানার কি [illegible]ড়ার কি প্রাপ্তির বিষয়ে, কিম্বা ঐ খাজানার কি ভাড়ার কি প্রাপ্তির সম্পর্কীয় কোন কথার বিষয়ে, যদি কোন লোক জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক কোন মিথ্যা কি প্রতারণার হিসাব কি কৈফিয়ৎ কি কথা দাখিল করেন কি কহেন, তবে তদ্রূপ অপরাধির বৃদ্ধিকরা টাক্স ধার্য্য হইয়া, তাঁহার এই আইনমতে বৃদ্ধিকরা যত টাক্স দিতে হইবেক তদ্ভিন্ন তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবে ইতি।

[Penalty in accessories before the fact.]

2. And every person who shall knowingly and wilfully aid, abet, or assist, or incite or induce any other person to make or deliver any such false or fraudulent account, statement, or declaration as aforesaid, shall, for every such offence, forfeit the sum of Rupees 500.

[ঐ কার্য্যের পূর্ব্বে যাঁহারা সহকারী হন তাঁহারদের দণ্ডের কথা।]

২ প্রকরণ। ও উক্ত প্রকারের কোন মিথ্যা কি প্রতারণার হিসাব কি কৈফিয়ৎ কি কথা লিখিতে কি দাখিল করিতে যে কেহ জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক অন্য কোন লোকের সাহায্য কি সহায়তা করেন কি তাঁহাকে প্রবৃত্তি দেন কি লওয়ান, তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে ৫০০৲ টাকা জরীমানা হইবেক।

[False claim to abatement under Schedule I.]

CLXXXIV. If any person shall make any false

[১ নম্বরের তফসীলমতে টাক্স কম করিবার মিথ্যা দাওয়ার দণ্ডের কথা।]

১৮৪। যদি কোন লোক এই আইনের প্রথম তফ-

claim for any abatement under the first Schedule of this Act, or shall be guilty of any fraud or misrepresentation in making such claim, or in obtaining or endeavouring to obtain, any such abatement, or shall untruly declare the amount or value of ... loss under the Rules relating to Schedule I., or the amount or value of any abatement made or agreed to be made in the rent of the lands in his occupation on account of such loss, with intent fraudulently to obtain any such abatement, he shall forfeit a sum not exceeding Rupees 500, and treble the amount of Duties charged on him in respect of the said lands or houses ; and if the occupier of any such lands or houses, or any other person whatever, shall aid, abet, or assist any person charged to the said Duties in making such false or fraudulent claim ... shall fraudulently or untruly declare the amount or value of any abatement made or agreed to be made in the rent of the said lands, or house, or the amount of such loss, with intent fraudulently to obtain for the person so charged any abatement as aforesaid, every such person shall forfei... sum not exceeding Rupees 500.

[False claim to abatement under Schedule ... and IV, or to exemption under Part XI. o...

CLXXXV. If any person shall m... claim to any abatement under th... ... fourth Schedule of the Act, ... exemption or deduction under ... 11th Part of this Act, or shall be guilty of any fraud or contrivance in making any claim under any of the said Schedules, or under the said 11th Part of this Act, or in obtaining any abatement, or any exemption or deduction, or any certificate as aforesaid, under any of the said Schedules, or the said 11th Part, or shall fraudulently conceal or untruly declare any income or amount of income, ... any sum which he may have charged, or have been entitled, under the authority of this Act, to charge against any other person or which he may have deducted or retained, or have been or be entitled as aforesaid, to deduct or retain for or of any payment to which such person claiming exemption as aforesaid may be or become liable ; or if any such person shall fraudulently make a second claim for the same cause, every such person so offending shall forfeit a sum not exceeding Rupees 500, and treble the Duty chargeable in respect of all the sources of his income, as if such claim had not been made or allowed ; and if any person shall knowingly and wilfully aid, abet, or assist any such person in committing any such fraud as aforesaid, the person so aiding, abetting, or assisting, shall forfeit a sum not exceeding Rupees 500.

[Penalty for offences regarding composition.]

CLXXXVI. Any person who shall be guilty of any offence mentioned in the 16th Rule of the 5th Part of this Act, in regard to the composition there-

শীলমতে কোন টাক্স কম করিবার কোন মিথ্যা দাওয়া করেন, কিম্বা সেই দাওয়া করণে, কিম্বা তদ্রূপ কোন কম টাক্স ধরিবার কি ধরা যাইবার উদ্যোগেতে যদি কোন প্রতারণা করিবার কি অসত্য কথা লিখিবার কি কহিবার দোষী হন, কিম্বা যদি প্রতারণামতে সেই কম টাক্স ধরা যাইবার অভিপ্রায়ে ১ নম্বরের তফসীলের বিধিমতে কিছু টাকা অসত্য করিয়া লেখেন, কি কোন ক্ষতির টাকা অসত্য করিয়া কহেন, কিম্বা সেই ক্ষতিপ্রযুক্ত তাঁহার অধিকারকরা জমীর খাজানার যত টাকা কম করা গেল কি কম করিবার অনুমতি হইল তাহা যদি অসত্যরূপে কহেন, তবে তাঁহার ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবে ও ঐ ঘরের কি জমীর বাবৎ তাঁহার যত টাক্স ধার্য্য হইয়াছে তাহার তিনগুণ টাকা জরীমানা হইবেক। ও যাঁহার ঐ টাক্স ধার্য্য হইয়াছে তাঁহাকে সেই মিথ্যা কি প্রতারণার দাওয়া করিতে যদি তদ্রূপ কোন জমীর কি ঘরের বাশেন্দা কি অন্য কোন লোক তাঁহার সাহায্য কি সহায়তা করেন, কিম্বা যাঁহার সেই টাক্স ধার্য্য হইয়াছে তাঁহার উক্তমতের কম টাক্স প্রতারণারূপে ধরা যাইবার মানসে, ঐ জমীর কি ঘরের খাজানার কি ভাড়ার কি ঐ ক্ষতির বাবৎ যত টাকা কম করা গিয়াছে কি কম করিবার অনুমতি হইয়াছে সেই টাকা যদি প্রতারণা করিয়া কি অসত্যরূপে প্রকাশ করেন, তবে তদ্রূপ প্রত্যেক জনের ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[২ কি ৩ কি ৪ নম্বরের তফসীলমতের টাক্স কম করিবার, কিম্বা এই আইনের ১১ খণ্ডমতে মুক্ত হওয়ার দাওয়া মিথ্যা করিবার দণ্ডের কথা।]

১৮৫ ধারা। যদি কোন লোক এই আইনের দ্বিতীয় কি তৃতীয় কি চতুর্থ নম্বরের তফসীলমতে কিছু টাক্স কম করিবার, কিম্বা এই আইনের ১১ খণ্ডমতে মুক্ত হওয়ার কি রেয়াইৎ পাইবার কোন মিথ্যা দাওয়া করেন, কিম্বা উক্ত কোন তফসীলমতে, কিম্বা এই আইনের উক্ত ১১ খণ্ডমতে কোন দাওয়া করণেতে, কিম্বা উক্ত কোন তফসীল কি উক্ত ১১ খণ্ডমতে কোন কম টাক্স ধরা যাইবার কি মুক্ত হওনের কি রেয়াইৎ পাইবার কিম্বা পূর্ব্বোক্ত মতের কোন সর্টিফিকট পাইবার উদ্যোগেতে কোন প্রতারণা কি কৌশল করিবার দোষী হন, কিম্বা তাঁহার যে কোন আয় হয় কি আয়ের যত টাকা হয়, তাহা কিম্বা অন্য কোন লোকের নামে যত টাকা লেখাইয়াছেন কি এই আইনের শক্তিক্রমে লেখাইতে পারেন, কিম্বা মুক্ত হইবার দাওয়াদার উক্ত লোক যে টাকার দায়ী হন কি হইতে পারেন, তাহার যত টাকা বাদ দিয়াছেন কি আটকিয়া রাখিয়াছেন কিম্বা পূর্ব্বোক্তমতে বাদ দিতে কি আটকিয়া রাখিতে পারিয়াছেন কি পারেন এমত কোন টাকা যদি প্রতারণা করিয়া গোপনে রাখেন কি অসত্যরূপে প্রকাশ করেন, কিম্বা তদ্রূপ কোন লোক যদি একি বিষয়ের প্রতারণা করিয়া দ্বিতীয়বার দাওয়া করেন, তবে সেই প্রকারের অপরাধি প্রত্যেক জনের ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবে, ও সেই দাওয়া না করিবার কি গ্রাহ্য না হইবার মত তাঁহার আয়জনক সকল কর্ম্মাদির বিষয়ে যত টাক্স ধার্য্য হইতে পারে তাহার তিন গুণপর্য্যন্ত জরীমানা হইবে। ও সেই প্রকারের কোন প্রতারণার কার্য্য করিতে যদি কেহ জানিয়া-শুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক তাঁহার সাহায্য কি সহায়তা করেন, তবে যে জন তাঁহার সাহায্য কি সহায়তা করেন তাঁহার ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[ফুরণের বিষয়ের অপরাধের দণ্ডের কথা।]

১৮৬ ধারা। এই আইনের অষ্টম খণ্ডের ১৬ বিধিমতে যে ফুরণ করিবার কথা আছে, তদ্বিষয়ে যদি কোন লোক সেই বিধির লিখিত কোন অপরাধের

in mentioned, shall forfeit a sum not exceeding Rupees 500.

[Refusal to appear before Commissioners.]

CLXXXVII. If any person, being duly summoned to appear before the said Commissioners as aforesaid, for any of the purposes mentioned in the 4th Part of this Act, shall refuse or neglect to appear before the said Commissioners at the time and place to be appointed for that purpose, or if any such person being summoned shall appear before the said Commissioners, but shall refuse to be sworn or to subscribe such oath as aforesaid, or having taken and subscribed the same, shall refuse to answer any lawful question touching the matters depending before the said Commissioners, every person so offending shall forfeit any sum not exceeding Rupees 200.

[Penalty or neglect to return any list, declaration, or statement before Commissioners.]

CLXXXVIII. 1. If any person who ought by this Act to deliver any list, declaration, or statement, shall refuse or neglect so to do within the time limited in any notice, whether particular or general, given under this Act, or shall under any pretence wilfully delay the delivery thereof.

2. Or if any person, required by any Commissioners under this Act to make out and deliver any Schedule, or to appear before the said Commissioners, or to verify any list, declaration, or statement by him delivered, shall refuse or neglect to make out or deliver such Schedule, or to appear before the said Commissioners, or to verify upon oath before them any statement or Schedule by him delivered, within the time limited by such Commissioners in pursuance of this Act, every such person so offending shall forfeit any sum not exceeding Rupees 200, (besides any double Duty with which he may be charged under Part IV of this Act,) but nevertheless subject to such stay of proceedings in the case of the delivery of a subsequent statement or Schedule to the satisfaction of the said Commissioners as in the 62nd Section of this Act provided.

[No person not served with particular notice to be liable to penalties if Commissioners satisfied that he is exempt from all Duties.]

3. Provided, always, that no person who shall not have been served with a particular notice as aforesaid, shall be liable to the penalties before mentioned, or either of them, for not delivering any statement, list, or declaration required by any general notice as aforesaid, if it shall appear to the

দোষী হন, তবে তাঁহার ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইতে স্বীকার না করিবার দণ্ডের কথা।]

১৮৭ ধারা। যদি কোন লোক এই আইনের চতুর্থ খণ্ডের লিখিত কোন কার্য্যের নিমিত্তে পূর্ব্বোক্তমতে উক্ত কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইতে উপযুক্তমতে সমন হইলে, সেই কার্য্যের নিরূপিত সময়ে ও স্থানে ঐ কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইতে স্বীকার না করেন কি শৈথিল্য করেন, কিম্বা যদি সেই প্রকারের কোন লোক সমন পাইয়া ঐ কমিস্যনরেরদের সম্মুখে হাজির হন কিন্তু পূর্ব্বোক্তমতের হলফ করিতে কি হলফনামায় দস্তখৎ করিতে স্বীকার না করেন, কিম্বা হলফ করিলে ও হলফনামাতে দস্তখৎ করিলে, উক্ত কমিস্যনরেরদের সম্মুখে উপস্থিতথাকা কোন বিষয়ের উপযুক্ত কোন জিজ্ঞাসা হইলে যদি তাহার উত্তর দিতে স্বীকার না করেন, তবে সেই প্রকারের অপরাধি প্রত্যেক জনের ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবে।

[কোন ফর্দ্দ কি নিশ্চয়ার্থক কথা কি কৈফিয়ৎ কমিস্যরেরদিগকে দিতে শৈথিল্য করিবার দণ্ডের কথা।]

১৮৮ ধারা। ১ প্রকরণ। এই আইনমতে যাঁহার কোন ফর্দ্দ কি নিশ্চয়ার্থক কথা কি কৈফিয়ৎ দাখিল করিতে হয়, এমত কোন লোক এই আইনমতের দেওয়া কোন বিশেষ কি সাধারণ এত্তেলার নিরূপিত কোন মিয়াদের মধ্যে যদি তাহা দাখিল করিতে স্বীকার না করেন কি শৈথিল্য করেন, কিম্বা কোন প্রকারের ওজর করিয়া তাহা দাখিল করিতে ইচ্ছাপূর্ব্বক বিলম্ব করেন,

২ প্রকরণ। কিম্বা কোন লোক কোন তফসীল প্রস্তুত করিয়া দাখিল করিতে, কিম্বা কোন কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইতে, কিম্বা তাঁহার দাখিলকরা কোন ফর্দ্দ কি নিশ্চয়ার্থক কথা কি কৈফিয়ৎ সাবুদ করিতে ঐ কমিস্যনরেরদের স্থানে এই আইনমতে হুকুম পাইয়া, যদি এই আইনঅনুসারে কমিস্যনরেরদের নিরূপিত মিয়াদের মধ্যে ঐ তফসীল প্রস্তুত করিতে কি দাখিল করিতে, কিম্বা উক্ত কমিস্যনরেরদের সম্মুখে হাজির হইতে, কিম্বা তাঁহার দাখিলকরা কোন কৈফিয়ৎ কি তফসীল তাঁহারদের সম্মুখে শপথ করিয়া সাবুদ করিতে স্বীকার না করেন কি শৈথিল্য করেন, তবে সেই প্রকারের অপরাধি প্রত্যেক জনের (এই আইনের চতুর্থ খণ্ডমতে দ্বিগুণ যে কোন টাক্স লাগিতে পারে, তদ্ভিন্ন) তাঁহার ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। কিন্তু এই আইনের ৬২ ধারার বিধানমতে তৎপরে উক্ত কমিস্যনরেরদের খাতিরজমামতের কোন কৈফিয়ৎ কি তফসীল দাখিল করিলে, ঐ মোকদ্দমার কার্য্য স্থগিত হইতে পারিবেক।

[কোন লোক সকল টাক্সহইতে মুক্ত আছেন ইহা যদি কমিস্যনরেরা খাতিরজমামতে জানেন তবে তাঁহাকে বিশেষ এত্তেলা না দেওয়া গেলে তাঁহার দণ্ড না হইবার কথা।]

৩ প্রকরণ। পরন্তু কোন লোককে পূর্ব্বোক্ত প্রকারের কোন বিশেষ এত্তেলা না দেওয়া গেলে, এই আইনমতের কার্য্য করিবার ঐ কমিস্যনরেরদের সম্মুখে তদারক হইয়া যদি তাঁহারা খাতিরজমামতে জানিতে পান যে, সেই লোকের এই আইনমতের বসান কোন টাক্স দিতে হইবেক না, তবে পূর্ব্বোক্তমতের কোন

Commissioner for executing that Act, on enquiry before them, that such person is entitled to be exempted from the payment of all and every the Duties hereby granted.

[Penalty for obstruction to Officers in due execution of duty.]

CLXXXIX. If any person shall wilfully obstruct any Assessor or Assessors or Receiving or Collecting Officer, or any Officer duly authorised in the execution of this Act, in the due execution of his said office or duty respectively, such person shall, for every such offence, forfeit a sum not exceeding Rupees 500.

[Penalty for avoiding assessment by fraudulent removal or fraudulent disposition of property.]

CXC. 1. If any person, who ought to be charged with any Duties under this Act, shall, by fraudulently changing his place of residence, or by fraudulently converting his property or any part thereof or by fraudulently conveying or assigning, or pretending to convey or assign the same, or by fraudulently altering any security with relation to such property, or by fraudulently rendering the same or any part thereof temporarily unproductive, in order that such person may not be charged for the same, or by any falsehood, wilful neglect, fraud, or contrivance whatsoever used or practised, avoid or attempt to avoid being charged and assessed according to the true intent and meaning of this Act, every such person shall, on proof thereof before the Commissioners for general purposes acting for the District wherein such person shall be chargeable, be charged and assessed in treble the amount of the charge which ought to have been made on such person if no such charge shall have been made.

2. And if any such charge shall have been made, which shall be less than the charge which ought to have been made on such person, such person shall be assessed and charged over and above such former charge in treble the amount of the difference between the sum with which such person shall have been charged and the sum with which he ought to have been charged, to be added to such assessment.

[Penalty for removing from District after assessment without leaving sufficient property to satisfy Duties.]

CXCI. If any person being assessed to the said Duties shall remove out of the District where he shall have been assessed to the said Duties without first paying or discharging all the said Duties charged upon him which shall then be due and payable, and without leaving in such District sufficient property wherein the said Duties in arrear may be raised and levied, and the same shall remain in arrear and unpaid for the space of twenty days after the time appointed by this Act for payment thereof, every such person shall forfeit (over and above the said Duties so left unpaid as aforesaid,) a sum not exceeding Rupees 200.

সাধারণ এজেলাসতে তাঁহার কোন কৈফিয়ৎ কি ফর্দ্দ কি নিশ্চয়ার্থক কথা দাখিল না করিবার নিমিত্তে সেই লোক উক্ত প্রকারের দণ্ডের কি কোন শুল্কের যোগ্য হইবেন না ইতি।

[কর্ম্মকারকেরা উপযুক্তমতে কর্ম্ম করিতেছেন এমত সময়ে তাঁহারদের বাধা দিবার দণ্ডের কথা।]

১৮৯ ধারা। কোন আসেসর কি আসেসরেরা, কি টাক্স লইবার কি উসুল করিবার কর্ম্মকারকেরা, কিম্বা এই আইনমতের কার্য্য করিতে উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক আপনং পদের কার্য্য উপযুক্তমতে করিতেছেন, এমন সময়ে যদি কেহ জানিয়াশুনিয়া তাঁহার বাধা দেন, তবে তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[টাক্স না দিবার জন্যে ফাকি দিয়া অন্য স্থানে যাইবার কি সম্পত্তি স্থানান্তর করিবার দণ্ডের কথা।]

১৯০ ধারা। ১ প্রকরণ। এই আইনমতে যাঁহার উপর কোন টাক্স বসাইতে হয় তাঁহার সেই টাক্স বসান না যায়, এই কারণে যদি সেই লোক প্রতারণা করিয়া আপনার বাসস্থান বদলাইয়া, কিম্বা প্রতারণামতে আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ লইয়া অন্য দ্রব্য করিয়া, কিম্বা প্রতারণামতে তাহা হস্তান্তর করিয়া কি অন্যের হাতে গচ্ছিত করিয়া, কি হস্তান্তর করিবার কি অন্যের হাতে গচ্ছিত করিবার ছল করিয়া, কিম্বা ঐ সম্পত্তিসম্পর্কীয় কোন নিদর্শনপত্রাদি প্রতারণামতে বদল করিয়া, কিম্বা ঐ সম্পত্তি কি তাহার কোন অংশ প্রতারণামতে কিঞ্চিৎ কালের নিমিত্তে অপ্রাপ্তিজনক করিয়া, কিম্বা কোন মিথ্যা কথা কহিয়া, কি জানিয়াশুনিয়া কোন প্রকারের শৈথিল্য কি প্রতারণা কি ছল করিয়া কি চালাইয়া, তাঁহার উপর এই আইনের যথার্থ অভিপ্রায় ও অর্থমতে টাক্স বসান না যাইবার কি ধার্য্য না হইবার উপায় করেন, কি করিবার উদ্যোগ করেন, তবে ঐ লোকের উপর যে প্রদেশে টাক্স বসাইতে হয় সেই প্রদেশের সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের সম্মুখে তাঁহার ঐ দোষের প্রমাণ হইলে, সেই লোকের উপর যদি কোন টাক্স বসান না গিয়া থাকে, তবে তাঁহার উপর যত বসাইতে হয় তাহার তিনগুণ টাক্স বসান যাইবে ও ধার্য্য হইবে।

২ প্রকরণ। যদি তাঁহার উপর কিছু টাক্স বসান গিয়াছে, কিন্তু যত বসাইতে হয় তাহার কম বসান গেল, তবে যত বসান গিয়াছে ও যত বসান উচিত তাহার মধ্যে যত টাকা বিশেষ হইয়াছে, তাহার তিনগুণ টাকা ঐ পূর্ব্ব বসান টাক্সের উপর চড়াইয়া তাঁহার উপর ধার্য্য হইবেক ইতি।

[টাক্স ধার্য্য হইলে পর কোন লোক ঐ টাক্স শোধ করিবার উপযুক্ত সম্পত্তি না রাখিয়া অন্য প্রদেশে গেলে তাঁহার দণ্ডের কথা।]

১৯১ ধারা। কোন লোকের উপর উক্ত টাক্স ধার্য্য হইলে পর, তাঁহার তৎকালের দেনা ও তাঁহার কাছে পাওনা সেই সকল টাক্স না দিয়া ও পরিশোধ না করিয়া, ও তাঁহার উপর যে প্রদেশে টাক্স ধার্য্য হইয়াছিল সেই প্রদেশে সেই বাকী টাক্স যাহাহইতে পাওয়া যাইতে ও উসুল হইতে পারে এমত উপযুক্ত সম্পত্তি না রাখিয়া, যদি সেই প্রদেশহইতে চলিয়া যান, ও সেই টাক্স দিবার যে সময় এই আইনে নিরূপণ হইয়াছে সেই সময়ের পর বিশ দিনপর্য্যন্ত যদি সেই টাক্স বাকী ও শোধ না হইয়া থাকে, তবে উক্ত না দেওয়া টাক্সের অতিরিক্ত ঐ লোকের ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবে ইতি।

Mode of enforcing Penalties.

[Jurisdiction of Magistrates, &c., to fine.]

CXCII. 1. Any person, whether a European British subject or not, who shall be guilty of any offence, for which, according to the provisions of this Act, he shall be liable to a forfeiture or fine only, shall be punishable for such offence by any Justice of the Peace for any of the Presidency Towns or of the said Stations, or by any Magistrate or person lawfully exercising the powers of a Magistrate, whether the offence shall have been committed within the local limits of the jurisdiction of such Officer or not.

2. Any person hereby made punishable by a Justice of the Peace shall be punishable upon summary conviction.

[Conviction to be quashed on merits only—form of Conviction, &c.]

CXCIII. No conviction, order, or judgment of any Justice of the Peace shall be quashed for error of form or procedure, but only on the merits; and it shall not be necessary to state on the face of the conviction, order, or judgment, the evidence on which it proceeds, but the depositions taken, or a copy of them, shall be returned with the conviction, order, or judgment in obedience to any writ of *certiorari*, and if no jurisdiction appears on the face of the conviction, order, or judgment, but the depositions taken supply that defect, the conviction, order or judgment shall be aided by what so appears in such depositions.

[Magistrate may refer case to his Assistant or Deputy.]

CXCIV. A Magistrate may refer for trial and decision any charge of an offence hereby made punishable by fine only, to any of his Assistants, or to any Deputy Magistrate lawfully appointed to exercise the powers of a Covenanted Assistant, and in such case every such Assistant or Deputy Magistrate may exercise all the powers vested in a Magistrate, subject to all the rules applicable to criminal cases deputed to such Assistants or Deputy Magistrates acting judicially.

[Local Government may authorise Assistants, &c.]

CXCV. 1. The Local Government may give general authority to any such Assistant or Deputy Magistrate to exercise, without reference by a Ma-

জরীমানার টাকা আদায় করিবার বিধি।

[জরীমানা করিতে মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতির ক্ষমতার কথা।]

১৯২ ধারা। ১ প্রকরণ। ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউন কি না হউন কোন লোক, যদি কোন অপরাধের দোষী হন, ও এই আইনের বিধানমতে তাঁহার কেবল অর্থদণ্ড কি জরীমানা হইতে পারে, তবে সেই অপরাধের নিমিত্তে রাজধানীর কোন প্রধান নগরের কি উক্ত কোন মোকামের জুষ্টিস অফ দি পীসের দ্বারা কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কি মাজিষ্ট্রেটের ক্ষমতামতে বিধি কার্য্য করেন এমত কোন লোকের দ্বারা তাঁহার ঐ দণ্ড হইতে পারিবেক, সেই অপরাধ ঐ কার্য্যকারকের এলাকার সীমাসরহদ্দের মধ্যে করা যাউক কি না, তাঁহার দ্বারা ঐ দণ্ড হইতে পারিবে।

২ প্রকরণ। এই আইনমতে জুষ্টিস অফ দি পীসের দ্বারা যে লোকের দণ্ড হইতে পারে, তাঁহার সরাসরী বিচারমতে দোষ সাব্যস্ত হইলে ঐ দণ্ড হইবে ইতি।

[দোষ সাবুদ করিবার ঐ বিচার কেবল দোষগুণমতে অসিদ্ধ হইবার কথা, ও দোষ সাবুদ করিবার বিচারপ্রভৃতির নিয়মের কথা।]

১৯৩ ধারা। কোন দোষ সাবুদ করিবার কোন জুষ্টিস অফ দি পীসের বিচার কি হুকুম কি নিষ্পত্তি ঐ মোকদ্দমার কার্য্য করিবার ধারার কোন দোষ হইলেও অসিদ্ধ হইবেক না, কেবল মোকদ্দমার দোষগুণমতে অসিদ্ধ হইতে পারিবে। ও সেই দোষ সাবুদ করিবার বিচার কি হুকুম কি নিষ্পত্তি যে প্রমাণক্রমে হইয়াছে, তাহার কথা ঐ দোষ সাবুদ করিবার পত্রেতে কি নিষ্পত্তিপত্রেতে লিখিবার আবশ্যক হইবেক না। যদি সর্টিওরারি নামক পরওয়ানা হয়, তবে যে জোবানবন্দী লওয়া গেল তাহার আসল লিখন কি তাহার এক কেতা নকল ঐ দোষ সাবুদ করিবার পত্রের কি নিষ্পত্তিপত্রের সঙ্গে দেওয়া যাইবেক। ও উক্ত সাহেবের এলাকা নাই এই কথা যদি ঐ দোষ সাবুদ করিবার পত্রেতে কি নিষ্পত্তিপত্রেতে দেখা যায়, কিন্তু যে জোবানবন্দী লওয়া গিয়াছে তাহাতে যদি সেই দোষের প্রতিকার হয়, তবে ঐ জোবানবন্দীর লিখিত কথার দ্বারা ঐ দোষ সাবুদ করিবার পত্রের কি হুকুমের কি নিষ্পত্তির পোষকতা হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টকে কি ডেপুটীকে মোকদ্দমা অর্পণ করিবার কথা।]

১৯৪ ধারা। এই আইনমতে যে অপরাধের নিমিত্তে কেবল জরীমানা হয়, এমত অপরাধের কোন নালিশ হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহা বিচার করিবার জন্যে আপনার কোন আসিষ্টাণ্ট সাহেবের প্রতি, কিম্বা চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিতে যে ডেপুটী মাজিষ্ট্রেট আইনমতে নিযুক্ত হন তাঁহার প্রতি অর্পণ করিতে পারিবেন। এমত স্থলে ঐ আসিষ্টাণ্ট সাহেবেরা কি ডেপুটী মাজিষ্ট্রেটেরা বিচারকর্ত্তার কর্ম্ম করিলে তাঁহারদের নিকটে সোপর্দ্দকরা ফৌজদারী মোকদ্দমার উপর যে সকল বিধি খাটে তাহা মানিয়া, মাজিষ্ট্রেট সাহেবকে যে সকল ক্ষমতা দেওয়া যায়, সেই সকল ক্ষমতামতে তাঁহারা কার্য্য করিতে পারিবেন ইতি।

[আসিষ্টাণ্ট সাহেবপ্রভৃতিকে স্থানবিশেষের গবর্ণমেণ্টের কোন ক্ষমতা দিবার কথা।]

১৯৫ ধারা। ১ প্রকরণ। মাজিষ্ট্রেট সাহেবহইতে মোকদ্দমা সোপর্দ্দ হইলে উক্ত প্রকারের কোন আসিষ্টাণ্ট সাহেব কি ডেপুটী মাজিষ্ট্রেট এই আইনমতে যে

gistrate, any of the powers which they are hereby rendered competent to exercise upon reference by a Magistrate, subject to appeal to the Magistrate from any conviction by such Assistant or Deputy Magistrate within one month from the date of conviction.

কোন ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন, মাজিষ্ট্রেট সাহেবহইতে সোপর্দ্দ না হইলেও তদ্রূপ কোন ক্ষমতাক্রমে কার্য্য করিতে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাঁহারদিগকে সাধারণ শক্তি দিতে পারিবেন। কিন্তু ঐ আসিষ্টাণ্ট সাহেব কি ডেপুটী মাজিষ্ট্রেট যে কোন দোষ সাবুদ করেন, তাহার উপর ঐ দোষ সাবুদ করিবার তারিখঅবধি এক মাসের মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপীল হইতে পারিবে।

2. Provided that a Magistrate may at any time call from any of his Assistants, or from any Deputy Magistrate subordinate to him, any case pending before such Assistant or Deputy Magistrate.

২ প্রকরণ। কিন্তু ঐ আসিষ্টাণ্ট সাহেবের কি ডেপুটী মাজিষ্ট্রেটের নিকটে যে কোন মোকদ্দমা উপস্থিত থাকে, তাহা মাজিষ্ট্রেট সাহেব যখন চাহেন তখন আপনার অধীন কোন আসিষ্টাণ্ট সাহেবের কি ডেপুটী মাজিষ্ট্রেটের স্থানে তলব করিতে পারিবেন ইতি।

[Fines how to be recovered.]

[জরীমানার টাকা যে প্রকারে আদায় করিতে হইবেক তাহার কথা।]

CXCVI. 1. All forfeitures or penalties imposed under the authority of this Act for offences punishable by any Justice of the Peace, Magistrate, or person lawfully exercising the powers of a Magistrate, or Deputy Magistrate, may, in case of nonpayment thereof, be levied by distress and sale of the goods and chattels of the offender, by warrant under the hand of any of the above named Officers.

১৯৬ ধারা। ১ প্রকরণ। কোন জুষ্টিস অফ দি পীসের কি মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতামতে অন্য যে লোক আইনমতে কার্য্য করেন তাঁহার দ্বারা কি ডেপুটী মাজিষ্ট্রেটের দ্বারা যেং অপরাধের দণ্ড হইতে পারে, তাহার নিমিত্তে এই আইনের শক্তিক্রমে অর্থদণ্ডের কি জরীমানার হুকুম হইলে, যদি তাহার টাকা না দেওয়া যায়, তবে উক্ত কোন কার্য্যকারকের দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধির মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় হইতে পারিবেক।

2. In case any such forfeitures or penalties shall not be forthwith paid, any such Officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless the offender shall give security to the satisfaction of such Officer for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress.

২ প্রকরণ। উক্ত প্রকারের কোন অর্থদণ্ডের কি জরীমানার টাকা যদি অবিলম্বে না দেওয়া যায়, তবে উক্ত প্রকারের কোন কার্য্যকারক ঐ ক্রোকের পরওয়ানার ওয়াপোস যত কাল স্বচ্ছন্দে হইতে না পারে তত কালপর্য্যন্ত ঐ অপরাধিকে গ্রেফ্তার করিয়া হাজতে রাখিতে হুকুম করিতে পারিবেন। কিন্তু ঐ ক্রোকী পরওয়ানার ওয়াপোস হইবার যে স্থান ও সময় নিরূপণ হয়, ঐ অপরাধী সেই স্থানে ও সেই সময়ে হাজির হইবার জামিন যদি ঐ কার্য্যকারকের খাতিরজমামতে দেয়, তবে তাহাকে গ্রেফ্তার করা যাইবে না ও হাজতে রাখা যাইবে না।

3. If upon the return of such warrant it shall appear that no sufficient distress can be had whereon to levy such fine, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Officer, by the confession of the offender or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such fine or sum of money could be levied if a warrant of distress were issued, any such Officer may, by warrant under his hand, commit the offender to prison, there to be imprisoned only, or to be imprisoned and kept to hard labor, according to the discretion of such Officer, for any term not exceeding two calendar months when the amount of fine shall not exceed Rupees 50, and for any term not exceeding four calendar months when the amount shall not exceed Rupees 100, and for any term not exceeding six calendar months in any other case, the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

৩ প্রকরণ। ঐ পরওয়ানার ওয়াপোস হইলে যদি দৃষ্ট হয় যে, ঐ জরীমানার টাকা যাহাতে আদায় হইতে পারে ক্রোক করিবার এমত উপযুক্ত দ্রব্য পাওয়া যায় না, ও সেই জরীমানার টাকা যদি তৎক্ষণাৎ না দেওয়া যায়, অথবা ক্রোকী পরওয়ানা জারী হইলেও ঐ জরীমানা কিম্বা ঐ টাকা যাহাহইতে আদায় হইতে পারে তাহার এমত উপযুক্ত কোন মাল কি দ্রব্য নাই, ইহা যদি অপরাধির কথামতে কিম্বা অন্য প্রকারে ঐ কার্য্যকারকের খাতিরজমামতে জানা যায়, তবে সেই কার্য্যকারক আপনার দস্তখৎকরা পরওয়ানামতে ঐ অপরাধিকে জেলখানায় কয়েদ করাইবেন। অর্থাৎ জরীমানা যদি ৫০৲ টাকার অধিক না হয়, তবে দুই মাসের অনধিক কোন কালপর্য্যন্ত, কিম্বা জরীমানা যদি ১০০৲ টাকার অধিক না হয়, তবে চারি মাসের অনধিক কোন কালপর্য্যন্ত, ও তাহার অধিক টাকা হইলে ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কেবল কয়েদ করাইবেন, কিম্বা ঐ কার্য্যকারকের বিবেচনামতে কয়েদ ও কঠিন পরিশ্রম করাইবেন। উক্ত প্রত্যেক স্থলে জরীমানার টাকা দেওয়া গেলেই অপরাধিকে মুক্ত করা যাইবেক ইতি।

[Penalties not exceeding Rs 200, and increased assessments recoverable before Commissioners.]

[২০০৲ টাকার অনধিক জরীমানা ও বৃদ্ধিকরা টাক্স কমিস্যনরেরদের সম্মুখে আদায় হইবার কথা।]

CXCVII. 1. All forfeitures or penalties not exceeding Rupees 200, imposed by this Act, exclusive of any increased Duties chargeable under this Act, may be recovered before two or more Com-

১৯৭ ধারা। ১ প্রকরণ। এই আইনমতের বৃদ্ধিকরা যে টাক্স ধার্য্য হইতে পারে, তাহার টাকা না হইয়া এই আইনমতে ২০০৲ টাকার অনধিক যে সকল অর্থদণ্ডের কি জরীমানার হুকুম হয়, তাহা অপরাধ যে প্রদেশে

missioners for general purposes, in and for the District wherein the said offence shall have been committed, or the offender shall have been assessed; and also such of the penalties exceeding Rupees 200 as consist of any increased Duties, or of any sums which are hereby directed to be added to the assessment of the Duties, shall be so recoverable.

2 Such Commissioners shall take cognizance of such offence upon information or complaint in writing made to them, and upon a summons to the party accused to appear before the said Commissioners at such time and place as they shall fix or without such summons, in case the party shall have been charged before the said Commissioners upon any appeal, objection, or surcharge as aforesaid, with increased Duties in respect of the matter complained of, and shall have appeared upon such appeal, objection, or surcharge before the said Commissioners.

3 Such Commissioners shall examine into the matter of fact and proceed to hear and determine the same in a summary way, and upon proof made thereof, either by voluntary confession of the party accused, or by the oath or solemn affirmation of one or more credible witness or witnesses or otherwise, as the case may require, to give judgment for the penalty, or if the said Commissioners shall think proper to mitigate the same for such part of the penalty as they shall direct.

4. In such case the said Commissioners shall assess the same upon the party, and charge the same in the assessment to which the penalty adjudged shall particularly relate, and in addition to the Duties in case the party shall be charged therewith.

5. The forfeitures or penalties so adjudged shall be levied in like manner as the said Duties.

6. The informer shall, in all such cases, upon the Commissioners certifying that he has conducted himself properly in regard to such information, be entitled to receive one moiety of the amount of such penalties, or such shares when more than one informer are concerned, as the Commissioners for executing this Act shall certify they are respectively entitled unto.

7. The adjudication of the Commissioners shall be final and conclusive to all intents and purposes, without power of appealing from the same, and the proceedings of the Commissioners shall not be removeable by any process whatever into any Court of Law or Equity, or be subject to revision.

[One moiety of penalties recovered may be disposed of in rewarding informers.]

CXCVIII. In all cases where any pecuniary penalty or forfeiture, other than such increased Duties as aforesaid, shall be recovered otherwise than

হইয়াছে কিম্বা অপরাধির টাক্স যে প্রদেশে ধার্য্য হয়, সেই প্রদেশের সাধারণ কার্য্যের দুই কি তাহার অধিক জন কমিস্যনরের সম্মুখে আদায় হইতে পারিবেক। ও টাক্স বৃদ্ধি করিয়া, কিম্বা ধার্য্যকরা টাক্সের উপর যে কিছু টাকা চড়াইয়া দিবার বিধি এই আইনেতে হইয়াছে তাহাতে উক্ত যে জরীমানা ২০০৲ টাকার অধিক হয় তাহাও সেই প্রকারে আদায় হইতে পারিবেক।

২ প্রকরণ। সেই অপরাধের কথা লেখা হইয়া ঐ কমিস্যনরেরদের নিকটে জ্ঞাত করা গেলে কি নালিশ হইলে, তাঁহারা সময় ও স্থান নিরূপণ করিয়া ঐ নালিশ হওয়া ব্যক্তির সেই সময়ে ও স্থানে উপস্থিত হইবার সমন জারী করিয়া, ঐ নালিশের বিচার করিতে পারিবেন। কিম্বা পূর্ব্বোক্তমতের কোন আপীল কি আপত্তি কি উপরি টাক্স বসান যাইবাতে যে বিষয়ের নালিশ হয়, সেই বিষয় বুঝিয়া উক্ত কমিস্যনরেরদের সম্মুখে তাঁহার উপর বৃদ্ধিকরা টাক্স বসান গেলে, সেই আপীল কি আপত্তি হওয়াতে কি উপরি টাক্স বসান যাওয়াতে যদি ঐ লোক সেই কমিস্যনরেরদের সম্মুখে হাজির হন, তবে তাঁহাকে সমন না করিয়া তাঁহারা সেই নালিশের বিচার করিতে পারিবেন।

৩ প্রকরণ। সেই কমিস্যনরেরা বৃত্তান্তের বিচার করিয়া তাহা সরাসরীমতে শুনিয়া নিষ্পত্তি করিবেন, ও যাঁহার নামে নালিশ হইয়াছে সেই জন স্বেচ্ছামতে স্বীকার করিলে, কিম্বা বিশ্বাসযোগ্য কোন এক কি অধিক সাক্ষির শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে, কিম্বা আবশ্যকমতে অন্য প্রকারে ঐ বৃত্তান্তের প্রমাণ করা গেলে, তাঁহারা ঐ জরীমানার হুকুম করিবেন, কিম্বা কমিস্যনরেরা উচিত বোধ করিলে, তাঁহারা যে জরীমানার হুকুম করেন তাহার কোন অংশ ক্ষমা করিতে পারিবেন।

৪ প্রকরণ। এমন স্থলে সেই কমিস্যনরেরা টাক্সের ন্যায় সেই লোকের উপর ঐ টাকা বসাইবেন, ও যে টাক্সের সঙ্গে ঐ জরীমানার সম্পর্ক থাকে সেই টাক্সের ফর্দ্দে ঐ টাকা লেখাইবেন ও যদি সেই লোকের টাক্স পূর্ব্বে বসান গিয়াছে, তবে তাহার উপর ঐ টাকা চড়াইয়া দিবেন।

৫ প্রকরণ। সেই প্রকারে যে অর্থদণ্ডের কি জরীমানার হুকুম হয় তাহার টাকা ঐ টাক্সের ন্যায় আদায় করিতে হইবেক।

৬ প্রকরণ। উক্ত সকল স্থলে গোয়েন্দা ঐ সম্বাদ দেওয়ার বিষয়ে উপযুক্তমতে আচার ব্যবহার করিয়াছেন এই কথার সর্টিফিকট যদি কমিস্যনরেরা দেন, তবে ঐ জরীমানার টাকার অর্দ্ধেক সেই লোক পাইতে পারিবেন। কিম্বা তাহাতে একের অধিক জন গোয়েন্দার যদি সম্পর্ক থাকে, তবে এই আইনের কার্য্য করিবার কমিস্যনরেরদের সর্টিফিকটের লিখনমতে তাঁহারদের যে জন ঐ টাকার যে হিস্যা পাইতে পারেন সেই জন তত পাইবেন।

৭ প্রকরণ। কমিস্যনরেরদের হুকুম সর্ব্বতোভাবে চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক। তাহার উপর আপীল হইতে পারিবেক না। ও কমিস্যনরেরদের করা সেই কার্য্য কোন প্রকারের পরওয়ানাপ্রভৃতিক্রমে খারিজ হইয়া আইন কি একুটি পক্ষের কোন আদালতে দাখিল হইতে পারিবে না, কিম্বা তাহার পুনর্ব্বিচার হইতে পারিবে না ইতি।

[জরীমানার যে টাকা আদায় হয় তাহার অর্দ্ধেক গোয়েন্দারদিগকে দিবার কথা।]

১৯৮ ধারা। পূর্ব্বোক্তমতের বৃদ্ধিকরা টাক্সভিন্ন কোন জরীমানার কি অর্থদণ্ডের টাকা যদি ইহার পূর্ব্বের ধারামতে আদায় না হইয়া অন্য কোন প্রকারে আদায় হইয়া

under the last preceding Section, it shall be lawful for the Chief Revenue Authority of the Division to cause such reward as they shall think fit, not exceeding one moiety of such penalty, or forfeiture so recovered, after deducting all charges and expenses incurred in recovering the same, to be paid thereout to or amongst any person or persons who shall appear to them entitled thereto as informer or informers, in respect of such penalties or forfeitures so recovered.

[Costs of suit recoverable besides penalty.]

CXCIX. In any proceeding, for the recovery of any such Duties or penalties respectively granted or imposed by this Act, such Duties and penalties respectively shall be recoverable with full costs of suit, and all charges and expenses attending the same.

[Increased Duty may be added to assessment.]

CC. Whenever by this Act any increased rate of Duty is imposed as a penalty, or as part of, or in addition to, any penalty, such increased rate of Duty may be added to the assessment, and be collected and levied in like manner as any Duties included in such assessment may be collected and levied.

[Penalties to be paid to Income Tax Account.]

CCI. All penalties, forfeitures and fines levied under this Act, after deducting any portion thereof hereby authorised to be paid as aforesaid, shall be paid to the account to be headed Income Tax Account, in the Section of this Act mentioned, and shall be held available for the purposes of this Act.

[To be continued.]

থাকে, তবে ঐ আদায়করা জরীমানার কি অর্থদণ্ডের টাকা আদায় করিবার যত খরচখরচা লাগে, তাহা বাদ দিলে পর, অবশিষ্ট যত থাকে তাহার অর্দ্ধেকের অনধিক যত টাকা এলাকার রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেব ঐ আদায়করা টাকার গোয়েন্দার কি গোয়েন্দারদের হক পাওনা জ্ঞান করেন, তত টাকা পুরস্কারস্বরূপ তাঁহাকে দিতে কি তাহারদের মধ্যে বাঁটিয়া দিতে পারিবেন ইতি।

[জরীমানার টাকাভিন্ন মোকদ্দমার খরচ লইবার কথা।]

১৯৯ ধারা। এই আইনমতে যে কোন টাক্স বসান যায় কি যে জরীমানার হুকুম হয় তাহা আদায় করিতে যদি কোন মোকদ্দমার কার্য্য হয়, তবে মোকদ্দমার তাবৎ খরচাসমেত ও তৎসম্পর্কীয় সকল খরচখরচাসমেত ঐ টাক্স ও জরীমানার টাকা আদায় হইতে পারিবেক ইতি।

[বৃদ্ধিকরা টাক্স ঐ ধার্য্যকরা টাক্সের উপর চড়াইয়া দিবার কথা।]

২০০ ধারা। এই আইনমতে যদি দণ্ডস্বরূপে কি দণ্ডের এক অংশমতে কিম্বা দণ্ডের অতিরিক্ত বৃদ্ধিকরা কোন টাক্স বসান যায়, তবে বৃদ্ধিকরা সেই টাক্স ঐ ধার্য্যকরা টাক্সে চড়াইয়া দেওয়া যাইতে পারিবেক। ও সেই ধার্য্যকরা টাক্সের ফর্দ্দের মধ্যে ধরা কোন টাক্স যে প্রকারে আদায় ও উসুল হইতে পারে সেই প্রকারে তাহাও আদায় ও উসুল হইতে পারিবেক ইতি।

[জরীমানার টাকা ইনকম টাক্সের খাতায় জমা হইবার কথা।]

২০১ ধারা। এই আইনমতে অর্থদণ্ডের কি জরীমানার যে সকল টাকা আদায় হয়, তাহার যে অংশ পূর্ব্বোক্তমতে দিবার আজ্ঞা হইয়াছে সেই অংশ বাদ দিয়া, অবশিষ্ট যাহা থাকে তাহা, এই আইনের অমুক ধারাতে যে ইনকম টাক্সের খাতা রাখিবার কথা আছে, সেই খাতায় জমা হইবেক ও এই আইনের কার্য্যেতে খরচ করিবার নিমিত্তে সেই টাকা থাকিবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম

৫৫০ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৫ মে।

হুজুর কৌন্সেলে শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবের সম্মতিক্রমে ইহার দ্বারা প্রকাশ করা যাইতেছে যে কালস পাইণ্ট. ও দেবী নদী, ও পুরী, ও শীতাকুরা ও সান্দী ও ফতেপুর ও মন্দালা এই২ বন্দরে ও যে সকল নদী ও পথ দিয়া সেই বন্দরে জাহাজ যাইতে পারে সেই নদীতে ও পথে ১৮৫৫ সালের ২২ আইন চলন হইবে।

কালস পাইণ্টের সীমা এই২।

ভোজসুওয়ল নামক দ্বীপের উত্তর অংশে যে গ্রাম আছে তাহাহইতে ঐ দ্বীপের আড়পারে বালির চরের ক্রাকের দক্ষিণে যে গ্রাম আছে তাহাপর্য্যন্ত রেখা টানিলে তাহাই উত্তর সীমা।

ভোজসুওয়ল নামক দ্বীপের যে অংশ প্রোডন নামক দ্বীপের পূর্ব্বে আছে সেই অংশে যে গ্রাম আছে তাহা অবধি যম্ন নদীর দক্ষিণ তীরে যে গ্রাম আছে তাহা-পর্য্যন্ত রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা।

ঐ গ্রামের ও কটাল্‌ী জোয়ারের জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত যে স্থান তাহার মধ্যে মহা-নদীর মোহনার যে অংশ আছে তাহা উক্ত বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

ঐ বন্দরের যে নদী ও পথ দিয়া জাহাজ যাইতে পারে সেই নদীর ও পথের সীমা এই অর্থাৎ

১। মহানদীর সীমা এই,।

যে বন্দরের সীমা উপরে লেখা গিয়াছে তাহা উত্তর সীমা। কাল্মিলিয়ার দক্ষিণে মহানদীর বাম তীরে যে গ্রাম আছে তাহাঅবধি ঐ নদীর দক্ষিণ তীরের অন্য গ্রামপর্য্যন্ত রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা।

২। কালস উপসাগরের ও বঙ্গোপসাগরের সীমা এই, কালস পাইণ্টের বন্দরের যে সীমা উপরে লেখা গিয়াছে তাহা দক্ষিণ সীমা।

[*Government Gazette*, 10th *June*, 1860.]

উক্ত উপসাগরের তীরে যে সকল স্থানে জল দশ বাঁউ গম্ভীর হয় সেই স্থানে তীরের সঙ্গে সমান রেখা টানিলে তাহা উত্তর সীমা।

উক্ত যে নদী ও পথ দিয়া জাহাজ যাইতে পারে সেই নদীর ও পথের তীরে কটালী জোয়ারে জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ সীমার মধ্যে ধরা যাইবে।

দেবী নদীর বন্দরের সীমা এই।

ঐ নদীর মোহনার বাম তীরহইতে ১০০০ হাত দূরে যে গ্রাম আছে তাহাঅবধি ঐ নদীর আড় পারে রেখা টানিলে তাহা উত্তর পূর্ব্ব সীম।

মেবিচপুর ও অষ্টমী পরগনার মধ্যস্থিত গোলনদীর মোহনার বাম তীরে যে গ্রাম আছে তাহাপর্য্যন্ত রেখা টানিলে তাহাই দক্ষিণ পশ্চিম সীমা.

উত্তর পূর্ব্বে ও দক্ষিণ পশ্চিম দিগে উক্ত যে২ গ্রাম আছে তাহার মধ্যে দেবী নদীর মোহনার ও সমুদ্র তীরের সঙ্গে বঙ্গোপসাগরের যে সকল স্থান দশ বাঁউপর্য্যন্ত গম্ভীর হয় সেই স্থানে সমুদ্র তীরের সমান রেখা টানিলে তাহাই দক্ষিণ সীমা।

উক্ত দেবী নদীর ও কাদুয়া নদী ও বঙ্গোপসাগর ও তাহার তীরে কটালী জোয়ারের জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ তীর ঐ সীমার মধ্যে ধরা গেল।

উক্ত বন্দরে যে নদী ও পথ দিয়া জাহাজ যাইতে পারে সেই নদীর ও পথের সীমা এই।

ধামরা নদীর সীমা এই।

উক্ত নদীর দক্ষিণ তীরে দরজ গ্রামে যে গ্রাম আছে তাহাঅবধি উক্ত নদীর বাম তীরে যে সীমার গ্রাম আছে তাহাপর্য্যন্ত রেখা টানিলে তাহাই পশ্চিম সীমা।

দেবী বন্দরের যে সীমা উপরে লেখা গিয়াছে তাহা পূর্ব্ব সীমা।

কাদুয়া নদীর সীমা এই।

উক্ত নদীর দক্ষিণ তীরে দরজ গ্রামে যে গ্রাম আছে তাহাঅবধি, ঐ নদীর বাম তীরের অন্য গ্রামপর্য্যন্ত রেখ টানিলে তাহাই ঐ নদীর পশ্চিম সীমা।

ধামরা বন্দরের যে সীমা উপরে লেখা গিয়াছে তাহা পূর্ব্ব সীমা।

পুরী বন্দরের সীমা এই।

চক্রতীর্থনামক ঘরের ও বঙ্গোপসাগরের মধ্যে যে গ্রাম আছে তাহা উত্তর পূর্ব্ব সীমা।

স্বর্গদ্বার নামক মন্দিরের উত্তরে ২০০ হাত অন্তরে যে গ্রাম আছে তাহা দক্ষিণ পশ্চিম সীমা।

ঐ দুই গ্রামের মধ্যে সমুদ্রাঞ্চলের সমান বঙ্গোপসাগরের যে স্থানে দশ বাঁউ জল থাকে সেই স্থানে রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা।

ঐ দুই গ্রামের মধ্যস্থিত তীরে কটালী জোয়ারের জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

মীতালুয়া বন্দরের সীমা এই।

নিমক গোলার উত্তর পূর্ব্বে ২০০০ হাত অন্তর যে গ্রাম তীরে আছে তাহা উত্তর পূর্ব্ব সীমা।

নিমক গোলার দক্ষিণে ২০০০ হাত অন্তর যে গ্রাম তীরে আছে তাহা দক্ষিণ পশ্চিম সীমা।

ঐ দুই গ্রামের মধ্যে সমুদ্রাঞ্চলের সমান কএক রেখা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১১ জুন।]

বঙ্গোপসাগরের যে স্থানে দশ বাঁউ জল থাকে সেই স্থানে টানিলে তাহা দক্ষিণ সীমা।

ঐ দুই গ্রামের মধ্যস্থিত তীরে কটালী জোয়ারের জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

সান্দী বন্দরের সীমা এই।

সান্দীতে নিমক রপ্তানী করিবার স্থানে যে নিশানকাঠ আছে তাহার উত্তর ২০০০ হাত অন্তর যে গ্রাম তীরে আছে তাহা উত্তর পূর্ব্ব সীমা।

ঐ নিশান কাঠের দক্ষিণ ২০০০ হাত অন্তরে যে গ্রাম তীরে আছে তাহা দক্ষিণ পশ্চিম সীমা।

ঐ দুই গ্রামের মধ্যে ও বঙ্গোপসাগরের যে সকল স্থানে জল দশ বাঁউপর্য্যন্ত গম্ভীর হয় সেই স্থানে সমুদ্র তীরের সমান রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা।

তীরে কটালী জোয়ারের জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

ফতেপুর বন্দরের সীমা এই।

ফতেপুরের নিমক রপ্তানী করিবার স্থানে যে নিশান কাঠ আছে তাহার উত্তর দিগে ২০০০ হাত অন্তর যে গ্রাম তীরে আছে তাহা উত্তর পূর্ব্ব সীমা।

ঐ নিশান কাঠের দক্ষিণ দিগে ২০০০ হাত অন্তর যে গ্রাম তীরে আছে তাহা দক্ষিণ পশ্চিম সীমা।

ঐ দুই গ্রামের মধ্য ও বঙ্গোপসাগরের যে সকল স্থানে জল দশ বাঁউপর্য্যন্ত গম্ভীর হয় সেই স্থানে সমুদ্র তীরের সমান রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা।

তীরে কটালী জোয়ারের জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

নন্দোলার বন্দরের সীমা এই।

নিমক রপ্তানী করিবার নিশানের কাঠের ২০০০ হাত অন্তর দুই দিগে যে দুই গ্রাম আছে, তাহা উত্তর পূর্ব্ব ও দক্ষিণ পশ্চিম সীমা।

ঐ দুই গ্রামের মধ্যে ও বঙ্গোপসাগরের যে সকল স্থানে জল দশ বাঁউপর্য্যন্ত গম্ভীর হয়, সেই স্থানে সমুদ্র তীরের সঙ্গে সমান রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা।

তীরে কটালী জোয়ারের জল যত উচ্চ উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

বন্দরের বিধি।

হুজুর কৌন্সেলে শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেবের সম্মতিমতে, ফাল্‌স পাইণ্ট ও দেবী নদী ও পুরী ও মীতালুয়া ও সান্দী ও ফতেপুর ও নন্দোলা এই২ বন্দরের এই২ বিধি করা গিয়াছে ও সকল লোকের জানিবার জন্যে ও তাহা দেখিয়া কর্ম্ম করিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

১। বন্দরে যে জাহাজ ভিতরে বাহিরে যায় তাহার চলিবার পথ রাখিবার জন্যে বন্দরের সকল জাহাজ জিবরুম নামাইয়া এক শ্রেণীমতে লঙ্গর করিবে।

২। মাষ্টকাপ্তান সাহেব যে স্থানে হুকুম দিবেন বন্দরের সেই স্থানে সকল জাহাজ লঙ্গর করিয়া থাকিবে। ও যে সময়ে ঐ কার্য্যকারক হুকুম দিবেন সেই সময়ে এ স্থান পরিবর্ত্তন করিবে কিম্বা ঐ স্থানহইতে যাইবে।

৩। হার্টকাপ্তান সাহেবের আদেশ করিলে কোন জাহাজের পশ্চাদ্দিক হইতে যদি কোন লঙ্গর কিম্বা কাতু বুম কিম্বা আর কোন বস্তু বেরুইয়া রহে তবে তাহা তুলিয়া রাখিতে হইবে।

৪। হার্টকাপ্তান সাহেবের অনুমতি না পাইলে, কোন জাহাজ বরাতে বদ্ধ হইবেক না।

৫। কালুস পাইণ্ট ও সেবীমনী ও পুরী ও মীঠাকুরা ও মাল্দী ও ফতেপুর ও নন্দলা বন্দরে জাহাজ লঙ্গর করিয়া থাকলে, সূর্য্যের অস্ত হইবার কালঅবধি উদয় হইবার কালপর্য্যন্ত মাস্তুলের আগাতে প্রদীপ জ্বালাইয়া রাখিতে হইবেক।

২৬৯৪ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৬ মে।

পূরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীপ্রসন্ন রায় ভাগলপুরে নিযুক্ত হইয়াছেন, ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২১ মে।

শ্রীযুত কাপ্তান ই পি লয়ড সাহেব (Captain E. P. Lloyd,) আমাদের কমিসানর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer,) যত দিন না পঁহুছেন তত দিন শ্রীযুক্ত আর বি কাক্রেল সাহেব (Mr. R. V. Cockerell,) হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ২২ মে।

শ্রীযুত জে ডবলিউ ফরেল সাহেব (Mr. J. W. Furrell,) রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে বি ওরগান সাহেব (Mr. J. B. Worgan,) মুঙ্গেরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এল অলিফাণ্ট সাহেব (Mr. H. L. Oliphaut,) নদীয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব (Mr. N. S. Alexander,) সারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই ই লৌইস সাহেব (Mr. E. E. Lowis,) বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন, ও সেই জিলার মধ্যে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের লিখনমতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্টের বিশেষ ক্ষমতাক্রমে ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

শ্রীযুত ই ই লৌইস সাহেব (Mr. E. E. Lowis.) বাঁকুড়াতে মজীদন্নাবেদের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৪ মে।

জরিপী কার্য্যের তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশের কর্ম্মের ভারপ্রাপ্ত আসিষ্টান্ট রেভিনিউ সরবেয়র শ্রীযুত এন টি ডেবি সাহেব (Mr. N. T. Davey,) ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের ২৭ জুন তারিখের বিজ্ঞাপনমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২২ মে।

দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবলিউ আলেকজাণ্ডর সাহেব (Mr. H. W. Alexander.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীর রুলস সংশোধিত বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২৩ মে।

মাণিকগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এচ মেটকাফ সাহেব (Mr. H. H. Metcalfe,) গত মাসের ২১ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

২৬৯৭ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৭ মে।

ইহার দ্বারা এই সম্বাদ দেওয়া যাইতেছে, ১৮৫৬ সালের ২০ আইন ত্রিহুত জিলার রাজুচার ও মধ্যবঙ্গ ও ভবারের নগরে অদ্যকার তারিখঅবধি চলিবে।

আরো ঐ আইনের ৩ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। নীচের লিখিত সীমার মধ্যে যে গ্রাম আছে সেই২ গ্রাম উক্ত আইনের কার্য্যের নিমিত্তে উক্ত নগরের সঙ্গে সংযুক্ত হইবেক।

রাজুচারের সীমা।

কাশীদাস ফকীরের ঘরের নিকটে পূর্ব্ব ও পশ্চিম দিগে রেখা টানিলে তাহা উত্তর সীমা। দক্ষিণ সীমা ধরামালা। পূর্ব্ব সীমা মাটিয়া জলা সমেত ঐ জলা। পশ্চিম সীমা বড় গণ্ডক নদ।

ভবারের সীমা।

গোবিন্দ দাসের ফলের বাগানের নিকটে পূর্ব্ব ও পশ্চিম দিগে রেখা টানিলে তাহা উত্তর সীমা। গঙ্গাসাগর পুকুরের নিকটে পূর্ব্ব ও পশ্চিম দিগে রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা। দার ভাঙ্গার মকারামার পুরাণ পরিখা উত্তর সীমা। কলাহার পুরাণ মসজীদের নিকটে উত্তর ও দক্ষিণ দিগে রেখা টানিলে তাহা পশ্চিম সীমা।

মধ্যবঙ্গের সীমা।

উত্তর সীমা পূরণরামের পুকুর ও ভুতারী নদী। দক্ষিণ সীমা ভুতারী নদীতে প্রাণনাথ পুর্ব্বের পাকা সাঁকো। চকদহ কুমারের পাকুড় নামক গাছের নিকট উত্তর দক্ষিণ রেখা টানিলে তাহা পূর্ব্ব সীমা। কেবল ভড়ির পুকুরের নিকট উত্তর ও দক্ষিণ রেখা টানিলে তাহা পশ্চিম সীমা।

এই আইনের কার্য্যের নিমিত্তে ভবারে ও মধ্যবঙ্গ নগরের সংযোগ হইবে।

এই আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ঐ২ নগর নিবাসি লোকেরদের উপর যে টাক্স আদায় হয় তাহা ঐ টাক্স দিবার যোগ্য লোকেরদের সঙ্গতি বুঝিয়া ও তাহার রক্ষ সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া নির্দ্ধার্য্য হইবে।

হোম ডিপার্টমেণ্ট।

১৮৪ নম্বর।

১৮৬০ সাল ২৫ মে।

১৮৬০ সালের, ১২ আইনের, ৩ ধারার উপলক্ষে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষ দেশের

লোকেরা মজুরস্বরূপে সেণ্ট বিনসেণ্ট নামক ব্রিটনীর বসতি স্থানে যত কাল বাস করে তত কাল তাহারদের সুরক্ষার ও ভারতবর্ষে তাহারদের ফিরিয়া আসিবার যে সকল বিধান ও নিয়ম হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর আবশ্যক জ্ঞান করেন সেই সকল বিধান ও নিয়ম করা গিয়াছে। অতএব ১৮৬০ সালের ১২ আইন সেণ্ট বিনসেণ্ট নামক উক্ত বসতি স্থানের সম্পর্কে অদ্যকার তারিখঅবধি চলন হইবেক।

ডবলিউ গ্রে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৭৬৮ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৯ মে।

শ্রীযুত সি জে পোলেট সাহেব ও শ্রীযুত ই বি গডফ্রি সাহেব (Messrs. C. J. Powlett and E. B. Godfrey.) বরিসালের সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৬০ সাল ২৩ মে।

বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি কষ্টলি সাহেব (Mr. W. C. Costley) শাসিরামের এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন, ও শাহাবাদ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২৫ মে।

শ্রীযুত এস এফ এলফিনষ্টন সাহেব (Mr. S. F. Elphinstone,) পূরণিয়াতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ঐ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও ঐ জিলাতে ১৭৯৭ সালের ১৩ আইনমতে ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২৬ মে।

নদীয়ার একটিং জজ শ্রীযুত পি জি ই টেলর সাহেব (Mr. P. G. E. Taylor,) ১৮৬০ সালের ১১ আইনমতে নীলের চুক্তিভঙ্গের নালিশের সরাসরীমতে বিচার করিবার জন্যে ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মেদিনীপুরের প্রধান সদর আমীন শ্রীযুত এ ডেবীডসন সাহেব (Mr. A. Davidson,) ১৮৬০ সালের ১১ আইনমতে নীলের চুক্তিভঙ্গের নালিশের সরাসরীমতে বিচার করিবার জন্যে নদীয়া জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

চব্বিশপরগনার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell,) ১৮৬০ সালের ১১ আইনমতে নীলের চুক্তিভঙ্গের নালিশের সরাসরীমতে বিচার করিবার জন্যে নদীয়া জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত সৈয়দ ইমদাদ আলী শাহাবাদের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত এস ডাকষ্টা সাহেব (Mr. S. DaCosta,) শাহাবাদের সদর আমীন হইবেন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী ফরিদুদ্দীন পূরণিয়ার সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু ফরিদপুরে নিযুক্ত হইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে ঐ জিলাতে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ষ্টুআর্ট সাহেব (Mr. E. Stewart,) পাবনাতে নিযুক্ত হইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতামতে ঐ জিলাতে কার্য্য করিবেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাস ত্রিহুতে নিযুক্ত হইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতামতে ঐ জিলাতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২৯ মে।

শ্রীযুত ই ডবলিউ পেরি সাহেব (Mr. E. W. Perry,) ইষ্টাম্প ও ষ্টেসনরির সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৮ মে।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মুজঃফরপুরের ঔষধালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত কানাইলাল সেন এদেশীয় কবিরাজ শ্রীযুত বংশীলালের প্রতি স্বীয় কর্ম্মের ভার অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন ও যত কাল শ্রীযুত বাবু কানাইলাল সেন প্রত্যাগমন না করেন তত কাল কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ কবিরাজ তাঁহার কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ২১ মে।

কালীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রতাপনারায়ণ সিংহ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৩ মে।

দরঙ্গে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ কে কোম্বর সাহেব (Capt. A K Comber,) নিয়মিত ছুটী লইয়া যাইবার পূর্ব্বে ফিনানসিয়ল ডিপার্টমেণ্টের ১৮৩৯ সালের ১৪ জানুআরি তারিখের নির্দ্ধারণমতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৮ মে।

আরাকাণের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান আর টি লী সাহেবকে (Capt. R. T. Leigh,) গত ফেব্রুআরি মাসের ২১ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

ময়মনসিংহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত পি এফ বেলিউ সাহেবকে (Mr. P. F. Bellew,) গত মার্চ মাসের ৮ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে বি আলেন সাহেব (Mr. J. B. Allen,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন। তাহাতে ঐ মাসের ১৮ তারিখে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

OPIUM.

আফিম।

আফিমের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ৯ জুলাই সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌চেঞ্জ ঘরে সন ১৮৫৮।৫৯ সালের পয়দায়শী আফিমের মধ্যে নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্‌সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানার দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১৪ এবং ২৪ জুলাই এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিসরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সরেজেনরল সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১৪ জুলাই শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্তের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৬০ সালের ২৪ জুলাই মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের যেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখহায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর বদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬০ সালের	৬	আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	সেপ্টেম্বর	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১	অক্টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	নবেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭৫	৫০৯	১৭৮৪
					৬৩৫৫	২৫৪৯	৮৯০৪

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ৫ জুন

ই টি টুবর সেক্রেটারী

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন, কানষ্ট্রকসন. ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন, কানষ্ট্রকসন ও সাধারণ লিপি এবং সংস্কৃত দায়ভাগ, ব্যবস্থা দত্তক চন্দ্রিকা, ও দত্তকমীমাংসাপ্রভৃতির বঙ্গানুবাদ শ্রীযুক্ত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফ মহাশয়ের সহায়তায় শ্রীযুত বাবু বেণীমাধব দের বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত হইতেছে এই পুস্তক ১০০০ পৃষ্ঠা পরিমাণে উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত করত উত্তমরূপে বাঁধাইয়া স্বাক্ষরকারির প্রতি ১০৲ টাকা ও বিনা স্বাক্ষরকারির প্রতি ১২৲ টাকা মূল্যে বিক্রয় করা যাইবেক যে সকল মহাশয়দিগের উক্ত পুস্তক প্রয়োজন হইবে তাঁহারা শহর কলিকাতার বটতলার ১৪৬ নং ভবনে উক্ত যন্ত্রাগারে অথবা উক্ত যন্ত্রাধ্যক্ষের পুস্তকালয়ে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি তা- বিশ সন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৯ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 26, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৬ জুন।

DRAFT OF ACT.

A Bill for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

[Continued from page 351.]

PART XVI.

Miscellaneous.

[Provisions applied to any particular Schedules may extend to any other Schedule.]

CCII. Every provision in this Act contained and applied to the Duties in any particular Schedule, which shall also be applicable to the Duties in any other Schedule, and not repugnant to the provisions for ascertaining or charging the Duties in such other Schedule, shall, in ascertaining and charging the same, be applied as fully and effectually as if the application thereof had been so expressly and particularly directed.

[Rules in Schedule VI. to be observed in execution of Act.]

CCIII. The Forms and Rules and Direction contained in the Schedule marked VI. shall, in making returns of the amount of annual value or profits on which any Duty is chargeable under this Act, so far as the same are respectively applicable to the case of each person or company chargeable under this Act on behalf of himself, and also of others for whom he may act in any of the characters described in this Act, be observed by such person or company, or by his or its agents or officers in the cases where such agents or officers are authorised to make such returns.

আইনের মুসাবিদা।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও বাণিজ্যব্যাপারেতে ও চাকরী করিয়া যে লভ্য হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইনের মুসাবিদা।

[৩৪৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ষোড়শ খণ্ড।

নানা বিষয়ের বিধি।

[কোন বিশেষ তফসীলের যে বিধান হইয়াছে তাহা অন্য কোন তফসীলের উপর খাটিবার কথা।]

২০২ ধারা। এই আইনের লিখিত এবং বিধান বিশেষ কোন তফসীলমতের টাক্সের উপর খাটে, তাহা যদি অন্য কোন তফসীলের টাক্সের উপর খাটিতে পারে, ও সেই অন্য তফসীলের টাক্স নিরূপণ করিবার কি বসাইবার বিধানেতে অসঙ্গত না হয়, তবে সেই টাক্স নিরূপণ করিবার ও বসাইবার কার্য্যেতে এ বিশেষ বিধি খাটিবার যেন স্পষ্ট ও বিশেষ আজ্ঞা হইয়াছে এমন সম্পূর্ণরূপে ও সফলরূপে ঐ বিধি অন্য তফসীলেও খাটিবে ইতি।

[এই আইনের কার্য্য করণে ৬ নম্বরের তফসীলের বিধি মানিবার কথা।]

২০৩ ধারা। বৎসরের প্রাপ্য যে টাকার কি প্রাপ্তির উপর এই আইনমতে কোন টাক্স বসান যাইতে পারে তাহার ফর্দ করিতে হইলে, এই আইনমতে যে লোকের কি কোম্পানির উপর টাক্স বসান যাইতে পারে নিজ তাঁহার উপর, কিম্বা সেই লোক এই আইনের লিখিত কোন পদস্থ হইয়া অন্য যে লোকেরদের নিমিত্তে কর্ম্ম করেন তাঁহারদের উপর, ৬ নম্বরের তফসীলের পাঠ ও বিধি ও উপদেশ যেপর্য্যন্ত খাটিতে পারে, সেইপর্য্যন্ত ঐ লোক কি কোম্পানি, কিম্বা যে স্থলে তাঁহার কি ঐ কোম্পানির গোমাশ্তারা কি কর্ম্মকারকেরা ঐ ফর্দ দিতে ক্ষমতাপন্ন হন সেই স্থলে ঐ গোমাশ্তারা কি কার্য্যকারকেরা, ঐ তফসীলের নির্দ্দিষ্ট পাঠ ও বিধি ও উপদেশ মানিবেন ইতি।

[Power to Governor General in Council to issue further forms.]

CCIV. 1. It shall be lawful for the Governor General of India in Council, from time to time, to approve of and issue forms of any notices, or of any lists, statements, or declarations; or of any Schedules or returns, or of any oaths or affirmations to be delivered, made, returned, or taken respectively, or of any proceedings to be taken or had under the authority of this Act; and to vary or alter the same from time to time.

2. Such forms shall be published at least three times in the *Government Gazette* of the several Presidency Towns aforesaid, and of all places in India at which any *Government Gazette* shall be published.

3. When they shall have been so published, and until they shall be altered, varied, or annulled by any subsequent order of the Government, the said forms shall be observed by all persons required by this Act to do the matters referred to in such forms, and all notices given, and all lists, statements, or declarations made, and all Schedules or returns returned or filed, and all oaths or affirmations taken or made, and all proceedings had according to such forms respectively, shall, if otherwise valid, be deemed valid and effectual.

[Power to Governor-General in Council to allow Salaries.]

CCV. It shall be lawful for the Governor-General of India in Council, from time to time, to allow from rent of the Duties collected under this Act any salaries or any remuneration, whether by way of fixed fees or of percentage on sums realised or otherwise, to any officer or person who shall be appointed under this Act for the performance of any of the Duties prescribed by this Act.

[Interpretation of Terms.]

CCVI. The following words and expressions in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such meanings:—

1. Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number; words importing the masculine gender shall include females.

2. The word "India" shall mean the Territories which, at the time of the passing of an Act of the Imperial Parliament, called an Act for the better government of India in the 22nd year of Her Majesty's Reign, (21 and 22 Victoria, Chap. 106,) were in the possession or under the Government of the East India Company, and which, under and by virtue of that Act, have been and are vested in Her Majesty.

3. The expression "Governor General in Council" shall include the President of the Council of the Governor General of India in Council.

[অন্য২ পাঠও নির্দিষ্ট করিতে হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবর্ণর জেনরল বাহাদুরের ক্ষমতার কথা।]

২০৪ ধারা। ১ প্রকরণ। কোন এত্তেলা কি তালিকা কি কৈফিয়ৎ কি নিশ্চয়ার্থক কথা কিম্বা কোন তফসীল কি ফর্দ্দ যে পাঠে লিখিতে হইবেক, কিম্বা কোন শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা যে পাঠে দাখিল করিতে কি করিতে কি ফিরিয়া দিতে কি লইতে হইবে তাহা, কিম্বা এই আইনমতের ক্ষমতাক্রমে কোন কার্য্য যে নিয়মমতে করিতে হইবেক তাহার পাঠ, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল বাহাদুর সময়ে২ মঞ্জুর ও জারী করিতে পারিবেন, ও তাহা সময়ে২ বদল কি পরিবর্ত্তন করিতে পারিবেন।

২ প্রকরণ। প্রত্যেক রাজধানীর পূর্ব্বোক্ত প্রধান নগরের গবর্ণমেণ্ট গেজেটে, ও ভারতবর্ষের যে সকল স্থানে গবর্ণমেণ্ট গেজেট প্রকাশ হয় সেই স্থানের গবর্ণমেণ্ট গেজেটে, ঐ সকল পাঠ অতিকম তিনবার ছাপাইতে হইবেক।

৩ প্রকরণ। তাহা সেই প্রকারে ছাপা হইলে পর, গবর্ণমেণ্টের কোন হুকুমমতে যত কাল বদল কি পরিবর্ত্তন কি অসিদ্ধ না করা যায়, তত কাল ঐ পাঠের লিখিত কার্য্য করিতে এই আইনেতে যে সকল লোকের প্রতি আজ্ঞা হয় তাঁহারা ঐ পাঠ মানিয়া কর্ম্ম করিবেন। ও যে সকল এত্তেলা দেওয়া যায়, ও যে সকল তালিকা কি কৈফিয়ৎ কি নিশ্চয়ার্থক কথা লেখা যায়, ও যে সকল তফসীল কি ফর্দ্দ দেওয়া যায় কি দাখিল করা যায়, ও যে সকল শপথ কি প্রতিজ্ঞা করা যায়, ও যে সকল কার্য্য হয় তাহা যদি অন্য সকল ভাবে সিদ্ধ হয় তবে সেই পাঠানুসারে হইলে সিদ্ধ ও সফল জ্ঞান হইবেক ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবর্ণর জেনরল বাহাদুরের বেতন করিয়া দিবার ক্ষমতার কথা।]

২০৫ ধারা। এই আইনের নির্দ্দিষ্ট কোন কার্য্য করিবার জন্যে যে কোন কার্য্যকারক কি লোক এই আইনমতে নিযুক্ত হন, তাঁহাকে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল বাহাদুর, এই আইনমতের আদায়করা টাক্সের টাকাহইতে কোন নির্দ্ধারিত রসুম কিম্বা আদায়করা টাকার ফিশত টাকাপ্রতি এত টাকা করিয়া কিম্বা অন্য নিয়মে বেতন কি মেহনতানা দিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[শব্দের অর্থ করিবার ধারা।]

২০৬ ধারা। এই আইনের নানা শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে করা যাইতেছে তাহার সেই অর্থ হইবে। কিন্তু বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার ভাব ধরিয়া যদি সেই অর্থ না খাটে তবে তাহার সেই অর্থ হইবে না। অর্থাৎ

১ প্রকরণ। এক বচনের শব্দেতে বহু বচনের শব্দ ও বহু বচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝাইবে। পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীদিগকে বুঝাইবে।

২ প্রকরণ। "ভারতবর্ষ" এই শব্দেতে শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্য কালের ২২ বৎসরে "ভারতবর্ষ দেশের আরো উত্তমরূপে কর্ত্তৃত্ব করিবার আইন" নামে মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের রাজকীয় পারলিমেণ্টের আইন জারী হইবার সময়ে, যে সকল দেশ কোম্পানি বাহাদুরের অধিকারের মধ্যে ও তাঁহাদের শাসনে থাকিয়া সেই আইনমতে ও তাহার শক্তিক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি অর্পিত হয়, সেই সকল দেশকে বুঝাইবে।

৩ প্রকরণ। "হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবর্ণর জেনরল বাহাদুর" এই কথাতে হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবর্ণর জেনরল বাহাদুরের কৌন্সেলের শ্রীযুক্ত প্রেসীডেণ্ট সাহেবকেও বুঝাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৬ জুন।]

4. The words "Local Government" shall mean the persons immediately administering the Executive Government in each Presidency, Lieutenant Governorship, or Province in India.

5. The expression "Lieutenant Governorship" shall mean any part of India for the time being under the Government or administration of any Lieutenant Governor appointed under, or by virtue of any Act of the Imperial Parliament relating to India.

6. The word "Division" shall mean any Division of, or for the purposes of, Revenue.

7. The expression "Chief Revenue Authority" shall mean the person or Board exercising the chief authority for the time being in matters of revenue alone in any Presidency, Lieutenant Governorship, or Province, though subject to the order of the Local Government—and shall not include the Local Government. When in any Presidency, Lieutenant Governorship or Province, there shall be no person exercising such Chief Revenue Authority throughout such Province, other than the person administering the executive Government, the expression shall mean the person or Board exercising chief authority in matters of revenue in any Division of such Presidency, Lieutenant Governorship, or Province.

8. The word "Collector" shall include any Officer exercising, by authority of Government, the duties of a Collector of Revenue, by whatever name his office may be designated.

9. The word "Magistrate" shall include an Assistant Magistrate, or any person duly invested with the powers of a Magistrate. It shall not include Justice of the Peace.

10. The expression "Justice of the Peace" when applied to any of the Presidency Towns, or any of the Stations of the Settlements of Prince of Wales' Island, Singapore and Malacca, shall include a Magistrate of Police appointed under Act XIII. of 1856.

11. The word "Land" shall include and extend to all immoveable property, and all hereditaments and tenements whatsoever, whether corporeal or incorporeal, of the nature of immoveable property, except houses, and all estates or interests therein, whether freehold or chattel, or held by lease, or howsoever otherwise, or whether partial or derivative or otherwise, and whether divided or undivided shares.

12. The word "House" shall include and extend to all messuages and buildings used for the purpose of habitation; and all warehouses, factories, and shops, and to all out-houses, offices, godowns, and buildings attached to, or used with, or for the purposes of such messuages, buildings, warehouses, factories, or shops.

৪ প্রকরণ। "স্থানবিশেষের গবর্ণমেণ্ট" এই শব্দেতে ভারতবর্ষের প্রত্যেক রাজধানীতে কি লেপ্টেনেণ্ট গবর্নরের এলাকায় কি প্রদেশে যিনি সাক্ষাৎ কর্তার কার্য্য করিতেছেন তাঁহাকে বুঝাইবে।

৫ প্রকরণ। "লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকা" এই কথাতে ভারতবর্ষের বিষয়ে রাজকীয় পার্লিমেণ্টের কোন আইনমতে নিযুক্ত কোন লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের শাসনে কি কর্তৃত্বের অধীনে ভারতবর্ষের যে দেশ যে সময়ে থাকে সেই সময়ে সেই দেশকে বুঝাইবে।

৬ প্রকরণ। "এলাকা" এই শব্দেতে রাজস্বসম্পর্কীয় কি রাজস্বের কার্য্যের নিমিত্তে কোন এলাকা বুঝাইবে।

৭ প্রকরণ। "রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেব" এই কথাতে কোন রাজধানীতে কি লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকায় কি প্রদেশে যে ব্যক্তি কি যে বোর্ড যে সময়ে কেবল রাজস্বের বিষয়ে প্রধান কার্য্যকারক হন, তাঁহাকে বুঝাইবে, ও তিনি যদিও স্থানবিশেষের গবর্ণমেণ্টের অধীন থাকেন তথাপি ঐ শব্দেতে স্থানবিশেষের গবর্ণমেণ্টকেই বুঝাইবে না। কোন রাজধানীতে কি লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকায় কি প্রদেশে যদি কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক ব্যক্তি ভিন্ন রাজস্বের প্রধান কার্য্যকারক অন্য লোক সেই প্রদেশের মধ্যে না থাকেন, তবে ঐ রাজধানীর কি লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকার কি প্রদেশের কোন এলাকায় যে জন কিম্বা যে বোর্ড রাজস্ববিষয়ে প্রধান কার্য্য করেন তাঁহাকে সেই কথাতে বুঝাইবে।

৮ প্রকরণ। "কালেক্টর" এই শব্দেতে যে কোন ব্যক্তি গবর্ণমেণ্টহইতে ক্ষমতা পাইয়া রাজস্ব আদায় করিবার কর্ম্ম করেন, তাঁহার পদের যে কোন খ্যাতি হউক, তাঁহাকে বুঝাইবে।

৯ প্রকরণ। "মাজিষ্ট্রেট" এই শব্দেতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতা যে কোন ব্যক্তিকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে তাঁহাকেও বুঝায়। কিন্তু জষ্টিস অফ দি পীসকে বুঝাইবে না।

১০ প্রকরণ। "জষ্টিস অফ দি পীস" এই কথা যখন রাজধানীর কোন প্রধান নগরের, কিম্বা পুলু পিনাঙ্গ কি সিংহপুর কি মলাকা বসতিস্থানের সম্পর্কে প্রয়োগ হয়, তখন তাহাতে ১৮৫৬ সালের ১৩ আইনমতের নিযুক্ত পোলীসের মাজিষ্ট্রেট সাহেবকেও বুঝাইবে।

১১ প্রকরণ। "জমী" এই শব্দেতে সকল স্থাবর সম্পত্তি বুঝাইবে ও তাহার উপর খাটিবে, ও ঘর বিনা স্থাবর সম্পত্তির তুল্য প্রকারের সকল জমী অর্থাৎ উত্তরাধিকারিরদের ভোগ্য কি পাট্টাক্রমে প্রাপ্ত প্রকৃত জমী কি তাহাতে যে স্বত্ব কি প্রাপ্তি, ও তাহাতে যে স্বামিত্ব কি সম্পর্ক থাকে, তাহা চিরকালের ভোগ্য হউক কি তাহার দখীলদারের হউক, কিম্বা পাট্টাক্রমে কি অন্য কোন প্রকারে ভোগ্য হউক, কিম্বা অংশমতে কি অন্যহইতে হস্তান্তর করণদ্বারা কি অন্য প্রকারে প্রাপ্ত হউক, ও তাহাতে বিভক্ত কি অবিভক্ত অংশ হউক, সেই সকল প্রকারের সম্পর্ক বুঝাইবে।

১২ প্রকরণ। "ঘর" এই শব্দেতে সকল বসত বাটী ও বাস করিবার সকল কোটাপ্রভৃতি বুঝাইবে ও সকল আড়ঙ্গ গোলাপ্রভৃতি ও কারখানা ও দোকান ও বসতঘরের বাহিরের সকল ঘর ও সকল দপ্তরখানা কি কর্ম্ম করিবার ঘর কি গুদাম কিম্বা ঐ বসত ঘরের কি কোটার কি আড়ঙ্গপ্রভৃতির কি কারখানার কি দোকানের লাগাও কি তাহার সঙ্গে কি ঐ বসত বাটীপ্রভৃতিরূপে ব্যবহার করা সকল ঘর বুঝাইবে।

[Power to Governor General in Council to issue further forms.]

CCIV. 1. It shall be lawful for the Governor General of India in Council, from time to time, to approve of and issue forms of any notices, or of any lists, statements, or declarations; or of any Schedules or returns, or of any oaths or affirmations to be delivered, made, returned, or taken respectively; or [illegible] proceedings to be taken or had under [illegible] to any such [illegible] and to vary or alter [illegible]

15. The word "Holder," as applied to land or houses, shall include any person in possession or in the receipt of the rents and profits of land or houses under any claim to be entitled to any estate, whether freehold or chattel, partial or derivative, or otherwise, at law or in equity: and whether on his account or on account of any other person.

16. The word "Person" shall include any Corporation.

17. The word "Representatives" shall extend to any person who is a legal representative of a person deceased, and shall include, in the case of a deceased person, subject to the Law of England, the heirs or devises of such a person, in regard to real estate, and the executors or administration of such person in regard to personal estate; and in the case of a deceased Mahomedan or Hindoo, the heirs and persons legally entitled to succeed to the property of such person.

It shall also include the successors of a Corporation.

18. The word "Company" shall extend to any Society, Association, Fraternity, or partnership of any kind whatever, of or carried on by more than six persons.

19. The word "Trade" shall include any manufacture, and any business, adventure, or concern in the nature of a trade.

20. The word "Profession" shall extend to any employment, vocation, or calling, other than a trade.

21. The word "Profits" shall include gains of every kind.

22. The word "Lunatic" shall include every person of unsound mind, and every person being an idiot.

23 The word "Oath" shall include an affirmation in the case of any person entitled by law to make any affirmation in lieu of any oath on affidavit.

[Commencement and continuance of Act.]

CCVII. This Act shall commence and take effect on the 1st day of May 1860, and together with the Duties therein contained, shall continue in force until the 1st day of May 1865, and no longer.

[অন্যং পাঠও নির্দিষ্ট করিতে হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুরের ক্ষমতার কথা।]

২০৪ ধারা। ১ প্রকরণ। কোন এত্তেলা কি তালিকা কি কৈফিয়ৎ কি নিশ্চয়ার্থক কথা কিম্বা কোন তফসীল কি ফর্দ যে পাঠে লিখিতে হইবেক, কিম্বা কোন শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা যে পাঠে দাখিল করিতে কি করিতে কি ফিরিয়া দিতে কি লইতে হইবে তাহা, কিম্বা এই আইনমতের ক্ষমতাক্রমে [illegible] করিতে হইবেক তাহা হউক, সেই জমীর কি ঘরের ভোগদখল করিয়া যে জন তাহাহইতে প্রাপ্তি পান তাঁহাকে বুঝাইবে, ও অন্য কোন লোকের নিমিত্তে আমানৎস্বরূপে ঐ জমী রাখিবার যাহার স্বত্ব থাকে তাঁহাকেও বুঝাইবে।

১৫ প্রকরণ। "ভোগি ব্যক্তি কি দখীলকার" এই শব্দ যখন জমীর কি ঘরের সম্পর্কে প্রয়োগ হয় তখন আইন কি এক্তুটি পক্ষে উত্তরাধিকারিরদের ভোগ্য বিষয় কি দলীলদস্তাবেজ হউক, কি অংশমতে কি অন্যের দ্বারে হস্তান্তরক্রমে কি প্রকারান্তরে কোন ইষ্টেটের উপর স্বত্বের কোন দাওয়াক্রমে যে জন কোন জমী কি ঘর দখল করেন কি তাহার খাজানা ও ভাড়া ও প্রাপ্তি পান তাঁহাকেও বুঝাইবে।

১৬ প্রকরণ। "লোক কি ব্যক্তি" এই শব্দেতে চার্টরপ্রাপ্ত সমাজকেও বুঝাইবে।

১৭ প্রকরণ। "স্থলাভিষিক্ত" এই শব্দেতে যে কোন জন আইনমতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হন তাঁহাকেও বুঝাইবে। ও ইঙ্গলণ্ডীয় আইনের অধীন লোক মরিলে তাঁহার স্থাবর সম্পত্তির বিষয়ে তাঁহার উত্তরাধিকারিদিগকে, কি নিয়মপত্রক্রমে তাঁহার সম্পত্তি যাঁহারদিগকে দেওয়া যায় তাঁহারদিগকে বুঝায়, ও অস্থাবর সম্পত্তির বিষয়ে ঐ লোকের অছিদিগকে কি আডমিনিষ্ট্রেটরদিগকে বুঝায়। ও মৃত মুসলমান কি হিন্দুর বিষয় হইলে তাঁহার যে উত্তরাধিকারিরা ও যে ব্যক্তিরা আইনমতে তাঁহার সম্পত্তি পাইবার যথার্থদার হন তাঁহারদিগকেও বুঝাইবেক।

আরো চার্টরপ্রাপ্ত সমাজের উত্তরাধিকারিদিগকে বুঝাইবে।

১৮ প্রকরণ। "কোম্পানি" এই শব্দেতে ছয় জনের অধিক লইয়া যে কোন সোসাইটি কি সমাজ কি সংসৃষ্টি কি যৌতায় কর্ম্মকারি লোক থাকেন তাঁহারদের সকলকে বুঝাইবে।

১৯ প্রকরণ। "বাণিজ্য" এই শব্দেতে কোন শিল্প দ্রব্য প্রস্তুত করিবার কর্ম্ম ও বাণিজ্য কার্য্যের ন্যায় কোন কার্য্য কি সাহসিক ব্যবসায়াদি কি কারকার বুঝাইবে।

২০ প্রকরণ। "বিদ্যাব্যবসায়" এই শব্দ বাণিজ্য কার্য্যভিন্ন কোন পদের কি কর্ম্মের কি পেশার উপর লাগে।

২১ প্রকরণ। "প্রাপ্তি" এই শব্দেতে কোন প্রকারের লাভ বুঝাইবে।

২২ প্রকরণ। "ক্ষেপা" এই শব্দেতে অপ্রকৃতমনা সকল লোককে ও জড় সকল লোককে বুঝাইবে।

২২ প্রকরণ। "শপথ কি হলফ" এই শব্দেতে, কোন লোক আফিডেবিটে শপথের পরিবর্ত্তে আইনমতে ধর্ম্মতঃপ্রতিজ্ঞা করিতে পারিলে তাঁহারদের সেই ধর্ম্মতঃপ্রতিজ্ঞাও বুঝাইবে।

[এই আইনের কার্য্য আরম্ভ হইবার ও চলন থাকিবার কথা।]

২০৭ ধারা। এই আইন ১৮৬০ সালের ১ মে তারিখ অবধি চলন হইয়া প্রবল হইবেক, ও তাহার লিখিত টাক্স সমেত ১৮৬৫ সালের মে মাসের ১ তারিখপর্য্যন্ত চলন থাকিবে। তাহার অধিক কাল নহে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৬ জুন।]

4. The words "Local Government" shall mean the persons immediately administering the Executive Government in each Presidency, Lieutenant Governorship, or Province in India.

5. The expression "Lieutenant Governorship" shall mean any part of India for the time being under the Government or administration of any respect to any deduction of the under, or by virtue portion thereof, authorised by Law, to be relating to of any rent, interest, or other annual payment which shall become due or payable before the said last mentioned day; nor with respect to any penalty for refusing to allow any such deduction, although such refusal may be after the said last-mentioned day; nor shall the said Duties cease in any case where the assessments for the preceding year shall not have been completed before the said 1st of May 1865.

সরকারী মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের ১৮৬০ সালের ২৮ ফেব্রুআরি তারিখের ১৭ নম্বরের পত্র।

রিকার্ডের আদালত কি হয়, এই বিষয়ে আডবোকেট জেনরল সাহেবের যে রায় সদর নিজামৎ আদালতের গত অক্টোবর মাসের ১০ তারিখের ১০ নম্বরের সরক্যুলরের সঙ্গে জারী হইয়াছিল, তাহার উপলক্ষে আমি বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে এই আদেশ করিতেছি। কালেক্টর সাহেব যে প্রকারের মোকদ্দমায় শপথ করাইতে পারেন এমত মোকদ্দমা যে সময়ে শুনিতেছেন সেই সময়ে কালেক্টর সাহেবের আদালত রিকার্ডের আদালত হয় কি না, এই বিষয়ে তোমার যে মত হয় তাহা জানাও।

From F. Beaufort, Esq., Superintendent and Remembrancer of Legal Affairs, to the Secretary to the Board of Revenue. Dated 13th March, 1860, No. 378.

I have the honor to acknowledge the receipt of your letter, No. 17, of the 28th ultimo, enquiring whether the Court of a Collector is a Court of Record with reference to the opinion of the Advocate General promulgated in the Sudder Court's Circular, No 10, of the 19th October last.

বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে সরকারী মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর শ্রীযুত এফ বোফর্ট সাহেবের ১৮৬০ সালের ১৩ মার্চ তারিখের ৩৭৮ নম্বরের পত্র।

সদর আদালতের গত অক্টোবর মাসের ১৯ তারিখের ১০ নম্বরের সরক্যুলর অর্ডরের সঙ্গে আডবোকেট জেনরল সাহেবের যে রায় জারী হইয়াছিল, তদুপলক্ষে কালেক্টর সাহেবের আদালত রিকার্ডের আদালত হয় কি না এই কথা জিজ্ঞাসা করিতে তুমি গত মাসের ২৮ তারিখের ১৭ নম্বরের যে পত্র পাঠাইয়াছিলা সেই পত্র পাইয়াছি।

2. Blackstone says "all Courts of Record are the King's Courts in right of his Crown and royal dignity, and, therefore, no other Court hath authority to fine, or imprison; so the very creation of a new jurisdiction with the power of fine or imprisonment makes it instantly a Court of Record." But it is observed that every Court of Record has not necessarily a power to fine and imprison; and that the Courts of Equity in Chancery, the Admiralty Courts, and others, are not Courts of Record. And, as I understand it, the term is technically applied to those Courts which "are held by course of common law." It is not clear, therefore, whether the Court of a Collector is, generally speaking, a Court of Record, as understood by English Lawyers.

২। ব্লাকষ্টন সাহেব এই কথা লিখিয়াছেন, "রাজার রাজত্ব ও রাজকীয় মহত্ত্বসম্পর্কীয় স্বত্বপ্রযুক্ত রিকার্ডের সকল আদালত রাজার আদালত হয়, অতএব জরীমানা কি কয়েদ করিতে অন্য কোন আদালতের ক্ষমতা নাই। জরীমানা কি কয়েদ করিবার ক্ষমতাপন্ন কোন নূতন আদালত স্থাপন হইলেই তাহা একেবারে রিকার্ডের আদালত হয়।" কিন্তু দৃষ্ট হইতেছে যে, রিকার্ডের প্রত্যেক আদালতের জরীমানা ও কয়েদ করিবার ক্ষমতা অবশ্য থাকে এমত নয়। ও চান্‌সরির একুটি কোর্ট ও আডমিরালটি কোর্টপ্রভৃতি অন্য কএক আদালত রিকার্ডের আদালত নয়। আমার বিবেচনামতে "সাধারণ আইনক্রমে যেসকল আদালত স্থাপন হয়" তাহার উপর রিকার্ডের আদালত এই পারিভাষিক নাম খাটে। অতএব রিকার্ডের আদালত শব্দেতে ইঙ্গলণ্ডীয় উকীলেরা যে প্রকারের আদালত বুঝেন কালেক্টর সাহেবের আদালত সেই প্রকারের আদালত হয় কি না, ইহা স্পষ্ট হয় না।

3. But when the Collector sits to determine suits under Act X. 1859, for instance, his Court is essentially, I apprehend, one of record; for it appears to exercise the powers on which the term is founded.

৩। কিন্তু কালেক্টর সাহেব যখন ১৮৫৯ সালের ১৭ আইনমতের মোকদ্দমা নিষ্পত্তি করিতে বসেন তখন বুঝি তাঁহার আদালত নিতান্ত রিকার্ডের আদালত হয় কেননা ঐ শব্দেতে যে সকল ক্ষমতা বুঝায় ঐ আদালত সেই সকল ক্ষমতামতে কার্য্য করেন এমত দেখা যাইতেছে।

4. In the opinion referred to, Mr. Ritchie argues that, whether Act XXX. 1841, applies to certain courts in Non-Regulation Provinces or not, they have the power of punishing for contempts, because that is a power inherent in a Court of Record.

৪। শ্রীযুত রিচি সাহেবের যে রায়ের উল্লেখ হইয়াছে, তাহাতে তিনি লিখিয়াছেন যে, ১৮৪১ সালের ৩০ আইন আইনবহির্ভূত প্রদেশের কোন২ আদালতে খাটুক কি না খাটুক, ঐ২ আদালতের অবজ্ঞাপ্রযুক্ত দণ্ড করিবার ক্ষমতা আছে, কেননা রিকার্ডের আদাল-

Now, that Law expressly gives to a Collector the power of punishing any person for a contempt, by fine or imprisonment, and therefore his court, as it seems, is one of record.

5. If the Board desired to ascertain whether a Collector has the power to fine and imprison European British Subjects, who refuse to give evidence before him in cases in which he is empowered to administer an oath, I should say that he is vested with such power in all cases before him to which either Section 169, Act VIII. 1859, or Section 24, Act XIX. 1853, is applicable.

সেই ক্ষমতা স্বাভাবিকরূপে থাকে। কিন্তু ঐ আইনেতে কালেক্টর সাহেবকে স্পষ্টরূপে এই ক্ষমতা দেওয়া গিয়াছে যে লোক অবজ্ঞা দোষ করিলে তাহাকে জরীমানা কি কয়েদ করিয়া দণ্ড করেন, ইহাতে দৃষ্ট হয় যে তাঁহার আদালত রিকার্ডের আদালত বটে।

৫। কালেক্টর সাহেব যে প্রকারের মোকদ্দমায় শপথ করাইতে পারেন এমত কোন মোকদ্দমাতে কোন ইউরোপীয় ব্রিটনীয় প্রজা তাঁহার সম্মুখে সাক্ষ্য দিতে স্বীকার না করিলে, কালেক্টর সাহেব তাঁহাকে জরীমানা ও কয়েদ করিতে পারেন কি না, এই কথা যদি বোর্ডের সাহেবেরদের জানিবার অভিপ্রায় থাকে, তবে আমার বিবেচনা এই যে, ১৮৫৯ সালের ৮ আইনের ১৬৯ ধারা কিম্বা ১৮৫৩ সালের ১৯ আইনের ২৪ ধারা যেং মোকদ্দমাতে খাটে কালেক্টর সাহেবের সম্মুখে এমত যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে তাহাতে তাঁহার সেই ক্ষমতা আছে।

No. 16.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Collector of Dated Fort William, the 9th April, 1860.

With reference to my letter No. 1, dated the 23rd ultimo, I am desired by the Board of Revenue to request that you will indent at once upon the Lithographic Press for the number of Forms of Collectors' Business Return, which you may require for your District.

(Signed) E. T. TREVOR,
Secretary.

১৬ নম্বর।

অমুক জিলার কালেক্টর সাহেবের নিকটে বাঙ্গলা-প্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ৯ আপ্রিল।

আমার গত মাসের ২৩ তারিখের ১ নম্বরের পত্রের উপলক্ষে বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে আমার এই আদেশ। কালেক্টর সাহেবেরদের কার্য্যের রিটর্ণের যত কেতা নক্সার তোমার জিলার নিমিত্তে প্রয়োজন হয়, তাহা পাইবার জন্যে তুমি অবিলম্বে পাতরীয়া ছাপাখানাতে পত্র লিখ।

ই টি ট্রেবর।
সেক্রেটারী।

No. 17.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, L. P., to the Commissioner of Revenue, for the Division of

Dated Fort William, the 10th April, 1860.

The following correction is to be made in the list of latest dates following Section I. of the revised Sale Series, dated the 21st December 1859, lately issued. For "In Cuttack," read "In the Province of Cuttack," and for "8th April," read "28th April."

By Order of the Board of Revenue, L. P.
(Signed) E. T. TREVOR,
Secretary.

১৭ নম্বর।

অমুক এলাকার মালগুজারীর শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১০ আপ্রিল।

১৮৫৯ সালের ২১ ডিসেম্বর তারিখে নীলামের যে সংশোধিত বিধিশ্রেণী সম্প্রতি জারী হইয়াছে তাহার ১ ধারার নীচে জমা দাখিল করিবার শেষ যে সকল তারিখ নিরূপণ হইয়াছে তাহা এইরূপে সংশোধন করিতে হইবে। অর্থাৎ "কটকে" এই শব্দের পরিবর্ত্তে "কটক প্রদেশে" এই শব্দ পড়িতে হইবেক। ৮ আপ্রিল এই তারিখের পরিবর্ত্তে ২৮ আপ্রিল পড়িতে হইবেক।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমমতে।
ই টি ট্রেবর। সেক্রেটারী।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 11.

Resolution of the Presidency Court of Sudder Dewanny Adawlut, under date the 27th April, 1860.

The Court, having had, under consideration, the several Resolutions passed by it, under which individuals, holding Law Diplomas of the Presidency College, or Certificates, under paragraph 3 of the statutes, which regulate the conferring of Degrees in law in the Calcutta University, have been allowed to practise at the Bar of the Sudder and Mofussil

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১১ নম্বর।

সদর দেওয়ানী আদালতের ১৮৬০ সালের ২৭ আপ্রিল তারিখের নির্দ্ধারণ।

যাঁহারা প্রেসীডেন্সী কালেজের ল ডিপ্লোমা পাইয়াছেন, কিম্বা যে বিধানঅনুসারে কলিকাতার উনিবর্সিটিতে আইনের উপাধি দেওয়া যায় সেই বিধানের ৩ দফাঅনুসারে যাঁহারা সর্টিফিকট পাইয়াছেন, তাঁহারা সদর আদালতের নির্দ্ধারিত যেং নিয়মমতে সদর ও মফস্সল আদালতে ওকালতী কার্য্য চালাইতে অনুমতি পাইয়াছেন, সেইং নির্দ্ধারণ সদর আদালতের সাহে-

Courts, now determine, that, in future, only those who have *attained* the degree of B. L., or that of Licentiate of Law in the Calcutta University, shall be deemed to be eligible to practise in the aforesaid Courts, and that no one so qualified can be admitted to practise without first subscribing the usual declaration before a Judge of the Sudder Court.

Ordered

That a Copy of this Resolution be sent to each Judge in the Lower Provinces for his information, and that Copies be sent for publication in the Bengalee, Ooreeah and Oordoo *Gazettes*.

(Signed) H. B. LAWFORD,
Register.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 18*th June*, 1860.

Moulvee Atioolah, Moonsiff of Nitrokonah, Zillah Mymensingh, to be Moonsiff of Chittra, Zillah Hazareebagh; Moonshee Rameezoodden, Moonsiff of Nasirnuggur, Zillah Tipperah, to be Moonsiff of Commullah, in the same district; Moonshee Rehanooddeu, diploma holder, to be Moonsiff of Nasirnuggur in the same district; Baboo Sreemohun Ghuttuck, Additional Moonsiff, to be Moonsiff of Nitrokonah, Zillah Mymensingh; and Ramchunder Dhur, Acting Moonsiff of Nitrokonah, to be Additional Moonsiff of that district.

H. B. LAWFORD, *Register*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৩১৫৭ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৯ জুন।

এতদ্দেশার চিকিৎসক শ্রীযুত ফৈজুল্লা খাঁ আরার দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ১১ জুন।

বেহারের এজেন্টীর আফীনের নীচের লিখিত সব-ডেপুটী এজেন্ট সাহেবদিগকে উক্ত পদে নিযুক্ত করা গিয়াছে অর্থাৎ

মুঙ্গেরের শ্রীযুত জে বীন সাহেব (Mr. J. Beau,) তৃতীয় শ্রেণীতে।

ও হাজিপুরের শ্রীযুত এচ ডবলিউ কুক সাহেব (Mr. H. W. Cooke,)

ও ছাপরার শ্রীযুত জে জি পিউ সাহেব (Mr. J. G. Pughe,) চতুর্থ শ্রেণীতে ভর্ত্তি হইয়াছেন।

১৮৬০ সাল ১২ জুন।

শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr. D. Cunliffe,) ভাগলপুরের নেমকের এজেন্ট হইবেন।

শ্রীযুত জি জি মরেস সাহেব (Mr. G. G. Morris,) বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram,) বেহারের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কা-

বেক্ষা বিবেচনা করিয়া এইরূপে এই নির্দ্ধার্য্য করিয়াছেন। ইহার পরে যাঁহারা কলিকাতার ইউনিবর্সিটিতে B. L. উপাধি কিম্বা Licentiate of Law (বাচিলর অফ লা কিম্বা লৈসেনসিয়েট অফ লা) উপাধি পাইয়াছেন কেবল তাঁহারা পূর্ব্বোক্ত আদালতে ওকালতী কার্য্য চালাইতে পারিবেন। ও সেই প্রকারে উপযুক্ত হইলেও কোন লোক সদর আদালতের জজ সাহেবের সম্মুখে রীতিমতের ধর্ম্মতঃ প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর না করিলে এ ওকালতী কার্য্য করিতে পাইবেন না।

হুকুম হইল যে,

এই নির্দ্ধারণের এক২ কেতা নকল বাঙ্গলাপ্রভৃতি দেশের প্রত্যেক জজ সাহেবের জানিবার জন্যে পাঠান যায়, ও বাঙ্গলা ও উড়িয়া ও উর্দ্দু গেজেটে ছাপা হইবার জন্যে এক২ কেতা পাঠান যায়।

এচ বি লাফর্ড।
রেজিষ্টর

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ১৮ জুন।

জিলা ময়মনসিংহের নেত্রকোণার মুনসেফ শ্রীযুত মৌলবী আতিউল্লা জিলা হাজারীবাগের চিত্রার মুনসেফ হইবেন। ও জিলা ত্রিপুরার নাসিরনগরের মুনসেফ শ্রীযুত মুনশী রামীজুদ্দীন ঐ জিলার কমিল্লার মুনসেফ হইবেন। ও যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মুনশী রেহানুদ্দীন ঐ জিলার নাসিরনগরের মুনসেফ হইবেন। ও আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু শ্রীমোহন ঘটক জিলা ময়মনসিংহের নেত্রকোণার মুনসেফ হইবেন। নেত্রকোণার একটিং মুনসেফ শ্রীযুত রামচন্দ্র ধর ঐ জিলার আডিশ্যনল মুনসেফ হইবেন।

এচ বি লাফর্ড।
রেজিষ্টর।

লেক্টর হইবেন ও যত কাল মরেস সাহেব (Mr. Morris,) না আইসেন তত কালপর্য্যন্ত ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ জে রেনাল্ড্স সাহেব (Mr. H. J. Reynolds,) অহিফেনের তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ কর্ণেল সাহেব (Mr. W. Cornell,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৬০ সাল ১৩ জুন।

শ্রীযুত পাদরি জে কেব ব্রোণ সাহেবের (Reverend J. Cave Browne,) প্রস্থানের তারিখঅবধি শ্রীযুত পাদরি পি জে জার্বো সাহেব (Reverend P. J. Jarbo, PH. D.,) সেন্টপাল নামক গির্জাতে ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ১৪ জুন।

শ্রীযুত এস বি পার্ট্রিজ সাহেব (Mr. S. B. Partridge, F. R. C. S.,) সুকিয়ার রাস্তার ডিসপেনসরীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৫ জুন।

শ্রীযুত পাদরি এ এচ সিটওয়েল সাহেব (Reverend A. H. Sitwell,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের আপ্রিল মাসের ২৯ তারিখের নির্দ্ধারণমতে গত মাসের ১৭ তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৯ জুন।

এতদ্দেশীয় চিকিৎসক শ্রীযুত বাবু গৌরমোহন ঘোষের নাম গবর্ণমেণ্টের কর্ম্মের চিকিৎসকেরদের নামের ফর্দহইতে উঠাইয়া দেওয়া গিয়াছে।

১৮৬০ সাল ১১ জুন।

ইহার দ্বারা সকল লোককে জানাইবার জন্যে এই সম্বাদ দেওয়া যাইতেছে। রেলরোডে ও সরকারী অন্য কর্ম্মেতে যাহারা খাটে, তাহারদের মুনিবের সঙ্গে ঐ কর্ম্মকারিরদের কোন২ বিবাদ জন্মার নিষ্পত্তি করিবার বিধান করণের আইন নামক ১৮৬০ সালের ৯ আইনের ৯ ধারার লিখিত বিধানমতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নদীয়া ও চব্বিশপরগণা ও বারাসৎ জিলাতে ঐ আইন চালাইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

---

100 RUPEES REWARD

Will be paid to any person giving such information as may lead to the apprehension of Bonomally Roy, (whose descriptive roll is given below in the Vernacular) charged with the homicide of Beni Chutto-padhya.

Apply to the Joint Magistrate of Serampore.

J. P. Grant,
Joint Magistrate.

আসামি শ্রী বনমালী রায়, পিতার নাম অপ্রকাশ, বয়স অনুমান ৫০ বৎসর জাতি ব্রাহ্মণ সাবেক বাস জগৎনগর হাল সাং মেয়াখালা, শ্যামবর্ণ, দোহারা শরীর লম্বা কদ, দাড়ি গোঁপ চামান, মস্তকে ঝাপড়ি চুল, চক্ষু বড় রকম, লম্বা নাসিকা, কর্ণ স্বাভাবিক, জোড়া ভুরু

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১২৬৪ ও সন ১২৬৫ সালের ২১৫৪৫৬/ মোন পুরি নেমক (খোরদা ও চিলকা) মোং শালিখার সরকারী গোলায় মৌজুদ আছে যাহারা গত ১ মার্চ তারিখে বালেশ্বর নেমক খরিদ করিয়াছিল সেই সকল ব্যক্তিদিগকে উক্ত নেমক টেণ্ডরের দ্বারা বিক্রয় করা যাইবেক, যত মোন বালেশ্বর নেমকের কারণ পূর্ব্বে টেণ্ডর দাখিল করিয়াছিল প্রত্যেক ব্যক্তি তাহার উপর শতকরা ১৬/ মোনের হিসাবে পুরি নেমক এবারে পাইবেক অর্থাৎ পূর্ব্বে হারহারিতে শতকরা ২৮/ মোন দেওয়া গিয়াছিল এবারে তাহার পরিবর্ত্তে ১৬/ মোন দেওয়া যাইবেক।

২। নিরিখের ফর্দমত উক্ত নেমকের দর ফি ১০০/ মোনে ৩৮৪৲ টাকা

৩। যে নেমকের জন্যে টেণ্ডরের দরখাস্ত দাখিল করিবেক তাহার কিম্মতের বাবৎ ত্রেজুরি রসিদ উক্ত টেণ্ডরের দরখাস্তের সহিত দাখিল করিতে হইবেক।

৪। বর্ত্তমান মাসের ৩০ তারিখ শনিবার এবং আগামি মাসের ১ তারিখ সোমবার বেলা দুইপ্রহর ১ ঘণ্টাঅবধি বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই বোর্ডের দপ্তরখানায় টেণ্ডরের দরখাস্ত লওয়া যাইবেক।

৫। প্রত্যেক দরখাস্তে ৫০০/ মোনের অধিক লিখিতে পারিবেক না এবং উক্ত দরখাস্ত দুই টাকা মূল্যের ইষ্টাম্প কাগজের উপর লিখিতে হইবেক।

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ২৬ জুন.

ই টি ট্রেবর। সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন, কানষ্ট্রক্‌সন, ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন, কানষ্ট্রক্‌সন ও সাধারণ লিপি এবং সংস্কৃত দায়ভাগ, ব্যবস্থা দত্তক চন্দ্রিকা ও দত্তকমীমাংসাপ্রভৃতির বঙ্গানুবাদ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফ মহাশয়ের সাহায্যায় শ্রীযুত বাবু বেণীমাধব দের বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত হইতেছে এই পুস্তক ১০০০ পৃষ্ঠা পরিমাণে উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত করত উত্তমরূপে বাঁধাইয়া স্বাক্ষরকারির প্রতি ১০৲ টাকা ও বিনা স্বাক্ষরকারির প্রতি ১২৲ টাকা মূল্যে বিক্রয় করা যাইবেক যে সকল মহাশয়দিগের উক্ত পুস্তক প্রয়োজন হইবে তাঁহারা শহর কলিকাতার বটতলার ২৪৬ নং ভবনে উক্ত যন্ত্রাগারে অথবা উক্ত যন্ত্রাধ্যক্ষের পুস্তকালয়ে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি তারিখ সন

কলঙ্কভঞ্জন নাটক।

কাব্যপ্রিয় কৌতুকামোদি ব্যক্তি সমূহের চিত্ত বিনোদনার্থে হাস্য ও কারুণ্য রসে পরিপূরিত "কলঙ্কভঞ্জন নাটক" মুদ্রাঙ্কণে প্রবৃত্ত হইয়াছি। বিপুল পরিশ্রম সহকারে রচনা করায় যেরূপ সুমিষ্ট সুশ্রাব্য হইয়াছে তাহা বর্ণন বাহুল্য মাত্র, একবার পাঠ করিলেই অবগত হইবেন। মূল্য স্বাক্ষরকারির প্রতি ॥০ আনা, বিনা স্বাক্ষরকারির প্রতি ৸০ আনা গ্রহণেচ্ছুক মহোদয়গণ কলিকাতার পার্কষ্ট্রীটের ৪৩ নং ভবনে শ্রীযুক্ত বাবু তারিণীচরণ পালের নিকট পত্র লিখিলে প্রাপ্ত হইবেন ইতি।

[*Government Gazette, 3rd July,* 1860.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 10, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১০ জুলাই।

ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 27TH JUNE 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 25th June 1860, and is hereby promulgated for general information:—

ACT No. XXVII. OF 1860.

An Act for facilitating the collection of debts on successions, and for the security of parties paying debts to the representatives of deceased persons.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend certain Acts now in force which provide greater security for persons paying to the representatives of deceased Hindoos, Mahomedans, and others not usually designated as British subjects, debts which are payable in respect of the estates of such deceased persons, and which facilitate the collection of such debts by removing all doubts as to the legal title to demand and receive the same; It is enacted as follows:—

[Acts repealed.]

1. Act XX. of 1841 (*for facilitating the collection of debts on successions, and for the security of parties paying debts to the representatives of deceased persons*): so much of Act VIII. of 1842 as relates to the said Act XX. of 1841: Act X. of 1851 (*to amend Act XX. of 1841 for the administration of personal estate of deceased persons*): and Act VIII. of 1854 (*to explain and amend Act X. of*

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৭ জুন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৫ জুন তারিখে স্বীয় সম্মতি প্রদান করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৭ আইন।

উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকা আদায় করা সুগম করণের ও মৃত ব্যক্তিরদের স্থলাভিষিক্ত লোকদিগকে যাহারা আপনং কর্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের বেঝুঁকী হওনের আইন।

[হেতুবাদ।]

হিন্দু ও মুসলমান লোকেরা ও যাহারা ব্রিটনীয় প্রজা নামে খ্যাত না হইয়া থাকে এমত অন্য ব্যক্তিরা মরিলে তাহারদের ইষ্টেটের যে টাকা পাওনা হয় তাহা তাহারদের স্থলাভিষিক্ত ব্যক্তিরদিগকে যাহারা দেয়, তাহারদিগকে পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে বেঝুঁকী রাখিবার বিধান, এবং ঐ পাওনা টাকা দাওয়া ও আদায় করিতে আইনমতে যাহার অধিকার থাকে ইহার সন্দেহসকল দূর করণের দ্বারা ঐ পাওনা টাকা আদায়ের কার্য্য সুগম করিবার বিধান এইক্ষণকার চলিত যেং আইনেতে আছে তাহা সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই কারণে এইং বিধান হইল।

[যে আইনসকল রদ হইল তাহার কথা।]

১ ধারা। ১৮৪১ সালের ২০ আইন, (অর্থাৎ "উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকা আদায় করা সুগম করণের এবং মৃত ব্যক্তিরদের স্থলাভিষিক্ত ব্যক্তিরদিগকে যাহারা আপনং কর্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের বেঝুঁকী হওনের আইন") ও ১৮৪১ সালের উক্ত ২০ আইনের সঙ্গে ১৮৪২ সালের ৮ আইনের যে সকল কথার সম্পর্ক থাকে তাহা, ও ১৮৫১ সালের ১০ আইন (অর্থাৎ "মৃত ব্যক্তিরদের অস্থাবর সম্প-

1851 *and Act XX. of* 1841)—are hereby repealed; except as to certificates granted and acts done under the authority of the said laws before the passing of this Act.

ভির সরবরাহ করণার্থ ১৮৪১ সালের যে ২০ আইন আছে তাহা সংশোধনের আইন") ও ১৮৫৪ সালের ৮ আইন (অর্থাৎ "১৮৫১ সালের ১০ আইন ও ১৮৪১ সালের ২০ আইন স্পষ্ট ও সংশোধন করণের আইন") ইহাতে রদ হইল। কিন্তু এই আইন জারী হইবার আগে উক্ত সকল আইনমতে যে সকল সর্টিফিকট দেওয়া গিয়াছে ও যে সকল কার্য্য হইয়াছে, তৎসম্পর্কে ঐ আইন বহাল থাকিবেক ইতি।

[No debt recoverable without a certificate.]

II. No debtor of any deceased person shall be compelled in any Court to pay his debt to any person claiming to be entitled to the effects of any deceased person or any part thereof, except on the production of a certificate to be obtained in manner hereinafter mentioned, or of a probate or letters of administration, unless the Court shall be of opinion that payment of the debt is withheld from fraudulent or vexatious motives, and not from any reasonable doubt as to the party entitled.

[সর্টিফিকট না থাকিলে, কোন পাওনা টাকা আদায় হইতে না পারিবার কথা।]

২ ধারা। কোন লোক মরিলে, যদি অন্য লোক তাহার সম্পত্তি কি ঐ সম্পত্তির কোন অংশ পাইবার দাওয়া রাখে, তবে সেই লোক সর্টিফিকট কি প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন না দেখাইলে, তাহাকে ঐ মৃত ব্যক্তির কোন কর্জ্জদারের দেনা টাকা দিবার হুকুম কোন আদালতহইতে হইতে পারিবেক না। ঐ সর্টিফিকট যে প্রকারে পাওয়া যাইতে পারিবে তাহার বিধি পরে লেখা যাইতেছে। কিন্তু ঐ মৃত ব্যক্তির সম্পত্তি আদায় করিবার স্বত্ত্ববান লোক কে হয় এই কথার উপযুক্ত সন্দেহ থাকাতে নয়, কেবল প্রতারণা করিবার কি ক্লেশ দিবার অভিপ্রায়ে ঐ কর্জ্জদার টাকা দেয় না, আদালতের যদি একরূপ বিবেচনা হয়, তবে ঐ কর্জ্জদারকে সেই টাকা দিতে হুকুম করিতে পারিবেন ইতি।

[Certificate how to be obtained.]

III. The District Court within the jurisdiction of which the deceased shall have ordinarily resided at the time of his death, or if at that time he had no fixed place of residence then within the jurisdiction of which any part of the property of the deceased may be found, shall have authority to grant a certificate under this Act. The applicant in his petition shall set forth his title. The Court shall issue notice of application, inviting claimants, and fixing a day for hearing the petition, and upon the appointed day or as soon after as may be convenient shall determine the right to the certificate and grant the same accordingly.

[সর্টিফিকট যে প্রকারে পাওয়া যায় তাহার কথা।]

৩ ধারা। মৃত ব্যক্তি মরণের কালে যে জিলার মধ্যে সর্ব্বদা বাস করিত সেই জিলার, কিম্বা সেই সময়ে যদি তাহার বাস করিবার নিরূপিত কোন স্থান ছিল না, তবে তাহার সম্পত্তির কোন অংশ যে জিলার আদালতের এলাকার মধ্যে থাকে সেই জিলার জজ সাহেব এই আইনমতের সর্টিফিকট দিতে ক্ষমতাপন্ন হন। ঐ সর্টিফিকট পাইবার দরখাস্তকারির যে প্রকারের স্বত্ব থাকে তাহা সে আপন দরখাস্তের মধ্যে প্রকাশ করিবে। পরে আদালত ঐ দরখাস্ত হওয়ার এত্তেলা দিবেন। ও যাহারা দাওয়া রাখে তাহারদিগকে দাওয়া করিতে আজ্ঞা করিয়া ঐ দরখাস্ত শুনিবার দিন নিরূপণ করিবেন। ও সেই নিরূপিত দিনে কিম্বা তৎপরে যত শীঘ্র সুগম হয় তত শীঘ্র সর্টিফিকট পাইবার স্বত্বের কথা নিষ্পত্তি করিয়া তদনুসারে সর্টিফিকট দিবেন ইতি।

[Effect of Certificate.]

IV. The certificate of the District Court shall be conclusive of the representative title against all debtors to the deceased, and shall afford full indemnity to all debtors paying their debts to the person in whose favor the certificate has been granted.

[সর্টিফিকটের ফলের কথা।]

৪ ধারা। মৃত ব্যক্তির সমস্ত দেনদারের স্থানে ঐ দেনা টাকার দাওয়া করিতে তাহার স্থলাভিষিক্ত ব্যক্তির অধিকার আছে ইহা আদালতের সর্টিফিকটের দ্বারা সিদ্ধান্তরূপে স্থির হইবেক। ও যাহাকে ঐ সর্টিফিকট দেওয়া যায় তাহাকে কোন দেনদার আপনার দেনা টাকা দিলে দেনদারের উপর আর কিছু দাওয়া থাকিবে না ইতি।

[Court may take security from grantee of certificate.]

V. The Court may take such security as it shall think necessary from any person to whom it shall grant a certificate, for rendering an account of debts received by him, and for indemnity of persons who may be entitled to the whole or any part of the monies received by virtue of such certificate, whose right to recover the same by regular suit against the holder of the certificate is not affected by this Act

[সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তির স্থানে আদালতের জামিন লইবার কথা।]

৫ ধারা। আদালত যাহাকে সর্টিফিকট দেন তাহার আদায়করা টাকার হিসাব দাখিল করিবার, ও ঐ সর্টিফিকটক্রমে আদায়হওয়া সমস্ত টাকা বা তাহার কতক অংশ যে ব্যক্তিরদের পাইবার অধিকার থাকে তাহারদের ক্ষতি না হইবার যেমত জামিন লওয়া আদালত আবশ্যক বোধ করেন তাহার স্থানে সেইমত জামিন লইবেন। কিন্তু সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তির স্থানে ঐ টাকা পাইবার নিমিত্তে জাবেতামত মোকদ্দমা করিতে ঐ টাকা পাইবার স্বত্ববান লোকেরদের যে ক্ষমতা আছে তাহার কিছু হানি এই আইনেতে হইবেক না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১০ জুলাই।]

[Sudder Court may suspend certificate granted by District Court, or direct further proceedings. Sudder Court may grant fresh certificate in supersession of the certificate granted by the District Court.]

VI. The granting of such certificate may be suspended by an appeal to the Sudder Court, which Court may declare the party to whom the certificate should be granted, or may direct such further proceedings for the investigation of the title as it shall think fit. The Court may also, upon petition, after a certificate shall have been granted by the District Court, grant a fresh certificate in supersession of the certificate granted by the District Court. Such fresh certificate shall not affect any payments made to the person to whom any former certificate may have been granted, without notice that the same has been superseded, but shall entitle the person named therein to receive all monies that may have been recovered under the first certificate from the person to whom the same may have been granted.

[Local extent of power given by certificate.]

VII Every certificate shall give authority to the person to whom the same is granted throughout the Presidency within which the same is granted, and no certificate subsequently granted in respect of the same property shall be valid or effectual, except as hereinafter mentioned

[Government Securities, Bank-Shares, and shares in public Companies]

VIII. If the estate of the deceased shall include any Government Securities or Bank-Shares, or any shares in any Public Company, the certificate may empower the person certified as aforesaid to receive interest or dividends thereon, or on any of them, or to negotiate the same or any of them : in such case the certificate shall describe the securities and shares in respect of which such powers are given, and such powers shall not be vested by the certificate except by express words.

[Appointment of Trustee in case of disputed succession. Proviso.]

IX. In the case of disputes among persons claiming to be jointly entitled to be proprietors of any Government Securities as the representatives of any deceased person, the District Court, whenever sufficient cause shall be shown, and on the request of any such claimant, may, so far as concerns the said securities, grant a certificate under this Act to such person as shall be from time to time appointed by the local Government to act as trustee under this Section, and shall specify in such certificate the several persons appearing to him to be such proprietors, and their several shares ; and the said trustee by virtue of such certificate shall be entitled to receive and give discharges for the interest accruing due on such securities, and shall account for and

[জিলার আদালতের দেওয়া সর্টিফিকট সদর আদালতের দ্বারা স্থগিত হইবার কিম্বা অধিক কার্য্যের হুকুম হইবার কথা। ও জিলার আদালতের দেওয়া সর্টিফিকটের পরিবর্ত্তে সদর আদালতের নূতন সর্টিফিকট দিবার কথা।]

৬ ধারা। সদর আদালতে আপীল হইলে ঐরূপ সর্টিফিকট দেওয়া স্থগিত হইতে পারিবেক। ঐ সর্টিফিকট যাহাকে দেওয়া উচিত তাহা ঐ আদালতের সাহেবেরা নির্দ্দিষ্ট করিতে পারিবেন, কিম্বা সর্টিফিকট পাইবার স্বত্বের সন্ধান লইবার নিমিত্তে অধিক যে কার্য্য করা উচিত বোধ করেন তাহা করিবার হুকুম দিতে পারিবেন। আরো জিলার আদালতহইতে সর্টিফিকট দেওয়া গেলে পর, সদর আদালত দরখাস্ত পাইলে ঐ জিলার আদালতের দেওয়া সর্টিফিকট বাতিল করিয়া নূতন সর্টিফিকট দিতে পারিবেন। সাবেক কোন সর্টিফিকট যাহাকে দেওয়া গেল তাহাকে যদি কোন লোক ঐ সর্টিফিকট বাতিল হইবার সম্বাদ না পাইয়া কিছু টাকা দেয়, তবে সেই নূতন সর্টিফিকট হওয়াতে তাহার স্থানে ঐ টাকার পুনর্ব্বার দাওয়া হইতে পারিবেক না। কিন্তু প্রথম সর্টিফিকট যাহাকে দেওয়া গিয়াছিল সেই জন ঐ সর্টিফিকটমতে যে সকল টাকা আদায় করিয়া থাকে সেই সকল টাকা ঐ নূতন সর্টিফিকটের লিখিত ব্যক্তি তাহার স্থানে লইতে পারিবে ইতি।

[সর্টিফিকটের দ্বারা যে ক্ষমতা দেওয়া যায় তাহা যত দূর খাটিবেক তাহার কথা।]

৭ ধারা। যে রাজধানীর মধ্যে সর্টিফিকট দেওয়া যায় তাহার সকল স্থানে সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তি ঐ সর্টিফিকটের দ্বারা ক্ষমতাপন্ন হইবেক, ও সেই সম্পত্তির বিষয়ে তাহার পরে যে কোন সর্টিফিকট দেওয়া যায় তাহা নীচের লিখিত গতিকভিন্ন সিদ্ধ ও প্রবল হইবেক না ইতি।

[কোম্পানির কাগজের ও ব্যাঙ্ক শ্যারের ও সাধারণ কোম্পানির শ্যারের কথা।]

৮ ধারা। মৃত ব্যক্তির ইষ্টেটের মধ্যে যদি গবর্ণমেন্টের কোন প্রমিসরি নোট অর্থাৎ কোম্পানির কাগজ কি ব্যাঙ্ক শ্যার কিম্বা সাধারণ কোন কোম্পানিতে কোন শ্যার থাকে, তবে পূর্ব্বোক্তমতে যাহাকে সর্টিফিকট দেওয়া যায়, তাহাকে ঐ কাগজপ্রভৃতির উপর সুদ কি ডিবিডেণ্ড লইবার কিম্বা সেই কাগজপ্রভৃতি বিক্রয় করিবার ক্ষমতা ঐ সর্টিফিকটদ্বারা দেওয়া যাইবে। এমত স্থলে, ঐ ক্ষমতা যে২ নিদর্শনপত্রের ও শ্যারের বিষয়ে দেওয়া যায়, তাহা ঐ সর্টিফিকটে নির্দ্দিষ্ট করিয়া লেখা থাকবে, ও স্পষ্ট কথাতে নির্দ্দিষ্ট না থাকিলে, ঐ সর্টিফিকটের দ্বারা সেই ক্ষমতা হইবেক না ইতি।

[উত্তরাধিকারিত্বের বিবাদ হইলে ট্রষ্টিকে নিযুক্ত করিবার কথা ও বর্জ্জিত কথা।]

৯ ধারা। কোন মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত বলিয়া যে লোকেরা একশামীরূপে গবর্ণমেণ্টের কোন প্রমিসরি নোটের মালিক হইবার স্বত্বের দাওয়া রাখে এমত কোন লোকেরদের মধ্যে যদি বিবাদ হয়, তবে উপযুক্ত কারণ দর্শান গেলে ও তদ্রূপ কোন দাওয়াদারের প্রার্থনা হইলে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই ধারামতে ট্রষ্টিস্বরূপে কর্ম্ম করিবার জন্যে যাহাকে সময়ে২ নিযুক্ত করিয়া থাকেন, তাহাকে জিলার আদালত ঐ প্রমিসরি নোটসম্পর্কে এই আইনমতে সর্টিফিকট দিতে পারিবেন, ও আপনার বিবেচনামতে যাহারা তদ্রূপের মালিক হয় তাহারদের নাম ও যাহার যত হিস্যা থাকে তাহা ঐ সর্টিফিকটের মধ্যে নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন। ও সেই প্রমিসরি নোটের উপর যত সুদ পাওনা হয় তাহা ঐ ট্রষ্টি সেই সর্টিফিকটের শক্তিক্রমে গ্রহণ করিয়া তাহার ফারখত্তী দিতে পারিবেন। ও তাহা পাইবার

pay the sum to the several persons specified in the certificate to be thereunto entitled, according to the shares therein set forth, and shall be empowered to act in all other respects concerning the said securities as agent for such persons, and shall be entitled to receive such commission, not exceeding one per centum on the sums received and paid by him, as the local Government shall think fit. Provided nevertheless that the right of any other person to recover the whole or any part of the monies so paid by regular suit against all or any of the persons to whom the same have been paid, shall not be affected by this Act.

স্বত্ববান বলিয়া যে লোকেরদের নাম ঐ সর্টিফিকটে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহারদিগকে ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট হিস্যামতে ঐ সুদের হিসাব ও সুদের টাকা দিবেন। ঐ ব্যক্তি সেই প্রমিসরি নোটসম্পর্কীয় অন্য সকল বিষয়ে ঐ লোকেরদের মোখ্তারস্বরূপে কর্ম্ম করিতে পারিবেন, ও যত টাকা আদায় করেন ও দেন তাহার উপর যত কমিস্যান স্থানবিশেষের গবর্ণমেণ্ট উপযুক্ত বোধ করেন তত কমিস্যান লইতে পারিবেন, কিন্তু তাহা শতকরা এক টাকার অধিক না হয়। পরন্তু উক্ত টাকা যাহারদিগকে দেওয়া গেল তাহারদের সকলের কি তাহারদের কোন কাহার নামে আবেতামতের মোকদ্দমা করিয়া ঐ সমুদয় টাকা কি তাহার কোন অংশ পাইবার জন্য কোন লোকের যে স্বত্ব থাকে তাহার কিছু ক্ষতি এই আইনেতে হইবে না ইতি।

[Appropriation if securities be not settled within two years. Proviso.]

X. If any such disputes among persons claiming to be proprietors of Government Securities are not ended within two years from the date of the certificate granted under the last preceding Section, the said trustee may apportion the principal sum of the said securities rateably among the parties appearing from the certificate to be proprietors thereof, and may apply for and receive new securities from the proper Officer appointed to issue the same in the respective names of the several parties certified to be entitled thereto; provided that such new securities shall be issued only according to the rules in use for the regulation and issue of such Government Securities, and the receipt of the said trustee for such new securities, by endorsement on the old securities or otherwise, shall be a legal discharge to the Government against the disputing parties claiming to be entitled to the several amounts for which such securities shall be issued. Provided always that, if the amount of any Government Securities in dispute or any part thereof shall not be sufficient to admit of their rateable division according to the rules applicable to the issue of such securities, the said trustee may sell and dispose of the disputed securities, or such part as shall be necessary under this provision, and apportion the proceeds thereof among the parties entitled to receive the same.

[দুই বৎসরের মধ্যে বিবাদ নিষ্পত্তি না হইলে, টাকা বাঁটিয়া দিবার কথা ও বর্জ্জিত কথা।]

১০ ধারা। গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের মালিক হইবার দাওয়া যাহারা রাখে, তাহারদের উক্ত প্রকারের কোন বিবাদ যদি ইহার পূর্ব্বের ধারামতে দেওয়া সর্টিফিকটের তারিখ অবধি দুই বৎসরের মধ্যে নিষ্পত্তি না হয়, তবে সর্টিফিকটমতে যাহারদিগকে মালিক বলিয়া বোধ হয় তাহারদের মধ্যে উক্ত ট্রষ্টি ঐ প্রমিসরি নোটের আসল টাকা অংশমতে ভাগ করিয়া, নূতন প্রমিসরি নোট দিতে উপযুক্ত যে কর্ম্মকারক নিযুক্ত থাকেন তাঁহার নিকটে দরখাস্ত করিয়া, সর্টিফিকটে ঐ নোট পাইবার স্বত্ববান বলিয়া যেং লোকের নাম নির্দ্দিষ্ট হইয়াছে সেইং লোকের নামে নূতনং প্রমিসরি নোট বাহির করিয়া লইতে পারিবেন। কিন্তু গবর্ণমেণ্টের তদ্রূপ প্রমিসরি নোটের বিধান করিবার ও জারী করিবার যেং বিধি চলন আছে কেবল সেইং বিধিমতে ঐ নূতন প্রমিসরি নোট দেওয়া যাইবেক। ও সেই ট্রষ্টি ঐ পুরাতন প্রমিসরি নোটের পিঠে লিখিয়া কি অন্য প্রকারে ঐ নূতন প্রমিসরি নোটের রসীদ দিলে, ঐং প্রমিসরি নোট যত টাকার নোট বলিয়া দেওয়া গেল সেইং টাকা পাইবার স্বত্ববান বলিয়া বিবাদি যে লোকেরা দাওয়া করে তাহারদের সম্পর্কে, ঐ ট্রষ্টির সেই রসীদ গবর্ণমেণ্টের পক্ষে আইনসিদ্ধ ফারখতী হইবেক। পরন্তু গবর্ণমেণ্টের যে প্রমিসরি নোট লইয়া বিবাদ হয় তাহা কি তাহার কোন অংশ যদি ভাগ করিয়া দিতে গেলে, টাকা অত্যল্প হওয়াতে ঐরূপ প্রমিসরি নোট দিবার বিধিমতে না কুলায়, তবে ঐ ট্রষ্টি ঐ বিবাদের নোট কিম্বা এই বিধানমতে তাহার যত আবশ্যক হয় তাহা বিক্রয় করিয়া দিতে পারিবেন, ও তাহাতে যত টাকা পান তাহা ঐ টাকা পাইবার স্বত্ববান ব্যক্তিরদের মধ্যে বাঁটিয়া দিতে পারিবেন ইতি।

[Effect of certificate granted by trustee.]

XI. Every certificate granted to the trustee appointed under Section IX., shall be taken to supersede and annul any previous certificate so far as such previous certificate relates to the said Government Securities.

[ট্রষ্টিকে যে সর্টিফিকট দেওয়া যায় তাহার ফলের কথা।]

১১ ধারা। ৯ ধারামতের নিযুক্ত ট্রষ্টিকে যদি সর্টিফিকট দেওয়া যায়, তবে পূর্ব্বের কোন সর্টিফিকটের সঙ্গে উক্ত গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেইপর্য্যন্ত সেই পূর্ব্বের সর্টিফিকট বাতিল ও ব্যর্থ হইবে ইতি।

[Payments under first certificate.]

XII. When a certificate shall have been granted, in cases in which such certificate would be valid but for the previous grant of a certificate, all payments made to the person holding the latter certificate in ignorance of the grant of the previous certificate, shall be held good against claims under such previous certificate.

[প্রথম সর্টিফিকটমতে দেওয়া টাকার কথা।]

১২ ধারা। যে স্থলে পূর্ব্বে সর্টিফিকট না দেওয়া গেলে, অন্য সর্টিফিকট সিদ্ধ হইত এমত স্থলে যদি অন্য সর্টিফিকট পরে দেওয়া যায়, তবে পূর্ব্বের সর্টিফিকট দেওয়া যাইবার কথা না জানিয়া যদি কোন লোক ঐ দ্বিতীয় সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিকে টাকা দেয়, তবে সেই পূর্ব্বের সর্টিফিকটের জোরে তাহার উপর ঐ টাকার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১০ জুলাই।]

[Certificate in respect of property of deceased Hindoos, Mahomedans, &c., void after grant of probate or letters.]

XIII. With regard to the property of a deceased Hindoo, Mahomedan, or other person not usually designated by the term "British subject," no certificate in respect of any such property shall be valid if made after a probate or letters of administration granted in respect of the same, provided assets belonging to the deceased were at the time of his death within the local jurisdiction of the Court granting the probate or letters of administration.

[Certain payments under certificate granted after grant of probate or letters, protected.]

XIV. Where a certificate shall have been granted, in cases in which such certificate would be valid but for a probate or letters of administration previously granted, all payments made to the person holding the certificate in ignorance of the previous granting of the probate or letters of administration, shall be held good against claims under the probate or letters of administration so previously granted.

[Probate or letters void after grant of certificate. Proviso.]

XV. No probate or letters of administration shall be valid for the purpose of the recovery of debts or for the security of debtors, after a certificate granted in respect of the same property for which such probate or letters of administration shall have been granted, provided assets belonging to the deceased were at the time of his death within the jurisdiction of the Court granting such certificate.

[Certain payments under probate or letters, granted after grant of certificate, protected.]

XVI. Where probate or letters of administration may have been granted in cases in which such probate or letters of administration would be valid but for the previous grant of a certificate, all payments made in ignorance of the previous grant of the certificate shall be held good against claims under such previous certificate.

[Curators prohibited from exercising certain powers.]

XVII. Curators appointed under Act XIX. of 1841 who may be invested with certain powers which are conferred on persons obtaining certificates under this Act, shall not exercise any powers which, but for that Act, would lawfully belong to persons obtaining certificates, or to executors or administrators where a certificate, probate, or letters of administration has been actually obtained; but all persons who may have paid debts or rents to a curator authorized by a Court to receive the same, shall be indemnified, and the curator shall be responsible for the payment of the same to the person who has ob-

[*Government Gazette*, 10*th July*, 1860.]

[মৃত হিন্দু কি মুসলমানপ্রভৃতির সম্পত্তির যে সর্টিফিকট দেওয়া যায়, তাহা প্রোবেট কি লেটর্স্ দেওয়া যাইবার পরে অসিদ্ধ হইবার কথা।]

১৩ ধারা। মৃত হিন্দু কি মুসলমানপ্রভৃতি যে লোকেরা সামান্যতঃ "ব্রিটনীয় প্রজা" নামে খ্যাত হয় না এমত লোকেরদের সম্পত্তির এই বিধি। ঐ সম্পত্তির প্রোবেট কি লেটর্স্ অফ আডমিনিষ্ট্রেশ্যন দেওয়া গেলে পর, তৎসম্পর্কীয় যে কোন সর্টিফিকট দেওয়া যায় তাহা সিদ্ধ হইবেক না। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ প্রোবেট কি লেটর্স্ অফ আডমিনিষ্ট্রেশ্যন যে আদালতহইতে দেওয়া যায় সেই আদালতের এলাকার সীমার মধ্যে ঐ মৃত ব্যক্তির মরণসময়ে জায়দাদ থাকে ইতি।

[প্রোবেট কি লেটর্স দেওয়া গেলে পর সর্টিফিকটমতে যে টাকা দেওয়া যায় তাহা সিদ্ধ হইবার কথা।]

১৪ ধারা। যদি সর্টিফিকট দেওয়া যায়, ও প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন পূর্ব্বে না দেওয়া গেলে যদি সেই সর্টিফিকট সিদ্ধ হইত, তবে এমত স্থলে ঐ প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন পূর্ব্বে দেওয়া যাইবার কথা না জানিয়া যদি কোন লোক ঐ সর্টিফিকট-প্রাপ্ত ব্যক্তিকে টাকা দেয়, তবে উক্তমতের পূর্ব্বে দেওয়া প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যনের জোরে তাহার উপর ঐ টাকার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

[সর্টিফিকট দেওয়া গেলে পর প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন অসিদ্ধ হইবার কথা ও বর্জ্জিত কথা।]

১৫ ধারা। কোন সম্পত্তিসম্পর্কীয় সর্টিফিকট দেওয়া গেলে পর, যদি সেই সম্পত্তির নিমিত্তে প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন দেওয়া যায়, তবে কর্জ্জ আদায়ের নিমিত্তে কি দেনদারদিগকে বেবুঁকো করিবার নিমিত্তে ঐ প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন সিদ্ধ হইবেক না। কিন্তু ইহাতে প্রয়োজন যে, ঐ সর্টিফিকট যে আদালতহইতে দেওয়া যায়, তাহার এলাকার সীমার মধ্যে মৃত ব্যক্তির মরণসময়ে জায়দাদ থাকে ইতি।

[সর্টিফিকট দেওয়া গেলে পরও প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যনমতে টাকা দেওয়া গেলে, তাহা কোন২ স্থলে সিদ্ধ হইবার কথা।]

১৬ ধারা। যদি প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন দেওয়া যায়, ও সর্টিফিকট পূর্ব্বে না দেওয়া গেলে যদি সেই প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন সিদ্ধ হইত, তবে এমত স্থলে ঐ সর্টিফিকট পূর্ব্বে দেওয়া যাইবার কথা না জানিয়া যদি কোন লোক কিছু টাকা দেয়, তবে পূর্ব্বে দেওয়া ঐ সর্টিফিকটের জোরে তাহার উপর ঐ টাকার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

[সম্পত্তিরক্ষকদিগকে কোন২ ক্ষমতামতে কার্য্য করিতে নিষেধ হইবার কথা।]

১৭ ধারা। এই আইনমতে যাহারা সর্টিফিকট পায় তাহারদিগকে যে২ ক্ষমতা দেওয়া যায় এমত কোন২ ক্ষমতা ১৮৪১ সালের ১৯ আইনমতের নিযুক্ত সম্পত্তিরক্ষকেরদিগকে যদি দেওয়া যায়, তবে ঐ সর্টিফিকট কি প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন নিতান্ত পাওয়া গেলে ঐ সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিরদের কি অছিরদের কি আডমিনিষ্ট্রেটরেরদের এই আইন জারী না হইলে যে ক্ষমতা আইনমতে থাকিত, তাহার অধিক কোন ক্ষমতামতে ঐ সম্পত্তিরক্ষকেরা কার্য্য করিবে না। কর্জ্জা টাকা কি ভাড়া কি খাজানা গ্রহণ করিতে যে সম্পত্তিরক্ষক আদালতহইতে ক্ষমতা পান, তাহাকে কোন লোকেরা ঐ টাকাপ্রভৃতি দিলে তাহারা বেবুঁকো

tained a certificate, the executor, or administrator as the case may be.

হইবেক। ও সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিকে কিম্বা বিষয়বিশেষে অছিকে কি আডমিনিষ্ট্রেটরকে সেই টাকা দিবার দায় ঐ সম্পত্তিরক্ষকের শিরে পড়িবে ইতি।

[Effect of probates and letters granted to representatives of persons not usually termed "British subjects."]

XVIII. All probates and letters of administration granted by any Supreme Court of Judicature in cases in which any assets belonging to deceased persons were at the time of their deaths within the local jurisdiction of the Court granting the probate or letters of administration, shall have the effect of probate and letters of administration granted in respect of the property of British subjects, but for the purpose of the recovery of debts only and the security of debtors paying the same, except so far as is in this Act provided.

[যাহারা সামান্যতঃ ব্রিটনীয় প্রজা নামে খ্যাত নয় তাহারদের স্থলাভিষিক্তদিগকে দেওয়া প্রোবেটের কি লেটর্সের ফল।]

১৮ ধারা। প্রোবেট ও লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন যে আদালতহইতে দেওয়া যায় তাহার এলাকার সীমার মধ্যে মৃত ব্যক্তির মরণসময়ে যদি কিছু জায়দাদ থাকে, তবে কোন সুপ্রিম কোর্ট যে সকল প্রোবেট ও লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যান দেন তাহার ফল ব্রিটনীয় প্রজারদের সম্পত্তির বিষয়ে দেওয়া প্রোবেট ও লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যানের ফলের তুল্য হইবেক। কিন্তু কেবল পাওনা টাকা আদায়ের নিমিত্তে ও যাহারা সেই টাকা শোধ করে তাহারদিগকে বেঝুঁকী করিবার নিমিত্তে সেই ফল হইবেক, পরন্তু এই আইনেতে অন্যরূপ যে বিধি হইয়াছে তাহা বহাল থাকিবেক ইতি।

[Effect of certificates granted by British Representatives in Foreign States.]

XIX. A certificate of administration granted by the British Representative accredited to any Foreign Prince or State, shall, as regards the residents within the Territories of such Prince or State, have the same effect in respect to Government Securities as a certificate granted to a Native subject of Her Majesty under the provisions hereinbefore contained.

[বিদেশে থাকা ব্রিটনীয়েরদের স্থলাভিষিক্ত সাহেব যে সর্টিফিকট দেন তাহার ফল।]

১৯ ধারা। কোন বিদেশীয় রাজার নিকটে কিম্বা কোন বিদেশে, ব্রিটনীয়েরদের রাজাহইতে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি যিনি হন তিনি যদি সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করিবার সর্টিফিকট দেন, তবে জন্ম দেশাদিপ্রযুক্ত যাঁহারা শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হন তাঁহারদিগকে ইহার পূর্ব্বে লিখিত নানা বিধানমতে সর্টিফিকট দেওয়া গেলে যে ফল হইত, ঐ বিদেশীয় রাজার দেশ কি ঐ বিদেশনিবাসি লোকেরদের পক্ষে গবর্ণমেণ্টের প্রমিসরি নোটসম্পর্কে ঐ প্রতিনিধির দেওয়া সর্টিফিকটেরও সেই ফল হইবে ইতি।

[Local extent of power given by such certificates.]

XX. Every certificate of administration granted under the last preceding Section shall, as regards the Government Securities, give authority to the person to whom the same shall be granted throughout the British Territories in India, and have the same effect throughout the said territories as a certificate granted under Section VII. of this Act has within the Presidency within which the same is granted.

[তদ্রূপ সর্টিফিকটদ্বারা যে ক্ষমতা দেওয়া যায় তাহা যত দূর খাটিবেক তাহার কথা।]

২০ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করিবার যে সর্টিফিকট দেওয়া যায় তাহা যাহাকে দেওয়া যায়, সেই জন তাহার জোরে গবর্ণমেণ্টের প্রমিসরি নোটসম্পর্কে ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের সমুদয় স্থানে ক্ষমতা পাইবে। ও এই আইনের ৭ ধারামতের সর্টিফিকট দেওয়া গেলে তাহা যে রাজধানীর মধ্যে দেওয়া যায় সেই রাজধানীর মধ্যে ঐ সর্টিফিকটের যে ফল হয় উক্ত প্রতিনিধি সাহেবের দেওয়া সর্টিফিকটের সেই ফল উক্ত দেশের সমুদয় স্থানে হইবেক ইতি।

[Extension of certificate]

XXI. Any Court or Officer authorized to grant a certificate, may from time to time extend the same to any Government Security or Bank share not originally specified therein, and every such extension shall have the same effect as if the Government Security or Bank share to which the certificate shall be extended had been originally specified therein.

[সর্টিফিকট বিস্তারিত করিয়া খাটাইবার কথা।]

২১ ধারা। যে কোন আদালত কি কার্য্যকারক সাহেব সর্টিফিকট দিতে ক্ষমতাপন্ন হন, তিনি সময়ে২ তাহা বাড়াইয়া, তাহাতে প্রথমে গবর্ণমেণ্টের যে প্রমিসরি নোট কি ব্যাঙ্ক শ্যার লেখা ছিল না এমত কোন প্রমিসরি নোটপ্রভৃতির উপর তাহা খাটাইতে পারিবেন, ও তাহা বিস্তারিত হইয়া গবর্ণমেণ্টের যে প্রমিসরি নোটের কি ব্যাঙ্ক শ্যারের উপর খাটান যায়, তাহা ঐ সর্টিফিকটে প্রথমে নির্দ্দিষ্ট থাকিলে তাহার যে ফল হইত বিস্তারিতকরা ঐ সর্টিফিকটের সেই ফল হইবেক ইতি।

[Security upon extension]

XXII. Upon the extension of a certificate, security may be required in the same manner as upon the original grant of a certificate.

[বিস্তারিত হইলে জামিন লইবার কথা।]

২২ ধারা। সর্টিফিকট প্রথমে দেওয়া গেলে তাহার নিমিত্তে যেমন জামিন লওয়া যাইতে পারে, তেমনি সর্টিফিকট বিস্তারিত হইয়া খাটান গেলে তাহার নিমিত্তেও জামিন দিবার হুকুম হইতে পারিবে ইতি।

[Act not to apply to British subjects]

XXIII. Nothing in this Act contained shall be

[এই আইন ব্রিটনীয় প্রজারদের উপর না খাটিবার কথা।]

২৩ ধারা। যাহারা সামান্যতঃ ব্রিটনীয় প্রজা নামে খ্যাত হয় তাহারদের কোন কাহার সম্পত্তির উপর এই

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১০ জুলাই।]

held to extend to the property of any person usually designated as a British subject.

[Interpretation.]

XXIV. The following words and expressions in this Act shall have the meaning hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say)—

[Number.]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

[Gender.]

Words importing the masculine gender shall include females.

["District Court."]

The words "District Court" shall mean the principal Civil Court of original jurisdiction of a Zillah or District.

["Sudder Court."]

The words "Sudder Court" shall be deemed to include the highest Civil Court of Appeal in any part of the British Territories in India not subject to the control and superintendence of a Sudder Court.

M. WYLIE,
Clerk of the Council.

THE 2ND JULY 1860

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 30th June 1860, and is hereby promulgated for general information :—

ACT NO. XXIX. OF 1860.

An Act to continue in force Act XXVIII. of 1857.

[Preamble.]

WHEREAS it is expedient that Act XXVIII. of 1857 *(relating to the importation, manufacture, and sale of Arms and Ammunition and for regulating the right to keep or use the same)* should continue in force for a further period of one month; It is enacted as follows :—

[Act XXVIII. of 1857 continued for one month.]

I. Act XXVIII. of 1857 shall continue in force for a further period of one calendar month from the 30th June 1860.

M. WYLIE,
Clerk of the Council.

আইনের কোন কথা খাটে, এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[এই আইনের অর্থ করিবার ধারা।]

২৪ ধারা। এই আইনের নীচের লিখিত শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে করা যাইতেছে তাহার সেই অর্থ হইবেক। কিন্তু পদের ভাব বুঝিয়া কি পূর্ব্বাপর কথা দৃষ্টে যদি সেই অর্থ অসঙ্গত হয় তবে তাহার সেই অর্থ হইবেক না। বিশেষতঃ

[বচনের কথা।]

এক বচনের শব্দেতে বহু বচনের শব্দও বুঝায় ও বহু বচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝায়।

[লিঙ্গের কথা।]

পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীদিগকেও বুঝায়।

[জিলার আদালতের কথা।]

"জিলার আদালত" এই শব্দেতে কোন জিলার মধ্যে মোকদ্দমা প্রথমে গ্রাহ্য করিবার প্রধান দেওয়ানী আদালতকে বুঝায়।

[সদর আদালতের কথা।]

"সদর আদালত" এই শব্দেতে ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের কোন স্থানে আপীল গ্রাহ্য করিবার প্রধান যে দেওয়ানী আদালত সদর আদালতের আজ্ঞার ও তত্ত্বের অধীনে নয় সেই আদালতকেও বুঝায়।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২ জুলাই।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরেবল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩০ জুন তারিখে সম্মতি প্রকাশ করেন। ঐ আইন সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৯ আইন।

১৮৫৭ সালের ২৮ আইন বহাল রাখিবার আইন।

[হেতুবাদ।]

১৮৫৭ সালের ২৮ আইন (অর্থাৎ, অস্ত্রশস্ত্র ও বারুদাদি আমদানী করিবার ও নির্ম্মাণ ও বিক্রয় করিবার বিষয়ে ও তাহা রাখিবার কি ব্যবহার করিবার বিধান করিবার আইন) আর এক মাস বহাল রাখা বিহিত, এই কারণে এই বিধান হইল।

[১৮৫৭ সালের ২৮ আইন এক মাস বহাল রাখিবার কথা।]

১ ধারা। ১৮৫৭ সালের ২৮ আইন ১৮৬০ সালের ৩০ জুন তারিখঅবধি আর এক মাস বহাল থাকিবে ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

THE 23RD JUNE 1860.

THE following Bill, as settled in Committee of the whole Council, was ordered to be published for general information, and to be re-considered after one month :—

[*Government Gazette*, 10*th July*, 1860.]

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৩ জুন।

আইনের এই মুসাবিদা ব্যবস্থাপক কৌন্সেলের সমুদয় সাহেবের বৈঠকে যেমন স্থির হইয়াছিল তেমনি সকল লোকের জানিবার জন্যে ছাপা হইবার হুকুম হইয়াছে, ও এক মাস বাদে তাহার পুনর্ব্বিবেচনা হইবার হুকুম হইয়াছে।

A Bill to consolidate and amend the law relating to Stamp Duties.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to Stamp Duties; It is enacted as follows :—

[Repeal of Regulations.]

[illegible] the time when this Act shall come into force, Regulation XII. 1826 (*for raising and levying Stamp Duties within the Town of Calcutta*) with the corresponding Regulation enacted on the 14th June 1827 and registered in the Supreme Court at Calcutta on the 12th July 1827, and Regulation X. 1829 of the Bengal Code (*for consolidating into one Regulation, with modifications, the existing enactments relating to the collection of Stamp Duties*), Regulation XIII. 1816 of the Madras Code (*for modifying and amending the Rules before enacted regarding stamped paper and stamped Cadjans; and for consolidating the Fees payable on the institution of suits, and on exhibits and summonses for witnesses, with the duty levied by means of Stamps*), Regulation XVIII. 1827 of the Bombay Code (*for levying a Stamp Duty on certain papers within the Territories subordinate to the Presidency of Bombay*), Regulation III. 1828 of the same Code (*for subjecting to the Stamp Duty certain Plaints and other Papers exempted therefrom under Regulation XVIII. of 1827*), Regulation VI. 1828 of the same Code (*for extending in the same manner as in suits before the Courts of Civil Judicature, Stamps to suits cognizable by Collectors under the operation of Chapter VIII. Regulation XVII. of 1827 or any other now in force*), Regulation VIII. 1830 of the same Code (*for changing the Counter-Stamp to be impressed on Stamped Paper and other material*), Regulation III. 1831 of the same Code (*for subjecting to the Stamp Duty copies of decrees passed by Native Commissioners, exempted therefrom under Regulation XVIII. of 1827,*) Regulation XIV 1831 of the same Code (*for rescinding that part of Section VII. Regulation XVIII. of 1827 which requires all Stamped Paper to be endorsed with the Official signature of some person belonging to the Office of Superintendent of Stamps, and prescribing how that Duty shall henceforth be performed*), and Section XXXVII of Act X. of 1859 (*to amend the law relating to the recovery of rent in the Presidency of Fort William in Bengal*)—are repealed except in so far as they rescind other Regulations or parts of other Regulations, and except as regards Deeds, Instruments, or Writings which shall have been made or executed, and all proceedings or matters which shall have taken place before this Act shall come into force.

ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধনকরা বিহিত। এই কারণে এই২ বিধি হইল।

[কএক আইন রদ হইবার কথা।]

১ ধারা। ১৮২৬ সালের ১২ আইন, (অর্থাৎ কলিকাতা শহরের মধ্যে ইষ্টাম্প কাগজের দ্বারা মাসুল উৎপন্ন করিবার ও আদায় করিবার আইন) ও তদনুযায়ি যে আইন ১৮২৭ সালের ১৪ জুন তারিখে হইয়া ১৮২৭ সালের ১২ জুলাই তারিখে কলিকাতার সুপ্রিম কোর্টে রেজিষ্টরী করা যায় তাহা, ও বাঙ্গলা দেশের চলিত ১৮২৯ সালের ১০ আইন (অর্থাৎ ইষ্টাম্প কাগজ বিক্রয়জাত মাসুলের বিষয়ি নির্দ্দিষ্ট আইনসকলের কতক২ শুধরণপূর্ব্বক একত্র করিয়া এক আইনে সংগ্রহ করিবার আইন) ও মান্দ্রাজ দেশের চলিত ১৮১৬ সালের ১৩ আইন (অর্থাৎ, ইষ্টাম্প কাগজের ও ইষ্টাম্পকরা কাজানের বিষয়ে পূর্ব্বে যে বিধি হইয়াছিল তাহা মতান্তর ও সংশোধন করিবার, ও মোকদ্দমা উপস্থিত করিলে যে রসুম দিতে হয়, ও দলীলদস্তাবেজের ও সাক্ষিরদের সমনপত্রের উপর যে রসুম দিতে হয় তাহার সঙ্গে ইষ্টাম্প কাগজের দ্বারা আদায়করা মাসুল একত্র করিবার আইন) ও বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ১৮ আইন (অর্থাৎ বোম্বাই রাজধানীর অধীন দেশে কোন২ কাগজের উপর ইষ্টাম্পের মাসুল আদায় করিবার আইন) ও সেই দেশের চলিত ১৮২৮ সালের ৩ আইন (অর্থাৎ যে নালিশের আরজীর ও অন্যান্য কাগজপত্রের উপর ইষ্টাম্পের মাসুল না লাগিবার বিধান ১৮২৭ সালের ১৮ আইনে হইয়াছিল এমত কতক আরজীপ্রভৃতির উপর ইষ্টাম্পের মাসুল বসাইবার আইন) ও ঐ দেশের চলিত ১৮২৮ সালের ৬ আইন (অর্থাৎ দেওয়ানী আদালতের মোকদ্দমায় যেমন ইষ্টাম্পের মাসুল লাগে, তেমনি ১৮২৭ সালের ১৭ আইনের ৮ ধারামতে কিম্বা এইক্ষণকার চলিত কোন আইনমতে কালেকটর সাহেবেরদের বিচার্য্য মোকদ্দমাতে ইষ্টাম্পের মাসুল লইবার আইন) ও ঐ দেশের চলিত ১৮৩০ সালের ৮ আইন (অর্থাৎ ইষ্টাম্প কাগজে ও অন্য দ্রব্যেতে অন্য যে ইষ্টাম্প বসাইতে হইবেক তাহা পরিবর্ত্তন করিবার আইন) ও ঐ দেশের চলিত ১৮৩১ সালের ৩ আইন (অর্থাৎ ঐ দেশীয় কমিস্যনরেরদের করা ডিক্রীর যে নকলের উপর ইষ্টাম্পের মাসুল না বসাইবার বিধান ১৮২৭ সালের ১৮ আইনেতে হইয়াছিল. তাহার উপর ইষ্টাম্পের মাসুল বসাইবার আইন।) ও ঐ দেশের চলিত ১৮৩১ সালের ১৪ আইন (অর্থাৎ সকল ইষ্টাম্প কাগজের পিঠে ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দপ্তরখানার কোন লোকের পদসম্পর্কীয় স্বাক্ষর করিতে হইবেক এই আজ্ঞা ১৮২৭ সালের ১৮ আইনের ৭ ধারার যে কথাতে আছে তাহা রদ করিবার ও ইহার পরে সেই কর্ম্ম যেরূপে করিতে হইবেক ইহার বিধান করিবার আইন) ও ১৮৫৯ সালের ১০ আইনের ৩৭ ধারা, (অর্থাৎ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে জমা আদায় করিবার আইন শুধরাইবার আইন) এই সকল আইন এই আইন চলন হইবার তারিখঅবধি রহিত হইবেক। কিন্তু উক্ত সকল আইনের যে২ কথাতে অন্য কোন আইন কি আইনের কোন ভাগ রদ হইল সেই কথা বহাল থাকিবেক; ও এই আইন চলন হইবার পূর্ব্বে যে সকল দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া করা যায় কি দস্তখৎ হয় ও যে সকল কার্য্য কি ব্যাপার ঘটিয়াছে তাহার বিষয়ে ঐ সকল আইন বহাল থাকিবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১০ জুলাই।]

[Stamp duty payable under Schedule A.]

II. For every Deed, Instrument, or Writing which shall be executed from the time when this Act shall come into force, and which shall be of any of the kinds specified as requiring Stamps by the Schedule A. annexed to this Act, there shall be payable to Government a Stamp Duty of the amount indicated in the said Schedule to be proper for such Deed, Instrument, or Writing.

[Penalty for drawing, &c., unstamped or insufficiently stamped Bill of Exchange, &c.]

III. If any person shall draw, accept, endorse, negotiate, pay, or receive payment of any Bill of Exchange, Promissory Note, Draft, Cheque, or other similar Instrument, or if any person shall make, execute, sign, or be a party to any Deed, Instrument, or other Writing, engrossed on unstamped or insufficiently Stamped paper or other material which should bear a Stamp of the value set forth in Schedule A., such person, so offending, shall forfeit a sum not exceeding one hundred Rupees, or a sum equal to ten times the value of the Stamp omitted to be used, if the sum so calculated exceed one hundred Rupees.

[Governor General in Council to prescribe the form of Stamps to be used, &c.]

IV. The Governor General in Council shall prescribe the form and material of the Stamps to be used, and the mode and place of impressing, affixing, or denoting thereon the value thereof under the provisions of this Act, and may from time to time alter and vary such orders. All orders made by the Governor General in Council under this Section shall be published in the Official Gazettes of the several Presidencies and places in which such orders are to be in force.

[Receipt Stamps how to be denoted.]

V. The duty of one anna imposed by this Act on every Receipt, and on every Draft or Order for the payment of money on demand, and bearing the date on which the Draft or Order is made, may be denoted by a Stamp impressed upon the paper whereon any such Instrument is written, or by an adhesive Stamp affixed thereto.

[Obliteration of adhesive Stamp when used.]

VI. In any case where an adhesive Stamp shall be used for the purpose aforesaid on any Receipt or upon any Draft or Order chargeable with the duty of one anna by this Act, the person by whom such Receipt shall be given or such Draft or Order signed or made, shall, before the Instrument shall

[A চিহ্নিত তফসীলমতে ইষ্টাম্পের মাসুল দিবার কথা।]

২ ধারা। এই আইনের A চিহ্নিত তফসীলঅনুসারে ইষ্টাম্প দিতে হইবেক বলিয়া যাহা নির্দ্দিষ্ট হইয়াছে এমত যে কোন প্রকারের দলীল কি দস্তাবেজ কি লেখা-পড়া এই আইন চলন হইবার সময়াবধি করা যায় তাহার উপর ইষ্টাম্পের মাসুল, অর্থাৎ তদ্রূপ দলীল কি দস্তাবেজ কি লেখাপড়ার যত টাকার ইষ্টাম্প উচিত বলিয়া ঐ তফসীলে নির্দ্দিষ্ট হইয়াছে তত টাকা গবর্ণমেণ্টে দিতে হইবেক ইতি।

[ইষ্টাম্প না করা কি অনুপযুক্ত ইষ্টাম্প করা হুণ্ডী-প্রভৃতি লিখিয়া দিবার দণ্ডের কথা।]

৩ ধারা। A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট মুল্যের ইষ্টাম্প যাহাতে দিতে হয়, এমত কোন বিল অফ এক্স-চেঞ্জ অর্থাৎ হুণ্ডী কি প্রমিসরি নোট অর্থাৎ খৎ কি ড্রাফ্‌ট কি চ্যাক কি সেই প্রকারের অন্য দস্তাবেজ যদি কোন লোক ইষ্টাম্প না করা কি অনুপযুক্ত ইষ্টাম্পের কাগজে কি অন্য দ্রব্যেতে লেখে কিম্বা তদ্রূপ কাগজাদিতে লেখা হুণ্ডীপ্রভৃতি যদি কেহ সাকরায় কি তাহার পিঠে সহী করে কি তাহা কেনাবেচা করে কি টাকার বদলে দেয় কিম্বা তাহার টাকা লয়, কিম্বা কোন লোক যদি ইষ্টাম্প না করা কি অনুপযুক্ত ইষ্টাম্পের কাগজপ্রভৃতিতে কোন দলীল কি দস্তাবেজ কি অন্য লেখাপড়া করে কি তাহাতে যদি কেহ দস্তখৎ কি স্বাক্ষর করে কি তাহার এক পক্ষ হয়, তবে সেই অপরাধি লোকের এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক, কিম্বা যত মুল্যের ইষ্টাম্প তাহাতে দিতে হয় তাহার দশগুণ যদি এক শত টাকার অধিক হয়, তবে ঐ ইষ্টাম্পের দশগুণ টাকা জরীমানা হইবেক ইতি।

[যে প্রকারের ইষ্টাম্পপ্রভৃতির ব্যবহার করিতে হইবেক তাহা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের নিরূপণ করিবার কথা।]

৪ ধারা। যে ইষ্টাম্পের ব্যবহার করিতে হইবেক তাহা যে প্রকারের হইবেক ও যে মতের দ্রব্যেতে তৈয়ার হইবেক, ও এই আইনের বিধানমতে তাহার মুল্য যে প্রকারে ও যে স্থানে ছাপা হইবে কি দেওয়া যাইবে কি নির্দ্দিষ্ট হইবে, এই সকল কথা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর নির্দ্ধার্য্য করিবেন, ও তিনি যে হুকুম করেন তাহা সময়ে২ পরিবর্ত্তন ও বদল করিতে পারিবেন। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর এই ধারামতের যে সকল হুকুম করেন তাহা যে২ রাজধানীতে ও স্থানে চলন হইবেক সেই২ রাজধানীর ও স্থানের সরকারী গেজেটে ছাপা হইবেক ইতি।

[রসীদের ইষ্টাম্পের যে চিহ্ন হইবে তাহার কথা।]

৫ ধারা। প্রত্যেক রসীদের উপর, ও দাওয়া হইবামাত্র যে ড্রাফ্‌টের কি হুকুমের টাকা দিতে হইবেক, ও তাহা যে তারিখে করা যায় সেই তারিখ যাহাতে লেখা থাকে এমত প্রত্যেক ড্রাফ্‌টের কি অর্ডরের উপর এই আইনমতে এক আনার যে মাসুল লাগিবে, তাহার এই চিহ্ন থাকিতে পারিবে, অর্থাৎ ঐ দস্তাবেজ যে কাগজে লেখা থাকে তাহাতে ইষ্টাম্প ছাপা থাকিবে, কিম্বা আটাল ইষ্টাম্প বসাইতে হইবেক ইতি।

[আটাল ইষ্টাম্প বসান গেলে তাহার অক্ষর কাটিবার কথা।]

৬ ধারা। এই আইনমতে যে কোন রসীদের কি যে কোন ড্রাফ্‌টের কি অর্ডরের উপর এক আনা মাসুল লাগে, তাহাতে যদি পূর্ব্বোক্ত কারণে আটাল ইষ্টাম্প বসান যায়, তবে যে জন সেই রসীদ দেয় কি সেই ড্রাফ্‌ট কি অর্ডর দেয় কি তাহাতে সহী করে সেই জন, ঐ দস্তাবেজ আপনার হাত কি জিম্মা কি এখ্তিয়ারহইতে হস্তান্তরে

be delivered out of his hands, custody, or power, cancel the Stamp so used, by writing thereon his name, or the initial letters of his name, or in such other manner as to show that such Stamp has been made use of and so that the same may not be again used; and if any person who shall write or give any such Receipt or Discharge or make or sign any such Draft or Order with any adhesive Stamp thereon, shall not *bonâ fide* in manner aforesaid cancel such Stamp, he shall forfeit a sum not exceeding one hundred Rupees.

দিবার আগে, যে আটাল ইষ্টাম্প বসাইয়াছে তাহা বাতিল করিবেক, অর্থাৎ ঐ ইষ্টাম্প বসান গিয়াছে ইহা প্রকাশ হয় ও তাহা পুনরায় বসান যাইতে না পারে, এই কারণে তাহার উপর আপনার নাম কিম্বা আপন নামের আদি অক্ষর লিখিবে কি অন্যমতের কার্য্য করিবে। ও কোন লোক সেই প্রকারের কোন রসীদ কি ফারখৎ লিখিয়া কি দিয়া কিম্বা সেই প্রকারের কোন ড্রাফ্‌ট কি অর্ডর দিয়া কি তাহাতে সহী করিয়া, তাহাতে কোন আটাল ইষ্টাম্প দিলে পর যদি প্রকৃত ভাবে সেই ইষ্টাম্প পূর্ব্বোক্তমতে বাতিল না করে, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[Stamps on Foreign Bills of Exchange, &c.]

VII. The duties imposed by this Act on Foreign Bills of Exchange shall be paid on account of all Bills drawn within, but payable out of, the British Territories in India, and on account of all Bills drawn out of the British Territories in India, which shall be payable within those territories, or shall therein be endorsed, transferred, or otherwise negotiated wheresoever the same may be payable; and the duties so imposed on Bills drawn out of the British Territories in India, shall be denoted by adhesive Stamps to be affixed to such Bills as hereinafter directed.

[বিদেশীয় হুণ্ডীপ্রভৃতির উপর ইষ্টাম্পের কথা।]

৭ ধারা। বিদেশীয় বিল অফ একসচেঞ্জের অর্থাৎ হুণ্ডীর উপর যে মাসুল এই আইনমতে লাগিবে তাহা ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে লিখিত হইয়া ঐ দেশের বাহিরে যে সকল হুণ্ডীর টাকা সাধা যাইতে পারিবেক, ও ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের বাহিরে লিখিত হইয়া ঐ দেশের মধ্যে সাধা যাইতে পারিবে, কিম্বা টাকা যে কোন স্থানে দেনা হউক যদি সেই দেশের মধ্যে তাহার পিঠে সহী হয় কি তাহা হস্তান্তরকরা যায় কি অন্য প্রকারে ক্রয়বিক্রয় হয়, তবে সেই হুণ্ডীর উপর সেই মাসুল লাগিবে। ও ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের বাহিরে যে হুণ্ডী লেখা যায় তাহার উপর সেই মাসুলের চিহ্ন ইহার পশ্চাৎ লিখনমতে আটাল ইষ্টাম্প বসাইবার দ্বারা প্রকাশ হইবে ইতি।

[Bills purporting to be drawn abroad deemed for the purposes of this Act to be so drawn.]

VIII. Every Bill of Exchange which shall purport to be drawn at any place out of the British Territories in India shall, for all the purposes of this Act, be deemed to be a Foreign Bill of Exchange drawn out of the British Territories in India, and shall be chargeable with Stamp Duty accordingly notwithstanding that in fact the same may have been drawn within those Territories.

[যে হুণ্ডী বিদেশে লেখা যাইবার মত দেখায়, তাহা এই আইনের কার্য্যের নিমিত্তে বিদেশে লেখা গেল এমত জ্ঞান হইবার কথা।]

৮ ধারা। ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের বাহিরের কোন স্থানে লেখা যাইবার মর্ম্ম যে সকল হুণ্ডীতে প্রকাশ হয়, তাহা যদিও ঐ দেশের মধ্যে নিতান্ত লেখা গিয়াছিল তথাপি তাহা এই আইনের কার্য্যের নিমিত্তে ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের বাহিরে লেখা বিদেশীয় হুণ্ডী বলিয়া জ্ঞান হইবেক ও তদনুসারে তাহার ইষ্টাম্পের মাসুল লাগিবে ইতি।

[The holder of a Bill drawn out of the United Kingdom to affix an adhesive Stamp thereon before negotiating it. Penalty for negotiating such Bill without a Stamp affixed or for neglecting to cancel such Stamp.]

IX. The holder of any Bill of Exchange drawn out of the British Territories in India and not having a proper adhesive Stamp affixed thereon as herein directed shall, before he shall present the same for payment, or endorse, transfer, or in any manner negotiate such Bill, affix thereon a proper adhesive Stamp for denoting the duty by this Act charged on such Bill; and the person who shall endorse, transfer, and negotiate such Bill shall, before he shall deliver the same out of his hands, custody, or power, cancel the Stamp so affixed by writing across the same as his endorsement his name or the name of his firm and the date of the day and year on which he shall so write the same, or by affixing thereon or across the same the seal or mark which he is in the habit of using or in such other manner as to show that the Stamp has been

[ভারতবর্ষের বাহিরে লেখা হুণ্ডী যাহার হাতে থাকে তাহার তাহা বিক্রয় করিবার আগে তাহাতে আটাল ইষ্টাম্প বসাইবার কথা। ও ইষ্টাম্প না দিয়া কিম্বা সেই ইষ্টাম্প বাতিল না করিয়া তাহা বিক্রয় করিবার দণ্ডের কথা।]

৯ ধারা। ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের বাহিরে লেখা কোন বিল অফ এক্সচেঞ্জ যদি কোন লোকের হাতে থাকে ও তাহাতে যদি এই আইনের বিধানমতে আটাল উপযুক্ত ইষ্টাম্প বসান না থাকে, তবে ঐ হুণ্ডীর টাকা আদায় করিবার জন্যে তাহা দাখিল করিবার আগে কিম্বা সেই হুণ্ডীর পিঠে সহী করিবার আগে কি তাহা হস্তান্তর করিবার কিম্বা কোনমতে বিক্রয় করিবার আগে ঐ হুণ্ডীর উপর এই আইনমতে যে মাসুল লাগে সেই মাসুলের উপযুক্ত আটাল ইষ্টাম্প তাহার বসাইতে হইবেক। ও সেই হুণ্ডীর পিঠে যে জন সহী করে কিম্বা তাহা হস্তান্তর কি বিক্রয় করে, সেই জন সেই হুণ্ডী আপনার হাতহইতে কি আপনার জিম্মা কি ক্ষমতাহইতে অন্যকে দিবার আগে ঐ বসান ইষ্টাম্প বাতিল করিবে। অর্থাৎ, সেই ইষ্টাম্পের উপর পৃষ্ঠের সহীকরা কথাস্বরূপে আপনার নাম কি আপন কুঠীর নাম লিখিবে, ও যে সনের যে তারিখে তাহা লেখে সেই সন ও সেই তারিখ লিখিয়া,

made use of and so that the same may not be again used: and if any person shall present for payment or shall pay or endorse, transfer, or negotiate any such Bill as aforesaid whereon there shall not be such adhesive Stamp as aforesaid, duly affixed, or if any person who ought as directed by this Act to cancel such Stamp in manner aforesaid, shall refuse or neglect so to do, such person so offending in any such case shall be liable to the penalty prescribed in Section III. of this Act, and no person who shall take or receive from any other person any such Bill as aforesaid either on payment or as a security or by purchase or otherwise, shall be entitled to recover thereon or to make the same available for any purpose whatever unless at the time when he shall so take or receive such Bill, there shall be such Stamp as aforesaid affixed thereon and cancelled in the manner hereby directed.

কি যে মোহর কি চিক ব্যবহার করিয়া থাকে তাহা ঐ ইষ্টাম্পের উপর দিয়া কি তাহার আড়ে দিয়া, তাহা বাতিল করিবে, কিম্বা ঐ ইষ্টাম্প বসান গিয়াছে ইহা যাহাতে প্রকাশ হয়, ও সেই ইষ্টাম্প যাহাতে পুনরায় বসান যাইতে না পারে এমত অন্য কোন কার্য্য করিবে। ও পূর্ব্বোক্ত মতের আটাল ইষ্টাম্প যাহাতে উপযুক্তমতে বসান না গেল পূর্ব্বোক্ত প্রকারের এমত কোন হুণ্ডীর টাকা আদায় করিবার জন্যে যদি কেহ তাহা দাখিল করে, কিম্বা যদি কেহ তাহার টাকা দেয় কি তাহার পিঠে সহী করে কি হস্তান্তর করে কি বিক্রয় করে, কিম্বা পূর্ব্বোক্ত প্রকারেতে এই আইনের আজ্ঞামতে ঐ ইষ্টাম্প যাহার বাতিল করিতে হয়, এমত কোন লোক যদি তাহা বাতিল করিতে স্বীকার না করে কিম্বা তাহাতে ক্রটি করে, তবে তদ্রূপ কোন স্থলের সেই অপরাধি ব্যক্তি এই আইনের ৩ ধারার লিখিত দণ্ডের যোগ্য হইবে। আরো কোন লোক যদি সেই প্রকারের কোন হুণ্ডী অন্য কোন লোকের স্থানে টাকার পরিশোধে কি জামিনীস্বরূপে কি খরীদ করিয়া কি অন্য কোন প্রকারে লয় কি গ্রহণ করে, তবে যে সময়ে তাহা লয় কি গ্রহণ করে সেই সময়ে সেই প্রকারের ইষ্টাম্প তাহাতে বসান না থাকিলে ও সেই ইষ্টাম্প এই আইনের লিখিতমতে বাতিল করা না গেলে, ঐ লোক ঐ হুণ্ডীর কিছু টাকা হক বলিয়া পাইতে পারিবে না ও তাহা কোন কার্য্যেতে ব্যবহার করাইতে পারিবে না ইতি।

[Penalty for drawing and issuing or transferring or negotiating Bills purporting to be drawn in a set of three and not drawing the whole number of the set. Penalty on taking or receiving such Bills]

[যে হুণ্ডী তেকর লিখিবার মর্ম্ম হয় তাহার তিন কেতা না লিখিয়া তাহা দিবার কি হস্তান্তর করিবার কি বিক্রয় করিবার দণ্ডের কথা ও সেই হুণ্ডী লইবার কি গ্রহণ করিবার দণ্ডের কথা।]

X. If any person shall, within the British Territories in India, draw and issue any Bill of Exchange payable out of the British Territories in India, purporting to be drawn in a set of three, and shall not draw and issue on paper duly Stamped as required by law the whole number of Bills which such Bill purports the set to consist of, or if any person shall within the British Territories in India transfer or negotiate any such Bill of Exchange as aforesaid purporting to be drawn in a set of three, and shall not at the same time transfer or deliver on paper duly Stamped as aforesaid the whole number of Bills which such Bill purports the set to consist of, every such person so offending in any of such cases, shall be liable to the penalty prescribed in Section III. of this Act; and if any person shall take or receive in the British Territories in India any such Bill as aforesaid either in payment, or as a security or by purchase or otherwise, without having transferred or delivered to him duly Stamped as aforesaid the whole number of Bills which such Bill purports the set to consist of, he shall not be entitled to recover on any such Bill or to make the same available for any purpose whatever.

১০ ধারা। ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের বাহিরে যে বিল অফ একসচেঞ্জের টাকা দেওয়া যাইবে, এমত কোন বিল তেকর লিখিবার মর্ম্ম দেখাইয়া যদি কেহ ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে কোন স্থানে লেখে ও দেয়, ও সেই মর্ম্মমতে ঐ হুণ্ডীর যত কেতা লিখিতে হয় তাহা সমুদয় যদি আইনমতে উপযুক্তমতের ইষ্টাম্পকরা কাগজে না লেখে, কিম্বা তেকর লিখিবার মর্ম্ম দেখাইয়া পূর্ব্বোক্তমতের যে বিল লেখা গিয়াছে তাহা যদি কোন লোক ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশে হস্তান্তর কি বিক্রয় করে, ও সেই মর্ম্মমতে ঐ বিলের যত কেতা লিখিতে হয় তাহা সমুদয় যদি পূর্ব্বোক্ত মতে উপযুক্তরূপে ইষ্টাম্পকরা কাগজে সেই সময়ে হস্তান্তর না করে কি না দেয়, তবে সেই প্রকারের অপরাধি কোন লোক এই আইনের ৩ ধারার লিখিত দণ্ডের যোগ্য হইবে। ও ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশে যদি কোন লোক পাওনা টাকার পরিশোধে কি জামিনীস্বরূপে কি খরীদ করিয়া কি অন্য প্রকারে পূর্ব্বোক্তমতের কোন হুণ্ডী গ্রহণ করে কি লয়, ও সেই হুণ্ডীর তিন কেতা লেখা হইবার মর্ম্মমতে যদি পূর্ব্বোক্তমতে উপযুক্তরূপে ইষ্টাম্পকরা সেই তেকর হুণ্ডী সেই সময়ে আনাইয়া না লয় ও না পায়, তবে সেইরূপ কোন হুণ্ডীর টাকা হক বলিয়া আদায় করিতে পারিবে না, ও তাহা কোন কার্য্যেতে ব্যবহার করাইতে পারিবে না ইতি।

[Penalty for use of adhesive Stamp which has been removed from a Receipt, &c.]

[আটাল যে ইষ্টাম্প কোন রসীদপ্রভৃতিহইতে উঠাইয়া লওয়া গিয়াছে তাহা বসাইবার দণ্ড।]

XI. If any person shall affix or use any adhesive Stamp which to his knowledge shall have been taken off or removed from any paper whereon any Receipt or any Draft, Order, or Bill of Exchange shall have been written, to or for any Receipt, Draft, Order, or Bill of Exchange, or any paper whereon

১১ ধারা। কোন রসীদ কিম্বা কোন দ্রাফ্‌ট কি অর্ডর কি বিল অফ একসচেঞ্জ যে কাগজে লেখা গিয়াছে সেই কাগজহইতে কোন আটাল ইষ্টাম্প খাওয়া গিয়াছে কি উঠাইয়া লওয়া গিয়াছে, জানিয়া যদি কেহ সেই ইষ্টাম্প কোন রসীদে কি দ্রাফ্‌টে কি অর্ডরে কি বিল অফ একসচেঞ্জ বসায় কিম্বা লাগায়

any such Receipt, Draft, Order, or Bill of Exchange shall be or be intended to be written; or if any person shall do or practise or be concerned in any fraudulent act, contrivance, or device whatever not specially provided for by this or some other Act, with intent to defraud the Government of any duty imposed by this Act upon Receipts or upon Drafts, Orders, or Bills of Exchange—every person so offending in any of the said several cases shall forfeit a sum not exceeding two hundred Rupees.

কিম্বা তদ্রূপ কোন রসীদ কি ড্রাফ্‌ট কি অর্ডর কি বিল যে কাগজে লেখা যাইবেক কি লিখিবার মানস আছে এমত কাগজে বসায় কি লাগায়, কিম্বা রসীদের উপর কিম্বা ড্রাফ্‌টের কি অর্ডরের কি হুণ্ডীর উপর এই আইনমতে যে কোন মাসুল লাগে তাহা গবর্ণমেণ্ট হইতে ঠগাইয়া লইবার মানসে, যদি কেহ কোন প্রতারণার কার্য্য, কিম্বা অন্য যে কোন কৌশল কি উপায় নিবারণের বিশেষ বিধি এই আইনেতে কি অন্য কোন আইনেতে হয় নাই, এমত কোন কার্য্য কি কৌশলপ্রভৃতি করে কি চালায় কি তাহাতে সম্পর্ক রাখে, তবে উক্ত নানা বিষয়ের মধ্যে কোন বিষয়ে যে কোন লোকের অপরাধ হয় তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[Effect of a Writing not duly stamped. Proviso.]

[লেখাপড়ার উপযুক্তমতে ইষ্টাম্প না হইলে তাহার ফলের কথা ও বর্জ্জিত কথা।]

XII. Except as otherwise provided by this Act, no Deed, Instrument, or Writing for which any duty shall be payable under Section II of this Act shall be received as creating, transferring, or extinguishing any right or obligation, or as evidence in any Civil proceeding in any Court of Justice, whether established by Royal Charter or otherwise, or shall be registered in any public Office or authenticated by any public Officer, unless such Deed, Instrument, or Writing be upon a Stamp of a value not less than that indicated to be proper for it by the said Schedule. Provided that every Deed, Instrument, or Writing liable to Stamp Duty shall be admitted as evidence in any criminal proceeding, although it may not have the Stamp required by law impressed thereon or affixed thereto

১২ ধারা। এই আইনেতে যদি অন্য প্রকারের বিধান না থাকে, তবে এই আইনের ২ ধারামতে যে কোন দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার ইষ্টাম্পের মাসুল দিতে হয়, ঠিক তফসীলে সেই দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার নিমিত্তে উপযুক্ত বলিয়া যত মূল্য ধার্য্য হইয়াছে, তাহার কম মূল্যের ইষ্টাম্প কাগজে যদি সেই দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া লেখা যায়, তবে তাহাতে কোন স্বত্ব কি একরার হইল কি হস্তান্তর কি লোপ করা গেল বলিয়া তাহা গ্রাহ্য হইবেক না, অথবা রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালতে কিম্বা অন্য কোন আদালতে দেওয়ানীর কোন কার্য্যেতে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবেক না, কিম্বা সরকারী কোন দপ্তরখানায় রেজিষ্টরী করা যাইবেক না, কিম্বা সরকারী কোন কার্য্যকারকের দ্বারা মাতবর বলিয়া তাহাতে দস্তখৎ করা যাইবেক না, কিন্তু ইষ্টাম্পের মাসুল যাহাতে লাগে এমত কোন দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার যে ইষ্টাম্প ছাপাইবার কি বসাইবার আজ্ঞা আইনেতে হইয়াছে তাহা বসান না থাকিলেও সেই দলীলপ্রভৃতি ফৌজদারী কোন মোকদ্দমাতে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[To be continued.]

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 3rd July, 1860

Baboo Juggoobundoo Dass, Moonsiff of Burpetta, Zillah Kamroop, for ten days, on urgent private affairs

H. B. LAWFORD, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬০ সাল ৩ জুলাই।

জিলা কামরূপের বড়পেটার মুনসেফ শ্রীযুত বাবু জগবন্ধু দাস আপনার অত্যন্ত আবশ্যক কর্ম্মের নিমিত্তে দশ দিনের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

৩২১৩ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৪ জুন।

প্রধান সদর আমীন শ্রীযুত এ ডেবিডসন সাহেব (Mr. A. Davidson.) ও শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell) জিলা যশোহরে ১৮৬০ সালের ১১ আইনমতে নীলের চুক্তিভঙ্গের নালিশের সরাসরীমতে বিচার করিবার জন্যে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

১৮৬০ সাল ১৫ জুন।

শ্রীযুত বর্টরম রাট্রি সাহেব (Mr. Bertram Rattray,) বাঙ্গলা দেশের পোলীসের ৭ পল্টনের প্রথম শ্রেণীর সব-লেপ্টেনেণ্ট হইবেন।

রসলদার শ্রীযুত উজীর খাঁ বাঙ্গলা দেশের পোলীসের ১ পল্টনের দ্বিতীয় শ্রেণীর সব-লেপ্টেনেণ্ট হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১০ জুলাই।]

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৫ জুন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্দ্ধমান এলাকার শামিল ঘাটাল ও বাঁশবেড়িয়া ও বৈদ্যবাটী ও ভদ্রেশ্বর ও চন্দ্রকোণা ও গুপ্তিপাড়া ও পাণ্ডুয়া ও খানাকুল ও শাহাগঞ্জের শহরতলীর নীচের লিখিত সকল গ্রাম ও মহল্লাতে অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন চলন হইবেক ও ঐ আইনের ৩ ধারামতে ঐ সকল গ্রাম ও মহল্লা ঐ আইনের কার্য্য সফল করিবার নিমিত্তে ঐ২ নগরের সঙ্গে সংযুক্ত হইবেক।

ঐ২ গ্রামের নাম এই২।

১। ঘাটালের শামিল এই২ গ্রাম। নিশ্চিন্তপুর ও পটিপাঁচঘরা ও গম্ভীর নগর ও কৃষ্ণনগর ও পটি সাহেবগঞ্জ ও আড়গড়া ও রঘুনাথচক ও পটি সুখচন্দ্রপুর ও পটি খারগম্ভীর নগর ও কোণ নগর ও পটি গোসাঞিবাজার।

২। বাঁশবেড়িয়ার শামিল এই২ গ্রাম। খামারপাড়া ও শ্রীপুর ও শাহাপুর ওরফে গাজিদরগা ও শিবপুর ও ত্রিবেণী ও মুরারিপুর বাজার ও রামেশ্বরপুর বাজার ও দৌলত বাজার ও বাজেবৈকুণ্ঠপুর ও বৈকুণ্ঠপুর ও কছাটি ও বসুদেবপুর তাহার মধ্যে পাঁজারিপাড়া।

৩। বৈদ্যবাটীর শামিল এই২ গ্রাম। শঙ্করপুর ও দীর্ঘাঙ্গ ও বৈদ্যপুর ও মহেন্দ্রনগর ও চকমগলানি ও সেওড়াপুলি ও মুন্সীডাঙ্গা ও নোনাডাঙ্গা ও দেবগঞ্জ।

৪। ভদ্রেশ্বরের শামিল মাণিকনগর।

৫। চন্দ্রকোণার শামিল এই২ গ্রাম। গাজীপুর ও শ্যামসুন্দরপুর ও মাধবপুর ও ঘর্মামার ও পুরুষোত্তমপুর ও নরহরিপুর ও বেগুণবাটী ও দরিজিরপাই ও খিড়কিবাজার ও সতীবাজার ও গোঁসাইবাজার ও মানসপুর ও কিসমত মানসপুর ও বাবুর বোর ও ভিয়েরবাজার ও রাধাকৃষ্ণপুর ও নওয়াগঞ্জ ও শ্যামনগর ও মিত্রসানপুর ও আমডাঙ্গা ও গোকুলনগর ও নিশ্চিন্দিপুর ও আলমারা ও সমাসপুর ও গোঁসাইবাজার ও রামনগর ও বাণেশ্বরপুর ও নূতনহাট ও এলমবাজার ও অযোধ্যা ও রঘুনাথপুর ও জিরাট মুগুলিকা ও কিসমৎ নন্দীপুর ও গোলোকধামপুর ও পাঠানবের ও গোবিন্দপুর ও বড়বাজার ও বৈকব্যার।

৬। গুপ্তিপাড়ার শামিল এই২ গ্রাম। পটি পরশুরাম ও পটি মত্তিগাছি ও পটি রামজীবনপুর ও পটি নীলকান্ত ও মৌজা মধুবডাঙ্গা ও মৌজা পাট মহল।

৭। পাণ্ডুয়ার শামিল এই২ গ্রাম। চাওহাটা ও দীঘির বাজার ও হরিগড়িয়া ও বালিহাটা ও জয়পুর ও বসুমহলা ও নাকশি মহলা ও শালালপুর ও কাজীমহলা ও সাতঘরিয়া ও রৌজামহল্লা ও মীরামহল্লা ও মাজিপাড়া ও বেররা মহল্লা ও মতি মহল্লা।

৮। খানাকুলের শামিল এই২ গ্রাম। চাগদারবেড ও রামনগর।

৯। শাহাগঞ্জের শামিল এই২ গ্রাম। উজেদনগর ও গড়ীর আলম বাগ ও সাতু ঠাকুর বাগ ও মল্লিক জরন্দিবাগ ও কৌতা ও দলাগড়ি।

আরো ১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। রেবিনিউর সরবেয়র সাহেব সংযোগকরা ঐ সকল গ্রাম জরিপ করিয়া যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে ঐ গ্রামের যে২ সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। ঐ কাগজ হুগলীর কালেক্টরী কাছারীতে দাখিল হইয়াছে, যাঁহার দেখিবার মানস থাকে তিনি তথায় গিয়া দেখিতে পাইবেন।

ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। এ২ গ্রামনিবাসিরদের উপর যে টাকস বসান যাইবে তাহা ঐ টাক্স দিবার যোগ্য লোকেরদের সঙ্গতি বুঝিয়া ও যাহার যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

৩২১৪ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৮ জুন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত তারাচাঁদ বাঁড়ুয্যা যত কাল কর্ম্মে ফিরিয়া না যান তত কাল কিম্বা অন্য হুকুম যাবৎ না হয় তাবৎ এদেশীয় চিকিৎসক শ্রীযুত আবদুল সমদ বর্দ্ধমানের ডিসপেনসরির কর্ম্মের ভার লইবেন।

১৮৬০ সাল ২০ জুন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মো লবী আজিম উদ্দীন হুসেন বক্শার এলাকাখণ্ডের কর্ম্মের ভার লইবেন ও শাহাবাদে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কে এচ ষ্টিফন সাহেব (Mr. K. H Stephen,) পঞ্চম শ্রেণীভুক্ত হইয়াছেন।

রঙ্গপুরের ভোটমারীর মুনসেফ শ্রীযুত সৈয়দ আহমদ তেঁতুলিয়া এলাকাখণ্ডের মধ্যে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

রঙ্গপুরের কৃষ্ণগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু পীতাম্বর মুখুয্যা তেঁতুলিয়া এলাকাখণ্ডের মধ্যে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. | গবর্ণমেণ্টের ইশ্তিহার।

100 RUPEES REWARD

Will be paid to any person giving such information as may lead to the apprehension of Bonomally Roy, (whose descriptive roll is given below in the Vernacular) charged with the homicide of Beni Chuttopadhya.

Apply to the Joint Magistrate of Serampore.

J P GRANT,
Joint Magistrate.

আসামি শ্রী বনমালী রায়, পিতার নাম অপ্রকাশ, বয়স অনুমান ৫০ বৎসর জাতি ব্রাহ্মণ সাকেন রাম জগৎনগর হাল সাং সেয়াখালা, শ্যামবর্ণ, দোহারা শরীর লম্বা কদ, দাড়ি গোঁপ কামান, মস্তকে ঝাঁপড়া চুল, চক্ষু বড় রকম, লম্বা নাসিকা, কর্ণ স্বাভাবিক, তোলা ভুরু

SALT. নেমক

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক ব্যয় ও পরসেণ্ট গোলাতুক্তি বাবৎ লাগাদ ৩০ জুন সন ১৮৬০ সাল প্রত্যেক এজেন্সীর ও খালিখার গোলাজাতের মৌজুদ নেমকের।

এজেন্সীর নাম।		সন ১২৬৪ সাল অথবা ১৮৫৭। ৫৮ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৪ সাল মোতাবক ইং ১৮৫৭। ৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবক ইং ১৮৫৮। ৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবক ইং ১৮৫৯। ৬০ সাল	মৌজুদ নেমকের একুন — পাঙ্গা	মৌজুদ নেমকের একুন — করকচ	মৌজুদ নেমকের একুন — মোটএকুন
হিজলী।								
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।		•	৪৬৮/	৬৩২ ॥৫ ॥	৯৬,৭৩১/	৯৭,৮৩১।৫ ॥	•	৯৭,৮৩১ ॥৫ ॥
ঐ কৃষ্ণনগর।		•	৫,৬১৮/ ৬॥	২৫,৪৭৬ ।০ ॥	১,৫১,১৯৫/	১,৮২,২৮৯ ।৭	•	১,৮২,২৮৯ ।৭
ঐ রায়নগর।		২২/	•	২৫,৫৪১৸০	১,২৫,৬৩২/	১,৫১,১৯৫৸০	•	১,৫১,১৯৫৸০
ঐ কালীনগর।		•	•	৬২,২৫৫ ॥২৸	১,৪২,৪১১/	২,০৪,৬৬৬ ॥২৸	•	২,০৪,৬৬৬ ॥২৸
ঐ পুরীঘাট।		•	•	২,০৪১/	৬৭,৩৮৫/	৬৯,৩৯৬/	•	৬৯,৩৯৬/
	একুন।	২২/	৬,০৮৬/ ৬॥	১,১৫,৯১৭/৮৸	৫,৮৩,৩৫৪/	৭,০৫,৩৭৯ ।৫ ।	•	৭,০৫,৩৭৯ ।৫ ।
তমলুক।								
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।		•	•	•	২,০৭,৩৭১ ॥৯ ।	২,০৭,৩৭১ ॥৯ ।	•	২,০৭,৩৭১ ॥৯ ।
	একুন।	•	•	•	২,০৭,৩৭১ ॥৯ ।	২,০৭,৩৭১ ॥৯ ।	•	২,০৭,৩৭১ ।৯ ।

এজেন্সীর নাম।		সন ১২৬৪ সাল অথবা ১৮৫৭। ৫৮সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৪ সাল মোতাবেক ইং ১৮৫৭। ৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবেক ইং ১৮৫৮। ৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবেক ইং ১৮৫৯। ৬০ সাল	মৌজুদ নেমকের একুন।		
						পাঙ্গা	করকচ	মোট একুন।
চট্টগ্রাম।								
পাঙ্গা নেমক বাগখালি ঘাট।		•	•	১,১৯৬ ॥০	•	১.১৯৬ ॥০	•	১,১৯৬ ॥০
ঐ সদর ঘাট এজেন্সী।		•	•	•	•	•	•	•
ঐ আরাকান।		•	•	•	২২,১৩৭ ॥০	২২,১৩৭ ॥০	•	২২,১৩৭॥০
করকচ মান্দ্রাজ।		৬,৬৯১ ॥০	৯০,৬৬৯ ।২ ॥⁄	১,৪৩,১৯১ ॥০	৭৮,০৮৬৸০	•	৩,১৮,৬০৯⁄ ২ ॥⁄	৩,১৮,৬০৯⁄ ২ ॥⁄
	একুন।	৬,৬৯১ ॥০	৯০,৬৬৯ ।২ ॥⁄	১,৪৪,৩৮৮⁄	১,০০,২২৪ ।০	২৩,৩৩৪⁄	৩,১৮,৬০৯⁄ ২ ॥⁄	৩,৪১,৯৭৩⁄ ২ ॥⁄
হিজলী।								
পাঙ্গা নেমক কটক।		•	•	১ ১১,৫০৩⁄	•	১.১১.৫০৩⁄	•	১.১১,৫০৩⁄
ঐ বালেশ্বর।		•	৭,১২৩⁄	৬২,৮৮১ ॥০	•	৭০,০০৪ ॥০	•	৭০,০০৪ ॥০
ঐ খোরদা।		•	•	১,২৬,৮৩০⁄	•	১,২৬,৮৩০⁄	•	১,২৬,৮৩০⁄
ঐ চিলকা।		•	১১,৪৭২⁄	১,২৮,১৫৪⁄	•	১,৩৯,৬২৬⁄	•	১,৩৯,৬২৬⁄
ঐ নারায়ণপুর।		২১ ১৭৯॥০	•	•	•	২১,১৭৯ ॥০	•	২১,১৭৯ ॥০
ঐ কৃষ্ণনগর।		•	•	৭,০৬৬⁄	•	৭,০৬৬⁄	•	৭,০৬৬⁄
ঐ পুরী ঘাট।		•	৩৬৪⁄	১৫,৫২২⁄	•	১৫,৮৮৬⁄	•	১৫,৮৮৬⁄
ঐ রামনগর।		২,৫৬৭⁄	১,৩৩১⁄	২,৮৩৫⁄	•	৬,৭৩৩⁄	•	৬,৭৩৩⁄
মিশ্রিত পাঙ্গা নেমক।		•	১১⁄	•	•	১১⁄	•	১১⁄
করকচ মান্দ্রাজ পরমিট।		৯,১৫,৯৭৮৸০	•	•	২ ৪০৪ ॥০	•	৯.১৮,৩৮৩ ।০	৯,১৮,৩৮৩ ।০
ঐ চিলকা।		১,৬২,৯৪৬ ॥০	৬৯,৪১০⁄	৮৬,০২১⁄	•	•	৩,১৮,৩৭৭ ॥০	৩ ১৮,৩৭৭ ॥০
মিশ্রিত করকচ।		•	•	২,৯০০⁄	•	•	২,৯০০⁄	২,৯০০⁄
	একুন।	১১,০২,৬৭১৸০	৮৯,৭১১⁄	৫,৪৪,০১২ ॥০	২,৪০৪ ॥০	৪,৯৯,১৩৯⁄	১২,৩৯,৬৬০৸০	১৭,৩৮,৭৯৯৸০
আরাকান।								
পাঙ্গা নেমক ঘাট কৈকফু।		•	•	৭০,৯০৯⁄	৭,৪৮৯⁄	৭৮,৩৯৮⁄	•	৭৮,৩৯৮⁄
	একুন।	•	•	৭০,৯০৯⁄	৭,৪৮৯⁄	৭৮,৩৯৮⁄	•	৭৮,৩৯৮⁄
	মোট একুন।	১১,০৯,৩৮৫ ।০	১,৮৬,৪৬৬ ।৯⁄	৮,৭৫,২২৬ ॥৮৸	১,০০,৮৪৩ ।৯ ।	১৫.১১,৬২২⁄ ৪ ॥	১৫,৫৮,২৯৯৸১ ॥⁄	৩০,৭১,৯১১৸৭⁄

ই টি টুবর। সেক্রেটারী।

[Government Gazette, 10th July, 1860.]

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন, কানষ্ট্রকসন, ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে. তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন, কানষ্ট্রকসন ও সাধারণ লিপি এবং সংকৃত দায়ভাগ, ব্যবস্থা দত্তক চন্দ্রিকা ও দত্তকমীমাংসাপ্রভৃতির বঙ্গানুবাদ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফ মহাশয়ের সহায়তায় শ্রীযুত বাবু বেণীমাধব দের বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত হইতেছে এই পুস্তক ১০০০ পৃষ্ঠা পরিমাণে উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত করত উত্তমরূপে বাঁধাইয়া স্বাক্ষরকারির প্রতি ১০৲ টাকা ও বিনা স্বাক্ষরকারির প্রতি ১২৲ টাকা মূল্যে বিক্রয় করা যাইবেক যে সকল মহাশয়দিগের উক্ত পুস্তক প্রয়োজন হইবে তাঁহারা শহর কলিকাতার বটতলায় ২৪৬ নং ভবনে উক্ত যন্ত্রাগারে অথবা উক্ত যন্ত্রাধ্যক্ষের পুস্তকালয়ে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি তারিখ সন

কলঙ্কভঞ্জন নাটক।

কাব্যপ্রিয় কৌতুকামোদি ব্যক্তিবৃন্দের চিত্ত বিনোদনার্থে কাব্য ও কারুণ্য রসে পরিপূরিত "কলঙ্কভঞ্জন নাটক" মুদ্রাঙ্কণে প্রবৃত্ত হইয়াছি। বিপুল পরিশ্রম সহকারে রচনা করায় যেরূপ সুমিষ্ট সুশ্রাব্য হইয়াছে তাহা বর্ণন বাহুল্য মাত্র, একবার পাঠ করিলেই অবগত হইবেন। মূল্য স্বাক্ষরকারির প্রতি ॥০ আনা, বিনা স্বাক্ষরকারির প্রতি ৸০ আনা গ্রহণেচ্ছুক মহোদয়গণ কলিকাতার পার্কষ্ট্রীটের ৪৩ নং ভবনে শ্রীযুক্ত বাবু তারিণীচরণ পালের নিকট পত্র লিখিলে প্রাপ্ত হইবেন ইতি।

বিজ্ঞাপন।

সাধারণের সুলভার্থে, প্রতিমাসের গবর্ণমেণ্টের গেজেটে যে সমস্ত আইন ও সরকুলর অর্ডর ও অন্য বিধি প্রকাশ হইবেক, তাহা সমুদয় অবিকল একত্রিত সংগ্রহ করণান্তর. আমি ব্যবহার সংহিতা নামে এক খানি মাসিক পত্রিকা, ঢাকা বাঙ্গলা যন্ত্রে বঙ্গ ভাষায় মুদ্রাঙ্কনপূর্ব্বক প্রকাশ করিব। প্রতিমাসের সংগৃহীত পত্রিকা তৎপরমাসের প্রথম পক্ষ শেষ হওয়ার পূর্ব্বে প্রকাশ হইবেক। কিন্তু বর্ত্তমান জুন মাসের সমুদয় বিধি পত্রিকাকারে আগামি ২৮ জুলাই তারিখে প্রথম প্রকাশ হইবেক। গ্রহণকারি মহাশয়েরদের ডাকমাসুল ব্যতীত বার্ষিক মূল্য অগ্রিম প্রদান করিলে ৪৲ টাকা নচেৎ ৫৲ টাকা দিতে হইবেক। যাঁহারা গ্রহণেচ্ছুক হইবেন, এযন্ত্রে অথবা সদর আমিনী আদালতে আমার নিকট পত্র পাঠাইলেই আমি পত্রিকা প্রেরণ করিব, অতএব আমার প্রার্থনা যে, আইনবেত্তা মহাশয়েরা কৃপাপূর্ব্বক এই পত্রিকাখানি গ্রহণ করিলেই চরিতার্থ হই।

শ্রী রামচন্দ্র শর্ম্মভৌমিক উকীল। ঢাকা সদর আমীন। ৪৲

বিজ্ঞাপন।

সাধারণের সুলভার্থে সিবিল গাইডের রীত্যনুসারে, প্রত্যেক বিষয়বিশেষের একটী ফিরিস্তি সহ রদব্যতীত ১৭৯৩ সালের ১ আইনহইতে ১৮৬০ সালের এপ্রেল মাসপর্য্যন্তের প্রকাশিত মাল ও দেওয়ানী সমুদয় বাঙ্গালী আইন এক পুস্তকে, ও সরকুলর অর্ডর ও আইনের অর্থ অপর পুস্তকে, ঢাকা বাঙ্গলা যন্ত্রে বঙ্গভাষায় মুদ্রাঙ্কন হইতেছে, উক্ত ফিরিস্তি দ্বারা এক বিষয়ের সমুদয় বিধি একেবারে দৃষ্ট করিবার বিশেষ সুবিধা হইবেক। প্রথমোক্ত পুস্তক বর্ত্তমান জুলাই মাসের শেষ হওয়ার পূর্ব্বে এবং শেষোক্ত পুস্তক আগামি আগষ্ট মাস শেষ হওয়ার পূর্ব্বে নিশ্চয় সমাপন হইবেক। যাঁহারা আগামি জুলাই মাস শেষ হওয়ার পূর্ব্বে পুস্তক প্রাপণাশায় এযন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন, তাঁহারা প্রথমোক্ত পুস্তক ৩৲ টাকা ও শেষোক্ত পুস্তক ১॥০ টাকা মূল্যে পাইতে পারিবেন, নতুবা ৪॥০ টাকা ও ২৲ টাকা মূল্য দিতে হইবেক। অপর যাঁহারা উক্ত পুস্তক বিক্রয় করিয়া দিবেন, তাঁহারা শতকরা ১৫৲ টাকা কমিসান পাইবেন ইতি।

শ্রীরামচন্দ্র শর্ম্ম ভৌমিক উকীল। ঢাকা সদর আমীন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১০ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্‌ ভিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 17, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৭ জুলাই।

DRAFT OF ACT

A Bill to consolidate and amend the law relating to Stamp Duties

[Continued from page 404.]

[Deeds inadvertently executed on unstamped or insufficiently stamped paper may be stamped on payment of proper Stamp duty and penalty Proviso.]

XIII *First.*—Deeds, Instruments, and Writings executed on unstamped or insufficiently Stamped paper from accident, ignorance, inadvertence, mistake, or from other unavoidable cause, may be impressed with the requisite Stamp or Stamps, on application being made to the Collector, after payment of the proper amount of Stamp duty, and the penalties hereinunder stated, or such mitigated penalty as the local Government or any Board or Officer authorized by the local Government may prescribe. Provided always that the payment of such penalty shall exempt the person making the same from any other penalty provided by this Act for such neglect or omission, and that if any such other penalty shall already have been imposed, then the same shall be taken as far as it goes in reduction of any penalty arising under this Clause.

[Penalty if executed on unstamped or insufficiently stamped paper and brought to be stamped within thirty days of execution Penalty if brought within three months of execution or six months of promulgation of Act. Penalty if not brought within the two periods last mentioned]

Second.—If the Deed, Instrument, or Writing executed as aforesaid on unstamped or insufficiently stamped paper be brought within thirty days

আইনের মুসাবিদা।

ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[৪০৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[অনবধানতাতে যদি কোন দলীল ইষ্টাম্প না হওয়া কাগজে কিম্বা অনুপযুক্ত ইষ্টাম্পকরা কাগজে লেখা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল ও জরীমানা দিলে তাহাতে ইষ্টাম্প দিতে পারিবার কথা ও বর্জ্জিত কথা।]

১৩ ধারা। প্রথম প্রকরণ।—কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া যদি দৈবাৎ কিম্বা অজ্ঞানতা কি অনবধানতা কি ভুলক্রমে কিম্বা অনিবার্য্য অন্য কারণে ইষ্টাম্প না হওয়া কাগজে কিম্বা অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল ও পশ্চাৎ লিখিত জরীমানার টাকা দিলে পর, কিম্বা তাহার কম যে জরীমানা স্থানদেশের গবর্ণমেণ্ট নির্দ্ধার্য্য করেন, কি স্থানদিশেষের গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা পাইয়া কোন বোর্ড কি কার্য্যকারক নির্দ্ধার্য্য করেন, সেই জরীমানা দিলে পর, কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত হইলে প্রয়োজনমতের এক কি অধিক ইষ্টাম্প তাহাতে ছাপাইয়া দেওয়া যাইতে পারিবে। কিন্তু সেই জরীমানার টাকা কোন লোক দিলে পর, তাহার ঐ দোষ কি ত্রুটিপ্রযুক্ত এই আইনেতে অন্য যে কোন জরীমানার বিধান হয় তাহা সেই লোকের দিতে হইবেক না, ও যদি পূর্ব্বে সে ঐ অন্য জরীমানার টাকা দিয়া থাকে, তবে যত টাকা জরীমানা দিয়াছে তাহা এই প্রকরণমতের কোন জরীমানাহইতে বাদ দেওয়া যাইবে।

[ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা হইয়া, ত্রিশ দিনের মধ্যে ইষ্টাম্প হইবার জন্যে আনা গেলে যত জরীমানা লাগিবে তাহার কথা। ও লিখিবার পর তিন মাসের মধ্যে, কি আইন জারী হইবার পর ছয় মাসের মধ্যে আনা গেলে, ও ঐ দুই কালের মধ্যে না আনা গেলে, যত জরীমানা লাগিবে তাহার কথা।]

দ্বিতীয় প্রকরণ। যে দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া পূর্ব্বোক্তমতে ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তাহা যদি

from the date of execution, the requisite Stamp may be impressed on payment of the proper amount of Stamp Duty and treble the amount of the deficient duty; if brought after thirty days from the date of execution, but within three months from that date, or if brought within six months from the time of this Act coming into force, the requisite Stamp may be impressed on payment of the proper amount of Stamp duty and five times the amount of the deficient duty, or if not brought within the two periods last mentioned, the requisite Stamp may be impressed on payment of the proper amount of Stamp duty and twenty times the deficient duty.

দস্তখৎ করিবার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে উপস্থিত করা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল দেওয়া গেলে ও তাহার কম যত টাকার ইষ্টাম্প কাগজে লেখা হইয়াছে তাহার তিনগুণ টাকা দেওয়া গেলে প্রয়োজনমতের ইষ্টাম্প তাহাতে ছাপা হইতে পারিবেক। যদি দস্তখৎ হইবার তারিখঅবধি ত্রিশ দিনের পর, কিন্তু ঐ তারিখ-অবধি তিন মাসের মধ্যে, কিম্বা এই আইন জারী হইবার সময়অবধি ছয় মাসের মধ্যে উপস্থিত করা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল দিলে, ও তাহার কম যত টাকার ইষ্টাম্প কাগজে লেখা হইয়াছে তাহার পাঁচগুণ টাকা দিলে প্রয়োজনমতের ইষ্টাম্প তাহাতে ছাপা হইতে পারিবে। যদি শেষোক্ত দুই মিয়াদের মধ্যে উপস্থিত না করা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল দিলে, ও তাহার কম যত টাকার ইষ্টাম্প কাগজে লেখা হইয়াছে তাহার বিশগুণ টাকা দিলে প্রয়োজনমতের ইষ্টাম্প তাহাতে ছাপা হইতে পারিবে।

[Collector to determine whether, on payment of penalty, a Deed, &c. executed on unstamped or insufficiently stamped paper shall be stamped. In what cases decision of Collector final. Mitigation of penalty]

[দলীলপ্রভৃতি ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা হইলে ও জরীমানা দেওয়া গেলে তাহাতে ইষ্টাম্প বসান যাইবে কি না এই কথা কালেক্টর সাহেবের স্থির করিবার কথা। ও কালেক্টর সাহেবের নিষ্পত্তি যে স্থলে চূড়ান্ত হইবে তাহার কথা, ও জরীমানা কম করিবার কথা।]

Third.—It shall be the duty of the Collector of the Stamp Revenue of the District, or other Officer as aforesaid, to determine whether upon payment of the penalties mentioned in the last preceding Clause the requisite Stamp shall be impressed on any Deed, Instrument, or Writing which shall have been executed on unstamped or insufficiently stamped paper, and the decision of the Collector shall be conclusive and final, except in cases in which he shall refuse to allow the Deed, Instrument, or Writing to be Stamped. The Board of Revenue or other general controlling Revenue Authority may, however, upon petition order such penalty to be mitigated, and if paid, may order such part of it as they may consider proper to be returned.

তৃতীয় প্রকরণ। কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া যদি ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তবে ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত জরীমানা দেওয়া গেলে, তাহাতে উপযুক্ত ইষ্টাম্প ছাপান যাইবে কি না এই কথা নির্দ্ধার্য্য করা জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারকের কর্ত্তব্য কর্ম্ম হইবে। ও কালেক্টর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক, কেবল যে স্থলে ঐ দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে ইষ্টাম্প বসাইতে না দেন সেই স্থলে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে না। বোর্ড রেবিনিউর সাহেবেরদের নিকটে কিম্বা রাজস্বের সাধারণ তত্ত্বাবধারক অন্য সাহেবের নিকটে দরখাস্ত হইলে তাঁহারা ঐ জরীমানা কম করিতে পারিবেন, কিম্বা জরীমানার টাকা যদি দেওয়া গিয়া থাকে, তবে যত টাকা উপযুক্ত বোধ করেন তত ফিরিয়া দিবার হুকুম করিতে পারিবেন।

[In what cases Civil Court may receive Deed, &c., on payment of Stamp Duty and penalty.]

[যে স্থলে ইষ্টাম্পের মাসুল ও জরীমানা দেওয়া গেলে পর দেওয়ানী আদালতে দলীলপ্রভৃতি গ্রাহ্য হইতে পারে তাহার কথা।]

Fourth.—Sections 130 and 131 of Act VIII. of 1859 *(for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter)* are hereby repealed, and in lieu thereof it is enacted as follows:—In all cases under this Act in which a Collector may impress a Stamp on payment of the proper amount of Stamp duty and a penalty, any Civil Court may receive in evidence any Deed, Instrument, or Writing which might be so impressed, on payment into Court of the proper amount of Stamp Duty, and the penalty as by this Section imposed.

চতুর্থ প্রকরণ। ১৮৫৯ সালের ৮ আইনের (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার যেং আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেইং আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইনের) ১৩০ ও ১৩১ ধারা ইহাতে রদ হইল, ও তাহার পরিবর্ত্তে এই বিধান হইল। ইষ্টাম্পের উপযুক্ত মাসুল ও জরীমানার টাকা দেওয়া গেলে যে স্থলে কালেক্টর সাহেব এই আইনমতে ইষ্টাম্প ছাপাইতে পারেন, এমত স্থলে যে দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে ইষ্টাম্প ঐ রূপে ছাপান যাইতে পারে তাহার ইষ্টাম্পের উপযুক্ত মাসুল ও এই ধারার নির্দ্দিষ্ট জরীমানার টাকা দেওয়ানী আদালতে দাখিল হইলে, ঐ আদালত ঐ দলীলপ্রভৃতি প্রমাণস্বরূপে গ্রাহ্য করিতে পারিবেন।

[Procedure on payment under preceding Clause.]

[ইহার পূর্ব্বের প্রকরণমতে টাকা দেওয়া গেলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

Fifth.—An entry of such payment and of the amount thereof shall be made in a book to be kept in the Court, and shall also be endorsed on the

পঞ্চম প্রকরণ। ঐ রূপে যে টাকা দেওয়া যায় তাহার কথা লিখিবার একখান বহী আদালতে রাখিতে হইবেক। ও সেই টাকা যে দেওয়া গেল ও

back of the Deed, Instrument, or Writing, and shall be signed by a Judge of the Court. The Court shall at the end of every month make a return to the Collector of the Stamp Revenue of the District, of the monies (if any) which it has so received, distinguishing between the monies received by way of penalty and those received by way of duty, stating the number and title of the suit and the name of the party from whom such monies were received, and the date, if any, and description of the document, for the purpose of identifying the same, and the Court shall pay over the said monies to such Collector or to such person as he may appoint to receive the same. And such Collector or other proper authority shall, upon the production of the Deed, Instrument, or Writing, with the endorsement hereinbefore mentioned, cause it to be Stamped thereon with a Stamp of the amount paid into Court on account of such duty. All the provisions hereinbefore contained as to the mitigation or payment of penalties paid to the Collector shall be applicable to penalties paid into Court.

[No unstamped or insufficiently stamped Deed, &c., to be stamped except as aforesaid.]

Sixth.—No Deed, Instrument, or Writing executed on stamped or insufficiently Stamped paper shall be Stamped at any time after the execution thereof, except as aforesaid.

[Cost of transmitting Deed, &c., to be Stamped by whom to be paid.]

Seventh.—The cost of transmitting all Deeds, Instruments, and Writings required to be stamped under this Section and the cost of registering the same at the Post Office for transmission, shall, in all cases, be borne by the party applying to have such Deeds, Instruments, and Writings stamped.

[Government not responsible for loss or damage to Deed, &c.

Eighth.—The Government shall not be responsible for any loss or damage which may occur in respect of any Deed, Instrument, or Writing entrusted to the Collectors of Stamp Revenue, and no person employed by the Government in the Stamp Department shall be responsible for any such loss or damage, unless that person shall wilfully, fraudulently, or by gross negligence, cause such loss or damage.

[Provisions of this Section not to extend to Bills of Exchange, &c., drawn in India.]

But no part of this Section shall extend to Bills of Exchange or other forms of orders for money drawn within the British Territories in India, or to receipts for money.

যত টাকা দেওয়া গেল তাহা সেই বহীতে, ও ঐ দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার পৃষ্ঠে লিখিতে হইবেক, ও তাহাতে আদালতের বিচারপতি দস্তখৎ করিবেন। কোন আদালতে সেইরূপ কিছু টাকা পাওয়া গেলে, ঐ আদালত মাসের শেষে সেই কথার রিপোর্ট লিখিয়া জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবকে দিবেন, তাহাতে জরীমানা বলিয়া যত টাকা দেওয়া গেল ও মাসুল বলিয়া যত দেওয়া গেল তাহা বিশেষ করিয়া লিখিতে হইবেক, ও মোকদ্দমার নম্বর ও নাম, ও যাহার স্থানে ঐ সকল টাকা পাওয়া গেল তাহার নাম, ও সেই দলীল চেনা যায় এই নিমিত্তে তাহাতে তারিখ থাকিলে সেই তারিখ ও দলীলের খোলাসা লিখিতে হইবেক। ও সেই আদালত ঐ টাকা ঐ কালেক্টর সাহেবকে, কিম্বা তিনি অন্য যে ব্যক্তিকে ঐ টাকা লইতে নিযুক্ত করেন, তাহাকে দিবেন। তাহাতে ঐ দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া পৃষ্ঠের লিখিত পূর্ব্বোক্ত কথাসমেত ঐ কালেক্টর সাহেবের কি উপযুক্ত অন্য কার্য্যকারকের নিকটে উপস্থিত করা গেলে, তিনি ঐ মাসুলের বাবৎ যত টাকা আদালতে দাখিল হইয়াছে তত টাকার ইষ্টাম্প তাহাতে দেওয়াইবেন। কালেক্টর সাহেবকে যে জরীমানার টাকা দেওয়া যায়, তাহা কম করিবার কিম্বা তাহা দিবার যে সকল বিধি উপরে লেখা গিয়াছে, তাহা আদালতে দেওয়া জরীমানার ঐ টাকার উপরও খাটিবে।

[ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে যে দলীলপ্রভৃতি লেখা যায়, তাহাতে কেবল পূর্ব্বোক্তমতে ইষ্টাম্প দেওয়া যাইবার কথা।]

ষষ্ঠ প্রকরণ। ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে যে কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া হয়, তাহাতে দস্তখৎ হইলে পর, পূর্ব্বোক্তমতে না হইলে কোন সময়ে ইষ্টাম্প দেওয়া যাইতে পারিবে না।

[ইষ্টাম্প দিবার জন্যে দলীলপ্রভৃতি চালান করিবার খরচ যাহার দিতে হইবেক তাহার কথা।]

সপ্তম প্রকরণ। এই ধারামতে যে সকল দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে ইষ্টাম্প দেওয়া প্রয়োজন হয় তাহা চালান করিবার খরচ, ও চালান করিবার নিমিত্তে তাহা ডাকঘরে রেজিষ্টরি করিবার খরচ, যে জন ঐ দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে ইষ্টাম্প দিবার দরখাস্ত করে তাহার সর্ব্বদা দিতে হইবেক।

[দলীলপ্রভৃতি হারাণ গেলে কি তাহার লোকসান হইলে গবর্ণমেণ্টের দায়ী না হইবার কথা।]

অষ্টম প্রকরণ। ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবদিগের নিকটে যে কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া গচ্ছিত করা যায় তাহা হারাণ গেলে কি তাহার কিছু লোকসান হইলে গবর্ণমেণ্ট তাহার নিমিত্তে দায়ী হইবেন না। ও যে কোন লোক গবর্ণমেণ্টহইতে ইষ্টাম্প ডিপার্টমেণ্টে নিযুক্ত হন, তিনিও তাহার নিমিত্তে দায়ী হইবেন না, কেবল যদি সেই লোক জানিয়াশুনিয়া কি প্রতারণা করিয়া কি ভারি অমনোযোগ করিয়া ঐ দলীলপ্রভৃতি হারাইয়া ফেলেন কি তাহার লোকসান করেন, তবে দায়ী হইবেন ইতি।

[এই ধারার বিধান ভারতবর্ষের মধ্যে লেখা কোন হুণ্ডীপ্রভৃতির উপর না খাটিবার কথা।]

কিন্তু ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে লেখা কোন হুণ্ডীর উপর, কি টাকা দিবার অন্য কোন প্রকারের হুকুমনামার উপর, কিম্বা টাকার কোন রসীদের উপর এই ধারার কোন কথা খাটিবে না।

[What sum recoverable under a Writing bearing an optional stamp.]

XIV No larger sum shall be recoverable in any Court of Justice by reason of any Deed, Instrument, or Writing for which an optional Stamp is indicated to be proper by the said Schedule, than the largest sum for which, if specially stated in a Deed, Instrument, or Writing of the same denomination, the Stamp actually used under the option so given, would be of sufficient value. And no such Deed, Instrument, or Writing shall be held by any Court of Justice to be valid in respect to any sum of money larger than that for which the Stamp on the said Deed, Instrument, or Writing would be sufficient.

[Expense of providing Receipt Stamps, &c.]

XV. Every person receiving payment of any sum of money, the receipt for which under this Act requires a Stamp, shall, if required, give a receipt bearing the proper Stamp indicated by this Act, and shall bear the expense of furnishing the same, and in case of refusal shall be liable to a penalty not exceeding one hundred Rupees. The expense of providing the Stamp of all Bills of Exchange, Letters of Credit, Drafts, Cheques on Bankers or others, Promissory Notes, and other Orders and Obligations for the payment of money made or drawn in the British Territories in India (not being Bonds or Instruments or Writings bearing the attestation of one or more witnesses) shall be borne by the person making or drawing the same.

[Stamp duty payable under Schedule B.]

XVI. Except within the local limits of the jurisdiction of the Courts established by Royal Charter, no Instrument or Writing of any of the kinds specified as requiring Stamps in the Schedule B annexed to this Act, shall be filed, exhibited, or recorded in any Court of Justice or Office with respect to which Court or Office such Instrument or Writing is required by Schedule B to have a Stamp, or shall be received or furnished by any Public Officer, unless such Instrument or Writing be upon a Stamp prescribed as aforesaid by the Governor General of India in Council, and of a value not less than that indicated to be proper for it by the said Schedule B.

[Effect of provision contained in the Schedules.]

XVII Every provision contained in the Schedules annexed to this Act shall be of the same force as if it were contained in the body of the Act.

[Governor General in Council may lower rates of Stamp Duty in any District, or altogether exempt the same, &c Proviso.]

XVIII. The Governor General in Council may by an order to be published in the Calcutta Gazette

[যে লেখাপড়ার স্বেচ্ছামতের ইষ্টাম্প দেওয়া যায় তাহার উপর যত মাসুল আদায় হইতে পারে তাহার কথা।]

XLVI. If upon the return of such warrant it shall appear that no sufficient distress can be had whereon to levy such fine, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Officer, by the confession of the offender or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such fine or sum of money could be levied if a warrant of distress were issued, any such Officer may, by warrant under his hand, commit the offender, provided he is not a European British subject, to prison, there to be imprisoned, according to the discretion of such Officer, for any term not exceeding two calendar months when the amount of fine shall not exceed fifty Rupees, and for any term not exceeding four calendar months when the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six calendar months in any other case, the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Levy of fines from European British subjects.]

XLVII. If the offender shall be a European British subject, the Magistrate shall record the facts and transmit such record to the District Court of the District wherein the offender is convicted, and the amount of the fine and costs (if any) shall be levied in the manner provided for the execution of decrees of the Civil Court.

[*Government Gazette*, 31*st July*, 1860.]

ইনমতে হইতে পারে, এমত কোন অপরাধ রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালতের এলাকার সীমার মধ্যে করা গেলে, তাহার দণ্ড সেই আদালতে হইতে পারিবেক ইতি।

[জরীমানার ও অর্থদণ্ডের টাকা ক্রোক করণদ্বারা আদায় করিবার কথা।]

৪৪ ধারা। পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেব কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেব কি আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি কোন লোক কিম্বা আসিষ্টান্ট মাজিষ্ট্রেট সাহেব যেং অপরাধের দণ্ড করিতে পারেন এমত কোন অপরাধের নিমিত্তে এই আইনের শক্তিক্রমে যে অর্থদণ্ডের কি জরীমানার হুকুম হয়, তাহার টাকা যদি না দেওয়া যায়, তবে পূর্ব্বোক্ত কোন কার্য্যকারকের দস্তখতকরা পরওয়ানামতে অপরাধির মাল ও জিনিসপত্র ক্রোক ও নীলাম হইয়া ঐ টাকা আদায় হইতে পারিবে ইতি।

[ক্রোকী পরওয়ানার ওয়াপোস যত কাল না হয় তত কাল যাহা করিতে হইবেক তাহার কথা।]

৪৫ ধারা। ঐ অর্থদণ্ডের কি জরীমানার টাকা যদি অব্যাজে না দেওয়া যায়, তবে উক্ত কোন কার্য্যকারক সাহেব অপরাধিকে গ্রেপ্তার করিবার, ও সেই ক্রোকী পরওয়ানার ওয়াপোস অক্লেশে যত কাল হইতে না পারে তত কাল তাহাকে হাজতে রাখিবার হুকুম করিতে পারিবেন। কিন্তু পরওয়ানার ওয়াপোস হইবার যে সময় ও স্থান নিরূপণ হয়, অপরাধী সেই সময়ে ও স্থানে হাজির হইবার জামিন যদি ঐ কার্য্যকারক সাহেবের খাতিরজমামতে দেয়, তবে তাহাকে হাজতে রাখিতে হইবেক না ইতি।

[ক্রোক করণদ্বারা জরীমানার টাকা শোধ করিতে না কুলাইলে কয়েদ করিবার কথা।]

৪৬ ধারা। ঐ পরওয়ানার ওয়াপোস হইলে, যদি দেখা যায় যে, ঐ জরীমানার টাকা যাহাতে আদায় হইতে পারে ক্রোক করিবার এমত উপযুক্ত বিষয় নাই, ও যদি জরীমানার টাকা অব্যাজে না দেওয়া যায়, কিম্বা ক্রোকী পরওয়ানা জারী হইলেও ঐ জরীমানা কি ঐ টাকা যাহাতে আদায় হইতে পারে অপরাধির এমত উপযুক্ত কোন মাল কি জিনিসপত্র নাই, এই কথা যদি ঐ কার্য্যকারক সাহেব অপরাধির স্বীকারমতে কি অন্য প্রকারে খাতিরজমামতে জানিতে পান, তবে সেই অপরাধী ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হইলে, সেই কার্য্যকারক সাহেব আপনার দস্তখৎকরা পরওয়ানা দিয়া অপরাধিকে কয়েদ করাইতে পারিবেন। অর্থাৎ জরীমানা যদি পঞ্চাশ টাকার অধিক না হয়, তবে কার্য্যকারক সাহেবের বিবেচনামতে ইঙ্গরেজী হিসাবমতের দুই মাসের অনধিক কোন কালপর্য্যন্ত, ও জরীমানা যদি এক শত টাকার অধিক না হয়, তবে চারি মাসের অনধিক কোন কালপর্য্যন্ত, ও অন্য কোন গতিকে ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করাইতে পারিবেন। উক্ত কোন স্থলে, জরীমানার টাকা দেওয়া গেলেই কয়েদহইতে মুক্ত করা যাইবেক ইতি।

[ইউরোপীয় ব্রিটনীয় প্রজার জরীমানার টাকা আদায় করিবার কথা।]

৪৭ ধারা। অপরাধী যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হন, তবে মাজিষ্ট্রেট সাহেব বৃত্তান্ত লিখিয়া যে জিলার মধ্যে অপরাধির দোষ সাবুদ হইয়াছে সেই জিলার প্রধান আদালতে ঐ বৃত্তান্ত পাঠাইবেন। তাহাতে ঐ জরীমানার টাকা, ও কিছু খরচ হইলে সেই খরচের টাকা দেওয়ানী আদালতের ডিক্রী জারী করিবার বিধানমতে উশুল হইবেক ইতি।

[Rewards to informers.]

XLVIII. Any fine or penalty levied from any person convicted of an offence under this Act, or any portion of such fine or penalty, may be awarded to the person on whose information the conviction shall take place.

[Notice and limitation of suits.]

XLIX. No suit, action, or other proceeding shall be commenced or prosecuted against any person for anything done in pursuance of this Act without giving to such person a month's previous notice in writing of the intended action and of the cause thereof, nor after the expiration of three months from the accrual of the cause of action or other proceeding.

[Parts of District may be withdrawn from the operation of the Act and again made subject to it.]

L. It shall be lawful for the Governor General of India in Council or for the Executive Government of any Presidency or for any Lieutenant Governor, or with the sanction of the Governor General of India in Council, for any Chief Commissioner of any Province from time to time to withdraw from the operation of all or any of the provisions of this Act any part or parts of any District or place, and in like manner, as occasion shall require, to subject the same again to the operation of all or any of the provisions of this Act.

[Act not intended to alter or affect any other law relating to licenses.]

LI. Nothing in this Act shall be construed to alter or affect the provisions of any Law or other Regulation for the time being in force relating to licenses.

[Award of hard labor not commutable to fine.]

LII. Whenever an award of hard labor is made under this Act, the Court shall not commute such labor to the payment of a fine under Regulation II. 1834 of the Bengal Code.

[Grant of licenses in Presidency Towns.]

LIII. All licenses which may by this Act be granted by a Magistrate may in the Presidency Towns be granted by a Commissioner of Police.

[Interpretation of the word "India."]

LIV. The word "India" in this Act shall mean the Territories which are or may become vested in Her Majesty by the Statute 21 and 22 Vic. c. 106, entitled "An Act for the better Government of India."

[Commencement and duration of Act.]

LV. The first Section of this Act shall take effect from the passing thereof and all the rest of this Act shall take effect from and after the 1st day

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬০ । ৩১ জুলাই ।]

[গোয়েন্দারদিগকে পুরস্কার দিবার কথা ।]

৪৮ ধারা । এই আইনমতে যাহার অপরাধ সাব্যস্ত হয় তাহার স্থানে যে কিছু জরীমানার কি অর্থদণ্ডের টাকা উসুল হয় তাহা কি তাহার কোন অংশ, যাহার সম্বাদমতে অপরাধ সাব্যস্ত হয় তাহাকে দেওয়া যাইতে পারিবেক ইতি ।

[মোকদ্দমার এত্তেলা ও মিয়াদ ।]

৪৯ ধারা । এই আইনানুসারে কোন ব্যক্তি যে কোন কার্য্য করে সেই কার্য্যপ্রযুক্ত তাহার নামে নালিশ করিবার মনস্থ হইলে, ঐ মনস্থ থাকার ও সেই নালিশ করিবার হেতুর সম্বাদ তাহাকে এক মাস থাকিতে লিখিয়া না দেওয়া গেলে, তাহার নামে কোন মোকদ্দমা কি নালিশ কি মোকদ্দমাঘটিত অন্য কার্য্য আরম্ভ হইবেক না কি চলিবেক না । কিম্বা নালিশের কি মোকদ্দমাঘটিত অন্য কার্য্যের হেতু হইয়া তিন মাস অতীত হইলে পর, কোন মোকদ্দমাপ্রভৃতি হইবেক না ইতি ।

[কোন জিলার কোন২ অংশ এই আইনের কার্য্য হইতে পৃথক্ হইতে পারিবার ও পুনরায় আইনের অধীন হইতে পারিবার কথা ।]

৫০ ধারা । হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, কি কোন রাজধানীর কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, কিম্বা কোন লেপ্টেনেণ্ট গবরনর সাহেব, কিম্বা হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অনুমতি লইয়া কোন প্রদেশের প্রধান কমিস্যনর সাহেব, সময়ে২ কোন জিলার কি স্থানের কোন এক কি অধিক ভাগ এই আইনের সকল কি কোন২ বিধানের আমলহইতে পৃথক করিতে পারিবেন । ও সেই প্রকারে যখন প্রয়োজন হয় তখন সেই২ জিলাতে কি স্থানে ঐ আইনের সমুদয় কি কোন২ বিধান পুনরায় চালাইতে পারিবেন ইতি ।

[এই আইনেতে অনুমতিপত্রের অন্য কোন আইনের পরিবর্ত্তন কি হ্রাসবৃদ্ধি করিবার অভিপ্রায় না থাকার কথা ।]

৫১ ধারা । অনুমতিপত্রের বিষয়ে যে কোন আইন কি অন্য বিধান যে সময়ে চলন হয়, তাহার বিধির পরিবর্ত্তন কি হ্রাসবৃদ্ধি যাহাতে হয়, এই আইনের কোন কথার এমন অর্থ করিতে হইবে না ইতি ।

[কঠিন পরিশ্রমের হুকুম হইলে তাহার পরিবর্ত্তে জরীমানা হইতে না পারিবার কথা ।]

৫২ ধারা । যখন এই আইনমতে কঠিন পরিশ্রম করিবার হুকুম হয়, তখন আদালত বাঙ্গলা দেশের চলিত ১৮৩৪ সালের ২ আইনমতে ঐ পরিশ্রমের পরিবর্ত্তে জরীমানা দিবার হুকুম করিবেন না ইতি ।

[রাজধানীর প্রধান নগরে অনুমতিপত্র দিবার কথা ।]

৫৩ ধারা । এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেব যে প্রকারের অনুমতিপত্র দিতে পারেন, রাজধানীতে পোলীসের কমিস্যনর সাহেব তাহাই দিতে পারিবেন ইতি ।

["ভারতবর্ষ" এই শব্দের অর্থ ।]

৫৪ ধারা । এই আইনের মধ্যে "ভারতবর্ষ" এই শব্দেতে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইনেতে অর্থাৎ "ভারতবর্ষের আরো উত্তমরূপে কর্তৃত্ব করিবার আইনেতে" যে সকল দেশ শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি অর্পিত হইয়াছে কি অর্পিত হয় সেই সকল দেশকে বুঝায় ইতি ।

[আইনের আমলে আসিবার ও চলন থাকিবার সময়ের কথা ।]

৫৫ ধারা । এই আইনের প্রথম ধারা আইন জারী হইবার সময়অবধি চলিবে ও এই আইনের অন্য সকল ধারা ১৮৬০ সালের অক্টোবর মাসের ১ তারিখঅবধি

of October 1860. This Act shall continue in force for five years from the said 1st day of October.

M. WYLIE,
Clerk of the Council.

জারি হইবেক। এই আইন উক্ত অক্টোবর মাসের ১ তারিখঅবধি পাঁচ বৎসরপর্য্যন্ত প্রবল থাকিবে ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

ইশ্‌তিহার।

বর্ত্তমান মাসের ৬ তারিখের ১৬৭৯ নম্বরের গবর্ণমেন্টের হুকুমানুসারে তাবৎ সরকারী গোলায় নিম্ন লিখিত মৌজুদ নেমক সম্মুখের লিখিত ফি ১০০/ মোনের নিরিখদরে বিক্রয়ার্থে ইশ্‌তিহার দেওয়া গেল।

		মোন	ফি ১০০/ মোনে টাকা
হিজলির পাঙ্গা উক্ত এজেন্সী ঘাটহায়ে মৌজুদ		৮,৮৮,০০০/	৩৫৮৲ টাকা
হিজলির (পুরিঘাটা) পাঙ্গা মোৎ খালিখায় মৌজুদ		১১,৫০০/	৩৭৬৲
২৪ পরগনা পাঙ্গা মোৎ খালিখায়	ঐ	১৮,০০০/	৩৯৮৲
পুরি (চিলকা) পাঙ্গা মোৎ খালিখায়	ঐ	৪৩,০০০/	৩৮৪৲
কটক পাঙ্গা মোৎ খালিখায়	ঐ	১,০৭,০০০/	৩৮৭৲
বালেশ্বর পাঙ্গা মোৎ খালিখায়	ঐ	৫৪,০০০/	৩৭১৲
তমলুক পাঙ্গা নারায়ণপুরের ঘাটে	ঐ	৪,০০,০০০/	৩৫৮৲
চট্টগ্রাম পাঙ্গা উক্ত এজেন্সীর সদরঘাটে	ঐ	৩,০০,০০০/	৩৭৪৲
মান্দ্রাজ করকচ মোৎ খালিখায় মৌজুদ		৮,৪৬,০০০/	৩৬৯৲
চিলকা করকচ মোৎ খালিখায় মৌজুদ		১,৫৭,০০০/	৩৬০৲

২ দফা। উপরের লিখিত সকল নেমকের মধ্যে যাহারা যে পরিমাণ নেমকের জন্যে টেণ্ডর দাখিল করিতে ইচ্ছা করেন তাহারা উক্ত টেণ্ডরের লিখিত নেমকের দাম গবর্ণমেণ্ট প্রমিসরি নোট অথবা চেক কিম্বা নগদ টাকা অথবা বেঙ্ক নোটে বাঙ্গাল বেঙ্কে দাখিল করিবেক (কিন্তু গবর্ণমেণ্ট প্রমিসরি নোটের বিষয়ে উক্ত বেঙ্কের লোন ডিপার্টমেন্টের যে নিয়ম প্রচলিত আছে সেইরূপ নিয়ম বজায় থাকিবেক) প্রত্যেক টেণ্ডরের দরখাস্তকারী এ ডিপাজিটের পরিবর্ত্তে উক্ত বেঙ্কের যে সাহেব সেক্রেটারী ও ট্রেজরর তাঁহার দস্তখতী রসিদ পাইবেক কিন্তু ঐ রসিদ দস্তখত করিতে পারিবেক না চেকের দ্বারা যে ডিপাজিট দাখিল হইবেক সেই চেকের টাকা বেঙ্কে প্রাপ্ত না হইলে তাহার রসিদ পাইবেক না।

৩ দফা। এই প্রকার টাকা দাখিল লওয়ায় বেঙ্কের যে অতিরিক্ত ঝুঁকি ও খরচা এবং পরিশ্রম হইবেক তাহা পোষাইবার জন্যে বেঙ্কের অধ্যক্ষেরা ফি ১০০৲ টাকায় ৵০ আনার হিসাবে টেণ্ডরের দরখাস্তকারিদিগের নিকটহইতে খরচা লইবেন এবং সেই খরচা ডিপাজিটের টাকা দাখিল কালীন একত্রে দাখিল করিতে হইবেক।

৪ দফা। ১০০/ মোনের কম না হয় এমত সমান সংখ্যার পরিমাণে অর্থাৎ ১১০। ১২০ ইত্যাদিক্রমে টেণ্ডরের দরখাস্ত দাখিল করিতে হইবেক বর্ত্তমান মাসের ১৪ তারিখ মঙ্গলবারঅবধি বর্ত্তমান মাসের ২৮ তারিখ শনিবারপর্য্যন্ত প্রতিদিন বেলা দুই প্রহর ১ ঘণ্টাঅবধি বেলা দুই প্রহর ২ ঘণ্টাপর্য্যন্ত বোর্ডের শ্রীযুত সেক্রেটারী সাহেব উক্ত টেণ্ডরের দরখাস্ত লইবেন।

৫ দফা। প্রত্যেক টেণ্ডরের দরখাস্ত দুই টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক এবং প্রতি দরখাস্তে কেবল এক রকম নেমক লেখা থাকিবেক।

৬ দফা। টেণ্ডরের দরখাস্তকারি ব্যক্তি যে নেমক কিম্বা যে সকল নেমক খরিদ করিতে চাহে সেই নেমকের টেণ্ডর কিম্বা টেণ্ডর সকল বোর্ডের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকট উক্ত বেঙ্কের রসিদ সমলিত দাখিল করিবেক।

৭ দফা। টেণ্ডর লইবার কারণ নির্দ্ধারিত শেষের দিবসের পর উক্ত নেমক বিলি করিয়া দেওয়া যাইবেক যদ্যপি কোন এক রকম নেমকের মৌজুদ সংখ্যাঅপেক্ষা বেশি নেমকের টেণ্ডরের দরখাস্ত দাখিল হয় তবে প্রত্যেক টেণ্ডরের লিখিত নেমকের সংখ্যার উপর হারহারি হিসাবে বাদ দেওয়া যাইবেক এবং বাকী ডিপাজিটের টাকা রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটারী সাহেবের দস্তখতী চেকের দ্বারা বাঙ্গাল বেঙ্কহইতে ফেরত দেওয়া যাইবেক।

৮ দফা। এইক্ষণে যে সকল নেমকের বাবৎ ইশ্‌তিহার দেওয়া গেল তাহার অন্দরে নিরূপিত সময়ের মধ্যে যদ্যপি কোন নেমকের বাবৎ টেণ্ডরের দরখাস্ত দাখিল না হয় তবে সেই নেমক দস্তরমত দরখাস্ত করিলে সর্ব্বসাধারণে পাইতে পারিবেক তাহার জন্যে অন্য ইশ্‌তেহার দেওয়া যাইবেক না।

বিবৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্টউলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ২১ জুলাই।

ই টি ট্রবর। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা বাকরগঞ্জ।

যেহেতু অত্রস্থ ফৌজদারী আদালতের গরহাজিরা আসামী আশ্রাব মল্লিকের নীচের লিখিত মিলকীয়তে যে স্বত্ব তাহা গবর্ণমেন্টের আদেশক্রমে সরকারে জব্দ হইয়াছে। ঐ জব্দী মিলকীয়ত নীলাম করা আবশ্যক

সেমতে অত্র কাছারির ২৩ জুনের হুকুমঅনুসারে লাটবন্দী প্রস্তুতপূর্ব্বক সর্ব্ব সাধারণের জ্ঞাতার্থে এস্তাহার দে-ওয়া যাইতেছে যে ১৮৬০ সনের ৩১ আগষ্ট মোং ১২৬৭ সালের ১৬ ভাদ্র রোজ শুক্রবার বেলা দুই প্রহরের পরে নীচের লিখিত লাটী মিলকীয়ত অত্র কালেক্টরীতে নীলাম হইবেক যে কেহ খরীদের বাসনা রাখহ হাজির হইয়া খরীদ করহ ইতি সন ১৮৬০ সাল তারিখ ১৭ জুলাই মোং ১২৬৭ সাল তাং ৩ শ্রাবণ।

তপশীল।

জায়দাদ।

পং সৈদপুর লালা মিত্রজিৎ সিংহ ও ব্রজরঞ্জন দাস বাবু জমীদারানের জমীদারি কিসমত মাটিভাঙ্গা খোদ খরিদা তালুক হরেকৃষ্ণ দাস বাবু ও মনু বিবি তন্মধ্যে ওশত তালুক মুং রামজয় গুহ ঐ তালুকের ।৶ আনা হিস্যা খরিদ পাঞ্জু ও মাহামুদ শফী ও মাহামুদ কামেল তন্মধ্যে হিস্যা ॥৶ আনি খরিদ বিসাই মল্লিক মিলকীয়তে এজমালি শাজাপ্রাপ্ত ধন মল্লিক আসামী ও নাগ্রেপ্তারি জিতু মল্লিক ও আপ্তাব মল্লিক আসামীগণ সদর খাজানা ৭॥৶৮৲১৬ ক্রান্ত এই মহালে আপ্তাব মল্লিক আসামীর যে স্বত্ত্ব সরকারে জব্দ হইয়াছে তাহাই নীলাম হইবেক।

উপরের লিখিত ওশত তালুক সমুদয় নিম ওশত তালুক ছোবান্দী মল্লিক পিং আপ্তাব মল্লিক আসামী মকিয়তে শাজাপ্রাপ্ত ধন মল্লিক ও নাগ্রেপ্তারি জিতু মল্লিক ও আপ্তাব মল্লিক আসামী সদর জমা ২৴৭৲১॥ ক্রান্ত এই মহালে আপ্তাব মল্লিক আসামীর যে স্বত্ত্ব সরকারে জব্দ হইয়াছে তাহাই নীলাম হইবেক।

উপরের লিখিত নিম ওশত তালুক জের ছেগামত হাওলাবন্দু ও ছলিম বনামে মাহামুদ হানিফ এই মহালে আপ্তাব মল্লিক আসামীর যে স্বত্ত্ব সরকারে জব্দ হইয়াছে তাহাই নীলাম হইবেক।

উক্ত হাওলা সমুদয় ওশত হাওলা বনামে ধন মল্লিক শাজাপ্রাপ্ত আসামী মিলকীয়তে উক্ত ধন মল্লিক ও জিতু মল্লিক ও আপ্তাব মল্লিক আসামীয়ান সদর জমা ১১॥৶৮৲১৬ ক্রান্ত এই মহালে আপ্তাব মল্লিক আসামীর যে স্বত্ত্ব সরকারে জব্দ হইয়াছে তাহাই নীলাম হইবেক।

OFFICIATING COLLECTOR OF BACKERGUNGE.

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the undermentioned allotments within the limits of the Twenty-four Pergunnahs portion of the Soonderbuns will be sold at the Soonderbun Commissioner's Office at Allipore. on the 16th day of August 1860, corresponding with the 1st of Bhadro 1867, B. S. The sale will commence at 12 o'clock mid-day.

2nd. The highest bidder will be entitled to the grant on depositing, immediately after the sale, the full amount of the bid, on condition the sale is sanctioned by the higher authorities, otherwise the money will be refunded to the party without interest. On confirmation of the sale, the Pottah will be drawn up in the name of the purchaser, under orders of Government of the 24th September 1853, and will be made over to him after Registry in the Board's Office, and the purchaser will become the Grantee of the lands under the conditions prescribed in the Pottah, save and except such lands as may be required by Government for the manufacture of Salt.

3rd. It is further notified that intending purchasers who are desirous to inspect the Map of the Lots, or to obtain any information, connected with them, and their present condition, can have the same, by attending either personally, or through their Agents, at the Office of the Soonderbun Commissioner.

4th. In all lots in which there are line Boundaries, the points from which they commence, and their direction will be pointed out to the Grantees, but it is to be understood that these Boundaries can only be accurately defined when the Grantees have cleared their grants sufficiently to enable the Government officers to do so.

J. H. REILY, *Soonderbun Commissioner.*

Soonderbun Commissioner's Office, Allipore, the 27th July 1860.

Lots to be granted, District 24-Pergunnahs.

Nos. of Lot according Capt. Hodge's Map.	Estimated Area.	Remarks.
11	8,200	This lot is situated on the outer Soonderbun passage most of the lots near it are cultivated to some extent.
18	12 900	A compact lot with well defined Boundaries situated on the outer Sooderbun passage.
	South portion.	
19	1,800	This lot adjoins Zemindaree lands, the portion to be sold is consequently valuable.
99	21,900	This a good lot adjoins grants in which cultivation is in progress, it is situated near Zemindaree land in a part of the Soonderbuns where the land is sought after.
105	8,400	A good lot situated to the South of the above.
106	20,900	A manageable lot, situated on the inner Soonderbun passage.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৩১ জুলাই।]

109	22,000	The lot is frequented by woodcutters ; it is situated on the inner Soonderbun passage and in the neighbourhood of lots in which cultivation is in progress.
110	31,000	The West boundary of this lot is the well known and much frequented channel creek or Buratullah river, its East boundary is the outer Soonderbun passage shewn in Hodge's Maps and frequented by steamers.
	North portion.	
111	39,000	The original lot contains too large an area for ordinary Grantees, it has therefore been sub-divided. This the North portion is not far from Zemindaree lands, is situated on the outer Soonderbun passage, and is a valuable lot.
	South portion.	
111	21,000	The above remarks apply to this portion.
112	29,000	Situated on the outer Soonderbun passage.
113	26,000	Do. Do.
	North portion.	
114	30,000	Sub-divided on account of its size being somewhat large for the generality of Grantees. This lot is advantageously situated, being approachable by both land and water, it is close to Zemindaree lands and adjoin cultivated lots.
	South portion.	
114	32,000	A portion of the above lot.
115	38,000	This is a very compact lot, with well defined natural boundaries, it is situated on the route to the Eastern Districts ; cultivation is extending towards this part of the Soonderbuns.
123	27,000	This lot has the advantage of being situated on the banks of the Mutlah.
	North portion.	
127.	17,000	Lot situated on the Mutlah in the neighbourhood of lands reserved by the Government for public purposes.
	South portion.	
127	21,000	The above remarks apply to this portion.
	North portion.	
128	30,000	This is a valuable lot, a portion of it has been reserved for public purposes. It is not far from the proposed terminus of the Mutlah Railway.
	South portion.	
128	29,000	The above remarks apply to this lot.
133	17,000	This is a good lot, it is situated on the inner Soonderbun passage and is of a manageable size.

J. H. REILY, *Commissioner in the Soonderbuns.*

Soonderbun Commissioner's Office, Allipore, the 27th July, 1860.

সুন্দরবনের কমিস্যনরি দপ্তরখানার এস্তাহার।

ইস্তাহারার সংবাদ দেওয়া যাইতেছে যে যথাক্রমে সদর বোর্ডের আদেশমতে জেলা ২৪ পরগনার মোতালক সুন্দরবন সংক্রান্ত নিম্নের লিখিত লাটহায়ের ভূমি আলীপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরি কাছারিতে ইংরাজী সন ১৮৬০ সালের ১৬ আগষ্ট মোতাবেক সন ১২৬৭ সালের ১ ভাদ্র তারিখে বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক যে ব্যক্তি উচ্চ মূল্য ডাকিবেক তিনি লাট পাইবেন তৎক্ষণাৎ খরিদের সমুদয় মূল্য দাখিল করিতে হইবেক পরে গবর্ণমেণ্টের সন ১৮৫৩ সালের ২৪ সেপ্টেম্বর দিবসীয় রুলানুযায়ি পাট্টা তাহার নামে প্রস্তুত হইয়া সদর বোর্ড রিবিনিউর মঞ্জুরিমতে তাহাকে দেওয়া যাইবেক এবং সরকারের লবণ প্রস্তুত জন্যে এই লাটহায়ের মধ্যে জমী লওয়ার প্রয়োজন হইলে তাহা ছাড়িয়া দিবার নিয়ম পাট্টার লেখা যাইবেক পরন্তু আরো জানান যাইতেছে যে খরিদ্দার কি অন্যান্য ব্যক্তিগণ কেহ ঐ সকল লাটের নকশা দেখিতে চাহেন তবে তাহারা কিম্বা মোক্তারের দ্বারায় কমিস্যনরের উক্ত মোকামের কাছারিতে যাইয়া দেখিতে পারেন এবং নীলামের অপর [illegible] [illegible] [illegible] ঐ নীলাম বোর্ড রিবিনিউর হুকুমে মঞ্জুর না হয় তবে খরিদের [illegible] জানান যাইতেছে যে যে লাটের ইরেজেবরি লাটুবের দ্বারা নীমারা [illegible] লাটের [illegible] আরম্ভ ও যে স্থলে যাইবেক তাহা লাটদারানকে নির্দিষ্ট করিয়া দেওয়া যাইবেক পরে লাটদারকর্তৃক লাটের প্রয়োজনীয় ভূমি আবাদ হইলে ঐ সীমানা নিশ্চয়রূপে নিরূপণ করা যাইবেক ইতি [illegible] ১৮৬০। তারিখ।

কাপ্তান হাজিস সাহেবের নক্সার লিখিত লাটের নং	আন্দাজী জমীর পরিমাণ	কৈফিয়ৎ
১১ নং লাট	৮২০০/	অত্র লাট সুন্দরবনের বাহির রাস্তার নিকট এবং তাহার নিকটবর্ত্তি লাটসকল আবাদ হইতেছে।
১৮ নং লাট	১২৯০০/	অত্র লাট উত্তমরূপে নিরূপিত সীমাবাতুক ও সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১৯ নং লাট দক্ষিণ খণ্ড	১৮০০/	এই লাট জমীদারীর ভূমির সংলগ্ন থাকাবিধায় তাহার গৌরব হইয়াছে।
৯৯ নং লাট	২১৯০০/	উত্তম লাট প্রায় আবাদী লাটহারের সংলগ্ন এবং জমীদারীর ভূমির নিকটাবর্ত্তি এবং সুন্দরবন যোতদারের ঐ স্থানের ভূমিসকল অনেকেই পাইতে আকাঙ্ক্ষা করে।
১০৫ নং লাট	৮৪০০/	অত্র লাট উত্তম এবং উপরোক্ত লাটের দক্ষিণস্থিত।
১০৬ নং লাট	২০৯০০/	অত্র লাট আবাদের উপযুক্ত এবং সুন্দরবনের ভিতর রাস্তার পার্শ্বস্থ বটে।
১০৯ নং লাট	২২০০০/	বাওয়ালিগণ সর্ব্বদা অত্র লাটে কাষ্ঠ কাটিবার গমনাগমন করিয়া থাকে এবং এই লাট সুন্দরবনের ভিতরের রাস্তার পার্শ্বস্থ ও যে সকল লাট আবাদ হইতেছে তাহার নিকটাবর্ত্তী।
১১০ নং লাট	৩১০০০/	এই লাটের পশ্চিম সীমানা বিখ্যাত বারাতলার খাল পূর্ব্ব সীমানা সুন্দরবনের বাহির রাস্তা, পং বারায় ইষ্টিমার গমনাগমন হয়।
১১১ নং লাট উত্তর খণ্ড	৩৯০০০/	সমুদয় লাট অত্যন্ত বৃহৎ সাধারণ প্রান্তীর দ্বারা আবাদ হওয়া সুকঠিন বিবেচনায় বিভাগ করা হইয়াছে অত্র খণ্ড জমীদারীর ভূমির নিকটাবর্ত্তী ও সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১১১ নং লাট দক্ষিণ খণ্ড	২১০০০/	ঐ
১১২ নং লাট	২২০০০/	সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১১৩ নং লাট	১৬০০০/	ঐ
১১৪ নং লাট উত্তর খণ্ড	৩০০০০/	সমুদয় লাট অতিশয় বৃহৎ সাধারণ প্রান্তীর দ্বারায় আবাদ হওয়া সুকঠিন বিবেচনায় বিভাগ করা হইয়াছে এই লাটের অবস্থা এইরূপ উত্তম যে উত্তর জল ও স্থল পথে গমনাগমন করা যাইতে পারে এবং জমীদারীর ভূমি ও আবাদী লাটের নিকটাবর্ত্তী।
১১৪ নং লাট দক্ষিণ খণ্ড	৩২০০০/	উপরোক্ত লাটের দ্বিতীয় খণ্ড।
১১৫ নং লাট	[illegible]	অত্র লাট স্বাভাবিক সীমানার বেষ্টিত এবং পূর্ব্ব দেশে গমনাগমনের রাস্তার পার্শ্বস্থ ও ঐ অঞ্চল ক্রমশ আবাদ হইয়া আসিতেছে।
১১৬ নং লাট	২৭০০০/	এই লাট প্রসিদ্ধ মাতলা নদীর তীরস্থ।
১২৭ নং লাট উত্তর খণ্ড	১৭০০০/	অত্র লাট মাতলা নদীর তীরস্থ এবং গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল ভূমি সরকারী কার্য্যের নিমিত্ত রাখিত হইয়াছে তাহার নিকটাবর্ত্তী।
১২৭ নং লাট দক্ষিণ খণ্ড	২১০০০/	ঐ
১২৮ নং লাট উত্তর খণ্ড	৬০০০০/	এই লাটের কিয়দংশ সরকারী কার্য্যের নিমিত্তে সরকারে রাখা হইয়াছে এবং মাতলার রেলরোড যে স্থানে শেষ হইবেক তাহার নিকটাবর্ত্তী থাকায় এই লাটের গৌরব হইয়াছে।
১২৮ নং লাট দক্ষিণ খণ্ড	২৯০০০/	ঐ
১৩৮ নং লাট	১৭০০০/	উত্তম লাট সুন্দরবনের ভিতরের রাস্তার পার্শ্বস্থ এবং সহজেই আবাদ হইতে পারিবেকইতি।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গালার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্যান্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়া যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজী ইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০ ৩১ জুলাই।]

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্ট হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপশেয়র একটিং সুপরিন্টেণ্ডেণ্ট।

---

100 RUPEES REWARD

Will be paid to any person giving such information as may lead to the apprehension of Bonomally Roy, (whose descriptive roll is given below in the Vernacular) charged with the homicide of Beni Chuttopadhya.

Apply to the Joint Magistrate of Serampore.

J. P. Grant,
Joint Magistrate.

আসামি শ্রী বনমালী রায়, পিতার নাম অপ্রকাশ, বয়স অনুমান ৫০ বৎসর জাতি ব্রাহ্মণ সাবেক বাস জাহানগরের হাল সাং গোয়াবাগান, শ্যামবর্ণ, মোটাসোটা শরীর লম্বা কদ, দাড়ি গোঁপ কামান, মস্তকে কাপড়ি চুল, চক্ষু বড় রকম, লম্বা নাসিকা, কর্ণ স্বাভাবিক, জোড়া ভুরু।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of **ALEXANDER MACKENZIE MURDOCK**, an Insolvent.

On Tuesday, the 10th day of July instant, it was ordered, that unless cause be shewn on Tuesday, the 4th day of September next, at the hour of 11 o'clock in the forenoon, the Judicature of Assignment of the 5th day of June 1847, be declared vacated but so nevertheless that no act or thing done prior to this order by the present Assignee or any other Assignee before him, be in any way annulled or affected thereby, and that the Official Assignee do reassign and deliver over the Estate and Effects of the said Insolvent, (if any) to Charlotte Murdock, the widow and Executrix of the said Insolvent

W. W. and C. D. Linton, *Attornies.*

Chief Clerk's Office, 17th July, 1860.

যোত্রহীন আলেকজাণ্ডর মাকেঞ্জি মর্ডক সাহেবের বিষয়ে.

বর্তমান জুলাই মাসের ১০ তারিখে এই হুকুম হইয়াছিল। আগামি সেপ্টেম্বর মাসের ৪ তারিখ মঙ্গলবারে বেলা ১১ ঘণ্টা সময়ে, যদি আপত্তির কারণ দেখান না যায়, তবে ১৮৪৭ সালের জুন মাসের ৫ তারিখের আসৈনমেণ্টের দলীল, বাতিল বলিয়া প্রকাশ হইবেক। কিন্তু এই হুকুম হইবার আগে, বর্তমান আসৈনি কি তাঁহার পূর্ব্বের কোন আসৈনি যে কোন কার্য্য কি কর্ম্ম করিয়া থাকেন, তাহা সেই হুকুমের দ্বারা বাতিল হইবেক না ও তাহার কিছু হানি হইবে না। ও সেই যোত্রহীনের যদি কিছু সম্পত্তি কি মাল থাকে তবে তাহা সরকারী আসৈনি সাহেব ঐ যোত্রহীনের স্ত্রী ও অছি শ্রীমতী চারলট মর্ডকের হাতে পুনরায় অর্পণ করিয়া দিবেন।

প্রধান ক্লার্কের দফতরখানা।
১৮৬০ সাল ১৭ জুলাই।

ডবলিউ ডবলিউ ও সি ডি লিণ্টন।
উকীল।

In the matter of **GEORGE RIPLEY**, an Insolvent.

Notice is hereby given, that Tuesday, the 7th day of August next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 31st day of August 1858, until the 1st day of July instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 25th July, 1860.

যোত্রহীন জর্জ রিপলি সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আগষ্ট মাসের ৭ তারিখ মঙ্গলবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৮ সালের আগষ্ট মাসের ৩১ তারিখঅবধি বর্তমান জুলাই মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফতরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৫ জুলাই।

[*Government Gazette*, 31*st July*. 1860]

In the matter of JAMES YOUNG and others, Insolvents.

Notice is hereby given, that Tuesday, the 7th day of August next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of March 1853, until the 30th day of June 1860, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 25th July, 1860.

দোত্রহীন জেমস ইয়ং ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আগষ্ট মাসের ৭ তারিখ মঙ্গলবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৩ সালের মার্চ মাসের ১ তারিখ অবধি বর্তমান ১৮৬০ সালের জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব বিবরে করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ দাখিল লিপ্ত অন্য যে কেহ উক্ত দোত্রহীনেরদের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৫ জুলাই।

জান কক্রেন। সরকারী আসৈনি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৩১ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 7, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৭ আগষ্ট।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 28TH JULY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 24th July 1860, and is hereby promulgated for general information :—

ACT NO. XXXII. OF 1860.

An Act for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

PART I.

Imposes Duties of 3 and 1 per Cent.

[Duty of 3 per cent., and Schedules 1, 2, 3, and 4.]

I. FROM and after the 31st day of July 1860, there shall be collected and paid for the service of the Government of India, during the term herein limited, for and in respect of the property and profits mentioned in the several Schedules contained in this Act, and marked 1, 2, 3, and 4 respectively, the yearly Duty of three Rupees for every hundred Rupees of the annual value thereof; that is to say—

SCHEDULE 1.

For and in respect of the property in, and profits arising from, all lands and houses in India.

SCHEDULE 2.

For and in respect of the annual profits arising to any person residing in India from any kind of property whatever, whether situate in India, or elsewhere; and for and in respect of the annual profits arising to any person residing in India from any profession, trade, or employment, whether the same shall be carried on in India or elsewhere.

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৮ জুলাই।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৪ জুলাই তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সকল লোকের জানিবার জন্যে ছাপা হইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইন।

সম্পত্তি ও বিদ্যাব্যবসার ও কারবার ও চাকরীর দ্বারা যে উপার্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইন।

প্রথম অধ্যায়।

শতকরা ৩৲ টাকা ও শতকরা ১৲ টাকা টাক্স বসাইবার বিধি।

[শতকরা ৩৲ টাকা টাক্সের কথা ও ১ ও ২ ও ৩ ও ৪ নম্বরের তফসীল।]

১ ধারা। এই আইনের ১ ও ২ ও ৩ ও ৪ নম্বরের তফসীলে যে সম্পত্তির ও উপার্জনের কথা লেখা আছে তাহাতে বৎসরে যত প্রাপ্তি হয় তাহার কিশত টাকার উপর বৎসরে ৩৲ টাকা টাক্স ভারতবর্ষের গবর্ণমেণ্টের কার্য্যের নিমিত্তে, ১৮৬০ সালের জুলাই মাসের ৩১ তারিখঅবধি এই আইনে যত কাল নির্দ্ধারিত হইয়াছে তত কালপর্য্যন্ত, উসুল হইবে, ও লোকেরদের তাহা দিতে হইবে। অর্থাৎ,

১ নম্বরের তফসীল।

ভারতবর্ষে যে সকল জমী ও ঘর থাকে তাহাতে যে স্বামিত্ব ও যে লভ্য হয় তাহার নিমিত্তে ও তাহার উপর ঐ টাক্স লাগিবে।

২ নম্বরের তফসীল।

ভারতবর্ষনিবাসি কোন লোকের যে কোন প্রকারের সম্পত্তি ভারতবর্ষের মধ্যে কি অন্য কোন দেশে থাকে, তাহাতে বৎসরে যত প্রাপ্তি হয় তাহার নিমিত্তে ও তাহার উপর। ও ভারতবর্ষনিবাসি কোন লোক ভারতবর্ষের মধ্যে কি অন্য দেশে যে কোন বিদ্যাব্যবসায় কি কারবার করেন কি যে কোন কার্য্য করেন, তাঁহাতে তাঁহার বৎসরে যত উপার্জন হয় তাহার নিমিত্তে ও তাহার উপর।

And for and in respect of the annual profits arising to any person whatever, whether a subject of Her Majesty or not, although not resident in India, from any property whatever in India, or any profession, trade, or employment carried on within India.

And for and in respect of all interest of money, annuities, and other annual profits arising to any person residing in India, or accruing and payable in India to any person, whether residing in India or not, not charged by virtue of any other Schedule of this Act.

SCHEDULE 3.

For and in respect of all profits arising from interest, annuities, or dividends, payable in India to any person, whether residing in India or elsewhere, out of the public Revenues of India.

SCHEDULE 4.

For and in respect of every public office or employment of profit in India, and every office or employment of profit in or under any Company in India, and upon every annuity, salary, or pension, payable to any person residing in India, or paid in India to or on account of any person whatever by the Government of India, except annuities charged to the Duty under Schedule 3.

[Collection and payment of Duties.]

II. The Duties charged under this Act shall be assessed, collected, and paid under the Rules hereinafter provided.

[Duty of 1 per cent for reproductive public works.]

III From and after the day aforesaid, there shall also be collected and paid, under the Rules contained in this Act, for the purposes hereinafter mentioned and described as roads, canals, or other reproductive public works, for and in respect of the property and profits mentioned in the said several four Schedules respectively, the further yearly Duty of one Rupee for every hundred Rupees of the annual value thereof.

[Duty on fractional parts of 100 Rupees.]

IV. Upon every fractional part of one hundred Rupees of the annual value or amount of the property and profits aforesaid, the like proportion of Duty at the respective rates aforesaid shall be charged, but no Duty shall be charged of a less denomination than one anna.

[Assessments to be for the current year.]

V. The said Duties shall be charged and levied by yearly assessments, except in the cases hereinafter provided. Every assessment made under this Act within the year appointed for making the same, shall be deemed to be for the current year, and shall be in force for such year. And every assess-

আরো শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হউন কি না হউন কোন লোক ভারতবর্ষের মধ্যে বাস না করিলেও যদি ভারতবর্ষের মধ্যে তাঁহার কোন প্রকারের সম্পত্তি থাকে, কিম্বা তিনি যদি ভারতবর্ষের মধ্যে কোন বিদ্যাব্যবসায় কি কারবার কিম্বা কোন কর্ম্ম করেন, তবে সেই সম্পত্তি-প্রভৃতিতে তাঁহার বৎসরে যত প্রাপ্তি হয়, তাহার নিমিত্তে ও তাহার উপর।

আরো ভারতবর্ষনিবাসি কোন লোকের টাকার সকল সুদের ও বার্ষিক বৃত্তির, ও বৎসরে২ তাহার অন্য যে প্রাপ্তির উপর এই আইনের অন্য কোন তফসীলে টাক্স ধার্য্য হয় নাই, এমত যে সুদপ্রভৃতি ভারতবর্ষে পাওনা হয়, ও সেই দেশ কি ভিন্ন দেশনিবাসি কোন লোককে ভারতবর্ষের মধ্যে দিতে হয়, তাহার নিমিত্তে ও তাহার উপর ঐ টাক্স লাগিবে।

৩ নম্বরের তফসীল।

ভারতবর্ষ কি অন্য দেশনিবাসি কোন লোককে যে সুদ কি বার্ষিক বৃত্তি কি ডিবিডেণ্ড ভারতবর্ষেতে ভারতবর্ষের সরকারী কোন খাজানাখানাহইতে দিতে হয়, সেই সুদের কি বার্ষিক বৃত্তির কি ডিবিডেণ্ডের নিমিত্তে ও তাহার উপর ঐ টাক্স লাগিবে।

৪ নম্বরের তফসীল।

ভারতবর্ষে সরকারী যে কোন পদে কি চাকরীতে, ও ভারতবর্ষস্থ কোন কোম্পানির কি তাহার ভারের যে কোন পদে কি চাকরীতে কিছু উপার্জন হয়, তাহার নিমিত্তে ও তাহার উপর, ও যে কোন বার্ষিক বৃত্তি কি বেতন কি পেনস্যন ভারতবর্ষ নিবাসি কোন লোকের পাওনা হয়, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টহইতে ভারতবর্ষে কোন লোককে কি কোন লোকের জন্যে দেওয়া যায়, তাহার উপর ঐ টাক্স লাগিবে। কিন্তু ৩ নম্বরের তফসীলমতে যে বার্ষিক বৃত্তির উপর টাক্স ধার্য্য হইয়াছে তাহা এই তফসীলে ধরা যাইবে না।

[টাক্স উসুল করিবার ও দিবার কথা।]

২ ধারা। এই আইনমতে যে টাক্স বসান যায়, তাহা ইহার পরের লেখা বিধানমতে ধার্য্য ও উসুল হইবেক ও দিতে হইবেক ইতি।

[সাধারণের উপকারার্থ কার্য্যের নিমিত্তে শতকরা ১৲ টাকা টাক্সের কথা।]

৩ ধারা। আরো উক্ত চারি তফসীলে যেং সম্পত্তির ও উপার্জনের কথা লেখা আছে তাহাতে বৎসরে যত প্রাপ্তি হয়, তাহার শত টাকার উপর আর এক টাকা টাক্স পূর্ব্বোক্ত তারিখঅবধি এই আইনের বিধানমতে বৎসরে২ লওয়া যাইবে ও দিতে হইবে। সেই টাকা ইহার পরের লিখিত কার্য্যেতে অর্থাৎ রাস্তা ও খাল কি অন্য যে কর্ম্মহইতে উৎপন্ন হইতে পারে সাধারণের ব্যবহার্য্য সেই কর্ম্মেতে ব্যয় হইবেক ইতি।

[শতের কম টাকার উপর ঐ টাক্সের কথা।]

৪ ধারা। পূর্ব্বোক্ত সম্পত্তির ও উপার্জনের যত প্রাপ্তি কি টাকা বৎসরে হয় তাহার মধ্যে এক২ শতের কম যে টাকা হয়, তাহারও উপর পূর্ব্বোক্ত হিসাবে টাক্স ধরা যাইবেক, কিন্তু এক আনার কম কিছু টাক্স লওয়া যাইবে না ইতি।

[টাক্স চলিত বৎসরের নিমিত্তে ধার্য্য হইবার কথা।]

৫ ধারা। ইহার পরে যেং স্থলের অন্য বিধি হইয়াছে সেইং স্থলছাড়া, উক্ত টাক্স বৎসরে২ বসান যাইবে ও আদায় হইবে। এই আইনমতের টাক্স ধার্য্য করিবার যে বৎসর নিরূপণ হয়, সেই বৎসরে যে টাক্স ধার্য্য হয় তাহা চলিত বৎসরের নিমিত্তে হইল জ্ঞান হইবেক, ও সেই বৎসরে প্রবল থাকিবেক।

ment made after the expiration of any year in which the same ought to have been made, shall be deemed to be for the year when the assessment ought to have been made.

[Such year to commence on the 1st August 1860.]

VI. Such year shall commence, for the first assessment, on the 1st day of August 1860, and for every subsequent assessment during the continuance of this Act on the 1st day of August in the year of such assessment.

PART. II.

Appointment of Officers for managing and assessing the Duties.

[Duties to be under whose direction and management.]

VII. The Duties imposed by this Act shall, subject to the provisions of this Act, be under the direction and management of the Governor General of India in Council, the several Governors, Lieutenant Governors, and Chief Commissioners, for the time being in each Presidency, Lieutenant Governorship, and Province. The said Governments and Authorities respectively are hereby empowered to do all such acts and things, subject as aforesaid, as may be deemed necessary for the collecting, receiving, and accounting for the said Duties throughout the respective Presidencies, Lieutenant Governorships, and Provinces, for which the said Duties are assessed, in the like manner as they are authorized to do with relation to any other Duties or revenue under their care.

[Divisions and Districts.]

VIII The Divisions and Districts of Revenue as already constituted, or as they shall be from time to time constituted, shall be made use of for the purposes of this Act, except in the cases hereinafter specified. The Presidency Towns and the Stations of the Straits Settlement shall be separate Districts for the purposes of this Act, and it shall be lawful for the local Government to add thereto any portions of the adjoining Districts of Revenue. In any such case each part of any such District so added to a Presidency Town or to a Station in the Straits Settlement shall, for all the purposes of this Act, be held and taken to be a part of such Presidency Town or such Station.

[Jurisdiction.]

IX. The limits of the Presidency Towns and Stations of the Straits Settlement, with any addition of adjoining Districts made by the local Government, shall be defined by the local Government, and notified in the Official Gazette of the Presidency or Settlement. All persons subject to the provisions of this Act not resident in any such Divisions or Districts of Revenue aforesaid, or in any Presidency Town, or any Station of the Straits Settlement, shall be deemed for the purposes of this Act to be within such Revenue jurisdiction as the

ও কোন বৎসরে যে টাক্স ধার্য্য করা উচিত হয়, তাহ সেই বৎসরের পরে ধার্য্য হইলে, যে বৎসরে ধার্য্য করা উচিত ছিল সেই বৎসরের নিমিত্তে হইয়াছে জ্ঞান হইবে ইতি।

[সেই বৎসর ১৮৬০ সালের ১ আগষ্ট তারিখে আরম্ভ হইবার কথা।]

৬ ধারা। টাক্স ধার্য্য করিবার ঐ প্রথম বৎসর ১৮৬০ সালের ১ আগষ্ট তারিখে আরম্ভ হইবে। ও তাহার পর এই আইন যত কাল চলন থাকে তত কালপর্য্যন্ত টাক্স ধার্য্য করিবার জন্যে প্রত্যেক বৎসর ১ আগষ্ট তারিখঅবধি আরম্ভ হইবে ইতি।

দ্বিতীয় অধ্যায়।

ঐ টাক্সের কার্য্য করিবার ও ধার্য্য করিবার কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবার বিধি।

[টাক্সের কার্য্য যাঁহার হুকুমমতে ও তত্ত্বাবধারণে করা যাইবে তাহার কথা।]

৭ ধারা। এই আইনমতে যে টাক্স বসান যায়, তাহা এই আইনের বিধান বহাল রাখিয়া, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ও এক২ রাজধানীতে ও লেপ্টেনেট গবরনরের এলাকার ও প্রদেশে যিনি যে সময়ে গবরনর ও লেপ্টেনেন্ট গবরনর ও প্রধান কমিসানর হন তাঁহার আজ্ঞার ও তত্ত্বের অধীনে থাকিবে। উক্ত সকল গবর্ণমেণ্ট ও কার্য্যকারক সাহেব আপনারদের তত্ত্বের মধ্যে অন্য কোন টাক্সের কি মালগুজারীর বিষয়ে যেরূপে কার্য্য করিতে ক্ষমতাপন্ন হন, সেইরূপে তাঁহারা আপন২ অধীন উক্ত রাজধানীর ও লেপ্টেনেণ্ট গবরনরের এলাকার ও প্রদেশের সকল স্থানে টাক্স উসুল ও গ্রহণ করিবার ও তাহার হিসাব দিবার জন্যে এই আইনের বিধি বহাল রাখিয়া যে সকল কার্য্য ও কর্ম্ম আবশ্যক বোধ করেন, তাহা করিতে এই ধারামতে ক্ষমতাপন্ন হইলেন ইতি।

[এলাকার ও জিলার কথা।]

৮ ধারা। মালগুজারীর যে২ এলাকা ও জিলা এখন নির্দ্ধার্য্য আছে কি ইহার পরে সময়ে২ নির্দ্ধার্য্য হয়, তাহা নীচের লিখিত স্থল ছাড়া, এই আইনের কার্য্যের নিমিত্তে এলাকা ও জিলা বলিয়া জানা যাইবে। প্রত্যেক রাজধানী ও মোহনার নিকট বসতি স্থানের প্রত্যেক সদর মোকাম এই আইনের কার্য্যের নিমিত্তে পৃথক২ জিলা হইবে। ও তাহার লাগাও মালগুজারীর জিলার কোন২ অংশ স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাহার শামিল করিতে পারিবেন। তাহা করিলে, রাজধানীর কি মোহনার নিকট বসতি স্থানের সদর মোকামের শামিলকরা জিলার উক্ত প্রত্যেক অংশ, এই আইনের কার্য্যের নিমিত্তে ঐ রাজধানীর কি ঐ সদর মোকামের এক অংশ বলিয়া জ্ঞান হইবে ও ধরা যাইবে ইতি।

[এলাকার কথা।]

৯ ধারা। ঐ রাজধানীর ও মোহনার নিকট বসতি স্থানের সদর মোকামের, ও তাহার লাগাও জিলার যে কোন অংশ স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাহার শামিল করেন, এই সকলের সীমা স্থানবিশেষের ঐ গবর্ণমেণ্ট নিরূপণ করিয়া, তাহার ইশ্তিহার রাজধানীর কি বসতি স্থানের সরকারী গেজেটে ছাপাইবেন। এই আইনের বিধান যাঁহারদের উপর খাটে এমত কোন লোক যদি মালগুজারীর পূর্ব্বোক্ত কোন এলাকার কি জিলার মধ্যে, কি রাজধানীতে, কি মোহনার নিকট বসতিস্থানের কোন মোকামের মধ্যে বাস না করেন, তবে তাঁহারা এই আইনের কার্য্যের নিমিত্তে রাজস্বসম্পর্কীয় যে এলাকার নিবাসি লোক জ্ঞান হইবেন, এই কথা হজুর কৌন্সেলে

Governor General of India in Council, by order to be published in the Calcutta Gazette shall appoint.

[Commissioners to be appointed for the Presidency Towns and Straits Settlement.]

X. In the Presidency Towns and Stations of the Straits Settlement, the local Government shall, from time to time, appoint persons to be Commissioners for the purposes of this Act.

[Number of Commissioners for the Presidency Towns and Straits Settlement.]

XI. In the Presidency Towns the number of such Commissioners shall be not less than six, of whom not less than two shall be persons not in the service of Government; and in the Stations of the Straits Settlement, the number of such Commissioners shall be not less than three, of whom one shall be a person not in the service of Government. The Local Government may grant to such Commissioners in the Presidency Towns and Stations in the Straits Settlement as may not be in the service of Government, such fee or remuneration as may be approved by the Governor General of India in Council.

[If person not in the service of Government be appointed and refuse or neglect to act.]

XII. If any person not in the service of Government, having been so appointed, shall decline or neglect to act, it shall be lawful for the local Government to appoint any other person, whether in the service of Government or not, to be a Commissioner in lieu of the person so declining or neglecting.

[Duration of appointment, re-appointment, and removal of Commissioners appointed under the preceding Sections.]

XIII. The Commissioners appointed under the last three preceding Sections shall hold the appointment for one year only, but it shall be in the discretion of the local Government, after the expiration of that period, to re-appoint any of them. It shall also be lawful for the local Government, at any time, to remove any of such Commissioners.

[Quorum.]

XIV. Any two of the Commissioners, one of them being an Officer of Government, shall form a quorum.

[Meetings of Commissioners.]

XV. The Senior Officer of Government in the Commission shall be President of the Commission. At every Meeting of the Commissioners at which such Officer shall not be present, the Senior Officer of Government present shall preside. If a difference of opinion shall arise, and the opinions shall be equally divided, the President of the Meeting shall have a casting vote.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৭ আগষ্ট।]

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কলিকাতা গেজেটে হুকুম প্রকাশ করিয়া নিরূপণ করিবেন ইতি।

[রাজধানীতে ও মোহনার নিকট বসতি স্থানে কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার কথা।]

১০ ধারা। নানা রাজধানীতে ও মোহনার নিকট বসতি স্থানের সদর মোকামে স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই আইনের কার্য্য করিবার জন্যে কমিস্যনরের পদে কোন২ লোককে সময়ে২ নিযুক্ত করিবেন ইতি।

[রাজধানীতে ও মোহনার বসতিস্থানে যত জন কমিস্যনর থাকিবেন তাহার কথা।]

১১ ধারা। প্রত্যেক রাজধানীতে ছয় জনের কম উক্ত প্রকারের কমিস্যনর নিযুক্ত হইবেন না। তাঁহাদের অতি কম দুই জন গবর্ণমেণ্টের কার্য্যকারক নহেন এমত লোক হইবেন। মোহনার নিকট বসতি স্থানের সদর মোকামে তিন জনের কম উক্ত প্রকারের কমিস্যনর নিযুক্ত হইবেন না, তাঁহারদের এক জন গবর্ণমেণ্টের কার্য্যকারক নহেন এমন লোক হইবেন। নানা রাজধানীতে ও মোহনার নিকট বসতি স্থানের নানা সদর মোকামে যে২ কমিস্যনর গবর্ণমেণ্টের কার্য্যকারক নহেন, তাঁহারদের যে রসুম কি মেহনতানা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর মঞ্জুর করেন, তাহা স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাঁহারদিগকে দিতে পারিবেন ইতি।

[সরকারের কর্ম্মকারী নহেন এমত লোক নিযুক্ত হইয়া কার্য্য করিতে স্বীকার না করিলে কি শৈথিল্য করিলে তাহার কথা।]

১২ ধারা। গবর্ণমেণ্টের কার্য্যকারক নহেন এমত কোন লোক উক্ত প্রকারে নিযুক্ত হইয়া, যদি কার্য্য করিতে সম্মত না হন কি শৈথিল্য করেন, তবে সেই সম্মত না হওয়া কি শৈথিল্যকারি লোকের পরিবর্ত্তে স্থানবিশেষের গবর্ণমেণ্ট সরকারের কর্ম্মকারি কোন লোককে কিম্বা অন্য লোককে কমিস্যনরের পদে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[পূর্ব্ব ধারামতের নিযুক্ত কমিস্যনরেরা যত কাল নিযুক্ত থাকিবেন তাহার কথা ও তাঁহারদের পুনরায় নিযুক্ত করিবার ও অবসর করিবার কথা।]

১৩ ধারা। ইহার পূর্ব্বের তিন ধারামতে যে সকল কমিস্যনর নিযুক্ত হন তাঁহারা কেবল এক বৎসর ঐ পদে থাকিবেন। কিন্তু সেই কাল অতীত হইলে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট উপযুক্ত বোধ করিলে তাঁহারদের কোন লোককে পুনরায় ঐ পদে নিযুক্ত করিতে পারিবেন। আরো স্থানবিশেষের গবর্ণমেণ্ট কোন সময়ে ঐ কমিস্যনরেরদের কোন লোককে অবসর করিতে পারিবেন ইতি।

[যত জন বর্ত্তমান থাকিলে বৈঠক হইতে পারে তাহার কথা।]

১৪ ধারা। কমিস্যনরেরদের কোন বৈঠকে যদি দুই জন উপস্থিত হন, তবে কার্য্য চলিতে পারিবে। কিন্তু ইহাতে প্রয়োজন যে এক জন গবর্ণমেণ্টের কার্য্যকারক হন ইতি।

[কমিস্যনরেরদের বৈঠকের কথা।]

১৫ ধারা। ঐ কমিস্যনরেরদের মধ্যে যিনি গবর্ণমেণ্টের প্রধান কার্য্যকারক হন তিনি কমিস্যনরেরদের সভাপতি হইবেন। কমিস্যনরেরদের কোন বৈঠকে যদি ঐ কার্য্যকারক সাহেব উপস্থিত না হন, তবে গবর্ণমেণ্টের প্রধান যে কার্য্যকারক উপস্থিত থাকেন তিনি সভাপতি হইবেন। যদি মতের অনৈক্য হয়, ও একমতের যত জন থাকেন বিপক্ষমতের যদি তত জন থাকেন, তবে বৈঠকের সভাপতির যে মত তাহা প্রবল হইবেক ইতি।

[Appointment of Special Commissioner for Presidency Towns and Straits Settlement.]

XVI. For every Presidency Town and Station in the Straits Settlement, the local Government shall appoint an Officer in the service of Government on such salary as shall be approved by the Governor General of India in Council, to be called the Special Commissioner, for the purpose of making assessments in the cases referred to him under the provisions hereinafter contained.

[Appointment of Assessors.]

XVII. In each of the Presidency Towns and Stations of the Straits Settlement, the local Government may appoint, on such salaries as may be approved by the Governor General of India in Council, such number of Assessors and such Ministerial and other Officers as may be deemed necessary for carrying out the provisions of this Act.

[Except in the Presidency Towns and Straits Settlement, Collector of Land Revenue to be entrusted with execution of Act and management of Duties.]

XVIII. Except in the Presidency Towns and the Stations of the Straits Settlement, the Collector of Land Revenue shall be entrusted with the execution of this Act, and the managing, levying, receiving, and accounting for the Duties imposed thereby, under the control of the ordinary Revenue Authorities to whom such Collector is subject in matters relating to the Land Revenue.

[Collector may associate others with himself to assist him in making assessments.]

XIX. The Collector may, from time to time, whenever he shall think proper, associate with himself two or more persons, whether in the service of Government or not, to assist him in making assessments under this Act or in any proceeding held under the provisions of this Act.

[Appointment of Deputy Collectors as Assessors.]

XX. The local Government may appoint in any District one or more Deputy Collectors as Assessors, on such salaries as shall be approved by the Governor General of India in Council, for the performance of the duties that may be performed by Assessors under this Act.

[Appointment as Assessors of persons already employed as Deputy Collectors.]

XXI. The local Government may also entrust any person who may be now employed or may hereafter be employed as a Deputy Collector in the Revenue Department with the duties of an Assessor.

[Powers of Deputy Collectors.]

XXII. The Collector may empower any De-

[রাজধানীতে ও মোহনার বসতি স্থানে বিশেষ কমিসানরকে নিযুক্ত করিবার কথা।]

১৬ ধারা। একং রাজধানীতে ও মোহনার নিকট বসতি স্থানের একং মোকামে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট খাস কমিসানর বলিয়া গবর্ণমেণ্টের একং জন কার্য্যকারকে নিযুক্ত করিবেন। ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তাঁহার যত বেতন মঞ্জুর করেন তত বেতন হইবেক। তাঁহার কর্ম্ম এই। পশ্চাৎ লিখিত বিধানমতে কোন বিষয় তাঁহার প্রতি অর্পণ হইলে তিনি সেই বিষয় বুঝিয়া টাক্স ধার্য্য করিবেন ইতি।

[আসেসরেরদের নিযুক্ত হইবার কথা।]

১৭ ধারা। এই আইনের বিধানমতে কার্য্য হইবার জন্যে যত জন আসেসরকে (অর্থাৎ টাক্স ধার্য্য করিবার লোককে) ও আমলাকে ও অন্য কার্য্যকারকদিগকে নিযুক্ত করা আবশ্যক বোধ হয়, স্থানবিশেষের গবর্ণমেণ্ট তত জনকে প্রত্যেক রাজধানীতে ও মোহনার বসতি স্থানের সদর মোকামে নিযুক্ত করিতে পারিবেন, ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তাঁহারদের যত বেতন মঞ্জুর করেন তাঁহারা তত বেতন পাইবেন ইতি।

[রাজধানী ও মোহনার নিকট বসতি স্থান ছাড়া অন্য স্থানে এই আইনমতে কার্য্য করিবার ও টাক্সের কার্য্য নির্ব্বাহের ভার মালগুজারীর কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইবার কথা।]

১৮ ধারা। রাজধানী ও মোহনার নিকট বসতি স্থানের মোকাম ছাড়া, অন্য সকল স্থানে এই আইনমতে কার্য্য করিবার ভার ও এই আইনেতে যে সকল টাক্স বসান যায় তাহার কার্য্য চালাইবার ও তাহা উসুল ও [illegible] করিবার ও তাহার হিসাব করিবার ভার জমীর মালগুজারীর কালেক্টর সাহেবের প্রতি থাকিবেক, ও মালগুজারীর নানা বিষয়ে ঐ কালেক্টর সাহেবেরা সাধারণমতে রাজস্বসম্পর্কীয় যে কার্য্যকারক সাহেবেরদের অধীনে থাকেন, এই আইনের কার্য্যবিষয়ে তাঁহারদের অধীনে কর্ম্ম করিবেন ইতি।

[টাক্স ধার্য্য করিবার কার্য্যেতে কালেক্টর সাহেবের অন্য লোকেরদের সাহায্য লইবার কথা।]

১৯ ধারা। কালেক্টর সাহেব এই আইনমতে টাক্স ধার্য্য করিবার কার্য্যেতে, কিম্বা এই আইনের বিধানমতের মোকদ্দমাঘটিত কোন কার্য্যেতে, আপনার সাহায্যের নিমিত্তে যখন উপযুক্ত বোধ করেন তখন গবর্ণমেণ্টের চাকরীতে থাকা কি না থাকা দুই কি তাহার অধিক জনকে সঙ্গে লইতে পারিবেন ইতি।

[ডেপুটী কালেক্টরদিগকে আসেসরের কর্ম্মে নিযুক্ত করিবার কথা।]

২০ ধারা। এই আইনমতে আসেসরেরদের যে কর্ম্ম করিতে হয় সেই কর্ম্ম করিবার জন্যে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট কোন জিলাতে এক কি অধিক জন ডেপুটী কালেক্টরকে আসেসরের পদে নিযুক্ত করিতে পারিবেন। ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তাঁহারদের যে বেতন মঞ্জুর করেন তাঁহারা সেই বেতন পাইবেন ইতি।

[যাঁহারা এখন ডেপুটী কালেক্টরের কর্ম্ম করেন তাঁহারদিগকে আসেসরের কর্ম্মে নিযুক্ত করিবার কথা।]

২। কিন্তু বালেশ্বর ও বাঁকুড়া ও বারাসৎ ও বীরভূম ও বেহার ও ভাগলপুর ও বর্দ্ধমান ও কাছাড় ও চম্পারণ ও কাশিয়া পর্ব্বত ও দারজিলিং ও দেবগড় ও দরঙ্গ ও ফরিদপুর ও গোয়ালপাড়া ও হাজারীবাগ ও হীরণপুর কি পাকৌর ও যোড়হাট ও কামরূপ ও লোহারডগা ও লক্ষ্মীপুর ও মানভূম ও মুঙ্গের ও মুরশিদাবাদ ও নওগাঁ ও নয়া দোয়াব্বা ও পাটনা ও রাজমহল ও রামরী ও সাহেবগঞ্জ ও সান্দোএ ও সারণ ও শাহাবাদ ও সিংহভূম ও সুন্দরবন ও সম্বলপুর ও ত্রিহুৎ এই সকল স্থানের ট্রেজরীর উপর তুমি এই আফিসে জিজ্ঞাসা না করিয়া খারিজদাখিলের হুণ্ডী দিবা না।

এফ লশিংটন।
বাজলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ১৫ মে।

১০৪২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের মালগুজারীর শ্রীযুক্ত কালেক্টর সাহেব বরাবরেষু।

লেখাপড়া কিছু খাটো করিবার অভিপ্রায়ে, হিসাবের ও অন্যং কার্য্যের বিষয়ে যদি সরকারী পত্র লিখিবার নিয়মিত ধারা না মানিলে চলে, তবে এই দফ্তরখানার নিয়মিত পত্রাদি ঐ পত্রের মর্ম্ম গ্রহণমতে লেখা যাইবে এই কথা তোমাকে জানাইতেছি। তাহার পাঠ নীচে লেখা যাইবে। তোমারও সেই পাঠে লিখিবার আদেশ হইতেছে।

এফ লশিংটন।
বাজলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাজলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ২২ মে।

অমুক নম্বর।

অমুক স্থানের কালেক্টর সাহেবের নিকটে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের পত্র।
কলিকাতা সাল তাং

তোমার অমুক তারিখের অমুক নম্বরের পত্রইত্যাদি।

১০৪৪ নম্বর।

অমুক স্থানের শ্রীযুক্ত কালেক্টর সাহেব বরাবরেষু।

মিলিটারী ডিপার্টমেণ্টের শ্রীযুক্ত আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের স্থানে যে উপদেশ পাওয়া গেল সেই উপদেশমতে তোমাকে এই আদেশ হইতেছে। গবর্ণমেণ্টের ১৮১০ সালের ১০ আপ্রিল তারিখের হুকুমমতে তুমি যখন সিপাহীরদের পরিবারের নিকটে চালান টাকার হুণ্ডী দেও, তখন ঐ হুণ্ডীর সঙ্গে যে রসীদ দেওয়া যায় সেই রসীদ পাঠাইবার লোকেরদের উপযুক্ত বাসস্থানে তাহারদের নিকটে পাঠাইতে পারু এই কারণে তুমি এদেশীয় পল্টনের সেনাপতি সাহেবদিগকে সর্ব্বদাই আদেশ কর যে, তাঁহারদের পল্টন যে স্থানে ছাউনি করিয়া আছে সেই স্থানের নাম তাঁহারা ঐ

t to return the Receipts to the Remitters at their per destination.

(Signed) W. WATERFIELD,
Offg. Acctt. to the Govt. of Bengal.

Fort William,
ce of Acctt. to the Govt. of Bengal,
The 18th June, 1860.

ক্ষণীতে লেখেন ও হুণ্ডীর নীচে যে ছাপিয়া থাকে তাহাতেও লেখেন।

ডবলিউ ওয়াটরফিল্ড।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কোণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আক্কোণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
১৮৬০ সাল ১৮ জুন।

No. 1045.

To the Collector of

With reference to the Circular of this Office, No. , of the 7th December 1858, I have the honor to mate that the Accountant General at Madras instructed the Sub-Treasurer of his Presidency ssue Bills of Exchange in lieu of Certificates and gisters on Treasury Officers of other Presidencies, are therefore requested to make a note of this nge.

(Signed) W. WATERFIELD,
Offg. Acctt. to the Govt. of Bengal.

Fort William,
ce of Acctt. to the Govt. of Bengal,
The 20th June, 1860

১০৪৫ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

এই আফিসের ১৮৫৮ সালের ৭ ডিসেম্বর তারিখের ১৮৩ নম্বরের সরক্যুলরের উপলক্ষে তোমাকে জানাইতেছি। মান্দ্রাজের আক্কোণ্টেণ্ট জেনরল সাহেব ঐ রাজধানীর সব-ট্রেজুরর সাহেবকে এই আদেশ করিয়াছেন যে অন্য রাজধানীর ট্রেজুরীর কার্য্যকারক সাহেবেরদের উপর তিনি সর্টিফিকট ও রেজিষ্টর না দিয়া হুণ্ডী দেন। এই কথা তোমাকে মনে রাখিতে আদেশ হইতেছে।

ডবলিউ ওয়াটরফিল্ড।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কোণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আক্কোণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
১৮৬০ সাল ২০ জুন।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশতহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মাসের ২১ তারিখের এই বোর্ডের ইশতেহারঅনুসারে পশ্চাৎ যত পরিমাণে নেমকের বিভাগ করা গেল।

২ দফা। এজেন্সী ঘাটে মৌজুদ যে পরিমাণ হিজলী পাঙ্গা নেমকের বাবৎ টেণ্ডরেরর দরখাস্ত দাখিল হইয়াছে তাহার সমুদয় নেমক হাসিয়ার লিখিত চারি ঘাটহইতে ওজন দেওয়া যাইবেক টেণ্ডরের দরখাস্ত দাখিলের পর পর নম্বরক্রমে নেমকের ছাড় রওয়ানা পাইবেক প্রথমতঃ রসুলপুর এবং কালীনগরের ঘাটের জন্য ও তাহার পরে কৃষ্ণনগর ও রামনগরের ঘাটের নেমকের জন্য ছাড় রওয়ানা দেওয়া যাইবেক শেষোক্ত দুই ঘাট অর্থাৎ কৃষ্ণনগর ও রামনগরের ঘাটের কারণ অদ্যকার তারিখহইতে আগামি অক্টোবর মাসের ১ তারিখের মধ্যে খরিদার লোকের যে দিন ইচ্ছা সেই দিবস ছাড় রওয়ানা দেওয়া যাইবেক।

…পুর। …নগর। …নগর। …নগর।

৩ দফা। মোং শালিখার গোলার মৌজুদ হিজলীর পুরীঘাটা এবং পুরীর চিনকা পাঙ্গা নেমক টেণ্ডরের …ন্তের লিখিত পরিমাণের অন্দরে শতকরা ৪০ মোন হিসাবে এবং উক্ত শালিখার গোলার মৌজুদ কটক পাঙ্গা …কের শতকরা ৪৫ মোন ও বালেশ্বর পাঙ্গা নেমকের শতকরা ৮ মোন এবং নারায়ণপুর ঘাটে মৌজুদ তম… পাঙ্গা নেমক শতকরা ১৫ মোনের হিসাবে দেওয়া যাইবেক যে পরিমাণ নেমকের বাবৎ টেণ্ডরের দরখাস্ত …ল হইয়াছে এবং প্রত্যেক রকমের যে সকল নেমক বিক্রয়ার্থে মৌজুদ আছে তদনুসারে উক্ত হারহারি হিসাবে …ক বিভাগ করা গেল।

৪ দফা। মোং শালিখার গোলার মৌজুদ ২৪ পরগনার নারায়ণপুর পাঙ্গা নেমকের বাবৎ যে সকল টেণ্ডর দরখাস্ত দাখিল হইয়াছে তাহাতে ঐ দরখাস্তের লিখিত পুরা নেমক পাইবেক।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ৩০ জুলাই।

ই টি ট্রেবর সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশতিহার।

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the undermentioned allotments within the limits of the Twenty four gunnahs portion of the Soonderbuns will be sold at the Soonderbun Commissioner's Office at Allipore, the 16th day of August 1860, corresponding with the 1st of Bhadro 1267, B. S. The sale will comce at 12 o'clock mid-day.

2nd. The highest bidder will be entitled to the grant on depositing, immediately after the sale, the amount of the bid, on condition the sale is sanctioned by the higher authorities, otherwise the money be refunded to the party without interest. On confirmation of the sale, the Pottah will be drawn up he name of the purchaser, under orders of Government of the 24th September 1853, and will be made

over to him after Registry in the Board's Office, and the purchaser will become the Grantee of the lands under the conditions prescribed in the Pottah, save and except such lands as may be required by Government for the manufacture of Salt.

3rd. It is further notified that intending purchasers who are desirous to inspect the Map of the Lots, or to obtain any information, connected with them, and their present condition, can have the same, by attending either personally, or through their Agents, at the Office of the Soonderbun Commissioner.

4th. In all lots in which there are line Boundaries, the points from which they commence, and their direction will be pointed out to the Grantees, but it is to be understood that these Boundaries can only be accurately defined when the Grantees have cleared their grants sufficiently to enable the Government officers to do so.

J. H. Reily, *Soonderbun Commissioner.*

Soonderbun Commissioner's Office, Allipore, the 27th July 1860.

Lots to be granted, District 24-Pergunnahs.

Nos. of Lot according Capt. Hodge's Map.	Estimated Area.	Remarks.
11	8,200	This lot is situated on the outer Soonderbun passage most of the lots near it are cultivated to some extent.
18	12,900	A compact lot with well defined Boundaries situated on the outer Sonderbun passage.
	South portion.	
19	1,800	This lot adjoins Zemindaree lands, the portion to be sold is consequently valuable.
99	21,900	This a good lot adjoins grants in which cultivation is in progress, it is situated near Zemindaree land in a part of the Soonderbuns where the land is sought after.
105	8,400	A good lot situated to the South of the above.
106	20,900	A manageable lot, situated on the inner Soonderbun passage.
109	22,000	The lot is frequented by wood cutters it is situated on the inner Soonderbun passage and in the neighbourhood of lots in which cultivation is in progress
110	31,000	The West boundary of this lot is the well known and much frequented channel creek or Buratullah river, its East boundary is the outer Soonderbun passage shewn in Hodge's Maps and frequented by steamers.
	North portion.	
111	39,000	The original lot contains too large an area for ordinary Grantees, it has therefore been sub-divided. This the North portion is not far from Zemindaree lands, is situated on the outer Soonderbun passage, and is a valuable lot.
	South portion.	
111	21,000	The above remarks apply to this portion.
112	29,000	Situated on the outer Soonderbun passage.
113	26,000	Do. Do.
	North portion	
114	30,000	Sub-divided on account of its size being somewhat large for the generality of Grantees. This lot is advantageously situated, being approachable by both land and water, it is close to Zemindaree lands and adjoin cultivated lots.
	South portion.	
114	32,000	A portion of the above lot.
115	38,000	This is a very compact lot, with well defined natural boundaries, it is situated on the route to the Eastern Districts; cultivation is extending towards this part of the Soonderbuns.
123	27,000	This lot has the advantage of being situated on the banks of the Mutlah.
	North portion.	
127	17,000	Lot situated on the Mutlah in the neighbourhood of lands reserved by the Government for public purposes.

	South portion.	
127	21,000	The above remarks apply to this portion.
	North portion.	
128	30,000	This is a valuable lot, a portion of it has been reserved for public purposes. It is not far from the proposed terminus of the Mutlah Railway.
	South portion.	
128	29,000	The above remarks apply to this lot.
138	17,000	This is a good lot, it is situated on the inner Soonderbun passage and is of a manageable size.

J. H. Reily, *Commissioner in the Soonderbuns.*

Soonderbun Commissioner's Office, Allipore, the 27th July, 1860.

সুন্দরবনের কমিস্যনরি দপ্তরখানার এস্তাহার।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে মহামান্য সদর বোর্ডের আদেশমতে জেলা ২৪ পরগনার মোতালক সুন্দরবন সংক্রান্ত নিম্নের লিখিত লাটহায়ের জুমি আলীপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরি কাছারিতে ইংরাজী সন ১৮৬০ সালের ১৬ আগষ্ট মোতাবেক সন ১২৬৭ সালের ১ ভাদ্র তারিখে বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক যে অতি উচ্চ মূল্য ডাকিবেক তিনি লাট পাইবেন তৎক্ষণাৎ খরিদের সমুদয় মূল্য দাখিল করিতে হইবেক পরে গবর্ণমেণ্টের সন ১৮৫৩ সালের ২৪ সেপ্টেম্বর দিবসীয় রুলানুযায়ি পাট্টা তাহার নামে প্রস্তুত হইয়া সদর বোর্ড রিবিনিউর মঞ্জুরিমতে তাহাকে দেওয়া যাইবেক এবং সরকারের লবণ প্রস্তুত জন্যে এই লাটহায়ের মধ্যে জমী লওয়ার প্রয়োজন হইলে তাহা ছাড়িয়া দিবার নিয়ম পাট্টায় লেখা যাইবেক পরন্তু আরো জানান যাইতেছে যে খরিদা কি খ্যাত ব্যক্তিগণ কেহ ঐ সকল লাটের নক্সা দেখিতে চাহেন তবে স্বয়ং কিম্বা মোখ্তারের দ্বারায় কমিস্যনরের উক্ত মোকামের কাছারিতে যাইয়া দেখিতে পারেন এবং নীলামের অপর দেওয়া নীলামের সময় প্রকাশ করা যাইবেক আর যদ্যপি এই নীলাম বোর্ড রিবিনিউর হুজুরে মঞ্জুর না হয় তবে খরিদের পণের টাকা বিনাসুদে ফেরত পাইবেক আর ইহাও জানান যাইতেছে যে যে সমস্ত লাটের ইরেকেনরি লাইনের দ্বারা সীমানা অবধারিত আছে ঐ লাইন যে স্থানহইতে আরম্ভ ও যে রোকে যাইবেক তাহা লাটদারানকে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া যাইবেক পরে লাটদারকর্ত্তৃক লাটের প্রয়োজনীয় জুমি আবাদ হইলে ঐ সীমানা নিশ্চয়রূপে নিরূপণ করা যাইবেক ইতি সন ১৮৬০। তারিখ।

কাপ্তান হাজিস সাহেবের নকশার লিখিত লাটের নং	আন্দাজী জমীর পরিমাণ	কৈফিয়ৎ
১১ নং লাট	৮২০০/	অত্র লাট সুন্দরবনের বাহির রাস্তার নিকট এবং তাহার নিকটাবর্ত্তি লাট সকল আবাদ হইতেছে।
১৮ নং লাট	১২৯০০/	অত্র লাট উত্তমরূপে নিরূপিত সীমানাভুক্ত ও সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১৯ নং লাট	১৮০০/	এই লাট জমীদারীর জুমির সংলগ্ন থাকাবিধায় তাহার গৌরব হইয়াছে।
দক্ষিণ খণ্ড		
৯৯ নং লাট	১১৯০০/	উত্তম লাট প্রায় আবাদী লাটহায়ের সংলগ্ন এবং জমীদারীর জুমির নিকটাবর্ত্তি এবং সুন্দরবন মোক্তানকের ঐ স্থানের জুমিসকল অনেকেই পাইতে আকাঙ্ক্ষা করে।
১০৫ নং লাট	৮৪০০/	অত্র লাট উত্তম এবং উপরোক্ত লাটের দক্ষিণস্থিত।
১০৬ নং লাট	১০৯০০/	অত্র লাট আবাদের উপযুক্ত এবং সুন্দরবনের ভিতর রাস্তার পার্শ্বস্থ বটে।
১০৯ নং লাট	২১০০০/	বাওয়ালিগণ সর্ব্বদা অত্র লাটে কাষ্ঠ কাটনার্থ গমনাগমন করিয়া থাকে এবং এই লাট সুন্দরবনের ভিতরের রাস্তার পার্শ্বস্থ ও যে সকল লাট আবাদ হইতেছে তাহার নিকটাবর্ত্তী।
১১০ নং লাট	৩১০০০/	এই লাটের পশ্চিম সীমানা বিখ্যাত বারাতলার খাল পূর্ব্ব সীমানা সুন্দরবনের বাহির রাস্তা, সং দ্বারায় ইষ্টিমার গমনাগমন হয়।
১১১ নং লাট উত্তর খণ্ড	৩৯০০০/	সমুদয় লাট অত্যন্ত বৃহৎ সাধারণ গ্রাণ্টীর দ্বারা আবাদ হওয়া সুকঠিন বিবেচনায় বিভাগ করা হইয়াছে অত্র খণ্ড জমীদারীর জুমির নিকটাবর্ত্তী ও সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১১১ নং লাট দক্ষিণ খণ্ড	১১০০০/	ঐ
১১২ নং লাট	২৯০০০/	সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১১৩ নং লাট	২৬০০০/	ঐ
১১৪ নং লাট উত্তর খণ্ড	৩০০০০/	সমুদয় লাট অতিশয় বৃহৎ সাধারণ গ্রাণ্টীর দ্বারায় আবাদ হওয়া সুকঠিন বিবেচনায় বিভাগ করা হইয়াছে এই লাটের অবস্থা এইরূপ উত্তম যে উত্তর জল ও স্থল পথে গমনাগমন করা যাইতে পারে এবং জমীদারীর জুমি ও আবাদী লাটের নিকটাবর্ত্তী।
১১৪ নং লাট দক্ষিণ খণ্ড	৩২০০০/	উপরোক্ত লাটের দ্বিতীয় খণ্ড।

[*Government Gazette, 7th August,* 18[illegible].]

১১৫ নং লাট	৩৮০০০/	অত্র লাট স্বাভাবিক সীমানায় বেষ্টিত এবং পূর্ব্ব দেশে গমনাগমনের রাস্তার পার্শ্বস্থ ও ঐ অঞ্চল ক্রমশ আবাদ হইয়া আসিতেছে।
১২৩ নং লাট	২৭০০০/	এই লাট প্রসিদ্ধ মাতলা নদীর তীরস্থ।
১২৭ নং লাট উত্তর খণ্ড	১৭০০০/	অত্র লাট মাতলা নদীর তীরস্থ এবং গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল ভূমি সরকারী কার্য্যের নিমিত্ত রাখিত হইয়াছে তাহার নিকটাবর্ত্তী।
১২৭ নং লাট দক্ষিণ খণ্ড	২১০০০/	ঐ
১২৮ নং লাট উত্তর খণ্ড	৩০০০০/	এই লাটের কিয়দংশ সরকারী কার্য্যের নিমিত্তে সরকারে রাখা হইয়াছে এবং মাতলার রেলরোড যে স্থানে শেষ হইবেক তাহার নিকটাবর্ত্তী থাকায় এই লাটের গৌরব হইয়াছে।
১২৮ নং লাট দক্ষিণ খণ্ড	২৯০০০/	ঐ
১৩৮ নং লাট	১৭০০০/	উত্তম লাট সুন্দরবনের ভিতরের রাস্তার পার্শ্বস্থ এবং সহজেই আবাদ হইতে পারিবেক ইতি।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টিবা হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপশেরর একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

WANTED

A Head Writer in the Judge's Office, Purneah. Salary 75 Rupees. A man who can read and write Oordoo preferred.

W. M. Beaufort,
Offg. Judge.

পুরণিয়ার জজ সাহেবের কাছারীতে প্রধান কেরাণীর (হেড রাইটরের) পদ খালী আছে। ঐ পদের বেতন ৭৫৲ টাকা। যে জন ঐ পদ পাইতে চাহেন তিনি উর্দ্দু ভাষাতে লেখাপড়া করিতে পারিলে আরো ভাল।

ডবলিউ এম বফোর্ট। একটিং জজ।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিবর্গের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন কানেষ্ট্রক্সন ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন কানেষ্ট্রাক্সন ও সাধারণ লিপি এবং সংস্কৃত দায়ভাগ ব্যবস্থা, দত্তক মীমাংসা ও দত্তক চন্দ্রিকাপ্রভৃতি বঙ্গানুবাদ সম্বলিত শ্রীযুক্ত বাবু গোপীনাথ মৈত্র মুন্সেফ মহাশয়ের সহায়তায় অস্মদীয় "বিদ্যারত্ন যন্ত্রে" উক্ত পুস্তক ১১৪০ পৃষ্ঠায় উত্তমাক্ষরে ও উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইয়াছে গ্রহণাকাঙ্ক্ষি মহাশয়েরা চিতপুর রোড বটতলায় ২৪৬ নং বাটীতে উপরোক্ত যন্ত্রে তত্ত্ব করিলে কিম্বা পত্র প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন মূল্য ১২৲ বার টাকা, বিদেশীয় গ্রহণাকাঙ্ক্ষি মহাশয়েরা মূল্যের সহিত ডাক মাসুল প্রেরণ করিবেন এবং আমার নামাঙ্কিত মোহর ব্যতীত কেহ এই পুস্তক ক্রয় করিবেন না ইতি।

শ্রীবেণিমাধব দে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৭ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত মারশেল্ স্মিথ্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 14, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৪ আগষ্ট।

ACT.

Act No. XXXII. of 1860.

An Act for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

[Continued from page 487.]

Part IV.

[Procedure on appearance of party.]

LVI. *Clause.* 1. If, on the day appointed, the erson shall appear, he shall be heard before the 'ollector or Commissioners sitting with closed doors, nd the Assessor shall also, if required, attend. The 'ollector or Commissioners shall hear the statement f the person, and may inspect any books or papers 'hich he shall voluntarily tender, or question any itness whom he shall produce, but they shall not re- uire the person chargeable to produce any books or roofs besides those which he may choose to tender. n oath or affirmation may be administered to any itness produced by the person, but the person mself shall not be sworn unless he shall desire it. fter such hearing the Collector or Commissioners all modify, abate, or confirm the surcharge or arge upon such person, or shall postone the case r further hearing. After finally hearing the case, he they shall decide the amount in which the person ght to be charged or surcharged, and shall assess m in such amount. Such decision and assessment all be final, subject only to such surcharge in se of fraud and to such revision as are provided this Act.

[Revision of assessment.]

Clause. 2. For the purpose of correcti[illegible]ny mis-

আইন।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইন।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে উপার্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইন।

[৪৮৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

চতুর্থ অধ্যায়।

[লোক উপস্থিত হইলে যাহা হইবে তাহার কথা।]

৫৬ ধারা। ১ প্রকরণ। উক্ত নিরূপিত তারিখে যদি ঐ লোক হাজির হন, তবে কালেক্টর সাহেব কি কমিস্যানর সাহেবেরা অন্য লোককে বিদায় করিয়া তাঁহার কথা গোপনে শুনিবেন। যদি প্রয়োজন হয়, তবে আসেসরও তখন থাকিতে পারিবেন। কালেক্টর সাহেব কি কমিস্যানর সাহেবেরা ঐ লোকের কথা শুনিয়া, তিনি আপন ইচ্ছামতে যে কোন বহী কি কাগজপত্র দেখান তাহা তাঁহারা দেখিতে পারিবেন ও যে কোন সাক্ষিকে উপস্থিত করেন তাঁহাকে তাঁহারা কথা জিজ্ঞাসা করিতে পারিবেন। কিন্তু ঐ লোক আপন ইচ্ছামতে যে বহী কি প্রমাণ দেন তদ্ভিন্ন তাঁহারা তাঁহাকে অন্য প্রমাণাদি দেখাইতে আজ্ঞা করিবেন না। তিনি সাক্ষিস্বরূপে যাঁহাকে আনেন তাঁহাকে শপথ কি প্রতিজ্ঞা করাণ যাইতে পারিবে। কিন্তু যে জন তাঁহাকে আনেন তাঁহাকে শপ[illegible]রাণ যাইতে পারিবে না। কেবল আপনি ইচ্ছা করিলে তাঁহাকে শপথ করাণ যাইতে পারিবে। কালেক্টর সাহেব কি কমিস্যানর সাহেবেরা উক্ত প্রকারে কথা শুনিলে পর ঐ লোকের উপর বসান ঐ অধিক টাক্স কি টাক্স কম করিতে পারিবেন, কিম্বা কমা করিতে কি বহাল রাখিতে পারিবেন, কিম্বা ঐ মোকদ্দমা পুনরায় শুনিবার দিন নিরূপণ করিবেন। সেই বিষয় শেষবার শুনিলে পর, ঐ লোকের যত টাক্স কি অধিক যত টাক্স বসাইতে হয় তাহা ঐ সাহেব কি সাহেবেরা নিরূপণ করিয়া তাঁহার তত টাক্স ধরিবেন। ঐ নি[illegible] ও সেইমতের বসান টাক্স স্থির থাকিবে। কেবল যদি প্রতারণা হয়, তবে এই আইনের বিধানমতে উপরি টাক্[illegible]লাগিতে পারে, কিম্বা ঐ টাকসের সংশোধন হইতে পারে।

[টাক্স সংশোধনের কথা।]

২ প্রকরণ। কালেক্টর সাহেব যে টাক্স ধার্য্য

take in law, or for deciding any point specially referred by the Collector, such assessment, if made by the Collector, may be revised on the application of the person assessed by the authorities to whom the Collector in matters relating to the land Revenue is subordinate, if they think fit so to do, under such rules as those authorities shall from time to time prescribe.

[Deposit of costs before revision.]

Clause. 3. Before any revision shall be made, the applicant shall deposit, with the revising authorities, such amount as they may require to be deposited for the purpose of covering costs as hereinafter mentioned.

[Pending revision applicant liable to pay the duty.]

Clause. 4. Pending the revision, the applicant shall be liable to pay the Duty with which he has been charged, as if no such application had been made, subject to a refund of such amount as the revising authorities shall direct.

[Penalty for frivolous or vexatious applications.]

Clause. 5. If the revising authorities consider the application for the revision to have been frivolous or vexatious, they may order the applicant to pay such amount of costs as they may think reasonable, and such amount shall be retained out of the amount deposited on account of costs.

[A general abstract of assessments to be prepared according to which levy of Duties to be made.]

LVII. When the assessments for any place shall have been made, a general abstract shall be prepared in the form to be prescribed as aforesaid, to which the signature of the Collector or Commissioners shall be attached, and, in accordance with such abstract, the Collector or other Officer in that behalf appointed shall proceed to levy the Duties in the manner hereinafter prescribed.

[Assessments made by Collector or Special Commissioner according to returns furnished.]

LVIII. When any person shall have applied to be assessed by the Collector or Special Commissioner under Sections XLIII. and XLIV., the Collector or Special Commissioner shall consider such application, together with the return and particulars accompanying it. If the Collector or Special Commissioner shall be satisfied with the return, he shall assess such person according thereto.

[Surcharges.]

LIX. If the Collector or Special Commissioner shall not be satisfied with the said return, he shall surcharge the person in such sum as he shall think fit. In case of such surcharge, [illegible] Collector or Special Commissioner shall cause such notice to be given to the person in the manner prescribed in Section LV. and shall proceed to make his assessment and surcharge in the manner hereinbefore prescribed.

করেন, তাহাতে আইনসম্পর্কীয় কোন কথার ভুল শুধরাইবার জন্যে, কিম্বা কালেক্টর সাহেব বিশেষ কোন কথা জিজ্ঞাসা করিলে সেই কথা নিষ্পত্তির জন্যে. জমীর মালগুজারির কার্য্যেতে কালেক্টর সাহেব যে কার্য্যকারক সাহেবেরদের অধীনে থাকেন তাঁহারদের নিকটে যে লোকের ঐ টাক্স ধার্য্য হইয়াছে তিনি যদি দরখাস্ত করেন, তবে তাঁহারা সময়ে২ যে বিধি করেন সেই বিধিমতে উপযুক্ত বোধ করিলে ঐ টাক্স শুধরাইতে পারিবেন।

[শুধরাইবার পূর্ব্বে খরচ আমানৎ করিবার কথা।]

৩ প্রকরণ। টাক্স শুধরাইবার কোন কার্য্য হইবার আগে, শুধরাইবার কার্য্যকারক সাহেবেরা খরচা শোধ করিবার যত টাকা আমানৎ করিতে আজ্ঞা করেন তত টাকা দরখাস্তকারির আমানৎ করিতে হইবেক। ঐ খরচের কথা পরে লেখা যাইতেছে।

[যাবৎ শুধরাণ না যায় তাবৎ দরখাস্তকারির টাক্স দিবার কথা।]

৪ প্রকরণ। টাক্স যত কাল শুধরাণ না যায় তত কাল ঐ দরখাস্তকারির যত টাক্স ধরা হইয়াছে ঐ দরখাস্ত না হইবার মতে তাঁহার সেই টাক্স দিতে হইবে। পরে ঐ শুধরাইবার কার্য্যকারক তাঁহার যত টাকা ফিরিয়া পাইবার আজ্ঞা করেন, তাহা ফিরিয়া পাইতে পারিবেন।

[তুচ্ছনীয় কি বৈরক্তিজনক দরখাস্ত করিবার দণ্ডের কথা।]

৫ প্রকরণ। ঐ শুধরাইবার কার্য্যকারক সাহেবেরা ঐ শুধরাইবার দরখাস্ত যদি তুচ্ছনীয় কি বৈরক্তিজনক জ্ঞান করেন, তবে তাঁহারা যত টাকা উপযুক্ত জ্ঞান করেন দরখাস্তকারির তত টাকা খরচা দিবার আজ্ঞা করিবেন, ও খরচার বাবৎ বলিয়া যে টাকা আমানৎ হইয়াছিল তাহাহইতে ঐ টাকা কাটিয়া লইতে পারিবেন ইতি।

[টাক্সের সাধারণ খোলাসা প্রস্তুত হইয়া তদনুসারে টাক্স উসুল হইবার কথা।]

৫৭ ধারা। কোন স্থানের টাক্স যখন ধার্য্য হইয়াছে তখন তাহার সাধারণ খোলাসা করিতে হইবেক। তাহার পাঠ পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট হইবেক। তাহাতে কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা দস্তখৎ করিবেন। ও কালেক্টর সাহেব, কিম্বা অন্য যে কার্য্যকারক ঐ টাক্স উসুল করিবার কর্ম্মে নিযুক্ত হন তিনি, পশ্চাৎ লিখিত বিধিমতে সেই খোলাসাঅনুসারে টাক্স উসুল করিবেন ইতি।

[যে ফর্দ্দ দেওয়া যায় তাহা দেখিয়া কালেক্টর কি খাস কমিসানর সাহেবের টাক্স ধার্য্য করিবার কথা।]

৫৮ ধারা। যদি কোন লোক ৪৩ ও ৪৪ ধারামতে কালেক্টর সাহেবের কি খাস কমিস্যনর সাহেবের দ্বারা টাক্স ধার্য্য হইবার দরখাস্ত করেন, তবে ঐ কালেক্টর সাহেব কি খাস কমিস্যনর সাহেব ঐ দরখাস্ত ও তাহার সঙ্গে যে ফর্দ্দ ও বয়ান লিখিয়া দেওয়া যায় তাহা বিবেচনা করিবেন। যদি ঐ ফর্দ্দেতে ঐ কালেক্টর সাহেবের কি খাস কমিস্যনর সাহেবের খাতিরজমা হয়, তবে তদনুসারে ঐ লোকের টাক্স ধরিবেন ইতি।

[উপরি টাক্সের কথা।]

৫৯ ধারা। যদি উক্ত ফর্দ্দেতে কালেক্টর সাহেবের কি খাস কমিস্যনর সাহেবের খাতিরজমা না হয়, তবে তিনি যত টাকা উচিত বোধ করেন ঐ লোকের তত টাকা টাক্সে অধিক ধরিবেন। তাহা করিলে, কালেক্টর সাহেব কি খাস কমিস্যনর সাহেব ৫৫ ধারার বিধানমতে ঐ লোককে এত্তেলা দেওয়াইবেন, ও ইহার পূর্ব্বের বিধানমতে তাঁহার টাক্স ও ঐ অধিক টাক্স ধার্য্য করিবেন ইতি।

[Effect of assessment by Collector or Special Commissioner.]

LX. Such assessment made by the Collector or Special Commissioner shall be final, subject only in case of fraud to such surcharge as provided in this Act.

[Presidency Towns, &c. Transmission of papers to Commissioners.]

LXI. In the Presidency Towns and the Stations of the Straits Settlement, the Special Commissioner shall thereupon seal up the papers and transmit them to the Commissioners.

[Returns, &c. to be kept under seal.]

LXII. The returns, and other records relating to the execution of this Act, shall be kept under seal in the Office of the Collector, or in the Presidency Towns and Stations of the Straits Settlement, in the Office of the Commissioners. The disposal of such records shall be at the discretion of the Revenue Authorities.

[Papers relating to assessment not to be inspected by others than Officers expressly appointed.]

LXIII. In no case shall any paper whatsoever, relating to the assessment of the Duties under this Act, be inspected by any one, save such of the Officers appointed under this Act as are herein expressly authorized to inspect the same.

[Person how to appear.]

LXIV. Any person who may have occasion to appear before the Collector or Commissioners or Special Commissioner under the provisions of this Act, shall attend in person, unless his personal attendance be dispensed with, on sufficient reason to be shown, in which case a servant, agent, or relation may be heard on his behalf. Provided that no Counsel, Advocate, Pleader, Attorney, or person practising the law shall be allowed to appear or plead on behalf of any other person.

[Persons acting in execution of Act to be charged with Duties as other persons.]

LXV. The persons acting in the execution of this Act shall be charged and assessed to all the Duties imposed by this Act if liable thereto, and shall deliver all such returns and declarations, and shall do all such acts and things as shall be required to be delivered or done by this Act, in order to the assessing of the said Duties in like manner as any other persons.

[A person acting in execution of Act to have no voice in the consideration of his own return.]

LXVI. Any person aforesaid, whose return shall be under consideration, or who shall be concerned or interested therein, either for himself or for any other person in any character before described, shall have no voice, and shall not be present, except upon a hearing for the purpose of being exa-

[কালেক্টর কি খাস কমিসানর সাহেব টাক্স ধার্য্য করিলে তাহার ফলের কথা।]

৬০ ধারা। কালেক্টর সাহেব কি খাস কমিসানর সাহেব উক্ত যে টাক্স ধরেন তাহাই স্থির থাকিবে। কেবল প্রতারণার কার্য্য হইলে এই আইনের বিধানমতে উপরি টাক্স লাগিতে পারিবে ইতি।

[রাজধানীপ্রভৃতিতে কাগজপত্র কমিস্যনর সাহেবেরদের নিকটে পাঠাইবার কথা।

৬১ ধারা। নানা রাজধানীতে ও মোহনার নিকট বসতি স্থানের সদর মোকামে খাস কমিসানর সাহেব সকল কাগজপত্র লা দিয়া বন্ধ করিয়া কমিস্যনর সাহেবেরদের নিকটে পাঠাইবেন ইতি।

[ফর্দপ্রভৃতি লা দিয়া বন্ধ রাখিবার কথা।]

৬২ ধারা। এই আইনমতে কার্য্য হইবার যে সকল ফর্দ ও অন্যাং কাগজপত্র দেওয়া যায় তাহা কালেক্টর সাহেবের কাছারীতে, কিম্বা কোন রাজধানীতে কি মোহনার নিকট বসতি স্থানের মোকামে হইলে, কমিস্যনর সাহেবেরদের কাছারীতে লা দিয়া বন্ধ করিয়া রাখা যাইবেক। পরে রাজস্বের কার্য্যকারক সাহেবেরা ঐ কাগজপত্র লইয়া যাহা করিতে উপযুক্ত জ্ঞান করেন তাহা করিবেন ইতি।

[টাক্সের নানা কাগজপত্র বিশেষমতের নিযুক্ত কার্য্যকারক ভিন্ন অন্য লোকেরদের না দেখিবার কথা।]

৬৩ ধারা। এই আইনমতের টাক্স ধার্য্য করিবার সম্পর্কীয় কোন কাগজপত্র দেখিতে যে কার্য্যকারকেরা এই আইনমতে নিযুক্ত হইয়া বিশেষমতে ক্ষমতা পান, তাঁহারা দেখিতে পারিবেন। অন্য কেহ কোনমতে দেখিতে পাইবেন না ইতি।

[লোকেরদের হাজির হইবার কথা।]

৬৪ ধারা। এই আইনের বিধানমতে যদি কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের কি খাস কমিসানর সাহেবের নিকটে কোন লোকের যাইবার প্রয়োজন হয়, তবে তিনি নিজে যাইবেন। যদি উপযুক্ত কারণ দেখান গেলে তাঁহার নিজে হাজির না হইবার অনুমতি হয়, তবে তাঁহার তরফে তাঁহার কোন চাকরের কি গোমাশ্তার কি জ্ঞাতিকুটুম্বের কথা শুনা যাইতে পারিবেক। কিন্তু কোন কৌন্সেলী সাহেব কি আড্‌বোকেট কি উকীল কি টর্নি কিম্বা আইনব্যবসায়ি কোন লোক অন্য কাহার পক্ষে হাজির হইতে কি সওয়ালজওয়াব করিতে পারিবেন না ইতি।

[যাঁহারা এই আইনের কার্য্য নির্ব্বাহ করিতে নিযুক্ত হন তাঁহারদেরও টাক্স লাগিবার কথা।]

৬৫ ধারা। এই আইনের কার্য্য নির্ব্বাহ করিবার লোকেরা যদি এই আইনমতের টাক্স দিবার যোগ্য লোক হন, তবে এই আইনমতের সকল টাক্স তাঁহারদেরও উপর বসান যাইবেক ও ধার্য্য হইবেক। ও এই আইনমতের টাক্স বসাইবার জন্যে অন্য লোকেরদের যে সকল ফর্দ ও কৈফিয়ৎ দিতে হয় ও অন্য যে সকল কার্য্য এই আইনমতে করিতে হয়, তাহা তাঁহারদেরও দিতে ও করিতে হইবেক ইতি।

[এই আইনের কার্য্য যিনি নির্ব্বাহ করেন তাঁহার নিজ ফর্দের কথার বিচার হইলে তাঁহার সেই বিষয়ে মত জানাইতে না পারিবার কথা।]

৬৬ ধারা। পূর্ব্বোক্তমতের কোন লোকের ফর্দ যে সময়ে বিবেচনা হইতেছে, কিম্বা যে ফর্দেতে পূর্ব্বোক্ত লোকের নিজ পক্ষে কিম্বা পূর্ব্বোক্ত মতের জ্ঞাতিকুটুম্বপ্রভৃতি হইয়া পরের নিমিত্তে সম্পর্ক কি অভিলাষ হয়, সেই ফর্দ যে সময়ে বিবেচনা হইতেছে সেই সময়ে তিনি কোন কথা কহিতে পাইবেন না, হাজিরও থাকিবেন না।

mined *vivâ voce* by the Collector or Commissioners having his assessment or schedule under consideration, but shall withdraw during the consideration and determination thereof.

PART V.

Compositions.

[Parties may compound for 3, 4, or 5 years.]

LXVII. Any person desirous of compounding for the Duties mentioned in Schedule 2 of this Act, in the first, second, or third years of this Act, shall, at any time after he shall have delivered the return of his profits or income under the said Schedule as required by this Act, and before he shall have been assessed for such years, deliver to the Assessor of the District a notice signed by himself of his desire to compound for the Duties in the manner allowed by this Act; and shall state therein whether he desires to compound for three, four, or five years.

[Parties to execute contract of composition.]

LXVIII. When such assessment shall have been made by the Collector or Commissioners, or a Special Commissioner, it shall be lawful for such Collector or Commissioners to contract and agree with such person for a composition for the said Duties on the terms hereinafter mentioned, for a period of not less than three years, and not more than five years, limited for the continuance of this Act, provided such person shall enter into and sign a contract of composition within the space of one calendar month next after the making of such assessment shall have been notified to him, and his appeal against the same (if any) shall have been determined.

[Terms of composition.]

LXIX. The terms of such composition shall be the payment in each year of the said period, of the amount of the said assessment so made as aforesaid, together with an addition thereto at the rate of one Rupee for every twenty Rupees of the sum assessed as aforesaid, which addition shall be made by the Collector or Commissioners to the said assessment so made for the first year of the said term.

[Assessments how to be made in subsequent years upon persons executing contracts.]

LXX. In each subsequent year thereof the assessment of the said Duties under Schedule 2, upon the person who shall have entered into such contract of composition, shall be made by the Collector or Commissioners in a sum equal to the aggregate amount of the said first year's assessment with the said additional rate thereon, and it shall not be necessary for such person to deliver any further return of profits or income described in the said Schedule 2 during the said period of composition.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৪ আগষ্ট।]

কিন্তু কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা তাঁহার টাক্সের ফর্দ কি তফসীল বিবেচনা করিবার সময়ে যখন তাঁহার জোবানবন্দী লইতে চাহেন তখন হাজির হইতে পারিবেন। পরন্তু তাহা বিবেচনা ও নির্দ্ধার্য্য করিবার সময়ে তিনি থাকিবেন না ইতি।

পঞ্চম অধ্যায়।

ফুরণ করিবার কথা।

[৩ কি ৪ কি ৫ বৎসরের নিমিত্তে টাক্সের ফুরণ করিবার কথা।]

৬৭ ধারা। এই আইন চলন হইবার প্রথম কি দ্বিতীয় কি তৃতীয় বৎসরে যদি কোন লোক এই আইনের ২ নম্বরের তফসীলের লিখিত টাক্স ফুরণ করিয়া দিতে চাহেন, তবে উক্ত তফসীলমতে তাঁহার যত টাকা প্রাপ্তি কি আয় হয় তাহার ফর্দ দিবার পরে, ও ঐ২ বৎসরের নিমিত্তে তাঁহার টাক্স ধরা যাইবার পূর্ব্বে কোন সময়ে, তিনি এই আইনের অনুমতিমতে ঐ টাক্স ফুরণ করিয়া দিবার বাসনার এক এত্তেলা আপনি দস্তখৎ করিয়া জিলার আসেসরকে দিবেন। ও তিনি তিন কি চারি কি পাঁচ বৎসরের নিমিত্তে ঐ ফুরণ করিতে চাহেন, এই কথা তাহাতে লিখিবেন ইতি।

[ফুরণের করার করিবার কথা।]

৬৮ ধারা। কালেক্টর সাহেব কিম্বা কমিস্যনর সাহেবেরা কিম্বা খাস কমিস্যনর সাহেব যখন ঐ টাক্স ধার্য্য করিয়াছেন, তখন ঐ কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা ইহার পশ্চাৎ লিখিত নিয়মানুসারে তিন বৎসরের কম না হয় কিম্বা এই আইন চলন থাকিবার যে মিয়াদ আছে সেই পাঁচ বৎসরের অধিক না হয় এমত কোন কালপর্য্যন্ত ঐ টাক্স ফুরণ করিয়া লইবার করার ও চুক্তি ঐ লোকের সঙ্গে করিতে পারিবেন। কিন্তু ইহাতে প্রয়োজন যে, ঐ লোকের উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহার সম্বাদ তাঁহাকে দেওয়া গেলে পর, ও তাহার উপর আপীল হইলে সেই আপীল নিষ্পত্তি হইলে পর এক মাসের মধ্যে ঐ ফুরণ করিবার করার করেন ও সেই করারনামায় দস্তখৎ করেন ইতি।

[ফুরণ করিবার নিয়মের কথা।]

৬৯ ধারা। ঐ ফুরণ করিবার নিয়ম এই। ঐ লোকের উপর পূর্ব্বোক্তমতে যত টাক্স ধার্য্য হইয়াছে তাহার সমুদয় টাকা, ও তদ্ভিন্ন ঐ ধার্য্যকরা টাক্সের বিশ২ টাকার উপর আর এক টাকার হিসাবে তিনি ঐ মিয়াদের প্রতিবৎসরে দিবেন। কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা ঐ মিয়াদের প্রথম বৎসরে সেই অতিরিক্ত টাকা ঐ ধার্য্যকরা টাক্সের উপর ধরিয়া দিবেন ইতি।

[যাঁহারা ফুরণ করেন তাঁহাদের উপর তৎপরের নানা বৎসরের টাক্সের কথা।]

৭০ ধারা। যে লোক ঐ ফুরণের করার করিয়াছেন তাঁহার উক্ত মিয়াদের প্রথম বৎসরের যত টাকা টাক্স হয় তাহা ও উক্ত হারানুসারে ঐ টাক্সের উপর যত টাকা চড়াইয়া দেওয়া গিয়াছে তাহা ঐ লোকের ২ নম্বরের তফসীলমতের উক্ত টাক্স বলিয়া, ঐ কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা তৎপরে ঐ মিয়াদের প্রতিবৎসরে ধরিবেন। ও সেই ফুরণের মিয়াদ যত কাল থাকে তত কাল ঐ লোকের উক্ত ২ নম্বরের তফসীলের নির্দ্দিষ্ট প্রাপ্তির কি আয়ের অন্য কোন ফর্দ লিখিবার আবশ্যক হইবেক না ইতি।

[If persons neglect or refuse to execute contract of composition.]

LXXI. If the person upon whom such assessment as aforesaid shall have been made, shall neglect or refuse to enter into and sign such contract of composition within the time herein limited for that purpose, the assessment so made, without the said additional rate, shall be collected and recovered in like manner as any other assessment under this Act.

[Form of contract of composition. Contract to be in two parts.]

LXXII. The contract of composition shall be made in the form to be prescribed as aforesaid. Every such contract of composition shall be made in two parts, which shall be severally signed by the Collector or one of the Commissioners, and by the person compounding. One of such parts shall be delivered to the person compounding, and the other part shall remain with the Collector or Commissioners.

[Effect of contract.]

LXXIII. Every such contract shall be an authority for the Collector or Commissioners to make an assessment on the person compounding for each year of the said period of composition in accordance with the terms thereof, and to cause the sum thereby assessed to be collected and paid over in such manner and by such means as are herein authorized in relation to any other assessment made under this Act.

[Composition to cease on 30th April next after death or bankruptcy of party compounding.]

LXXIV. If any person who shall have compounded as aforesaid shall die or become bankrupt or insolvent before the expiration of the period of composition, his contract of composition shall cease and determine on the 30th of April next after his death, bankruptcy, or insolvency, save and except as to any instalment of Duty which, before the said day, shall have become payable and shall then remain unpaid.

[In case of fraud in compounding, composition to be void, and penalties incurred.]

LXXV. If any person who shall propose to compound for the Duties chargeable under Schedule 2 of this Act shall wilfully make or deliver any false return or declaration of profits or income described in such Schedule, or shall wilfully conceal or omit to state any of such his profits or income, or any part or portion thereof, or any other matter or thing required by this Act to be stated in such declaration or return; or if any person shall, by any fraudulent means, procure an assessment to be made upon him for a less amount of the said Duties than he shall be chargeable with, in order to compound thereon; or if any person shall, by any fraudulent means whatever, cause or procure a contract of

[ফুরণের করারনামায় দস্তখৎ করিতে শৈথিল্য হই-লে কি স্বীকার না হইলে তাহার কথা।]

৭১ ধারা। যাঁহার উপর পূর্ব্বোক্তমতের টাক্স ধার্য্য হইয়াছে, তিনি যদি ঐ ফুরণ করিবার পূর্ব্বোক্ত মিয়াদের মধ্যে ঐ ফুরণের করার করিতে ও তাহাতে দস্তখৎ করিতে শৈথিল্য করেন কি স্বীকার না করেন, তবে ঐ অতিরিক্ত হিসাবমতের টাকা ছাড়া যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা এই আইনমতের ধার্য্যকরা অন্য টাক্সের মত উসুল ও আদায় করা যাইবে ইতি।

[ফুরণ করিবার করারনামা লিখিবার পাঠ ও তাহার দুই খণ্ড লিখিবার কথা]

৭২ ধারা। ফুরণ করিবার করারনামা লিখিবার পাঠ পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট হইবেক। ফুরণ করিবার সেইরূপ প্রত্যেক করারনামা দুই খণ্ড করিয়া করা যাইবে, ও সেই দুই খণ্ডে কালেক্টর সাহেব কিম্বা কমিস্যনরেরদের এক জন সাহেব ও সেই ফুরণ যিনি করেন তিনি দস্তখৎ করিবেন। ঐ দুই খণ্ডের এক খণ্ড যে জন ফুরণ করেন তাঁহাকে দেওয়া যাইবেক। অন্য খণ্ড কালেক্টর সাহেবের কিম্বা কমিস্যনর সাহেবেরদের নিকটে থাকিবেক ইতি।

[করারনামার ফল।]

৭৩ ধারা। সেই প্রকারের করারনামা হইলে, কালেক্টর সাহেবের কিম্বা কমিস্যনর সাহেবেরদের এই ক্ষমতা থাকিবে যে, ঐ ফুরণের মিয়াদের প্রতিবৎসরে তাঁহারা ঐ ফুরণের নিয়মানুসারে ঐ ফুরণকরণিয়া লোকের টাক্স ধরেন, ও এই আইনমতে অন্য যে টাক্স ধার্য্য হয় তাহা যে প্রকারে ও যে উপায়ে আদায় করিবার ক্ষমতা আছে, ঐ কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা সেই প্রকারে ও সেই উপায়ে ঐ ফুরণমতের টাক্সের টাকা উসুল ও আদায় করিতে ও দাখিল করিতে পারিবেন ইতি।

[যে জন ফুরণ করেন তিনি মরিলে কি দেউলিয়া হইলে তৎপরের আপ্রিল মাসের ৩০ তারিখে তাঁহার সেই ফুরণ বাতিল হইবার কথা।]

৭৪ ধারা। পূর্ব্বোক্তমতের ফুরণ যিনি করিয়াছেন এমত কোন লোক যদি সেই ফুরণের মিয়াদ ফুরাইবার আগে মরেন কি দেউলিয়া কি খোয়ারহীন হন, তবে তাঁহার মরণের কি দেউলিয়া কি খোয়ারহীন হওনের পর আপ্রিল মাসের ৩০ তারিখে তাঁহার সেই করারনামা বাতিল ও রহিত হইবেক। কিন্তু ঐ দিবসের পূর্ব্বে তাঁহার ঐ টাক্সের কোন কিস্তী পাওনা থাকিলে কি বাকী থাকিলে তাহার বিষয়ে ঐ ফুরণের করার বহাল থাকিবে ইতি।

[ফুরণ করিবার কার্য্যেতে যদি চাতুরী হয়, তবে ফুরণ বাতিল হইবার কথা ও দণ্ড হইতে পারিবার কথা।]

৭৫ ধারা। এই আইনের ২ নম্বরের তফসীলমতে যে টাক্স লাগিতে পারে তাহা ফুরণ করিয়া দিবার প্রস্তাব করিলে, যদি কোন লোক ঐ তফসীলের নির্দ্দিষ্ট প্রাপ্তির কি আয়ের কোন ফর্দ্দ কি কৈফিয়ৎ জানিয়াশুনিয়া অসত্য করিয়া লিখিয়া দাখিল করেন, কিম্বা তাঁহার কিছু প্রাপ্তি কি আয় কি তাহার কোন অংশ কি ভাগ, কিম্বা অন্য যে কোন কথা কি বিষয় ঐ ফর্দ্দে কি কৈফিয়তে লিখিতে এই আইনে আজ্ঞা হইয়াছে তাহার কোন কথা কি বিষয় জানিয়াশুনিয়া গুপ্ত রাখেন কি না লেখেন, কিম্বা তাঁহার যত টাক্স লাগিতে পারে তাহাহইতে কম টাক্সের ফুরণ করিবার অভিপ্রায়ে যদি চাতুরীক্রমে কম টাক্স ধরিবার কোন উপায় করেন, কিম্বা তাঁহার মত টাক্স ধার্য্য করা উচিত তাহার কম টাক্সের ফুরণ হইবার করারনামা যাহাতে হয় এমত কোন কর্ম্ম

composition to be made or entered into with him for a less amount of Duties than he ought to be charged with, the contract of composition, if any, which shall have been made with such person, shall be void and of no effect, and such party shall be charged and assessed as if no such contract had been made, and any sum of money which may have been paid in pursuance of such contract shall be forfeited.

[Officers not exercising full powers of a Collector incapable of making contracts.]

LXXVI. No Officer not exercising the full powers of a Collector shall have authority to make any contract of composition under this Part of the Act

---

PART VI.

Provisions as to Trustees and Special Classes of Persons chargeable.

[Trustees and Guardians of incapacitated persons to be charged.]

LXXVII. The trustee, guardian, curator, or committee of any person, being an infant, or married woman subject to the law of England as aforesaid, or a lunatic, and having the direction, control, or management of the property or concerns of such infant, married woman, or lunatic, whether such infant, married woman, or lunatic shall reside in India or not, shall, if such infant, married woman, or lunatic be chargeable under this Act, be charged to the said Duties in like manner and to the same amount as would be charged to such infant if of full age, or to such married woman if she were sole, or to such lunatic if he were capable of acting for himself.

[Agents, factors, and receivers of non-residents to be charged.]

LXXVIII. Any person not resident in India, whether a subject of Her Majesty or not, being in the receipt, through any agent, factor, or receiver, of any profits or income chargeable under this Act, shall be chargeable in the name of such agent, factor, or receiver having the receipt in India of such profits or income belonging to such person, in the like manner and to the like amount as would be charged to such person if resident in India, and in the actual receipt thereof.

[Trustees, guardians, agents, &c., required to do all acts required to be done by their principals.]

LXXIX. Every such trustee, guardian, curator, or committee, and every such agent, factor, or receiver, shall be answerable for the doing of all such acts and things as are required to be done by the person chargeable.

[Trustees or agents of certain persons (being resident in India) only required to deliver a list of names and residence of principals.]

LXXX. No trustee, who shall have authorized the receipt of the profits or income arising from

যদি চাতুরীক্রমে করেন, তবে ঐ লোকের সঙ্গে ফুরণের যে করার হইয়াছে তাহা বাতিল ও অসিদ্ধ হইবেক ও সেই প্রকারের কোন করার না হইবার মতে ঐ লোকের টাক্স বসান যাইবে ও ধার্য্য হইবে, ও সেই করারমতে যে কিছু টাকা দিয়া থাকেন তাহাও জব্দ হইবেক ইতি।

[কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতা যাঁহার না থাকে তাঁহার ঐ প্রকারের ফুরণ করিয়া লইতে না পারিবার কথা।]

৭৬ ধারা। কালেক্টর সাহেবের সম্পূর্ণ ক্ষমতা যাঁহার না থাকে এমত কোন কার্য্যকারকের এই আইনের এই অধ্যায়মতে ফুরণের কোন করারদাদ করিবার ক্ষমতা থাকিবে না ইতি।

ষষ্ঠ অধ্যায়।

ট্রুষ্টীরদের ও বিশেষ২ প্রকারের যে লোকেরদের টাক্স লাগিতে পারে তাঁহারদের বিধি।

[অক্ষম লোকেরদের ট্রুষ্টীরদের ও অলিরদের টাক্স লাগিবার কথা।]

৭৭ ধারা। কোন নাবালগ কি ইঙ্গলণ্ডীয় আইনের অধীন পূর্ব্বোক্তমতের বিবাহিতা স্ত্রী কি ক্ষেপা লোক ভারতবর্ষে বাস করুন কি না করুন যদি তাঁহারদের উপর এই আইনমতে টাক্স লাগে, তবে তাঁহারদের সম্পত্তির কি বিষয়ব্যাপারের কর্ত্তৃত্বের কি তত্ত্বাবধারণের কি সরবরাহ করিবার ভার যাঁহার প্রতি থাকে ঐ নাবালগের কি বিবাহিতা স্ত্রীর কি ক্ষেপালোকের এমত ট্রুষ্টীর কি অলির কি সম্পত্তিরক্ষকের কি কমিটির ঐ টাক্স লাগিবে। অর্থাৎ সেই নাবালগ বয়ঃপ্রাপ্ত হইলে, কি ঐ বিবাহিতা স্ত্রী অবিবাহিতা হইলে, কি ঐ ক্ষিপ্ত আপনার কার্য্য নির্ব্বাহ করিতে সক্ষম হইলে, তাঁহারদের যে প্রকারে ও যত টাক্স লাগিত, ঐ ট্রুষ্টীপ্রভৃতির সেই প্রকারে তত টাক্স লাগিবে ইতি।

[ভিন্ন দেশনিবাসিরদের গোমাশ্তারদের ও কর্ম্মকারকেরদের ও রিসীবরেরদের টাক্স লাগিবার কথা।]

৭৮ ধারা। কোন লোক ভারতবর্ষের মধ্যে বাস না করিলে ও শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হউন কি না হউন, এই আইনমতের টাক্স যাহাতে লাগিতে পারে এমত কোন প্রাপ্তি কি আয় যদি কোন গোমাশ্তার কি কর্ম্মকারকের কি রিসীবরের দ্বারা পাইয়া থাকেন, তবে সেই লোক আপনি ভারতবর্ষে বাস করিলে ও আপনি সেই টাকা গ্রহণ করিলে তাঁহার যে প্রকারের ও যত টাক্স দিতে হইত, ভারতবর্ষে তাঁহার গোমাশ্তা কি কর্ম্মকারক কি রিসীবর উক্ত যে প্রাপ্তি কি আয় আদায় করিয়া থাকেন তাঁহার নামে সেই প্রকারে তত টাক্স বসান যাইবেক ইতি।

[কর্ত্তা ব্যক্তির যে সকল কর্ম্ম করিতে হয় ট্রুষ্টীরদের কি অলিরদের কি গোমাশ্তাপ্রভৃতির সেই সকল কর্ম্ম করিতে হইবার কথা।]

৭৯ ধারা। আসল যে ব্যক্তির ঐ টাক্স লাগে তাঁহার যে সকল কার্য্য ও কর্ম্ম করিবার আজ্ঞা হয়, সেই সকল কর্ম্ম করিবার দায় উক্ত প্রত্যেক ট্রুষ্টীর কি অলির কি সম্পত্তিরক্ষকের উপর, ও উক্ত প্রত্যেক গোমাশ্তার কি কর্ম্মকারকের কি রিসীবরের উপর থাকিবে ইতি।

[ভারতবর্ষনিবাসি কোন২ লোকের ট্রুষ্টীর কি গোমাশ্তারদের কর্ত্তা ব্যক্তিরদের কেবল নাম ও বাসস্থান লিখিয়া দিতে হইবার কথা।]

৮০ ধারা। কোন ট্রুষ্টীর নিকটে যে সম্পত্তি আমানৎ থাকে তাহাতে যে কিছু লাভ কি আয় হয়, তাহা

trust property by the person entitled thereto, or by the agent of such person, provided such person shall actually receive the same under such authority, and no agent, or factor, or receiver of any person, being of full age, and resident in India, and being under no disability, who shall return a list in the manner herein required, of the name and residence of such person, and of the amount of the income liable to be assessed, shall be required to do any other act, for the purpose of assessing such person, unless the Collector or Commissioners, acting in the execution of this Act in respect of the assessment to be made on such person, shall require the evidence of such trustee, agent, or receiver. The Collector or Commissioners shall have power to summon such person to attend before them when his evidence is required.

[Trustees or agents of incapacitated persons may be required to furnish statements of income and profits.]

LXXXI. Every person who shall act in any character as aforesaid for any other person, who, by reason of any such incapacity as aforesaid, or by reason of his not being resident in India, cannot be personally charged by virtue of this Act, shall also, when required, deliver in the manner herein directed, and in the same District in which the person delivering such list ought to be charged on his own account, a true and correct statement, in writing, signed by him, of the amount of the profits and income to be charged on him on account of such other person, estimated during the period, and according to the rules contained in the said respective Schedules, together with such declaration of the truth of such statement, as required in Section XXXIX. of this Act.

[Mode of assessment if two or more such persons are liable to be charged for the same person.]

LXXXII. Where two or more such persons shall be liable to be charged for the same person, one return only shall be required, and such return shall be made by such persons jointly, or by one or more of them on behalf of himself or themselves; and it shall be lawful for them to give notice, in writing, to the Collector or Commissioners acting for the place where they shall be called upon for such statement, in what place they are respectively chargeable by this Act on their own account, and in which of the said places they are desirous of being so charged on the behalf of such other person for whom they so act, in any of the characters beforementioned, and they shall be assessed accordingly by one assessment in such place, provided any one of such persons shall be liable to be charged on his own account in the same place.

[Relief from double assessments.]

LXXXIII. If more than one assessment shall be made on such persons, or any of them, on the same account, relief shall be granted for s. 'i dou-

আদায় করিবার ক্ষমতা যদি ঐ ট্রুষ্টী ঐ আর পাইবার হকদার ব্যক্তিকে কিম্বা তাঁহার গোমাশ্‌তাকে দেন, ও সেই ক্ষমতাক্রমে যদি ঐ লোক নিতান্ত ঐ আয়প্রাপ্ত হন কিম্বা কোন লোক বয়ঃপ্রাপ্ত হইয়া, ও ভারতবর্ষে বাস করিয়া, কোন প্রকারে অক্ষম না হইলে, যদি তাঁহার কোন গোমাশ্‌তা কি কর্ম্মকারক কি রিসীবর এই আইনের বিধানমতে তাঁহার নামের ও বাসস্থানের, ও উক্ত প্রকারের টাক্‌স যে আয়ের উপর আদায় করিবার অনুমতি হয় তাহার ফর্দ দেন, তবে সেই লোকের টাক্‌স ধার্য্য করিবার জন্যে তাঁহাদের অন্য কোন কার্য্য করিতে আজ্ঞা হইবেক না। কেবল সেই লোকের উপর যে টাক্‌স বসাইতে হইবেক তাহার বিষয়ে যে কালেক্‌টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা এই আইনমতের কার্য্য করেন তাঁহারা যদি ঐ ট্রুষ্টীর কি গোমাশ্‌তার কি রিসীবরের সাক্ষ্য চাহেন তবে তাহা লইতে পারিবেন। তাঁহার সাক্ষ্য লওয়া যখন প্রয়োজন হয়, তখন কালেক্‌টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা তাঁহাকে আপনারদের সম্মুখে হাজির হইবার নিমিত্তে সমন করিতে পারিবেন ইতি।

[অক্ষম ব্যক্তিরদের ট্রুষ্টীদিগকে ও গোমাশ্‌তারদিগকে আয়ের ও প্রাপ্তির ফর্দ দাখিল করিতে আজ্ঞা হইবার কথা।]

৮১ ধারা। কোন লোক পূর্ব্বোক্তমতে অক্ষম হওয়াতে, কিম্বা ভারতবর্ষে বাস না করাতে, যদি নিজ তাঁহার উপর এই আইনমতে টাক্‌স বসান যাইতে না পারে, তবে তাঁহার নিমিত্তে যে লোক পূর্ব্বোক্ত প্রকারে ট্রুষ্টীপ্রভৃতির কর্ম্ম করেন, তিনি আজ্ঞা পাইলে এই ধারার লিখিত বিধানমতে ফর্দ দাখিল করিবেন, অর্থাৎ ঐ অন্য লোকের নিমিত্তে তাঁহার উপর যে লাভের ও আয়ের জন্যে টাক্‌স বসান যাইবে, তাহা যত টাকা হয় ইহার হিসাব ঐ২ তফসীলের লিখিত কালের নিমিত্তে ও তাহার বিধানমতে করিয়া, তাহার যথার্থ ও ঠিক কৈফিয়ৎ লিখিয়া, ও ঐ ফর্দ যে যথার্থ হইয়াছে ইহার কৈফিয়ৎ এই আইনের ৩৯ ধারার বিধানমতে লিখিয়া দস্তখৎ করিবেন, ও আপনার টাক্‌স যে জিলাতে বসান উচিত সেই জিলাতে দাখিল করিবেন ইতি।

[উক্ত প্রকারের দুই কি তাহার অধিক জনের উপর যদি একি জনের নিমিত্তে টাক্‌স বসান যাইতে পারে তবে টাক্‌স বসাইবার নিয়মের কথা।]

৮২ ধারা। যদি একি জনের নিমিত্তে দুই কি ততোধিক লোকের উপর টাক্‌স বসান যাইতে পারে, তবে কেবল এক ফর্দ দিবার প্রয়োজন হইবে, সেই ফর্দ তাঁহারা একত্রে করিবেন, কিম্বা তাঁহারদের এক কি অধিক জন আপনার কি আপনারদের নিমিত্তে ঐ ফর্দ করিবেন। ও সেই কৈফিয়ৎ লিখিতে তাঁহারদিগকে যে জিলার মধ্যে আজ্ঞা হয় সেই জিলার কর্ম্মকারি কালেক্‌টর সাহেবকে কি কমিস্যনর সাহেবদিগকে তাঁহারা এত্তেলা দিয়া, নিজ২ কারণে যে স্থানে তাঁহারদের এই আইনমতে টাক্‌স লাগিতে পারে এই কথা, ও যাঁহার তরফে তাঁহারা ঐ ট্রুষ্টীপ্রভৃতির কর্ম্ম করেন তাঁহার নিমিত্তে উক্ত যে স্থানে তাঁহারদের উপর টাক্‌স বসান যায় ইহাতে তাঁহারদের যে ইচ্ছা হয়, এই কথা জানাইতে পারিবেন। তাহাতে যদি সেই স্থানে তাঁহারদের কোন এক জনের নিজের টাক্‌স বসান যাইতে পারে, তবে সেই স্থানে তাঁহারদের উপর ঐ লোকের জন্যে একত্র টাক্‌স ধার্য্য হইবেক ইতি।

[দ্বিগুণ টাক্‌স ধার্য্য না হইবার উপায়ের কথা।]

৮৩ ধারা। যদি একি সম্পত্তিপ্রভৃতির বাবতে তাঁহারদের উপর কি তাঁহারদের কোন জনেরদের উপর দুই কি অধিকবার টাক্‌স বসান যায়, তবে অন্যায়

ble assessment by like applications to the Collector or Commissioners, as are allowed in other cases by this Act.

[Receiver or manager of trust property chargeable.]

LXXXIV. The receiver or manager appointed by any Court in India, whether constituted by Royal Charter or not, or having the direction and control of any property in respect whereof a Duty is charged by this Act, whether the title to such property shall be uncertain or not, or subject to any contingency or not, shall be chargeable to the said Duty in like manner and to the like extent as the persons entitled thereto would be chargeable, if in actual possession of the said property, and if the title thereto were certain and not subject to any contingency whatever.

[Court of Wards is to be charged for property in its control.]

LXXXV. The several Courts of Wards in the Presidencies of Bengal, Madras, and Bombay, and in any other parts of India wherein such Courts are established, shall, in respect of all property, profits, and income under the direction and control of such Courts, and chargeable with any Duty under this Act, whether the proprietors on whose behalf the said Courts shall have such direction or control, be or continue disqualified or not, so long as the said Courts shall have such direction or control, shall be chargeable to the said Duty in the like manner and to the like extent as the proprietors of such property, profits, and income, if not disqualified, and if in actual possession thereof, would be chargeable.

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে উপার্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইন ।

[৫০৫ পৃষ্ঠাহইতে চলিতেছে ।]

সপ্তম অধ্যায় ।

১ নম্বরের তফসীলমতের বিধি ।

[১ নম্বরের তফসীলমতে যে টাক্স লাগে তাহা বসাইবার কথা ।]

৯৭ ধারা । ১ নম্বরের তফসীলের লিখিত যে টাক্স এই আইনমতে ধরা যায়, তাহা বসাইবার ও ধার্য্য করিবার এই২ বিধি, অর্থাৎ

১ নম্বরের তফসীল ।

[যে বন্দোবস্তের পরিবর্ত্তন হইতে পারে এমত বন্দোবস্তের যে জমীর মালগুজারী সরকারে আদায় হয় তাহার লাভ সরকারের মালগুজারীর তিন ভাগের এক ভাগের হিসাবে ধরিবার কথা ।]

১ বিধি । সদর মালগুজারীর যে জমীর ইস্তমরারী বন্দোবস্ত না হইয়া, যাহা সংশোধন কি পরিবর্ত্তন হইতে পারে এমত বন্দোবস্ত হয়, সেই জমীর মালিকেরদের কি দখীলকারেরদের বৎসরের লাভ ঐ জমীর সালিয়ানা মালগুজারীর তিন অংশের এক অংশপর্য্যন্ত ধরা যাইবে । সেই হিসাবমতের ঐ সালিক লাভের উপর ঐ জমীর মালিকেরদের কি দখীলকারেরদের টাক্স ধার্য্য হইবে ।

[ঐ লাভ সরকারের মালগুজারীর তিন অংশের এক অংশের কম হয়, ইহার প্রমাণ হইলে, ঐ জমীর টাক্স কম করিবার কথা ।]

২ বিধি । ১ বিধিতে যে জমীর কথা আছে তাহাহইতে বৎসরে যে লাভ নিতান্ত হয়, তাহা ঐ জমীর সালিয়ানা মালগুজারীর তিন অংশের এক অংশের কম হয়, এই কথার প্রমাণ যদি ঐ জমীর মালিক কি দখীলকার কালেক্টর সাহেবের কিম্বা কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে করিতে পারেন, তবে ঐ মালিকের কি দখীলকারের বৎসরের টাক্স ঐ কালেক্টর সাহেব কিম্বা কমিস্যনর সাহেবেরা তদনুসারে কম করিয়া ধরিবেন ।

[Upon application to reduce, holder if he fails liable to be charged with excess of profits above one-third of the Government Revenue.]

Rule 3. If any such owner or holder shall object, either before the Collector or the Commissioners, to be charged with the annual value at the rate of one-third the annual amount of revenue payable on the said lands, he shall be bound to make all the returns and declarations, and be subject to the same rules as the owners or holders of lands mentioned in the following rules; and if it shall appear to the Collector or to the Commissioners that the annual profits arising from the said lands are more in value than one-third of the said annual amount of the said Government Revenue, the Collector or the Commissioners shall charge such owner or holder with such increased annual value of the profits, and he shall be charged double Duty in respect thereof.

[All persons in receipt of rents and profits of lands and houses not included in Rule 1, to make returns, and to be chargeable with actual profits.]

Rule 4. All persons in the actual receipt, whether as owners or not, of any rents or profits arising out of any lands or houses not included in the said first general rule whether paying revenue to the Government or not, shall return and deliver, as aforesaid, a statement of all the several estates, tenures, sub-tenures, lands, and houses held by them, and of the nature of such estates, tenures, and sub-tenures, and of the amount of the rents and profits whereof they shall be in receipt as aforesaid, under any title whatever, and in whatever District situated, and of the rents and profits of whatsoever nature or kind, received and receivable by them on account of every such separate estate, tenure, sub-tenure, lands, and houses as the rent or profits payable for the preceding year, that is to say, the revenue year immediately preceding the year of assessment, and shall be chargeable upon the annual amount of such rents and profits. Every return required by this Section shall be accompanied by a rent roll containing the name of every person, to whom such lands or houses or any part thereof are underlet by the person making such return and the amount of rent payable in every such case, and every such return and rent-roll shall be filed in the Collector's office and shall be conclusive evidence against the person making such return in any suit for the recovery of rent as to the amount payable by any tenant included in such rent-roll for the period to which such return applies, and shall also be conclusive evidence against him in all other actions or suits, unless it shall be proved to the satisfaction of the Court or Officer before whom such return and rent-roll is offered in evidence, that any statement contained therein is erroneous, and that the error arose from accident and not from any fraudulent intention,

[কম করিবার প্রার্থনা হইলে, যদি ঐ প্রমাণ না হয়, তবে সরকারের মালগুজারীর তিন অংশের এক অংশের অধিক প্রাপ্তির উপর টাক্স ধরিবার কথা।]

৩ বিধি। সেই প্রকারের কোন মালিক কি দখীলকার যদি ঐ কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সম্মুখে ঐ জমীর সালিয়ানা মালগুজারীর তিন অংশের এক অংশের হিসাবে আপন প্রাপ্তি ধরিবার বিষয়ে আপত্তি করেন, তবে ইহার পশ্চাৎ লিখিত বিধিমতে জমীর মালিকেরদের কি দখীলকারেরদের যে২ ফর্দ ও কৈফিয়ৎ প্রস্তুত করিতে ও যে বিধি মানিতে হইবেক, তাঁহারও তাহা করিতে ও সেই বিধি মানিতে হইবে। আর ঐ জমীহইতে বৎসরে যে লাভ হয় তাহা সরকারের প্রাপ্য উক্ত সালিয়ানা মালগুজারীর তিন অংশের এক অংশের অধিক ইহা যদি ঐ কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা দেখিতে পান, তবে ঐ কালেক্টর সাহেব কিম্বা ঐ কমিস্যনর সাহেবেরা ঐ মালিকের দখীলকারের ঐ অধিক বার্ষিক প্রাপ্তি ধরিবেন, ও সেই অধিক টাকার উপর তাঁহার দ্বিগুণ টাক্স ধার্য্য হইবে।

[১ বিধির মধ্যে যে জমী ও ঘর আইসে না তাহার খাজানা ও ভাড়া ও প্রাপ্তি যে জন আদায় করেন, তাঁহার ফর্দ দিবার ও যথার্থ প্রাপ্তির টাক্স তাঁহার উপর বসাইবার কথা।]

৪ বিধি। উক্ত প্রথম সাধারণ বিধির মধ্যে যে কোন ঘর কি জমী না আইসে, সেই জমী সদর মালগুজারীর হউক কি না, তাহার খাজানা কি ভাড়া কি প্রাপ্তি যাঁহারা আদায় করিয়া থাকেন তাঁহারা স্বত্বাধিকারী স্বরূপে কি অন্য ভাবে তাহা আদায় করুন, তাঁহার দখলে যে সকল মহাল ও তালুক ও পেটাও তালুক, জমী ও ঘর থাকে তাহার, ও সেই২ মহাল ও তালুক ও পেটাও তালুক যে প্রকারের হয়, ও সেই সম্পত্তি যে কোন জিলাতে হউক তাহার যত টাকা খাজানা ও ভাড়া ও প্রাপ্তি যে কোন প্রকারের স্বত্বমতে পূর্ব্বোক্তরূপে পাইয়া থাকেন তাহার, ও পূর্ব্ব বৎসরের, অর্থাৎ টাক্স ধার্য্য করিবার বৎসরের অব্যবহিত পূর্ব্বে মালগুজারীর যে সন গত হইয়াছে সেই সনের প্রাপ্য খাজানা কি ভাড়া কি প্রাপ্তি বলিয়া তাঁহারা উক্ত এক২ মহাল ও তালুক ও পেটাও তালুক ও জমী ও ঘরের বাবৎ যে কোন প্রকারের কি ভাবের যত খাজানা ও ভাড়া ও প্রাপ্তি পাইয়াছেন ও পাইতে পারেন, তাহার কৈফিয়ৎ লিখিয়া পূর্ব্বোক্তমতে দিবেন, ও উক্ত খাজানা ও ভাড়া ও প্রাপ্তির যত টাকা বৎসরে হয় তাহার উপর তাঁহারদের টাক্স লাগিবে। এই ধারামতে যে ফর্দ দিবার আজ্ঞা হয় তাহার সঙ্গে খাজানার ফর্দ দিতে হইবে। অর্থাৎ যে জনের ঐ ফর্দ দিতে হইবেক তিনি ঐ জমী কি ঘর কি তাহার কোন অংশ যে প্রজারদিগকে খাজানা কি ভাড়া করিয়া দিয়াছেন তাহারদের নাম, ও যে জন যত খাজানা কি ভাড়া দিয়া থাকে তাহার ফর্দ দাখিল করিবেন। ও সেই ফর্দ ও খাজানার ফর্দ কালেক্টর সাহেবের কাছারীতে নথী করিয়া রাখা যাইবে। পরে সেই লোক খাজানা পাইবার জন্যে কোন মোকদ্দমা করিলে, ঐ ফর্দেতে রাইয়তের নামে যত খাজানা লেখা আছে সে তত খাজানা সেই ফর্দ করিবার সময়ে দিত, ঐ ফর্দই এই কথার সিদ্ধান্ত প্রমাণ হইবে. ও অন্য সকল নালিশে ও মোকদ্দমাতে সেই ফর্দ ঐ কথার সিদ্ধান্ত প্রমাণ হইবে। কিন্তু ঐ ফর্দের লিখিত কোন কথার ভুল হইয়াছে ও সেই ভুল দৈবাৎ হইয়াছে, প্রতারণার কোন অভিপ্রায়ে নয়, ঐ ফর্দ ও খাজানার ফর্দ যে আদালতে কি যে কার্য্যকারকের সম্মুখে প্রমাণস্বরূপে দেওয়া যায়, তাঁহার জ্ঞানোদয়মতে যদি এ কথার প্রমাণ করা যায়, তবে ঐ

in which case the said Court or Officer shall not be bound to treat the same as conclusive.

[Provision as to co-sharers.]

Rule. 5. Every such person as aforesaid who shall not receive for his own sole use and benefit the whole rents and profits of any such estate, tenure, sub-tenure, lands, or houses as aforesaid, shall state in his said return, to the best of his knowledge and belief, the name of every other person having a share therein, the extent of the respective shares of such persons, and the amount of rents and profits received by them for their own use and benefit. Any two or more persons being sharers in any estate, tenure, sub-tenure, lands, or houses may render a joint return to the above effect, in which they shall specify their respective shares.

[Assessment after deducting land revenue or rent.]

Rule 6. *Clause* 1. In returning such rents and profits the gross amount received and receivable during the preceding year shall be fully stated, but if the person receiving or entitled to receive the same be himself liable to pay, in respect of any land or house, any land revenue to Government or any rent to any superior landlord, he shall state in his return the amount of such Revenue and rent, and the name of the person to whom the rent is payable, and shall be charged, with the said Duties on his rent and profits, whether received or not, after deducting the amount of such land revenue or of the rent so payable by him to such superior landlord.

[Assessment without deduction.]

Clause 2. Or at the option of the Collector or Commissioners, he may be charged with the Duties on the rent and profits without making any such deduction on account of land revenue or rent.

[Person so assessed may deduct from superior landlord.]

Clause 3. Whenever any person shall pay the said Duties on the rent or profits of any land or house without deduction on account of any land revenue or rent payable by him in respect of such house or land, he shall have a right to deduct from any revenue or rent payable by him, as the case may be, a sum equal to the amount of the Duty computed upon such revenue or rent.

[Payment deemed a payment to Government by the person from whom deduction is made.]

Clause 4. A deduction from revenue or rent under the provisions of this Act sha... ... deemed a payment to Government by the person from whom the deduction is made of the amount so deducted.

আদালত কি ঐ কার্য্যকারক সেই ফর্দ সিদ্ধান্ত প্রমাণ স্বরূপে গ্রাহ্য করিতে বদ্ধ হইবেন না।

[শরীকেরদের বিষয়ে বিধি।]

৫ বিধি। পূর্ব্বোক্তমতের কোন মহাল কি তালুক কি পেটাও তালুক কি জমী কি ঘরহইতে যে খাজানা ও ভাড়া ও প্রাপ্তি হয় তাহার সমুদয় যদি উক্ত প্রকারের লোক একলা নিজ ব্যবহারের ও লাভের নিমিত্তে না পান, তবে অন্য যত জনের তাহাতে বখরা থাকে তাঁহারদের নাম, ও যাঁহার যত হিস্যা হয়, ও তাঁহারদের এক২ জন ঐ খাজানার ও ভাড়ার ও প্রাপ্তির যত টাকা আপন ব্যবহারের ও লাভের নিমিত্তে পান, এই সকল কথা ঐ লোক আপন জ্ঞান ও বিশ্বাসমতে ঐ ফর্দেতে লিখিবেন। দুই কি তাহার অধিক লোক কোন মহালের কি তালুকের কি পেটাও তালুকের কি জমীর কি ঘরের বখরাদার হইলে, তাঁহারা একত্র এ মর্ম্মের একি ফর্দ দাখিল করিতে পারিবেন, তাহাতে আপনা২ বখরা বিশেষ করিয়া লিখিবেন।

[খাজানা কি ভাড়া বাদ দিয়া টাক্স ধরিবার কথা।]

৬ বিধি। ১ প্রকরণ। ঐ খাজানার ও ভাড়ার ও প্রাপ্তির ফর্দ লিখিবার সময়ে, গত বৎসরে যত পাইয়াছেন ও পাইতে পারেন তাহার কিছুই বাদ না দিয়া তাহার মোট সম্পূর্ণরূপে লিখিবেন। কিন্তু যে জন তাহা পান কি পাইতে পারেন তাঁহার যদি কোন জমীর কি ঘরের বাবতে সরকারে কিছু জমা দিতে হয়, কি উপরিস্থ কোন জমীদারকে কিছু খাজানা কি ভাড়া দিতে হয়, তবে তদ্রূপ যত জমা কি খাজানা কি ভাড়া তাঁহার দিতে হয় ও সেই খাজানা কি ভাড়া যাঁহাকে তাঁহার দিতে হয় তাঁহার নাম তিনি ঐ ফর্দে লিখিবেন। পরে তাঁহার যত টাকা মালগুজারী দিতে হয়, কিম্বা ঐ উপরিস্থ জমীদারকে তাঁহার যত টাকা খাজানা কি ভাড়া দিতে হয়, তত বাদ দিয়া অবশিষ্ট খাজানার ও ভাড়ার ও প্রাপ্তির উপর তাঁহার ঐ টাক্স ধরা যাইবেক, তিনি এ টাকা আদায় করুন কি না করুন ধরা যাইবেক।

[বাদ না দিয়া টাক্স ধরিবার কথা।]

২ প্রকরণ। কিম্বা কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের ইচ্ছা হইলে, তাঁহার এ মালগুজারীর কি খাজানার কি ভাড়ার কিছু বাদ না দিয়া, ঐ খাজানার ও ভাড়ার ও প্রাপ্তির উপর ঐ টাক্স ধরা যাইতে পারিবে।

[যাঁহারদের টাক্স এইমতে ধরা যায়, তাঁহারদের উপরিস্থ জমীদারের পাওনা টাকাহইতে তাহা বাদ দিবার কথা।]

৩ প্রকরণ। কোন জমীর কি ঘরের নিমিত্তে কোন লোকের যে মালগুজারী কি খাজানা কি ভাড়া দিতে হয় তাহার বাবৎ কিছু বাদ না দিয়া যদি কোন লোক এ জমীর কি ঘরের খাজানার ও ভাড়ার ও প্রাপ্তির উপর ঐ টাক্স দেন, তবে ঐ মালগুজারীর কি খাজানার কি ভাড়ার উপর ঐ টাক্সের হিসাব করিয়া যত টাকা হয় তত টাকা আপনার দেনা মালগুজারীহইতে কি বিষয়বিশেষে আপনার দেনা খাজানা কি ভাড়াহইতে তিনি কাটিয়া লইতে পারিবেন।

[যাঁহার স্থানে ঐ টাকা কাটিয়া লওয়া যায় তাঁহার ঐ টাকা সরকারে দিবার মত জ্ঞান হইবার কথা।]

৪ প্রকরণ। এই আইনের বিধানমতে যখন মালগুজারী কি খাজানা কি ভাড়াহইতে কিছু কাটিয়া লওয়া যায়, তখন যাঁহার স্থানে যত টাকা কাটিয়া লওয়া গেল তাঁহার তত টাকা গবর্ণমেণ্টে দেওয়া হইল জ্ঞান হইবে।

[All other persons occupying lands to return and be charged with actual profits.]

Rule 7. All other persons occupying lands or houses, other than ryots and occupiers as provided in Sections CXXX. and CXXXI. of this Act, and not being the owners thereof, shall return and deliver, in manner aforesaid, the actual amount of profits realized by them from the said lands or houses during the preceding year, and shall be assessed thereon.

[Owners of lands or houses occupying the same to be charged at rack-rent at which the same are worth to be let.]

Rule 8. Owners of lands or of houses occupying the same, except ryots and occupiers as last aforesaid, shall be chargeable in respect of the annual value thereof, at the rack-rent at which such lands or houses are worth to be let for the year.

[Fines and bonuses on leases.]

Rule 9. The said Duty shall also be assessed upon the amount received within the year preceding by or on account of any person as a fine or bonus in consideration of any lease of, or agreement to let any land or house.

[Mortgagees in possession.]

Rule 10. When any mortgagee or creditor having a lien on any land or house shall be in possession of the land or house mortgaged, such mortgagee or creditor, whether in the actual occupation, or in the receipt of the rents and profits of such land or house, shall be chargeable as the owner of the same, according to the Rules herein contained; and upon any settlement of accounts between such mortgagee or creditor, and the mortgagor or debtor, the Duty chargeable under this Act, in respect of the amount of the interest payable upon the mortgage or debt, shall be taken and allowed as so much money received by such mortgagee or creditor on account of such interest.

[Owners dying before payment.]

Rule 11. If the person who is the owner of any land or house at the time the assessment is made, shall die before payment of the Duty chargeable under this Act, the heirs, executors, administrators, or assigns, or other person who, on the death of such person, shall become entitled to the rent or profit of such land or house, shall be liable to the payment of all arrears of the said Duty due at the time of the death of such person, and to all subsequent instalments for the same year, without any new assessment.

[Houses divided into distinct portions.]

Rule 12. When any house shall be divided into distinct portions, and such portions shall be occupied by distinct owners or their respective tenants, such owners shall be liable for their respective proportions of the Duties chargeable under this Act.

[অন্য যে সকল লোকের দখলে জমী থাকে তাঁহারদের যথার্থ লাভের কর্দ্দ দিবার ও তাহার উপর টাক্স ধরা যাইবার কথা ।]

৭ বিধি । যে রাইয়তেরদের ও বাশেন্দারদের বিধি এই আইনের ১৩০ ও ১৩১ ধারাতে হইয়াছে, তাঁহারদের ছাড়া, অন্য যে লোকেরদের দখলে জমী কি ঘর থাকে তাঁহারা নিজে সেই জমীর কি ঘরের স্বামী না হইলে, তাঁহারা পূর্ব্ব বৎসরে সেই জমী কিম্বা ঘর হইতে নিকাশ যত টাকা লাভ করিয়াছেন, তাহার কর্দ্দ পূর্ব্বোক্ত মতে লিখিয়া দিবেন, ও তাহার উপর তাঁহারদের টাক্স ধরা যাইবেক ।

[জমীর কি ঘরের স্বামিরা নিজ ঘরে কি জমীতে থাকিলে, তাহার বেশী যে খাজানা কি ভাড়া হইতে পারে তাহা বুঝিয়া তাঁহারদের টাক্স ধরিবার কথা ।]

৮ বিধি । পূর্ব্বোক্তমতের রাইয়ত ও বাশেন্দা ছাড়া, যাঁহারা নিজ জমীতে কি ঘরে বাস করেন, তাঁহারদের সেই জমী কি ঘর হইতে বৎসরে যত লাভ হয় তাহার উপর, অর্থাৎ সেই জমীর কি ঘরের বেশী যত খাজানা কি ভাড়া বৎসরে পাওয়া যাইতে পারে তাহা বুঝিয়া তাহার উপর, টাক্স বসান যাইবেক ।

[পাট্টার সেলামী ও উপরি টাকার বিষয়ের বিধি ।]

৯ বিধি । আরো কোন জমীর কি ঘরের পাট্টার জন্যে কি কোন জমী কি ঘর খাজানা কি ভাড়া করিয়া দিবার একরারনামার জন্যে, কোন লোক আপনার কি অন্য কাহারো নিমিত্তে পূর্ব্ব বৎসরে যত টাকা সেলামীপ্রভৃতি পাইয়াছেন তাহার উপর ঐ টাক্স ধরা যাইবেক ।

[বন্ধকওনিয়া ব্যক্তি দখল করিলে তাহার কথা ।]

১০ বিধি । কোন জমীর কি ঘরের উপর যাঁহার দাওয়া থাকে এমত কোন বন্ধকওনিয়ার কি মহাজনের দখলে যদি ঐ বন্ধকওয়া জমী কি ঘর থাকে, তবে ঐ বন্ধকওনিয়ার কি মহাজনের দখলে ঐ জমী কি ঘর থাকিলে, কিম্বা তিনি তাহার ভাড়া কি খাজানা কি উপস্বত্ব পাউন, তাঁহার এই আইনের বিধিমতে স্বামির মতে টাক্স লাগিবে । ও সেই বন্ধকওনিয়ার কি মহাজনের ও বন্ধকদেওনিয়ার কি খাতকের মধ্যে দেনা-পাওনার নিকাশ হইলে, ঐ বন্ধকের কি কর্জ্জা টাকার সুদের উপর এই আইনমতে যে টাক্স দেনা হয় তাহা ঐ বন্ধকওনিয়ার কি মহাজনের ঐ সুদের বাবতে প্রাপ্ত টাকাস্বরূপে জ্ঞান হইবেক ও ধরা যাইবেক ।

[টাক্সের টাকা দিবার আগে মালিকের মরণ হইলে তাহার কথা ।]

১১ বিধি । কোন জমীর কি ঘরের টাক্স যে সময়ে নির্দ্ধার্য্য হয়, সেই সময়ে যিনি মালিক হন তিনি যদি এই আইনমতের বসান ঐ টাক্স দিবার আগে মরেন, তবে তাঁহার মরণের সময়ে ঐ টাক্সের যত দেনা থাকে তাহা, ও নূতন টাক্স ধার্য্য না হইয়া সেই বৎসরের যত কিস্তি পরে দেনা হয় তাহা, তাঁহার উত্তরাধিকারিরা কি অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি আসিনেরা কি অন্য যে লোক তাঁহার মরণেতে ঐ জমীর কি ঘরের খাজানা কি ভাড়া কি উপস্বত্ব গ্রহণ করিবার স্বত্ববান হন, তিনি দিবেন ।

[বাটী বিভক্ত হইলে তাহার বিধির কথা ।]

১২ বিধি । কোন ঘর যদি ভিন্ন২ ভাগে বিভক্ত হয় ও সেই২ ভাগের ভিন্ন২ মালিকেরা কি ভাড়াটিয়ারা যদি তাহাতে থাকেন, তবে সেই টাক্স ঐ ভিন্ন২ ভাগের হারাহারিমতে ঐ২ ভাগের মালিকেরদের উপর এই আইনমতে বসান যাইবেক ।

[No deduction allowed, unless expressly authorized and stated in writing.]

Rule 13. No deduction from the assessment of any land or house shall be allowed in any case, unless the same shall be authorized by this Act, nor unless an account in writing, signed by the party claiming such deduction, stating the nature and amount thereof, shall have been delivered to the Assessor within the time, and pursuant to the notice given by such Assessor. Provided it shall be lawful for any local Government to authorize a deduction to be made in respect of any extraordinary or unusual charge to which the property is subjected.

[Surcharge for deductions made contrary to Act.]

Rule 14. If any such deduction shall be made contrary to this Act, or without such account in writing as aforesaid, the person making the same shall be surcharged with the amount of such deduction.

[Rent received in grain or produce.]

Rule 15. When the rent of any land shall depend wholly or in part on the price of any kind of grain, or on the actual produce of the land, the computation for the purpose of charging the Duties in Schedule 1 of this Act, in respect either of the price or quantity of such produce, shall be made, and the amount to be assessed shall be ascertained, according to the rules and in the manner by which such rent has been usually ascertained in the same District between landlord and tenant, and the Collector or Commissioners shall, in such cases determine according to what rules and in what manner it has been usual, in the said District, to ascertain the amount of such rent between landlord and tenant.

[Duty to be assessed on lands and houses, whether occupied or not.]

Rule 16. The Duty shall be assessed on all lands and houses, whether occupied at the time of assessment or not.

[Remission of assessment on unoccupied houses.]

Rule 17. The said Duty shall not be levied on any house which shall be unoccupied, for such year or portion of the year as the same shall be unoccupied, but the assessment thereupon for such year, or portion of the year as aforesaid, shall, upon appeal, be discharged or diminished by the Collector or Commissioners, on due proof of the time during which such house remained unoccupied.

[Power to appoint a Valuer.]

Rule 18. If any dispute shall arise touching the annual value of any land or house, and the Collector or Commissioners shall deem it necessary, or the person chargeable shall desire, that a valuation thereof shall be made by any competent person, it shall be lawful for the Collector or Commissioners to direct that a valuation be made by any such person to be named by the Collector or

[কিছু বাদ দিবার অনুমতি স্পষ্ট করিয়া ও লিখিয়া না দেওয়া গেলে কিছু বাদ না দিবার কথা।]

১৩ বিধি। কোন জমীতে কি ঘরে যত টাক্স ধরা যায়, তাহাহইতে কোন স্থলে কিছু বাদ দিবার অনুমতি হইবেক না। কেবল যদি এই আইনমতে বাদদেওয়ার অনুমতি হয়, ও যে জন ঐ বাদ দেওয়ার দাওয়া করেন, তিনি তাহার কারণ ও যত টাকা বাদ দেওয়ার দাওয়া করেন তাহার কথা যদি লিখিয়া, আসেসরেরই এত্তেলার লিখিত মিয়াদের মধ্যে ও সেই এত্তেলাঅনুসারে ঐ আসেসরকে দেন, তবে তাহা বাদ দেওয়া যাইতে পারিবে। কিন্তু ঐ সম্পত্তির বিষয়ে যদি কোন অতিরিক্ত কি অসাধারণ খরচ হয়, তবে স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাহার নিমিত্তে কিছু টাকা বাদ দিবার অনুমতি দিতে পারিবেন।

[আইনের মত না হইয়া কিছু টাকা বাদ দেওয়া গেলে তাহার জন্যে উপরি টাক্সের কথা।]

১৪ বিধি। যদি এই আইন লঙ্ঘন করিয়া কিম্বা পূর্ব্বোক্তমতের কথা লিখিয়া না দিয়া সেই প্রকারে কিছু টাকা বাদ দেওয়া যায়, তবে যে জন তাহা বাদ দিলেন তাঁহার টাক্সের উপর ঐ বাদ দেওয়া টাকা চড়াইয়া দেওয়া যাইবে।

[জমার পরিবর্ত্তে শস্য দেওয়া গেলে তাহার বিষয়ে বিধি।]

১৫ বিধি। কোন প্রকারের শস্যের যে মূল্য হয় তদনুসারে, কিম্বা কোন জমীতে যাহা উৎপন্ন হয় তাহার যে মূল্য কি যত উৎপন্ন হয় তদনুসারে যদি ঐ জমীর জমা কি তাহার এক অংশ লওয়া হয়, তবে সেই জিলাতে জমীদারের ও রাইয়তেরদের মধ্যে ঐ খাজানা যে বিধি ও নিয়মমতে নির্দ্ধার্য্য হইয়া থাকে, তদনুসারে এই আইনের ১ নম্বরের তফসীলের লিখিত টাক্স ধার্য্য করিবার নিমিত্তে হিসাব করা যাইবে, ও যত টাকার উপর টাক্স ধরিতে হইবেক তাহা নির্দ্ধার্য্য হইবেক। এমন স্থলে সেই জিলার মধ্যে জমীদারের ও রাইয়তেরদের মধ্যে ঐ খাজানা নির্দ্ধার্য্য করিবার যে বিধি ও নিয়ম চলন আছে, তাহা ঐ কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা নিশ্চয় করিবেন।

[জমীতে কি ঘরে বাসেন্দা থাকিলে কি না থাকিলেও তাহার টাক্স ধরিবার কথা।]

১৬ বিধি। ঐ টাক্স সকল জমীর ও ঘরের উপর বসান যাইবে। টাক্স ধার্য্য করার সময়ে তাহাতে বাসেন্দা থাকিলে কি না থাকিলেও বসান যাইবে।

[ঘরে বাসেন্দা না থাকিলে তাহার টাক্স কমা করিবার কথা।]

১৭ বিধি। কোন ঘরে কোন বৎসরে কি বৎসরের কতক কালপর্য্যন্ত বাসেন্দা না থাকিলে, সেই বৎসরের কি সেই কালের নিমিত্তে তাহার উক্ত টাক্স লওয়া যাইবে না, কিন্তু আপীল হইয়া সেই বৎসরের পূর্ব্বোক্ত কালে ঐ ঘরের বাসেন্দা ছিল না ইহার উপযুক্ত প্রমাণ হইলে, কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা তত কালের নিমিত্তে ঐ টাক্স কমা করিতে কি কম করিতে পারিবেন।

[যাচনদারকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।]

১৮ বিধি। কোন জমীর কি ঘরের বৎসরে যত লাভ কি ভাড়া হইতে পারে এই কথা লইয়া যদি কোন বিবাদ হয়, ও উপযুক্ত কোন লোকের দ্বারা তাহা নিরূপণ করিয়া লওয়া যায়, ইহা যদি কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা আবশ্যক বোধ করেন, কিম্বা যাঁহার সেই টাক্স লাগে তিনি যদি তাহা চাহেন, তবে উক্ত কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা যাঁহাকে মনোনীত করেন এমত কোন লোকের দ্বারা ঐ ভাড়া

[*Government Gazette*, 21st *August*. 1860.]

Commissioners, the costs and charges whereof shall abide the final determination of the Collector or Commissioners, and to require the just valuation to be verified on the oath or solemn affirmation of the person making the same. If the person chargeable, after having desired such valuation, or any person instigated by him, shall obstruct or resist the making of such valuation, the Collector or Commissioners shall make an assessment according to the best of their judgment without such valuation.

নিরূপণ হয় ঐ কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা এমত হুকুম করিতে পারিবেন, ও সেই যাচনদার তাহার যথার্থ যে খাজানা কি ভাড়া নিরূপণ করেন তাহা শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া সাবুদ করেন এমত আজ্ঞা করিতে পারিবেন। ও সেই নিরূপণ করিবার খরচখরচা ঐ কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের চূড়ান্ত নিষ্পত্তিমতে দেওয়া যাইবে। যাঁহার সেই টাক্স লাগে তিনি উক্ত প্রকারে নিরূপণ করিবার ইচ্ছা প্রকাশ করিলে পর, কিম্বা তাঁহাহইতে প্রবৃত্তি পাইয়া কোন লোক, যদি ঐ প্রাপ্তি নিরূপণ করিবার কিছু আটক কি বাধা করেন, তবে কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা ঐ নিরূপণ বিনা আপনারদের বুদ্ধিসাধ্যমতে টাক্স নির্দ্ধার্য্য করিবেন।

[Costs of valuation by whom to be paid.]

Rule 19. It shall be competent to the Collector or Commissioners, in every case where the valuation so made shall exceed the value put upon the said land or house by the person chargeable, to direct that the costs and charges attending the same shall be paid by him; but if they shall be of opinion that such costs and charges have not been incurred through any fault of such person, they shall direct the same to be paid by the Collector of the District, who, on the certificate of the Collector or Commissioners present at the time of the determination, shall pay the same.

[লাভ কি ভাড়া নিরূপণ করিবার খরচ যাঁহার দিতে হইবে তাঁহার কথা।]

১৯ বিধি। যাঁহার ঐ টাক্স দিতে হইবে তিনি ঐ জমীর কি ঘরের যত লাভ কি ভাড়া ধরিয়াছেন, যদি তদ্রূপে নিরূপণ করিয়া তাহার অধিক ধরা যায়, তবে নিরূপণ করিবার ঐ খরচখরচা ঐ টাক্স যাঁহার দিতে হইবে তিনি দেন উক্ত কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা এমত হুকুম করিতে পারিবেন। পরন্তু ঐ খরচ দিবার দায় ঐ ব্যক্তির কোন দোষে হয় নাই, তাঁহারা যদি এমত বোধ করেন, তবে ঐ জিলার কালেক্টর সাহেবের ঐ খরচ দিতে আজ্ঞা করিবেন, ও সেই নিষ্পত্তি করিবার সময়ে যে কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা উপস্থিত ছিলেন তাঁহারদের সর্টিফিকট পাইলে কালেক্টর সাহেব তাহা দিবেন।

[Deduction in favor of owners where rent reduced in consequence of flood, drought, or tempest]

Rule 20. Whenever, by any flood, drought, or tempest, loss shall be sustained on the growing crops, or on the stock on lands let to tenants, or the lands, or any part thereof, shall, by such flood, drought, or tempest, be rendered incapable of cultivation for any year, and it shall be proved to the satisfaction of the Collector or Commissioners that the owner of the said land, or the person in receipt of the rents thereof, has, in consideration of such loss, abated or agreed to abate to any tenant the whole or any proportion of the rent reserved or payable by such tenant for any year of such lease, it shall be lawful for the Collector or Commissioners to abate in the assessment made in respect of the said lands for the same year for which such rent has been abated, and to discharge therefrom the whole or the like proportion of Duty as the said owner shall be proved to have abated from the rent reserved and made payable to him on such lease.

[বন্যা কি অনাবৃষ্টি কি ঝড় প্রযুক্ত খাজানা কম করা গেলে টাক্স কম করিবার কথা]

২০ বিধি। রাইয়তকে যে জমী খাজানা করিয়া দেওয়া গেল তাহাতে যে ফসল হইতেছে কি তাহাতে যে মাল থাকে, বন্যার কি অনাবৃষ্টির কি ঝড়ের দ্বারা যদি তাহার লোকসান হয়, কিম্বা সেই বন্যা কি অনাবৃষ্টি কি ঝড়প্রযুক্ত যদি কোন বৎসরে ঐ জমীর চাষ হইতে না পারে, ও ঐ জমীর মালিক কিম্বা যে জন তাহার খাজানা আদায় করেন, তিনি ঐ লোকসান হওয়ার বিবেচনায়, রাইয়তের ঐ বৎসরের ভোগদখলের জন্যে যত জমা ধরা ছিল কি দিতে হইত তাহার সমুদয় কি তাহার কোন অংশ কমা করিয়াছেন কি করিতে স্বীকার করিয়াছেন এই কথার প্রমাণ যদি শপথপূর্ব্বক কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে করা যায়, তবে যে বৎসরের নিমিত্তে ঐ খাজানা কমা হইয়াছে, সেই বৎসরের নিমিত্তে যে টাক্স ধার্য্য হইয়াছে তাহাও উক্ত কালেক্টর সাহেব কিম্বা উক্ত কমিস্যনর সাহেবেরা কমা করিতে পারিবেন, ও সেই মালিকের প্রাপ্য যত খাজানা ধরা হইয়াছিল ও তাঁহার পাওনা হইত, তাহাহইতে তিনি ঐ লোকসান প্রযুক্ত পূর্ব্বোক্ত প্রমাণমতে যত ত্যাগ করিয়াছেন দৃষ্ট হয়, তদনুসারে ঐ কালেক্টর সাহেব কি ঐ কমিস্যনর সাহেবেরা ঐ জমীর সমুদয় টাক্স ছাড়িয়া দিবেন কিম্বা তাহার হারহারিমতে কমা করিতে পারিবেন।

[A similar provision in favor of occupiers.]

Rule 21. It shall also be lawful for the Collector or Commissioners, in every such case, to abate in the assessment made in respect of the occupation of the said land for the same year, and to discharge therefrom the like proportion of Duty as shall have been abated or discharged from the assessment made in respect of the property on the said land for the cause aforesaid.

[দখলকারদের পক্ষে সেই প্রকারের বিধানের কথা]

২১ বিধি। আরো তদ্রূপ স্থলে সেই জমী দখল করিবার জন্যে সেই বৎসরের যত টাক্স ধার্য্য হইয়াছে, তাহাও ঐ কালেক্টর সাহেব কি ঐ কমিস্যনর সাহেবেরা কম করিতে পারিবেন, ও ঐ জমীর উপরে যে ফসলাদি ছিল তাহার যত টাক্স পূর্ব্বোক্ত কারণে কম করা গিয়াছে কি কমা হইয়াছে, তাহার হারহারিমতে ঐ জমী দখল করিবার টাক্সও কমা করিতে পারিবেন।

[A similar provision as to lands in occupation of owner.]

Rule 22. Whenever, from any of the causes aforesaid, the like loss shall be sustained on any land in the occupation of the owner, and the same shall be proved to the satisfaction of the Collector or Commissioners, it shall be lawful for the Collector or Commissioners to abate in the assessment made in respect of the said land, and to discharge the whole or any part of the said Duty, in proportion to the loss so sustained, and to the amount which the Collector or Commissioners shall be of opinion would or ought to have been abated as aforesaid, if the said land had been let to a tenant, and a proportionate abatement had been made to such tenant under the circumstances of the said loss.

[Deductions for loss caused by insolvency or absconding of tenants.]

Rule 23. Whenever any loss of rent shall be sustained by the owner or landlord of any land occasioned by the insolvency or absconding of the tenant or occupier by whom such rent was payable, or by the fraudulent assignment or removal of his goods, or by reason of such land being left unoccupied or waste, and the same shall be established to the satisfaction of the Collector or Commissioners, it shall be lawful for the Collector or Commissioners to abate in the assessment made in respect of the said land, and to discharge the whole or any part of the said Duty in proportion to the loss so sustained.

PART VIII.

Rules under Schedule 2.

[Assessment of Duties under Schedule 2.]

XCVIII. The Duties hereby imposed contained in the Schedule marked 2 shall be assessed and charged under the following Rules:—

SCHEDULE 2.

The said Rules shall extend and apply to every description of property or profits which shall not be contained in either Schedule 1 or Schedule 3, and to every description of profession or employment of profit not contained in Schedule 4, and not specially exempted from the said Duties, and shall be charged annually on, and paid by the person receiving or entitled to the same, and his representatives.

First Case.—The Duties to be charged in respect of any Trade.

[Computation of Duties to be charged for the preceding year. Proviso as to profits of trade &c. carried on out of India.]

Rule 1. The Duties to be charged in respect of any trade shall be computed upon a sum not less than the full amount of the profits of such trade during the preceding year, that is to say, during one year ending on the day of the year immediately

[মালিকের দখলে যে জমী থাকে তাহার বিষয়ে তদ্রূপ বিধি।]

২২ বিধি। মালিকের নিজ দখলে যে জমী থাকে তাহাতে যদি পূর্ব্বোক্ত কোন কারণে সেই প্রকারের লোকসান হয়, ও তাহার প্রমাণ যদি কালেক্টর সাহেবের কিম্বা উক্ত কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে করা যায়, তবে ঐ জমীর যে টাক্স ধরা গিয়াছে তাহা তিনি কি তাঁহারা কম করিতে পারিবেন, ও ঐ টাক্সের সমুদয় কি কোন অংশ ত্যাগ করিতে পারিবেন। অর্থাৎ ঐ জমী যদি রাইয়তকে পাট্টা করিয়া দেওয়া যাইত ও ঐ প্রকারের লোকসান হওয়াতে সেই রাইয়তের যত খাজানা ঐ কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের বিবেচনামতে কম করা উচিত হইত, ঐ মালিকের সেই ক্ষতির হিসাবে তাঁহার তত খাজানা কম করিতে পারিবেন।

[রাইয়ত খাজানা দিতে না পারিলে কি পলাইলে যে ক্ষতি হয় তাহার জন্যে খাজানা কম করিবার কথা।]

২৩ বিধি। যে রাইয়তের কি দখীলকারের স্থানে খাজানা পাওনা হয়, সে যদি দীনতাপ্রযুক্ত খাজানা দিতে না পারে, কিম্বা যদি পলায়, কিম্বা তাহার মাল চাতুরীক্রমে অন্যের হাতে দেওয়া যায় কি স্থানান্তর করা যায়, কিম্বা জমীতে যদি রাইয়ত না থাকে কি ঐ জমী পতিত থাকে ও তাহাতে যদি জমীদারের কি ভূম্যধিকারির খাজানার হানি হয়, ও সেই কথা যদি ঐ কালেক্টর সাহেবের কিম্বা কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে সাবুদ হয়, তবে ঐ কালেক্টর সাহেব কিম্বা ঐ কমিস্যনর সাহেবেরা ঐ জমীর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা কম করিতে পারিবেন, ও যত ক্ষতি হইয়াছে তাহার হারহারিমতে ঐ টাক্সের সমুদয় কি কোন অংশ ক্ষমা করিতে পারিবেন।

অষ্টম অধ্যায়।

২ নম্বরের তফসীলমতের বিধি।

[২ নম্বরের তফসীলমতে টাক্স ধরিবার বিধি।]

৯৮ ধারা। ২ নম্বরের তফসীলমতে যে টাক্স এই আইনক্রমে বসান যাইবে, তাহা ধার্য্য করিবার ও দেওয়া যাইবার এই২ বিধি।

২ নম্বরের তফসীল।

যত প্রকারের সম্পত্তি কি প্রাপ্তি উক্ত ১ নম্বরের কি ৩ নম্বরের তফসীলে ধরা যায় নাই, ও লাভজনক যত প্রকারের বিদ্যাব্যবসায় কি কর্ম্ম ৪ নম্বরের তফসীলে ধরা যায় নাই, ও যে২ প্রকারের সম্পত্তি কি প্রাপ্তি উক্ত টাক্স হইতে বিশেষমতে মুক্ত করা যায় নাই, তাহার উপর এই সকল বিধি খাটিবে ও চলিবে। ও যে জন ঐ লাভ পান কি পাইবার স্বত্ববান হন তাঁহার উপর কি তাঁহার স্থলাভিষিক্তের উপর বৎসরে২ বসান যাইবেক ও তাহার তাহা দিতে হইবেক।

প্রথম ভাগ।

কোন বাণিজ্যব্যবসায়ের জন্যে যে টাক্স লাগে তাহার বিধি।

[পূর্ব্ব বৎসরের নিমিত্তে ঐ টাক্সের হিসাব করিবার কথা ও ভারতবর্ষের বাহিরে যে কারবারপ্রভৃতি হয় তাহার বর্জ্জিত কথা।]

১ বিধি। কোন কারবারের দ্বারা পূর্ব্ব বৎসরে যত লাভ হইয়াছে তাহার কিছু কম না করিয়া সমুদয় [illegible] ঐ কারবারের টাক্স ধার্য্য হইবেক, অর্থাৎ যে বৎসরে [illegible] টাক্স ধার্য্য হইবেক তাহার পূর্ব্ব বৎসরের যে শেষ দিনে ঐ কারবারের হিসাবনিকাশ নিষ্পন্ন করা গিয়া থাকে,

preceding the year of assessment on which the accounts of the said trade shall have been usually made up, or on the 30th day of April preceding the year of assessment, and shall be assessed and paid without other deduction than is hereinafter allowed. Provided that any profits made in respect of any trade or adventure carried on entirely out of India, and which shall be in no way connected either with the products of India exported therefrom, or with any manufactures or products whatever purchased out of India and imported or to be imported into India, shall be exempted from any charge under this Act, unless such profits be received in India.

[Computation when the trade has been commenced within the preceding year.]

Rule 2. When the trade shall have been set up and commenced within the period of one year, or within the year of assessment, the computation shall be made according to an average of the profits for such period as the Collector or Commissioners shall, under the circumstances, direct.

[Description of trades chargeable under Schedule 2.]

Rule 3. The Duties under Schedule 2 shall extend to every trade, whether the same be connected with the occupation and use of land or not, including among others the following persons: Railway Companies, Canal Companies, Steam Navigation Companies, Irrigation Companies, Docking Companies, Coal Companies, Gas Companies, Mining Companies, Tea Companies, Indigo Planters and Manufacturers, Coffee Planters, Sugar Planters, Tea Planters, Silk Manufacturers, Holders of Silk Filatures, and all Companies and persons holding or using land for the purpose of manufacturing the produce thereof, and selling such produce when manufactured, or for any purpose of the nature of trade or manufacture, whether such Companies or persons are subject to the Bankrupt or Insolvent Laws as traders or not. The foregoing enumeration shall not be construed to exclude any person not expressly specified therein, who would, but for such enumeration, have been deemed to be included therein under the general words of this Rule.

[No deduction to be allowed in computation, except those specified.]

Rule 4. In estimating the profits or income chargeable under Schedule 2, or for the purpose of assessing the Duties thereon, no sum shall be allowed to be set against or deducted from such profits or income on account of any sum expended for repairs of premises occupied for the purpose of such trade, manufacture, or concern, nor for any sum expended for the repairs of any implements, utensils, or articles employed for the purpose of such trade, manufacture, or concern, beyond the sum usually expended for such purposes, according to an average of three years preceding the year in which such

সেই শেষ দিনপর্য্যন্ত, কিম্বা টাক্স ধার্য্য করিবার বৎসরের পূর্ব্ব সালের ৩০ আপ্রিল তারিখপর্য্যন্ত এক বৎসরের যত লাভ হয় তাহা ধরিতে হইবেক। ও তাহার উপর টাক্স ধার্য্য হইয়া বরাবর যাইবেক ও এই আইনেতে যত বাদ দিবার অনুমতি পরে হইতেছে তদ্ভিন্ন কিছু বাদ না দিয়া ধরা যাইবে ও আদায় হইবে। কিন্তু একেবারে ভারতবর্ষের বাহিরে যদি কারবার কি পরীকার্য্য ব্যবসায় করা যায়, ও ভারতবর্ষের উৎপন্ন কোন দ্রব্য রপ্তানী করিবার, ও ভারতবর্ষের বাহিরে নির্ম্মিত কি উৎপন্ন কোন দ্রব্য খরীদ হইয়া ভারতবর্ষে আমদানী করিবার কি আমদানী করিতে হইব র কোন সম্পর্ক যদি তাহাতে না থাকে, তবে তাহার উপর এই আইনমতে কোন টাক্স লাগিবে না। কেবল যদি ঐ কর্ম্মের লাভ ভারতবর্ষে পাওয়া যায় তবে তাহার টাক্স লাগিবে।

[পূর্ব্ব বৎসরের মধ্যে যদি ঐ বাণিজ্যব্যবসায়ের আরম্ভ হইয়া থাকে তবে তাহার কথা।]

২ বিধি। যদি ঐ কারবার এক বৎসরের মধ্যে কি টাক্স ধার্য্য করিবার বৎসরের মধ্যে স্থাপন হইয়া আরম্ভ করা যায়, তবে কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা বিষয় বুঝিয়া যত কালের আজ্ঞা করেন, তত কালের লাভের গড় ধরিয়া ঐ টাক্স ধার্য্য হইবেক।

[২ নম্বরের তফসীলমতের যে কারবারের টাক্স লাগিবে তাহার কথা।]

৩ বিধি। কারবার সম্পর্কে জমীর ভোগদখল ও ব্যবহার হউক কি না হউক, তাহার উপর ২ নম্বরের তফসীলমতের ঐ টাক্স লাগিবে। ঐ লোকপ্রভৃতির মধ্যে ইহাঁরাও গণ্য হইবেন, অর্থাৎ রেলওয়ে কোম্পানি ও খালের কোম্পানি ও ষ্টীম নাবিগেশন কোম্পানি, ও জল সেঁচিবার কোম্পানি, ও ডকের কোম্পানি, ও কয়লার কোম্পানি, ও গ্যাস কোম্পানি, ও খানি খুঁড়িবার কোম্পানি ও চা কোম্পানি ও নীলচাষিরা ও নীলকরেরা ও কাওয়া কৃষকেরা ও চিনির কুঠীওয়ালারা ও চা কৃষকেরা ও রেশমের কুঠীওয়ালারা ও রেশমের সুতার কর্ম্মকারিরা ও জমীর উৎপন্ন কোন দ্রব্য শিল্পযন্ত্রে প্রস্তুত করিবার জন্যে ও প্রস্তুতকরা সেই দ্রব্য বেচিবার জন্যে, কিম্বা বাণিজ্যের কি শিল্প কর্ম্মের মতের কোন কর্ম্ম করিবার জন্যে যাঁহারা জমী দখল করেন কি ব্যবহার করেন সেই২ কোম্পানি কি লোক, বাণিজ্যকারী বলিয়া তাঁহারদের উপর দেউলিয়ার কি খোরাকীদেরদের আইন খাটুক কি না খাটুক, তাঁহারাও গণ্য হইবেন। উক্ত ব্যবসায়িরদের যে সকল ব্যক্তি এই দফাতে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা নির্দ্দিষ্ট না থাকিলে যে সকল লোক এই বিধির সাধারণ কথার মধ্যে গণ্য হইতেন, এমত কোন লোকের কর্ম্ম এই বিধির মধ্যে ধরা যায় নাই বলিয়া তাঁহারা মুক্ত হইবেন, উক্ত কথার এমত অর্থ জানিতে হইবেক না।

[বাদ দিবার যে২ খরচ নির্দ্দিষ্ট হইল তাহাছাড়া অন্য কিছু বাদ দেওয়ার অনুমতি না থাকার কথা।]

৪ বিধি। ২ নম্বরের তফসীলমতে যে২ প্রাপ্তির কি আয়ের উপর টাক্স লাগিবে কিম্বা তাহার উপর টাক্স ধার্য্য করিবার নিমিত্তে তাহার হিসাব করিবার সময়ে, ঐ টাক্স যে বৎসরে ধার্য্য হয় তাহার পূর্ব্বের তিন বৎসরের মধ্যে ঐ বাণিজ্য কি শিল্পকর্ম্ম কি কারবার করিবার বাড়ী ঘরপ্রভৃতি মেরামৎ করিতে যত খরচ লাগিয়াছে, ও সেই বাণিজ্যের কি শিল্পকর্ম্মের কি কারবারের কার্য্যেতে যে কোন যন্ত্র কি হাতিয়ার কি দ্রব্যের ব্যবহার হয় তাহা সারিয়া দিতে যত খরচ লাগিয়াছে, তাহা গড়ে বৎসরে যত হয় তত বাদ দেওয়া যাইতে পারিবে, কিন্তু তাহার অধিক কিছুই ঐ কার্য্যের নিমিত্তে ঐ প্রাপ্তি কি লাভহইতে বাদ দিবার অনুমতি হইবে না। আরো

assessment shall be made; nor on account of loss not connected with, or arising out of such trade; nor on account of any capital withdrawn therefrom, nor for any sum employed or intended to be employed as capital in such trade; nor for any capital employed in improvement of premises occupied for the purposes of such trade, manufacture, or concern; nor on account of any interest which might have been made on such sums if laid out at interest; nor for any debts, except bad debts proved to be such to the satisfaction of the Collector or Commissioners.

ক্ষতি হইলে ঐ কারবারের সঙ্গে যে ক্ষতির সম্পর্ক নাই কি ঐ কারবারহইতে যাহা হয় নাই এমত কোন ক্ষতির জন্যে, কিম্বা ঐ কারবারহইতে পুঁজির কোন টাকা উঠাইয়া লওয়া গিয়াছে এই কারণে, কিম্বা ঐ কারবারে কিছু টাকা পুঁজিস্বরূপে ব্যবহার হইয়াছে কি হইবার কল্পনা আছে এই কারণে, কিম্বা ঐ বাণিজ্যকার্য্য কি শিল্পকর্ম্ম কি কারবার যে বাটীর মধ্যে চালান যায় তাহা আরো উত্তম করিবার জন্যে কিছু পুঁজির টাকা খরচ হইয়াছে এই কারণে, কিম্বা সেই টাকা সুদে কর্জ দেওয়া গেলে তাহাতে যে সুদ পাওয়া যাইতে পারিত তাহার কারণে, কিম্বা কোন টাকা কর্জ দেওয়া গেলে পরিশোধ হয় নাই এই কারণে, ঐ লাভহইতে কিছু বাদ দিতে হইবেক না, কেবল পাওনা কোন টাকা আদায় হইতে পারিবে না ইহার প্রমাণ কালেক্টর সাহেবের ও কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে করা গেলে, তাহা বাদ দেওয়া যাইতে পারিবেক।

[No deduction on account of annuities payable out of profits.]

Rule 5. In estimating the amount of the profits or income arising as aforesaid, no deduction shall be made on account of any annual interest, or any annuity or other annual payment paid or payable to any person out of such profits.

[প্রাপ্তিহইতে যে বার্ষিক বৃত্তি দিতে হয় তাহার জন্যে কিছু বাদ না দিবার কথা।]

৫ বিধি। পূর্ব্বোক্তমতে যে লাভ কি আয় হয় তাহার হিসাব করিবার সময়ে, ঐ লাভহইতে বৎসরেং কিছু সুদ কিম্বা বৎসরেং কিছু বৃত্তি কি অন্য টাকা কোন ব্যক্তিকে দেওয়া যায় কি দিতে হয় বলিয়া কিছু বাদ দিতে হইবেক না।

Second Case.—The Duties to be charged in respect of professions or employments not contained in any other Schedule of this Act.

দ্বিতীয় ভাগ।

যে বিদ্যাব্যবসায়ের কি কর্ম্মের কথা এই আইনের অন্য কোন তফসীলে লেখা নাই তাহার জন্যে যে মাসুল ধার্য্য হইবেক তাহার কথা।

[Duties chargeable on all employments whether annual or not.]

Rule 6. The Duties on professions or employments shall be construed to extend to every profession and employment in any character whatever, for whatever period, and to all profits and earnings, of whatever value, subject only to such exemptions as are hereinafter mentioned.

[কোন কর্ম্মের বেতন বৎসরেং কি অন্য প্রকারে পাইবার করার হউক ঐ কর্ম্মের উপর টাক্সের কথা।]

৬ বিধি। বিদ্যাব্যবসায়ের কি কর্ম্মের উপর যে টাক্স হয় তাহার এই অর্থ যে কোন প্রকারের বিদ্যাব্যবসায় কি কর্ম্ম হয়, ও তাহা যত কালের নিমিত্তে হয় ও লাভ ও উপার্জ্জন যত টাকা হউক তাহার উপর ঐ টাক্স লাগিবেক। কেবল ইহার পর যাহা ত্যাগ করিয়া দেওয়া যাইতেছে তাহার উপর লাগিবেক না।

[Period of computation.]

Rule 7. The Duties to be charged shall be computed at a sum not less than the full amount of the balance of the profits and income of such profession or employment, (after making such deductions as by this Act are allowed,) within the preceding year, ending as in the first Case, to be paid on the actual amount of such profits or income, without any deduction, subject to the like provisions as are made in the first Case in Rule No. 2, in respect of the period of computation in the case of setting up or commencing such profession or employment within the year preceding the year of assessment, or within the year of assessment.

[যত কালের হিসাব ধরিতে হইবেক তাহার কথা।]

৭ বিধি। পূর্ব্ব বৎসরে, অর্থাৎ এই বিধির প্রথম ভাগে বৎসরের শেষ যে তারিখ নিরূপণ হইয়াছে সেই তারিখপর্য্যন্ত পূর্ব্ব বৎসরে, ঐ বিদ্যাব্যবসায় কি কর্ম্ম দ্বারা যত লাভ ও আয় হয়, তাহাহইতে এই আইনমতে যাহা বাদ দিবার অনুমতি আছে তাহা বাদ দিয়া যত বাকী থাকে তাহার সমুদয় ধরিয়া ঐ টাক্সের হিসাব করিতে হইবেক। ও সেই প্রাপ্তি কি লাভ নিতান্ত যত টাকা হয় তাহার কিছু বাদ না দিয়া ঐ টাক্স দিতে হইবেক। ও টাক্স ধার্য্য করিবার পূর্ব্ব বৎসরের মধ্যে কি টাক্স ধার্য্য করিবার বৎসরের মধ্যে কোন বিদ্যাব্যবসায় কি কর্ম্ম স্থাপন হইলে কি আরম্ভ হইলে যত দিনের হিসাব ধরিতে হইবে তাহার বিষয়ে এই বিধির প্রথম ভাগের ২ বিধির বিধান খাটিবে।

[4th and 5th Rules of Case 1 applicable to Case 2.]

Rule 8. The fourth and fifth Rules in the first Case shall also extend to the profits arising under the second Case, as far as they are applicable.

[প্রথম ভাগের ৪ ও ৫ বিধির কথা ২ ভাগের উপর খাটিবার কথা।]

৮ বিধি। এই বিধির প্রথম ভাগের ৪ ও ৫ বিধিতে যে কথা আছে তাহা দ্বিতীয় ভাগের লিখিত লাভের উপর যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবে।

Rules applying to both the preceding Cases.

ইহার পূর্ব্বের দুই ভাগে যে বিধি খাটে তাহা।

[Disbursements which are not to be allowed in computing profits under Schedule 2.]

Rule 9. In estimating the profits or income to

[২ নম্বরের তফসীলমতে লাভের হিসাব করণেতে যেং খরচ ধরিতে হইবেক না তাহার কথা।]

৯ বিধি। প্রথম কি দ্বিতীয় ভাগঅনুসারে যেং লা-

be charged according to either of the first or second Cases, no sum shall be allowed to be set against or deducted from such profits or income for any disbursements or expenses whatever, not being money wholly and exclusively expended for the purpose of such trade, or of such profession or employment, nor for any disbursements or expenses of maintenance of the parties, their families, or establishments, nor for the rent or value of any dwelling-house or domestic offices, or any part of such dwelling-house or domestic offices, except such part thereof as may be used for the purposes of such trade, profession, or employment, not exceeding the proportion of the said rent or value hereinafter mentioned, nor for any sum expended in any other domestic or private purpose distinct from the purposes of such trade, or of such profession or employment.

[Duties to be computed inclusive of profits arising from lands connected with trade.]

Rule 10. The computation of the Duties to be charged in respect of any trade, profession, or employment, whether carried on by any person singly, or by any two or more persons jointly, or by any Corporation, Company, or Society, shall be made inclusive of the profits or income arising from any land or house occupied for the purpose of such trade or of any profession or employment.

[Computation in the case of several persons in partnership.]

Rule. 11. The computation of Duties arising in respect of any trade, profession, or employment carried on by two or more persons jointly, shall be made and stated jointly, and in one sum, and separately and distinctly from any other Duty chargeable on the same persons or either or any of them.

[Return of partner first named in deed or of precedent acting partner resident in India, sufficient authority to charge partners jointly.]

Rule 12. The return of the partner who shall be first named in the deed, instrument, or other agreement of co-partnership, or where there shall be no such deed, instrument, or agreement, then of the partner who shall be named singly, or with precedence to the other partner or partners, in the usual name, style, or firm of such co-partnership, or where such precedent partner shall not be an acting partner, then of the precedent acting partner, and who shall be resident in India, shall be sufficient authority to charge such partners jointly.

[Liability of every such partner to penalty for default in making return.]

Rule 13. Every such partner who shall be so first named as aforesaid, and such precedent partner or precedent acting partner as aforesaid resident in India, is hereby required, under the penalty herein contained for default in making any return required by this Act, to make such return on behalf of himself and the other partner or partners,

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬০ । ২২ আগষ্ট ।]

ভের কি আয়ের উপর টাক্স লাগিবেক, তাহার হিসাব যখন করা যায়, তখন, কেবল ঐ কারবারে কিম্বা ঐ বিদ্যাব্যবসায়ে কি কর্ম্মেতে নিতান্ত যত টাকা খরচ হইয়াছে, তাহা ছাড়া কোন খরচখরচা ঐ লাভহইতে বাদ দিবার অনুমতি হইবেক না, ও লোকেরদের কি তাঁহারদের পরিবারের কি চাকরগণের ভরণপোষণাদির কোন খরচ, ও কোন নিবাসগৃহের কি ঘরের কার্য্যসম্পর্কীয় দাম অর্থাৎ তাহার ঘরের কিম্বা তাহার কোন অংশের ভাড়ার কি মূল্যের নিমিত্তে কিছু বাদ দিতে হইবে না, কেবল ঐ ঘরপ্রভৃতির যে অংশেতে ঐ কারবার কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম করা যায়, তাহার নিমিত্তে ঐ ঘরের ভাড়ার কি নিরূপিত ভাড়ার যে হিসাবে বাদ দেওয়ার অনুমতি পরে লেখা যাইতেছে, সেই হিসাবে বাদ দেওয়া যাইতে পারিবে। ও সেই কারবার কিম্বা সেই বিদ্যাব্যবসায় কি কর্ম্মের নিমিত্তে না হইয়া ঘরের কি লোকেরদের বিশেষ কোন কার্য্যেতে যাহা খরচ হয় তাহা বাদ দিতে হইবেক না।

[বাণিজ্যকার্য্যের সম্পর্কীয় যে জমী থাকে তাহার লাভ ধরিয়া ঐ টাক্সের হিসাব করিবার কথা।]

১০ বিধি। কোন লোক একলা থাকিয়া, কিম্বা যৌতায় এক কি অধিক জন, কিম্বা চার্টরপ্রাপ্ত কোন সমাজ কি কোম্পানি কি সোসাইটি যে কোন কারবার কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম চালান, তাহার যত টাক্স লাগিবেক ইহার হিসাব যখন করা যায়, তখন ঐ কারবার কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম করিবার জন্যে যে কোন জমীর কি ঘরের ব্যবহার হয়, তাহাহইতে যত লাভ কি আয় হয় তাহাও ধরিয়া ঐ টাক্স ধার্য্য হইবেক।

[অনেক লোক যৌতায় কর্ম্ম করিলে টাক্সের হিসাব করিবার বিধি।]

১১ বিধি। দুই কি ততোধিক জন যৌতায় যে কারবার কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম করেন, তাহার টাক্সের হিসাব করিলে, তাহা একত্রে ও মোটে ধরিয়া লিখিতে হইবে, ও সেই২ লোকেরদের কি তাঁহারদের কোন জনের উপর অন্য যে কোন টাক্স লাগিতে পারে তাহার সঙ্গে না ধরিয়া পৃথক্ ও ভিন্নমতে ধরিতে হইবেক।

[সংসৃষ্টিপত্রে প্রথম যাঁহার নাম থাকে কিম্বা ভারতবর্ষনিবাসি প্রধান অংশী যিনি হন, তাহার ফর্দ ঐ অংশিরদের একত্রে টাক্স ধরিবার উপযুক্ত ক্ষমতা হইবার কথা।]

১২ বিধি। সংসৃষ্টিপত্রে কি দলীলে কি যৌতায় কর্ম্মের অন্য একরারনামায়, যে অংশির নাম প্রথমে লেখা থাকে তিনি যে কৈফিয়ৎ দেন সেই কৈফিয়ৎ ঐ অংশিরদের একত্রে টাক্স ধার্য্য করিবার প্রচুর ক্ষমতা হইবেক। যদি সেই প্রকারের কোন পত্র কি দলীল কি একরারনামা না থাকে, তবে ঐ সংসৃষ্ট কার্য্যের খ্যাতির কি নামের কি কুঠীর মধ্যে যে অংশির নাম একলা থাকে, কিম্বা একের অধিক জন অংশী হইলে যাঁহার নাম প্রথমে থাকে, কিম্বা সেই অগ্রগণ্য অংশী যদি অংশিরদের মধ্যে কর্ম্ম না করেন, তবে অগ্রগণ্য যে অংশী ভারতবর্ষনিবাসি হইয়া কার্য্য করেন, তাঁহার কৈফিয়ৎ হইলে সেই কৈফিয়ৎ ঐ টাক্স ধার্য্য করিবার প্রচুর ক্ষমতা হইবেক।

[সেই অংশী ফর্দ দিতে ত্রুটি করিলে তাঁহার দণ্ড হইতে পারিবার কথা।]

১৩ বিধি। পূর্ব্বোক্তমতের যে অংশির নাম প্রথমে থাকে তাঁহাকে, ও ভারতবর্ষনিবাসি পূর্ব্বোক্তমতের অগ্রগণ্য অংশিকে, কিম্বা কার্য্যকারি অগ্রগণ্য অংশিকে ইহাতে হুকুম করা যাইতেছে যে, তিনি আপনার নিমিত্তে ও অন্য অংশির কি অংশিরদের নিমিত্তে ঐরূপ কৈফিয়ৎ লিখিয়া দেন, ও তাহাতে প্রত্যেক জন অংশির নাম ও বাসস্থান লেখেন। ঐ কৈফিয়ৎ যদি না দেন,

whose names and residences shall also be declared in such return.

[Where no such partner is resident in India.]

Rule 14. Where no such partner shall be resident in India, then the statement shall be prepared and delivered by their agent, manager, or factor resident in India, jointly for such partners, and such joint assessment shall be made in the partnership name, style, or firm, and no separate statement shall be allowed in any case of partnership, except for the purpose of the partners separately claiming an exemption as herein directed, or of accounting for separate concerns.

[Case of separate assessment.]

Rule 15. Any partner being entitled to exemption, shall declare the proportion of his share in such partnership, trade, or profession in order to a separate assessment. For the above purpose, it shall be lawful to charge the partners in such partnership separately; but if no such claim be made, and in any other case, such assessment shall be made jointly, according to the amount of the profits and gains of such partnership.

[Partners returned by precedent partner may return their own names.]

Rule 16. Any partner in such trade, profession, or employment, who shall have been already returned by such precedent partner as aforesaid, may return his name and place of abode, and that he is such partner, without returning the amount of Duties payable in respect thereof, unless the Collector or Commissioners shall think proper to require a further return, in which case it shall be lawful for the Collector or Commissioners to require from every such partner the like return as they are hereby entitled to require from the precedent partner.

[Rule as to change in partners.]

Rule 17. If amongst any persons engaged in any trade, or in any profession or employment in partnership together, any change shall take place in any such partnership either by death or dissolution of partnership, as to all or any of the partners, or by admitting any other partner therein before the time of making the assessment, or within the period for which the assessment ought to be made under this Act, or if any person shall have succeeded to any trade, or any profession or employment, within such respective periods as aforesaid, the Duties payable in respect of such partnership, or any of such partners, or any person succeeding to such profession, trade, or employment, shall be computed and ascertained according to the profits and income of such business derived during the respective periods herein mentioned, notwithstanding such chan[ge] ... [th]erein or succession thereto as aforesaid, unless such partners or such persons succeeding to such business as afore-

হয়ে এই আইনমতের কৈফিয়ৎ না দেওয়ার যে দণ্ড এই আইনেতে আছে তাঁহার সেই দণ্ড হইবেক।

[সেইরূপ কোন অংশী ভারতবর্ষনিবাসী না হইলে তাঁহার কথা।]

১৪ বিধি। যদি সেই প্রকারের কোন অংশী ভারতবর্ষে বাস না করেন, তবে তাঁহারদের যে গোমাশ্তা কি কর্ম্মাধ্যক্ষ কি কর্ম্মকারক ভারতবর্ষে বাস করেন, তিনি ঐ অংশিরদের নিমিত্তে ঐ যৌতায় কর্ম্মের কৈফিয়ৎ প্রস্তুত করিয়া দাখিল করিবেন, ও উক্ত যে টাক্স একত্রে ধার্য্য হয় তাহা ঐ সংসৃষ্ট কর্ম্মের নামে কি খ্যাতিতে কি কুঠীর উপর ধার্য্য হইবেক। এ সংসৃষ্ট কোন কর্ম্মেতে পৃথক২ কৈফিয়ৎ হইবার অনুমতি হইবেক না। কেবল এ অংশিরা স্বতন্ত্রভাবে এই আইনমতের টাক্সের কোন অংশের ক্ষমা পাইবার দাওয়া করিবার জন্যে কিম্বা স্বতন্ত্র কারবারের হিসাব দিবার জন্যে পৃথক কৈফিয়ৎ দিতে পারিবেন।

[স্বতন্ত্র টাক্স ধরিবার কথা।]

১৫ বিধি। কোন অংশী টাক্সের কোন অংশের ক্ষমা পাইবার স্বত্ত্ববান হইলে, আপন টাক্স স্বতন্ত্র ধার্য্য হইবার জন্যে এ সংসৃষ্ট কর্ম্মে কি কারবারেতে কি বিদ্যাব্যবসায়ে আপনার অংশের হিস্যা প্রকাশ করিবেন। এ কারণে ঐ অংশিরদের টাক্স স্বতন্ত্র ধার্য্য হইতে পারিবে। কিন্তু যদি সেই প্রকারের কোন দাওয়া না করা যায় তবে, ও অন্য কোন স্থলে, এ সংসৃষ্ট কর্ম্মের লভ্যের ও প্রাপ্তির মবলগ টাকা অনুসারে এ টাক্স সংযুক্তভাবে ধার্য্য হইবেক।

[প্রধান অংশী অন্য যে২ অংশিরদের নাম লেখেন তাঁহারদের নিজ২ নামের ফর্দ্দ করিতে পারিবার কথা।]

১৬ বিধি। উক্ত যে কারবারের কি বিদ্যাব্যবসায়ের কি কর্ম্মের অংশিরদের নাম পূর্ব্বোক্তমতের অগ্রগণ্য অংশী লিখিয়া দিয়াছেন, তাহার অন্য কোন অংশী এ কর্ম্মের জন্যে যত টাক্স দেনা হয় তাহা না লিখিয়া আপনার নাম ও বাসস্থান ও আপনি এ কর্ম্মের অংশী আছেন লিখিয়া আপনার কৈফিয়ৎ দিতে পারিবেন। কিন্তু যদি কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা অধিক কৈফিয়ৎ লিখিবার আজ্ঞা করা উচিত বোধ করেন, তবে অগ্রগণ্য অংশিকে যে প্রকারের ফর্দ্দ লিখিতে এই আইনমতে আজ্ঞা করিতে পারেন, ঐ প্রত্যেক জন অংশিকেও এ কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা সেই প্রকারের কৈফিয়ৎপ্রভৃতি দিতে আজ্ঞা করিতে পারিবেন।

[অংশিরদের পরিবর্ত্তন হইলে তাহার বিধি।]

১৭ বিধি। যৌতায় করা কোন কারবারে কিম্বা কোন বিদ্যাব্যবসায়েতে কি কর্ম্মে যাঁহারা সংযুক্ত হইয়া কর্ম্ম করেন, তাঁহারদের কোন কাহার মরণ হইয়া, কিম্বা সকল কি কোন অংশির অংশিত্ব লোপ হইয়া, কিম্বা কোন নূতন অংশী গ্রাহ্য হইয়া, যদি টাক্স ধার্য্য করিবার সময়ের পূর্ব্বে, কিম্বা যে কালের নিমিত্তে এই আইনমতে টাক্স ধার্য্য করিতে হয় সেই কালের মধ্যে, ঐ সংসৃষ্ট কর্ম্মের অংশিরদের পরিবর্ত্তন হয়, কিম্বা যদি পূর্ব্বোক্ত কোন কালের মধ্যে কোন লোক উত্তরাধিকারিরূপে কোন কারবার কি কোন বিদ্যাব্যবসায় কি কর্ম্ম প্রাপ্ত হন, তবে এ অংশিরদের পরিবর্ত্তন হইলেও কিম্বা উত্তরাধিকারিক্রমে অন্য লোক কর্ম্মপ্রাপ্ত হইলেও, উক্ত কালের মধ্যে উক্ত কর্ম্মে যত প্রাপ্তি ও আয় হয় তদনুসারে এ সংসৃষ্ট কর্ম্মের কিম্বা কোন অংশিরদের টাক্স, কিম্বা ঐ বিদ্যাব্যবসায় কি কর্ম্ম কি কারবার উত্তরাধিকারিস্বরূপে যিনি পান তাঁহার টাক্স হিসাব করিয়া নির্দ্ধার্য্য হইবেক। কিন্তু ঐ অংশিরদের পরিবর্ত্তন হওয়াতে, কিম্বা উত্তরাধিকারিক্রমে যিনি কর্ম্ম পান তাঁহার সেই কর্ম্ম পাওয়াতে কোন বিশেষ কারণে ঐ কর্ম্মের প্রাপ্তির ও

said shall prove, to the satisfaction of the Collector or Commissioners, that the profits or income of such business have fallen short, or will fall short, for some specific cause, to be alleged to them, since such change or succession took place and by reason thereof.

[Statement of profits to include every source of profits.]

Rule 18. Every statement of profits or income to be charged under this Schedule shall include every source so chargeable on the person delivering the same on his own account or on account of any other person.

[Statement of profits on behalf of other persons or of Corporations, Companies, or Societies.]

Rule 19. Every such statement, on the behalf of any other person for which such person shal' e chargeable as acting in any of the characters before described, or on the behalf of any Corporation, Company, or Society, shall include every source chargeable as last aforesaid, and shall be delivered in that District where such person, Corporation, Company, or Society would be chargeable, if acting on his or their own behalf.

Third Case.—The Duties to be charged in respect of profits of an uncertain yearly value not charged in Schedule 1.

[Rule as to profits of uncertain yearly value.]

Rule 20. The Duties to be charged in respect of profits of uncertain yearly value not charged in Schedule 1, shall be computed at a sum not less than the full amount of the profits arising therefrom within the preceding year, ending, as in the first case, to be paid on the actual amount of such profits, without any deduction.

[Rule as to profits on securities not included in Schedule 3.]

Rule 21. The profits on all securities bearing interest payable out of the public revenue, (except securities herein directed to be charged under the rules of Schedule 3,) and on all discounts and on all interest of money, not being annual interest, shall be charged according to the last preceding Rule in this case.

Fourth Case—The Duties to be charged in respect of Interest or Income arising from any Property situated out of British India, whether in any other part of Her Majesty's Dominions or not.

[Computation of income arising from property out of British India to be made according to receipts of preceding year.]

Rule 22. The Duties to be charged on any per-

আয়ের কিছু ন্যূনতা হইয়াছে কি হইবেক এই কথার প্রমাণ, যদি ঐ অংশিরা কিম্বা উত্তরাধিকারিস্বরূপে যিনি ঐ কর্ম্ম পান তিনি ঐ কারণ ব্যক্ত করিয়া কালেক্টর সাহেবের কি কমিসানর সাহেবেরদের প্রতীতিক্রমমতে করিতে পারেন, তবে টাক্সের কিছু বিশেষ হইতে পারিবে।

[প্রাপ্তির কৈফিয়তে লাভের সকল উপায় ধরিবার কথা।]

১৮ বিধি। এই তফসীল অনুসারে যে সকল লাভের কি আয়ের উপর টাক্স লাগে, তাহার কৈফিয়ৎ যখন দেখা যায়, তখন যে জন তাহা দাখিল করেন তাঁহার নিজের কি অন্য কাহার নিমিত্তে টাক্স ধার্য্য হইবার উপযুক্ত লাভ যে সকল কর্ম্মাদির দ্বারা হয়, তাহা সকলি ঐ কৈফিয়তে লিখিবেন।

[অন্য ব্যক্তিরদের কি চার্টরপ্রাপ্ত সমাজের কি সোসাইটির কি কোম্পানির পক্ষে প্রাপ্তির কৈফিয়তের কথা।]

১৯ বিধি। পূর্ব্বলিখিত কোন পদে কর্ম্ম করিয়া অন্য লোকের নিমিত্তে যাঁহার টাক্স ধরা যাইতে পারে সেই লোক কিম্বা চার্টরপ্রাপ্ত কোন সমাজের কি কোম্পানির কি সোসাইটির পক্ষে কোন লোক যে কৈফিয়ৎ দেন, তিনি সেই কৈফিয়তের মধ্যে টাক্স ধার্য্য হইবার উপযুক্ত লাভ যেং কর্ম্মাদির দ্বারা হয় সেই তাবৎ কর্ম্মাদি পূর্ব্বোক্তমতে লিখিবেন, ও সেই অন্য লোক কি চার্টরপ্রাপ্ত সমাজ কি কোম্পানি কি সোসাইটি আপনার কি আপনারদের নিমিত্তে কর্ম্ম করিলে তাঁহারদের টাক্স যে জিলাতে ধার্য্য হইত, সেই জিলাতে ঐ কৈফিয়ৎ দাখিল করিবেন।

তৃতীয় ভাগ।

বৎসরে যত টাকা প্রাপ্তি হয় তাহা নিশ্চয় না হইলে ও ১ নম্বরের তফসীলে তাহার টাক্স ধার্য্য না হইলে সেই টাক্সের কথা।

[বৎসরে যত টাকা লাভ হয় তাহা নিশ্চিত না হইলে তাহার বিধি।]

২০ বিধি। বৎসরে যত টাকা লাভ হয় তাহা যদি নিশ্চয় না হয় ও তাহারি টাক্স যদি ১ নম্বরের তফসীলে ধরা যায় নাই, তবে ঐ টাক্স ধরিবার এই বিধি। প্রথম ভাগের বিধিমতে বৎসরের শেষ ধরিয়া সেই বৎসরে যত লাভ হইয়াছে তাহার সমুদয়ের কিছুই বাদ না দিয়া হিসাব করিতে হইবেক, ও যত প্রাপ্তি কি লভ্য হয় তাহার কিছু বাদ না দিয়া নিতান্তই তত টাকার উপর টাক্স ধার্য্য হইবেক।

[যে নিদর্শনপত্রের কথা ৩ নম্বরের তফসীলে লেখা হয় নাই তাহার লভ্যের বিধি।]

২১ বিধি। ৩ নম্বরের তফসীলের বিধিমতে যে নিদর্শনপত্রের টাক্স ধরিবার আজ্ঞা এই আইনে হইয়াছে তাহাছাড়া, যে সকল নিদর্শনপত্রের সুদ সরকারী রাজস্ব হইতে দেওয়া যায় তাহাতে যে লাভ হয় ও ডিসকৌণ্টে ও বৎসরের সুদভিন্ন টাকার অন্য সুদে যে লাভ হয় তাহার টাক্স ইহার পূর্ব্ব বিধিমতে ধার্য্য হইবে।

চতুর্থ ভাগ।

ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের বাহিরের যে সম্পত্তি শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত অন্য দেশের মধ্যে থাকে কি না থাকে তাহাতে প্রাপ্ত সুদ কি আয়ের উপর টাক্সের কথা।

[ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের বাহিরের সম্পত্তিহইতে যে আয় হয় তাহার হিসাব পূর্ব্ব বৎসরের প্রাপ্তিঅনুসারে করিবার কথা।]

২২ বিধি। শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত দেশের

[Deduction for two-thirds of rent of houses occupied for purpose of trade or profession.]

Rule 26. Any person carrying on any profession, trade, or employment, either alone or in partnership, renting a house, part of which shall be used by him for the purposes of any profession, trade, or employment hereby charged, may deduct and set off from the profits of such profession, trade, or employment such sum, not exceeding two-third parts of the rent *bonâ fide* paid for such house, with the appurtenances, as the Collector or Commissioners shall think fit to allow, and the Collector and Commissioners shall have authority to allow such deductions as in other cases, and to assess such person accordingly.

[ঘরের যে অংশেতে কারবার কি বিদ্যাব্যবসায় চালান যায় তাহাহইতে ভাড়ার তিন ভাগের দুই ভাগ বাদ দেওয়ার কথা।]

২৬ বিধি। কোন লোক একলা কিম্বা অন্যেরদের সঙ্গে জোড়ায় কোন কারবার কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম চালাইয়া যদি ঘর ভাড়া করেন, ও এই আইনমতে যে কারবারের কি বিদ্যাব্যবসায়ের কি কর্ম্মের উপর টাক্স লাগে এমত কোন কারবার কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম যদি সেই ঘরের এক অংশে চালান, তবে ঐ ঘরের ও তাহার সঙ্গে গুদাম ঘরপ্রভৃতির নিতান্ত যত ভাড়া দেওয়া যায় তাহার জন্যে ঐ কালেক্টর সাহেব কিম্বা কমিস্যনর সাহেবেরা যত বাদ দিবার অনুমতি দেন তত ঐ কারবারের কি বিদ্যাব্যবসায়ের কি কর্ম্মের লাভহইতে বাদ দেওয়া যাইতে পারিবেক। কিন্তু ঐ ঘরের ভাড়ার তিন অংশের দুই অংশের অধিক বাদ দিতে হইবেক না। ও উক্ত কালেক্টর সাহেবের ও কমিস্যনর সাহেবেরদের অন্য২ স্থলে সেইরূপে বাদ দিবার যেমন ক্ষমতা থাকে, তেমনি ঐ টাকাও বাদ দিবার ও তদনুসারে ঐ লোকেরদের উপর টাক্স ধরিবার ক্ষমতা থাকিবেক।

[Duties to be charged on all annual interest not otherwise charged under this Act.]

Rule 27. Upon all annuities, yearly interest of money, or other annual payments, whether such payments shall be payable within or out of India, either as a charge on any property of the person paying the same by virtue of any deed, or will, or otherwise, or as a reservation thereout, or as a personal debt or obligation by virtue of any contract, or whether the same shall be received and payable half-yearly or at any shorter or more distant periods, the Duties payable under this Act shall be charged upon the annual amount thereof without deduction, subject to the provisions by which the Duties in the third Case of Schedule 2 may be charged.

[বৎসরের যে সুদের টাক্স এই আইনের অন্য স্থানে ধরা যায় নাই তাহা ধার্য্য করিবার বিধি।]

২৭ বিধি। সকল বার্ষিক বৃত্তি, কি টাকার যে সুদ বৎসরে২ পাওয়া যায় তাহা, কি বৎসরে২ অন্য যে টাকা পাওয়া যায়, তাহা ভারতবর্ষের মধ্যে কি বাহিরে প্রাপ্য হইলে, ও যে জন দেন তাঁহার সম্পত্তিহইতে কোন দলীল কি উইলক্রমে কি প্রকারান্তরে দিতে হইলে, কিম্বা সম্পত্তিহইতে দিবার জন্যে ধরা হইলে, কিম্বা কোন করারনামার বলে দেনা টাকাস্বরূপ দিতে হইলে, ও তাহা ছয়২ মাসে কি তাহার কম কালে কি অধিক কালে প্রাপ্য কি দেনা হইলেও, তাহার উপর এই আইনমতের যে টাক্স লাগে তাহা বৎসরে যত বৃত্তিপ্রভৃতি হয় তাহাহইতে কিছু বাদ না দিয়া তাহার উপর ধার্য্য হইবেক, অর্থাৎ ২ নম্বরের তফসীলের তৃতীয় ভাগের টাক্স যে বিধানমতে ধার্য্য হইতে পারে সেই বিধানানুসারে ধার্য্য হইবে।

[On whom Duty to be charged.]

Rule 28. In every case in which such Duties shall be payable out of profits brought into charge by virtue of this Act, no assessment shall be made upon the person entitled to such annuity, interest, or other annual payment, but the whole of such profits shall be charged with the said Duties on the person liable to such annual payment.

[টাক্স যাঁহার দিতে হইবেক তাঁহার কথা।]

২৮ বিধি। এই আইনক্রমে তদ্রূপ যে লাভের উপর টাক্স ধার্য্য হয় তাহাহইতে যদি ঐ বৃত্তিপ্রভৃতি প্রাপ্য হয়, তবে ঐ বৃত্তি কি সুদ কি অন্য বার্ষিক টাকা যে লোক পাইবেন তাঁহার উপর কোন টাক্স ধার্য্য হইবেক না। কিন্তু ঐ বৃত্তিপ্রভৃতি যাঁহার দিতে হয় তাঁহার উপর ঐ সমুদয় লাভের টাক্স বসান যাইবে।]

[Interest from profits charged liable to deduction.]

Rule 29. The person liable to make such annual payment, whether out of the profits charged with Duties, or out of any annual payment liable to deduction, or from which a deduction shall have been made, shall be authorized to deduct out of such annual payment the Duties payable thereon under this Act.

[লাভের যে সুদের উপর টাক্স লাগে তাহা বাদ দেওয়া যাইতে পারিবার কথা।]

২৯ বিধি। ঐ টাক্স যে লভ্যের উপর বসান গেল তাহাহইতে কিম্বা বৎসরের দেনা যে টাকাহইতে কিছু বাদ দেওয়া যাইতে পারে কিম্বা দেওয়া গিয়াছে, তাহাহইতে যে লোকের উক্ত প্রকারের কোন বার্ষিক বৃত্তিপ্রভৃতি দিতে হয়, তিনি ঐ বার্ষিক বৃত্তিপ্রভৃতিহইতে এই আইনমতের দেনা টাক্স কাটিয়া লইতে পারিবেন।

[At what rate of Duties deduction to be allowed.]

Rule 30. The person to whom such payment, liable to deduction, is to be made, shall allow such deduction at the full rate of Duties hereby directed to be charged upon the receipt of the residue of the money.

[টাক্সের যে হিসাবে ঐ টাকা বাদ দিতে হইবে তাহার কথা।]

৩০ বিধি। উক্ত যে বৃত্তিহইতে কিছু বাদ দেওয়া যাইতে পারে তাহা যে লোককে দিতে হয়, সেই লোক ঐ টাক্সের টাকা বাদ দিয়া যখন অবশিষ্ট পান, তখন এই বিধির লিখিত বিধানমতে ঐ হিসাবে টাক্সের সুদ্ধ টাকা কাটিয়া লইবার অনুমতি দিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬০। ২১ আগষ্ট।]

[Acquittance and discharge of amount of deduction.]

Rule 31. The person charged to the said Duties having made such deduction, shall be acquitted and discharged of so much money as such deduction shall amount unto, as if the amount thereof had actually been paid to the person to whom such payment shall have been due and payable.

[All other interest how to be charged.]

Rule 32. When any annual payment as aforesaid shall, by reason of the same being charged on any property or security not being in India or otherwise, be received or receivable without any such deduction as aforesaid, and when any such payment shall be made from profits not charged by this Act, or when any interest of money shall not be reserved or charged, or payable for the period of one year, then and in every such case there shall be charged upon such interest, annuity, or other annual payment as aforesaid, the Duties herein mentioned according to, and subject to the several provisions by which the Duties in the third Case of Schedule 2 may be charged.

[Deduction on payment of interest of money and other payments from profits under Schedule 2, to be made under a certificate. In what cases deductions may be made without certificate.]

Rule 33. Whenever it shall be proved to the satisfaction of the Collector or Commissioners acting in the place where any person making the application shall reside that any annuity, interest of money, or other annual payment shall be annually paid out of the profits *bonâ fide* accounted for and charged by virtue of this Act, at the rate and according to the Rules specified in Schedule 2, without any deduction on account thereof, it shall be lawful for the Collector or Commissioners to grant a certificate thereof under the hands of any one of them, in the form to be prescribed as aforesaid, which certificate shall entitle the person so assessed, upon payment of such annuity, interest, or other annual payment, to deduct so much thereof as a like rate on such annuity, interest, or other annual payments would amount unto. But no such certificate shall be required where such payments are to be made out of the profits arising from any land or house as before mentioned, or of any office or employment of profit, or out of any annuity, or pension, or any dividend or share in such public annuities as are herein mentioned, but such deductions in all such cases may be made without having obtained such certificate.

Rules as to Districts in which persons are chargeable.

[Where Corporations, Companies, or Societies are chargeable.]

Rule 34. Every Body Corporate, Company, or

[যাহা বাদ দেওয়া গেল তাহার কারখতীর কথা।]

৩১ বিধি। ঐ টাক্স যাহার উপর বসান যায় তিনি ঐ টাকা কাটিয়া লইলে পর ঐ বাদ দেওয়া টাকার নিমিত্তে সম্পূর্ণ কারখৎ পাইবেন। অর্থাৎ ঐ টাকা যাহার পাওনা ও যাঁহাকে দিতে হয় তাঁহাকে সমুদয় দিতায় দেওয়া যাইবার মতে ঐ কারখতী হইবেক।

[অন্য সুদের টাক্স যে প্রকারে বসাইতে হইবে তাহার কথা।]

৩২ বিধি। পূর্ব্বোক্তমতের বার্ষিক বৃত্তিপ্রভৃতি যে সম্পত্তি কি নিদর্শন পত্রহইতে দেওয়া যায় তাহা ভারতবর্ষে না থাকাতে কি অন্য কারণে যদি পূর্ব্বোক্ত প্রকারে কিছু বাদ না দিয়া পাওয়া যায় কি পাওয়া যাইতে পারে, ও যে লাভের উপর এই আইনমতে টাক্স বসান যায় নাই তাহাহইতে যদি উক্ত প্রকারের বৃত্তিপ্রভৃতি দেওয়া যায়, কিম্বা টাকার কিছু সুদ যদি এক বৎসরপর্য্যন্ত ধরা না হয় কি লওয়া না যায় কি দিতে না হয়, তবে এমন প্রত্যেক স্থলে পূর্ব্বোক্ত সেই সুদের কি বৃত্তির কি অন্য বার্ষিক টাকার উপর এই আইনের লিখিত টাক্স বসান যাইবে, অর্থাৎ ২ নম্বরের তফসীলের তৃতীয় ভাগের লিখিত টাক্স যে২ বিধানমতে বসান যায় সেই২ বিধানমতে ও তদনুসারে ঐ টাক্স বসান যাইবেক।

[২ নম্বরের তফসীলের লিখিত প্রাপ্তিহইতে টাকার সুদ ও বৃত্তিপ্রভৃতি দিবার কালে যে টাকা কাটিয়া লওয়া যাইতে পারে তাহা সর্টিফিকটক্রমে লইবার, ও যে স্থলে সর্টিফিকটবিনা বাদ দেওয়া যাইতে পারিবে তাহার কথা।]

৩৩ বিধি। এই আইনের বলে যে প্রাপ্তির ও লাভের হিসাব প্রকৃতপ্রকারে দেওয়া যায়, ও ২ নম্বরের তফসীলের নির্দিষ্ট হারানুসারে ও তাহার বিধিমতে যাহার উপর টাক্স বসান গিয়াছে, এমত প্রাপ্তি কি লাভহইতে টাকার কোন সুদ কি বার্ষিক বৃত্তি কি অন্য টাকা বৎসরে২ দেওয়া যায়, ও তাহার জন্যে ঐ টাক্সহইতে কিছু বাদ দেওয়া যায় নাই, ইহার সর্টিফিকট যে লোক চাহেন তিনি যে জিলাতে বাস করেন, সেই জিলার কর্ম্মকারি কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সাক্ষাৎমতে যদি এ কথার প্রমাণ করিতে পারেন, তবে ঐ কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা পূর্ব্বোক্তমতে যে পাট নিরূপণ হইবে সেই পাটে এ কথার সর্টিফিকট লিখিয়া তাঁহাকে দিতে পারিবেন, ও সেই সর্টিফিকটে ঐ কমিস্যনর সাহেবেরদের কোন এক জন দস্তখৎ করিবেন। সেই সর্টিফিকট পাইলে, যাঁহার উপর ঐ টাক্স ধার্য্য হয়, তিনি যে সময়ে ঐ সুদ কি বার্ষিক বৃত্তি কি বার্ষিক অন্য টাকা দেন, সেই সময়ে, ঐ হারানুসারে সুদের কি বার্ষিক বৃত্তির কি বার্ষিক অন্য টাকার যত টাকা টাক্স লাগিত তত টাকা বাদ দিয়া রাখিতে পারিবেন। পরন্তু পূর্ব্বলিখিত প্রকারের জমী কি ঘরহইতে যে প্রাপ্তি কি লাভ হয় তাহাহইতে, কিম্বা লাভজনক কোন পদ কি কর্ম্মহইতে কিম্বা কোন বার্ষিক বৃত্তিহইতে কি পেন্স্যনহইতে কিম্বা এই আইনের লিখিত প্রকারের সরকারী বার্ষিক বৃত্তির কোন ডিবিডেণ্ড কি শ্যারহইতে যদি ঐ সুদপ্রভৃতি দিতে হয়, তবে তদ্রূপ কোন সর্টিফিকটের প্রয়োজন থাকিবে না। এমন সকল স্থলে সর্টিফিকট না লইয়াও ঐ টাকা কাটিয়া লওয়া যাইতে পারিবে।

লোকেরদের টাক্স যেং স্থানে ধরা যাইবে তাহার বিধি।

[চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির টাক্স যে স্থানে বসান যাইবে তাহার কথা।]

৩৪ বিধি। কোন চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পা-

Society shall be charged to the Duties contained in this Act by the Collector or Commissioners acting for the place where the head Office in India of such Body Corporate, Company, or Society is situate.

[Where householders, other than persons engaged in any trade, profession, or employment, are chargeable.]

Rule 35. Every person being a householder, except persons engaged in any trade, profession, or employment, shall be charged to the said Duties contained in Schedule 2 by the Collector or Commissioners acting for the place where the dwelling-house of such person shall be situate.

[Where persons engaged in any trade, &c. are chargeable.]

Rule 36. Every person engaged in any trade, profession, or employment shall be charged to the said Duties contained in the said Schedule 2 by the Collector or Commissioners acting for each place where such trade shall be carried on or such profession or employment shall be exercised.

[Where manufacturers are to be assessed.]

Rule 37. When any trade shall be carried on in India by the manufacture of goods, wares, or merchandize, the assessment thereon shall be at the place of manufacture, although the sale of such goods, wares, or merchandize shall be elsewhere.

[Where persons, not being householders nor engaged in trade, &c. are chargeable.]

Rule 38. Every person not being a householder, nor engaged in any trade, profession, or employment, who shall have any place or ordinary residence, shall be charged by the Collector or Commissioners acting for the place where such person shall ordinarily reside.

[Where persons not hereinbefore described are chargeable.]

Rule 39. Every person not hereinbefore described shall be charged by the Collector or Commissioners acting for the place where such person shall reside at the beginning of each year.

[Every charge made as aforesaid not affected by subsequent removal.]

Rule 40. Every such charge shall be valid and effectual, notwithstanding the subsequent removal of the person so charged from such place.

[Persons not engaged in trade, having more than one dwelling-house, where chargeable.]

Rule 41. Every person not being engaged in any trade, profession, or employment, having two or more houses at which he shall be ordinarily resident, shall be charged by the Collector or Commissioners acting for each place where such houses shall be situate.

[Persons having more than one residence, or carrying on trade in different places, shall be called on to make returns at each place.]

Rule 42. Every person having two or more

সিস্থ কি সোসাইটির প্রধান দপ্তরখানা ভারতবর্ষের যে স্থানে আছে সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিশানর সাহেবেরা ঐ সমাজের কি কোম্পানির কি সোসাইটির এই আইনমতের টাক্স ধার্য্য করিবেন।

[কোন কারবারে কি বিদ্যাব্যবসায়ে কি কর্ম্মে নিযুক্ত লোক ছাড়া গৃহস্থের টাক্স যে স্থানে ধার্য্য হইবে তাহার কথা।]

৩৫ বিধি। কোন কারবারের কি কর্ম্মের কি বিদ্যাব্যবসায়ি লোকছাড়া যাঁহারা গৃহস্থ লোক হন, তাঁহারদের বসতবাটী যে স্থানে থাকে সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা তাঁহারদের উপর ২ নম্বরের তফসীলের লিখিত উক্ত টাক্স ধার্য্য করিবেন।

[কারবারের লোকপ্রভৃতির টাক্স যে স্থানে ধার্য্য হইবে তাহার কথা।]

৩৬ বিধি। কোন কারবারে কি বিদ্যাব্যবসায়ে কি কর্ম্মে নিযুক্ত লোক যে স্থানে আপনায় কর্ম্ম কি কারবার কি বিদ্যাব্যবসায় চালান সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা তাঁহায় ঐ ২ নম্বরের তফসীলের লিখিত টাক্স ধার্য্য করিবেন।

[শিল্পকর্ম্মিরদের টাক্স যে স্থানে ধার্য্য হইবেক তাহার কথা।]

৩৭ বিধি। যদি ভারতবর্ষের মধ্যে কোন জিনিসপত্র কি মাল কি বাণিজ্যদ্রব্য প্রস্তুত করণের কারবার হয়, তবে ঐ জিনিসপত্র কি মাল কি বাণিজ্যদ্রব্য অন্য যে কোন স্থানে বিক্রয় হউক, যে স্থানে প্রস্তুত করা যায় সেই স্থানে তাহার টাক্স ধার্য্য হইবে।

[গৃহস্থ না হইয়া যে লোকেরা কারবারাদি করেন তাঁহারদের টাক্স যে স্থানে ধার্য্য হইবেক তাহার কথা।]

৩৮ বিধি। কোন লোক যদি গৃহস্থ না হন ও তাঁহার কোন কারবার কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম না থাকে, কিন্তু যেখানে নিয়ত বাস করেন এমন স্থান থাকে, তবে তাঁহার নিয়ত বাসস্থান যে স্থানে হয় সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা তাঁহার টাক্স ধার্য্য করিবেন।

[ইহার পূর্ব্বে যাঁহারা গণ্য হন নাই তাঁহারদের টাক্স যে স্থানে ধার্য্য হইবেক তাহার কথা।]

৩৯ বিধি। ইহার পূর্ব্বে যে লোক গণ্য হন নাই এমত কোন লোক, প্রতিবৎসরের আরম্ভে যে স্থানে বাস করেন, সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা তাঁহার উপর টাক্স ধার্য্য করিবেন।

[পূর্ব্বোক্তমতে যে টাক্স ধার্য্য হয় তাহা ঐ লোক স্থানান্তরে গেলেও বহাল থাকিবে।]

৪০ বিধি। ঐ টাক্স যাঁহার উপর ধার্য্য হইয়াছে তিনি পরে সেই জিলা কি স্থানহইতে স্থানান্তরে গেলেও ঐ স্থানে যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা বহাল ও সিদ্ধ থাকিবে।

[বাণিজ্যকারী না হইয়া যাঁহারদের একের অধিক বাসস্থান থাকে তাঁহারদের টাক্স যে স্থানে ধার্য্য হইবে তাহার কথা।]

৪১ বিধি। কোন লোকের কোন কারবার কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম না থাকিয়া, যদি সামান্যতঃ তাঁহার দুই কি ততোধিক ঘরে বাস হয়, তবে তাঁহার ঘর যে২ স্থানে থাকে সেই২ স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা তাঁহার টাক্স ধার্য্য করিবেন।

[যাঁহারদের নিবাস একের অধিক স্থানে হয় কিম্বা যাঁহারা ভিন্ন২ স্থানে কারবার চালান তাঁহারদের সেই২ স্থানে কৈফিয়ৎ দিতে আজ্ঞা হইবার কথা।]

৪২ বিধি। যদি কোন লোকের দুই কি অধিক

residences or carrying on any trade or exercising any profession or employment in different places, or in any place different from the place of his ordinary residence, shall be served with a notice in each of such places, and shall deliver in each of such places the like returns and declarations as he is required to deliver by this Act. Such person shall in each of his returns state all the places in which he carries on any trade, or exercises any profession or employment, the place of his ordinary residence, and the place where he resided at the beginning of the current year.

[Profits from foreign possessions to be charged in Districts where persons chargeable reside or carry on trade.]

Rule 43. The Duties to be assessed by virtue of this Act, in respect of the profits or income arising from possessions or securities out of British India, whether within any other of Her Majesty's dominions or not, shall be stated to and assessed by the Collector and Commissioners respectively acting for the place where the persons receiving or entitled to the same shall reside or carry on any trade or profession.

[No person chargeable in different places to be liable to double payment.]

Rule 44. No person who shall be liable to be charged in different places under this Act shall be liable to any double payment in respect of the same property or source of income.

Rules for temporary Residents in India.

[Temporary residents to be charged in respect of income and profits out of India after six months' residence, but not before.]

Rule 45. No persons who shall, on or after the passing of this Act, be in India for some temporary purpose only, and not with any view or intent of residing therein for a period exceeding six months in the whole from the commencement of such residence, and who shall not actually have resided in India at one time or at several times for a period equal in the whole to six months in any one year, shall be charged with the Duties mentioned in Schedule 2 as a person residing in India in respect of the profits or income received from or out of any possessions, property, or securities, not being in India, or from any trade, profession, or employment not carried on in India.

[Duties where and for what year chargeable.]

Rule 46. Every such person, if he shall actually reside or remain in India for such period as aforesaid, shall be chargeable to the [illegible] Duties in the place in which he shall reside or be, for the

বাসস্থান থাকে, কিম্বা যদি ভিন্ন২ স্থানে কি যে স্থানে সাধারণতঃ বাস করেন তদ্ভিন্ন অন্য স্থানে কারবার করেন কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম করেন, তবে তদ্রূপ প্রত্যেক স্থানে তাঁহাকে এত্তেলা দেওয়া যাইবেক ও এই আইনেতে যেং ফর্দ ও কৈফিয়ৎ দাখিল করিতে আজ্ঞা হইয়াছে তাহা উক্ত প্রত্যেক স্থানে দাখিল করিবেন। ও তিনি যে সকল স্থানে কারবার করেন কিম্বা কোন বিদ্যাব্যবসায় কি কর্ম্ম করেন সেই সকল স্থানের নাম, ও নিয়ত যে স্থানে বাস করেন, ও হাল বৎসরের আরম্ভে যে স্থানে বাস করিতেছিলেন তাহার নাম উক্ত প্রত্যেক ফর্দে লিখিবেন।

[ভিন্ন দেশস্থ সম্পত্তিহইতে যে লাভ হয়, তাহার নিমিত্তে লোকেরা যে জিলাতে বাস করেন কি কারবার করেন সেই জিলাতে টাক্স ধার্য্য হইবার কথা।]

৪৩ বিধি। ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকারে যে দেশ আছে, সেই দেশের বাহিরে যে সম্পত্তি কি নিদর্শনপত্র থাকে, তাহা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত অন্য দেশের মধ্যে হউক কি না হউক, তাহাতে উৎপন্ন যে প্রাপ্তির কি লাভের জন্যে এই আইনের বলে টাক্স ধার্য্য করিতে হইবেক তাহার কৈফিয়ৎ ঐ প্রাপ্তি কি লাভ যাঁহারা পাইয়া থাকেন কি পাইবার স্বত্ববান হন তাঁহারা যে স্থানে বাস করেন কিম্বা কারবার কি বিদ্যাব্যবসায় চালান সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেবকে ও কমিসানর সাহেবদিগকে দেওয়া যাইবেক, ও তাহারা তাঁহার টাক্স ধার্য্য করিতে পারিবেন।

[ভিন্ন২ স্থানে যাঁহারদের টাক্স ধার্য্য হইতে পারে, তাঁহারদের দোহারা টাক্স দিতে না হইবার কথা।]

৪৪ বিধি। এই আইনমতে যাঁহারদের ভিন্ন২ স্থানে টাক্স ধরা যাইতে পারিবে, তাঁহারদের কোন কাহার একি সম্পত্তির উপর কিম্বা লাভের একি বিষয়ের উপর দোহারা টাক্স দিতে হইবেক না।

ভারতবর্ষে যাঁহারা কিঞ্চিৎ কাল বাস করেন তাঁহারদের বিষয়ি বিধি।

[যাঁহারা কিঞ্চিৎ কালের নিমিত্তে ভারতবর্ষে বাস করিতে আইসেন, তাঁহারা ছয় মাসপর্য্যন্ত বাস না করিলে তাঁহারদের যে আয় ও প্রাপ্তি ভারতবর্ষের বাহিরহইতে হয় তাহার উপর টাক্স না লাগিবার কথা।]

৪৫ বিধি। কোন লোক এই আইন জারী হইলে কি তৎপরে, যদি কেবল কিঞ্চিৎকালের কার্য্যের নিমিত্তে ভারতবর্ষে থাকেন, ও তথায় বাস করিতে আসিবার কালাবধি সর্ব্বসুদ্ধ ছয় মাসের অধিক থাকিবার অভিপ্রায়ে কি কল্পনায় আইসেন না, ও যদি কোন এক বৎসরে একবার কি বারবার আসিয়া সর্ব্বসুদ্ধ ছয় মাস ভারতবর্ষ দেশে নিতান্ত বাস না করেন, তবে ভারতবর্ষের মধ্যে নয় এমত কোন অধিকার কি সম্পত্তি কি নিদর্শনপত্রহইতে, কিম্বা ভারতবর্ষের মধ্যে চালান যায় না এমত কোন কারবার কি পরীক্ষার্থ ব্যবসায় কি বিদ্যাব্যবসায়হইতে প্রাপ্ত কোন লাভের কি আয়ের জন্যে ভারতবর্ষনিবাসি লোকের মত তাঁহার উপর ২ নম্বরের তফসীলের লিখিত উক্ত টাক্স ধার্য্য হইবেক না।

[টাক্স যে স্থানে ও যে বৎসরের নিমিত্তে লাগিবে তাহার কথা।]

৪৬ বিধি। উক্ত প্রকারের কোন লোক যদি পূর্ব্বোক্ত কালপর্য্যন্ত ভারতবর্ষ দেশের মধ্যে নিতান্ত বাস করেন কি থাকেন, তবে যে স্থানে বাস করেন কি থাকেন সেই স্থানে তৎ পূর্ব্বের ১ আগষ্ট তারিখ-

year commencing on the first day of August preceding.

অবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের তাঁহার ঐ টাক্স লাগিতে পারিবে।

[Persons quitting and returning to India and completing within the year of assessment a residence of six months, liable for the whole year.]

[কেহ ভারতবর্ষহইতে গিয়া যদি ফিরিয়া আইসেন ও টাক্স ধার্য্য করিবার যে বৎসর চলিতেছে সেই বৎসরের পূরা ছয় মাস যদি থাকেন, তবে তাঁহার সেই বৎসরের টাক্স লাগিবার কথা।]

Rule 47. Every such person who having quitted India as aforesaid shall return to India and complete within the year of assessment a residence of six months, shall be chargeable to the said Duties in the place wherein he shall reside or be, as a person residing in India, for the whole of the year in which such assessment shall have been made.

৪৭ বিধি। সেই প্রকারের কোন লোক যদি পূর্ব্বোক্তমতে ভারতবর্ষহইতে চলিয়া গিয়া ফিরিয়া আইসেন ও টাক্স ধার্য্য করিবার যে বৎসর চলিতেছে সেই বৎসরে ভারতবর্ষে সর্ব্বশুদ্ধ পূরা ছয় মাস থাকেন, তবে যে স্থানে বাস করেন কি থাকেন সেই স্থানে ভারতবর্ষনিবাসি লোকের মত টাক্স ধার্য্য হইবার সেই পূরা বৎসরের নিমিত্তে, তাঁহার উক্ত টাক্স ধরা যাইতে পারিবে।

General Rule.

সাধারণ বিধি।

[Returns and declarations may be delivered sealed, but superscribed with name and address of the party.]

[ফর্দ্দ ও কৈফিয়ৎ খামে বন্ধ করিয়া দেওয়া যাইতে পারিবার কথা কিন্তু তাহার উপর লেখকের নামাদি লিখিবার কথা।]

Rule 48. All returns and declarations, containing the amount of profits or income charged under Schedule 2, may be delivered sealed up, if superscribed with the name and place of abode of, or place of exercising the profession or employment, or carrying on trade by the person by whom the same shall have been made.

৪৮ বিধি। ২ নম্বরের তফসীলমতে যে সকল লাভের ও উপার্জ্জনের উপর টাক্স বসান যাইবে তাহার সকল ফর্দ্দ ও কৈফিয়ৎ লা দিয়া আঁটিয়া দেওয়া যাইতে পারিবে। কিন্তু ঐ ফর্দ্দ যাঁহার হয় তাঁহার নাম ও বাসস্থান, ও তিনি যে স্থানে বিদ্যাব্যবসায় কি কর্ম্ম করেন কি কারবার চালান সেই স্থানের নাম তাঁহার ঐ খামের উপর লিখিতে হইবেক ইতি।

[To be continued.]

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

DRAFT OF ACT.

আইনের মুসাবিদা।

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 21ST JULY 1860.

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২১ জুলাই।

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 30th June 1860, and was referred to a Select Committee, who are to report thereon after the 25th of October next :—

আইনের এই মুসাবিদা ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩০ জুন তারিখে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি অক্টোবর মাসের ২৫ তারিখের পরে তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

An Act relating to Vessels carrying Emigrant Passengers to the British Colonies.

বিদেশগমনশীল লোকদিগকে যে জাহাজে ব্রিটনীসেরদের বসতিস্থানে লইয়া যায় সেই জাহাজের আইনের মুসাবিদা।

[Preamble.]

[হেতুবাদ।]

WHEREAS it is expedient to permit the use at sea of the Apparatus known as Normandy's Apparatus for distilling sea water, and in consideration thereof to reduce the proportion of fresh water in tanks or casks which vessels conveying emigrants are required to carry ; It is enacted as follows :—

নরমাণ্ডির যন্ত্র নামে সমুদ্রের জল চোয়াইবার এক যন্ত্র জাহাজে লইয়া যাইতে অনুমতি দেওয়া বিহিত। তাহাতে মজুরপ্রভৃতি লোকেরা যে২ জাহাজে যায় সেই২ জাহাজের জলাশয়ে কি পীপাতে যত টাটকা জল লইবার হুকুম হইয়াছিল তাহা কিছু কম করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[Reduction of one-third in quantity of fresh water to be carried in Emigrant Vessels, when such vessels are supplied with Normandy's Apparatus for distilling sea water.]

[বিদেশগমনশীল মজুরদিগকে যে২ জাহাজে লইয়া যায়, সেই২ জাহাজে সমুদ্রের জল চোয়াইবার যন্ত্র থাকিলে, টাটকা জল তিন ভাগের এক ভাগ কম করিয়া লইবার কথা।]

1. The Schedules of Acts XV. of 1842 (*for regulating the Emigration of the Native Inhabitants of the Territories under the Government of the East India Company to the Island of Mauritius*), XXI. of 1844 (*for regulating the Emigration of the Native Inhabitants of the Territories under the Government of the East India Company to Jamaica,*

১ ধারা। ১৮৪২ সালের ১৫ আইনের (অর্থাৎ কোম্পানি বাহাদুরের অধীন দেশনিবাসি দেশীয় লোকেরদের মরিচ উপদ্বীপে গমনের নিয়ম করণার্থ আইনের) ও ১৮৪৪ সালের ২১ আইনের (অর্থাৎ কোম্পানি বাহাদুরের শাসিত দেশনিবাসি দেশীয় লোকেরদের জামেকা ও ব্রিটিস গৈয়ানা ও ত্রিনিদাদে গমনের নিয়ম করণার্থ আইনের) ও ১৮৫৫ সালের ৩৩ আইনের (অর্থাৎ

British Guiana, and Trinidad), and XXXI. of 1855 (*relating to the emigration of Native labourers to the British Colonies of St. Lucia and Grenada*,) which require that on board every ship or vessel carrying Emigrant passengers under those Acts, there shall be provided a supply of water to the amount of five gallons to every week of the computed voyage for every passenger on board such ship or vessel, such water being carried in tanks or sweet casks, shall be read subject to the following modification, namely, whenever the Officer who by law shall be required to certify compliance with the said provisions contained in the said Schedules of such Acts shall certify that such ship or vessel is provided with Normandy's Apparatus for distilling sea-water, a reduction shall be allowed of one-third in the quantity of water so requred to be provided.

[Construction of Acts.]

II. Acts XXI. of 1843 and VIII. of 1847 shall be taken to refer to Act XV. of 1842 as herein amended, and Act XII. of 1860 shall be taken to refer to Act XXXI. of 1855 as herein amended.

M. WYLIE,
Clerk of the Council.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 9th August, 1860.

Mr. Baptist, Moonsiff of Panghatta, in Zillah Nuddea, to be Moonsiff of Meherpore, and Moulvie Abdool Jubbar, Moonsiff of Meherpore, to be Moonsiff of Panghatta, in the same District.

LEAVE OF ABSENCE.

The 16th August, 1860.

Moulvie Rabani, Moonsiff of Ghuttal, Zillah Hooghly, for two months, in extension, under Medical Certificate.

H. B. LAWFORD, *Register.*

সেণ্ট লুসিয়া ও গ্রেনেডা নামক ব্রিটনীয় বসতিস্থানে এই দেশীয় মজুরেরদের গমন করিবার আইনের) তফসীলে এই হুকুম হইয়াছে, যে, এই আইনমতে যেং জাহাজে বিদেশ গমনশীল মজুরপ্রভৃতিকে লইয়া যায়, সেইং জাহাজের সমুদ্রপথে থাকনের আন্দাজী সময় হিসাব করিয়া ঐ জাহাজের প্রত্যেক চড়নদারের নিমিত্তে প্রত্যেক সপ্তাহে পাঁচং গ্যালন করিয়া জল জলাশয়েতে অথবা উত্তম পীপাতে রাখিয়া লইয়া যাইতে হইবেক। ঐ হুকুম কিঞ্চিৎ মতান্তর করিয়া এইরূপে পড়িতে হইবে। অর্থাৎ ঐং আইনের উক্ত তফসীলের লিখিত উক্ত বিধানমতে কার্য্য হইয়াছে এই কথার সর্টিফিকট লিখিয়া দিতে যে কার্য্যকারক সাহেবকে আইনমতে হুকুম হয়, তিনি যদি এই কথার সর্টিফিকট দেখেন যে ঐ জাহাজে সমুদ্রের জল চোয়াইবার নরমাণ্ডির যন্ত্র আছে, তবে উক্ত বিধানমতে যত জল লইতে হয় তাহার তিন ভাগের এক ভাগ কম জল লইবার অনুমতি হইবেক ইতি।

[উক্ত আইনের অর্থ করিবার কথা।]

২ ধারা। ১৮৪৩ সালের ২১ আইনেতে ও ১৮৪৭ সালের ৮ আইনেতে ও ১৮৪২ সালের যে ১৫ আইনের উল্লেখ হইয়াছে তাহা এই আইনমতে মতান্তর করা ঐ ১৫ আইন জানিতে হইবেক। ও ১৮৬০ সালের ১২ আইনেতে ১৮৫৫ সালের যে ৩১ আইনের উল্লেখ হইয়াছে তাহা এই আইনমতে মতান্তর করা ঐ ৩১ আইন জানিতে হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ৯ আগষ্ট।

জিলা নদীয়ার পানঘাটার মুনসেফ শ্রীযুত বাপটিষ্ট সাহেব মেহেরপুরের মুনসেফ হইবেন ও ঐ জিলার মেহেরপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বর পানঘাটার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ আগষ্ট।

জিলা হুগলীর ঘাটালের মুনসেফ শ্রীযুত মৌলবী রব্বানী চিকিৎসকের সর্টিফিকটক্রমে আর দুই মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশতিহার।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তমং গো মহিষাদি এবং অন্যং শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক ... তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে দোড়দোড় ও বাজী ভাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

[*Government Gazette*, 21*st August*, 1860.]

আর আমার আহ্লাদ যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টব্য হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ পেরর। এক্টীং সুপরিন্টেণ্ডেণ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২১ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 4, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৪ সেপ্টেম্বর।

ACT.

Act No XXXII of 1860

An Act for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices

[Continued from page 544]

PART XIII.

Exemptions.

[Exemption of persons whose income is less than 200 Rupees yearly.]

CXVI No person shall be chargeable to any Duty under this Act who shall prove to the satisfaction of the Collector or Commissioners in the manner hereinafter mentioned, that the aggregate amount of his annual income or profits, from whatever source derived, estimated under the rules of this Act, is less than two hundred Rupees Any person so satisfying the Collector or Commissioners as aforesaid shall be entitled to be repaid the amount of any deduction or payment on account thereof, in the manner hereinafter directed, except so much of such Duty as the person claiming such exemption shall be entitled to charge against any other person, or to retain from any payment to which such claimant may be liable.

[Exemption of persons from the Duty of 1 per cent. and from excess above 2 per cent whose income is less than 500 Rupees yearly]

CXVII. No person who shall prove to the satisfaction of the Collector or Commissioners, that the aggregate amount of his profits or income, from whatever source derived, estimated as aforesaid, though amounting to two hundred Rupees a year, is less than five hundred Rupees, shall be charged with more than two Rupees of every hundred

আইন।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইন।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে উপার্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইন।

[৫৪৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ত্রয়োদশ অধ্যায়।

টাক্স ক্ষমা করার বিধি।

[যাঁহারা বৎসরে ২০০৲ টাকার কম পান তাঁহারদের টাক্স না লাগিবার কথা।]

১১৬ ধারা। কোন লোক কর্ম্মাদির দ্বারা বৎসরে যত টাকা উপার্জন কি লাভ করেন তাহার হিসাব এই আইনের বিধিমতে করিয়া তাহা সর্ব্বশুদ্ধ দুই শত টাকার কম হয়, এই কথার প্রমাণ যদি সেই লোক নীচের লিখিত প্রকারে কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে করেন, তবে তাঁহার উপর এই আইনমতে টাক্স লাগিবে না। ঐ টাক্সের বাবৎ যদি তাঁহার কিছু টাকা বাদ দেওয়া গিয়াছে কি কিছু দেওয়া হইয়াছে, তবে পূর্ব্বোক্ত প্রকারে কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে প্রমাণ করিলে পর, তিনি ঐ টাকা নীচের লিখিতমতে ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু ঐ ক্ষমা পাইবার দাওয়াদার লোক ঐ টাক্সের যত টাকা অন্য কোন ব্যক্তির হিসাবে খরচ লিখিতে পারেন, কিম্বা ঐ দাওয়াদারের দেনা কোন টাকাহইতে যত কাটিয়া রাখিতে পারেন, তাহা ফিরিয়া পাইতে পারিবেন না ইতি।

[যাঁহারা বৎসরে ৫০০৲ টাকার কম পান, তাঁহারদের শতকরা ১৲ টাকার হিসাবের টাক্স ও শতকরা ২৲ টাকার হিসাবের অধিক টাক্স ক্ষমা হইবার কথা।]

১১৭ ধারা। কোন লোক কর্ম্মাদির দ্বারা যত টাকা উপার্জন কি লাভ করেন তাহার হিসাব পূর্ব্বোক্তমতে করিয়া, তাহা সর্ব্বশুদ্ধ বৎসরে দুই শত টাকা হয় বটে কিন্তু পাঁচ শত টাকার কম হয়, এই কথার প্রমাণ যদি তিনি কালেক্টর সাহেবের কিম্বা কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে করেন, তবে তাঁহার ঐ লাভ কি আয় বৎসরে যত টাকা হয়, তাহার কি শত

Rupees of the annual value of his profit or income, or shall be charged with any part of the Duty of one Rupee per centum chargeable under Section III. of this Act for roads, canals, and other reproductive public works. Any person so satisfying the Collector or Commissioners as aforesaid, shall be entitled to be repaid the amount of any deduction or payment on account of the said Duty of one per cent., or of the excess of the said Duty of three per cent., from which he shall be so exempted as aforesaid, except as in the last preceding Section of this Act is excepted.

টাকার উপর দুই টাকার অধিক টাক্স লাগিবে না, ও রাস্তা ও খালপ্রভৃতি সকল লোকের ব্যবহার্য্য বেস্বিষয়হইতে লাভ হয় তাহার জন্যে শতকরা যে এক টাকা টাক্স এই আইনের ৩ ধারামতে লাগে সেই টাক্স তাঁহার কিছু লাগিবে না। কোন লোকের শতকরা এক টাকার উক্ত যে টাক্স কিম্বা শতকরা দুই টাকার অধিক উক্ত যে টাক্স পূর্ব্বোক্তমতে ক্ষমা হইয়াছে তাহার বাবৎ যদি কিছু টাকা বাদ দেওয়া গিয়াছে কি কিছু দেওয়া হইয়াছে তবে পূর্ব্বোক্তমতে কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের খাতিরজমা করিলে, তিনি ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু এই আইনের ইহার পূর্ব্বের ধারাতে যে টাক্স ক্ষমা না হইবার কথা আছে তাহা তাঁহার ক্ষমা হইবে না ইতি।

[Claims for exemption in the preceding Sections mentioned, and proceedings thereon, shall be determined before Collector or Commissioners.]

[পূর্ব্ব লিখিত ধারামতে ক্ষমা পাইবার যে দাওয়া ও তাহার উপর যে সকল কার্য্য হয় তাহার বিচার কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের দ্বারা হইবার কথা।]

CXVIII. The exemption allowed by the foregoing Sections shall be claimed and proved, and all proceedings thereupon shall be had before the Collector or Commissioners of the place where the claimant is charged, whether such claimant shall be personally charged in such place or not.

১১৮ ধারা। ইহার পূর্ব্বের দুই ধারামতে যে টাক্স ক্ষমা হইবার অনুমতি আছে তাহার দাওয়া ও প্রমাণ ও তাহার সম্পর্কে যে সকল কার্য্য হয়, তাহা ঐ দাওয়াদারের টাক্স যে স্থানে ধরা আছে, ঐ দাওয়াদারের নিজ টাক্স সেই স্থানে ধার্য্য হউক কি না হউক, সেই স্থানের কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সম্মুখে হইবেক ইতি।

[Persons entitled to such exemptions shall deliver to the Assessor a statement, stating their sources of income.]

[যাঁহারা ক্ষমা পাইতে পারেন তাঁহারদের আয়াদির কৈফিয়ৎ আসেসরকে দিবার কথা।]

CXIX. Every person assessed under this Act claiming to be entitled to such exemption as aforesaid shall, within the time to be limited as hereinbefore directed for delivering in the returns and declarations required by this Act, or within such further time as the Collector or Commissioners respectively shall for special cause assigned allow, deliver or cause to be delivered to the Assessor of the place where such claimant shall reside, a notice of his claim to such exemption, together with a declaration signed by such claimant and in such form as shall be prescribed as aforesaid, declaring and setting forth therein all the particular sources from whence the income of such claimant shall arise, and the particular amount arising from each source, and also every sum of annual interest or other annual payment reserved or charged thereon, whereby the income shall or may be diminished, and also every sum which such claimant may have charged, or may be entitled to charge against any other person, on account of the Duties made payable by this Act, or which he may have deducted, or may be entitled to deduct under the authority of this Act, from any payment to which he may be liable.

১১৯ ধারা। এই আইনমতে যাঁহার টাক্স ধার্য্য হয় এমত যে কেহ উক্ত প্রকারে ক্ষমা পাইবার দাওয়া করেন, তিনি যে স্থানে বাস করেন সেই স্থানের আসেসরকে, এই আইনমতের ফর্দ ও কৈফিয়ৎ ইহার পূর্ব্বের বিধানমতে যে মিয়াদে দাখিল করিতে হয় সেই মিয়াদের মধ্যে, কিম্বা বিশেষ কোন কারণে কালেক্টর সাহেব কিম্বা কমিস্যনর সাহেবেরা অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে, আপনার ক্ষমা হওয়ার দাওয়ার এত্তেলা দিবেন, ও ঐ দাওয়াদারের যে নানা উপায়ে আয় হয়, ও এক২ উপায়ে যত পাওয়া যায়, ও সেই আয়ের কমী যাহাতে হয় কি হইতে পারে বৎসরে২ এমত যত সুদ কি অন্য টাকা ঐ আয়ের উপর ধরা আছে কিম্বা ঐ আয়হইতে দিতে হয়, আর এই আইনমতে যাহা আদায় হইতে পারে এমত কোন টাক্সের বাবৎ ঐ দাওয়াদার অন্য কোন লোকের নামে যাহা খরচ লিখিয়াছেন কি লিখিতে পারেন, কিম্বা তাঁহার যে কোন টাকা দিতে হয় তাহাহইতে তিনি এই আইনের শক্তিক্রমে যে টাকা বাদ দিয়া রাখিয়াছেন কি রাখিতে পারেন, এই সকল বিবরণ পূর্ব্বোক্তমতে যে পাঠ নির্দ্দিষ্ট হইবে সেই পাঠে লিখিয়া তাঁহার দস্তখৎকরা কৈফিয়তসমেত ঐ এত্তেলা দিবেন ইতি।

[Assessor to transmit such statement to Collector or Commissioners.]

[ঐ কৈফিয়ৎ কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের নিকটে আসেসরের পাঠাইবার কথা।]

CXX. The Assessor shall transmit such return and declaration to the Collector or Commissioners.

১২০ ধারা। ঐ ফর্দ ও কৈফিয়ৎ আসেসর কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের নিকটে পাঠাইবেন ইতি।

[Property of persons claiming such exemption in any other District, shall be exempted on the certificate of the Collector, or by the Chief Revenue Authority of the District.]

[যে জন ক্ষমা পাইবার দাওয়া করেন তাঁহার সম্পত্তি অন্য কোন জিলাতে থাকিলে, ঐ জিলার কালেক্টর সাহেবের কিম্বা রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেবের সর্টিফিকটমতে ক্ষমা হইবার কথা।]

CXXI. If it shall appear to the said Collector or

১২১ ধারা। ঐ লোকের কোন সম্পত্তির কি প্রাপ্তির

Commissioners that any property or profits of such person is or are assessed, or liable to be assessed in any other place, the Collector or Commissioners shall certify to the Chief Revenue Authority of the Presidency, Lieutenant Governorship, or Province, in such form as shall be prescribed as aforesaid, the allowance of exemption in respect of such property or profits, and the Chief Revenue Authority shall direct the assessment made upon any profits or income of such claimant, in any other place, to be discharged either wholly or to the extent of such excess, as aforesaid, as the case may require, and the same shall be discharged accordingly.

[On proof that persons entitled to exemption, have been charged with Duties by the deduction from any annuity, dividend, and rent, Commissioners to grant certificate thereof, which shall authorize the Collector to repay the amount of such Duties]

CXXII. If it shall be proved to the satisfaction of the Collector or Commissioners, that any person, whose claim to exemption has been allowed in manner aforesaid, has been charged to, and has paid any Duty under this Act by way of deduction from any rent, annuity, interest, or other annual payment to which he may be entitled, and from which a deduction is authorized to be made by this Act; or that such person has been assessed and has paid such Duty in respect of any interest, annuity, dividend, pension, or salary payable to him out of the public revenue; in such case it shall be lawful for the said Collector or Commissioners respectively, to certify what shall have been so proved, and thereupon the same shall be repaid in such manner and under such rules as the local Government shall from time to time prescribe

[In case of incomes of offices, pensions, and salaries, the claim shall be made before the Assessors]

CXXIII. When the whole profit or income of the claimant shall arise from an office or employment of profit, or from an annuity, pension, or salary, the assessment on which is made by an Ex-Officio or Special Assessor, the claim to such exemption shall be made to and may be allowed by such Ex Officio or Special Assessor

[Persons out of India may claim by affidavit.]

CXXIV. If the claimant shall be out of India, an affidavit stating the several matters required by this Act, taken before any person having authority to administer oaths and affirmations in the place where such claimant shall reside, shall be received in relation to the assessment on which such claim is founded

[Claims may be made by Agents or Trustees on account of others.]

CXXV. A claim for exemption may be made

উপর অন্য কোন স্থানে টাক্স ধার্য্য হইয়াছে কি হইতে পারে, ইহা যদি উক্ত কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা দেখিতে পান, তবে ঐরূপ সম্পত্তির কি প্রাপ্তির উপলক্ষে ঐরূপ ক্ষমা পাইবার অনুমতি হইয়াছে এই কথার সর্টিফিকট ঐ কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা পূর্ব্বোক্তমতে যে পাঠ নির্দ্দিষ্ট হইবে সেই পাঠে লিখিয়া, রাজধানীর কিম্বা লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকার কিম্বা প্রদেশের রাজস্বের প্রধান কর্ম্মকারক সাহেবের নিকটে পাঠাইবেন। তাহাতে অন্য কোন স্থানে ঐ দাওয়াদারের কোন লাভের কি আয়ের উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা রাজস্বের ঐ প্রধান কার্য্যকারক সাহেব, হয় সমুদয় ক্ষমা করিতে, কিম্বা পূর্ব্বোক্তমতে বিষয় বুঝিয়া যেমন প্রয়োজন হয় তেমনি অধিক যত ধার্য্য হইয়াছে তাহা ক্ষমা করিতে আজ্ঞা করিবেন, ও সেই আজ্ঞামতে ক্ষমা হইবেক ই'ত

[ক্ষমা যাঁহাদিগের হইতে পারে তাঁহারদের কোন বার্ষিক টাকা কি ডিবিডেণ্ড কি ভাড়া কি খাজানাহইতে টাক্স বাদ দিয়া লওয়া গিয়াছে এই কথার প্রমাণ হইলে, তাঁহারদের ঐ টাকা ফিরিয়া দিবার সর্টিফিকট কালেক্টর কি কমিসানর সাহেবেরদের দিবার কথা।]

১২২ ধারা। যাঁহার ক্ষমা হওয়ার দাওয়া উক্তমতে গ্রাহ্য হইয়াছে, এমত কোন লোকের এই আইন মতে টাক্স ধার্য্য হইয়াছে ও তাঁহার ভাড়া কি খাজানা কি বার্ষিক বৃত্তি কি সুদ কি বৎসরে২ পাওনা অন্য টাকাহইতে এই আইনমতে টাক্সের টাকা যেমন কাটিয়া লইবার ক্ষমতা আছে তেমনি ঐ ভাড়াপ্রভৃতিহইতে ঐ টাক্স বাদ দিয়া লওয়া গিয়াছে, কিম্বা সরকারী রাজস্বহইতে সেই লোকের পাওনা কোন সুদ কি বার্ষিক বৃত্তি কি ডিবিডেণ্ড কি পেনসান কি মুশাহেরার নিমিত্তে তাঁহার উপর টাক্স ধার্য্য হইয়াছে ও তিনি সেই টাক্স দিয়াছেন, এই কথার প্রমাণ যদি কালেক্টর সাহেবের কি কমিসানর সাহেবেরদের হাতিরজমামতে করা যায়, তবে উক্ত প্রকারে যে কথার প্রমাণ হইয়াছে সেই কথার সর্টিফিকট ঐ কালেকটর সাহেব কি কমিসানর সাহেবেরা লিখিবেন, তাহাতে স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ যে নিয়ম ও যে বিধি নির্দ্দিষ্ট করেন সেই নিয়ম ও সেই বিধিমতে তাঁহাকে ঐ টাকা ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

[কোন কর্ম্মের বেতনাদির ও পেনস্যানের ও মুশাহেরার বিষয়ের ঐ দাওয়া আসেসরেরদের সম্মুখে করিবার কথা।]

১২৩ ধারা। দাওয়াদারের সমুদয় প্রাপ্তি কি আয় যদি প্রাপ্তিজনক কোন পদ কি কর্ম্মহইতে কিম্বা কোন বার্ষিক বৃত্তি কি পেনস্যান কি বেতনহইতে হয়, ও তাহার উপর স্বং পদোপলক্ষের ও বিশেষং আসেসরের দ্বারা যদি টাক্স ধার্য্য হইয়াছে, তবে ঐ ক্ষমা হইবার দাওয়া যিনি স্বীয় পদোপলক্ষে কি বিশেষমতে আসেসর হন তাঁহার নিকটে করিতে হইবেক, ও তিনি সেই ক্ষমার অনুমতি দিতে পারিবেন ই'ত।

[ভারতবর্ষের বাহিরের লোকেরদের আফিডেবিটদ্বারা দাওয়া করিবার কথা।]

[বাকীদারের অস্থাবর সম্পত্তির অতিরিক্ত স্থাবর সম্পত্তিও কালেক্টর সাহেব যে স্থলে নীলাম করিতে পারিবেন তাহার কথা।]

১৭০ ধারা। বাকীদারের যে অস্থাবর সম্পত্তি ক্রোক করা যাইতে পারে এমত কিছু যদি না থাকে, কিম্বা ঐ বাকীদারের অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম হইয়া তাহাতে যে টাকা পাওয়া যায় সেই টাকাতে যদি তাহার বাকী পাওনা ও ক্রোক ও নীলাম করিবার খরচ শোধ করিতে না কুলায়, তবে কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা পূর্ব্বোক্তমতের অনুমতি লইয়া বাকীদারের স্থাবর সম্পত্তিও নীলাম করিতে পারিবেন ইতি।

[নীলাম করিবার সময়ের ও যে সম্পত্তি নীলাম হইবেক তাহার ঘোষণার কথা।]

১৭১ ধারা। এই আইনমতে ক্রোককরা স্থাবর কি অস্থাবর সম্পত্তি নীলাম করিবার কার্য্যে কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা যে লোককে কি যে আমীনকে নিযুক্ত করেন, তিনি ঐ নীলাম হইবার সম্পত্তির এক ফর্দ, ও যে স্থানে যে দিনের যে ঘণ্টায় ঐ সম্পত্তি নীলাম হইবেক তাহার এক ইশ্‌তিহার, বাকীদারের ঘরের সদর দ্বারে লটকাইবেন, ও জিলার চলিত নিয়মমতে যেরূপে হইয়া থাকে সেইরূপে ঐ নীলামের কথা উপযুক্তমতে প্রকাশ করিবার জন্যে কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা যেং স্থান আবশ্যক জ্ঞান করেন সেইং স্থানে ঐ নীলামের কথা ঘোষণা করাইবেন ইতি।

[পনের দিন না গেলে স্থাবর সম্পত্তির নীলাম না হওয়ার কথা।]

১৭২ ধারা। ঐ নীলামের ইশ্‌তিহার লটকাইবার তারিখঅবধি পনের দিন না গেলে স্থাবর সম্পত্তির নীলাম হইবেক না ইতি।

[Sale how to be conducted.]

CLXXIII. At the appointed time, the property, moveable or immoveable, shall be put up for sale under the order of the Collector or Commissioners in one or more lots, as the Collector or Commissioners or the Officer employed by them in that behalf shall direct, and shall be sold to the highest bidder.

[নীলামের কার্য্য যে প্রকারে হইবেক তাহার কথা ।]

১৭৩ ধারা । কালেক্টর সাহেব কিম্বা কমিসানর সাহেবেরা, কিম্বা নীলাম করিতে তিনি যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি যে প্রকারে আজ্ঞা করেন, সেই প্রকারে ঐ স্থাবর কি অস্থাবর সম্পত্তি লাটবন্দি হইয়া নিরূপিত সময়ে কালেক্টর সাহেবের কিম্বা কমিসানর সাহেবেরদের হুকুমমতে নীলাম হইবে, ও অতি উচ্চ মূল্য যে জন ডাকে তাহাকে দেওয়া যাইবেক ইতি ।

[Property to be paid for before removal. Re-sale.]

CLXXIV. The property shall be paid for in ready money at the time of sale or as soon after as the Officer holding the sale shall appoint, and the purchaser shall not be permitted to carry away any part of the property until he has paid for the same. When the purchaser shall make default in the payment of the purchase money the property shall be re-sold and the defaulting purchaser shall make good to the Distraining Officer any loss arising on such re-sale as well as the expenses attending the same.

[দ্রব্য লইয়া যাইবার পূর্ব্বে তাহার মূল্য দিতে হইবার কথা ও পুনর্ব্বার নীলাম করিবার কথা ।]

১৭৪ ধারা । দ্রব্য নীলাম হইবার সময়ে কিম্বা নীলামকরণিয়া কার্য্যকারক তৎপরে যে সময়ের অনুমতি দেন, সেই সময়ে ঐ দ্রব্যের মূল্য নগদ দিতে হইবে । ও খরীদার যাবৎ সেই দ্রব্যের মূল্য না দেন তাবৎ তাহার কোন কিছু লইয়া যাইতে পারিবেন না । খরীদার যদি খরীদের টাকা না দেন, তবে সেই দ্রব্য পুনরায় নীলাম হইবে । ও পুনর্ব্বার নীলাম হইয়া যদি তাহাতে কম টাকা পাওয়া যায়, তবে যত টাকা কম হইয়াছে তত টাকা ও দ্বিতীয় নীলামের খরচ ঐ বাকীদার খরীদারের ক্রোকী আমীনকে দিতে হইবে ইতি ।

[Payment of excess of sale proceeds to defaulter.]

CLXXV. When the property shall be sold for more than the amount of the arrear, the excess, after deducting expenses of process, shall be paid to the defaulter.

[নীলামের উৎপন্ন টাকা অধিক হইলে তাহা বাকীদারকে দিবার কথা ।]

১৭৫ ধারা । বাকী যত টাকা পাওনা হয় তাহার অধিক টাকাতে যদি ঐ দ্রব্য নীলাম হয়, তবে ঐ নীলামাদির খরচ বাদ দিয়া অবশিষ্ট টাকা বাকীদারকে দেওয়া যাইবে ইতি ।

[If no distress can be found on land or house chargeable to Duty at time of payment.]

CLXXVI. In case any land or house chargeable to Duties under this Act shall be unoccupied and no distress can be found on the same at the time such Duties shall be payable, it shall be lawful for the Collector or Commissioners, or for any other Officer duly authorized in that behalf, at any time after, to enter the said land or house when there shall be any distress thereupon to be found, and the said distress to seize and sell under the like powers as he might have distrained on the same land or house at the time the Duties became due if in the occupation of the same person.

[যে জমীর কি ঘরের উপর টাক্স লাগে তাহাতে যদি টাক্স দিবার উপযুক্ত সময়ে ক্রোক করিবার কোন বিষয় না থাকে তবে তাহার কথা ।]

১৭৬ ধারা । এই আইনমতে যে জমীর কি ঘরের উপর টাক্স লাগিতে পারে তাহাতে যদি বাশেন্দা না থাকে, ও ঐ টাক্স যে সময়ে দেনা হয় সেই সময়ে যদি ক্রোক করিবার কোন দ্রব্য তাহাতে পাওয়া না যায়, তবে তাহার পরে যে কোন সময়ে তাহাতে ক্রোক করিবার কোন দ্রব্য পাওয়া যায় সেই সময়ে কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা কি সেই কর্ম্ম করিতে উপযুক্তমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সেই জমীতে কি ঘরে গিয়া ঐ ক্রোক করিবার উপযুক্ত দ্রব্য ক্রোক করিয়া নীলাম করিতে পারিবেন । অর্থাৎ ঐ টাক্স যে সময়ে দেনা হইয়াছিল সেই সময়ে ঐ জমী কি ঘর ঐ লোকের দখলে থাকিলে যে শক্তিক্রমে তাহা ক্রোক করিতে পারিতেন সেই শক্তিক্রমে তাহা ক্রোক করিয়া নীলাম করিতে পারিবেন ইতি ।

[Arrears to be levied by distress in the District where the party resides.]

CLXXVII. If any person assessed to the Duties charged under this Act shall remove out of the District in which he shall have been assessed, without first paying or discharging all the Duties charged upon him which shall be due, and without leaving in such District sufficient property whence the whole of the said Duties may be raised and levied; or if any person shall reside in any other District than that in which the assessment or charge shall be made on him in pursuance of this Act, and the same shall be in arrear and unsatisfied in the whole or in part, it shall be lawful for the Collector or Commissioners to certify to the Collector or Commissioners of the District within which such person

[বাকীদার যে জিলাতে বাস করেন সেই জিলাতে ক্রোককরণ দ্বারা বাকী টাকা আদায় করিবার কথা ।]

১৭৭ ধারা । এই আইনমতের বমোজিব ঐ টাক্স যাঁহার উপর ধার্য্য হইয়াছে এমত কোন লোক আপনার দেনা সকল টাক্স না দিয়া কি শোধ না করিয়া, যে জিলাতে তাঁহার টাক্স ধার্য্য হইয়াছে সেই জিলাহইতে যদি চলিয়া যান, ও তাঁহার যে সম্পত্তিহইতে ঐ সমুদয় টাক্স আদায় হইতে পারে এমত সম্পত্তি যদি ঐ জিলাতে না রাখিয়া যান, কিম্বা কোন লোকের টাক্স এই আইনমতে যে জিলাতে ধার্য্য হয় তাহা ছাড়া যদি অন্য জিলাতে তাঁহার বাস হয়, ও সেই টাক্স যদি বাকী থাকে ও তাহার সমুদয় কি কোন অংশ যদি শোধ না হয়, তবে ঐ লোকের উপর যত টাকা বরাদ্দ কি ধার্য্য হইয়াছে ও তাঁহার যত বাকী হইয়া পূর্ব্বোক্তমতে শোধ না হইয়া রহিয়াছে তাহা কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা ঐ লোকের বাস যে জিলাতে হয় সেই জিলার কা-

shall reside, the amount of the assessment, or charge made upon such person, and remaining in arrear, and unpaid as aforesaid.

[Mode of levying.]

CLXXVIII. Such last-mentioned Collector or Commissioners shall thereupon cause the whole of the Duties so remaining in arrear and unpaid as aforesaid to be levied, together with the costs and charges attending, in the same manner as if the said person had been assessed in the District of the said last-mentioned Collector or Commissioners.

[Fees upon distraints according to a scale to be prescribed by local Goverament.]

CLXXIX. The fees payable upon distraints or attachments under this Act shall be according to a scale which shall be prescribed by the local Government.

[Instead of proceeding by distress, Collector or Commissioners may issue warrant.]

CLXXX. Instead of proceeding by distress and sale, or by attachment and sale, or in case of failure to realise thereby the whole or any part of the Duties assessed and payable under this Act, the Collector or Commissioners may, if they think fit, issue a warrant for the arrest of such defaulter. Upon such warrant the officer charged with the execution thereof shall bring the defaulter with all convenient speed before such Collector or Commissioners. If the defaulter shall not then deposit in the hands of the Collector or Commissioners the full amount of the arrears of Duties under this Act due and payable at the time of issuing such warrant, or make such arrangement for the payment of the same as shall be satisfactory to the Collector or Commissioners, or satisfy the Collector or Commissioners that he has no present means of paying the arrears and that he has a reasonable excuse for not having paid, such Collector or Commissioners may send him to the Civil Jail, there to remain for such time as shall be directed by a warrant addressed to the keeper of the Jail, unless he shall in the meantime pay the full amount of the said arrears. Provided that the time for which a debtor may be confined in Jail under such warrant shall not exceed three calendar months when the amount of such arrears shall not exceed fifty Rupees, or six calendar months when such amount does not exceed five hundred Rupees, or two years in any other case. Provided also, that such imprisonment shall not extinguish the liability to pay such arrears, but all property then belonging to the defaulter or afterwards acquired, shall be liable to be distrained or attached under the provisions of this Act in satisfaction of such arrears or of so much thereof as shall remain unpaid, as if no imprisonment had been ordered.

[To be continued.]

[*Government Gazette, 4th September*, 1860.]

লেক্টর সাহেবকে কি কমিস্যনর সাহেবদিগকে সর্টিফিকট লিখিয়া জানাইবেন ইতি।

[টাক্স উসুল করিবার নিয়মের কথা।]

১৭৮ ধারা। ঐ শেষোক্ত কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা তাহা পাইলে আপনাদের এলাকার মধ্যে ঐ লোকের টাক্স ধার্য্য হইলে যেমন করিতে পারিতেন, সেমনি ঐ বাকী ও পূর্ব্বোক্তমতের শোধ না করা টাকা ও খরচখরচার টাকা সমেত আদায় করাইতে পারিবেন ইতি।

[ক্রোক করিবার রসুম হাকিমদিগের গবর্ণমেন্টের নিরূপিত হইবার কথা।]

১৭৯ ধারা। এই আইনমতে ক্রোক হইলে যে রসুম দিতে হইবেক তাহা হাকিমদিগের গবর্ণমেণ্ট যে নিয়ম নির্দ্দিষ্ট করেন সেই নিয়মমতে আদায় হইবেক ইতি।

[কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা ক্রোক না করিয়া গ্রেফ্তারী পরওয়ানা জারীর কথা।]

১৮০ ধারা। কোন দ্রব্য কি সম্পত্তি ক্রোক ও নীলাম না করিয়া, কিম্বা তাহা করিয়া এই আইনমতের ধার্য্যকরা ও দেনা টাক্সের সমুদয় টাকা কি তাহার কোন অংশ আদায় হইতে না পারিলে, কালেক্টর সাহেব কিম্বা কমিস্যনর সাহেবেরা উপযুক্ত বোধ করিলে বাকীদারকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিতে পারিবেন। ঐ পরওয়ানা বাহির হইয়া জারী করিবার জন্যে যে আমলার হাতে দেওয়া যায় সেই আমলা সাধ্যমতে ত্বরা করিয়া ঐ বাকীদারকে সেই কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের নিকটে উপস্থিত করিবে। তৎকালে ঐ বাকীদারের স্থানে এই আইনমতের টাক্সের যত টাকা পাওনা হয় ও ঐ পরওয়ানা জারী করিবার সময় পর্য্যন্ত তাঁহার যত দেনা হয় সেই সমুদয় টাকা যদি কালেক্টর সাহেবের কিম্বা কমিস্যনর সাহেবেরদের হাতে না দেন, কিম্বা ঐ টাকা দিবার যে বিষয়ে কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের খাতিরজমা হয় এমত নিয়ম যদি না করেন, কিম্বা তাঁহার ঐ বাকী দিবার সঙ্গতি এখন নাই ও তাঁহার সেই টাকা না দিবার উপযুক্ত কারণ আছে এই বিষয়ে যদি কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের খাতিরজমা করিতে না পারেন তবে ঐ কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা দেওয়ানী জেলখানার দারোগার নামে পরওয়ানা দিয়া তাহাতে যে মিয়াদ নিরূপণ করিয়া দেন সেই মিয়াদ পর্য্যন্ত তাঁহাকে দেওয়ানী জেলখানায় কয়েদ করাইবেন। সেই মিয়াদের মধ্যে যদি ঐ লোক ঐ বাকী সমুদয় টাকা দেন, তবে তাঁহাকে ছাড়িয়া দেওয়া যাইবে। কিন্তু ঐরূপ পরওয়ানামতে বাকীদার যত কালের অধিক কয়েদ না হইবে তাহা এই২। পঞ্চাশ টাকার অধিক বাকী না হইলে ইঙ্গরেজী হিসাবমতের তিন মাস, ও পাঁচ শত টাকার অধিক বাকী না হইলে ইঙ্গরেজী হিসাবমতের ছয় মাস, ও অন্য কোন গতিকে দুই বৎসর মিয়াদের অধিক কয়েদ হইতে পারিবে না। কিন্তু কয়েদ হইলেও ঐ বাকী টাকা দিবার দায় লোপ হইবে না। বরং কয়েদ হইবার হুকুম না হইবার মতে ঐ বাকীদারের যে সম্পত্তি তৎকালে থাকে কি পরে উপার্জ্জিত হয় তাহা ঐ বাকী টাকা কিম্বা তাহার যত শোধ না হইয়া থাকে তাহা শোধ করিবার জন্যে এই আইনের বিধানমতে ক্রোক হইতে পারিবে ইতি।

[বিভার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

Act No. XXXVI. of 1860.

An Act to consolidate and amend the law relating to Stamp Duties.

[Continued from page 553.]

[Illegal sale of old Stamps.]

XXVI. Any vender or other person who after any period which may have been appointed by the Governor General in Council for the commencement of the use of new Stamps sells any old Stamps, shall be punished by a fine not exceeding one hundred Rupees.

[Stamp vender refusing or omitting to render accounts.]

XXVII. If Any vender refuses or omits to render any accounts required by the provisions of any bond he may have entered into, or to permit the Collector of the Stamp Revenue of the District or any Officer duly authorized by him to inspect his accounts, or to examine the store of Stamps in his possession, it shall be lawful for the said Collector to proceed against the said vender for the recovery of the value of the balance of Stamps standing against the vender in the books of the said Collector, or for the recovery of the balance of money standing against the said vender in the said books, in the same manner as Collectors of Land Revenue are authorized by law to proceed against persons owing Revenue or rent to Government.

[Delivery of Stamps &c. by vender on determination of his license.]

XXVIII. Any vender who, upon the determination or resignation of his license, does not, within such reasonable time as shall have been prescribed by the Collector of the Stamp Revenue of the District, make over to some Officer duly authorized to receive them, accounts of all his transactions in relation to Stamps, kept according to the provisions of any bond he may have entered into, together with any Stamps remaining, or which ought to be remaining in his hands, and any balance of cash which may be due from him to Government on the above-mentioned accounts, shall be liable to a fine not exceeding five hundred Rupees; provided always that no vender shall, by the payment of such fine, be exempt from any punishment provided by law for any embezzlement of which he may have been guilty, or from such proceedings as by Section XXVII. of this Act the Collector of the Stamp Revenue of the District is empowered to adopt for the recovery of the value of any Stamps or balance of cash remaining in the hands of or standing against such vender.

[On death of Stamp vender unsold Stamps &c. to be delivered to a duly authorized Officer.]

XXIX. Upon the death of any vender, his executors or administrators, or in case there be no executor or administrator any other person in possession of his effects, shall, upon demand being

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩৬ আইন।

ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইন।

[৫৫৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[পুরাতন ইষ্টাম্প কাগজ বেআইনীমতে বিক্রয় করিবার কথা।]

২৬ ধারা। শ্রীযুত কৌন্সেলে নিযুক্ত গবর্ণর জেনরল বাহাদুর নূতন ইষ্টাম্প কাগজ চলন হইবার জন্যে কোন সময় নিরূপণ করেন, তাহার পর যদি কোন বিক্রেতা কি অন্য লোক কোন পুরাতন ইষ্টাম্প কাগজ বিক্রয় করে, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[ইষ্টাম্পবিক্রেতা হিসাব না দিলে কি দিতে স্বীকার না করিলে তাহার কথা।]

২৭ ধারা। কোন ইষ্টাম্পবিক্রেতা যে একরারনামা লিখিয়া দেয় তাহার নিয়মমতে তাহার যে হিসাব দিতে হয় তাহা যদি না দেয় কি দিতে স্বীকার না করে, কিম্বা জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবকে, কিম্বা তাঁহার স্থানে উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারককে, সেই হিসাব দেখিতে না দেয়, কিম্বা তাহার নিকটে যে সকল ইষ্টাম্প কাগজ থাকে তাহা দেখিতে না দেয়, তবে সরকারের মালগুজারী কি খাজানা যাহারদের নিকটে পাওনা থাকে, তাহারদের উপর মালগুজারীর কালেক্টর সাহেবেরা আইনমতে যেরূপে কার্য্য চালাইতে পারেন, উক্ত কালেক্টর সাহেবের খাতায় বিক্রেতার নামে যত ইষ্টাম্প কাগজ লেখা আছে তাহার বাকীর মূল্য পাইবার নিমিত্তে, কিম্বা উক্ত খাতায় ঐ বিক্রেতার নামে বাকী পাওনা যত টাকা লেখা আছে তাহা পাইবার নিমিত্তে, ঐ কালেক্টর সাহেব ঐ বিক্রেতার উপর সেই প্রকারের কার্য্য চালাইতে পারিবেন ইতি।

[বিক্রেতার অনুমতিপত্রের মিয়াদ ফুরাইলে তাহার ইষ্টাম্পকাগজপ্রভৃতি ফিরিয়া দিবার কথা।]

২৮ ধারা। কোন বিক্রেতার অনুমতিপত্রের মিয়াদ যখন ফুরায়, কিম্বা সে ঐ অনুমতিপত্র যখন ত্যাগ করে, তখন ঐ বিক্রেতার লিখিত একরারনামার নিয়মমতে ইষ্টাম্পসম্পর্কে আপনার লেনাদেনার যে হিসাব রাখিয়াছে তাহা, ও তাহার কাছে যে কিছু ইষ্টাম্প কাগজ থাকে কি যত থাকিলে হয় তাহা, ও উক্ত বাবতে তাহার স্থানে গবর্ণমেণ্টের যত টাকা পাওনা থাকে তাহা গ্রহণ করিবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের হাতে ঐ জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেব উপযুক্ত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে দিবেক। না দিলে, তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। কিন্তু উক্ত জরীমানা দিলেও ঐ বিক্রেতা কোন মাসুল চুরীর দোষে দোষী হইলে তাহার যে দণ্ড আইনে নির্দিষ্ট হইয়াছে, তাহার সেই দণ্ড হইতে পারিবেক। ও কোন ইষ্টাম্প কাগজের মূল্য কিম্বা ঐ বিক্রেতার হাতে থাকা কিম্বা তাহার নামে লেখা যে টাকা পাওনা আছে তাহা আদায় করিবার জন্যে, এই আইনের ২৭ ধারামতে জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের যে সকল কার্য্য চালাইবার ক্ষমতা আছে, তাহাহইতেও সেই বিক্রেতা মুক্ত হইবেক না ইতি।

[ইষ্টাম্পবিক্রেতা মরিলে, যত ইষ্টাম্প কাগজপ্রভৃতি বিক্রয় না হইয়া থাকে তাহা উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারককে দিবার কথা।]

২৯ ধারা। কোন বিক্রেতা মরিলে, তাহার অছির কি সংসারাধ্যক্ষের স্থানে কিম্বা অছি কি সংসারাধ্যক্ষ না থাকিলে তাহার সম্পত্তি অন্য যে কোন লোকের হাতে থাকে তাহার স্থানে, যদি ইষ্টাম্পের মাসুলের কালেক-

made by the Collector of Stamp Revenue or any Officer duly authorized by him, make over within a reasonable time to such Collector or Officer any Stamps which the deceased vender may have received and not have issued at the time of his death, and any accounts of the transactions of the deceased vender in relation to Stamps which may have been kept according to the provisions of any bond such vender may have entered into, of which Stamps and accounts such executor, administrator, or other person may have the possession, or be able to obtain the possession, on pain of a fine not exceeding five hundred Rupees.

[Proceedings against sureties of Stamp vender.]

XXX. In any of the cases specified in the preceding Sections, the Collector of the Stamp Revenue of the District may call upon the surety or sureties of the vender, or any of them, to make good the value of the balance of Stamps standing against the vender in the books of the said Collector, or the balance of money standing against the vender in the books of the said Collector, and on his or their failure to do so, may proceed against all or any of them for the recovery of the value of the balance of Stamps or for the recovery of the balance of money as aforesaid, in the same manner as Collectors of Land Revenue are authorized by law to proceed against the sureties of persons owing Revenue or rent to Government.

[Unlicensed sale of Stamps.]

XXXI. No person not being a licensed vender of Stamps duly appointed, shall sell any Stamp unless it has been in an authorised manner obtained for use and not for sale, under pain of a fine not exceeding one hundred Rupees; provided that nothing in this Section shall be held to apply to any adhesive Stamp.

[Renewal of damaged or spoiled Stamps.]

XXXII. *First.*—If any Stamped paper, parchment, vellum, or the like, after having been obtained in the regular manner, shall have become damaged, spoiled, or unfit for use, either by any accident happening to the same, or because of error in the drawing up or copying any Instrument or Writing thereupon, which being discovered before such Instrument or Writing may be finally signed and executed, renders the same of no avail, or when by reason of the death or refusal of the party or parties whose signature may be necessary to effect the transaction intended by such Instrument or Writing it remains incomplete and of no avail, or when by the refusal of any office or trust that may be granted by an Instrument or Writing it has failed of the purpose intended, or in the case of Promissory Notes, Bills of Exchange, or the like, if by non-delivery to the payee or person acting on his behalf, or from other

ক্টর সাহেব কিম্বা তাঁহাহইতে উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক চাহেন, তবে ঐ মৃত বিক্রেতা যে সকল ইষ্টাম্প কাগজ পাইয়া মরণ কালপর্য্যন্ত বিক্রয় করে নাই ও আপন একরারনামার নিয়মমতে ইষ্টাম্প কাগজের ক্রয়বিক্রয়াদির যে সকল হিসাব রাখিয়াছে, তাহার মধ্যে যত কাগজপ্রভৃতি ঐ অছি কি সংসারাধ্যক্ষের কি অন্য ব্যক্তির হাতে আইসে কি সেই অছিপ্রভৃতি তাহার যত পাইতে পারে তাহা, সেই অছিপ্রভৃতি উপযুক্ত সময়ের মধ্যে সেই কালেক্টর সাহেবকে কি কার্য্যকারককে দিবেক। না দিলে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[ইষ্টাম্পবিক্রেতার জামিনেরদের উপর কার্য্য চালাইবার কথা।]

৩০ ধারা। ইহার পূর্ব্বের কএক ধারার নির্দ্দিষ্ট স্থলে, জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের খাতায় বিক্রেতার নামে যত ইষ্টাম্প কাগজ লেখা থাকে তাহার বাকী কাগজের মূল্য, কিম্বা ঐ কালেক্টর সাহেবের খাতায় ঐ বিক্রেতার নামে যত টাকা পাওনা লেখা আছে তাহা, ঐ কালেক্টর সাহেব ঐ বিক্রেতার জামিনকে কি জামিনদিগকে কি তাহারদের কোন কাহাকে আনিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। এবং সে কি তাহারা তাহা না দিলে, গবর্ণমেণ্টের মালগুজারী কি খাজানা যাহারদের স্থানে পাঁওনা থাকে তাহারদের জামিনেরদের উপর ভূমির রাজস্বের কালেক্টর সাহেবেরা আইনমতে যে প্রকারের কার্য্য চালাইতে পারেন, ঐ বাকী ইষ্টাম্প কাগজের মূল্য কিম্বা পূর্ব্বোক্তমতে বাকী টাকা আদায় করিবার জন্যে, ঐ জামিনেরদের কি তাহারদের কোন কাহার উপর সেই প্রকারের কার্য্য চালাইতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র না পাইয়া ইষ্টাম্প কাগজ বিক্রয় করিবার কথা।]

৩১ ধারা। ইষ্টাম্প কাগজ বিক্রয় করিবার অনুমতিপ্রাপ্ত ও উচিতমতের নিযুক্ত লোক না হইলে, কেহ কোন ইষ্টাম্প কাগজ বিক্রয় করিতে পারিবেক না। করিলে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক। কেবল যদি তাহা উপযুক্ত কার্য্যের নিমিত্তে লওয়া গিয়াছে, বিক্রয়ের নিমিত্তে নয়, তবে বিক্রয় করিতে পারে, কিন্তু এই ধারার কথা কোন আটাল ইষ্টাম্পের উপর খাটে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[ইষ্টাম্প কাগজের নোকসান কি ক্ষতি হইলে তাহার কথা।]

৩২ ধারা। প্রথম প্রকরণ।—কোন ইষ্টাম্প কাগজ কি বেলম পার্চমেণ্টইত্যাদি উপযুক্তমতে পাওয়া গেলে পর যদি কোন দৈবঘটনাতে নষ্ট হয় কি তাহার নোকসান হয়, অথবা ঐ কাগজাদিতে যে কোন দস্তাবেজ কি লেখাপড়া করা যায় কি নকল করা যায়, তাহাতে দস্তখৎ হওনের পূর্ব্বে, ঐ দস্তাবেজ কি লেখাপড়া যাহাতে ব্যর্থ হইতে পারে এমত কোন ভুল প্রকাশ হওনপ্রযুক্ত যদি ঐ কাগজ অকর্ম্মণ্য হয়, অথবা ঐ দস্তাবেজ কি লেখাপড়া সিদ্ধ হওনের নিমিত্তে যে জনের কি জনেরদের দস্তখতের আবশ্যক, তাহারদের মৃত্যুপ্রযুক্ত কি দস্তখৎ করিতে অসম্মত হওয়াপ্রযুক্ত যদি ঐ দস্তাবেজ কি লেখাপড়া অসম্পূর্ণ এবং নিরর্থক হয়, কিম্বা যে কোন পদ কি ট্রুষ্ট কোন লেখাপড়ার দ্বারা কোন কাহাকে দেওয়া যায় সে ঐ পদ কি ট্রুষ্ট লইতে স্বীকার না করিলে ঐ লিখনের অভিপ্রায় যদি সিদ্ধ না হয়, কিম্বা প্রমিসরি নোটের অর্থাৎ খতের কি হুণ্ডীইত্যাদির টাকা যাহার পাইতে হইবেক তাহার কি তাহার গমাস্তিবিশেষের হাতে না পঁহুছিলে কি আর

cause, the same are never brought to use, and in the case of Bills of Exchange if they shall not have been presented for acceptance; in all such cases it shall be competent to the Collector of the Stamp Revenue of the District duly appointed as above provided, upon delivery being made of the Stamped paper, parchment, vellum, or the like so damaged, spoiled, or rendered unfit for use, to cause similar Stamps or Stamps of equal value to be delivered as above provided to the owner of the article or articles so damaged, spoiled, or rendered unfit for use, or to his representative, upon payment of the value of the paper, parchment, vellum, or other material on which the new Stamp may be impressed. But the rule contained in this Section shall not extend to Bills of Exchange drawn in sets, of which any one of the set may have been delivered to the payee.

কোন কারণে যদি তাহা কখন ব্যবহারে না আইসে, ও হুণ্ডী হইলে যদি তাহা সাকরাইবার জন্যে কখন উপস্থিত করা যায় নাই, তবে উপরের লিখিতমত নিযুক্তহওয়া জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের নিকটে সেই প্রকারের নষ্ট কি ক্ষতি কি অকর্ম্মণ্যহওয়া ইষ্টাম্প কাগজ কি পার্চমেণ্ট কি বেলমইত্যাদি দাখিল হইলে এ নূতন ইষ্টাম্প যাহাতে ছাপাইতে হইবেক সেই কাগজের কি পার্চমেণ্টের কি বেলমের কি অন্য দ্রব্যের মূল্য দেওয়া গেলে, ঐ কালেক্টর সাহেব সেই নষ্টকরা কি নোকসান-হওয়া কি অকর্ম্মণ্য কাগজপ্রভৃতির স্বামিকে অথবা তাহার স্থলাভিষিক্ত জনকে তত্তুল্য কি তাহার সমান মূল্যের ইষ্টাম্প কাগজপ্রভৃতি পূর্ব্বোক্ত বিধানমতে দেওয়াইতে পারিবেন। কিন্তু যে হুণ্ডী দোকর তেকর পাঠান যায় তাহার মধ্যে কোন এক কেতা টাকাপাওনিয়ার নিকটে পঁহুছিলে সে হুণ্ডীর বিষয়ে এই [illegible]ারের লিখিত বিধানের সম্পর্ক নাই।

[Application for renewal.]

Second.—The owner of any Stamp which may be damaged, spoiled, or rendered unfit for use as aforesaid, shall prefer his application to the Collector of Stamp Revenue of the District in which he may have purchased it, and if the Collector be of opinion that the application ought to be complied with, he shall deliver or cause to be delivered, subject to the provisions of this Act, to the party or his representative, a Stamp similar to that which has been damaged, spoiled, or rendered unfit for use Provided that the application be made within one year of the period when the Stamp may have become damaged, spoiled, or rendered unfit for use.

[নূতন কাগজ পাইবার দরখাস্তের কথা।]

দ্বিতীয় প্রকরণ। পূর্ব্বোক্তমত নষ্ট কি নোকসান-হওয়া কি অকর্ম্মণ্য হওয়া কোন ইষ্টাম্প কাগজের স্বামী যে জিলাতে ঐ কাগজ কিনিয়াছিল সেই জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিবেক। যদি ঐ কালেক্টর সাহেবের বিবেচনায় ঐ দরখস্ত গ্রাহ্য করিতে হয়, তবে যে ইষ্টাম্পের নোকসান কি হানি হইয়াছে কি ব্যবহারের অযোগ্য হইয়াছে তাহার সমান ইষ্টাম্প তিনি এই আইনের বিধান মানিয়া ঐ লোককে কি তাহার স্থলাভিষিক্ত জনকে দিবেন কি দেওয়াইবেন। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ ইষ্টাম্পের নোকসান কি হানি হইবার কি কর্ম্মের অনুপযুক্ত হইবার সময়অবধি এক বৎসর মিয়াদের মধ্যে ঐ দরখাস্ত করা যায় ইতি।

[Fraudulently counterfeiting or uttering Stamps.]

XXXIII Any person who fraudulently counterfeits any Stamp, or who alters any Stamp with the intention that it shall pass for a Stamp of greater value, or makes or uses any die for either of the above purposes, or who fraudulently issues or exposes for sale any counterfeit Stamp or any Stamp altered as above described, or who fraudulently uses any counterfeit Stamp or any Stamp altered as aforesaid, shall be punished by imprisonment with or without hard labor for a term not exceeding four years or by transportation for a term not exceeding seven years.

[প্রতারণা করিয়া ইষ্টাম্প কাগজ জাল করণের কি চালাইবার কথা।]

৩৩ ধারা। যদি কোন ব্যক্তি প্রতারণা করিয়া কোন ইষ্টাম্প কাগজ জাল করে, কিম্বা অধিক মূল্যের ইষ্টাম্প কাগজের ন্যায় জানাইবার অভিপ্রায়ে কোন ইষ্টাম্প কাগজ পরিবর্ত্তন করে, কিম্বা উক্ত কোন কার্য্যের নিমিত্তে কোন ছেনি প্রস্তুত কি ব্যবহার করে, কিম্বা যদি কোন ব্যক্তি জালকরা কি উপরের লিখিতমতে পরিবর্ত্তন-করা কোন ইষ্টাম্প কাগজ প্রতারণা করিয়া চালায় কি বিক্রয়ার্থে দেখায়, কিম্বা যদি কোন ব্যক্তি উক্তমতের জালকরা কি পরিবর্ত্তনকরা ইষ্টাম্প কাগজ প্রতারণামতে ব্যবহার করে, তবে সেই জন চারি বৎসরপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইবেক কিম্বা সাত বৎসরের অনধিক মিয়াদে দ্বীপান্তর প্রেরণ হইবেক ইতি।

[Stamps on certain affidavits.]

XXXIV. No Justice of the Peace or any Officer, before whom an affidavit not made for the immediate purpose of being filed, read, or used in any Court of Law may be taken, shall receive or attest such affidavit unless it be written on a Stamp of not less than the value prescribed in Schedule A annexed to this Act.

[কোন২ আফিডেবিট ইষ্টাম্প কাগজে লিখিবার কথা।]

৩৪ ধারা। কোন আদালতে অগৌণে দাখিল করিবার কি পাঠ করিবার কি ব্যবহার হইবার জন্যে যে আফিডেবিট করা যায়, তদ্ভিন্ন অন্য কারণে যদি কোন আফিডেবিট এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট মূল্যের কম মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তবে যে জুষ্টিস অফ দি পীস সাহেবের কি অন্য কার্য্যকারক সাহেবের সম্মুখে ঐ আফিডেবিট করা যায় তিনি তাহা গ্রাহ্য করিবেন না ও তাহাতে দস্তখৎ করিবেন না ইতি।

[Conveyance to state truly the amount of the purchase money.]

XXXV. From the time when this Act shall come into force, in all cases of the sale of any lands.

[হস্তান্তর করণপত্রেতে খরীদের প্রকৃত টাকা লিখিবার কথা।]

৩৫ ধারা। এই আইন জারী হইবার তারিখঅবধি কোন জমী কি বার্ষিক বৃত্তি কিম্বা স্থাবর কি অস্থাবর.

annuities, or other property, real or personal, moveable or immoveable, or of any right, title, interest, or claim in any such property, when a Duty is imposed by this Act on the conveyance thereof, the full purchase or consideration money directly or indirectly paid or secured or agreed to be paid for the same, shall be truly expressed and set forth in words at length in the principal Deed, Instrument, or Writing whereby the property sold shall be conveyed to or vested in the purchaser or in any other person; and if the full purchase or consideration money shall not be fully and truly expressed and set forth in the manner above directed, the purchaser and seller shall each forfeit a sum not exceeding five hundred Rupees, and be charged with the payment of five times the amount of the excess of Duty which would have been payable for the said Deed, Instrument, or Writing in respect of the full purchase or consideration money, if the same had been duly expressed in the said Deed, Instrument, or Writing beyond the amount of Duty actually paid for the same.

[To be continued.]

কোন সম্পত্তি কি পাট্টাপ্রভৃতি কি বিষয়, কিম্বা তদ্রূপ কোন সম্পত্তিতে কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক কি দাওয়া বিক্রয় করা গেলে, যদি তাহার হস্তান্তর করণপত্রের উপর এই আইনমতে কোন মাসুল লাগে, তবে আসল যে দলীল কি দস্তাবেজ কি লেখাপড়াক্রমে ঐ বিক্রয়করা সম্পত্তি খরীদারকে কি অন্য কোন ব্যক্তিকে হস্তান্তর করিয়া দেওয়া যায়, কি অর্পণ করা যায়, সেই দস্তাবেজপ্রভৃতিতে ঐ সম্পত্তিপ্রভৃতির নিমিত্তে খরীদের কি বিনিময়ের যত টাকা সাক্ষাৎরূপে কি অন্য প্রকারে দেওয়া যায় ও রক্ষিত হয় কি দিবার করার হয়, তাহা যথার্থ ও সম্পূর্ণরূপে প্রকাশ করিতে ও অক্ষরে লিখিতে হইবেক। ও খরীদের কি বিনিময়ের সম্পূর্ণ টাকা যদি উপরের আজ্ঞামতে সম্পূর্ণ ও সত্যরূপে ব্যক্ত করা না যায়, ও লেখা না যায়, তবে খরীদারের ও বিক্রেতার পাঁচ শত টাকা করিয়া জরীমানা হইবেক। তদ্ভিন্ন ঐ ইষ্টাম্প কাগজের যত মাসুল দেওয়া গিয়াছে, খরীদের কি বিনিময়ের সমুদয় টাকা ঐ দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে উচিতমতে লেখা থাকিলে, যদি তাহার অধিক ইষ্টাম্প লাগিত, তবে যত অধিক হইত তাহার পাঁচগুণ তাহারদের দিতে হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 27th August, 1860.

Baboo Shibdass Mookerjee, Officiating Moonsiff of Soonamookhy, Zillah West Burdwan, to be Moonsiff of Lohagurrah, Zillah Jessore; but to continue to officiate at Soonamookhy until the return of the incumbent.

Baboo Mohanundo Roy Chowdri, Vakeel of the Judge's Court of Jessore, to be Officiating Moonsiff of Lohagurrah, Zillah Jessore.

LEAVE OF ABSENCE.

The 27th August, 1860.

Baboo Nobinchunder Ghose, Moonsiff of Manickgunge, Zillah Dacca, for three months, on Medical Certificate.

H. B. LAWFORD, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ২৭ আগষ্ট।

জিলা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু শিবদাস মুখুয্যা জিলা যশোহরের লোহাগড়ার মুনসেফ হইবেন কিন্তু সোণামুখীর মুনসেফ যাবৎ ফিরিয়া না আইসেন তাবৎ ঐ স্থানে মুনসেফের কর্ম্ম করিতে থাকিবেন।

যশোহরের জজ সাহেবের আদালতের উকীল শ্রীযুত বাবু মহানন্দ রায় চৌধুরী জিলা যশোহরের লোহাগড়ার একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ২৭ আগষ্ট।

জিলা ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফোর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENT.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯; ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তমং গো মহিষাদি এবং অন্যং শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক অতীত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টিবা হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এস শেরর। একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

[*Government Gazette, 4th September*, 1860.]

ইন্‌কম ট্যাক্স।

অর্থাৎ।

আয়ের কর।

ইং ১৮৬০ সালের ৩২ আইন।

বঙ্গভাষায় অনুবাদিত হইয়া বার পেজি ফর্মার পুস্তকাকারে বিস্তারিত নির্ঘণ্ট ও ইং এক পাইঅবধি লক্ষ টাকাপর্য্যন্ত টাকার উপর ১। ২। ৩। ও ৪ টাকা শতকরা হিসাবে ট্যাক্স গণনাপত্র সম্বলিত উত্তম কাগজে পরিষ্কার-রূপে ছাপা হইতেছে মূল্য প্রত্যেক খণ্ড প্রতি ১৲ এক টাকা মাত্র যাঁহারদিগের প্রয়োজন হয় আমারদিগের নিকট নিম্ন লিখিত স্থানে প্রাপ্ত হইবেন। প্রদেশস্থ গ্রাহকগণ যদ্যপি অগ্রে মূল্য প্রেরণ করেন তবে ডাকমাসুল খরচা দিতে হইবেক না আর যাঁহারা একেবারে অধিক খণ্ড ক্রয় করিবেন তাঁহারদিগকে বিবেচনামতে নিরূপিত মূল্যা-পেক্ষা ন্যূন মূল্যে দেওয়া যাইবেক ইতি।

গুপ্ত এণ্ড ব্রাদর্শ নিউ ইণ্ডিয়ান লাইব্রেরি নং ৮৬ কালেজ স্ট্রীট।

বিজ্ঞাপন।

ইনকম ট্যাক্সের অর্থাৎ আয়ের উপর কর নিরূপণ বিষয়ক ১৮৬০ সালের ৩২ আইন ও তৎসংক্রান্ত গবর্ণমেণ্ট প্রকাশিত বিধি সমুদায় গেজেটের অবিকল বঙ্গভাষায় পুস্তকাকারে, ছাপা হইতেছে মূল্য ডাক মাসুল সমেত ৸৵০ পনর আনা। আর ইষ্টাম্প বিষয়ক ১৮৬০ সালের ৩৬ আইনও বঙ্গভাষায় ছাপা হইতেছে অরায় সমাপন হইবে ডাক মাসুলসমেত মূল্য ৷৷৴ আনামাত্র গ্রাহকগণ ঢাকা বাঙ্গালীযন্ত্রে কি সদর আমিনী আদালতে শ্রীযুত বাবু রামচন্দ্র ভৌমিক উকীলের নিকট মূল্য সহ পত্র প্রেরণ করিলে পাইবেন।

বিজ্ঞাপন।

প্রতিমাসের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে আইন ও সরকুলর অর্ডর এবং অন্য যে বিধি সকল প্রকাশ হয় গত জুলাই মাসহইতে তৎ সমুদয় অবিকল সংগ্রহ করিয়া "নব ব্যবহার সাহিত্য" নামে একখান মাসিক পত্রিকা ঢাকা বাঙ্গলা যন্ত্রে বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কন করিয়া ২৮ আগষ্ট তারিখহইতে প্রকাশ আরম্ভ হইয়াছে প্রতিমাসের পত্রিকা তৎ পর মাসের প্রথম পক্ষ শেষ হওয়ার পূর্ব্বেই প্রকাশ হইবে তাহার বার্ষিক অগ্রিম মূল্য অর্থাৎ পত্রিকা প্রাপ্তাবধি ২ মাসের মধ্যে দিলে ৪৲ নচেৎ ৫৲ টাকা মাত্র। গ্রহণেচ্ছুক মহাশয়েরা ঢাকা বাঙ্গলা যন্ত্রে শ্রীযুক্ত বাবু রামচন্দ্র ভৌমিকের নিকট পত্র প্রেরণ করিলে পত্রিকা পাইবেন। এই পত্রিকা আইনব্যবসায়ি মহাশয়েরদের নিতান্ত প্রয়োজনীয় তাহা পত্রিকা পাঠে অবগতি হইবেক।

বিজ্ঞাপন।

নীচের লিখিত পুস্তক সকল অতিউত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা সদর দেওয়ানি আদালতে উকিল শ্রীযুত বাবু অনুকূলচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট মূল্য ও প্রত্যেক পুস্তকের ডাক মাসুল ৵০ দুই আনা পাঠাইলে প্রাপ্ত হইবেন।

ইংরাজী ইষ্টাম্পের আইন মূল্য ... ... ৷৷০ আনা

বাঙ্গালায়—— ঐ — ঐ — ঐ . ... ৸০ আনা

বাঙ্গালা ইন্‌কম ট্যাক্সের আইন (অতি শীঘ্র বিক্রয়ার্থে বাহির হইবেক) মূল্য ১৲ এক টাকা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৪ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 11, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১১ সেপ্টেম্বর।

ACTS.

ACT No. XXXII. OF 1860.

An Act for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

[Continued from page 569.]

PART XVII.

Recovery of Duties.

[Procedure in Presidency Towns as to claims to moveable property distrained.]

CLXXXI. If any claim shall be made in any Presidency Town to or in respect of any moveable property distrained under this Act, or in respect of the proceeds thereof by any person not being the party chargeable with the Duties in respect of which such distress or attachment is made, such claim shall be certified by the Commissioners of such Presidency Town to the Small Cause Court, and thereupon such proceedings shall be taken for deciding the same as if the property had been taken in execution under process of such Court and such property had then been claimed by some person not being the party against whom the process issued.

[Procedure in Straits Settlement.]

CLXXXII. If in any Station of the Straits Settlement a like claim shall be made in respect of any such moveable property distrained as aforesaid, such claim shall be certified by the Commissioners of such Station to the Court of Judicature thereof, and such claim shall thereupon be heard and determined in a summary way by such Court or by any Division of such Court at their General and Quarter Sessions or otherwise.

[Procedure in other places.]

CLXXXIII. If in any district or place other than a Presidency Town or a Station in the Straits

আইন।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইন।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে উপার্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইন।

[৫৬৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

সপ্তদশ অধ্যায়।

টাক্সের টাকা আদায় করিবার বিধি।

[রাজধানীতে ক্রোককরা অস্থাবর সম্পত্তির উপর দাওয়া হইলে যাহা করিতে হইবে তাহার কথা।]

১৮১ ধারা। কোন রাজধানীর মধ্যে যে টাক্সের নিমিত্তে অস্থাবর কোন সম্পত্তি এই আইনমতে ক্রোক করা যায়, সেই টাক্স যাঁহার স্থানে পাওনা হয় তিনি ছাড়া অন্য লোক যদি ক্রোক করা ঐ সম্পত্তির উপর, কিম্বা ঐ সম্পত্তির নীলামে উৎপন্ন টাকার উপর কোন দাওয়া রাখে, তবে ঐ রাজধানীর কমিস্যনর সাহেবেরা সেই দাওয়ার সর্টিফিকট লিখিয়া ক্ষুদ্র মোকদ্দমার আদালতে দিবেন। তাহাতে ঐ আদালতের পরওয়ানা জারী হইয়া সম্পত্তি ক্রোক হইলে, যাহার নামে পরওয়ানা জারী হয়, তিনি ছাড়া অন্য ব্যক্তি তাহার উপর দাওয়া রাখিলে ঐ আদালত সেই দাওয়ার নিষ্পত্তি করিবার জন্যে যে নিয়মমতে কার্য্য করিতেন, ঐ কমিস্যনর সাহেবেরদের সর্টিফিকট পাইয়া সেই নিয়মমতে কার্য্য করিবেন ইতি।

[মোহনার নিকট বসতি স্থানে যাহা করিতে হইবে তাহার কথা]

১৮২ ধারা। মোহনার নিকট বসতি স্থানের কোন মোকামে পূর্ব্বোক্তমতের ক্রোককরা অস্থাবর কোন সম্পত্তির বিষয়ে সেই প্রকারের কোন দাওয়া হইলে, ঐ মোকামের কমিস্যনর সাহেবেরা সেই দাওয়ার সর্টিফিকট ঐ মোকামের আদালতে পাঠাইবেন। তাহাতে ঐ আদালত কিম্বা ঐ আদালতের কোন অংশ আপনারদের সাধারণ কিম্বা তিন২ মাসের বৈঠকে কি অন্য সময়ে ঐ দাওয়ার সরাসরীমতে বিচার ও নিষ্পত্তি করিবেন ইতি।

[অন্য২ স্থানে যাহা করিতে হইবে তাহার কথা।]

১৮৩ ধারা। রাজধানীর কিম্বা মোহনার নিকট বসতি স্থানের কোন মোকাম ছাড়া, যদি অন্য কোন জিলাতে

Settlement, such claim as aforesaid shall be made to such moveable property distrained as aforesaid, such claim shall be heard and determined in a summary way by the Collector.

কি স্থানে পূর্ব্বোক্তমতের ক্রোককরা অস্থাবর সম্পত্তির উপর পূর্ব্বোক্তমতের দাওয়া হইয়া থাকে, তবে কালেক্‌টর সাহেব সরাসরীমতে ঐ দাওয়ার বিচার ও নিষ্পত্তি করিবেন ইতি।

[Procedure as to claims to immoveable property.]

CLXXXIV. If any claim shall be made to or in respect of any immoveable property attached under the provisions of this Act, the claimant shall deposit in the hands of the Collector or Commissioners the amount of the Duties in respect of which the attachment was issued, or give security to the Collector or Commissioners for the payment of the same in the event of his not establishing his right in a Civil suit. The sale shall be stayed pending such suit. Such suit shall be commenced within one year from the date of the attachment, and unless it be brought within such period, the suit shall not be entertained. In the event of the claimant failing to establish his claim, if any deposit shall have been made, it shall be forfeited in satisfaction of the Duties, and if security shall have been given the amount shall be levied in the manner provided for arrears of Duties under this Act.

[স্থাবর সম্পত্তির উপর দাওয়া হইলে যাহা করিতে হইবে তাহার কথা।]

১৮৪ ধারা। এই আইনের বিধানমতে কোন স্থাবর সম্পত্তি ক্রোক হইলে পর যদি তাহার উপর কোন দাওয়া করা যায়, তবে টাক্‌সের যত টাকার নিমিত্তে ঐ ক্রোকী পরওয়ানা জারী হয়, তত টাকা সেই দাওয়াদার কালেক্‌টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের হাতে অমানৎ করিবেন, কিম্বা তিনি দেওয়ানী মোকদ্দমাতে আপনার ঐ দাওয়া সাবুদ করিতে না পারিলে ঐ টাক্‌সের টাকা দিবেন ইহার জামীন কালেক্‌টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের নিকটে দিবেন। ঐ মোকদ্দমা যাবৎ নিষ্পত্তি না হয় তাবৎ ঐ নীলাম স্থগিত থাকিবে। ক্রোক করিবার তারিখঅবধি এক বৎসরের মধ্যে ঐ মোকদ্দমা আরম্ভ করিতে হইবে। সেই মিয়াদের মধ্যে উপস্থিত না হইলে গ্রাহ্য হইবে না। দাওয়াদার যদি আপনার দাওয়া সাবুদ করিতে না পারেন, তবে তাঁহার টাকা আমানৎ থাকিলে তাহা ঐ টাক্‌সের পরিশোধে জব্দ হইবে। কিম্বা যদি জামীন দিয়া থাকেন, তবে এই আইনেতে টাক্‌সের বাকী টাকা উসুল করিবার যে বিধি আছে সেই বিধিমতে ঐ টাকা আদায় হইবে ইতি।

[Government claim shall have priority over all private claims.]

CLXXXV. The claim of the Government for all sums payable for the said Duties shall have priority over all private claims, arising after the said Duties accrued due, upon any immoveable property attached, or upon any moveable property distrained upon under this Act. Provided that if the property attached be itself the subject of the assessment in respect of which the attachment shall have issued, the claim of the Government for the arrears due on the said assessment shall have priority over all private claims.

[গবর্ণমেণ্টের দাওয়া সাধারণ লোকেরদের সকল দাওয়ার অগ্রগণ্য হইবার কথা।]

১৮৫ ধারা। ঐ টাক্‌সের টাকা পাওনা হইলে পর এই আইনমতের ক্রোককরা কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তির উপর সাধারণ লোকেরদের যে দাওয়া থাকে সেই সকল অপেক্ষা ঐ টাক্‌সের বাবৎ পাওনা টাকার বিষয়ে গবর্ণমেণ্টের যে দাওয়া তাহা অগ্রগণ্য হইবে। কিন্তু ক্রোকের পরওয়ানা যে টাক্‌সের নিমিত্তে জারী হয় সেই টাক্‌স যদি ক্রোককরা ঐ সম্পত্তির উপলক্ষে পাওনা হয়, তবে ঐ ধার্য্য করা টাক্‌সের যত টাকা পাওনা থাকে, তাহাতে সাধারণ সকল লোকের দাওয়া অপেক্ষা গবর্ণমেণ্টের দাওয়া অগ্রগণ্য হইবে ইতি।

[Goods of defaulters are not to be removed under any execution or assignment, until all Duties are paid.] *

CLXXXVI. No goods or chattels shall be liable to be taken by virtue of any execution or other process, warrant, or authority, or by virtue of any assignment, or on any pretence whatever, unless the person at whose suit the execution or seizure shall be sued out or made, or to whom such assignment shall be made, shall, before the sale or removal of such goods and chattels, pay, or cause to be paid to the proper officer all arrears of the said Duties which shall be due by the judgment debtor or assignors at the time of seizing such goods or chattels, or which shall be payable for the year in which such seizure shall be made, provided that the said Duties shall not be claimed under this Section for more than one year.

[টাক্‌সের সমুদয় টাকা যাবৎ আদায় না হয়, তাবৎ কোন ডিক্রী জারীর কি দানপত্রাদির বলে বাকীদারেরদের মাল সরাইয়া লইতে না পারিবার কথা।]

১৮৬ ধারা। কোন লোকের কোন মাল কি দ্রব্য কোন ডিক্রীজারীর কি অন্য পরওয়ানার কি হুকুমনামার কি ক্ষমতাপত্রের শক্তিতে, কিম্বা কোন আসৈনমেণ্টের অর্থাৎ হস্তান্তর করণের শক্তিতে, কি অন্য কোন ছলে সরাইয়া লওয়া যাইতে পারিবে না, কিন্তু যাঁহার দরখাস্তমতে ঐ মালের কি দ্রব্যের উপর ডিক্রী জারীর প্রার্থনা হয়, কি ঐ মাল কি দ্রব্য ক্রোক করা যায়, কিম্বা যাঁহার পক্ষে ঐ আসৈনমেণ্ট করা যায়, তিনি যদি ঐ মাল কি দ্রব্য নীলাম কি স্থানান্তর হইবার পূর্ব্বে, ঐ ডিক্রীমতের খাতকের কিম্বা সম্পত্তি কি দ্রব্য হস্তান্তর করণিয়ার ঐ টাক্‌সের যত টাকা ঐ মাল কি দ্রব্য ক্রোক করিবার সময়ে দেনা থাকে তাহা, কিম্বা যে বৎসরে ঐ ক্রোক হয় সেই বৎসরের যত টাকা দেনা থাকে তাহা, উপযুক্ত কার্য্যকারককে দেন কি দেওয়ান, তবে ঐ দ্রব্যাদি লইতে পারিবেন, কিন্তু এই ধারামতে এক বৎসরের অধিক কালের ঐ টাক্‌সের দাওয়া না করা যায় ইতি।

[Parents and guardians liable for infants, and representatives for person dying.]

[নাবালগের নিমিত্তে পিতামাতার ও অভিভাবকেরদের, ও মৃত লোকের নিমিত্তে তাহার স্থলাভিষিক্ত লোকেরদের দায়ী হইবার কথা।]

CLXXXVII. When any person chargeable with

১৮৭ ধারা। পূর্ব্বোক্তমতের দেনা টাক্‌স যাঁহার

the Duties hereby made payable as aforesaid, shall be a minor, or when any person so chargeable shall die, in every such case the parent or guardian of such infant, upon default of payment by him, or the representative of the person so dying, shall be liable, to the amount of the assets received, for the payments which the said infant ought to have made, or the person so dying was chargeable with, and if such parent or guardian, or such representative shall neglect or refuse to pay as aforesaid, it shall be lawful to proceed against them in like manner as against any other person making default of payment of the said Duties; and the parent or guardian making payments as aforesaid, shall be allowed every sum paid for such infant in his accounts, and all representatives shall be allowed to deduct all such payments out of the assets of the person so dying.

[Priority of Government claims.]

CLXXXVIII. The claim of the Government for all sums payable for the said Duties shall have priority over all private claims in administering the assets of any deceased person by his representatives, or of any bankrupt or insolvent by his assignee, provided that the said Duties shall not be claimed under this Section for more than one year.

[Where the Act shall not come into operation before the time for payment of any instalments shall fall due, Commissioners to adjust times of payment.]

CLXXXIX. If this Act shall not come into operation in any District previous to the time appointed for the payment of the first, or any subsequent instalment of the said Duties, or within the year of assessment, it shall be lawful for the Collector or Commissioners executing this Act, who shall have made or allowed any assessment after the period appointed for any such payment, (which they are hereby declared to be competent to do,) from time to time, when the same shall be necessary, to settle and adjust at what time any instalment of which the time for payment shall then have elapsed, shall be paid, in such manner as to them shall appear just and reasonable.

PART XVIII.

Application of the Duties.

[All the Duties to be paid in the first instance into the Government Treasury to an account to be headed Income Tax Account.]

CXC. All monies arising from the Duties hereby imposed shall be paid into such of the Treasuries of Her Majesty's Government in India as the local Government shall from time to time direct, to an account to be headed Income Tax Account.

[A separate account to be kept at the Treasury of the 1 per cent. Duty.]

CXCI. A separate account shall be kept at the

উপর ধার্য্য হয় তিনি যদি নাবালগ হন, তবে তিনি সেই টাকা না দিলে, তাঁহার যত টাকা দিতে হয় তাহা দিবার জন্যে তাঁহার পিতামাতা কি অলি দায়ী হইবেন। কিম্বা ঐ টাক্স যাঁহার উপর ধার্য্য হয় সেই লোক যদি মরেন, তবে তাঁহার যত টাকা দিতে হইত তাহার নিমিত্তে তাঁহার স্থলাভিষিক্ত দায়ী হইবেন, অর্থাৎ ঐ মৃত লোকের যত টাকার জায়দাদ থাকে সেইপর্য্যন্তের দায়ী হইবেন ও তাঁহার স্থানে তাহা লওয়া যাইবেক। সেই পিতামাতা কি অলি কি স্থলাভিষিক্তেরা যদি ঐ টাকা দিতে ত্রুটি করেন কি স্বীকার না করেন, তবে ঐ টাক্সের টাকা দিতে ত্রুটিকারি অন্য কোন লোকের সঙ্গে যেমন কার্য্য হইতে পারে তাঁহারদিগের সঙ্গেও সেইমতে হইতে পারিবেক। ও সেই পিতামাতা কি অলি সেইমতের টাকা দিলে ঐ নাবালগের হিসাবে খরচ লিখিয়া সেই টাকা লইতে পারিবেন, ও স্থলাভিষিক্তেরা মৃত লোকেরদের জায়দাদহইতে কাটিয়া ঐ টাকা লইতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্টের দাওয়া অগ্রগণ্য হওয়ার কথা।]

১৮৮ ধারা। কোন মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত লোক কিম্বা কোন দেওলিয়া কি দেউলিয়ার আসৈনী তাহারদের সম্পত্তির কার্য্য যখন নির্ব্বাহ করেন, তখন সাধারণ সকল লোকের দাওয়াহইতে উক্ত টাক্সের বাবৎ পাওনা সকল টাকার বিষয়ে গবর্ণমেণ্টের দাওয়া অগ্রগণ্য হইবে। কিন্তু এই ধারামতে এক বৎসরের অধিক কালের ঐ টাক্সের দাওয়া না করা যায় ইতি।

[কোন কিস্তীর টাকা পাওনা হইবার পূর্ব্বে যদি এই আইন আমলে না আইসে, তবে সেই টাকা দিবার কাল কমিসানর সাহেবেরদের নিরূপণ করিবার কথা।]

১৮৯ ধারা। ঐ টাক্সের প্রথম কিস্তীর কি তাহার পর কোন কিস্তীর টাকা দিবার নিরূপিত সময়ের পূর্ব্বে, কিম্বা টাক্স ধার্য্য হওয়ার বৎসরের মধ্যে যদি কোন জিলাতে এই আইন আমলে না আইসে, তবে যে কালেকটর সাহেব কি কমিসানর সাহেবেরা এই আইনমতের কার্য্য করেন তাঁহারদের এই ক্ষমতা থাকিবেক যে তদ্রূপ কোন টাকা দিবার নিরূপিত সময়ের পরে কোন টাক্স ধার্য্য করেন কি তাহার অনুমতি করেন। তাহা করিলে পর, যে কিস্তীর টাকা দিবার সময় অতীত হইয়াছে সেই কিস্তীর টাকা কোন্ সময়ে দিতে হইবে, এই কথা তাঁহারা সময়ে২ যখন আবশ্যক হয়, তখন তাঁহারদের বিবেচনামতে যে প্রকারে যথার্থ ও উপযুক্ত জ্ঞান হয় সেই প্রকারে নির্দ্ধার্য্য ও নিষ্পত্তি করিবেন ইতি।

অষ্টাদশ অধ্যায়।

টাক্সের টাকা লইয়া যাহা করিতে হইবেক তাহার বিধি।

[টাক্সের সকল টাকা প্রথমে গবর্ণমেণ্টের ত্রেজুরীতে ইনকম টাক্সের খাতা নামে এক খাতায় জমা হইবার কথা।]

১৯০ ধারা। এই আইনমতের বনাম সকল টাক্সের যত টাকা আদায় হয়, তাহা ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্টের যে২ ত্রেজুরীতে অর্থাৎ খাজানাখানাতে দাখিল করিতে স্থানীয়দেশের গবর্ণমেণ্ট সময়ে২ আজ্ঞা করেন, সেই২ ত্রেজুরীতে দাখিল হইয়া ইনকম টাক্সের খাতানামক এক খাতায় জমা করিতে হইবেক ইতি।

[শতকরা ১৲ টাকার টাক্সের হিসাব পৃথক্ রাখিবার কথা।]

১৯১ ধারা। শতকরা ১৲ টাকার হিসাবে উক্ত টাক্-

said Treasuries of all sums paid in on account of the said one per cent. Duty.

[A separate account to be kept of 1 per cent. Duty paid in Presidency Towns and Straits Settlement, &c.]

CXCII. A separate account shall also be kept of such sums paid in on account of the said one per cent. Duty, as shall have been assessed upon persons residing in, or carrying on business in, or upon any house or land in any Presidency Town or any Station in the Straits Settlement, or in any District.

[Special appropriation of the 1 per cent. Duty.]

CXCIII. A separate account shall be kept of the Duty paid in respect to the said one per cent. Duty which shall accrue from the dividends or interest paid upon the Government debt and from the salaries of public officers, and from the profits of any Railway or other public Company whose profits shall be derived from different parts of India or of which any part of the profits is derived from a place other than that at which its head Office is situate. The amount comprised in such account of the one per cent. Duty shall be appropriated to the different Governments in India, to be applied according to their discretion for the execution of roads, canals, or other reproductive public works which have been duly sanctioned. Such appropriation shall be made to each local Government in the proportion in which each Presidency or Lieutenant Governorship or Province under a Chief Commissioner shall contribute to the whole amount of the Duty raised under this Act.

[Appropriation of residue of the 1 per cent. Duty.]

CXCIV. The whole of the residue of the sums derived from the said one per cent. Duty shall be appropriated to each Presidency, Lieutenant Governorship, and Province, to the extent contributed by such Presidency, Lieutenant Governorship, and Province, and shall be expended by the local Government and Chief Commissioners thereof in roads, canals, or other reproductive public works duly sanctioned as in the various aforesaid Districts under them as nearly as may be in proportion to the respective contributions of such Districts thereto.

PART XIX.

Penalties.

[Penalty on collecting officers for misconduct in office.]

CXCV. If any officer employed to receive or collect any Duties under this Act 1stly.—Shall fraudulently collect or attempt to collect any money on account of Duties under this Act from any person not charged or chargeable therewith; or

সের বাবৎ যে সকল টাকা উক্ত ট্রেজুরীতে দেওয়া যায়, তাহার হিসাব সেই ট্রেজুরীতে পৃথক্ রাখিতে হইবেক ইতি।

[শতকরা ১৲ টাকার হিসাবে যে টাক্স রাজধানীতে ও মোহনার নিকট বসতিস্থানপ্রভৃতিতে দেওয়া যায় তাহার হিসাব পৃথক্ রাখিবার কথা।]

১৯২ ধারা। কোন রাজধানীর কি মোহনার বসতিস্থানের নিকট সদর মোকামের কিম্বা কোন জিলার কোন ঘরে কি জমীতে যাঁহারা বাস করেন কি কারবার করেন তাঁহারদের উপর শতকরা ১৲ টাকার উক্ত যে টাক্স বসান যায় তাহার বাবৎ দাখিল করা সকল টাকার হিসাব স্বতন্ত্র রাখিতে হইবেক ইতি।

[শতকরা ১৲ টাকার যে টাক্স পাওয়া যায় তাহা বিশেষ কার্য্যের নিমিত্তে দিবার কথা।]

১৯৩ ধারা। গবর্ণমেণ্টের কর্জা টাকার উপর যে ডিবিডেণ্ড কি সুদ দেওয়া যায় তাহাহইতে, ও সরকারী কার্য্যকারকেরদের বেতনহইতে, ও রেলরোড কি অন্য সাধারণ কোম্পানির যে লাভ ভারতবর্ষের ভিন্ন২ স্থানে পাওয়া যায়, কি যে লাভের কোন অংশ ঐ কোম্পানির প্রধান আফিস যে স্থানে থাকে তাহাভিন্ন অন্য স্থানে পাওয়া যায়, সেই লাভহইতে উক্ত শতকরা ১৲ টাকা টাক্সের বাবৎ যত টাকা আদায় হয় তাহার হিসাব স্বতন্ত্র রাখিতে হইবে। শতকরা ১৲ টাকা টাক্সের ঐ হিসাবের মধ্যে যে সকল টাকা আইসে তাহা ভারতবর্ষের ভিন্ন২ গবর্ণমেণ্টে দেওয়া যাইবে। ও রাস্তা ও খাল ও সর্ব্ব সাধারণের ব্যবহার্য্য ও প্রাপ্তিজনক অন্য যে বিষয় প্রস্তুত করিবার অনুমতি উপযুক্তমতে হয় তাহা করিবার কার্য্যেতে ঐ২ গবর্ণমেণ্টের বিবেচনামতে ব্যয় হইবেক। এই আইনমতে সর্ব্বসুদ্ধ যত টাক্স হয় তাহার মধ্যে এক২ রাজধানীতে কি লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকাতে কিম্বা প্রধান কমিস্যনর সাহেবের অধীন এক২ প্রদেশে যত আদায় হয় তাহা বুঝিয়া স্থানবিশেষের নানা গবর্ণমেণ্টের মধ্যে ঐ টাকা বিলি করিয়া দেওয়া যাইবে।

[শতকরা ১৲ টাকা টাক্সের অন্য টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

১৯৪ ধারা। শতকরা এক টাকা টাক্সের দ্বারা যাহা উৎপন্ন হয় তাহার মধ্যে এক২ রাজধানীতে ও লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকাতে ও প্রদেশে যত আদায় হয় তত সেই রাজধানীতে ও লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকায় ও প্রদেশে দেওয়া যাইবে। ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট ও প্রধান কমিস্যনর সাহেবেরা আপনারদের অধীন উক্ত নানা জিলার মধ্যে রাস্তা ও খাল ও সাধারণ লোকেরদের ব্যবহার্য্য ও প্রাপ্তিজনক অন্য যে বিষয় করিবার উপযুক্তমতে অনুমতি হয় তাহা করিবার জন্যে ঐ টাকা ব্যয় করিবেন। ইহাতে যত টাকা যে জিলাতে আদায় হয় সাধ্যমতে সেই জিলাতে তত টাকা উক্ত প্রকারের কার্য্যেতে ব্যয় হইবে ইতি।

ঊনবিংশ অধ্যায়।

দণ্ডের বিধি।

[যে কর্ম্মকারকেরা টাকা উসুল করেন তাঁহারদের অনুচিত কর্ম্মের দণ্ডের কথা।]

১৯৫ ধারা। কোন কর্ম্মকারক এই আইনমতে কোন টাক্স গ্রহণ করিতে কি উসুল করিতে নিযুক্ত হইয়া যদি এই২ কর্ম্ম করে, অর্থাৎ ১। এই আইনমতে যাঁহার উপর টাক্স লাগে না কি লাগিতে পারে না এমত কোন লোকের স্থানে কিছু টাকা প্রতারণা করিয়া যদি উসুল করে কি করিতে উদ্যোগ করে, কিম্বা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১১ সেপ্টেম্বর।]

2ndly.—Shall fraudulently receive or collect, or attempt to receive or collect, from any person more money than is actually charged against such person upon his assessment; or

3rdly.—Shall receive or collect any money whatsoever under color of this Act, and not pay over and account for the whole of such money; or

4thly.—If any such officer, employed or authorized to serve any notice, or to make any distress, attachment, or sale under this Act, shall extort or obtain, or attempt to extort or obtain any sum of money or valuable thing other than such money as he shall have been authorized to receive or collect under this Act, from any person whatever, under color of his employment or authority, or as a bribe for forbearing to exercise any employment or authority under this Act, such officer shall be deemed guilty of a misdemeanor, and shall be liable to imprisonment, with or without hard labor, for a period not exceeding six months, and shall, for every such offence, forfeit a sum not exceeding one thousand Rupees, and in default, and until such payment be made, shall be liable to further imprisonment with or without hard labor for a period not exceeding six months.

[Penalty on persons pretending to be employed to serve notices or collect monies.]

CXCVI. If any person, not being employed or authorized to serve any notice required to be given under this Act, or to receive or collect any money under this Act, shall falsely pretend that he is employed or authorized to serve any notice, or to receive or collect any money under this Act, and shall, by such false pretence, obtain, or attempt to obtain any money or valuable thing whatsoever from any person whatsoever, the person so offending shall be deemed guilty of a misdemeanor, and shall be liable to the punishment and penalties in the last preceding Section mentioned.

[Punishment for unlawful entry.]

CXCVII. Any person employed or pretending to be employed to make any distress under this Act, who shall knowingly enter the apartments of any Hindoo or Mahomedan woman, which, by the usage of the country, are deemed private, or shall force open the outer door of a dwelling house contrary to the provisions of the 17th Part of this Act, shall be liable to be imprisoned with or without hard labor for any period not exceeding three months.

[Penalty for forcibly or clandestinely taking away distrained property.]

CXCVIII. If any person shall take away any moveable property duly distrained under this Act, knowing it to be distrained, while subject to such distress, such person shall, on conviction, be liable to be imprisoned for a period not exceeding three months, or until he sooner restores the property, or makes good the value of it to the Distraining Officer, and shall also be liable to a fine not exceeding the value of such property.

[*Government Gazette*, 11*th September*, 1860.]

২। কোন লোকের উপর যত টাকা ধার্য্য হইয়াছে তাহার অধিক যদি সেই লোকের স্থানে প্রতারণা করিয়া লয় কি উসুল করে, কি লইতে কি উসুল করিতে উদ্যোগ করে। কিম্বা,

৩। যদি এই আইনের ছলে কোন টাকা লইয়া কি উসুল করিয়া সেই সমুদয় টাকা দাখিল না করে কি তাহার হিসাব না দেয়। কিম্বা,

৪। কোন কর্ম্মকারক এই আইনমতের কোন এত্তেলা জারী করিতে কিম্বা কোন বিষয় ক্রোক কি নীলাম করিতে নিযুক্ত হইয়া কি ক্ষমতা পাইয়া, এই আইনমতে যত টাকা লইতে কি উসুল করিতে ক্ষমতা পায় তাহার অধিক কোন টাকা, কিম্বা টাকা না হইয়া অন্য মূল্যবান্ দ্রব্য, আপন পদের কি ক্ষমতার ছলনায় কিম্বা এই আইনমতের কোন পদ কি ক্ষমতাক্রমে কার্য্য না করিবার ঘুষস্বরূপে যদি কোন লোকের স্থানে ভয় দেখাইয়া লয় কি পায় কি লইতে কি পাইতে উদ্যোগ করে, তবে সেই কর্ম্মকারক অপরাধের দোষী জ্ঞান হইবে। ও কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবে ঐ তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে তাঁহার ১০০০৲ টাকা-পর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, যদি ঐ টাকা না দেয়, তবে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবে, টাকা দিলে মুক্ত হইবে ইতি।

[যাহারা এত্তেলা জারী করিবার কি টাকা উসুল করিবার কর্ম্মে নিযুক্ত হইবার ছল করে, তাহারদের দণ্ডের কথা।]

১৯৬ ধারা। এই আইনেতে যে এত্তেলা দিবার হুকুম আছে এমত কোনএত্তেলা জারী করিতে কিম্বা এই আইনমতের কোন টাকা গ্রহণ করিতে কি উসুল করিতে নিযুক্ত না হইয়া কি ক্ষমতা না পাইয়া কোন লোক, যদি মিথ্যা করিয়া এই আইনমতের কোন এত্তেলা জারী করিতে কিম্বা কিছু টাকা গ্রহণ কি উসুল করিতে নিযুক্ত হইবার কি ক্ষমতা পাইবার ছল করে, ও যদি সেই ছলদ্বারা কোন লোকের স্থানে কিছু টাকা কি মূল্যবান দ্রব্য পায় কি পাইবার উদ্যোগ করে, তবে যে জন সেই অপরাধ করে সে অপরাধের দোষী জ্ঞান হইবে, ও ইহার পূর্ব্বের ধারার লিখনমতে তাহার দণ্ড ও জরীমানা হইতে পারিবেক ইতি।

[বেআইনীমতে ঘরে ঢুকিবার দণ্ডের কথা।]

১৯৭ ধারা। যদি কোন লোক এই আইনমতে কোন দ্রব্য ক্রোক করিতে নিযুক্ত হইয়া কি নিযুক্ত হইবার ছল করিয়া, এই আইনের ১৭ অধ্যায়ের বিধান না মানিয়া, দেশাচারমতে যে স্থান গোপনীয় জ্ঞান হয়, হিন্দু কি মুসলমান লোকের বাটীর এমত কোন অন্তঃপুরে জানিয়াশুনিয়া ঢুকে, কি কোন বসত বাটীর সদর দ্বার জোর করিয়া খুলে, তবে তিন মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবে ইতি।

[ক্রোককরা দ্রব্য জোর করিয়া কি গুপ্তরূপে লইয়া যাইবার দণ্ডের কথা।]

১৯৮ ধারা। এই আইনমতে উপযুক্তরূপে ক্রোককরা কোন অস্থাবর দ্রব্য ক্রোকে থাকিতে যদি কেহ তাহা ক্রোক করা জানিয়া লইয়া যায়, তবে তাহার দোষ সাব্যস্ত হইলে সে তিন মাসপর্য্যন্ত কিম্বা ইহার মধ্যে যত দিন ঐ দ্রব্য ফিরিয়া না দেয় কি তাহার মূল্য ক্রোকী আমীনকে না দেয়, তত দিন কয়েদ হইতে পারিবেক, ও সেই দ্রব্যের মূল্য যত টাকা হয় তত টাকার পর্য্যন্ত তাহার জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty for forgery.]

CXCIX. If any person shall forge, counterfeit, or alter, or cause or procure to be forged, counterfeited or altered, or knowingly or wilfully aid or assist in forging, counterfeiting, or altering any certificate of the Collector or the Commissioners or of any Ex-Officio or Special Assessor, or of any Deputy Collector acting in the execution of this Act, or any certificate or any acknowledgment, or any receipt which any Officer is, by this Act, authorized to give on the receipt of any money payable under this Act, or shall utter any such forged, counterfeited, or altered certificate or acknowledgment, or receipt as aforesaid, with intent to defraud Her Majesty, or the Secretary of State in Council, or the Government, or any person whomsoever, every person so offending and being lawfully convicted thereof shall be adjudged guilty of felony, and shall be liable, if a European or American, to be sentenced to penal servitude for any period not exceeding ten years, or to imprisonment with or without hard labor for any term not exceeding two years, and, if not a European or American, to be sentenced to transportation for any period not exceeding fourteen years, or to imprisonment with or without hard labor for any term not exceeding seven years.

[জাল করিবার দণ্ডের কথা।]

১৯৯ ধারা। কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের কিম্বা স্বপদোপলক্ষের কি বিশেষ কোন আসেসরের কিম্বা এই আইনমতের কার্য্যকারি কোন ডেপুটী কালেক্টরের সর্টিফিকট, কিম্বা এই আইনমতের প্রাপ্য কোন টাকা পাইলে কোন কার্য্যকারক যে কোন সর্টিফিকট কি রসীদ এই আইনমতে দিতে ক্ষমতাপন্ন হন, তাহা যদি কেহ জাল করে, কি কৃত্রিম করিয়া লেখে, কি বদল করে, কি জাল করায়, কি কৃত্রিম করিয়া লেখায় কি বদল করায়, কি জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক তাহা জাল করিতে কি কৃত্রিম করিয়া লিখিতে কি বদল করিতে সাহায্য করে, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের কি গবর্ণমেণ্টের কি কোন লোকের প্রাপ্য টাকা হরণ করিবার মানসে যদি তদ্রূপ কোন জাল করা কি কৃত্রিম করা কি বদল করা কোন সর্টিফিকট কি রসীদ চালায়, তবে সেই অপরাধ যে কেহ করে ও যাহার সেই অপরাধ আইনমতে সাব্যস্ত হয় সেই জন ফেলোনির দোষী জ্ঞান হইবেক। ও সেই যদি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক হয়, তবে দশ বৎসরের অধিক না হয় এমত কোন কালপর্য্যন্ত তাহার খাটিবার দণ্ডের হুকুম হইতে পারিবেক, কিম্বা দুই বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক। ও যদি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক না হয়, তবে চৌদ্দ বৎসরের অধিক না হয় এমত কোন কালপর্য্যন্ত তাহার দ্বীপান্তর প্রেরণের হুকুম, কিম্বা সাত বৎসরপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি।

[Penalty for assaulting Collector &c.]

CC. Every person who, with the intention of inducing any Collector, or any other Officer employed to carry out the provisions of this Act, to refrain from exercising any of the lawful powers vested in such Collector or other Officer under the authority of this Act, or with the intention of inducing any person liable to pay any Duties under this Act, to refrain from making any return or declaration, or doing any act, or making any payment required by this Act, shall assault, or make a show of assaulting, or shall wrongfully restrain or attempt wrongfully to restrain, or shall overawe by means of an unlawful assembly, or attempt so to overawe any such Collector or other Officer, or any such other person as aforesaid, and all persons who shall combine by the closing of shops or otherwise to induce, or who shall do any act with intent to induce any other person or persons to break the public peace, or otherwise to obstruct the operation of this Act, shall be liable to a sentence of imprisonment with or without hard labor for a period not exceeding twelve months, or to a fine not exceeding five hundred Rupees, or to both, such fine being commutable, if not paid, to a further period of imprisonment not exceeding twelve months.

[কালেক্টর সাহেবপ্রভৃতির উপর চড়াও হইবার দণ্ডের কথা।]

২০০ ধারা। কোন কালেক্টর সাহেবকে কিম্বা এই আইনের বিধানমতে কার্য্য করিতে অন্য যে কোন কার্য্যকারক নিযুক্ত হন, তাঁহাকে এই আইনের শক্তিক্রমে যে কোন ন্যায্য ক্ষমতা দেওয়া গেল, সেই ক্ষমতামতে তাঁহার কার্য্য না করিবার প্রবৃত্তি জন্মাইবার অভিপ্রায়ে, কিম্বা এই আইনমতে যাহার কোন টাক্স লাগিতে পারে তাঁহার এই আইনের আজ্ঞামতের কোন ফর্দ্দ কি কৈফিয়ৎ না দিবার কি কোন কার্য্য না করিবার কিম্বা কোন টাকা না দিবার প্রবৃত্তি জন্মাইবার অভিপ্রায়ে, যদি কোন লোক সেই কালেক্টর সাহেবের কি অন্য কার্য্যকারকের কি পূর্ব্বোক্তমতের অন্য ব্যক্তির উপর চড়াও হয়, কি চড়াও হইবার ভাব দেখায়, কি তাঁহাকে অন্যায়মতে আটকিয়া রাখে কি আটকিয়া রাখিতে উদ্যোগ করে, কিম্বা বেআইনীমতে লোক জমায়ৎ করিয়া তাঁহাকে ভয় দেখায় কি সেইরূপে ভয় দেখাইবার উদ্যোগ করে, কিম্বা যদি অনেক লোক মিলিয়া দোকান বন্দ করিয়া কি অন্য কার্য্য করিয়া অন্য লোককে কি লোকদিগকে দাঙ্গা করিতে প্রবৃত্তি দেয়, কিম্বা দাঙ্গা করিতে প্রবৃত্তি দিবার অভিপ্রায়ে, কিম্বা এই আইনমতের কার্য্য হইবার অন্য প্রকারে বাধা করিবার অভিপ্রায়ে কোন কার্য্য করে, তবে সেই লোকেরদের বারো মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত কি বিনা পরিশ্রমে কয়েদ হইবার কি পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার, কিম্বা ঐ দুই দণ্ডের হুকুম হইতে পারিবেক। ঐ জরীমানার টাকা যদি না দেয় তবে তাহার পরিবর্ত্তে আর বারো মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১১ সেপ্টেম্বর।]

[Penalty for intimidating with the intention of preventing persons from making returns, declarations, or payments. &c.]

CCI. If any person shall, by violence, threats, or otherwise, intimidate or attempt to intimidate any other person liable to pay any Duties under this Act, with the intention of preventing such person from making any return or declaration, or doing any act, or making any payment required by this Act, he shall be liable to a sentence of imprisonment with or without hard labor for a period not exceeding six months, or to a fine not exceeding two hundred Rupees, or to both, such fine being commutable, if not paid, to a further period of imprisonment not exceeding six months.

[কোন লোক ফর্দ কি কৈফিয়ৎ করিয়া না দেয় কি টাকা ন দেয় ইত্যাদি কারণে তাহার ভয় জন্মাইবার দণ্ডের কথা]

২০১ ধারা। এই আইনমতে যে লোক টাক্স দিবার যোগ্য হন তাঁহার এই আইনের আজ্ঞামতের কোন ফর্দ কি কৈফিয়ৎ লিখিয়া দিবার কি কোন কর্ম্ম করিবার কি কিছু টাকা দিবার বাধা করিবার অভিপ্রায়ে যদি অন্য কোন ব্যক্তি জোর করিয়া কি তর্জনগর্জন করিয়া কি অন্য প্রকারে তাঁহার ভয় জন্মায় কি ভয় জন্মাইবার উদ্যোগ করে, তবে তাহার কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার কি এই দুই দণ্ডের হুকুম হইতে পারিবেক, ও সেই জরীমানার টাকা না দিলে আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি।

[False deposition.]

CCII. If any person, being legally bound by an oath or affirmation to state the truth to any public servant, or to any other person authorized to administer an oath or affirmation in any matter relating to this Act, states to such public servant or other person as aforesaid, touching that subject, as true, that which he knows to be false, or does not believe to be true, he shall be punished with imprisonment with or without hard labor for a term which may extend to three years, and shall also be liable to a fine not exceeding five thousand Rupees

[মিথ্যা জোবানবন্দীর কথা।]

২০২ ধারা। কোন লোক সরকারী কোন কার্য্যকারকের নিকটে কিম্বা শপথ কি ধর্ম্মতঃপ্রতিজ্ঞা করাইবার ক্ষমতাপন্ন অন্য কোন ব্যক্তির নিকটে এই আইনসম্পর্কীয় কোন বিষয়ে সত্য কথা কহিতে শপথ কি প্রতিজ্ঞাক্রমে আইনমতে বদ্ধ হইয়া, সেই বিষয়ের যাহা অসত্য জানে, কি সত্য না জানে, এমত কথা যদি সত্য বলিয়া পূর্ব্বোক্ত মতের সরকারী কার্য্যকারককে কি অন্য ব্যক্তিকে কহে, তবে সে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইবেক ও সেই কয়েদ হইবার মিয়াদ তিন বৎসরপর্য্যন্ত বৃদ্ধি হইতে পারিবে ও তাহার পাঁচ হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Charge to be preferred where perjury committed.]

CCIII. Any charge to be preferred under the last preceding Section for any of the offences therein mentioned, in regard to any affidavit, deposition, or affirmation, shall and may be tried and determined in the place where such affidavit, deposition, or affirmation shall be exhibited to the Collector or Commissioners in pursuance of this Act; but if such offence shall have been committed by any European British Subject, the charge shall be tried and determined by one of Her Majesty's Supreme Courts of Judicature.

[মিথ্যা শপথ যে স্থানে হয় সেই স্থানে নালিশ হইবার কথা।]

২০৩ ধারা। ইহার পূর্ব্বের ধারাতে যে অপরাধের কথা লেখা আছে আফিডেবিটের কি জোবানবন্দীর কি প্রতিজ্ঞার সম্পর্কে সেই অপরাধের নালিশ হইলে ঐ আফিডেবিট কি জোবানবন্দী কি প্রতিজ্ঞা যে স্থানে এই আইনমতে কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সম্মুখে আনা যায়, সেই স্থানে তাহার বিচার ও নিষ্পত্তি হইতে পারিবে ও হইবে। কিন্তু সেই অপরাধ যদি কোন ইউরোপীয় ব্রিটনীয় প্রজা করিয়া থাকেন, তবে শ্রীশ্রীমতী মহারাণীর কোন সুপ্রিম কোর্টে সেই মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি হইবেক ইতি।

[Penalty for making false returns of profits or of the value of lands.]

CCIV. If any person shall knowingly and wilfully make or deliver any false or fraudulent account, statement, or declaration in any return which he is required to make under the provisions of this Act, such person shall, for every such offence, if not otherwise provided for in this Act, be liable to forfeit treble the amount of Duties to which he is justly chargeable, in addition to a further sum not exceeding five hundred Rupees.

[প্রাপ্তির কিম্বা জমীর উপস্বত্ব থাজানার ফর্দেতে মিথ্যা কথা লিখিবার দণ্ডের কথা।]

২০৪ ধারা। এই আইনের বিধানমতে কোন লোকের যে ফর্দ করিতে আজ্ঞা হয় তাহাতে যদি সে কোন অসত্য কি প্রতারণার হিসাব কি বিবরণ কি কৈফিয়ৎ জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক লেখে ও দাখিল করে, তবে এই আইনেতে সেই অপরাধের দণ্ডের অন্য বিধান না থাকিলে, তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধের এই দণ্ড হইবে, অর্থাৎ তাহার ন্যায্যমতে যত টাক্স লাগিতে পারে তাহার তিনগুণ টাকা জব্দ হইবে ও তাহাছাড়া তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty for accessories before the fact]

CCV. Every person who shall knowingly and wilfully aid, abet, or assist, or incite or induce any other person to make or deliver any such false or fraudulent account, statement, or declaration as aforesaid, shall, for every such offence, forfeit the sum of five hundred Rupees.

[ঐ কার্য্যের পূর্ব্বে যাহারা সহকারী হয় তাহারদের দণ্ডের কথা।]

২০৫ ধারা। উক্ত প্রকারের কোন মিথ্যা কি প্রতারণার হিসাব কি কৈফিয়ৎ কি কথা লিখিতে কি দাখিল করিতে যে কেহ জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক অন্য কোন লোকের সাহায্য কি সহায়তা করে কি তাঁহাকে প্রবৃত্তি দেয় কি লওয়ায়, তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে ৫০০৲ টাকা জরীমানা হইবেক ইতি।

[*Government Gazette*, 11*th September*, 1860.]

[False claim to abatement under Schedule 1.]

CCVI. If any person shall knowingly make any false claim for any abatement under the first Schedule of this Act, or shall be guilty of any fraud or misrepresentation in making such claim, or in obtaining or endeavouring to obtain any such abatement, or knowingly shall untruly declare the amount or value of any loss under the rules relating to Schedule 1, or the amount or value of any abatement made or agreed to be made in the rent of the land or house in his occupation on account of such loss, with intent fraudulently to obtain any such abatement, he shall forfeit treble the amount of Duties justly chargeable on him in respect of the said land or house, in addition to a further sum not exceeding five hundred Rupees; and if the occupier of any such land or house, or any other person whatever, shall aid, abet, or assist any person charged to the said Duties, in making such false or fraudulent claim, or shall fraudulently or untruly declare the amount or value of any abatement made or agreed to be made in the rent of the said land or house, or the amount of such loss, with intent fraudulently to obtain for the person so charged any abatement as aforesaid —every such person shall forfeit a sum not exceeding five hundred Rupees.

[১ নম্বরের তফসীলমতে টাক্‌স কম করিবার মিথ্যা দাওয়ার দণ্ডের কথা।]

২০৬ ধারা। যদি কোন লোক এই আইনের প্রথম তফসীলমতে কোন টাক্‌স কম করিবার কোন মিথ্যা দাওয়া জানিয়াশুনিয়া করে, কিম্বা সেই দাওয়া করণে, কিম্বা তদ্রূপ কোন কম টাক্‌স ধরিবার কি ধরা যাইবার উদ্যোগেতে যদি কোন প্রতারণা করিবার কি অসত্য কথা লিখিবার কি কহিবার দোষী হয়, কিম্বা যদি প্রতারণামতে সেই কম টাক্‌স ধরা যাইবার অভিপ্রায়ে ১ নম্বরের তফসীলের বিধিমতে কিছু টাকা জানিয়াশুনিয়া অসত্য করিয়া লেখে কি কোন ক্ষতির টাকা অসত্য করিয়া কহে, কিম্বা সেই ক্ষতিপ্রযুক্ত তাঁহার অধিকার-করা জমীর খাজানার কি ঘরের ভাড়ার যত টাকা কম করা গেল কি কম করিবার অনুমতি হইল তাহা যদি অসত্যরূপে কহে, তবে ঐ ঘরের কি জমীর বাবৎ তাহার ন্যায্যমতে যত টাক্‌স ধার্য্য হইতে পারে তাহার তিন গুণ টাকা দণ্ড হইবে ও তাহাছাড়া ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক। ও যাহার ঐ টাক্‌স ধার্য্য হইয়াছে তাহাকে সেই মিথ্যা কি প্রতারণার দাওয়া করিতে যদি তদ্রূপ কোন জমীর কি ঘরের বাসেন্দা কি অন্য কোন লোক তাহার সাহায্য কি সহায়তা করে, কিম্বা যাহার সেই টাক্‌স ধার্য্য হইয়াছে তাহার উক্তমতের কম টাক্স প্রতারণারূপে ধরা যাইবার মানসে, ঐ জমীর কি ঘরের খাজানার কি ভাড়ার কি ঐ ক্ষতির বাবৎ যত টাকা কম করা গিয়াছে কি কম করিবার অনুমতি হইয়াছে সেই টাকা যদি প্রতারণা ভাবে কি অসত্যরূপে প্রকাশ করে তবে তদ্রূপ প্রত্যেক জনের ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[False claim to abatement or exemption.]

CCVII. If any person shall knowingly make any false claim to any abatement under any Schedule of this Act, or to any exemption or deduction under the 13th or 14th Parts of this Act, or shall knowingly be guilty of any fraud or contrivance in making any claim under any of the said Schedules, or under the said 13th or 14th Parts of this Act, or in obtaining any abatement, or any exemption or deduction, or any certificate as aforesaid, under any of the said Schedules, or the said 13th or 14th Parts, or shall fraudulently conceal or untruly declare any income or amount of income, or any sum which he may have charged, or have been entitled, under the authority of this Act, to charge against any other person, or which he may have deducted or retained, or have been or be entitled as aforesaid, to deduct or retain for any payment to which such person claiming exemption as aforesaid may be liable; or if any such person shall fraudulently make a second claim for the same cause—every such person so offending shall forfeit a sum not exceeding five hundred Rupees, and treble the Duties chargeable in respect of all the sources of his income, as if such claim had not been made or allowed; and if any person shall knowingly and wilfully aid, abet, or assist any such person in committing any such fraud as aforesaid, the person so aiding, abetting, or assisting, shall forfeit a sum not exceeding five hundred Rupees.

[টাকস কম করিবার, কিম্বা মুক্ত হওয়ার দাওয়া মিথ্যাকরিবার দণ্ডের কথা।]

২০৭ ধারা। যদি কোন লোক এই আইনের কোন তফসীলমতে কিছু টাকস কম করিবার, কিম্বা এই আইনের ১৩ কি ১৪ অধ্যায়মতে মুক্ত হওয়ার কি রেয়াইৎ পাইবার কোন মিথ্যা দাওয়া জানিয়াশুনিয়া করে, কিম্বা উক্ত কোন তফসীলমতে, কিম্বা এই আইনের উক্ত ১৩ কি ১৪ অধ্যায়মতে কোন দাওয়া করণেতে, কিম্বা উক্ত কোন তফসীল কি উক্ত ১৩ কি ১৪ অধ্যায়মতে কোন কম টাকস ধরা যাইবার কি মুক্ত হওয়ার কি রেয়াইৎ পাইবার কিম্বা পূর্ব্বোক্তমতের কোন সর্টিফিকট পাইবার উদ্যোগেতে জানিয়াশুনিয়া কোন প্রতারণা কি কৌশল করিবার দোষী হয়, কিম্বা তাহার যে আয় হয় কি আয়ের যত টাকা হয়, তাহা কিম্বা অন্য কোন লোকের নামে যত টাকা লেখাইয়াছে কি এই আইনের শক্তিক্রমে লেখাইতে পারে, কিম্বা মুক্ত হইবার দাওয়াদার উক্ত লোক যে টাকার দায়ী হইতে পারে, তাহার যত টাকা বাদ দিয়াছে কি আটকিয়া রাখিয়াছে কিম্বা পূর্ব্বোক্তমতে বাদ দিতে কি আটকিয়া রাখিতে পারিয়াছে কি পারে এমত কোন টাকা যদি প্রতারণা করিয়া গোপনে রাখে কি অসত্যরূপে প্রকাশ করে, কিম্বা তদ্রূপ কোন লোক যদি প্রতারণা করিয়া একি বিষয়ের দ্বিতীয়বার দাওয়া করে, তবে সেই প্রকারের অপরাধি প্রত্যেক জনের ৫০০৲ টাকা-পর্য্যন্ত জরীমানা হইবে, ও সেই দাওয়া না হইবার কি গ্রাহ্য না হইবার মতে তাহার লাভজনক সকল কর্ম্মাদির নিমিত্তে যত টাক্‌স ধার্য্য হইত তাহার তিন গুণপর্য্যন্ত দণ্ড হইবে। ও সেই প্রকারের কোন প্রতারণার কার্য্য করিতে যদি কেহ জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক তাহার সাহায্য কি সহায়তা করে, তবে যে জন তাহার সাহায্য কি সহায়তা করে তাহার ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[Penalty under Section LXXV. relating to Composition.]

CCVIII. Any person who shall be guilty of any offence mentioned in Section LXXV. of this Act, in regard to the Composition therein mentioned, shall forfeit a sum not exceeding five hundred Rupees and treble the Duties justly chargeable in respect of all the sources of his income.

[Refusal to appear before Commissioners.]

CCIX. If any person, being duly summoned to appear before the Collector or Commissioners as aforesaid, for any of the purposes mentioned in this Act, shall refuse or neglect to appear before the Collector or Commissioners at the time and place appointed for that purpose, or if any such person, being summoned, shall appear before the Collector or Commissioners, but shall refuse to be sworn or to subscribe such oath as aforesaid, or having taken and subscribed the same, shall refuse to answer any question touching the matters depending before the Collector or Commissioners, every person so offending shall forfeit a sum not exceeding two hundred Rupees for every such offence.

[Penalty for refusal or neglect to deliver list, or return, or declaration.]

CCX. If any person, who ought by this Act to deliver any list, return, or declaration, shall refuse or wilfully neglect so to do within the time limited in any notice given under this Act, or shall under any pretence wilfully delay the delivery thereof, every such person so offending shall forfeit any sum not exceeding two hundred Rupees, and shall be liable to be assessed in treble the amount with which he is justly chargeable.

[Penalty for refusal or neglect to deliver returns or to appear before Collector or Commissioners, when required to do so.]

CCXI. If any person, required by the Collector or Commissioners under this Act, to make out, verify, or deliver any return required by this Act, or to appear before the Collector or Commissioners, shall refuse or wilfully neglect to make out, verify, or deliver such return, or to appear before the Collector or Commissioners, within the time limited by the Collector or Commissioners in pursuance of this Act, every such person so offending shall forfeit any sum not exceeding two hundred Rupees, and shall be liable to be assessed in treble the amount with which he is justly chargeable.

[Penalty for violation of secrecy.]

CCXII. If any person, being legally bound by an oath or solemn affirmation of secrecy under this Act, shall wilfully disclose any matter which by

[৭৫ ধারামতের ফুরণের বিষয়ের অপরাধের দণ্ডের কথা।]

২০৮ ধারা। এই আইনের ৭৫ ধারাতে যে ফুরণ করিবার কথা আছে, তদ্বিষয়ে যদি কোন লোক সেই বিধির লিখিত কোন অপরাধের দোষী হয়, তবে তাহার ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা, ও তাহার প্রাপ্তির সকল উপায়ের জন্যে তাহার যত টাক্স ন্যায্যমতে ধার্য্য হইতে পারে তাহার তিনগুণপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[কমিস্যনর সাহেবেরদের সম্মুখে হাজির হইতে স্বীকার না করিবার দণ্ডের কথা।]

২০৯ ধারা। যদি কোন লোক এই আইনের লিখিত কোন কার্য্যের নিমিত্তে উক্ত কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সম্মুখে হাজির হইতে উপযুক্তমতে সমন পাইয়া, সেই কার্য্যের নিরূপিত সময়ে ও স্থানে ঐ কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সম্মুখে হাজির হইতে স্বীকার না করে কি শৈথিল্য করে, কিম্বা যদি সেই প্রকারের কোন লোক সমন পাইয়া ঐ কমিস্যনর সাহেবেরদের সম্মুখে হাজির হইয়াও পূর্ব্বোক্তমতের হলফ করিতে কি হলফনামার দস্তখৎ করিতে স্বীকার না করে, কিম্বা হলফ করিয়া ও হলফনামাতে দস্তখৎ করিয়া, উক্ত কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সম্মুখে উপস্থিতথাকা কোন বিষয়ের কোন জিজ্ঞাসা হইলে যদি তাহার উত্তর দিতে স্বীকার না করে, তবে সেইপ্রকারের অপরাধি প্রত্যেক জনের তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[কোন ফর্দ্দ কি বৃত্তান্ত কি কৈফিয়ৎ দিতে স্বীকার না করিবার কি শৈথিল্য করিবার দণ্ডের কথা।]

২১০ ধারা। এই আইনমতে যাহার কোন ফর্দ্দ কি তালিকা কি কৈফিয়ৎ দাখিল করিতে হয়, এমত কোন লোক যদি সেই ফর্দ্দপ্রভৃতি এই আইনমতের দেওয়া কোন এত্তেলার নিরূপিত মিয়াদের মধ্যে দাখিল করিতে স্বীকার না করে কি জানিয়াশুনিয়া শৈথিল্য করে, কিম্বা কোন প্রকারের ওজর করিয়া তাহা দাখিল করিতে ইচ্ছাপূর্ব্বক বিলম্ব করে, তবে তদ্রূপ অপরাধি প্রত্যেক জনের দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবে, ও ন্যায্যমতে তাহার যত টাক্স ধার্য্য হইতে পারে তাহার তিনগুণ টাক্স ধার্য্য হইতে পারিবেক ইতি।

[কোন লোক আজ্ঞা পাইয়া যদি ফর্দ্দ দাখিল করিতে স্বীকার না করে কি শৈথিল্য করে কি কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সম্মুখে হাজির না হয় তবে তাহার দণ্ডের কথা।]

২১১ ধারা। কোন লোক এই আইনমতের কোন তফসীল প্রস্তুত করিতে কি সাবুদ কি দাখিল করিতে কিম্বা কোন কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সম্মুখে হাজির হইতে, ঐ কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের স্থানে এই আইনমতে হুকুম পাইয়া যদি এই আইনঅনুসারে কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের নিরূপিত মিয়াদের মধ্যে ঐ তফসীল প্রস্তুত করিতে কি সাবুদ কি দাখিল করিতে, কিম্বা উক্ত কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সম্মুখে হাজির হইতে স্বীকার না করে কি জানিয়াশুনিয়া শৈথিল্য করে, তবে সেই প্রকারের অপরাধি প্রত্যেক জনের ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। ও তাহার ন্যায্যমতে যত টাক্স ধরা যাইতে পারে তাহার তিনগুণ টাক্স ধার্য্য হইতে পারিবে ইতি।

[গোপনীয় কথা প্রকাশ করিবার দণ্ডের কথা।]

২১২ ধারা। কোন লোক কথা প্রকাশ না করিতে এই আইনমতে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে আইনসিদ্ধরূপে বদ্ধ হইয়া, ঐ শপথ কি প্রতিজ্ঞাক্রমে যে

such oath or affirmation he is bound to keep secret, he shall be liable to be imprisoned with or without hard labor for a period not exceeding three years, and shall also be liable to a fine not exceeding five thousand Rupees.

[No person not served with particular notice to be liable to penalties.]

CCXIII. No person who shall not have been served in the manner directed by Section XXXVIII. of this Act with the notice provided by that Section, shall be liable to the penalties before mentioned for not delivering a return or declaration of his profits or income.

[Penalty for obstruction to officers in due execution of duty.]

CCXIV. If any person shall wilfully obstruct any Assessor or collecting Officer, or any officer duly authorized in the execution of this Act, in the due execution of his office or duty, such person shall, for every such offence, forfeit a sum not exceeding five hundred Rupees.

[Penalty for avoiding assessment by fraudulent removal or fraudulent disposition of property.]

CCXV. If any person, chargeable with any Duties under this Act, shall, by fraudulently changing his place of residence or by fraudulently converting his property or any part thereof, or by fraudulently conveying or assigning, or pretending to convey or assign the same, or by fraudulently altering any security with relation to such property, or by fraudulently rendering the same or any part thereof temporarily unproductive, in order that such person may not be charged for the same, or shall by any falsehood, wilful neglect, fraud, or contrivance whatsoever used or practised, avoid or attempt to avoid being charged and assessed according to the true intent and meaning of this Act, every such person shall, on proof thereof before the Collector or Commissioners acting for the place wherein such person shall be chargeable, be charged and assessed in treble the amount of the charge which ought to have been made on such person; and if in any such case such person shall have been assessed in an amount less than the assessment which ought to have been made on him, he shall be assessed and charged in treble the amount of the difference between the sum with which such person shall have been charged and the sum with which he ought to have been charged, to be added to such assessment, and shall also be liable to be imprisoned with or without hard labor for a period not exceeding two years and to a fine not exceeding one thousand Rupees.

[Penalty for removing from District after assessment, without leaving sufficient property to satisfy Duties]

CCXVI. If any person, being assessed to the said Duties, shall remove out of the District where he shall have been assessed to the said Duties, without first paying or discharging all the said Duties charged upon him which shall then be due

কোন বিষয় গোপনে রাখিতে বদ্ধ হয় তাহা যদি ইচ্ছাপূর্ব্বক প্রকাশ করে, তবে সে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে তিন বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবে। তদ্ভিন্ন তাহার পাঁচ হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[কোন লোককে বিশেষ এত্তেলা না দেওয়া গেলে তাঁহার দণ্ড না হইবার কথা।]

২১৩ ধারা। এই আইনের ৩৮ ধারামতে ঐ ধারার নির্দ্দিষ্ট এত্তেলা কোন লোককে না দেওয়া গেলে, তাঁহার লাভের কি আয়ের কোন কর্দ্দ কি কৈফিয়ৎ দাখিল না করিবার নিমিত্তে সেই লোক পূর্ব্বোক্ত দণ্ডের যোগ্য হইবেন না ইতি।

[কর্ম্মকারকেরা উপযুক্তমতে কর্ম্ম করিতেছেন এমত সময়ে তাঁহারদের বাধা দিবার দণ্ডের কথা।]

২১৪ ধারা। কোন আসেসর কি টাক্স উসুল করিবার কর্ম্মকারকেরা, কিম্বা এই আইনমতের কার্য্য করিতে উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক আপনং পদের কার্য্য উপযুক্তমতে করিতেছেন, এমত সময়ে যদি কেহ জানিয়াশুনিয়া তাঁহার বাধা দেয়, তবে তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[টাক্স না দিবার জন্যে ফাকি দিয়া অন্য স্থানে যাইবার কি সম্পত্তি স্থানান্তর করিবার দণ্ডের কথা।]

২১৫ ধারা। এই আইনমতে যাহার উপর কোন টাক্স বসান যাইতে পারে তাহার সেই টাক্স বসান না যায়, এই কারণে যদি সেই লোক প্রতারণা করিয়া আপনার বাসস্থান বদলাইয়া, কিম্বা প্রতারণামতে আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ বদলাইয়া অন্য দ্রব্য করিয়া, কিম্বা প্রতারণামতে তাহা হস্তান্তর করিয়া কি অন্যের হাতে গচ্ছিত করিয়া, কি হস্তান্তর করিবার কি অন্যের হাতে গচ্ছিত করিবার ছল করিয়া, কিম্বা ঐ সম্পত্তিসম্পর্কীয় কোন নিদর্শনপত্রাদি প্রতারণামতে বদল করিয়া, কিম্বা ঐ সম্পত্তি কি তাহার কোন অংশ প্রতারণামতে কিঞ্চিৎ কালের নিমিত্তে অপ্রাপ্তিজনক করিয়া, কিম্বা কোন মিথ্যা কথা কহিয়া, কি জানিয়াশুনিয়া কোন প্রকারের শৈথিল্য কি প্রতারণা কি ছল করিয়া কি চালাইয়া, তাঁহার উপর এই আইনের যথার্থ অভিপ্রায় ও অর্থমতে টাক্স বসান না যাইবার কি ধার্য্য না হইবার উপায় করে, কি করিবার উদ্যোগ করে, তবে ঐ লোকের উপর যে স্থানে টাক্স বসাইতে হয় সেই স্থানে কালেক্টর সাহেবের কি কমিসানর সাহেবেরদের সম্মুখে তাহার ঐ দোষের প্রমাণ হইলে, তাহার উপর যত টাক্স বসাইতে হয় তাহার তিনগুণ বসান যাইবে ও ধার্য্য হইবে. ও যদি তাহার উপর কিছু টাক্স বসান গিয়াছে, কিন্তু যত বসাইতে হয় তাহার কম বসান গেল, তবে যত বসান গিয়াছে ও যত বসান উচিত ইহার মধ্যে যত টাকা বিশেষ থাকে, তাহার তিনগুণ টাকা ঐ পূর্ব্ব বসান টাক্সের উপর চড়াইয়া তাহার উপর ধার্য্য হইবেক, তদ্ভিন্ন তাহার কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে দুই বৎসরপর্য্যন্ত কয়েদ ও এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[টাক্স ধার্য্য হইলে পর কোন লোক ঐ টাক্স শোধ করিবার উপযুক্ত সম্পত্তি না রাখিয়া অন্য জিলাতে গেলে তাহার দণ্ডের কথা।]

২১৬ ধারা। কোন লোকের উপর উক্ত টাক্স ধার্য্য হইলে পর, তাহার তৎকালের দেনা ও তাহার স্থানে পাওনা সেই সকল টাক্স না দিয়া ও পরিশোধ না করিয়া, ও তাহার উপর যে জিলাতে টাক্স ধার্য্য হইয়াছিল সেই জিলাতে সেই বাকী টাক্স যাহাহইতে

and payable, and without leaving in such District sufficient property whereon the said Duties in arrear may be raised and levied, and the same shall remain in arrear and unpaid for the space of twenty days after the time appointed by this Act for payment thereof, every such person shall forfeit (over and above the said Duties so left unpaid as aforesaid,) a sum not exceeding two hundred Rupees.

[Saving of punishment otherwise provided by law.]

CCXVII. Nothing in this Act contained shall prevent any person being punished for any offence in any manner otherwise provided by law. Provided that, if any proceedings be taken under this Act for the punishment of any person for an offence, a conviction or acquittal shall be a bar to any other proceedings for the same offence.

PART XX.

Mode of enforcing Penalties.

[Cognizance of offences.]

CCXVIII Except as otherwise provided, all offences under this Act may be tried by any Magistrate, Joint-Magistrate, or person lawfully exercising the powers of a Magistrate, unless the period of imprisonment to which the offender may be liable exceed that which the Magistrate, Joint-Magistrate, or other Officer as aforesaid is competent to award under the laws for the time being in force in the Presidency or place in which such Magistrate, Joint-Magistrate, or other Officer as aforesaid is employed. When the period of imprisonment provided by this Act exceeds the period that may be awarded by such Magistrate, Joint-Magistrate, or other Officer as aforesaid, the offender shall be committed for trial before the Sessions Judge, if the evidence given before such Magistrate, Joint-Magistrate, or other Officer as aforesaid shall appear to such Magistrate, Joint-Magistrate, or other Officer sufficient for the conviction of the accused.

[District in which certain offences shall be tried.]

CCXIX. Except as aforesaid, all offences declared to be punishable under this Act with fine or forfeiture, or fine and imprisonment, may be tried in the District or place in which the offence was committed, or in which the person charged with the same is apprehended.

[Magistrate may refer offences punishable with fine to his Assistants for trial]

CCXX. A Magistrate may refer for trial and decision any charge of an offence hereby made punishable by fine only, to any of his Assistants,

পাওয়া যাইতে ও উসুল হইতে পারে এমত উপযুক্ত সম্পত্তি না রাখিয়া, যদি সেই জিলাহইতে চলিয়া যায়, ও সেই টাকস দিবার যে সময় এই আইনে নিরূপণ হইয়াছে সেই সময়ের পর বিশ দিনপর্য্যন্ত যদি সেই টাকস বাকী ও শোধ না হইয়া থাকে, তবে উক্ত না দেওয়া টাকসের অতিরিক্ত ঐ লোকের ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবে ইতি ।

[আইনেতে দণ্ডের অন্য বিধান থাকিলে তাহা বহাল রাখিবার কথা ।]

২১৭ ধারা । কোন অপরাধের নিমিত্তে কোন লোকের দণ্ডের অন্য প্রকারের বিধান আইনেতে থাকিলে, এই আইনের কোন কথাতে তাহার সেই দণ্ডের কিছু বাধা হইবে না । কিন্তু যদি কোন অপরাধের নিমিত্তে কোন লোকের দণ্ড হইবার কোন মোকদ্দমাপ্রভৃতি এই আইনমতে হয়, তবে তাহার দোষ সাবুদ হইলে কি সে নির্দ্দোষ হইলেও সেই অপরাধের নিমিত্তে তাহার বিষয়ে মোকদ্দমাপ্রভৃতি অন্য কার্য্য হইতে পারিবে না ইতি ।

বিংশতিতম অধ্যায় ।

জরীমানার টাকা উসুল করিবার বিধি ।

[অপরাধের বিচার করিবার কথা ।]

২১৮ ধারা । অন্যপ্রকারের বিধান যদি না থাকে, তবে এই আইনের লিখিত সকল অপরাধের বিচার, কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা মাজিষ্ট্রেটের শক্তিক্রমে আইনমতের কার্য্যকারক কোন ব্যক্তির দ্বারা হইতে পারিবে । কিন্তু ঐ মাজিষ্ট্রেট কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের কার্য্যকারক যে রাজধানীতে কি স্থানে নিযুক্ত থাকেন সেই রাজধানীর কি স্থানের তৎকালের চলিত আইনমতে ঐ মাজিষ্ট্রেট কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব কি পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক যত কালপর্য্যন্ত কয়েদের হুকুম করিবার ক্ষমতাপন্ন হন, তাহার অধিক কালপর্য্যন্ত যদি অপরাধী কয়েদ হইবার যোগ্য হয়, তবে সেই মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতি ঐ বিচার করিতে পারিবেন না । এই আইনমতে যত কাল কয়েদ হইবার বিধান থাকে, তত কাল কয়েদ হইবার হুকুম করিতে যদি ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের শক্তি না থাকে, তবে ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের সম্মুখে যে প্রমাণ দেওয়া যায় তাহাই অভিযুক্ত ব্যক্তির দোষ সাবুদ করিবার জন্যে প্রচুর হয়, ঐ মাজিষ্ট্রেট সাহেব কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক এমত বোধ করিলে, ঐ অপরাধিকে সেশন জজ সাহেবের নিকটে বিচার হইবার জন্যে সোপর্দ্দ করা যাইবে ইতি ।

[কোন২ অপরাধের বিচার যে২ জিলাতে হইবে তাহার কথা ।]

২১৯ ধারা । পূর্ব্বোক্ত স্থলছাড়া, যে কোন অপরাধ হইলে এই আইনমতে জরীমানা কি টাকা জব্দ হইবার আজ্ঞা, কিম্বা জরীমানা ও কয়েদ হইবার আজ্ঞা হয় সেই অপরাধ যে জিলাতে কি স্থানে হয় তাহাতে, কিম্বা যাহার নামে নালিশ হয় তাহাকে যে জিলাতে কি স্থানে গ্রেপ্তার করা যায় তাহাতে, সেই অপরাধের বিচার হইতে পারিবে ইতি ।

[যে অপরাধের নিমিত্তে জরীমানা হইতে পারে তাহার বিচারার্থে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টকে মোকদ্দমা অর্পণ করিবার কথা ।]

২২০ ধারা । এই আইনমতে যে অপরাধের নিমিত্তে কেবল জরীমানা হইতে পারে, এমত অপরাধের কোন নালিশ হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহার বিচারও

and in such case every such Assistant may exercise all the powers vested in a Magistrate by any law for the time being in force, subject to all the rules applicable to Criminal cases deputed to such Assistant acting judicially.

[Local Government may authorize Assistants to exercise such powers without reference by Magistrate.]

CCXXI. The local Government may give general authority to any such Assistant to exercise, without reference by a Magistrate, any of the powers which such Assistant is hereby rendered competent to exercise upon reference by a Magistrate, subject to appeal to the Magistrate from any conviction by such Assistant within one month from the date of conviction.

[Magistrate may call for any case pending before such Assistant.]

CCXXII. A Magistrate may at any time call from any of his Assistants, any case pending before such Assistants.

[Jurisdiction over British subjects committing certain offences beyond the limits of Supreme Court.]

CCXXIII. If any offence which by this Act is declared to be punishable with fine and imprisonment, or imprisonment only, shall be committed by a European British subject beyond the local limits of the jurisdiction of Her Majesty's Supreme Courts of Judicature, the offender shall be liable, upon conviction before one of the said Supreme Courts of Judicature, to the punishment to which by this Act the offender is declared to be liable upon conviction.

[Summary jurisdiction in respect of certain offences committed within the limits of Supreme Court.]

CCXXIV. If any offence which by this Act is declared to be punishable with fine or forfeiture, or with fine and imprisonment not exceeding six months, shall be committed by any person within the local limits of the jurisdiction of any Court of Judicature established by Royal Charter, such offence shall be punishable upon summary conviction by any Magistrate of Police of the Presidency Town or Station in which such Court is held.

[To be continued.]

Act No. XXXVI. of 1860.

An Act to consolidate and amend the law relating to Stamp Duties.

[Continued from page 573.]

[Penalty if person employed to prepare a Conveyance inserts a less sum than the true purchase money.]

XXXVI. If any person shall knowingly and wil-

নিষ্পত্তি করিবার জন্যে আপনার কোন আসিষ্টাণ্ট সাহেবের প্রতি ঐ নালিশ অর্পণ করিতে পারিবেন। এমত স্থলে ঐ আসিষ্টাণ্ট সাহেবেরা বিচারকর্ত্তার কর্ম্ম করিলে তাঁহারদের নিকটে সোপর্দ্দকরা ফৌজদারী মোকদ্দমার উপর যে সকল বিধি খাটে তাহা মানিয়া, তৎকালের চলিত কোন আইনমতে মাজিষ্ট্রেট সাহেবকে যে সকল ক্ষমতা দেওয়া যায়, সেই সকল ক্ষমতামতে তাঁহারা কার্য্য করিতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা সোপর্দ্দ না হইলেও আসিষ্টাণ্ট সাহেবকে সেই শক্তিক্রমে কার্য্য করিতে স্থানবিশেষের গবর্ণমেণ্টের ক্ষমতা দিবার কথা।]

২২১ ধারা। মাজিষ্ট্রেট সাহেবহইতে মোকদ্দমা সোপর্দ্দ হইলে উক্ত প্রকারের কোন আসিষ্টাণ্ট সাহেব এই আইনমতে যে কোন ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন, মাজিষ্ট্রেট সাহেবহইতে সোপর্দ্দ না হইলেও তদ্রূপ কোন ক্ষমতাক্রমে কার্য্য করিতে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাঁহাকে সাধারণ শক্তি দিতে পারিবেন। কিন্তু ঐ আসিষ্টাণ্ট সাহেব যে কোন দোষ সাবুদ করেন, তাহার উপর ঐ দোষ সাবুদ করিবার তারিখঅবধি এক মাসের মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপীল হইতে পারিবে ইতি।

[আসিষ্টাণ্ট সাহেবের সম্মুখে উপস্থিতথাকা কোন মোকদ্দমা মাজিষ্ট্রেট সাহেবের তলব করিবার ক্ষমতার কথা।]

২১১ ধারা। আসিষ্টাণ্ট সাহেবের নিকটে যে কোন মোকদ্দমা উপস্থিত থাকে, তাহা মাজিষ্ট্রেট সাহেব যখন চাহেন তখন আপনার কোন আসিষ্টাণ্ট সাহেবের স্থানে তলব করিতে পারিবেন ইতি।

[ব্রিটনীয় প্রজারা সুপ্রিম কোর্টের এলাকার বাহিরে কোন২ অপরাধ করিলে তাহার বিচার হইবার ক্ষমতার কথা।]

২১৩ ধারা। যে কোন অপরাধ হইলে এই আইনমতে জরীমানা ও কয়েদ হইবার কিম্বা কেবল কয়েদ হইবার আজ্ঞা হয়, এমত অপরাধ যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার সীমা সরহদ্দের বাহিরে করে, তবে উক্ত কোন এক সুপ্রিম কোর্টে তাহার সেই দোষ সাবুদ হইলে, অপরাধির দোষ সাবুদ হইলে তাহার এই আইনমতে যে দণ্ড হইবেক সেই দণ্ড হইতে পারিবে ইতি।

[কোন২ অপরাধ সুপ্রিম কোর্টের এলাকার সীমার মধ্যে হইলে তাহার সরাসরীমতে বিচার হইবার কথা।]

১২৪ ধারা। যে কোন অপরাধ হইলে এই আইনমতে জরীমানা কি টাকা জব্দ হওয়ার, কিম্বা জরীমানা ও ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার আজ্ঞা হয় এমত কোন অপরাধ যদি কোন লোক রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত কোন আদালতের এলাকার সীমা সরহদ্দের মধ্যে করে, তবে ঐ আদালত যে রাজধানীতে কি সদর মোকামে বৈঠক করে সেই রাজধানীর কি মোকামের পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা ঐ দোষ সরাসরীমতে সাবুদ হইলে ঐ অপরাধের দণ্ড হইতে পারিবে ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩৬ আইন।

ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইন।

[৫৭৩ পৃষ্ঠহইতে চলিতেছে।]

[হস্তান্তরকরণপত্র লিখিয়া দিতে যে জন নিযুক্ত হয় সে জন খরীদের প্রকৃত টাকার কম লিখিলে তাহার দণ্ডের কথা।]

৩৬ ধারা। সেই সম্পত্তিপ্রভৃতির খরীদের কি বিনি-

fully insert or set forth in such Deed, Instrument, or Writing any less amount than the full and true purchase or consideration money directly or indirectly paid or secured or agreed to be paid for the same, he shall incur the penalties prescribed in the last preceding Section.

[Prosecution only to be by Collector of Stamp Revenue, &c.]

XXXVII. No person shall be proceeded against for any offence affecting the Public Revenue under this Act except at the suit or prosecution of the Collector of the Stamp Revenue acting under the orders of the Board of Revenue, or other authority charged by Government with the Duty of carrying out the provisions of this Act, or other Public Officer duly authorized by Government.

[Offences cognizable by Magistrate or Justice of the Peace.]

XXXVIII. Every offence punishable by this Act, except the offences punishable by Section XXXIII., shall be tried by any Magistrate or Justice of the Peace.

[Offences cognizable by other tribunals.]

XXXIX. The offences punishable by Section XXXIII. shall be tried by the Court having jurisdiction over the same, whether it be the Supreme Court of Judicature or the Session Judge or other Officer.

[Imprisonment in case of non-payment of fine.]

XL. If any person sentenced to any fine under the provisions of this Act, shall not pay the fine to which he shall be sentenced, it shall be lawful for the Officer or Court who tried him, to issue his or their warrant to levy the amount by distress and sale of the goods and chattels of the party fined, or to sentence the offender to imprisonment until the payment of the fine, or the expiration of a term to be assigned, not exceeding three months, whichever shall first take place.

[Interpretation. "Stamp." "Bill of Exchange." "Value."]

XLI. Throughout this Act and the Schedules annexed to it, the word "Stamp," except when the contrary shall appear from the context, is used to signify a stamped piece of paper or other stamped material for writing on; the term "Bill of Exchange" shall include a Hoondee or any other Instrument of a like nature; and by the "value" of a Stamp is meant a sum indicated by words or figures duly impressed upon such piece of paper or other materials.

[Commencement of Act.]

XLII. This Act shall come into force from the 1st of October 1860.

[*Government Gazette*, 11*th September*, 1860.]

ক্রয়ের যত টাকা সাক্ষাৎরূপে কি অন্য প্রকারে নিতান্ত দেওয়া গেল কি রক্ষিত হইল কি দিবার করার হইল, সেই সম্পূর্ণ ও প্রকৃত টাকার কম টাকা যদি কেহ জানিয়াশুনিয়া ও ইচ্ছামতে ঐ দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে লেখে, তবে তাহার ইহার পূর্ব্বের ধারার লিখিত দণ্ড হইতে পারিবেক ইতি।

[ইষ্টাম্পের মাসুলের রেবিনিউর কালেক্টর সাহেব প্রভৃতি বিনা অন্য কাহারো দ্বারা নালিশ না হইবার কথা।]

৩৭ ধারা। এই আইনমতে সরকারের যে রাজস্ব হয়, তৎসম্পর্কীয় কোন অপরাধের নিমিত্তে কোন লোকের নামে, বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেব কিম্বা এই আইনের বিধানমতে কার্য্য চালাইবার কর্ম্মের ভার গবর্ণমেণ্ট অন্য যে কার্য্যকারকের প্রতি অর্পণ করেন তিনি, কিম্বা গবর্ণমেণ্টহইতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত সরকারী অন্য কার্য্যকারক সাহেব মোকদ্দমা কি নালিশ না করিলে, মোকদ্দমা চলিবেক না ইতি।

[মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবের বিচার্য্য অপরাধের কথা।]

৩৮ ধারা। ৩৩ ধারামতে যে২ অপরাধের দণ্ড হইতে পারে তাহা ছাড়া, এই আইনমতে অন্য যে সকল অপরাধের দণ্ড হইতে পারে তাহার বিচার কোন মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেব করিবেন ইতি।

[অন্য আদালতের বিচার্য্য অপরাধের কথা।]

৩৯ ধারা। ৩৩ ধারামতে যে অপরাধের দণ্ড হইতে পারে তাহার উপর যে আদালতের এলাকা থাকে সেই আদালতে, অর্থাৎ সুপ্রিম কোর্টে কি সেশন জজ সাহেবের কি অন্য কার্য্যকারক সাহেবের আদালতে ঐ অপরাধের বিচার হইতে পারিবেক ইতি।

[জরীমানার টাকা না দেওয়া গেলে কয়েদ হইবার কথা।]

৪০ ধারা। এই আইনের বিধানমতে কোন লোকের কোন জরীমানা দিবার আজ্ঞা হইলে যদি সেই লোক ঐ দণ্ডাজ্ঞামতে জরীমানা না দেয়, তবে যে কার্য্যকারক সাহেব কি যে আদালত তাহার বিচার করিয়াছিলেন তিনি, যে লোকের জরীমানার হুকুম হইয়াছে, তাহার মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় করিতে আপনার পরওয়ানা জারী করিতে পারিবেন। কিম্বা ঐ জরীমানার টাকা যত কাল না দেওয়া যায়, কিম্বা তিন মাসের অনধিক যত কাল নিরূপণ করিতে হইবেক তত কালপর্য্যন্ত, অপরাধির কয়েদ হইবার হুকুম করিতে পারিবেন। ঐ মিয়াদ না ফুরাইলে যদি ঐ টাকা দেওয়া যায়, তবে তাহাকে ছাড়িয়া দেওয়া যাইবেক ইতি।

[ইষ্টাম্প ও বিল অফ একসচেঞ্জ ও মূল্য এই২ শব্দের অর্থ।]

৪১ ধারা। এই আইনের সমস্ত ধারাতে ও তাহার তফসীলে যদি পূর্ব্বাপর কথা বুঝিয়া অন্য অর্থ বোধ না হয়, তবে "ইষ্টাম্প" এই শব্দ যেখানে থাকে তাহাতে ইষ্টাম্পকরা কাগজ কি লিখিবার ইষ্টাম্পকরা অন্য দ্রব্য বুঝাইবে। ও "বিল অফ একসচেঞ্জ" এই শব্দেতে হুণ্ডী ও সেই প্রকারের অন্য দস্তাবেজও বুঝাইবে। ও ইষ্টাম্পের "মূল্য" এই শব্দেতে সেই কাগজে কি অন্য দ্রব্যেতে যত টাকাপ্রভৃতি অক্ষরে কি অঙ্কেতে ছাঁপা করা যায় তত টাকাপ্রভৃতি বুঝাইবে ইতি।

[এই আইন আমলে আসিবার কথা।]

৪২ ধারা। এই আইন ১৮৬০ সালের ১ অক্টোবর তারিখঅবধি চলিবে ইতি।

SCHEDULE A.

Specifying Deeds, Instruments, and Writings which require Stamps, and indicating the proper Stamps for those Deeds, Instruments, and Writings.

	PROPER STAMPS.
1. Agreement, Ikrar, or any Minute or Memorandum of an Agreement; such Agreement, Minute, or Memorandum not being otherwise provided for in this Schedule, whether the same be only evidence of a contract or obligatory upon the party—	
If relating to matters capable of valuation, and with the value stated	The same Stamp as for a Bond for the payment of the amount of the value stated.
If for an annual or any periodical payment ...	The same Stamp as for a Bond for the amount of ten years' payment, or of the total sum secured if less.
If for the performance of any legal act, or for a purpose not restricted to, nor specifying any amount	An optional Stamp—See Section XIV. of the Act.
Agreements for loans by Bankers made for short periods upon the deposit of Notes or other Securities of the Government of India, with or without a deposit of the Acceptance or Promissory Note of the borrower, provided that no such Agreement is drawn in the form of a Bond or of a Bill of Exchange or Promissory Note or in any such way as would render it a negotiable Instrument passing by endorsement, for whatever amount, in case such loan shall not exceed one month, the uniform Stamp of	2 Rupees.
And in case such loan is for a period exceeding one month or not exceeding three months ...	4 Rupees.
EXEMPTIONS.	
Agreement for the hire of any Laborer, Artificer, Manufacturer, or menial Servant.	
Agreement, Memorandum, or Letter made for or relating to the sale of any Goods, Wares, or Merchandize.	
2. Affidavits and solemn declarations not made for the immediate purpose of being filed, read, or used in any Court of Law, per sheet	1 Rupee.
3. Assignments, if not of the nature specified under the heads of Conveyances and Settlements, nor specially exempted—	
In cases where the assignment is of any interest secured by an original Deed or Instrument on a Stamp of a value less than eight Rupees ...	The same Stamp as the original Deed.
In other cases	8 Rupees.
EXEMPTION.	
মন্তব্য কথা। আদালতে কিম্বা মালগুজারীর কার্য্যকারকেরদের সম্মুখে উপস্থিতথাকা জাবেতামতের কি সরাসরী কি কোন প্রকারের মোকদ্দমাপ্রভৃতি চালাইবার জন্যে যে ওকালৎনামা ও মোখ্তারনামা ও অন্য ক্ষমতাপত্র দাখিল করা যায় তাহার নিমিত্তে	B চিহ্নিত তফসীল দেখ।
৩৫। খাতকদিগকে কর্জ্জ শোধ করিবার জন্যে মহাজনেরা অধিক সময় দিবার যে পত্র খাতকদিগকে দেন তাহার উপর	৮৲ টাকা

বন্ধকী পত্র।

৩৬। বন্ধকী পত্র। অর্থাৎ যে টাকা পাওনা হয় কি কর্জ্জ দেওয়া যাইবে তাহার জামিনীস্বরূপে কোন জমীর কি ইষ্টেটের কি স্থাবর কি অস্থাবর সম্পত্তির দখল দেওয়াইয়া কি না দেওয়াইয়া, তাহার বন্ধকী পত্রের কি নিয়মাধীনে বিক্রয়পত্রের, ও যে টাকা পাওনা হয় কিম্বা কর্জ্জ দেওয়া যায় তাহার জামিনীস্বরূপ কোন দলীল কি চুক্তিপত্র করা গেলে, সম্পত্তির অধিকারপত্র দাখিল করিবার সময়ে তাহার সঙ্গে তদ্রূপ যে দলীল কি চুক্তিপত্র করা যায় তাহার উপর . .	যত টাকা পাওনা হয় কি কর্জ্জ দেওয়া যায় তত টাকার বণ্ডের সমান ইষ্টাম্প।
৩৭। বন্ধক দেওয়া সম্পত্তির পুনরায় হস্তান্তর করণপত্রের উপর	আসৈনমেণ্টের সমান ইষ্টাম্প।
৩৮। বন্ধকী দ্রব্য বিক্রয় করিয়া পাওনা টাকা আদায়ের ফারখত্তার উপর	হস্তান্তর করণপত্রের সমান ইষ্টাম্প।
৩৯। গবর্ণমেণ্টের কোন নিদর্শনপত্র খারিজদাখিল করিবার কিম্বা নিরূপিত কালের নিমিত্তে বার্ষিক বৃত্তি দিবার, কিম্বা যাহার মুল্য ধরা যাইতে পারে এমত কোন বিষয় কি দ্রব্য পরে কোন কালে দাখিল করিবার জামিনীস্বরূপে যে বন্ধকী পত্রপ্রভৃতি দেওয়া যায় তাহার উপর	যত টাকার জামিন হয় কিম্বা প্রকৃত যত মুল্য হয় তত টাকা দিবার বণ্ডের সমান ইষ্টাম্প।
৪০। কোন কাহার আয়ুঃপর্য্যন্তপ্রভৃতি অনিরূপিত কালের নিমিত্তে বার্ষিক বৃত্তির জামিনীস্বরূপ যে বন্ধকী পত্র দেওয়া যায় তাহার উপর	বৎসরে যত টাকা দিতে হয় তাহার দশগুণ টাকার উপযুক্ত ইষ্টাম্প।
ঐ বন্ধকী পত্র যত টাকার জামিনীস্বরূপ হয় তাহা এত টাকার অধিক না হয় এই মর্ম্মের যদি করার থাকে তবে	তত টাকার বন্ধকী পত্রের সমান ইষ্টাম্প।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৫ সেপ্টেম্বর।]

	উচিত ইষ্টাম্প।
ঐ বন্ধকী পত্র যোটে যত টাকার জামিনীস্বরূপ হয় তাহা যদি অনিশ্চিত থাকে তবে ...	স্বেচ্ছামতের ইষ্টাম্প। আইনের ১৪ ধারা দেখ।
যত টাকার বাবৎ বন্ধক হয় তাহার খত যদি পূর্ব্বে লওয়া গিয়া থাকে, কিম্বা অন্য যে কোন ব্যাপারে দস্তাবেজ ইষ্টাম্প কাগজে করা গিয়াছে তাহাতে যদি অন্য কোন কারণে ঐ বন্ধকী পত্র আসল দলীল না হইয়া প্রতিপোষক দলীলস্বরূপ হয় তবে তাহার উপর ...	ঐ খত কি অন্য দস্তাবেজ আট টাকার অধিক মূল্যের ইষ্টাম্প কাগজে না হইলে তাহার সমান ইষ্টাম্প লাগিবে। অধিক হইলে আট টাকার ইষ্টাম্প লাগিবে।
উভয় পক্ষ যে প্রকারে ঐ বন্ধকী কার্য্য করিতে চাহে তাহা বুঝিয়া যদি এক দলীলের অধিকের প্রয়োজন হয়, তবে আসল দলীল উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা থাকিলে অন্য প্রত্যেক দলীলের উপর ...	আসল দলীলের ইষ্টাম্প আট টাকার অধিক না হইলে তাহার সমান ইষ্টাম্প লাগিবেক। অধিক হইলে আট টাকার ইষ্টাম্প লাগিবে।
৪১। গবর্ণমেন্টের নিদর্শনপত্র কি সোণারূপা কি রূপার ঘটীবাটী কি গহনাপ্রভৃতি বন্ধক রাখিয়া যে টাকা কর্জ্জ দেওয়া যায় কি আগাম দেওয়া যায় তাহার বন্ধকী পত্রের, কি আসৈনমেন্টের অর্থাৎ অর্পণপত্রের, কি রসীদের উপর	প্রমিসরি নোটের অর্থাৎ খতের যত ইষ্টাম্প লাগে তত।

বিভাগপত্র।

৪২। বিভাগপত্র। অর্থাৎ ইষ্টেট কি স্থাবর কি অস্থাবর সম্পত্তি আপোসে কিম্বা সরকারী কার্য্যকারকেরদের দ্বারা বিভাগ করা গেলে, কিম্বা হিন্দুরদের মধ্যে যেমন হইয়া থাকে তেমনি ভ্রাতারদের সম্পত্তি বিভাগের মত বিভাগ হইলে, প্রত্যেক জন শরীক ঐ বিভাগ পত্রের যে নকল লয় তাহার উপর

				উচিত ইষ্টাম্প।
শরীকের অংশের মূল্য শত টাকার অধিক না হইলে ...				॥০
১০০৲ টাকার অধিক ২০০৲ টাকার অনধিক হইলে ...				১৲
২০০৲	ঐ	৪০০৲	ঐ ...	২৲
৪০০৲	ঐ	৬০০৲	ঐ ...	৪৲
৬০০৲	ঐ	৮০০৲	ঐ ...	৬৲
৮০০৲	ঐ	১,০০০৲	ঐ ...	৮৲
তাহার উপর চারি২ শত টাকার কি তাহার কোন অংশের				২৲
যে বিষয়ের বিভাগ হয় তাহার সমুদয় কি কোন অংশ যদি টাকা ছাড়া অন্য বিষয় হয়, ও সেই বিষয় ন্যায্যামতে বিভাগের যে কিছু কমী বেশী হয় তাহা সমান করিবার জন্য, ঐ বিষয়ের মধ্যে নয় এমত কোন টাকা যদি দেওয়া যায় কিম্বা দিবার করার হয় তবে ...				যে বিষয়ের বিভাগ হয় তাহা ন্যায্যরূপে অংশাংশমতে নিতান্ত বিভাগ হইলে যত ইষ্টাম্প লাগে, ও তাহার কমী বেশী সমান করিবার নিমিত্তে যত টাকা দেওয়া যায় কি দিবার করার হয়, তত টাকার হস্তান্তর করণপত্রের কি বয়নামার যত ইষ্টাম্প লাগে. ঐ দুই ইষ্টাম্পের সমান মূল্যের ইষ্টাম্প লাগিবে।

বিমাপত্র।

৪৩। বিমাপত্র। অর্থাৎ কোন লোকের কি লোকেরদের মরণের পরে, কিম্বা তাহার কি তাহারদের আয়ুর কালে কোন ঘটনা হইলে, কতক টাকা দিবার যে বিমাপত্র, কিম্বা অন্য কোন নামে খ্যাত যে দস্তাবেজ করা যায়, তাহা.

	উচিত ইষ্টাম্প।
এক ২ হাজার টাকার ও হাজারের কম যত টাকার হয় তাহার উপর	॥০

	উচিত ইষ্টাম্প।
৪৪। কোন জাহাজের কি সুলুপের কি ডঙ্গের কি নৌকাপ্রভৃতির উপর, কিম্বা জাহাজাদিতে থাকা কোন মালের কি দ্রব্যের উপর, কিম্বা কোন জাহাজ কি সুলুপ কি ডঙ্গের কি নৌকাপ্রভৃতির বোঝাই দ্রব্যের উপর, কিম্বা তাহার কোন সম্পর্কের উপর বিমাপত্র হইলে, কিম্বা যত টাকার বিমাপত্র হয় তাহার উপর শতকরা দুই টাকার অধিকের প্রিমিয়ম যদি না হয় তবে ঐ জাহাজপ্রভৃতির কোন যাত্রার উপর বিমাপত্র হইলে, যদি হাজার টাকার অধিকের বিমাপত্র না হয় তবে তাহার ...	॥০
যদি হাজার টাকার অধিকের বিমাপত্র হয় তবে ফি হাজার টাকার উপর, ও তাহার মধ্যে হাজারের কম যত হয় তাহারও উপর	॥০
যত টাকার বিমাপত্র হয় তাহার উপর শতকরা দুই টাকার অধিক প্রিমিয়ম হইলে, সমুদয় যদি এক হাজার টাকার অধিক না হয়, তবে তাহার	১৲
যদি এক হাজার টাকার অধিকের বিমাপত্র হয়, তবে ফি হাজার টাকার উপর ও তাহার মধ্যে হাজারের কম যত হয় তাহারও উপর	১৲
প্রমিসরি নোট।	
প্রমিসরি নোট। অর্থাৎ করারী তমঃসুক কি খৎ।	বিল অফ একসচেঞ্জ দেখ।
৪৫। সর্ব্বসুদ্ধ যত টাকা দিতে হইবেক ইহা স্থির ও নিশ্চিত হইয়া, কিস্তিবন্দী করিয়া টাকা দিবার কিম্বা ভিন্ন২ তারিখে বিশেষ২ কতক টাকা দিবার খতের উপর	ঐ সমুদয় টাকা দিবার খতের সমান ইষ্টাম্প।
৪৬। প্রোটেষ্ট অর্থাৎ কোন হুণ্ডী কি কতক টাকার প্রমিসরি নোট অর্থাৎ খৎ যাঁহার নামে দেওয়া যায় তাঁহার হাতে ঐ হুণ্ডীর টাকা নাই এই কথা লেখা গেলে, কি সরকারী উকীলের দ্বারা ঐ হুণ্ডীপ্রভৃতির পৃষ্ঠে ঐ কথা লেখান গেলে, যদি তাহার ইষ্টাম্পের বিধি এই তফসীলের অন্য স্থানে হয় নাই কি তাহার ইষ্টাম্প না হইবার বিধি হয় নাই তবে তাহার উপর ...	১৲
রসীদ।	
৪৭। কোন টাকা পাওয়া গেলে কিম্বা কর্জ্জা টাকার কি অন্য প্রকারের পাওনা টাকার পরিশোধ হইলে তাহার ফারখৎস্বরূপে রসীদ কি ফারখতী পত্র দেওয়া গেলে, ঐ রসীদ কি ফারখৎ যদি ১০৲ টাকার হয় কিম্বা ৫০৲ টাকার অধিকের না হয় তবে তাহার উপর ...	৵০
যদি ৫০৲ টাকার অধিকের হয় তবে তাহার উপর	৴০

যে২ রসীদের ইষ্টাম্প লাগিবে না তাহা এই২।

(বাঙ্গলা দেশে।)

কোন রাইয়ৎ কি জমীর অন্য চাষী যে জমী চাষ করিয়াছে সরকারের মালগুজারীর এমত জমীর খাজানার কবজ কি ফারখৎ।

(মান্দ্রাজ ও বোম্বাই দেশে।)

সরকারী মালগুজারীর জমীর দখীলকার যে খাজানা দেয় তাহার কবজ কি ফারখৎ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৫ সেপ্টেম্বর।]

উচিত ইষ্টাম্প।

সাধারণ যেং রসীদপ্রভৃতির ইষ্টাম্প লাগিবে না তাহা এইং।

যাহার উপযুক্ত ইষ্টাম্প হইয়াছে টাকা দিবার এমত কোন প্রমিসরি নোটের কি হুণ্ডীর কি ড্রাফ্‌টের কি অর্ডরের উপর যে রসীদ কি ফারখৎ লেখা যায় তাহা

কোন প্রমিসরি নোট কি হুণ্ডী কি টাকার অন্য নিদর্শনপত্র পাওয়া গিয়াছে এই মর্ম্মের যে পত্র ডাকে চালান হয় তাহা।

উপযুক্তমতের ইষ্টাম্প কাগজে লেখা কোন বন্ধকী পত্রের কি অন্য জামিনীপত্রের কি হস্তান্তর করণপত্রের কি নিরূপণপত্রের কি লোকবিশেষের বণ্ডের কি অন্য দস্তাবেজের উপর কি তাহার মধ্যে যে রসীদ কি ফারখৎ লেখা থাকে, অর্থাৎ কোন বিষয়ের পরিবর্ত্তে যে টাকা ঐ দলীলে নির্দ্দিষ্ট থাকে তাহা পাইবার, কিম্বা তাহাতে যে আসল টাকা কি সুদ কি বার্ষিক বৃত্তি ধরা আছে তাহা পাইবার রসীদ কি ফারখৎ।

কোন ব্যাঙ্কে আমানৎকরা কিম্বা কোন বণিকের হাতে গচ্ছিতকরা যে টাকার হিসাব সুদসমেত কি সুদছাড়া দেওয়া যাইবে তাহার রসীদ। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ টাকার হিসাব যাহাকে দেওয়া যায় তাহারই স্থানে ঐ টাকা পাওয়া গিয়াছে এই কথা লেখা থাকে, অন্যের হাতে পাওয়া গিয়াছে এমন লেখা না থাকে। আরো জানিতে হইবেক যে, কোন জাইণ্ট ষ্টাক কি অন্য কোম্পানির কি প্রস্তাবিত কি সম্ভাবিত কোম্পানির কোন লিপির কি শ্যারের উপর টাকা দিবার যে দাওয়া হয়, তৎসম্পর্কীয় শ্যার বিলি করিবার পত্রের উপর যে টাকা দেওয়া যায় কি আমানৎ করা যায় সেই টাকার রসীদের কি ফারখতীর উপর এই বিধি খাটিবে না। সেই প্রকারের রসীদ যে কেহ দিউক তাহার উপর রসীদের উপযুক্ত ইষ্টাম্প্য লাগিবে।

তফসীল।

৪৮। কোন করারনামাতে কি পাট্টার কি বণ্ডে কি দলীলে কি অন্য দস্তাবেজে যে তফসীলের উল্লেখ হয় তাহার কি হাজার শব্দের কি তাহার কোন অংশের উপর ... ... ১০৲

নিরূপণপত্র।

৪৯। নিরূপণপত্র কি স্ত্রীধন নিরূপণপত্রপ্রভৃতি অর্থাৎ কোন লোকের কি লোকেরদের নিমিত্তে কি মঙ্গলার্থে যে কিছু টাকা কি গবর্ণমেণ্টের কোন প্রমিসরি নোট কি স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি কোন প্রকারেতে নিরূপণ করিয়া দেওয়া যায় কি দিবার করার হয় সেই টাকার কোন দলীলের কি দস্তাবেজের উপর ...

যত টাকা নিরূপণ করিয়া দেওয়া যায় কি দিবার করার হয়, কিম্বা সম্পত্তি হইলে তাহার মূল্য যত টাকা হয়, তত টাকার বণ্ডের যত ইষ্টাম্প লাগে তত। কিম্বা যদি মূল্য নিশ্চিত না হয় তবে যেচ্ছামতের ইষ্টাম্প। এই আইনের ১৪ ধারা দেখ।

যে নিরূপণপত্রের ইষ্টাম্প লাগিবে না তাহা এইং।

উইলপ্রভৃতি অর্থাৎ মরণের পরে সম্পত্তির নিয়মপত্র ও পূর্ব্বকরা কোন নিরূপণপত্র কি দলীল [illegible] অনুসারে কিম্বা তাহাতে প্রাপ্ত শক্তিমতে কোন ট্রুষ্টী কি ব্যক্তি নিয়োগ কি সম্পত্তি বিভাগপ্রভৃতি যে দলীলে কেবল প্রকাশ হয় তাহা।

	উচিত ইষ্টাম্প।

সাধারণমতে যে২ দলীলে ইষ্টাম্প লাগিবে না তাহা ও সাধারণ বিধি।

কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া যে প্রকারের হউক, তাহাতে যদি গবর্ণমেণ্ট কি কোন বোর্ড কি কমিস্যান কি আদালত কিম্বা সরকারী কর্ম্মকারক আপন সরকারী পদোপলক্ষে এক পক্ষ হন, তবে তাহার ইষ্টাম্প লাগিবে না।

মন্তব্য কথা। ইষ্টাম্প না লাগিবার উক্ত কথা কোর্ট ওয়ার্ডসের কি স্থানবিশেষের এজেণ্টেরদের কিম্বা তাঁহারদের আজ্ঞার অধীন অন্য কর্ম্মকারকেরদের কিম্বা কোন আডমিনিষ্ট্রেটর জেনরলের করা কি তাঁহারদিগকে করিয়া দেওয়া কোন দলীলের ও দস্তাবেজের ও লেখাপড়ার উপর লাগিবে না। ও বাকী মালগুজারীর কি খাজানার নিমিত্তে, কিম্বা আদালতের ডিক্রী কি হুকুম জারী করিয়া যে নীলাম হয় তাহার উপরও লাগিবে না। এমত স্থলে খরীদারেরা যখন খরীদের টাকা দেয়, তখন উপযুক্ত ইষ্টাম্প কাগজের মূল্য কি উপযুক্ত ইষ্টাম্প কাগজ দিবেক, ও তাহারা উপযুক্ত ইষ্টাম্প কাগজে লেখা বয়নামা ঐ নীলামকরণিয়া কার্য্যকারকের স্থানে পাইবে।

এই তফসীলমতে যে কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া ইষ্টাম্প কাগজে লিখিতে হয়, তাহা একই ইষ্টাম্প কাগজে কিম্বা অনেক কাগজে লেখা যাইতে পারিবে, কিন্তু ইহাতে প্রয়োজন যে তফসীলমতে যত মূল্যের ইষ্টাম্প কাগজ লাগিবে, ঐ সকল কাগজের মোটে তত মূল্য হয়।

পূর্ব্বকরা নিরূপণপত্রের কি দলীলের কি উইলের দ্বারা যে২ বিষয় দান কি নিরূপণ হয় তাহা রক্ষা করিবার দলীল।

B চিহ্নিত তফসীল।

ইহার কথা আইনের ১৬ ধারাতে আছে। ইহাতে আদালতের কাগজপত্রের বিশেষ কথা নির্দিষ্ট হইয়াছে।

হাজিরজামিন।

১। হাজিরজামিনী কি ফেয়ালজামিনী খৎ বিশেষ কতক টাকার তাইনে হউক কিম্বা জরীমানার নিশ্চিত কি অনিশ্চিত কতক টাকার তাইনে হউক যদি দেওয়ানী আদালতের, কিম্বা বিচারকর্ত্তার ক্ষমতামতে কার্য্যকারি মালগুজারীর কোন কর্ম্মকারকের বিশেষ হুকুমমতে দেওয়া যায় ও দাখিল করা যায় তবে তাহার উপর ..	দরখাস্তের যত ইষ্টাম্প লাগে তত লাগিবে।
আদালতের হুকুম না হইয়া যদি লোকেরা আপোসে করে তবে তাহার উপর	বণ্ডের মত ইষ্টাম্প লাগিবে। A চিহ্নিত তফসীল দেখ।

হুকুমের ও ডিক্রীর নকল।

২। হুকুমের ও ডিক্রীর নকল অর্থাৎ জাবেতামতের সকল মোকদ্দমায় সদর দেওয়ানী আদালতের অধীন কোন আদালতের যে হুকুম ও ডিক্রী হয় তাহাতে যদি ৫০৲ টাকাঅবধি দাবী হয় তবে তাহার নকলের ফর্দ্দপ্রতি	১৲
সদর দেওয়ানী আদালতে জাবেতামতের কোন মোকদ্দমায় যে হুকুম কি ডিক্রী হয় তাহার নকলের ফর্দ্দপ্রতি	৪৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৫ সেপ্টেম্বর।]

উচিত ইষ্টাম্প।

৩। মালগুজারীর ও আদালতের কর্ম্মকারীর কি হুকুমের নকল, কিম্বা হিসাবের ও কৈফয়তের ও রিপোর্টপ্রভৃতির নকল, যদি নথীর শামিল করা গিয়াছে কিন্তু ব্যবহার করিবার কি দেখিবার জন্যে নকল করা যায়, কিম্বা আসল উঠাইয়া লইয়া তাহার পরিবর্ত্তে নথীর শামিল রাখিবার জন্যে নকল করা যায়, তবে সেই নকলের ফর্দ্দপ্রতি . .. ॥০

নকল করিবার কাগজের যে পরিমাণ নিরূপণ আছে তাহাহইতে বড় ফর্দ্দ হইবেক না (অর্থাৎ ইষ্টাম্প আফিসের ৩ নম্বরের কাগজের সমান হইবে) ও তাহার কেবল এক পিঠে লিখিতে হইবেক।

মোখ্তারনামাপ্রভৃতি।

৪। মোখ্তারনামা ও ওকালৎনামা ও অন্য ক্ষমতাপত্র যে বেতামতের কি সরসরী মোকদ্দমা, কিম্বা দেওয়ানী কি ফৌজদারী আদালতে কি মালগুজারীর কার্য্যকারক সাহেবেরদের সম্মুখে উপস্থিতথাকা কোন প্রকারের মোকদ্দমা কি কার্য্য চালাইবার নিমিত্তে দাখিল কি উপস্থিত করা যায় তাহা ॥

যদি কোন সদর আদালতে উপস্থিত করা যায় তবে .. ১৲ টাকা।

যদি কোন বোর্ড রেবিনিউতে কিম্বা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের কি কমিসানরের সম্মুখে দাখিল করা যায় তবে . . ১৲

যদি সদর আদালতছাড়া কোন দেওয়ানী কি ফৌজদারী আদালতে কিম্বা কোন কালেক্টর সাহেবের কিম্বা মালগুজারীর অন্য কার্য্যকারকের সম্মুখে উপস্থিত করা যায় তবে .. ... ॥০

যে মোখ্তারনামায় ইষ্টাম্প লাগিবে না
তাহা এই।

পল্টনের সেনাপতিরা কি সৈন্যেরা যে মোখ্তারনামা দেন তাহা।

কোন ফৌজদারী আদালত যদি আসামীর পক্ষে কৌন্সেলী সাহেবপ্রভৃতিকে মোখ্তারনামা বিনা হাজির হইতে দেন তবে এমন স্থলে।

আপীলের আরজী।

৫। আপীলের আরজী অর্থাৎ নালিশের আরজী অগ্রাহ্য করিবার হুকুমের উপর, কিম্বা ডিক্রীর উপর কিম্বা যে হুকুম আইনমতে ডিক্রীর তুল্য বলবৎ হয়, তাহার উপর না হইয়া, অন্য আপীলের আরজী। কোন আদালতের বিচার্য্য কোন বিষয়ের যে দরখাস্ত কি আরজী ঐ আদালতে করা যায় তাহা নীচের লিখিত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। অর্থাৎ

সদর আদালতে দাখিল হইলে . ১৲

সদর আদালতের অধীন কোন আদালতে দাখিল হইলে ... . ॥০

বাঙ্গলা দেশের জন্যে বিশেষ বিধি।

এই তফসীলমতে যাহার ইষ্টাম্প লাগিবে না তাহার মধ্যে যাহা না আইসে এমত যে দরখাস্ত কি আরজী সদর নিজামৎ আদালতে, কি বোর্ড রেবিনিউতে কি হাসিল ও নিমক ও আফীনের বোর্ডে করা যায় তাহার ... . ১৲ টাকা

[*Government Gazette*, 25th *September*, 1860.]

উচিত ইষ্টাম্প।

এই তফসীলমতে যাহার ইষ্টাম্প লাগিবে না তাহা ছাড়া অন্য যে দরখাস্ত কি আরজী অন্য কোন ফৌজদারী আদালতে কি মালগুজারীর অন্য কাছারীতে করা যায় তাহার ৪০

সাধারণ যে আরজীর ইষ্টাম্প লাগিবে না তাহা এই২।

পঞ্চাশ টাকার কম মূল্যের কোন মোকদ্দমার সম্পর্কে যে দরখাস্ত কি আরজী কোন মুনসেফের আদালতে দাখিল হয় তাহা ও ১৮৫৯ সালের ১০ আইনমতে সেই মূল্যের মোকদ্দমার যে দরখাস্ত কি আরজী কালেক্টর সাহেবের কি ডেপুটী কালেক্টরের নিকটে করা যায় তাহা।

কোন সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে সাক্ষ্য দিবার জন্যে কিম্বা দলীল উপস্থিত করিবার জন্যে সমন করিবার যে দরখাস্ত হয়, কিম্বা কোন দস্তাবেজ উপস্থিত করিবার কি দাখিল করিবার বিষয়ে যে দরখাস্ত হয় তাহা।

মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে চৌকীদারী ট্যাক্সের উপর আপীলের যে আরজী দেওয়া যায় তাহা।

পোলীসসম্পর্কীয় কার্য্য বিষয়ে যে পত্র মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে পাঠান যায় কিন্তু রিকার্ড হইবার অভিপ্রায়ে নহে সেই পত্র।

জমীর খাজানাসম্পর্কীয় কিম্বা স্বত্বনিরূপণের বিষয়ে, কিম্বা জমীর উপর সরকারী মালগুজারীর বন্দোবস্তের অন্য কোন বিষয়ে যে দরখাস্ত কালেক্টর সাহেবেরদের কি বন্দোবস্তের অন্য কার্য্যকারকেরদের নিকটে করা যায় তাহা কিন্তু ইহাতে প্রয়োজন যে বন্দোবস্তের কার্য্য চলিবার সময়ে, ঐ দরখাস্ত দাখিল করা যায়।

উক্ত বিষয়ের যে দরখাস্ত রেবিনিউ বোর্ডে কি কমিসানর সাহেবেরদের নিকটে হয় তাহা।

দোষ ও অপরাধের বিষয়ে যে সকল দরখাস্ত ও আরজী ও নালিশ ও জ্ঞাপনপত্র দেওয়া যায় তাহা।

কয়েদীরা কি বন্দুয়ানেরা কি যে লোকেরা জোবানবন্দী দিবার অপেক্ষায় কিম্বা অন্য প্রকারে আদালতের কি আমলারদের হাজতে থাকে কি তাহারদের দ্বারা আটকান থাকে তাহারা যে দরখাস্ত করে তাহা।

মান্দ্রাজ ও বোম্বাই দেশে যে দরখাস্তের ইষ্টাম্প লাগিবে না তাহার কথা।

বোম্বাই দেশের চলিত ১৮২৮ সালের ৬ আইনমতের যে সকল মোকদ্দমা হয় তাহার সম্পর্কীয় যে সকল দরখাস্ত কি আরজী মালগুজারীর কার্য্যকারক সাহেবদিগকে দেওয়া যায় তাহা ইষ্টাম্প কাগজে লিখিবার প্রয়োজন নাই। কেবল এই তফসীলের শেষে বিশেষ যে বিধি করা গেল সেই বিধির নির্দ্দিষ্ট স্থলে লাগিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৫ সেপ্টেম্বর।]

নালিশের আরজী।

৬। নালিশের আরজী অর্থাৎ টাকা পাইবার জন্যে কিম্বা কোন সম্পর্ক কি বিষয় কি দ্রব্য পাইবার জন্যে রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত আদালতের এলাকার সীমাসরহদ্দের বাহিরের কোন দেওয়ানী আদালতে যে কোন মোকদ্দমা ও আপীল উপস্থিত করা যায়, তাহার অন্য বিধি যদি না হইয়া থাকে তবে সেই মোকদ্দমার ও আপীলে যে নালিশের আরজী হয় তাহার উপর।—

ইষ্টাম্পের এই কর্দ্দ।				উচিত ইষ্টাম্প।
যে সম্পত্তির দাওয়া হয় তাহা ১৬৲ টাকার অধিক না হইলে	...	...	...	১ টাকা
১৬৲ টাকার অধিক ৩২৲ টাকার অনধিক হইলে	...	...	...	২৲
৩২৲	ঐ	৬৪৲	ঐ	৪৲
৬৪৲	ঐ	১৫০৲	ঐ	৮৲
১৫০৲	ঐ	৩০০৲	ঐ	১৬৲
৩০০৲	ঐ	৮০০৲	ঐ	৩২৲
৮০০৲	ঐ	১,৬০০৲	ঐ	৫০৲
১,৬০০৲	ঐ	৩,০০০৲	ঐ	১০০৲
৩,০০০৲	ঐ	৫,০০০৲	ঐ	১৫০৲
৫,০০০৲	ঐ	১০,০০০৲	ঐ	২৫০৲
১০,০০০৲	ঐ	১৫,০০০৲	ঐ	৩৫০৲
১৫,০০০৲	ঐ	২৫,০০০৲	ঐ	৫০০৲
২৫,০০০৲	ঐ	৫০,০০০৲	ঐ	৭০০৲
৫০,০০০৲	ঐ	১,০০,০০০৲	ঐ	১,০০০৲
১,০০,০০০৲	ঐ	...	...	২,০০০৲

কালেক্টরী কাছারীতে ১৮৫৯ সালের ১০ আইনমতে যে সকল মোকদ্দমা করা যায় তাহার নালিশের আরজীরও উক্ত হারে মাসুল লাগিবে।

মন্তব্য কথা। (ক) বাঙ্গলা দেশে সরকারী মালগুজারীর জমীর বাবৎ মোকদ্দমা হইলে, যদি সেই জমী এক পূরা মহাল হয় কিম্বা তাহার বিশেষ এক অংশ হয় ও সেই অংশের নির্দ্ধারিত জমা থাকে, তবে কটকসমেত দক্ষ ও জয়করা দেশে ঐ মহালের কিম্বা তাহার পূর্ব্বোক্ত অংশের যত মালগুজারী বৎসরে২ সরকারে দিতে হয়, তাহাই ঐ মহালপ্রভৃতির মূল্য বলিয়া ধরা যাইবে। ঐ জমীর যদি ইস্তমরারী জমা ধার্য্য হইয়াছে তবে তাহার মূল্য বৎসরে যত জমা দিতে হয় তাহার তিনগুণ ধরা যাইবে।

(খ) মান্দ্রাজ দেশে, সরকারী মালগুজারীর জমীর বাবৎ মোকদ্দমা হইলে, যে বৎসরে মোকদ্দমা হয় সেই বৎসরে সদর তালুকদারেরদের ও মফঃসলী ইজারদারেরদের ও রাইয়তেরদের ঐ জমীর বৎসরের উৎপন্ন যত দিতে হয় তাহা ঐ জমীর মূল্য বলিয়া ধরা যাইবে।

(গ) বোম্বাই দেশে, সরকারী মালগুজারীর জমীর বাবৎ মোকদ্দমা হইলে, বৎসরে যত খাজানা ধার্য্য হয় তাহা ঐ মোকদ্দমার সম্পত্তির মূল্য বলিয়া ধরা যাইবেক।

(ঘ) লাখেরাজ কি ইনাম কি নিষ্কর জমীর মোকদ্দমায়, ঐ জমীর রাইয়তেরদের কি অন্য পেটাও প্রজারদের বৎসরে যত জমা দিতে হয় তাহার মোট টাকার আঠারগুণ ঐ জমীর মূল্য বলিয়া ধরা যাইবেক।

[*Government Gazette, 25th September*, 1860.]

উচিত ইষ্টাম্প।

(চ) পূর্ব্বোক্ত প্রকারের সম্পত্তিছাড়া ঘরের কি বাগানের কিম্বা স্থাবর কি অস্থাবর অন্য মূল্যবান সম্পত্তির বাবৎ মোকদ্দমা হইলে, ও মালগুজারীর জমীতে কোন সম্পর্কের বাবৎ, কিম্বা যাহার মূল্য ইহার পূর্ব্বের কএক বিধানমতে ধরা যাইতে না পারে এমত অন্য কোন স্বত্বের কি দখলের বাবৎ মোকদ্দমা হইলে তাহা অনুমান যে দরে বিক্রয় হইতে পারে সেই দর তাহার মূল্য বলিয়া ধরা যাইবেক, কিম্বা যদি সেই প্রকারের আন্দাজী দর ধরা যাইতে না পারে, তবে ফরিয়াদী আপন মোকদ্দমার যে মূল্য ধরে সেই মূল্য ধরা যাইবেক। খেসারতের কিম্বা ক্ষতিপ্রভৃতির প্রতিকারের যে মোকদ্দমা হয় তাহাতে ফরিয়াদী যত টাকা দাওয়া করে তত টাকা মোকদ্দমার মূল্য জ্ঞান হইবেক।

(ছ) কোন আপীল কি আরজী অধস্থ আদালতে ১৮৫৯ সালের ৮ আইনের লিখিত কোন কারণে অগ্রাহ্য হইলে যদি তাহা গ্রাহ্য করিবার হুকুম হয়, কিম্বা যদি কোন মোকদ্দমার আপীল হইলে তাহা অধঃস্থ আদালতের দ্বিতীয়বার নিষ্পত্তি হইবার জন্যে ফিরিয়া পাঠান যায়, তবে আপীলের দরখাস্তের জন্যে ইষ্টাম্পের যত মাসুল লাগিয়াছে তাহা সমুদয় কালেকটর সাহেবের স্থানে ফিরিয়া পাইবার সর্টিফিকট আপীল আদালত আপেলাণ্টকে দিবেন।

রাজীনামাপ্রভৃতি।

৭। রাজীনামা ও রফানামা ও সোলেনামাপ্রভৃতি অর্থাৎ

হাতের লেখা যে কোন আরজীমতে দেওয়ানী আদালতে উপস্থিতথাকা কোন মোকদ্দমা, বিচারপতির কি অন্য কার্য্যকারকের ফয়সলা বিনা রফা হয় কি হইতে পারে তাহার উপর

দরখাস্তের মত ইষ্টাম্প লাগিবে।

বোম্বাই দেশের নিমিত্তে বিশেষ বিধান

১৮৩৮ সালের ১৬ আইনের দ্বারা ১৮২৭ সালের যে ১৭ আইন মতান্তর হইল তাহার ৮ অধ্যায়ের কার্য্যক্রমে কালেকটর সাহেবেরা যে মোকদ্দমা গ্রাহ্য করিতে পারেন তাহাতে ইষ্টাম্পের বিষয়ে যে সকল বিধি উপরের লিখিতমতে দেওয়ানী আদালতে চলন আছে সেই সকল বিধি খাটিবে

সাধারণ বিধি।

কোন আরজীর কি লিখিত কৈফিয়তের কি দরখাস্তের মর্ম্ম যদি উপরের নির্দ্দিষ্ট মূল্যের একি ফর্দ্দ ইষ্টাম্প কাগজে স্থানমতে ধরিতে না পারে, তবে দরখাস্ত যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম আছে সেই মূল্যের আর এক কি কএক তক্তা কাগজে লেখা যাইতে পারিবে।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০ ২৫ সেপ্টেম্বর।]

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 20th September, 1860.

Baboo Gopeemohun Bose, to officiate as Moonsiff of Burobaree, Zillah Rungpore.

LEAVE OF ABSENCE.

The 15th September, 1860.

Kazee Fukeer Ahmud, Moonsiff of Kaguzpookhurea, Zillah Nuddeah, for three days.

H. B. LAWFORD, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ২০ সেপ্টেম্বর।

শ্রীযুত বাবু গোপীমোহন বসু জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৫ সেপ্টেম্বর।

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত কাজী ফকীর আহমদ তিন দিনের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফোর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

সাধারণ ব্যক্তিবর্গকে স্মরণ করাইয়া দেওয়া যাইতেছে যে নূতন ষ্টাম্প আইন অর্থাৎ সন ১৮৬০ সালের ৩৬ একট আগামি মাসের ১ তারিখঅবধি চলিত হইবেক উক্ত একটের এ চিহ্নিত সিডিউলের নানা দফায় সাধারণের মনোযোগ করা আবশ্যক আর হুণ্ডী ও যে সকল ড্রাফট অথবা চেক তলবমতে টাকা দিতে হয় তদ্বিষয়ে ও বিল লেডিং ও জাহাজের ভাড়ার চুক্তির বিষয়ে এবং কোন বেনেতি কারবারের অথবা কোন জাইণ্ট ষ্টাক কোম্পানি সংক্রান্ত অংশ হস্তান্তর করণ বিষয়ে এবং জীবন ও জলপথের ইনসুরেন্স পলিসি অর্থাৎ বীমার বিষয়ে এবং টাকার রসিদ ও ফারখতি বিষয়ে যে সকল দফা লিখিত হইয়াছে তাহাতে সাধারণের বিশেষ মনোযোগ করা উচিত।

এক আনা মূল্যের যে সকল আটিবার নূতন ষ্টাম্প হুণ্ডী ও চেক এবং রসিদের কারণ আবশ্যক তাহা কলিকাতার কালেক্টরী দপ্তরখানায় ও মফস্বলের সরকারী সমুদয় খাজানাখানায় সাধারণে পাইতে পারিবেন।

ডাকের ষ্টাম্প খরিদারু সকলকে নিয়ত যে হারে বাটা দেওয়া গিয়া থাকে যাহারা নূতন এক আনা মূল্যের আটিবার ষ্টাম্প একবারে পাঁচ টাকার খরিদ করিবেক তাহাদিগকে সেইরূপ বাটা দেওয়া যাইবেক।

যে স্থলে আধ আনা মূল্যের আটিবার ষ্টাম্প আবশ্যক উক্ত একটের ৫ ধারাঅনুসারে দ্বিতীয় হুকুম না হওয়াপর্য্যন্ত সে স্থলে উক্ত মূল্যের ডাকের ষ্টাম্প ব্যবহার করিতে পারিবেক।

যে সকল দলিলের কারণ ছাপাকরা ষ্টাম্প আবশ্যক তজ্জন্য কলিকাতা কালেক্টরীহইতে ষ্টাম্প কাগজ খরিদ করিতে পারিবেক অথবা উক্ত কালেক্টরের নিকট দরখাস্ত করিলে বিশেষ বিষয়ে কাগজে ষ্টাম্প ছাপা করিয়া দেওয়া যাইবেক।

যে সকল কুঠীওয়ালা সওদাগর লোক ও ব্যাঙ্ক ও ইনসুরেন্স কোম্পানি ও অন্যান্য লোক সাদা অর্থাৎ অব্যবহার করা ষ্টাম্প প্রস্তুত করাইয়া মৌজুদ রাখিতে চাহে তাহারা তজ্জন্য কলিকাতার শ্রীযুত কালেক্টর সাহেবের নিকট সেই সকল ষ্টাম্পের ফারম অর্থাৎ নকশা শীঘ্র প্রেরণ করিবেন।

ফিস্কোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।

ফোর্ট উইলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ৬ সেপ্টেম্বর।

এ ইডেন। একটিং জোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মেদিনীপুর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নোক্ত ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেণ্টের জমিদারির যে স্বত্ব আছে তাহা গবর্ণমেণ্টের আদেশানুসারে যাহা শ্রীযুতের অণ্ডর সেক্রেটারি সাহেবের বোর্ড রেবিনিউ সেক্রেটারী সাহেবের নামিত সন ১৮৫৯ সালের ৩ নবম্বরের ২৭১২ নম্বরের চিঠীতে প্রকাশ হইয়াছে এ জেলার কালেক্টরি কাছারিতে ইঙ্গরেজী সন ১৮৬০ সালের ১০ অক্টোবর মোতাবক আমলি সন ১২৬৮ সালের ২৬ আশ্বিন রোজ বুধবার দিবা এগার ঘণ্টার সময় নীলামের দ্বারায় বিক্রয় হইবেক যে ব্যক্তি খরিদ করিবেক তাহাকে নিম্নের লিখিত শরত আমলে আনিতে হইবেক।

নীলামের শরত।

১ দফা। মামলসকল নির্দ্ধারিত উর্দ্ধ মূল্যের উপর সর্ব্ব উচ্চ ডাককরণিয়াকে বিক্রয় করা যাইবেক।

২ দফা। খরিদের মূল্য ১০০৲ টাকার অনূর্দ্ধ হইলে তাহা সমুদয় তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে তাহার শতকরা ২৫৲ টাকা হিসাবে বাএনা তৎক্ষণাৎ দিতে হইবেক সমুদয় পণের টাকা নীলামের দিনকে এক দিবস গণনা করিয়া ১৫ দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত দাখিল না করা গেলে বাএনার টাকা সরকারে জব্দ এবং মহাল পুনঃনীলাম করা যাইবেক।

৩ দফা। এ নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিয়মিত কাল পর্য্যন্ত এ নীলাম হওয়া সত্ত্বেও বাহাল থাকিবেক এবং বন্দোবস্তী কাগজের দ্বারা ও প্রচলিত আইনক্রমে যাহার যে স্বত্ব আছে তাহা বাহাল থাকিবেক। ও কোনকরা প্রজা যে মালের কর্ম্মকারকের কৃত জমাবন্দীতে দখলবৎ করিয়াছে তাহার স্বত্বকে খরিদার সম্মান্য করিতে বাধ্য থাকিবেক।

৪ দফা। যে সকল মহালে বার্ষিক বান্দ মেরামতি খরচা তারাজারিমতে সরকারহইতে দেওয়া যায় তদনুসারে খরিদারকে দিতে হইবেক ও বান্দ মেরামত ও রক্ষার কার্য্য এক্ষণে যেরূপ হইতেছে তদনুসারে হইবেক।

৫ দফা। অত্র ইষ্টেটমেণ্টের লিখিত প্রত্যেক মহালের সদর জমা সরকারে আদায় করিবার জন্য খরিদার দায়ী থাকিবেক।

৬ দফা। মহাল সকলে নানা প্রকার আকর ও খাল থাকিলে তাহার প্রতি সরকারের স্বত্ত্ব থাকিল ইতি সন ১৮৬০ সাল তারিখ।

নম্বর	তৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম	জমী	সদর জমা	নিরূপিত উর্দ্ধ মূল্য	কৈফিয়ৎ
	১৯১	কেদার কুণ্ডু ইষ্টেট				
১	ঐ	বেরাত্ত রকম ॥০ আনা পং কেদার কুণ্ডু	৫৯৮ ৷০ ৷	৫০৯৸১ ৷	১৩৫০/৮॥	এই সকল মহালের ইজারা পাট্টা সন ১৮৬৪। ৬৫ সাল অর্থাৎ আমলি সন ১২৭১ সালে মিয়াদ শেষ হইবেক এই সকল ইজারার খাজানা যাহা আদায় হইয়া থাকে তাহা ইষ্টেটমেণ্টের ৫ ঘরে দেখান হইয়াছে।
২	ঐ	ঐ রকম ॥০ আনা পং ঐ	৫১৭/৪॥	৫১৩৸৪ ৷	১৩৫৫ ॥১০ ॥	
৩	ঐ	খামরা পং ঐ	৯০১/১৸	৬০১ ॥৵৩ ৷	১৫৮২ ৷৵০ ॥	
৬	ঐ	ঢেঙ্গা পং ঐ	৯৬২৸৩॥	৮৪১ ৷৪	১১৫০৸৵৩	
৭	ঐ	কাঁৎ ভুক্কা পং ঐ	৯১/৪ ৷	৭০ ৷৶৪৸	১৪১৸৵৪ ॥	
৮	ঐ	বেলুন পং ঐ	৭২১৸০ ৷	৫৫০/৫৸	১৪২০ ॥০	
৯	ঐ	চক কল্যাণ ওরফে হরিহরপুর পং ঐ	৪৯২৸০৸	১৭৫৸৶৭	৪৪৫৸/৪ ॥	
১০	ঐ	পুণ্য গ্রাম পং ঐ	১৭৩৸৩৸	১৮৫ ৷৵৫৸	৪৯৪ ৷/৩ ॥	
১১	ঐ	চক খস পান পং ঐ	২১৩/৩॥	২০৪৸১০৸	৫৫৮৶৩ ॥	
১২	ঐ	মাধপুর পং ঐ	৪৬৬ ॥২ ॥	২৯৮৸/০৸	৭৯৬/৩ ॥	
১৩	ঐ	বামন বাড় পং ঐ	৪৮০ ৷৪৸	৩৫৬ ৷৵১০	৯৬৬৸৶০ ॥	
১৪	ঐ	কৃষ্ণপ্রিয়া পং ঐ	২৫৯৸২	২৪১৵১১॥	৬৪২ ॥/১০ ॥	
১৫	ঐ	রবিপুর পং ঐ	৬৩॥২ ৷	৫৩ ৷৭ ৷	১৩৯/৪	
১৬	ঐ	বাজপুর পং ঐ	১১৯/০	১০৬ ৷/১১ ॥	২৮৪/২ ॥	
১৭	ঐ	ইসলামপুর পং ঐ	৪২৩ ॥৪৶	৩৪২ ৷৵৫ ॥	৯০৮৸৶১১	
১৮	ঐ	নীলপুর পং ঐ	২৬৩৸০৸	২৫৩৸৶১০৸	৫৯৫ ৷৵১০ ॥	
১৯	ঐ	ব্রাহ্মণশাসন পং ঐ	৩১৮৪/১ ॥	২৭৩৭॥৫	৭২৬৩৻৩	
২০	ঐ	ঘোলখিরা পং ঐ	৫৮২৸১ ৷	৩৬৬৸১ ॥	৯৭১/৬	
২১	ঐ	হাটমালিদা পং ঐ	২৪৬/৩ ॥	১৫১ ৷১১	৪০২ ৷১১ ॥	
২২	ঐ	পাঁচগেড়্যা পং ঐ	১৯৫৸১৸	২২৭ ॥/১ ৷	৬০৮ ৷/৩	
২৩	ঐ	কালিকাডিহি পং ঐ	৩৭৪/২ ॥	৩৮৪৵৭ ৷	১০৩৩ ॥৵৯	
২৪	ঐ	কালুয়া আকুব পং ঐ	৩৭৩৸২	৪০২ ৷৵৩	১০৭২৶৮ ॥	
২৫	ঐ	রতনপুর পং ঐ	১০৯ ॥৩	১১৭৸/৪ ৷	৩১২ ৷/৭ ॥	
২৬	ঐ	চক পালান্যা পং কেদার কুণ্ডু	৩৩৯/১৸৵	২৯০ ॥৶৯ ৷	৭৭৬/৪ ॥	
২৭	ঐ	বীরসিংহপুর পং ঐ	৫৭০/১	৩৬১৵৫	৯৫৭৵১১	
২৮	ঐ	চক রামপুরা পং ঐ	৩৯০/	৩২০৸৶১০৸	৮৬৪ ॥১১	
২৯	ঐ	নাবাম্যা গেড্যা পং ঐ	১১২৸৪ ৷	৯৯৵১১ ॥	২৬৯৶৮ ॥	
৩০	ঐ	ডুঙ্কা পং ঐ	১৪০৬ ৷০ ৷৵	১১৩২ ॥৩ ॥	২৯৮৭ ॥৶৩ ॥	
৩১	ঐ	দামুদরপুর পং ঐ	৪৯৩ ॥৩ ॥৶	৪৮৫৵৯ ॥	১২৮৫/৭	
৩২	ঐ	বিবনাপুর পং ঐ	৭৩৭ ॥৩ ৷	৯৭৪৸/৫ ॥	২৫৯৬ ॥৶৮	
৩৩	ঐ	বাড়ফলাণপুর পং ঐ	১২৯ ॥১	৮৪ ॥৶১০৸	২২৮ ৷৯ ॥	
৩৪	ঐ	চক আয়দ পং ঐ	১৯৪ ৷১	১৬০৻১১ ॥	৬৯৩৻৮	
৩৫	ঐ	বাকণ্যা পং ঐ	৬৩৭ ॥৩ ॥৵	৬৫২ ॥৵৭	১৭০৩ ॥৵৪	
৩৬	ঐ	শ্রীধরপুর পং ঐ	১৮৪/০ ॥	২০১/৩৸	৫৩৮৸৶৬॥	
৩৭	ঐ	অম্বলা পং ঐ	১২৬১/০ ॥	১০১৪ ৷৵২ ॥	২৬৪২ ৷৭ ॥	
৩৮	ঐ	কালুয়া বৃন্দাবন পং ঐ	৩৫৭/৩ ৷	৩৪৩ ৷৫৸	৮৯২/৬ ॥	
৩৯	ঐ	গৌগ্রাম পং ঐ	১১১৮ ৷০ ৷৵	৭০৪ ॥৶৮ ৷	১৯২০৸/৭ ॥	
৪০	ঐ	আয়াদীঘী পং ঐ	৪৮৮ ॥১৸	৩৭৯/৩	১০২০ ৷০ ॥	
৪১	ঐ	ভোগপুর পং ঐ	৮৭/১	৬৯৸৶৮৸	১৭২ ৷৵২	
৪২	ঐ	এরারপুর পং ঐ	১৮৭৸৪ ৷৵	১৯০ ৷৶১৸	৫১০৸০ ॥	
৪৩	ঐ	কুলগেড্যা পং ঐ	৮৩০ ॥১ ॥৵	৮৫৯৸৶৯	২২৯০/১০ ॥	
৪৪	ঐ	চক বাসুদেব পং ঐ	১০৯৸৪ ॥	১০০ ৷/৫ ৷	২৬৩৸৶০ ॥	
৪৫	ঐ	আজমতপুর পং ঐ	৫৬৬৸২	১৫৭ ৷/৬ ৷	৪২১৸৶৪ ॥	
৪৬	ঐ	পলাস পং ঐ	৯৯৫/২৸	৯১১৵৮ ॥	২৩৫৩ ॥৶২	
৪৭	ঐ	ঘোলুই পং ঐ	২৩৯ ॥১ ৷	২২৯৵৯ ॥	৫৯৯॥৵৯	
৪৮	ঐ	কৃষ্ণপুর পং ঐ	২৬৪ ৷২	১৯৪ ৷৯৸	৫১৪৵৮	
৪৯	ঐ	মহেশপুর পং ঐ	১২৮ ৷৪৶	৭৭ ॥৵১	২০৭/৭	
৫০	ঐ	জুনিক্কা পং ঐ	১০৬ ॥১	১৩২ ॥৶৫৸	৩৫৬৵৫ ॥	

F. R. COCKERELL, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৫ সেপ্টেম্বর।]

WANTED

A Peshkar and Meermoonshee for the Midnapore Fouzdarry Court. The salaries are Rs. 30 and 20 respectively. Persons desirous of obtaining either of these offices must make personal application to the Magistrate, and must be able to produce testimonials of character, good education and qualification from previous service in the same or some analogous department.

F. R. COCKERELL, *Offg. Magistrate.*

The 7th September, 1860.

মেদিনীপুরের ফৌজদারী আদালতের পেশকারের ও মীরমুনশীর পদ খালী হইয়াছে। পেশকারের বেতন ৩০৲ টাকা ও মীরমুনশীর বেতন ২০৲ টাকা। যাঁহারা তাহার মধ্যে কোন পদ পাইতে চাহেন তাঁহারদের প্রয়োজন যে আপনারা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হাজির হইয়া দরখাস্ত করিয়া আপনারদের সুচরিত্র ও সুশিক্ষার সর্টিফিকট ও পূর্ব্বে সেই পদে কি তাহার সমান অন্য কোন পদে কর্ম্ম করিয়া ঐ কর্ম্মের যোগ্য আছেন ইহার সর্টিফিকট দেখাইতে পারেন।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্যা২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্য দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজী তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টব্য হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এফ শেরর। একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার

বিজ্ঞাপন।

সকলকে জানান যাইতেছে. ইন্‌কম টাক্‌সের আইনের যে২ বিধান সর্ব্বসাধারণ লোকের উপর খাটে তাহার সারাংশ শ্রীযুত জান রাবিনসন সাহেবকর্ত্তৃক অতিস্পষ্ট বাঙ্গলা ভাষায় সংগৃহীত হইয়া শ্রীরামপুরে তমোহর যন্ত্রে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ✓ আনা মাত্র গ্রহণেচ্ছুক মহাশয়েরা শ্রীযুত জান রাবিনসন সাহেবের নিকটে মূল্য পাঠাইলেপ্রাপ্ত হইবেন।

THE CHEAPEST PAPER IN INDIA.

The Proprietors of the *Hurkaru* intend to publish, for the Mofussil and Foreign countries only, if sufficient inducement should offer, a *Bi-Weekly Hurkaru*, which shall contain all the Editorials of the three preceding numbers of the *Daily Hurkaru*, the Gazette, Correspondence, Police and Small Cause Court Reports of general interest, Sporting Intelligence, English and Foreign Correspondence, a full summary of the Debates of the Legislative Council, with an Epitome of News extracted from all the other papers of India, and extracts from the English papers.

The Subscription will be Rupees 25 or £2-10 per annum, for which it will be forwarded postage free to any part of India, to England *via* Southampton (*via* Marseilles Rs. 3-4 per annum additional), to the Australian Colonies, Mauritius, Ceylon, China, Java, Alexandria, Great Britain and Foreign Europe *via* Trieste, United States &c. All Subscriptions must be paid in advance at the following rates-

For One Year ...	Rs.	25	0
Half Year ...	„	13	0
Quarter ...	„	6	8
Monthly ...	„	2	8

As these rates are so low they must be paid in advance, or the dispatch of the paper will be stopped.

Parties intending to subscribe are requested to address the Printer of the *Hurkaru* at once, as the issue of the paper will not be commenced till a sufficient number of Subscribers are obtained.

A great desire having been expressed for a good Sporting Paper, we would suggest this as a good medium for the publication of original contributions by our Mofussil Friends which will also have the advantage of appearing in the Daily *Hurkaru*

বিজ্ঞাপন।

নীচের লিখিত পুস্তক সকল অতিউত্তম অক্ষরে ও বিলাতী কাগজে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা নিম্ন স্বাক্ষরকারির নিকট মূল্য পাঠাইলে পাইবেন ইতি।

বাঙ্গলা ইন্‌কম টাক্‌সের আইন (নির্ঘণ্ট ও গণনাপত্র সম্বলিত) মূল্য	১
ইংরাজী ভাষায় ইষ্টাম্পের আইন	॥০
বাঙ্গলা —— ঐ ... ... ঐ .. ঐ	৸০

শ্রীঅনুকূলচন্দ্র মুখোপাধ্যায় উকিল সদর দেওয়ানী আদালত।

[*Government Gazette*, 25th *September*, 1860]

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ জনগণকে জ্ঞাত করা যাইতেছে যে ১৮৬০ সালের ৩৬ আইন অর্থাৎ (ইষ্টাম্প আইন) তা-কার বঙ্গানুবাদ যাহা সম্প্রতি প্রকাশ হইয়াছে তাহা অস্মদীয় বিদ্যারত্ন যন্ত্রালয়ে মুদ্রিত হইয়া বিক্রয় হইতেছে মূল্য ॥০ আট আনা এবং বিদেশীয় গ্রাহক যাঁহারদিগের ডাকযোগে প্রেরণ করিতে হইবে তাঁহারদিগকে ॥৴ দশ আনা মূল্য দিতে হইবেক পরন্তু ১৮৬০ সালের ৩২ আইন অর্থাৎ (ইনকম টাক্স) বাঙ্গলা অনুবাদ মুদ্রিত হই-তেছে অতিত্বরায় প্রস্তুত হইবেক মূল্য ৸৴ আনা মাত্র। বটতলা ২৪৬ নং বাটীতে উক্ত যন্ত্রে তত্ত্ব করিলে কিম্বা পত্র প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন।

শ্রীবেণীমাধব দে।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে ও শ্রীরা·পুরের ছাপাখানায় বিক্রয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি ৩৮০০০ শং ২॥০
নূতনাভিধান ১০০০০ঐ ১৲
অমরার্থ দীধিতি ১॥০
কবিতকি বিলাস সটীক ১০৲
মনসার্থ পূর্ণচন্দ্র ইহাতে অ-ষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ১৪ সংখ্যাপর্য্যন্ত ৬৲
এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভা-ষায় অনুবাদিত ১।২।৩ ৪।৫।৬।৭।৮।৯ স্কন্ধ ৪৸০
যোগবাশিষ্ঠ ১নাং১৬সর্গ ৪
গীতাবলি ।০
অষ্টাদশ পর্ব্ব মহাভারত প্রায় সহস্র পৃষ্ঠ ১ খণ্ড ৪

সপ্তকাণ্ড রামায়ণ প্রং ১
আরব্যোপাখ্যান ১ নাং ৫, পঞ্চম খণ্ডে ৫
অপূর্ব্বোপাখ্যান, ১১প্রং ১
বত্রিশ সিংহাসন, গদ্য ১
আদ্যকৃত ইং বাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭১০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫
শিশুসংকীর্ত্তন ১
ইংরাজী শকুন্তলা ১
প্রবোধচন্দ্র নাটক ১
পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইং বাং সং ২
কাশীর বিচার ॥০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর

মানসিংহ চৌরপঞ্চাশত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তি ১
রোবক ও হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অবিধান ৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি ২ বালম ৫০
রোম দেশীয় ইতিহাস ৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲
পঞ্জাবেতিহাস ১৲
প্রাচীন ঐ ২৲
ন্যায়দর্শন ১॥০
পুরাবৃত্ত বিবরণ ১৲
সটীক শ্রীমদ্ভগবদগীতা ও আনন্দ গিরির টীকাসম্বলিত ৭৲

চাহার দরবেশ ১৲
প্রিয়ম্বদ ১৲
কেরি বাংইং ডিক্সনরি ৫০৲
জেকবের লা, ডিক্সনরি ১০৲
পূর্ণচন্দ্রোদয় ৮৲
রাজা রামমোহন রায়ের জী-বনচরিত্র ।০
চিকিৎসাসার ১॥০
কোলব্রুকের অমরকোষ ৮৲
ঐ ব্যবস্থা ... ২৪৲
ঐ হিন্দুলা ... ২৪৲
ঐ মেকনাটিন ... ১০৲
গবর্ণমেণ্ট আইন ইং ১৭৯৩ নাং ১৮৩৩, ৯ বালাম ১০০৲
শব্দসাধন মুক্তাবলী ২৲
চমৎকার কিরাজার ১৲
আলালের ঘরের দুলাল ৸০
মাজিষ্ট্রেটীয় উপদেশ ৬৲
নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানী হইয়াছে

ইনকমটাকসের অর্থাৎ আয়ের উপর কর প্রদানের ৩২ আইন যাহা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইয়াছে তাহা কলিকাতা আমড়াতলার ১১ নং বাটীতে পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে ১৫৬ পৃষ্ঠায় মুদ্রিত হইয়া ।০ মূল্যে বিক্রয় হইতেছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৫ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল্ ডিক্রস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত ।

CALCUTTA, TUESDAY, OCTOBER 2, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২ অক্টোবর।

No. 1509.

FORT WILLIAM, HOME DEPARTMENT.

NOTIFICATION.

THE 14TH AUGUST 1860.

THE following Forms, numbered 1 to 28, are prescribed by the Governor General in Council under Section 246 of Act XXXII. of 1860.

W. GREY,
Secretary to the Government of India.

১৫০৯ নম্বর ।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট ।

বিজ্ঞাপন ।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৪ আগষ্ট ।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইনের ২৪৬ ধারামতে ১ নম্বরঅবধি ২৮ নম্বরপর্য্যন্ত এই সকল পাঠ ও নক্সা নির্দিষ্ট করিয়াছেন ।

ডবলিউ গ্রে ।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী ।

FORM No. 1.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

OATH OF SECRECY.

(To be taken by the Commissioners, Collectors, or other Officers employed in making Assessments under Act XXXII. of 1860.)

I, A B, appointed to act as   under Act XXXII. of 1860, do hereby solemnly swear that I will not disclose any particular contained in any List, Return, or Statement delivered with respect to any Duties charged, or any profits or income chargeable under the Provisions and Rules of the said Act, or any Assessment made under the same, or any evidence or answers given by any person who shall be examined, or shall make any Affidavit, Deposition, or Statement respecting the same in pursuance of the said Act, excepting to such persons only as shall be appointed for the due execution of the said Act, or where it shall be necessary to disclose the same for the purposes of the said Act, or in the course of a prosecution for perjury committed in such Examination, Affidavit, Deposition, or Statement.

So help me God

Sworn before me

১ নম্বরের পাঠ।

১৮৬   সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের
ইন্‌কম টাক্‌স।

কথা গোপনে রাখিবার শপথ।

(কমিস্যনর সাহেবেরা ও কালেক্টর সাহেবেরা ও অন্য যে সকল কর্ম্মকারক ১৮৬০ সালের ৩২ আইনমতে টাক্‌স ধার্য্য করিবার কর্ম্মে নিযুক্ত হন তাঁহারদের এই শপথ করিতে হইবেক।)

আমি   অমুক   ১৮৬০ সালের ৩২ আইনমতে   অমুক   কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া, ইহাতে ধর্ম্মতঃ শপথ করিতেছি যে, উক্ত আইনের বিধান ও বিধিমতে যে কোন টাক্‌স বসান যাইবে কিম্বা কোন লাভের কি আয়ের উপর যে টাক্‌স বসান যাইতে পারে, তাহার সম্পর্কে যে কোন তালিকা কি ফর্দ্দ কি কৈফিয়ৎ দেওয়া যায়, কিম্বা তদনুসারে যে কোন টাক্‌স ধার্য্য হয়, কিম্বা সেই ফর্দ্দপ্রভৃতির বিষয়ে ঐ আইনঅনুসারে কোন লোকের বিচার হইলে কিম্বা কোন লোক আফিডেবিট করিলে কি জোবানবন্দী দিলে কি এজহার করিলে তিনি যে কোন সাক্ষ্য কি জওয়াব দেন, তাহার কোন কথা আমি প্রকাশ করিব না। কেবল ঐ আইনের কার্য্য উপযুক্তমতে চালাইবার জন্যে যে লোকেরা নিযুক্ত থাকেন তাঁহারদের নিকটে প্রকাশ করিব, কিম্বা ঐ আইনমতে কার্য্য হইবার জন্যে, কিম্বা তদ্রূপ কোন বিচার করিবার সময়ে কিম্বা আফিডেবিটে কি জোবানবন্দীতে কি এজহারে মিথ্যা শপথের দোষ হইলে তাহার মোকদ্দমার বিচার কালে যদি উক্ত কোন কথা প্রকাশ করা আবশ্যক হয় তবে সেই কথা প্রকাশ করিব।

ইহাতে পরমেশ্বর আমার সহায় হউন।

আমার সম্মুখে শপথ করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২ অক্টোবর।]

FORM No. 5.

SPECIAL NOTICE.

Presidency Towns and Straits Settlements.

ISSUED AND SIGNED BY THE ASSESSORS UNDER ACT XXXII. OF 1860, SECTION XXXVIII.

INCOME TAX

For the year ending 31st *July* 186 .

To

of

TAKE notice that you are hereby required to return your Profits and Income for the year commencing on the 1st day of August , and ending on the 31st day of July , under Act XXXII. of 1860, and to fill up, and make the Return, Declarations, Statements, and Lists required by Sections XXXVIII., XXXIX., XL. and XLI of that Act to be made out and delivered, and the same duly filled in and signed, to transmit to or deliver at my Office at , on or before the day of , under the penalties contained in the said Act.

Forms of Returns, Declarations, Statements, and Lists prescribed by the Governor General in Council, under the provisions of the said Act, which Forms are to be filled up and delivered as aforesaid, accompany this Notice

(Signed) *By the Assessor.*

Dated this *day of*

NOTE 1.—The Returns may be sealed up, and the seal will be broken only by the Income Tax Commissioners.

NOTE 2.—If any person shall desire that his Return be rendered to, and his Assessment fixed by, the Special Commissioner, he may, together with the Return, transmit under cover, to the Income Tax Commissioner, an application to that effect, sealed and addressed to the Special Commissioner Such application will, on receipt thereof, be transmitted to the Special Commissioner

৫ নম্বরের পাঠ।

বিশেষ এত্তেলা।

রাজধানীতে ও মোহনার বসতি স্থানে

১৮৬০ সালের ৩২ আইনের ৩৮ ধারামতে আসেসরের জারী করিবার ও দস্তখৎ করিবার এই এত্তেলা।

---

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

অমুক স্থান নিবাসি শ্রী অমুক প্রতি আগে।

তোমাকে হুকুম হইতেছে যে, অমুক সালের আগষ্ট মাসের ১ তারিখঅবধি অমুক সালের জুলাই মাসের ৩১ তারিখপর্য্যন্ত তোমার এক বৎসরের যত টাকা লাভ ও আয় হইয়াছে, তাহা তুমি ১৮৬০ সালের ৩২ আইন মতে লিখিয়া জানাও, ও সেই আইনের ৩৮ ও ৩৯ ও ৪০ ও ৪১ ধারাতে যে সকল ফর্দ্দ ও কৈফিয়ৎ ও বৃত্তান্ত ও তালিকা লিখিয়া দিবার হুকুম আছে তাহাতে তুমি উপযুক্ত কথা লিখিয়া দিয়া দস্তখৎ করিয়া অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে অমুক স্থানে আমার দফ্তরখানায় তাহা পাঠাও কি আনিয়া দেও। তাহা না দিলে ঐ আইনমতের দণ্ড হইতে পারিবেক।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ঐ ফর্দ্দের ও কৈফিয়তের ও বৃত্তান্তের ও তালিকার যে নক্‌শা ঐ আইনের বিধানমতে নির্দ্দিষ্ট করিয়াছেন তাহার কএক কেতা এই এত্তেলার সঙ্গে তোমাকে দেওয়া যাইতেছে তাহাতে তুমি উপযুক্ত কথা লিখিয়া পূর্ব্বোক্তমতে দাখিল কর।

আসেসরের দস্তখৎ।

সাল তাং।

মন্তব্য কথা। ১। ঐ ফর্দ্দ লা দিয়া আঁটিয়া দেওয়া যাইতে পারিবে। ও কেবল ইনকম টাক্‌সের কমিস্যনরেরা ঐ লা ভাঙ্গিয়া খুলিতে পারিবেন

২। ঐ ফর্দ্দ খাস কমিস্যনরকে দেওয়া যায় ও তাঁহার দ্বারা টাক্‌স ধার্য্য হয়, কোন লোকের যদি এই বাসনা থাকে, তবে তিনি সেই মর্ম্মের দরখাস্ত লিখিয়া খামে দিয়া লা দিয়া আঁটিয়া শিরনামায় খাস কমিস্যনর সাহেবের নাম লিখিয়া আপনার ঐ ফর্দ্দ সমেত ইনকম টাক্‌সের কমিস্যনরেরদের নিকটে পাঠাইবেন। সেই দরখাস্ত পাওয়া গেলে খাস কমিস্যনর সাহেবের নিকটে পাঠান যাইবেক।

[গ: গেজেট গেজেট ১৮৬০। ২ অক্টোবর।]

FORM No. 2.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

AFFIRMATION OF SECRECY.

(*To be made by any person employed as a Commissioner or Collector, or other Officer employed in making Assessments under Act XXXII. of* 1860, *and entitled by law to make any affirmation in lieu of any Oath or Affidavit.*)

I, A B, appointed to act as   under Act XXXII. of 1860, do hereby solemnly affirm and declare that I will not disclose any particular contained in any List, Return, or Statement delivered with respect to any Duties charged, or any profits or income chargeable under the Provisions and Rules of the said Act, or any Assessment made under the same, or any evidence or answers given by any person who shall be examined, or shall make any Affidavit, Deposition, or Statement respecting the same in pursuance of the said Act, excepting to such persons only as shall be appointed for the due execution of the said Act, or where it shall be necessary to disclose the same for the purpose of the said Act, or in the course of prosecution for perjury committed in such Examination, Affidavit, Deposition, or Statement.

Solemnly affirmed before me.

২ নম্বরের পাঠ।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

কথা গোপনে রাখিবার ধর্ম্মতঃ প্রতিজ্ঞা।

(কমিস্যনর সাহেবেরা কি কালেক্টর সাহেবেরা কিম্বা অন্য যে কোন কর্ম্মকারক ১৮৬০ সালের ৩২ আইনমতে টাক্‌স ধার্য্য করিবার কর্ম্মে নিযুক্ত হন, ও আইনমতে কোন শপথের কি আফিডেবিটের পরিবর্ত্তে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিতে অনুমতি পান তাঁহারদের এই প্রতিজ্ঞা করিতে হইবেক।)

আমি অমুক ১৮৬০ সালের ৩২ আইনমতে অমুক কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া ইহাতে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া জানাইতেছি যে, উক্ত আইনের বিধান ও বিধিমতে যে কোন টাক্‌স বসান যায়, কিম্বা কোন লাভের কি আয়ের উপর যে টাক্‌স বসান যাইতে পারে তাহার সম্পর্কে যে কোন তালিকা কি ফর্দ কি কৈফিয়ৎ দেওয়া যায়, কিম্বা তদনুসারে যে কোন টাক্‌স বসান হয়, কিম্বা সেই ফর্দপ্রভৃতির বিষয়ে ঐ আইনঅনুসারে কোন লোকের বিচার হইলে কিম্বা কোন লোক আফিডেবিট করিলে কি জোবানবন্দী দিলে কি এজহার করিলে তিনি যে কোন সাক্ষ্য কি জওয়াব দেন তাহার কোন কথা আমি প্রকাশ করিব না। কেবল ঐ আইনের কার্য্য উপযুক্তমতে চালাইবার জন্যে যে লোকেরা নিযুক্ত থাকেন তাঁহারদের নিকটে প্রকাশ করিব, কিম্বা ঐ আইনমতে কার্য্য হইবার জন্যে, কিম্বা তদ্রূপ কোন বিচার হইবার সময়ে কিম্বা আফিডেবিটে কি জোবানবন্দীতে কি এজহারে মিথ্যা শপথের দোষ হইলে তাহার মোকদ্দমার বিচার কালে যদি উক্ত কোন কথা প্রকাশ করা আবশ্যক হয়, তবে সেই কথা প্রকাশ করিব।

আমার সম্মুখে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা হইল।

[*Government Gazette, 2nd October,* 1860]

FORM No. 3.

GENERAL NOTICE.

Presidency Towns or Straits Settlement.

ISSUED BY THE INCOME TAX COMMISSIONERS OF UNDER ACT XXXII. OF 1860, SECTION XXXVII.

To be affixed at the Office of the said Commissioners, in Street in the (Town) or (Station of) at every Revenue and Police Office in the said Town or Station and at such other conspicuous public places throughout the Town (or Station) as the Commissioners shall appoint.

INCOME TAX

For the year ending 31st July 186 .

NOTICE is hereby given, that every person within the Town (or Station), who by the Act XXXII. of 1860, for imposing Duties on Profits arising from Property, Professions, Trades and Offices, is liable to the said Duties, and to return his or her Profits or Income, is hereby required to fill in a Return of his or her Profits and Income in the Forms mentioned below, and to transmit such Return duly signed with the Declaration prescribed by the Act to the Assessor of the Town (or Station) aforesaid, at his Office, No Street by the , day of next, under the penalties contained in the said Act.

Persons requiring Forms of Returns can procure them at the Office of the Assessor aforesaid, [or of any of the Assessors.] Forms of such Returns will also be left at the usual place of residence or business of every person known or considered to be liable to the Duties imposed by the said Act. But any person liable to the said Duties, who may not receive such Forms, must apply for the same at the said Assessor's Office, or at the Office of any of the Assessors.

To be signed by two of the Commissioners

Dated this day of

NOTE.—The Returns may be sealed up, and the seal will be broken only by the Commissioners.

If any person shall desire that his Return be rendered to, and his assessment fixed by, the Special Commissioner, he may, together with the Return, transmit under cover to the Commissioners, an application to that effect, sealed and addressed to the Special Commissioner. Such application will, on receipt thereof, be transmitted to the Special Commissioner.

৩ নম্বরের পাঠ।

সাধারণ এস্তেলা।

অর্থাৎ রাজধানীতে কি মোহনার বসতি স্থানে ১৮৬০ সালের ৩২ আইনের ৩৭ ধারামতে অমুক স্থানের ইনকম টাক্সের কমিসানর সাহেবেরদের জারী করিবার সাধারণ এস্তেলা। *

(এই এস্তেলা (অমুক) নগরের কিম্বা (অমুক) মোকামের অমুক রাস্তার অমুক নম্বরের বাটীতে উক্ত কমিসানর সাহেবেরদের দফ্তরখানায় ও ঐ নগরের ও মোকামের সকল মালের কাছারীতে ও পোলীসের কাছারীতে ও সেই নগরের (কি মোকামের) সকল লোকের দৃষ্টিগোচর অন্য যেং স্থান কমিসানর সাহেবেরা নিরূপণ করেন সেই সকল স্থানে লটকাইতে হইবেক।)

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্স।

ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ১৮৬০ সালের ৩২ আইনমতে অর্থাৎ সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে মুনাফা উপার্জন হয় তাহার উপর টাক্স বসাইবার আইনমতে এই নগরের (কি মোকামের) যে সকল লোকের উপর টাক্স লাগিতে পারে ও আপনং প্রাপ্তির কি আয়ের ফর্দ্দ যে সকল লোকের দিতে হয়, তাঁহারদিগকে হুকুম হইতেছে যে, তাঁহারা আপনং প্রাপ্তির ও আয়ের ফর্দ্দ নীচের লিখিত নকশামতে লিখিয়া তাহাতে উপযুক্তমতে দস্তখৎ করিয়া ও এই আইনমতের নির্দ্দিষ্ট কৈফিয়ৎ লিখিয়া আগামি অমুক মাসের অমুক তারিখপর্য্যন্ত অমুক রাস্তার অমুক নম্বরের বাটীতে উক্ত নগরের (কি মোকামের) আসেসরকে দেন। না দিলে উক্ত আইনমতে দণ্ড হইতে পারিবে।

যাঁহারা ঐ ফর্দ্দ লিখিবার নকশা চাহেন তাঁহারা পূর্ব্বোক্ত আসেসরের (কিম্বা আসেসরেরদের মধ্যে কোন এক জনের দফ্তরখানায় তাহা পাইতে পারিবেন। আরো ঐ আইনমতের টাক্স দিবার যোগ্য যাঁহারদিগকে জ্ঞান হয় কি বোধ হয় তাঁহারদের প্রত্যেক জনের নিয়ত বাসস্থানে কি কর্ম্মস্থানে ঐ ফর্দ্দের নকশা দেওয়া যাইবেক। কিন্তু ঐ টাক্স দিবার যোগ্য কোন লোক যদি সেই ফর্দ্দ লিখিবার নকশা না পান, তবে ঐ আসেসরের দফ্তরখানায়, কিম্বা আসেসরেরদের কোন এক জনের দফ্তরখানায় তাঁহারদের সেই নকশা চাহিতে হইবেক।

সাল তাং ইহাতে কমিসানরেরদের দুই জন দস্তখত করিবেন।

মন্তব্য কথা। ঐ ফর্দ্দ লা দিয়া আঁটিয়া দেওয়া যাইতে পারিবেক। তাহা হইলে কেবল কমিসানর সাহেবেরা সেই লা ভাঙ্গিয়া খুলিতে পারিবেন।

ঐ ফর্দ্দ খাস কমিসানরকে দেওয়া যায় ও তাঁহার দ্বারা টাক্স ধার্য্য হয় কোন লোকের যদি এই বাসনা থাকে, তবে তিনি সেই মর্ম্মের দরখাস্ত লিখিয়া খামে দিয়া তাহা লা দিয়া আঁটিয়া তাহার উপর খাস কমিসানর সাহেবের নাম লিখিয়া আপনার ঐ ফর্দ্দের সঙ্গে কমিসানর সাহেবেরদের নিকটে পাঠাইবেন। সেই দরখাস্ত পাওয়া গেলে খাস কমিসানর সাহেবের নিকটে পাঠান যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০। ২ অক্টোবর।]

FORM No. 6.

SPECIAL NOTICE

ISSUED AND SIGNED BY THE ASSESSOR OF (OR DEPUTY COLLECTOR ACTING AS ASSESSOR) UNDER ACT XXXII. OF 1860, SECTION XXXVIII.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

To

of

TAKE notice that you are hereby required to return your Profits and Income for the year commencing on the 1st day of August and ending on the 31st day of July . under Act XXXII. of 1860, and to fill up, and make out the Return, Declarations, Statements, and Lists required by Sections XXXVIII., XXXIX., XL. and XLI. of that Act, to be made out and delivered, and the same duly filled in and signed, to transmit to, or deliver at my Office at on or before the day of under the penalties contained in the said Act.

Forms of Returns, Declarations, Statements, and Lists prescribed by the Governor General in Council, under the provisions of the said Act, which Forms are to be filled up and delivered as aforesaid, accompany this Notice.

(Signed) *By the Assessor.*

Dated this day of

NOTE 1.—The Return may be sealed up, and the seal will be broken only by the Assessor

NOTE 2.—If any person, whose annual profits or income shall exceed 2,000 Rupees, may desire that his Return be rendered to, and his assessment fixed by, the Collector, he shall transmit such Return sealed and addressed to the Collector.

৬ নম্বরের পাঠ।

বিশেষ এত্তেলা।

১৮৬০ সালের ৩২ আইনের ৩৮ ধারামতে অমুক স্থানের আসেসর (কিম্বা আসেসরের কর্ম্মকারি ডেপুটী কালেক্টর এই এত্তেলায় দস্তখৎ করিয়া তাহা জারী করিবেন।

---

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

অমুক স্থাননিবাসি।

শ্রী অমুক প্রতি আগে।

তোমাকে হুকুম হইতেছে যে, অমুক সালের আগষ্ট মাসের ১ তারিখঅবধি অমুক সালের জুলাই মাসের ৩১ তারিখপর্য্যন্ত এক বৎসরে তোমার যত লাভ ও আয় হইয়াছে তাহা তুমি ১৮৬০ সালের ৩২ আইনমতে লিখিয়া জানাও। ও ঐ আইনের ৩৮ ও ৩৯ ও ৪০ ও ৪১ ধারাতে যে ফর্দ্দ ও কৈফিয়ৎ ও বৃত্তান্ত ও তালিকা লিখিয়া দিবার হুকুম আছে তাহাতে তুমি উপযুক্ত কথা লিখিয়া দস্তখৎ করিয়া, অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে অমুক স্থানে আমার দপ্তরখানায় তাহা পাঠাও কি আনিয়া দেও। তাহা না দিলে ঐ আইনের লিখিত দণ্ড হইতে পারিবেক।

হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ঐ ফর্দ্দের ও কৈফিয়তের ও বৃত্তান্তের ও তালিকার যে নক্‌শা ঐ আইনের বিধানমতে নির্দ্দিষ্ট করিয়াছেন তাহার কএক কেতা এই এত্তেলার সঙ্গে তোমাকে দেওয়া যাই-তেছে। তাহাতে তুমি উপযুক্ত কথা লিখিয়া পূর্ব্বোক্তমতে দাখিল কর।

আসেসরের দস্তখৎ।

সাল তাং

মন্তব্য কথা। ১। ঐ ফর্দ্দ লা দিয়া আঁটিয়া দেওয়া যাইতে পারিবে। তাহা হইলে কেবল আসেসর ঐ লা ভাঙ্গিয়া খুলিতে পারিবেন।

২। বৎসরে যাঁহার ২০০০৲ টাকার অধিক লাভ কি আয় হয় এমত কোন লোক যদি চাহেন যে, আমার ফর্দ্দ কালেক্টর সাহেবকে দেওয়া যায় ও তাঁহার দ্বারা টাক্‌স ধার্য্য হয়, তবে তিনি ঐ ফর্দ্দ লা দিয়া আঁটিয়া শিরনামায় কালেক্টর সাহেবের নাম দিয়া পাঠাইবেন।

[*Government Gazette, 2nd October,* 1860.]

FORM No 7, PART I.

INCOME TAX

For the year ending **31st *July* 186 .**

RETURN PART I.

RETURN under Schedule I of Act XXXII. of 1860, of Property in and Profits arising from lands and houses in India

BEING PART I OF GENERAL RETURN.

1.	2.	3.	4.	5.	6.	7	8.	9.
Name and Residence. (If more than one residence or dwelling, both must be stated together, with the place of residence on 1st August 1860.)	Description of property, whether land or house, (A) in whatever district situated.	Situation of property.	Statement of all the several estates, tenures, sub-tenures, houses, lands, and the nature of such several estates, tenures, sub-tenures, under whatever title held.	Rents and profits of all kinds received, or receivable as rent or profits for the preceding year, i e. the year ending at the end of the last revenue year.	Names of all co-sharers in any of the estates, tenures, sub tenures lands and houses the extent of every such share, and the amount received by such sharers for their own use or benefit.	Amount of Government revenue or rent payable to any superior landlord if any.	Statements of lands or houses in occupation of party making the Return—and of rack rent at which the same are worth to be let for the year.	Claim, if any, for deduction on account of abatement, for flood, drought, or tempest, or for insolvency or absconding, of tenants.

Dated

(Signed)

৭ নম্বরের নক্সার তৃতীয় খণ্ড।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্স।

ফর্দ্দের তৃতীয় খণ্ড।

১৮৬০ সালের ৩২ আইন।

৪ নম্বরের তফসীলের ১ বিধিমতে যে বেতনের উপর টাক্স ধার্য্য হয় এমত বেতন না হইয়া সরকারী কোন কার্য্যকারকের যে রসুমের কি কমিস্যনের কি উপরি টাকার কি লাভের উপর ৪ নম্বরের তফসীলমতে টাক্স লাগিতে পারে তাহার ৪ নম্বরের তফসীলমতের ফর্দ।

সাধারণ ফর্দ্দের তৃতীয় খণ্ড।

১	২	৩
নাম ও বাসস্থান।	পদের খ্যাতি কি কর্ম্ম যে স্থানে করা যায়।	১ বিধিমতে যে বেতনের উপর টাক্স লাগিতে পারে তাহাছাড়া পূর্ব্ব বৎসরের শেষপর্য্যন্ত অর্থাৎ আশ্বিন মাসের ৩০ তারিখপর্য্যন্ত কিম্বা অন্য যে তারিখে ঐ রসুমের কি কমিস্যনের কি উপরি টাকার কি লাভের হিসাব নিষ্পত্তি হইয়া থাকে সেই তারিখপর্য্যন্ত যত রসুম কি কমিস্যন কি উপরি টাকা কি লাভ পাওয়া গিয়াছে তাহা।

সাল তাং দস্তখৎ

মন্তব্য। এই তিন খণ্ড লইয়া একি ফর্দ্দ হয় ও তাহা এক সঙ্গে করিতে হয়। ৮ নম্বরের কৈফিয়ৎ এই শেষ ভাগের তলে দিতে হইবে।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

WANTED

A Peshkar and Meermoonshee for the Midnapore Fouzdarry Court. The salaries are Rs. 30 and 20 respectively. Persons desirous of obtaining either of these offices must make personal application to the Magistrate, and must be able to produce testimonials of character, good education and qualification from previous service in the same or some analogous department.

F. R. COCKERELL, *Offg. Magistrate.*

The 7th September, 1860.

মেদিনীপুরের ফৌজদারী আদালতের পেশকারের ও মীরমুনশীর পদ খালী হইয়াছে। পেশকারের বেতন ৩০৲ টাকা ও মীরমুনশীর বেতন ২০৲ টাকা। যাঁহারা তাহার মধ্যে কোন পদ পাইতে চাহেন তাঁহারদের প্রয়োজন যে আপনারা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হাজির হইয়া দরখাস্ত করিয়া আপনারদের সুচরিত্র ও সুশিক্ষার সর্টিফিকট ও পূর্ব্বে সেই পদে কি তাহার সমান অন্য কোন পদে কর্ম্ম করিয়া ঐ কর্ম্মের যোগ্য আছেন ইহার সর্টিফিকট দেখাইতে পারেন।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র

এতদ্দারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

The said A. B., his heirs, executors, or administrators, shall, and will pay to the Secretary of State in Council at the Government Treasury at , for the purposes of Act XXXII. of 1860, in each and every year of the said term, the sum of being the amount of the said assessment, together with an addition thereto, at and after the rate of one Rupee for every twenty Rupees of the sum assessed as aforesaid, by four equal quarterly instalments, *viz* .

First instalment, on or before the day of

Second instalment, on or before the day of

Third instalment, on or before the day of

Fourth instalment, on or before the day of

in each and every year of the term aforesaid.

(Signed)

Commissioner
Or Special Commissioner,
Or Collector.

(Signed) *A. B., the party compounding.*

Dated this *day of*
Witness.

NOTE.—This agreement is to be made in two parts, which are to be severally signed by one of the Commissioners, (*or* the Special Commissioner, *or* the Collector,) and by the person compounding.

[*Government Gazette*, 16*th October*, 1860.] 4 S 2

১৮ নম্বরের পাঠ।

---

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

১৮৬০ সালের ৩২ আইনের ৭১ ধারামতে ফুরণের একরারনামা লিখিবার পাঠ।

১৮৬০ সালের ৩২ আইনের ২ নম্বরের তফসীলমতে যে প্রাপ্তির ও লাভের উপর টাক্‌স লাগিতে পারে তাহার উপলক্ষে অমুক স্থানের কমিসানর সাহেবেরা (কিম্বা খাস কমিস্যনর সাহেব) কিম্বা (বিষয়বিশেষে) ঐ আইনমতের কর্ম্মকারী অমুক স্থানের কালেক্টর সাহেব অমুক স্থাননিবাসি অমুকের উপর ১৮৬ সালের অমুক মাসের অমুক তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের নিমিত্তে এত টাকা ও এত টাকা অর্থাৎ সর্ব্বসুদ্ধ এত টাকা টাকস উপযুক্তমতে ধার্য্য করিয়াছেন। ও উক্ত আইনের অনুমতিমতে উক্ত অমুক নীচের লিখিত কালের নিমিত্তে ঐ টাক্‌স ফুরণ করিয়া দিতে ইচ্ছা করিয়াছেন। এই কারণে ঐ আইনমতের কর্ম্মকারী অমুক স্থানের ঐ কমিসানর সাহেবেরদিগকে কিম্বা খাস কমিসানর সাহেবকে কিম্বা কালেক্টর সাহেবকে ঐ বিষয়ে কার্য্য করিতে এই আইনমতে যে শক্তি ও ক্ষমতা দেওয়া গিয়াছে তাহার জোরে ও তদনুসারে তাঁহারা কি তিনি উক্ত অমুকের সঙ্গে অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি এত বৎসর মিয়াদের নিমিত্তে উক্ত যত টাক্‌স লাগিতে পারে কিম্বা ঐ ২ নম্বরের তফসীলমতে তাহার যত টাক্‌স ধার্য্য হইতে পারে তাহ ফুরণ করিয়া লইবার করার ও চুক্তি করিয়াছেন, ও উক্ত অমুক উক্ত কমিসানর সাহেবেরদের সঙ্গে (কিম্বা বিষয়বিশেষে খাস কমিসানর সাহেবের কি কালেক্টর সাহেবের সঙ্গে) তদ্রূপ একরার করিয়াছেন।

ঐ ফুরণের করারের নিয়ম এই, অর্থাৎ,

উক্ত অমুক কি তাহার উত্তরাধিকারিরা কি অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা ১৮৬০ সালের ৩১ আইনের কার্য্যের নিমিত্তে ঐ মিয়াদের প্রতিবৎসর বৎসরে২ ঐ ধার্য্যকরা টাক্‌স এত টাকা ও তাহার উপর পূর্ব্বোক্ত ধার্য্যকরা টাক্‌সের বিশ২ টাকার উপর এক টাকার হিসাবে পূর্ব্বোক্ত মিয়াদের প্রতিবৎসরে বৎসরে২ তিন২ মাসের চারি কিস্তি করিয়া অর্থাৎ,

অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে প্রথম কিস্তির
অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে দ্বিতীয় কিস্তির
অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে তৃতীয় কিস্তির
অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে চতুর্থ কিস্তির
টাকা অমুক স্থানের গবর্ণমেন্টের ট্রেজুরীতে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবকে দিবেন।

(দস্তখৎ)

কমিসানর।
কি খাস কমিসানর।
কি কালেক্টর।

সাল তাং (দস্তখৎ) অমুক, ফুরণকারি ব্যক্তি।
ইত্যাদী।

মন্তব্য। এই একরারনামার দুই কেতা করা যাইবেক। উভয়ে কমিসানরেরদের এক জন (কিম্বা খাস কমিসানর কি কালেক্টর সাহেব) ও যে জন ফুরণ করেন তিনি দস্তখৎ করিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬০। ১৬ অক্টোবর।]

FORM No. 19.

INCOME TAX.

For the year ending 31st July 186 .

ACT XXXII. OF 1860, SECTION LXXX.

LIST to be delivered by any Trustee, who shall have authorised the receipt of the Profits or Income arising from trust property by the person entitled thereto, or by the agent of such person, provided such person shall actually have received the same under such authority, of the name and residence of such person, and of the amount of the Income liable to be assessed.

1.	2.	3.	4.	5.
Name and residence of person delivering the list and character in which he delivers it, *viz.* as trustee under a settlement, or trustee or executor under a will or otherwise.	Name and residence of person on whose behalf profits or income have been received.	Amount of profits or income of such person liable to be assessed.	Statement whether such person is under any and what disability.	Statement whether the profits or income arising from trust property were paid by the trustee to the person entitled personally, or to any agent who has paid over the same, and name and residence of such agent.

D[illegible] [illegible]

[*Government Gazette*, 16*th October*, 1860.]

১৯ নম্বরের নক্শা

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের
ইনকম টাক্স।

১৮৬০ সালের ৩২ আইনের ৮০ ধারা।

কোন টুষ্টীর হাতে যে সম্পত্তি গচ্ছিত থাকে তাহার লাভ কি আয় যে ব্যক্তির প্রাপ্য হয় তাঁহাকে কিম্বা তাঁহার গোমাশতাকে তাহা আদায় করিবার ক্ষমতা যদি ঐ টুষ্টী দেন ও সেই লোক যদি ঐ শক্তিক্রমে ঐ লাভ কি আয় নিতান্ত আদায় করিয়া থাকেন তবে ঐ লোকের নামের ও বাসস্থানের, ও তাঁহার যত আয়ের উপর টাক্স ধার্য্য হইতে পারিবে তাহার যে ফর্দ্দ ঐ টুষ্টীর দিতে হইবেক তাহা এই।

১	২	৩	৪	৫
যে জন এই ফর্দ্দ দেন তাঁহার নাম ও বাসস্থান ও তিনি যে পদে থাকিয়া তাহা দেন, অর্থাৎ নিরূপণ পত্রক্রমে টুষ্টী হইয়া, কিম্বা উইল কি অন্য দলীলক্রমে টুষ্টী কি অছি হইয়া তাহা দেন।	যাঁহার নিমিত্তে ঐ প্রাপ্তি কি আয় আদায় হইয়াছে তাহার নাম ও বাসস্থান।	ঐ লোকের যত টাকা লাভের কি আয়ের উপর টাক্স ধার্য্য হইতে পারে তাহা।	সেই লোক কোন প্রকারে অক্ষম আছেন কি না ও কি প্রকারে ইহার বর্ণনা।	ঐ গচ্ছিত সম্পত্তিহইতে যে লাভ কি আয় হয় তাহা যাঁহার প্রাপ্য আছে তাঁহাকে ঐ টুষ্টী তাহা দিয়াছেন কি কোন গোমাশতার হাতে দিয়া তাঁহাকে দেওয়াইয়াছেন ও সেই গোমাশতার নাম ও বাসস্থান।

(দস্তখৎ)

FORM No. 20.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

ACT No. XXXII. of 1860, SECTION LXXX.

LIST to be delivered by any Agent, Factor or Receiver of any person, being of full age, and resident in India, and under no disability, of the name and residence of such person, and of the amount of the Income liable to be assessed.

1.	2.	3.
Name and residence of person delivering the list and character in which he delivers it, *viz.* as agent, factor or receiver, or otherwise.	Name and residence of person on whose behalf profits or income are received.	Amount of profits or income of such person liable to be assessed.

(Signed)

Dated

২০ নম্বরের নক্শা।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের
ইন্কম টাক্স।
১৮৬০ সালের ৩২ আইনের ৮০ ধারা।

ভারতবর্ষনিবাসি যে লোক বয়ঃপ্রাপ্ত হইয়াছেন ও কোন প্রকারে অক্ষম নহেন, তাঁহার নামের ও বাসস্থানের ও তাঁহার আয়ের উপর যত টাক্স ধার্য্য হইতে পারে এই কথার যে ফর্দ্দ তাঁহার গোমাশতার কি কর্ম্মকারকের কি টাকা গ্রাহকের দিতে হইবেক তাহা এই।

১	২	৩
যে জন এই ফর্দ্দ দেন তাঁহার নামও বাসস্থান, ও তিনি যে পদে থাকিয়া তাহা দেন অর্থাৎ গোমাশতা কি কার্য্যকারক কি টাকা গ্রাহকপ্রভৃতি হইয়া তাহা দেন।	যাহার নিমিত্তে ঐ প্রাপ্তি কি আয় আদায় করিয়া থাকেন তাহার নাম ও বাসস্থান।	ঐ লোকের যত প্রাপ্তির কি আয়ের উপর টাক্স ধার্য্য হইতে পারিবে তাহা।

তারিখ।

দস্তখৎ

[*Government Gazette*, 16*th October*, 1860.]

FORM No. 21.

INCOME TAX

For the year ending 31st July 186 .

ACT XXXII. OF 1860, SECTION XCI.

RETURN by the Treasurer, Secretary, or Principal Agent or Manager in India, of any Body, Company, or Society in India, of Profits and income of the said Body, Company, or Society.

This Return will be in the same form as Form 7, Parts I. II. and III., adding in the 1st column of each Part the name of the Body, Company or Society on whose behalf the Return is made, the place or places where it carries on business in India or elsewhere, and whether registered, and where.

The Declaration in Form No. 8 must be added at the foot thereof, and made and signed by the Officer making the Returns, who must state the designation of his Office.

NOTE Section XCII. Such return shall be made on the amount of the annual Profits and income of such Body, Company, or Society, before any dividend shall have been made thereof to any other persons, Bodies, or Companies having any share, right, or title in or to such profits or income, and all such other persons, Bodies, Companies, or Societies shall allow, out of such dividend, a proportionate deduction in respect of the Duty so charged.

২১ নম্বর।

---

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্স।

১৮৬০ সালের ৩২ আইনের ৯১ ধারা।

ভারতবর্ষের কোন সমাজের কি কোম্পানির কি সোসাইটির প্রাপ্তির ও আয়ের যে ফর্দ্দ ঐ সমাজের কি কোম্পানির কি সোসাইটির ভারতবর্ষনিবাসি ট্রেজুররের কি সেক্রেটারীর কি প্রধান কর্ম্মকারকের কি কর্ম্মাধ্যক্ষের দিতে হইবেক সেই ফর্দ্দ এই।

এই ফর্দ্দ ৭ নম্বরের নক্শার ১ ও ২ ও ৩ খণ্ডমতে লিখিতে হইবেক কেবল যে সমাজের কি কোম্পানির কি সোসাইটির নিমিত্তে ঐ ফর্দ্দ দেওয়া যায় তাহার খ্যাতি ও ভারতবর্ষের কি অন্য দেশের যে স্থানে কি যে২ স্থানে ঐ সমাজপ্রভৃতির কর্ম্ম চালান যাইতেছে ও তাহার রেজিষ্টরী হইয়াছে কি না ও কোথায় রেজিষ্টরী হইয়াছে এই সকল কথা উক্ত প্রত্যেক খণ্ডের ১ ঘরে লিখিতে হইবে।

তাহার তলে ৮ নম্বরের কৈফিয়ৎ লিখিতে হইবেক ও যে কার্য্যকারক ঐ ফর্দ্দ করেন তাঁহার সেই কৈফিয়ৎ লিখিয়া দস্তখৎ করিতে হইবেক ও তাঁহার পদের খ্যাতি তাহাতে লিখিতে হইবেক।

মন্তব্য, ৯২ ধারা। ঐ সমাজের কি কোম্পানির কি সোসাইটির বৎসরের প্রাপ্তিতে ও আয়েতে অন্য যে কোন লোকের কি সমাজের কি কোম্পানির কোন হিস্যা কি স্বত্ত্ব কি সম্পর্ক থাকে তাঁহারদিগের ঐ প্রাপ্তির কি আয়ের কোন ডিবিডেণ্ড করিয়া দিবার আগে ঐ প্রাপ্তির ও আয়ের মবলগ টাকার ঐ ফর্দ্দ দিতে হইবেক। ও সেই অন্য সকল লোক কি সমাজ কি কোম্পানি কি সোসাইটী উক্ত মতের ধার্য্য করা টাক্সের উপলক্ষে ঐ ডিবিডেণ্ডহইতে হারাহারিমতে বাদ দিয়া লইতে দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট : ১৮৬০। ১৬ অক্টোবর।]

(৬২০ .)

FORM No. 22.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

ACT XXXII. of 1860, SECTION XCVIII., RULE XXXIII.

WE, (or I,) hereby certify that it has been proved to our (or my) satisfaction, upon the application of A. B., being resident in our (or my) District, that an annuity (*or* an amount of interest, *or* annual sum, *as the case may be*) of Rupees is annually paid out of the profits *bonâ fide* accounted for by and charged to the said A. B., by virtue of the said Act at the rate specified therein, and according to the Rules under Schedule 2, without any deduction in respect thereof; and that the said A. B has been charged with the Income Tax Duties chargeable thereon for (the year) amounting to Company's Rupees

Witness (our or) my hand.

Signature of

Two Commissioners (*or Collector*)

Dated

২২ নম্বরের পাঠ।

---

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্স।

১৮৬০ সালের ৩২ আইনের ৯৮ ধারার ৩৩ বিধি।

আমারদের (কি আমার) জিলা নিবাসি শ্রীঅমুক আপনার প্রকৃত যে প্রাপ্তির হিসাব দিয়াছেন ও যাহার উপলক্ষে ঐ আইনের পরিক্রমে ঐ আইনের নির্দিষ্ট হারানুসারে ও ২ নম্বরের তফসীলের বিধিমতে তাঁহার উপর টাক্স ধার্য্য হইয়াছে সেই প্রাপ্তিহইতে উক্ত অমুকের এত টাকা বার্ষিক বৃত্তি (কিম্বা বিষয়বিশেষে সুদ কি বার্ষিক টাকা) বৎসরেং দিতে হইতেছে, ও তিনি যে হিসাব দিয়াছেন তাহাহইতে ঐ বার্ষিক বৃত্তিপ্রভৃতির বাবতে কিছু বাদ দেন নাই। ও ঐ প্রাপ্তির উপলক্ষে অমুক বৎসরের নিমিত্তে কোম্পানির এত টাকা যে ইন্‌কম টাক্স লাগিতে পারে তাহা উক্ত শ্রী অমুকের উপর বসান গিয়াছে। উক্ত শ্রী অমুকের দরখাস্তমতে এই কথার প্রমাণ আমারদের (কি আমার) খাতিরজমামতে করা গিয়াছে, ইহার সর্টিফিকট আমরা (কি আমি) ইহাতে লিখিয়া দিলাম।

আমারদের (কি আমার) দস্তখৎ এই। দুই জন কমিস্যনর কি কালেক্টর সাহেবের

নাম তাং দস্তখৎ।

FORM No. 23.

INCOME TAX

For the year ending 31st July 186 .

ACT XXXII. OF 1860, SECTION C. RULE VI.

ABSTRACT of Assessments made in respect of the Salaries, Perquisites or Profits arising from Offices, or Employments, or Profit in the Company called under Schedule 4 of the said Act, by the Assessor specially entrusted with the duty of making such assessment for the year ending 31st July, 18 .

1.	2.	3.	4.	
Name and residence of the person assessed.	Name of office or employment held by such person in the Company.	Amount of yearly salary, perquisites, or profits on which such person is assessed.	Amount of Duties assessed upon such person under Schedule 4.	REMARKS.
			Rs. 3 per cent. Duties .. 1 ditto ditto Total ..	

(Signature of Assessor specially entrusted with the duty of making the Assessment on the said Company).

২৩ নম্বরের পাঠ।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

১৮৬০ সালের ৩২ আইনের ১০০ ধারার ৬ বিধি।

ঐ আইনের ৪ নম্বরের তফসীলমতে অমুক নামে খ্যাত কোম্পানিসম্পর্কীয় পদ কি কর্ম্ম কি প্রাপ্তিহইতে যে বেতন কি উপরি টাকা পাওয়া যায় কি যে লাভ হয়, তাহার উপলক্ষে অমুক সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের নিমিত্তে টাক্‌স ধার্য্য করিবার ভার যে আসেসরের প্রতি বিশেষমতে অর্পণ করা যায় তাঁহার ধার্য্য করা টাক্‌সের খোলাসা।

১	২	৩	৪	৫
যাঁহার উপর টাক্‌স ধার্য্য হইয়াছে তাঁহার নাম ও বাসস্থান	ঐ লোক ঐ কোম্পানিসম্পর্কীয় যে পদে কি কর্ম্মে থাকেন।	ঐ লোকের বৎসরের যত বেতন কি উপরি টাকা কি লাভ ধরিয়া টাক্‌স ধার্য্য হইয়াছে।	৪ নম্বরের তফসীলমতে ঐ লোকের উপর যত টাক্‌স ধার্য্য হয় তাহা।	মন্তব্য কথা।
			শতকরা ৩৲ টাকার হিসাবে টাক্‌স — শতকরা ১৲ টাকার হিসাবে টাক্‌স — মোট	

ঐ কোম্পানির উপর টাক্‌স ধার্য্য করিবার ভার যে আসেসরের প্রতি বিশেষমতে অর্পণ করা যায় তাঁহার দস্তখৎ।

[কলিকাতা গেজেট। ১৮৬০। ১৬ অক্টোবর।]

FORM No. 24.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

ACT XXXII. OF 1860.

NOTICE of CLAIM to exemption under Section CXIX. to be delivered to the Assessor.

1.	2.	3.	4.	5.	6.	7.
Name and residence of claimant.	Nature of claim to exemption.	Statement of the particular sources from which the income of claimant arises.	Statement of the particular amount arising from each source.	Every sum (if any) of annual interest or other annual payments reserved or charged on Income, whereby it is or will be diminished.	Every sum which claimant may have charged, or may be entitled to charge, against any other person on account of Income Tax, or which he may have deducted, or be entitled to deduct, under the Act, from any payment to which he may be liable.	Total amount of annual income or profits of claimant after all such deductions.

(Signed)

Dated

DECLARATION.

I do hereby claim the exemption above specified from the assessment for the Income Tax, for the year ending under Act XXXII. of 1860. And I declare that, according to the best of my judgment and belief, the particulars of my claim aforesaid are herein fully and truly stated.

(Signed)

Dated

১৪ নম্বরের নক্সা।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্স।

১৮৬০ সালের ৩২ আইন

১১৯ ধারামতে জমা হইবার দাওয়ার যে এত্তলা আসেসরকে দিতে হইবেক তাহা এই।

১	২	৩	৪	৫	৬	৭
দাওয়াদারের নাম ও বাস স্থান।	জমা পাইবার দাওয়ার ভাব।	বিশেষ যে কর্ম্মাদির দ্বারা দাওয়াদারের আয় হয় তাহার বর্ণনা।	এক২ কর্ম্মাদির দ্বারা যত টাকা আয় হয় তাহার বর্ণন।	ঐ আয়ের টাকা যাহাতে কম হইবে এমত সুদের কি অন্য বাবতে যে টাকা বৎসরে২ ঐ আয় হইতে দিতে হয় তাহা	দাওয়াদার ইনকম টাক্সের বাবৎ অন্য কোন লোকের স্থানে যত টাকা লইয়াছেন কি লইতে পারেন কিম্বা আপনার যে টাকা দিতে হয় তাহাহইতে এই আইনমতে যত টাকা কাটিয়া লইয়াছেন কি লইতে পারেন তাহা।	সেই সকল টাকা বাদ দিলে পর দাওয়াদারের বৎসরের যত আয় কি প্রাপ্তি হয় তাহার মবলগ।

সাল তাং

(দস্তখৎ)

কৈফিয়ৎ।

১৮৬০ সালের ৩২ আইনমতে অমুক তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের নিমিত্তে আমার ইনকম টাক্স যত ধার্য্য হইয়াছে তাহাহইতে আমি অমুক উপরের লিখিতমতে জমা পাইবার দাওয়া করি। আরো আমার বিবেচনা ও বিশ্বাসমতে আমি আপনার উক্ত দাওয়ার কথা এই কর্দ্দেতে সম্পূর্ণরূপে ও যথার্থমতে ব্যক্ত করিয়াছি, এই কথা জানাইতেছি।

দস্তখৎ।

FORM No. 25.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

ALLOWANCE OF EXEMPTION UNDER ACT XXXII. OF 1860,

SECTION CXXI.

[*To be addressed to the Chief Revenue Authority of the Presidency, Lieutenant Governorship, or Province.*]

I, the Collector of (*or* the Commissioners, *as the case may be*) do hereby certify that A. B., having claimed an exemption from the Income Tax for the year , under Act XXXII. of 1860, in respect of the property or profits following, that is to say (*here state the particulars*) I, the Collector aforesaid (*or* we, the Commissioners aforesaid) have allowed the said exemption.

(Signed) *Collector* (*or Commissioners.*)

Dated

২৫ নম্বরের পাঠ।

---

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

১৮৬০ সালের ৩২ আইনের ১২১ ধারামতে ক্ষমা পাইবার অনুমতিপত্র।

(রাজধানীর কি লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের এলাকার কি প্রদেশের মধ্যে রাজস্বসম্পর্কীয় প্রধান যে কার্য্যকারক সাহেব থাকেন তাঁহার নামে এই পত্র লিখিতে হইবে।)

শ্রী অমুক এই২ সম্পত্তির কি প্রাপ্তির উপলক্ষে (এই স্থলে বেওরা লিখিতে হইবে) ১৮৬০ সালের ৩২ আইনমতে অমুক বৎসরের ইন্‌কম টাক্‌সহইতে ক্ষমা পাইবার প্রার্থনা করিয়াছেন ও অমুক স্থানের কালেক্‌টর আমি (কিম্বা অমুক স্থানের কমিস্যনর আমরা) ঐ ক্ষমা হইবার অনুমতি দিয়াছি ইহার সর্টিফিকট পূর্ব্বোক্ত কালেক্টর আমি (কিম্বা পূর্ব্বোক্ত কমিস্যনর আমরা) লিখিয়া দিলাম।

সাল তাং। (দস্তখৎ) (কালেক্টর কি কমিস্যনরেরা)

[*Government Gazette*, 16*th October*, 1860.]

FORM No. 26.

INCOME TAX

DUPLICATE.

UNDER

ACT XXXII. OF 1860, SECTIONS CXLIII., CXLIV., CXLV.

THE form of duplicate to be delivered to the Collecting Officers shall be a copy of the Form No. 17, (*General Abstract of Assessments,*) divided into as many several parts as there are separate Collecting Officers, to each of whom shall be delivered that part which includes the names of the persons from whom he has to collect the Tax.

When a Certificate has been delivered to any person by letter or number under Part XVI. of the Act, the duplicate shall not contain the name or residence of such person, but in the column for the name or residence shall be inserted the number or letter set opposite to the name of such person in the Book of Assessment. But if default shall be made by such person in payment, or delivery of the acknowledgment required by Part XVI., the name or residence of such person shall be inserted in the duplicate delivered.

২৬ নম্বরের পাঠ।

ইন্‌কম টাক্‌স।

১৮৬০ সালের ৩২ আইনের ১৪৩ ও ১৪৪ ও ১৪৫ ধারামতে টাক্‌সের ফর্দ্দের নকল।

টাকস উসুল করিবার কর্ম্মকারকদিগকে টাক্‌সের ফর্দ্দের যে নকল দেওয়া যাইবেক তাহা ১৭ নম্বরের (অর্থাৎ ধার্য্যকরা টাক্‌সের সাধারণ খোলাসার) নকশামতে হইবে। টাক্‌স উসুল করিবার যত জন কর্ম্মকারক থাকেন তত কেতা করিয়া এক২ জনের যে স্থানে টাক্‌স উসুল করিতে হইবে সেই স্থানবাসি লোকেরদের নাম ঐ খোলাসার যে ভাগে থাকে সেই ভাগের নকল তাঁহাকে দেওয়া যাইবে।

যদি এই আইনের ১৬ অধ্যায়মতে কোন লোককে অক্ষর কি নম্বরমতে সর্টিফিকট দেওয়া গিয়াছে, তবে ঐ লোকের নাম কি বাসস্থান ঐ নকলে লেখা যাইবে না। কিন্তু ধার্য্যকরা টাক্‌সের বহীতে ঐ লোকের নামের পার্শ্বে যে নম্বর কি অক্ষর দেওয়া গিয়াছে সেই নম্বর কি অক্ষর তাঁহার নামের কি বাসস্থানের ঘরে লিখিতে হইবেক। কিন্তু যদি সেই লোক টাক্‌সের টাকা দিতে ত্রুটি করেন কিম্বা ১৬ অধ্যায়মতের রসীদ দাখিল করিতে যদি ত্রুটি করেন, তবে তাঁহার নাম ও বাসস্থান তহসীলদারকে দেওয়া সেই নকলে লেখা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০, ১৬ অক্টোবর।]

FORM No. 27.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

CERTIFICATE under Act XXXII. of 1860, Part XVI.

I, the Collector for (*or* we, the Commissioners for) do hereby certify that there is payable for the year ending . under Act XXXII. of 1860, Part XVI., the sum of , by the person charged under No. or Letter (*as the case may be*) in the Assessment Book, in respect of the Duties under Schedule 2.

Number ৩
Or Letter

(Signed) *Collector* (*or Commissioners.*)

NOTE.—This number or letter must be the same as the number or letter in the entry in the Assessment Book.

২৭ নম্বরের পাঠ।

---

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

১৮৬০ সালের ৩২ আইনের ১৬ অধ্যায়মতের সর্টিফিকট।

ধার্য্য করা টাক্‌সের বহীতে অমুক নম্বর কি অমুক অক্ষর যাহার নামে দেওয়া গিয়াছে, তাঁহার অমুক তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের নিমিত্তে ২ নম্বরের তফসীলমতের টাক্‌সের বাবৎ এত টাকা ১৮৬০ সালের ৩২ আইনের ১৬ অধ্যায়মতে দিতে হইবে। ইহার সর্টিফিকট অমুক স্থানের কালেক্টর আমি (কিম্বা অমুক স্থানের কমিসানর আমরা) লিখিয়া দিলাম।

নম্বর (দস্তখৎ)

কি অক্ষর কালেক্টর কি কমিসানরেরা।

সাল তাং

মন্তব্য কথা। ধার্য্যকরা টাক্‌সের বহীতে যে নম্বর কি অক্ষর থাকে সেই নম্বর কি অক্ষর এই সর্টিফিকটে দিতে হইবে।

[*Government Gazette,* 16*th October*, 1860.]

FORM No. 28.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

ACKNOWLEDGMENT under Act XXXII. of 1860, Part XVI.

I, in charge of Treasury (or Collecting Officer, *as the case may be*) do hereby acknowledge to have received from the person producing the Certificate herinafter mentioned the sum of being the quarterly instalment payable on the day of on account of the Certificate granted by the Collector (or Commissioners) of marked by the letter (or number) under Act XXXII. of 1860, Part XVI.

Number
Or Letter of Certificate.

(Signed)

Dated

২৮ নম্বরের পাঠ।

---

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্স।

১৮৬০ সালের ৩২ আইনের ১৬ অধ্যায়মতের রসীদ।

অমুক স্থানের ট্রেজুরীর কর্ম্মের ভারপ্রাপ্ত (কিম্বা তহশীলদার) আমি অমুক ইহাতে জানাইতেছি যে, ১৮৬০ সালের ৩২ আইনের ১৬ অধ্যায়মতে অমুক স্থানের কালেক্টর সাহেবের (কি কমিস্যনর সাহেবেরদের) অমুক অক্ষরে (কি নম্বরে) চিহ্নিত সর্টিফিকটের বাবৎ ঐ সর্টিফিকট দাখিল করণিয়া ব্যক্তির স্থানে এত টাকা অর্থাৎ অমুক তারিখের দেনা তিন মাসের কিস্তির টাকা বুঝিয়া পাইলাম।

সর্টিফিকটের নম্বর।
কি অক্ষর

দস্তখৎ

সাল তাং

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৬ অক্টোবর।]

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 18TH AUGUST 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 18th August 1860, and is hereby promulgated for general information :—

ACT No. XXXIX. OF 1860.

An Act to amend Act XXXII. of 1860 (for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices).

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act XXXII. of 1860 *(for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices)* : It is enacted as follows :—

[Duties on Public Offices, Annuities, &c.]

I. The Duties mentioned in Sections I. and III. of the said Act shall be collected and paid in respect of every public office or employment of profit in the territories of any Foreign Prince or State in alliance with Her Majesty, held by any public servant within such territories by virtue of an appointment made by any Government or public servant of Her Majesty in India, whether the salary or profits of such office or employment are paid out of, or derived from, the revenues of India or not.

[Provisions of Act XXXII. of 1860 applicable.]

II. The several provisions, rules, and exemptions in the said Act, relating to the said Duties in respect of public offices and employments, and annuities, pensions, and salaries payable by the Government of India, and to the assessment, reduction, and payment thereof, shall apply and extend to the said Duties in the first Section of this Act mentioned.

[Effect of postponement of the operation of Act XXXII. of 1860.]

III. Whenever the Governor General of India in Council shall, under Section CCXLIII. of the said Act XXXII. of 1860, postpone the period for the said Act to come into operation in any part of India, the operation of the said Act shall not be suspended in respect of the Duties payable for and in respect of any land or houses situate in such part of India, unless the same shall be specially exempted in the order for postponement, or for or in respect of any interest, annuities, or dividends payable out of the public revenues of India, or for or in respect of any office or employment of profit, or for or in respect of any annuity, salary, or pension payable in such part of India. But all the provisions, rules, and exemptions in the said Act relating to the said Duties mentioned in this Section shall take effect in respect thereof, notwithstanding such postponement, to the same extent and

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৮ আগষ্ট।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৮ আগষ্ট তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩৯ আইন।

১৮৬০ সালের ৩২ আইন (অর্থাৎ সম্পত্তির ও বিদ্যাব্যবসায়ের ও কারবারের ও চাকরীর দ্বারা যে উপার্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইন) শুধরাইবার আইন।

[হেতুবাদ।]

১৮৬০ সালের ৩২ আইন (অর্থাৎ সম্পত্তির ও বিদ্যাব্যবসায়ের ও কারবারের ও চাকরীর দ্বারা যে উপার্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইন) সংশোধন করা বিহিত এই কারণে এই২ বিধান হইল।

[সরকারী পদের ও বার্ষিক বৃত্তিপ্রভৃতির উপর টাক্সের কথা।]

১ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে বিদেশীয় যে কোন রাজার কি ভিন্ন দেশের যে কর্তারদের সন্ধি থাকে তাঁহারদের অধিকারের মধ্যে, সরকারী কোন কার্য্যকারক ভারতবর্ষস্থ কোন গবর্ণমেণ্টের কি শ্রীশ্রীমতী মহারাণীর কোন সরকারী কার্য্যকারক সাহেবের দ্বারা নিযুক্ত হইয়া লভ্যজনক যে কোন সরকারী পদ কি কর্ম্ম করেন, তাঁহার সেই পদের কি কর্ম্মের বেতন কি প্রাপ্তি ভারতবর্ষের রাজস্বহইতে দেওয়া যাউক কি পাওয়া যাউক কি না যাউক, সেই পদের কি কর্ম্মের উপলক্ষে ঐ আইনের ১ ও ৩ ধারার লিখিত টাক্স উসুল হইবে ও দেওয়া যাইবে ইতি।

[১৮৬০ সালের ৩২ আইনমতের বিধান খাটিবার কথা।]

২ ধারা। সরকারী নানা পদের ও কর্ম্মের উপলক্ষে ও ভারতবর্ষের গবর্ণমেণ্টহইতে যে বার্ষিক বৃত্তি ও পেনসান ও বেতন দেওয়া যায় তাহার উপলক্ষে উক্ত টাক্সের বিষয়ে, ও তাহা ধার্য্য করিবার ও কম করিবার ও দেওয়ার বিষয়ে, উক্ত আইনে যে সকল বিধান ও বিধি ও বাদ দেওয়ার কথা আছে তাহা এই আইনের প্রথম ধারার লিখিত উক্ত টাক্সের উপর খাটিবে ও লাগিবে ইতি।

[১৮৬০ সালের ৩২ আইন আমলে আনিবার বিলম্বের ফলের কথা।]

৩ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যদি ১৮৬০ সালের উক্ত ৩২ আইনের ২৪৩ ধারামতে ভারতবর্ষের কোন স্থানে উক্ত আইন চলন হইবার কাল বিলম্ব করেন, তবে ভারতবর্ষের ঐ স্থানের কোন জমীর কি ঘরের বিষয়ে কি তাহার উপলক্ষে যে টাক্স দিতে হয়, তাহার বিষয়ে ঐ আইনের কার্য্য স্থগিত রাখা যাইবে না, কেবল যদি ঐ বিলম্বের আজ্ঞার মধ্যে সেই টাক্স না লইবার বিশেষ কথা থাকে তবে স্থগিত হইবে। কিম্বা ভারতবর্ষের সরকারী রাজস্বহইতে যে কোন সুদ কি বার্ষিক বৃত্তি কি ডিবিডেণ্ড দেওয়া যায় তাহার বিষয়ে, কিম্বা সরকারী কোন লভ্যজনক পদ কি কর্ম্ম বিষয়ে, কিম্বা ভারতবর্ষের সেই স্থানে যে কিছু বার্ষিক বৃত্তি কি বেতন কি পেনসান পাওয়া যায় তাহার বিষয়ে ঐ আইনের কার্য্য স্থগিত রাখা যাইবে না, কিন্তু সেইরূপ বিলম্বের আজ্ঞা হইলেও এই ধারার লিখিত ঐ টাক্সের বিষয়ে ঐ আইনের যে সকল বিধান ও বিধি ও বাদ দেওয়ার কথা থাকে তাহা ঐ

in the same manner as if no such postponement had taken place.

[Oath of Secrecy.]

IV. Section XXXIII. of the said Act, requiring that every Commissioner and Collector or other Officer employed in making any assessment under the said Act, shall before acting in execution of the said Act take an oath of secrecy, shall not apply or extend to any Ex-officio Assessor constituted by Section XXVI. of the said Act for executing the said Act for the purpose of assessing and discharging the Duties thereby imposed in respect of interest on Securities in the Government of India, and the other Duties in the said Section referred to, or to the Ex-officio Assessors constituted by Sections XXVII., XXVIII., XXIX., and XXX. of the said Act, for executing the said Act for the purpose of assessing the Duties in respect of the salaries, pay, and allowances and pensions in those Sections respectively mentioned, so as to avoid or affect any assessment of such Duties made by such Ex-officio Assessors before taking the oath of secrecy mentioned in the said Section XXXIII., or so as to expose any such Ex-officio Assessor to any prosecution or proceedings whatsoever for making any assessment of such Duties as aforesaid without having taken the said oath of secrecy.

[Assessments already made, declared valid.]

V. Every assessment heretofore made by any of the said Ex-officio Assessors of any of the Duties in the last preceding Section mentioned, and which would have been valid if such Assessor had, before acting in the execution of the said Act, duly taken the oath prescribed by the said Section XXXIII. thereof, shall be a valid assessment of the said Duties, notwithstanding that such Assessor may not, before or at the time of making the said assessment, have taken an oath of secrecy as prescribed by the said Section, or any oath.

[Indemnity.]

VI. No action, indictment, information, or other proceeding shall be had or taken against any Ex officio Assessor for or by reason of his having made any assessment of any of the Duties in Section IV. of this Act mentioned, without having taken the oath of secrecy prescribed by Section XXXIII. of the said Act XXXII. of 1860, or any oath of secrecy.

[Military Officers in Civil employment not exempt.]

VII. The exemption provided in Section CXXVII. of the said Act XXXII of 1860 shall not extend to Officers, Non-Commissioned Officers, or Privates of Her Majesty's Forces, or of Her Majesty's Indian Military Forces who may be in Civil employment other than employment in the Police.

[Repeal of Section CXXVIII.]

VIII. Section CXXVIII. of the said Act XXXII. of 1860 is hereby repealed.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৬ অক্টোবর।]

বিলম্বের আজ্ঞা না হইলে যেপর্য্যন্ত ও যে প্রকারে প্রবল হইত সেইপর্য্যন্ত ও সেই প্রকারে প্রবল হইবে ইতি।

[কথা প্রকাশ না করিবার শপথের কথা।]

৪ ধারা। ঐ আইনের ৩৩ ধারাতে এই হুকুম হইয়াছে, ঐ আইনমতে কোন টাক্স ধার্য্য করিতে যে কোন কমিস্যনর সাহেব কি কালেক্টর সাহেব কি অন্য কার্য্যকারক নিযুক্ত হন, তিনি ঐ আইনমতের কার্য্য করিবার পূর্ব্বে, কোন কথা প্রকাশ করিবেন না এমত শপথ করিবেন। কিন্তু ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিদর্শনপত্রের সুদের উপলক্ষে যে টাক্স ও ঐ আইনের ২৬ ধারার লিখিত অন্য২ যে টাক্স ঐ আইনমতে বসান যায়, তাহা ধার্য্য ও শোধ করিবার জন্যে ঐ আইনমতে কার্য্য করিতে ঐ ধারামতে যাঁহারদিগকে স্ব২ পদোপলক্ষে আসেসর করা যায় তাঁহারা, কিম্বা ঐ আইনের ২৭ ও ২৮ ও ২৯ ও ৩০ ধারার লিখিত বেতনের ও মাহিয়ানার ও উপরি টাকার ও পেনশ্যনের উপলক্ষের টাক্স ধার্য্য করিবার জন্যে ঐ আইনমতে কার্য্য করিতে যাঁহারদিগকে ঐ২ ধারামতে স্ব২ পদোপলক্ষে আসেসর করা যায়, তাঁহারা কথা গোপনে রাখিবার ঐ ৩৩ ধারার লিখিত শপথ করিবার পূর্ব্বে ঐ আসেসরস্বরূপে যে টাক্স ধার্য্য করেন তাহা যাহাতে ব্যর্থ হইতে পারে কি তাহার হানি যাহাতে হইতে পারে এমন ভাবে, কিম্বা কথা গোপনে রাখিবার ঐ শপথ না করিয়া পূর্ব্বোক্তমতের কোন টাক্স ধার্য্য করাপ্রযুক্ত তদ্রূপ কোন আসেসরের নামে কোন নালিশ কি মোকদ্দমা যাহাতে হইতে পারে, এমন ভাবে ঐ ৩৩ ধারা ঐ আসেসরেরদের উপর খাটিবে না কি লাগিবে না ইতি।

[যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা বজায় থাকিবার কথা।]

৫ ধারা। ইহার পূর্ব্বের ধারার লিখিত যে কোন টাক্স স্ব২ পদোপলক্ষের উক্ত কোন আসেসর এই আইন জারী হইবার পূর্ব্বে ধার্য্য করিয়াছেন, তাহা ঐ আইনমতে কার্য্য করিবার অগ্রে ঐ আসেসর ঐ আইনের ঐ ৩৩ ধারার নির্দ্দিষ্ট শপথ করিলে যদি সিদ্ধ হইত, তবে ঐ আসেসর ঐ টাক্স ধার্য্য করিবার সময়ে কি তাহার অগ্রে কথা গোপনে রাখিবার শপথ কিম্বা কোন শপথ ঐ ধারার নির্দ্দিষ্টমতে না করিলেও ঐ টাক্স ধার্য্য করা সিদ্ধ হইবে ইতি।

[তাঁহারদিগকে দায়হইতে মুক্ত করিবার কথা।]

৬ ধারা। স্বীয় পদোপলক্ষের কোন আসেসর কথা গোপনে রাখিবার ১৮৬০ সালের ঐ ৩২ আইনের ৩৩ ধারার নির্দ্দিষ্টমতের শপথ কি কথা গোপনে রাখিবার কোন শপথ না করিয়া এই আইনের ৪ ধারার লিখিত কোন টাক্স বসাইয়াছেন. এই হেতুতে তাঁহার নামে কোন দাওয়ার কি দোষের নালিশ হইতে পারিবে না ও কোন সম্বাদ গ্রাহ্য হইবে না কিম্বা অন্য কোন প্রকারের মামলা হইতে পারিবে না ইতি।

[পল্টনের লোকেরা দেওয়ানী কর্ম্মে নিযুক্ত হইলে তাঁহারদের মুক্ত না হওয়ার কথা।]

৭ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর পল্টনের কি শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় পল্টনের কোন সেনাপতি সাহেবেরা কি অচিহ্নিত সেনাপতিরা কি গোরা লোকেরা পোলীসের কর্ম্ম ছাড়া দেওয়ানী অন্য কোন কর্ম্মেতে নিযুক্ত হইলে, ১৮৬০ সালের উক্ত ৩২ আইনের ১২৭ ধারাতে মুক্ত হওয়ার যে বিধি আছে তাহা তাঁহারদের উপর খাটিবে না ইতি।

[১২৮ ধারা রদ হইবার কথা।]

৮ ধারা। ১৮৬০ সালের উক্ত ৩২ আইনের ১২৮ ধারা ইহাতে রদ হইল ইতি।

[Exemption of Naval and Marine Officers.]

IX. All Commissioned Officers and Warrant Officers of Her Majesty's Navy or of the Indian Naval Forces, whose Naval pay and allowances shall not exceed the full pay and allowances of a Lieutenant in Her Majesty's Indian Naval Forces :

All Officers and persons in the employment of Government in the Marine Department, whose pay and allowances shall not exceed the pay and allowances of a Lieutenant in Her Majesty's Indian Naval Forces :

All petty Officers or Seamen of Her Majesty's Navy or of Her Majesty's Indian Naval Forces, and all Seamen in the employment or pay of the Government, shall be exempted from the said Duties in respect of any pay or allowances which they may receive from Her Majesty, or from the Government, or from any Public Revenue.

[Proviso.]

Provided always that the said exemptions of Officers or persons in the employment of the Government of India in the Marine Department, shall extend to all Officers and persons in the said employment, who may, by virtue of their employment, be bound to serve, or be liable to be required by the Government to serve, on board of a ship or vessel at sea, or in any river or port, whether such Officers or persons shall be actually so serving or not ; but shall not extend to any Officer or person who may not, by virtue of his employment, be bound or liable so to serve, when and if required by the Government.

[Construction.]

X. This Act shall be read and construed as part of Act XXXII. of 1860.

M. WYLIE,
Clerk of the Council.

[যুদ্ধ জাহাজের ও মারীন আফিসরেরদের মুক্ত হওয়ার কথা।]

৯ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধ জাহাজের কিম্বা ভারতবর্ষীয় যুদ্ধ জাহাজের লোকেরদের মধ্যে সনদপ্রাপ্ত যে সকল আফিসরের ও যে সকল ওয়ারেণ্ট আফিসরের জাহাজীয় বেতন ও উপরি টাকা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় যুদ্ধ জাহাজের পল্টনের লেপ্টেনেণ্ট সাহেবের পূরা বেতনের ও উপরি টাকার অধিক না হয়, তাঁহারা—

ও মারীন ডিপার্টমেণ্টে সরকারী কর্ম্মে নিযুক্ত যে সকল আফিসরের ও লোকের বেতন ও উপরি টাকা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় যুদ্ধ জাহাজের পল্টনের লেপ্টেনেণ্ট সাহেবের বেতন ও উপরি টাকার অধিক না হয় তাঁহারা—

ও শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধ জাহাজের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় যুদ্ধ জাহাজের সকল তাবেদার আফিসর কি মল্লা, ও সরকারী কর্ম্মে নিযুক্ত কি সরকার হইতে বেতনভোগি সকল মল্লা, শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা গবর্ণমেণ্টের স্থানে কিম্বা সরকারী কোন রাজস্ব হইতে যে কোন বেতন কি উপরি টাকা পান তাহার উপলক্ষে তাঁহারদের উক্ত টাক্স লাগিবে না ইতি।

[বর্জ্জিত কথা।]

কিন্তু মারীন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের তাবে নিযুক্ত আফিসরেরদের কি লোকেরদের মুক্ত হওয়ার উক্ত যে বিধি আছে তাহা এইং প্রকারের লোকের উপর খাটিবে, অর্থাৎ উক্ত কর্ম্মে নিযুক্ত যে সকল আফিসর কি অন্য ব্যক্তি আপনারদের কর্ম্মের উপলক্ষে সমুদ্রে কিম্বা কোন নদীতে কি বন্দরে থাকা কোন জাহাজে কর্ম্ম করিতে বদ্ধ হন কিম্বা যাঁহাকে তদ্রূপ কর্ম্ম করিতে গবর্ণমেণ্ট আজ্ঞা করিতে পারিবেন তাঁহার উপর খাটিবে। ও সেই আফিসর কি লোক সেই কর্ম্ম নিত্তান্ত করুন কি না করুন তাঁহার উপর খাটিবে। কিন্তু কোন আফিসরকে কি লোককে গবর্ণমেণ্ট হুকুম করিলেও যদি ঐ কর্ম্মে নিযুক্ত থাকার উপলক্ষে তিনি উক্ত প্রকারের কর্ম্ম করিতে বদ্ধ না হন কি তাঁহার ঐ কর্ম্ম করিবার দায় না থাকে তবে তাঁহার উপর খাটিবে না ইতি

[আইনের অর্থের কথা।]

১০ ধারা। এই আইন ১৮৬০ সালের ৩১ আইনের এক অংশমতে পাঠ করিতে হইবে ও সেই ভাবে এই আইনের অর্থ করিতে হইবে ইতি

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 11*th October*, 1860.

A portion of the leave, viz. from 22nd ultimo to 2nd instant, granted on the 16th August to Moulvie Gholam Rubbany, Moonsiff of Ghattal, is hereby cancelled.

H. B. LAWFORD, *Register.*

[*Government Gazette*, 16*th October*, 1860.]

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬০ সাল ১১ অক্টোবর।

ঘাটালের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রব্বানি যে ছুটী পাইয়াছিলেন তাহার কএক দিন অর্থাৎ গত মাসের ২২ তারিখঅবধি বর্ত্তমান মাসের ২ তারিখপর্য্যন্ত ইহাতে রহিত হইয়াছে।

এচ বি লাফোর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশতিহার।

ইশতেহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১২৬৫। ৬৬ সালের উৎপন্ন ৫২৯০০০/ মোন বালেশ্বর পাঙ্গা নেমক ফি ১০০/ মোন ৩৬০৲ টাকা দরে বিক্রয়ার্থে মৌজুদ আছে কিন্তু উক্ত নেমক * হাশীয়ার লিখিত রপ্তানির গোলা ঘাটহায়হইতে ওজন লইতে হইবেক।

২। বর্ত্তমান মাসের ১৭ তারিখ বুধবার বেলা দুই প্রহর দুই ঘ টাপর্য্যন্ত রিবিনিউ বোর্ডের শ্রীযুক্ত জুনিয়র সেক্রেটারী সাহেব উক্ত নেমকের খরিদের বাবৎ টেণ্ডরের দরখাস্ত লইবার জন্য প্রস্তুত থাকিবেন।

৩। যত নেমকের বাবৎ টেণ্ডরের দরখাস্ত দাখিল হইবেক যদ্যপি তাহার সংখ্যা মৌজুদ নমকের অধিকা অধিক হয় তবে প্রত্যেক টেণ্ডরের লিখিত নেমকের সংখ্যার উপর হারহারি হিসাবে বাদ দেওয়া যাইবেক।

৪। যে নেমক বাটওয়ারা করিয়া দেওয়া যাইবেক তাহার কিম্মতের টাকা আগামি মাসের ৫ তারিখ সোমবার জেনরেল ট্রেজুরিতে দাখিল করিতে হইবেক তাহা না পারিলে মঞ্জুর করা টেণ্ডরের দরখাস্ত রদ ও বাতিল বিবেচনা করা যাইবেক।

নেমক।

* রপ্তানি ঘাট	১২৬৫ মোন	১২৬৬ সাল। মোন
ভাইগড়া	৭০০/	১৬০০০/
কাসাপল্	৮০০০/	৬৬৬০০/
পাটপাড়া	০	১৭০০০/
বলরামগড়	০	৪৭০০০/
গৎগাঁও	০	৬১৮০০/
চট্টোপাধ্যায়	০	১৩২০০০/
খেসাই	১৫০০০/	৬৯৮০০/
বাসারা	৮০০/	৯০৫০০/
একুন	১৮৩০০/	৫১০৭০০/

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ১২ অক্টোবর।

এ ইডেন। একটিং জোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমি বিষয়ক ইশ্তিহার।

জিলা চট্টগ্রাম।

হুকুম এস্তেহারনামা কাছারি কলেক্টরী জিলে চট্টগ্রাম।

ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলাধিক নিম্নোক্ত ইষ্টেটমেন্টের লিখিত খাস মহাল গবর্ণমেণ্টের জমীদারীর যে স্বত্ব আছে তাহা গবর্ণমেণ্টের আদেশানুসারে সদর বোর্ডের সেক্রেটারী সাহেবের চলিত সনের ১১ সেপ্টেম্বরের ১১৭৭ নম্বরী চিঠীর ২ দফার মর্ম্মানুসারে ঐ জেলার কালেক্টরী কাছারীতে সন ১৮৬০ সালের ১৬ নবেম্বর মতাবেক বাঙ্গলা ১২৬৭ সালের ২ অগ্রহায়ণ তারিখে নীলাম হইবেক আর ইহা প্রকাশ করা যাইতেছে যে ব্যক্তি নীলাম খরিদ করিবেক তাহাকে নীচের লিখিত সর্ত্তের প্রতি অবলম্বন করিতে হইবেক ইতি।

১ দফা। হারহারি সুরত ধার্য্য মূল্য উর্দ্ধ সর্ব্ব উচ্চ ডাককারিকে দেওয়া যাইবেক এবং নীচের লিখিত প্রত্যেক মহালের সম্মুখের লিখিত সদর জমা এইক্ষণ যাহ অবধারিত আছে তাহাই থাকিবেক।

২ দফা। ঐ নীলামের পূর্ব্বে যে সমস্ত পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিয়মিত কালপর্য্যন্ত ঐ নীলামহওয়া স্বত্বে বহাল থাকিবেক ও বন্দবস্তী কাগজাতের দ্বারা ও প্রচলিত আইনের দ্বারা যাহার প্রতি যে স্বত্বাপিত আছে তাহা বহাল থাকিবেক ও খোদকস্তা রাইয়ত মালের কার্য্যকারকের কৃত জমাবন্দীতে যে দস্তখত করিয়াছে তাহার স্বত্বকে সম্মান করিতে নীলাম খরিদার বাধ্য থাকিবেক।

৩ দফা। নীলামের মূল্যের শতকরা ২৫৲ টাকা হিসাবে তৎক্ষণাৎ ফিস দাখিল করিতে হইবেক যদি ঐ নীলামের তারিখহইতে নীলামের তারিখকে একদিবস গণনাপূর্ব্বক ১৫ দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত অবশিষ্ট টাকা দাখিল না করে তবে ঐ ফিসের টাকা সরকারে জব্দ এবং পুনর্নীলাম হইবেক।

৪ দফা। আর ইহা প্রকাশ থাকে যে ঐ সাম্যক মহালের কয়লাদি খনন করিবার নানা প্রকার আকর ও খালের প্রতি সরকারের স্বত্ব স্থাপিত রহিল ইতি সন ১৮৬০ ইঙ্গরেজী তারিখ ২৪ সেপ্টেম্বর।

নম্বর	তৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম		জমীন	সদর জমা	নিরূপিত উর্দ্ধ মূল্য	কৈফিয়ৎ
১	৬৪	খাসে ভাটীআরি		মৌং শীতলপুর	৭৫৮।৶৬	৯৪৮/৪	
		ইজাং গোলাপ	৪৫৲	গএরহ			
		বিবি গএরহ	॥৶৫॥/				

COLLECTOR OF CHITTAGONG.

জিলা যশোহর।

সংবাদ দেওয়া যাইতেছে নিম্নের লিখিত মহাল সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানক্রমে লাটবন্দী হইয়া সরকারী বাকী খাজানা দাখিলের শেষ দিবস গত ২৮ সেপ্টেম্বর অবধারিত হইয়াছিল তাহাতে বাকী খাজানা দাখিল না হওয়াপ্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান ১৮৬০ সালের ১৭ নবেম্বর মোতাবেক বাঙ্গালা সন ১২৬৭ সালের ৩ অগ্রহায়ণ রোজ শনিবার নীলামের তারিখ অবধারিত হইল, উক্ত তারিখে মহাল মজকুরা জেলা যশোহরের শ্রীযুক্ত কালেক্টর সাহেবের হজুর দিনাওয়ারে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬০ সাল তারিখ ৫ অক্টোবর মোতাবেক বাঙ্গলা সন ১২৬৭ সাল তারিখ ২০ আশ্বিন।

তৌজীব নম্বর প্রথম শ্রেণী এস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

৩২৬ পরগনে এমাদপুরের অন্তঃপাতি কিসমত দোনার ও আশার জমা তালুক হরচন্দ্র ঘোষ ও ব্রজনাথ ঘোষ ও চন্দ্রনাথ ঘোষ ও বিশেশ্বরী দাস্যা ৫০৬৸৶৪

COLLECTOR OF JESSORE.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৬ অক্টোবর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 23, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৩ অক্টোবর।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 8TH SEPTEMBER 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honourable the Governor General on the 11th September 1860, and is hereby promulgated for general information :—

ACT No. XL. OF 1860.

An Act to Amend Act XXXVI. of 1860.

[Preamble.]

WHEREAS it is expedient to Amend Act XXXVI. of 1860 (*to consolidate and amend the law relating to Stamp Duties*) ; It is enacted as follows :—

[Act not to come into force as regards Bills of Exchange &c. payable after date or sight, until 1st January 1861.]

I. So much of the aforesaid Act as imposes Duties on Bills of Exchange, Letters of Credit, Drafts, Cheques on Bankers or others, Promissory Notes, Hoondees, and other Orders and Obligations for the payment of money, not being Bonds or other Instruments or Writings bearing the attestation of one or more witnesses, if payable at any period not exceeding one year after date or sight, or otherwise relates to such Instruments, shall not come into force until the 1st of January 1861, or until such subsequent date as the Governor General in Council by an order in the Gazette previous to the said date may prescribe. Until that date all Regulations and Acts or parts thereof which are repealed by Section I. of the aforesaid Act shall remain in full force as regards all such Instruments as aforesaid. Provided that nothing in this Act shall affect Drafts or Orders for the payment of money on demand, and

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৮ সেপ্টেম্বর।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কার্য্যকর্ত্তা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ১১ সেপ্টেম্বর তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪০ আইন।

১৮৬০ সালের ৩৬ আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৬০ সালের ৩৬ আইন (অর্থাৎ ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইন) সংশোধন করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[যে হুণ্ডীপ্রভৃতির টাকা তারিখের পর কি দেখান যাইবার পর কোন সময়ে দেনা হয় তাহার বিষয়ে ১৮৬১ সালের ১ জানুআরি তারিখপর্য্যন্ত এই আইন প্রবল না হইবার কথা।]

১ ধারা। বিল অফ এক্সচেঞ্জের, ও বণিকেরদের কি অন্য লোকেরদের উপর বরাৎচিঠির ও ড্রাফটের ও চ্যাকের ও প্রমিসরি নোটের ও হুণ্ডীর, ও এক কি অধিক জন ইসাদীর দস্তখৎকরা খৎ কি অন্য দস্তাবেজ কি লেখাপড়া না হইয়া টাকা দিবার জন্য অর্ডরের ও অঙ্গীকারপত্রের যদি তারিখের পর কি দেখান যাইবার পর এক বৎসরের অনধিক কোন মিয়াদে দিতে হয়, তবে তাহার উপর পূর্ব্বোক্ত আইনের যে কথাতে ইষ্টাম্পের মাসুল দিবার আজ্ঞা হইয়াছে সেই কথা, ও ঐ প্রকারের দস্তাবেজের জন্য যে কথা থাকে সেই কথা ১৮৬১ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে প্রবল হইবে না, কিম্বা তৎপরের অন্য যে তারিখ হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর নিরূপণ করিয়া ঐ তারিখের পূর্ব্বের গেজেটে প্রকাশ করেন সেই তারিখের অগ্রে প্রবল হইবে না। পূর্ব্বোক্ত আইনের ১ ধারাতে যে সকল আইন ও আক্ট কিম্বা তাহার যে অংশ রদ হইয়াছে, তাহা উক্ত প্রকারের সকল দস্তাবেজের বিষয়ে সেই তারিখপর্য্যন্ত বহাল থাকিবে। কিন্তু চাহিবামাত্র যাহার টাকা দিতে হয় ও যে তারিখে ড্রাফট কি অর্ডর করা যায় তাহা যাহাতে লেখা

bearing the date on which the Draft or Order is made.

[Penalty for use of Postage Stamp which has been removed.]

II. If any person shall affix or use any adhesive Postage Stamp, which to his knowledge shall have been taken off or removed from any paper whereon any Receipt or any Draft, Order, or Bill of Exchange, or other Instrument requiring a Stamp under the said Act shall have been written, or from any letter or packet, to or for any Receipt, Draft Order, or Bill of Exchange or other Instrument so requiring a Stamp, or to or for any paper whereon the same shall be or be intended to be written, or to or for any letter or packet—every person so offending shall forfeit a sum not exceeding two hundred Rupees.

[Transfers of shares of Banking Corporations or Joint Stock Companies.]

III. On and after the 1st January 1861, or such subsequent date as the Governor General in Council, by an order in the Gazette, may prescribe, the Duty chargeable on the transfer of the shares of any Banking Corporation or Joint Stock Company which by any Law applicable to such Corporation or Company can be effected by simple endorsement, shall be denoted by an adhesive Stamp or more than one adhesive Stamp; and all the provisions of the said Act relating to the use of adhesive Stamps on Bills of Exchange and the like, shall be applicable to such adhesive Stamps used as aforesaid. Until the 1st January 1861, or such subsequent date as may be prescribed, every transfer of the shares of any such Corporation or Company which can now be effected by endorsement, shall be accompanied by a Deed or Memorandum of transfer bearing a Stamp of the value prescribed for such transfers, otherwise the transferree shall be liable to a penalty not exceeding ten times the amount of the requisite Stamp.

[Rates of Duties on Bills of Exchange, Letters of Credit, &c., payable within one year after date or sight.]

IV. The rates of Duties prescribed in Article 4 of Schedule A of the said Act for inland and foreign Bills payable at any period not exceeding one year after date or sight, shall, as soon as the Law imposing such Duties shall come into operation, be the rates of Duties to be imposed on Letters of Credit, Drafts, Cheques on Bankers, Promissory Notes, Hoondees, and other Orders and Obligations for the payment of money at any period as aforesaid, not being Bonds or Instruments or Writings bearing the attestation of one or more witnesses.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬০ । ২৩ অক্টোবর ।]

থাকে এমত কোন দ্রাফটের কি অর্ডরের উপর এই আইনের কোন কথা খাটিবে না ।

[ডাকমাসুলের ইষ্টাম্প পত্রাদিহইতে উঠাইয়া ব্যবহার করিবার দণ্ডের কথা ।]

২ ধারা । যে কোন রসীদে কি দ্রাফ্‌ট কি অর্ডরে কি বিল অফ এক্সচেঞ্জে অর্থাৎ হুণ্ডীতে উক্ত আইনমতে ইষ্টাম্প দেওয়া প্রয়োজন, সেই রসীদপ্রভৃতি যে কাগজে লেখা হয় তাহাহইতে, কিম্বা কোন পত্র কি পুলিন্দাহইতে ডাকমাসুলের কোন আটাল ইষ্টাম্প উঠান, লওয়া গিয়াছে জানিয়া, যদি কোন লোক সেই ইষ্টাম্প কোন রসীদে কি দ্রাফটে কি অর্ডরে কি বিল অফ এক্সচেঞ্জে বসায়, কি তাহার নিমিত্তে ব্যবহার করে কিম্বা অন্য যে দস্তাবেজে ইষ্টাম্প দিবার তদ্রূপ আজ্ঞা হইয়াছে সেই দস্তাবেজে, কিম্বা যে কোন কাগজে ঐ রসীদপ্রভৃতি লেখা যাইবে কি লিখিবার মনস্থ থাকে তাহাতে, কিম্বা কোন পত্রেতে কি পুলিন্দাতে বসায় কি তাহার নিমিত্তে ব্যবহার করে, তবে সেই প্রকারের অপরাধ প্রত্যেক জনের দুই শত টাকার অনধিক জরীমানা হইবে ইতি ।

[চার্টরপ্রাপ্ত কোন ব্যাঙ্কের কি জাইণ্ট ষ্টাক কোম্পানির শ্যার হস্তান্তর করিবার কথা ।]

৩ ধারা । চার্টরপ্রাপ্ত কোন ব্যাঙ্কের কি জাইণ্ট ষ্টাক কোম্পানির উপর যে কোন আইন খাটে তদনুসারে যদি সেই ব্যাঙ্কের কি কোম্পানির শ্যার কেবল পৃষ্ঠে লিখন দ্বারা হস্তান্তর করা যাইতে পারে, তবে সেই শ্যার হস্তান্তর করিয়া দেওয়া গেলে তাহার উপর যে মাসুল দিতে হইবে তাহা ১৮৬১ সালের ১ জানুআরি তারিখে ও তাহার পরে, কিম্বা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর গেজেটে প্রকাশ করিয়া অন্য যে তারিখ নিরূপণ করেন সেই তারিখঅবধি, এক কি অধিক আটাল ইষ্টাম্প বসাওন দ্বারা দেওয়া যাইবে । ও বিল অফ একসচেঞ্জপ্রভৃতির উপর আটাল ইষ্টাম্প বসাইবার যে সকল বিধান উক্ত আইনেতে আছে তাহা পূর্ব্বোক্তমতের বসান আটাল ইষ্টাম্পের উপর খাটিবে । ১৮৬১ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে, কিম্বা তৎপরের অন্য যে কোন তারিখ নির্দিষ্ট হয় তাহার পূর্ব্বে, উক্ত কোন চার্টরপ্রাপ্ত ব্যাঙ্কের কি কোম্পানির যে কোন শ্যার এইক্ষণে পৃষ্ঠে লিখন দ্বারা হস্তান্তর করা যাইতে পারে, তাহার সঙ্গে হস্তান্তর করিবার দলীল কি খোলাসা দিতে হইবে, ও ঐ হস্তান্তর কার্য্যের যে মূল্যের ইষ্টাম্প নির্দিষ্ট হইয়াছে সেই মূল্যের ইষ্টাম্প ঐ দলীলে কি খোলাসাতে দেওয়া যাইবে । না দেওয়া গেলে, তাহা হস্তান্তর করিয়া যাহাকে দেওয়া যায়, তাহার ঐ উপযুক্ত মূল্যের দশগুণের অনধিক জরীমানা হইতে পারিবে ইতি ।

[যে বিল অফ একসচেঞ্জ কি বরাৎচিঠিপ্রভৃতির টাকা তারিখের পর কি দেখান যাইবার পর এক বৎসরের মধ্যে দেওয়া যাইবে তাহার উপর যে হিসাবে ইষ্টাম্প লাগে তাহার কথা ।]

৪ ধারা । কোন বিলের তারিখের পর কি তাহা দেখাইবার পর এক বৎসরের অনধিক কোন মিয়াদে এদেশের ও বিদেশের যে বিলের টাকা দেওয়া যাইতে পারে, তাহার যে হিসাবের মাসুল উক্ত আইনের A চিহ্নিত তফসীলের ৪ প্রকরণে নির্দিষ্ট হইয়াছে, বণিকেরদের উপর বরাৎ চিঠির ও দ্রাফ্‌টের ও চ্যাকের ও প্রমিসরি নোটের ও হুণ্ডীর, ও এক কি অধিক জন ইসাদীর দস্তখতকরা বণ্ড কি দস্তাবেজ কি লেখাপড়া না হইয়া পূর্ব্বোক্তমতের কোন মিয়াদে টাকা দিবার অন্য অর্ডরের ও অঙ্গীকার পত্রের উপর যখন উক্ত প্রকারের ইষ্টাম্প লাগিবার আইন চলন হয়, তখন সেই হিসাবে ইষ্টাম্প লাগিবে ইতি ।

[Repeal of Sections XXI. and XXII. of Act XXXVI. of 1860, and substitution of the following.]

V. Sections XXI. and XXII. of Act XXXVI. of 1860 are repealed, and the following new Sections shall be read as Sections XXI. and XXII. of the said Act :—

"XXI. Every Vender of Stamps shall write on the back of each Stamp which he sells, except adhesive Stamps and Stamps used for Receipts, or for Bills of Exchange, Promissory, Notes, Drafts, or other Orders for money, Bankers agreements for loans, or Bills of Lading, the date of issue, the name of the person to whom it is issued, and his own ordinary signature, on pain of a fine not exceeding one hundred Rupees."

"XXII. Any Vender who shall knowingly write a false name or date on the back of any Stamp which he is required to endorse under the foregoing Section, shall be punished by a fine not exceeding five hundred Rupees, or imprisonment not exceeding three months or both."

[Repeal of Article 28 of Schedule A, and substitution of new Article.]

VI. Article 28 of Schedule A. of the said Act is repealed, and the following words shall be read as Article 28 of the said Schedule of the said Act :—

"28. Engagements to cultivate, produce, provide, or deliver any Article of Commerce in consideration of advance made.	Shall be charged on the amount advanced at the rate of Bonds."

[Act XXXVI. of 1860 not to extend to the Straits Settlement.]

VII. The said Act XXXVI. of 1860 shall not extend to the Straits Settlement.

[Construction.]

VIII. This Act shall be read and construed as part of Act XXXVI. of 1860.

M. WYLIE,
Clerk of the Council.

DRAFT OF ACT.

THE 21ST JULY 1860.

The following Bill was read a second time in the Legislative Council of India on the 14th July 1860, and was referred to a Select Committee, who are to report thereon after the 29th of October next :—

A Bill for facilitating arrangements between Debtors and Creditors.

[Preamble.]

WHEREAS it is expedient that trust deeds and other amicable modes of arrangement between debtors and their creditors should be facilitated, and that

[১৮৬০ সালের ৩৬ আইনের ২১ ও ২২ ধারা রদ হইবার কথা ও তাহার পরিবর্ত্তে এই কথা পাঠ করিবার কথা।]

৫ ধারা। ১৮৬০ সালের ৩৬ আইনের ২১ ও ২২ ধারা রদ হইল তাহার পরিবর্ত্তে নীচের লিখিত দুই ধারা ঐ আইনের ২১ ও ২২ ধারা বলিয়া পাঠ করিতে হইবেক—

"২১ ধারা। আটাল ইষ্টাম্পভিন্ন ও রসীদের কি বিল অফ এক্সচেঞ্জের কি প্রমিসরি নোটের কি ড্রাফ্‌টের কি টাকার অন্য অর্ডরের নিমিত্তে, কি কর্জের বাবৎ বণিকেরদের একরারনামার, কি বিল অফ লেডিং অর্থাৎ জাহাজে বোঝাইকরা মালের একরারনামার যে ইষ্টাম্প ব্যবহার হয় তাহাভিন্ন, প্রত্যেক জন ইষ্টাম্পবিক্রেতা অন্য যে সকল ইষ্টাম্প কাগজ বিক্রয় করে তাহার প্রত্যেক ফর্দ্দের পৃষ্ঠে ঐ ইষ্টাম্প দিবার তারিখ ও যাহাকে দেওয়া গেল তাহার নাম লিখিবে ও আপনি যেমন সাধারণমতে আপনার নাম লিখিয়া থাকে তেমনি আপনার নাম লিখিবে। এই সকল না লিখিলে তাহার এক শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবে ইতি।"

"২২ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে কোন ইষ্টাম্পের পৃষ্ঠে ইষ্টাম্পবিক্রেতার যে নাম কি তারিখ লিখিবার হুকুম আছে তাহা না লিখিয়া যদি কোন বিক্রেতা মিথ্যা নাম কি তারিখ লেখে, তবে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা, কিম্বা তিন মাসের অনধিক কয়েদ, কি ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।"

[A চিহ্নিত তফসীলের ২৮ প্রকরণ রদ হইবার কথা ও তাহার পরিবর্ত্তে নূতন প্রকরণের কথা।]

৬ ধারা। উক্ত আইনের A চিহ্নিত তফসীলের ২৮ প্রকরণ রদ হইল, ও ঐ আইনের ঐ তফসীলের ২৮ প্রকরণ বলিয়া এই কথা পড়িতে হইবে।—

৪ ধারা। ইহার পূর্ব্বের ধারাতে যে সকল মোকদ্দমা নির্দ্দিষ্ট হইয়াছে, সেই প্রকারের কোন মোকদ্দমা আরম্ভ করিবার সময়ে যদি আসামী এই আইনমতের স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের এলাকার সীমাসরহদ্দের মধ্যে বাস করে, কি লাভের নিমিত্তে আপনি কর্ম্ম করে, তবে সেই প্রকারের সকল মোকদ্দমা ঐ আদালতে গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[ঐ আদালতের মোহরের কথা, ও সেই আদালত সাধারণমতে সদর আদালতের অধীনে থাকিবার কথা।]

৫ ধারা। এই আইনমতে যে কোন আদালত স্থাপন হয় সেই আদালত মোহর ব্যবহার করিবেন। তাহাতে ইঙ্গরেজী ভাষাতে ও আদালতের চলন ভাষাতে এই কথা থাকিবেক "অমুক স্থানের ক্ষুদ্র মোকদ্দমার আদালত।" ও তদ্রূপ প্রত্যেক আদালত সাধারণমতে সদর আদালতের কর্ত্তৃত্বের ও হুকুমের অধীন থাকিবে ইতি।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতের এলাকার মধ্যে সেই আদালতের বিচার্য্য মোকদ্দমা অন্য কোন আদালতে বিচার্য্য না হইবার কথা। মাজিষ্ট্রেট সাহেব প্রভৃতির, ও মান্দ্রাজে গ্রামের মুনসেফেরদের ও গ্রামের কি জিলার পঞ্চায়তের ও সৈন্যসম্পর্কীয় কোর্ট রিকুয়েষ্টের, ও মান্দ্রাজে ও বোম্বাইতে ক্ষুদ্র মোকদ্দমার বিচার করিতে নিযুক্ত সেনাপতি সাহেবেরদের, ও মান্দ্রাজে পল্টনের পঞ্চায়তের ক্ষমতা বজায় রাখিবার কথা।]

৬ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালত যখন এই আইনমতে স্থাপন হয়, তখন এই আইনের বিধানমতে যে কোন মোকদ্দমার বিচার ঐ আদালতে হইতে পারে, তাহা ঐ ক্ষুদ্র মোকদ্দমার আদালতের এলাকার সীমাসরহদ্দের মধ্যে কোন এলাকাপ্রাপ্ত অন্য কোন আদালতে শুনা যাইতে কি নিষ্পত্তি হইতে পারিবে না। কিন্তু পাওনা টাকার কি দেওয়ানী প্রকারের অন্য দাওয়ার সম্পর্কে মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি অন্য ব্যক্তির, কিম্বা আসিষ্টাণ্ট কি ডেপুটী মাজিষ্ট্রেটের যে ক্ষমতা আছে তাহা—কিম্বা মান্দ্রাজ দেশের চলিত আইনের বিধানমতে গ্রামের মুনসেফেরা, কিম্বা গ্রামের কি জিলার পঞ্চায়ত, কিম্বা সৈন্যসম্পর্কীয় কোর্ট রিকুয়েষ্ট, কিম্বা পল্টনের ছাউনি স্থানের যে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবেরা ১৮৪৯ সালের ৩ আইনমতে দেওয়ানী ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহারা, কিম্বা মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর

invested with Civil jurisdiction under Act III. of 1859, or by a single Officer duly authorized and appointed under the rules in force in the Presidencies of Fort St George and Bombay respectively, for the trial of small suits in Military Bazars, in Cantonments, and Stations occupied by the troops of those Presidencies respectively, or by Punchayets in regard to suits against Military persons, according to the rules in force under the Presidency of Fort St. George.

[Courts where to be held.]

VII. Courts of Small Causes constituted under this Act shall be held at such place or places within the local limits of their respective jurisdictions as shall from time to time be appointed by the local Government to which such Courts are subordinate.

[Time of holding Courts, if they be directed to be held in more places than one.]

VIII. Whenever any such Court is directed to be held at more places than one within the local limits of its jurisdiction, the Judge of such Court, subject to the control of the Sudder Court, shall appoint the time at which the Court shall hold its sittings in every such place. Due notice of the time so appointed shall be given by a proclamation to be fixed up in some conspicuous place in the Court-house or other building in which the sittings of the Court are to be held.

[Summons.]

IX. In all suits under this Act the summons to the defendant shall be for the final disposal of the suit, and no written statement other than the plaint shall be received unless required by the Court.

[On application, immediate execution of degree may be granted against personal property of judgment debtor.]

X. At the time of passing a decree under this Act, the Court may, on the verbal application of the party in whose favor the decree is passed, direct immediate execution of the same by the issue of a warrant directed either generally against the personal property of the judgment debtor wherever it may be found within the local limits of the Court's jurisdiction, or specially against any personal property belonging to the judgment debtor within the same limits which may be indicated by the judgment creditor.

[Execution against immoveable property, if moveable property not sufficient.]

XI. In the execution of a decree under this Act, if, after the sale of the moveable property of a judgment debtor, any portion of a judgment shall remain due and the holder of such judgment desire to issue execution upon any immoveable property belonging to the judgment debtor, the Court, on the application of such judgment creditor, shall grant him a copy of the judgment and a certificate of any sum remaining due under it, and on the

চলিত বিধানমতে সেই২ রাজধানীর যে ছাউনি স্থানে ও মোকামে সৈন্যেরা থাকে সেই২ স্থানের পল্টনের বাজারে ক্ষুদ্র মোকদ্দমার বিচার করিবার জন্যে উপযুক্তমতে ক্ষমতাপন্ন ও নিযুক্ত এক২ জন সেনাপতি সাহেব, অথবা মান্দ্রাজ রাজধানীর চলিত বিধানমতে পল্টনের লোকেরদের নামে যে২ মোকদ্দমা হয় তাহাতে পঞ্চায়ত, যে২ ক্ষমতামতে কার্য্য করিতে পারেন—সেই২ ক্ষমতা এই আইনের কোন কথাতে রহিত হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক না, ইতি।

[আদালত যে২ স্থানে বসিবে তাহার কথা।]

৭ ধারা। এই আইনমতের স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থানবিশেষের যে গবর্ণমেণ্টের অধীনে থাকে সেই গবর্ণমেণ্ট ঐ আদালতের এলাকার সীমানার মধ্যের যে এক কি অধিক স্থান সময়ে২ নির্দ্ধার্য্য করেন, সেই স্থানে কি সেই২ স্থানে ঐ আদালতের বৈঠক হইবে ইতি।

[দুই কি ততোধিক স্থানে বৈঠক করিবার আজ্ঞা হইলে ঐ বৈঠকের সময়ের কথা।]

৮ ধারা। যদি সেই প্রকারের কোন এক আদালতের এলাকার সীমার অন্তর্গত দুই কি ততোধিক স্থানে ঐ আদালতের বৈঠক করিবার আজ্ঞা হয়, তবে যে স্থানে যে সময়ে বৈঠক হইবে তাহা ঐ আদালতের বিচারকর্ত্তা, সদর আদালতের কর্ত্তৃত্বের অধীনে নির্দ্ধার্য্য করিবেন। সেই নির্দ্ধারিত সময়ের উপযুক্ত ঘোষণাপত্র আদালতঘরের কিম্বা অন্য যে কোন ঘরে আদালতের বৈঠক হয় সেই ঘরের কোন প্রকাশ স্থানে লটকাইয়া তাহার এত্তেলা দেওয়া যাইবেক ইতি।

[সমনের কথা।]

৯ ধারা। এই আইনমতের সকল মোকদ্দমাতে আসামীর নামে যে সমন হয় তাহা মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে হইবে। ও নালিশের আরজীভিন্ন অন্য কোন লিখিত এজহার গ্রাহ্য হইবে না। কেবল আদালতের হুকুমমত গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[প্রার্থনা হইলে, ডিক্রীমতের খাতকের অস্থাবর বিষয়ের উপর ডিক্রী জারীর হুকুম অযৌগে হইতে পারিবার কথা।]

১০ ধারা। এই আইনমতে ডিক্রী হইবার সময়ে, যাহার পক্ষে ডিক্রী হয় সে ঐ ডিক্রীজারী হইবার প্রার্থনা মুখে করিলে, আদালত তৎক্ষণাৎ ঐ ডিক্রী জারী হইবার হুকুম দিতে পারিবেন, অর্থাৎ আদালতের এলাকার সীমাসরহদ্দের মধ্যে যে কোন স্থানে ডিক্রীমতের খাতকের অস্থাবর সম্পত্তি পাওয়া যায়, সেই স্থানে এ সম্পত্তির উপর সাধারণমতের পরওয়ানা দিয়া, কিম্বা ডিক্রীমতের মহাজন ডিক্রীমতের খাতকের যে কোন অস্থাবর সম্পত্ত এ সীমার মধ্যে দেখাইয়া দেয় সেই সম্পত্তির উপর বিশেষমতের পরওয়ানা দিয়া, এ ডিক্রী জারী করিতে পারিবেন ইতি।

[অস্থাবর উপযুক্ত সম্পত্তি না থাকিলে স্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারী হইবার কথা।]

১১ ধারা। এই আইনমতের ডিক্রী জারীক্রমে ডিক্রীমতের খাতকের অস্থাবর সম্পত্তি নীলাম হইলে পর, যদি ডিক্রীমতের কিছু টাকা শোধ হইবার বাকী থাকে, ও ডিক্রীমতের খাতকের কোন স্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারী হয় ডিক্রীদার যদি এমত ইচ্ছা করে, তবে ঐ ডিক্রীদার দরখাস্ত করিলে আদালত তাহাকে ঐ ডিক্রীর এক কেতা নকল ও সেই ডিক্রীমতে যত টাকা বাকী পাওনা হয় তাহার এক সর্টিফিকট দিবেন। ও ডিক্রীমতের খাতকের ঐ স্থাবর সম্পত্তি

presentation of such copy and certificate to any Civil Court having general jurisdiction in the place in which the immoveable property of the judgment debtor is situate, such Court shall proceed to enforce such judgment according to its own rules and mode of procedure in like cases.

[Decision in certain suits to be final Proviso.]

XII. In suits tried under this Act, all decisions and orders of the Court shall be final. Provided that it shall be competent to the Court, if it shall think fit, to grant a new trial if applied for within the period of thirty days from the date of the decision, but no new trial shall be granted unless the party applying for the same shall with his application deposit in Court the amount for which judgment shall have been given against him including the costs (if any) of the opposite party.

[Court may refer questions of law &c. to Sudder Court.]

XIII. If in the trial of any suit under this Act any question of law, or usage having the force of law, or the construction of a document affecting the merits of the decision, shall arise, on which the Court shall entertain reasonable doubts, the Court may, either of its own motion or on the application of any of the parties to the suit, draw up a statement of the case and submit it, with its own opinion, for the decision of the Sudder Court.

[Court may pass decree contingent upon the opinion of the Sudder Court pending which execution not to issue.]

XIV. The Court may proceed in the case notwithstanding a reference to the Sudder Court, and may pass a decree contingent upon the opinion of the Sudder Court on the point referred; but no execution shall be issued in any case in which a reference shall be made to the Sudder Court, until the receipt of the order of that Court.

[Full bench of the Sudder Court to decide cases referred under this Act.]

XV. Cases referred for the opinion of the Sudder Court shall be dealt with by a full bench of that Court.

[Sudder Court to fix an early day for the hearing of the case Proclamation thereof.]

XVI. The Sudder Court shall fix an early day for the hearing of the case, and shall notify the same by a proclamation to be fixed up in the Court-house of that Court.

[Parties may appear and be heard in person or by pleader.]

XVII. The parties to the case may appear and be heard in the Sudder Court in person or by pleader.

[*Government Gazette, 6th November*, 1860.]

যে স্থানে থাকে, সেই স্থানে দেওয়ানী যে কোন আদালতের সাধারণ এলাকা থাকে, সেই আদালতে ঐ নকল ও সর্টিফিকট দাখিল হইলে, সেই আদালত তদ্রূপ স্থলে যে বিধি ও নিয়মমতে কার্য্য করিয়া থাকেন সেই বিধি ও নিয়মমতে ঐ ডিক্রী জারী করিবেন ইতি।

[কোন২ মোকদ্দমার নিষ্পত্তি চূড়ান্ত হইবার কথা ও বর্জ্জিত বিধি।]

১২ ধারা। এই আইনমতে যে সকল মোকদ্দমার বিচার হয় তাহাতে আদালতের সকল নিষ্পত্তি ও হুকুম চূড়ান্ত হইবেক। কিন্তু নিষ্পত্তির তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে যদি পুনর্ব্বিচার হইবার প্রার্থনা হয়, তবে আদালত উচিত বোধ করিলে পুনর্ব্বিচার হইবার অনুমতি দিতে পারিবেন. কিন্তু যে পক্ষ পুনর্ব্বিচার হইবার দরখাস্ত করে তাহার যত টাকা দিবার ডিক্রী হইয়াছে সেই টাকা ও যদি বিপক্ষ লোকের কোন খরচা দিবার হুকুম হয় তবে সেই খরচাও ঐ দরখাস্তের সঙ্গে আদালতে আমানৎ না করিলে, পুনর্ব্বিচার হইবার অনুমতি হইবে না ইতি।

[আইনপ্রভৃতির কোন কথা সদর আদালতে জিজ্ঞাসা করিবার কথা।]

১৩ ধারা। এই আইনমতে কোন মোকদ্দমার বিচার হইবার সময়ে যদি আইনঘটিত কোন কথা, কিম্বা আইনের তুল্য বলবৎ আচারঘটিত কোন কথা, কিম্বা যে দলীলের অর্থক্রমে নিষ্পত্তির দোষগুণের হ্রাসবৃদ্ধি হইতে পারে তাহার অর্থের কোন কথা উপস্থাপন হয়, ও সেই বিষয়ে যদি আদালতের উপযুক্তমতের সন্দেহ থাকে, তবে আদালত স্বেচ্ছামতে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের দরখাস্তমতে সেই মোকদ্দমার বেওরা, ও তদ্বিষয়ে আপনার রায় লিখিয়া, সদর আদালতের নিষ্পত্তির নিমিত্তে পাঠাইতে পারিবেন ইতি।

[সদর আদালতের রায় বজায় রাখিবার নিয়মে ঐ আদালতের ডিক্রী করিবার, কিন্তু সদর আদালতের রায় যত কাল না দেওয়া যায় তত কাল ডিক্রীজারীর পরওয়ানা না হইবার কথা।]

১৪ ধারা। সেই বিষয় সদর আদালতে অর্পণ হইলেও আদালতে মোকদ্দমার বিচার কার্য্য চলিতে পারিবেক, ডিক্রীও এই নিয়মে হইতে পারিবেক যে, সদর আদালতে যে বিষয় অর্পণ হইয়াছে তাহার উত্তর পাওয়া গেলে সদর আদালতের এ রায় বজায় থাকিবে, কিন্তু কোন কথা সদর আদালতে জিজ্ঞাসা হইলে, যাবৎ সেই আদালতের হুকুম না পাওয়া যায় তাবৎ ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবেক না ইতি।

[এই আইনমতের জিজ্ঞাসাকরা কথার নিষ্পত্তি সদর আদালতের সমস্ত জজ সাহেবের বৈঠকে হইবার কথা।]

১৫ ধারা। সদর আদালতের রায় জানিবার জন্যে যে সকল মোকদ্দমা অর্পণ হয়, তাহার বিচার ঐ আদালতের সমস্ত জজ সাহেবের বৈঠকে হইবেক ইতি।

[সদর আদালতে সেই মোকদ্দমা শুনিবার দিন অরায় নিরূপণ হইবার ও তাহার এস্তেহার দিবার কথা।]

১৬ ধারা। সদর আদালত ঐ মোকদ্দমা শুনিবার দিন অরায় নিরূপণ করিবেন, ও সেই আদালতঘরে তাহার ঘোষণাপত্র লটকাইয়া ঐ দিনের সম্বাদ দিবেন ইতি।

[উভয় পক্ষের স্বয়ং কি উকীলের দ্বারা হাজির হইয়া শুনা যাইবার কথা।]

১৭ ধারা। মোকদ্দমার উভয় পক্ষ নিজে কি উকীলের দ্বারা সদর আদালতে হাজির হইতে পারিবেক, ও তাহারদের কথা শুনা যাইতে পারিবেক ইতি।

[Decision of Sudder Court how to be transmitted.]

XVIII. The Sudder Court, when it has heard and considered the case, shall transmit a copy of its judgment, under the seal of the Court and the signature of the Register, to the Court by which the reference was made; and such Court shall, on the receipt thereof, proceed to dispose of the case conformably to the decision of the Sudder Court.

[Costs of reference to Sudder Court.]

XIX. Costs, if any, consequent on the reference of a case for the opinion of the Sudder Court, shall be costs in the suit.

[Sudder Court empowered to make rules of practice &c.]

XX. The Sudder Court shall have power to make and issue general rules for regulating the practice and proceedings of the Courts established under this Act, and also to prescribe forms for every proceeding in the said Courts for which it shall think necessary that a form be provided, and for keeping all books, entries, and accounts to be kept by the Officers, and from time to time to alter any such rule or form; provided that such rules and forms be not inconsistent with the provisions of this Act, or of any other law in force.

[Provisions of Act VIII. of 1859 made applicable to cases cognizable under this Act.]

XXI. Except as hereinbefore provided, the provisions of Act VIII. of 1859 (*for simplifying the procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter*) shall be applicable to cases cognizable under this Act in so far as the same may be applicable and necessary.

M. WYLIE,
Clerk of the Council.

THE 6TH OCTOBER 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 6th October 1860, and is hereby promulgated for general information:—

ACT No. XLIII. OF 1860.

An Act to amend Act VIII. of 1859 (for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter).

[Preamble.]

WHEREAS it is expedient to amend the provisions relating to special appeals contained in Act VIII. of 1859 (*for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter*); It is enacted as follows:—

[সদর আদালতের নিষ্পত্তি যেরূপে পাঠাইতে হইবে তাহার কথা]

১৮ ধারা। সদর আদালতের সাহেবেরা ঐ মোকদ্দমা শুনিয়া বিবেচনা করিলে পর, আপনারদের রায়ের এক কেতা নকল, ঐ আদালতের মোহর দিয়া ও রেজিষ্টর সাহেবের দ্বারা দস্তখৎ করাইয়া, যে আদালতহইতে মোকদ্দমা অর্পণ হয় সেই আদালতে পাঠাইবেন। ও সেই আদালত তাহা পাইলে সদর আদালতের নিষ্পত্তি-অনুসারে মোকদ্দমার নিষ্পত্তি করিবেন ইতি।

[সদর আদালতে জিজ্ঞাসা করিবার খরচের কথা।]

১৯ ধারা। সদর আদালতের রায় জানিবার জন্যে কোন মোকদ্দমা অর্পণ হইলে, তাহার যদি কিছু খরচ লাগে, তবে তাহা মোকদ্দমার খরচার মধ্যে ধরিতে হইবেক ইতি।

[কার্য্য করিবার নিয়ম করিতে সদর আদালতের ক্ষমতার কথা।]

২০ ধারা। এই আইনমতে যে সকল আদালত স্থাপন হয় সেই সকল আদালতের কার্য্য ও মোকদ্দমাপ্রভৃতি হইবার সাধারণ [illegible] করিয়া জারী করিতে ও উক্ত আদালতের যে সকল কার্য্যকারী লিখিবার নকশা নির্দ্ধার্য্য করা সদর আদালত আবশ্যক বোধ করেন সেই সকল নকশা করিতে, ও আমলারদের যে সকল বহী রাখিতে হইবেক ও তাহাতে যে সকল কথা লিখিতে হইবে ও যে সকল খাতা করিতে হইবে তাহার সাধারণ বিধি করিতে, ও সময়েং তদ্রূপ কোন বিধি কি নকশা বদল করিতে সদর আদালতের ক্ষমতা থাকিবে। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ সকল বিধি ও নকশা এই আইনের কিম্বা চলিত অন্য কোন আইনের বিধানেতে অসঙ্গত না হয় ইতি।

[১৮৫৯ সালের ৮ আইনের বিধান এই আইনমতের বিচার্য্য মোকদ্দমার উপর খাটিবার কথা।]

২১ ধারা। যেং স্থলের বিধান এই আইনের পূর্ব্ব ধারাতে হইয়াছে তাহাছাড়া অন্যং স্থলে ১৮৫৯ সালের ৮ আইন (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার যেং আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেইং আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইন) এই আইনমতের মোকদ্দমার উপর যেপর্য্যন্ত খাটিতে পারে ও যেপর্য্যন্ত আবশ্যক, সেইপর্য্যন্ত খাটিবে ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৬ অক্টোবর।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কার্য্যকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৬ অকটোবর তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪৩ আইন।

১৮৫৯ সালের ৮ আইন (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার যেং আদালত রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেইং আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইন) সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৫৯ সালের ৮ আইনেতে (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার যেং আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেইং আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইনেতে) খাস আপীলের যে সকল বিধি আছে তাহা সংশোধন করা বিহিত। এই কারণে এইং বিধান হইল।

[No special appeal from decision of any Court subordinate to the Sudder Court in certain suits.]

I. No special appeal shall lie from any decision or order which shall be passed on regular appeal after the passing of this Act by any Court subordinate to the Sudder Court, in any suit of the nature cognizable in Courts of Small Causes under Act XLII. of 1860, when the debt, damage, or demand for which the original suit shall be instituted shall not exceed five hundred Rupees. But every such order or decision shall be final.

[Reference of question to the Sudder.]

II. If in any suit in which an order or decision is made final under this Act, any question of law, or usage having the force of law, or the construction of a document affecting the merits of the case, shall arise, on which the Court trying such suit shall entertain reasonable doubts, the Court may either of its own motion, or on the application of either of the parties to the suit, draw up a statement of the case, and submit such statement with its own opinion for the decision of the Sudder Court.

[Court may pass decree contingent upon the opinion of the Sudder Court, pending which execution not to issue.]

III. The Court may proceed in the case notwithstanding a reference to the Sudder Court, and may pass a decree contingent upon the opinion of the Sudder Court on the point referred; but no execution shall be issued in any case in which a reference shall be made to the Sudder Court, until the receipt of the order of that Court.

[Full bench of the Sudder Court to decide cases referred under this Act.]

IV. Cases referred for the opinion of the Sudder Court shall be dealt with by a full bench of that Court.

[Sudder Court to fix an early day for the hearing of the case. Proclamation thereof.]

V. The Sudder Court shall fix an early day for the hearing of the case, and shall notify the same by a proclamation to be fixed up in the Court house of that Court.

[Parties may appear and be heard in person or by pleader.]

VI. The parties to the case may appear and be heard in the Sudder Court in person or by pleader.

[Decision of Sudder Court how to be transmitted.]

VII. The Sudder Court, when it has heard and considered the case, shall transmit a copy of its judgment under the seal of the Court and the signature of the Register, to the Court by which the reference was made; and such Court shall, on the receipt thereof, proceed to dispose of the case conformably to the decision of the Sudder Court.

[*Government Gazette 6th November*, 1860.]

[কোন২ মোকদ্দমার সদর আদালতের অধীন কোন আদালতের নিষ্পত্তির উপর খাস আপীল না হইবার কথা।]

১ ধারা। ১৮৬০ সালের ৪২ আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে কোন মোকদ্দমার বিচার হইতে পারে অর্থাৎ পাঁচ শত টাকার অনধিক কোন পাওনা টাকার কি লোকসানের কি দাওয়ার বাবতে যে আসল মোকদ্দমা উপস্থিত করা যায় সেই প্রকারের মোকদ্দমায়, এই আইন জারী হইবার পরে সদর আদালতের অধীন কোন আদালতে রেগুলার আপীল হইয়া যে কোন নিষ্পত্তি কি হুকুম হয়, তাহার উপর খাস আপীল হইতে পারিবেক না। সেই হুকুম কি নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

[সদর আদালতে কোন বিষয় জিজ্ঞাসা করিবার কথা।]

২ ধারা। এই আইনমতে যে মোকদ্দমার হুকুম কি নিষ্পত্তি চূড়ান্ত হয়, এমত কোন মোকদ্দমায় যদি আইনঘটিত কোন কথা কিম্বা আইনের তুল্য বলবৎ ব্যবহারঘটিত কোন কথা কিম্বা কি দলীলের অর্থক্রমে নিষ্পত্তির মোকদ্দমার হ্রাসবৃদ্ধি হইতে পারে তাহার অর্থের কোন কথা উত্থাপন হয়, ও সেই বিষয়ে যদি ঐ মোকদ্দমার বিচারকর্ত্তাদিগের আদালতের উপযুক্ত সন্দেহ থাকে, তবে ঐ আদালত স্বেচ্ছামতে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের দরখাস্তমতে সেই মোকদ্দমার রোবকারী ও তদ্বিষয়ে আপনার রায় লিখিয়া সদর আদালতের নিষ্পত্তির নিমিত্তে পাঠাইবেন ইতি।

[সদর আদালতের রায় বজায় থাকিবার নিয়মে ঐ আদালতের ডিক্রী করিবার, কিন্তু সদর আদালতের রায় যত কাল দেওয়া না যায় তত কাল ডিক্রী জারী না হইবার কথা।]

৩ ধারা। সেই বিষয় সদর আদালতে অর্পণ হইলেও আদালতে মোকদ্দমার বিচার কার্য্য চলিতে পারিবেক, ডিক্রীও এই নিয়মে হইতে পারিবেক যে, সদর আদালতে যে বিষয় অর্পণ হইয়াছে, তাহার উত্তর পাওয়া গেলে সদর আদালতের ঐ রায় বজায় থাকিবে, কিন্তু কোন কথা সদর আদালতে জিজ্ঞাসা হইলে, যাবৎ সেই আদালতের হুকুম না পাওয়া যায় তাবৎ ডিক্রী জারীর পরওয়ানা বাহির হইবেক না ইতি।

[এই আইনমতের জিজ্ঞাসাকরা কথার নিষ্পত্তি সদর আদালতের সমস্ত জজ সাহেবের বৈঠকে হইবার কথা।]

৪ ধারা। সদর আদালতের রায় জানিবার জন্যে যে সকল মোকদ্দমা অর্পণ হয়, তাহার বিচার ঐ আদালতের সমস্ত জজ সাহেবের বৈঠকে হইবে ইতি।

[সদর আদালত সেই মোকদ্দমা শুনিবার দিন অগ্রিম নিরূপণ করিবার ও তাহার এস্তেহার দিবার কথা।]

৫ ধারা। সদর আদালত ঐ মোকদ্দমা শুনিবার দিন অগ্রে নিরূপণ করিবেন, ও সেই আদালতঘরে ঘোষণাপত্র লটকাইয়া ঐ দিনের সম্বাদ দিবেন ইতি।

[উভয় পক্ষের স্বয়ং কি উকীলের দ্বারা হাজির হইয়া শুনা যাইবার কথা।]

৬ ধারা। মোকদ্দমার উভয় পক্ষ নিজে কি উকীলের দ্বারা সদর আদালতে হাজির হইতে পারিবে ও তাহাদের কথা শুনা যাইতে পারিবে ইতি।

[সদর আদালতের নিষ্পত্তি যেরূপে পাঠাইতে হইবে তাহার কথা।]

৭ ধারা। সদর আদালতের সাহেবেরা ঐ মোকদ্দমা শুনিয়া বিবেচনা করিলে পর, আপনাদের রায়ের এক কেতা নকল ঐ আদালতের মোহর দিয়া ও রেজিষ্টর সাহেবের দ্বারা দস্তখৎ করিয়া, যে আদালত হইতে ঐ মোকদ্দমা অর্পণ হয় সেই আদালতে পাঠাইবেন। ও সেই আদালত তাহা পাইলে, সদর আদালতের নিষ্পত্তির অনুসারে ঐ মোকদ্দমার নিষ্পত্তি করিবেন ইতি।

[Costs of reference to Sudder Court.]

VIII. Costs, if any, consequent on the reference of a case for the opinion of the Sudder Court, shall be costs in the suit.

[Act not to extend to decisions passed on regular appeal by Assistant Judges in Bombay.]

IX. Nothing in this Act shall extend to any decision or order passed on regular appeal by any Assistant Judge in the Presidency of Bombay.

[Construction of Act.]

X. This shall be construed and read as part of Act VIII. of 1859.

M. WYLIE,
Clerk of the Council.

[সদর আদালতে জিজ্ঞাসা করিবার খরচার কথা।]

৮ ধারা। সদর আদালতের রায় জানিবার জন্যে কোন মোকদ্দমা অর্পণ হইলে তাহার যদি কিছু খরচা লাগে, তবে তাহা মোকদ্দমার খরচার মধ্যে ধরিতে হইবে ইতি।

[বোম্বাইয়ের রাবেতামতের আপীল হইয়া আসিষ্টাণ্ট জজ সাহেবেরা যে নিষ্পত্তি করেন তাহার উপর এই আইন না খাটিবার কথা।]

৯ ধারা। বোম্বাই দেশে রাবেতামতের আপীল হইয়া কোন আসিষ্টাণ্ট জজ সাহেব যে হুকুম কি নিষ্পত্তি করেন তাহার উপর এই আইনের কোন কথা খাটিবে না ইতি।

[এই আইনের অর্থের কথা।]

১০ ধারা। এই আইন ১৮৫৯ সালের ৮ আইনের এক অংশমতে পাঠ করিতে হইবে, ও তদনুসারে তাহার অর্থ করিতে হইবে ইতি।

এম ওয়াইলি।
কোন্‌সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFTS OF ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 8TH SEPTEMBER 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 8th September 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 12th of November next:—

A Bill to amend the Law relating to vacations in the Civil Courts within the Presidency of Fort William in Bengal.

[Preamble.]

WHEREAS it is expedient to amend the Law relating to vacations observed in the Civil Courts within the Presidency of Fort William in Bengal; It is enacted as follows:—

[Laws repealed.]

I. Sections II. and III. of Regulation III. 1798 of the Bengal Code, Section XIII. of Regulation VIII. 1805 of the same Code, and Section X. of Regulation I. 1806 of the same Code, are hereby repealed.

[Sudder Court to prepare and publish an annual list of holidays to be observed.]

II. Subject to such orders as may from time to time be issued by the Governor General of India in Council or by the local Government, the Court of Sudder Dewanny in the Presidency aforesaid shall prepare a list of days to be observed in each year as close holidays in such Courts, and in the Courts respectively subordinate to them, and such list shall be ordinarily published at the commencement of each year in the Official Gazette of the Presidency or place in which each Sudder Court is held.

M. WYLIE,
Clerk of the Council.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০ ৬ নবেম্বর।]

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৮ সেপ্টেম্বর।

আইনের এই মুসাবিদা ১৮৬০ সালের ৮ সেপ্টেম্বর তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্‌সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পণ করা গেল। তাঁহারা আগামি নবেম্বর মাসের ১২ তারিখের পরে সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশের মধ্যে দেওয়ানী আদালতে ছুটীর বন্দের আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশের দেওয়ানী আদালতে ছুটীর নিমত্তে বন্দের যে আইন আছে তাহা সংশোধন করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[যে২ আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৭৯৮ সালের ৩ আইনের ২ ও ৩ ধারা, ও ঐ দেশের চলিত ১৮০৫ সালের ৮ আইনের ১৩ ধারা ও ঐ দেশের চলিত ১৮০৬ সালের ১ আইনের ১০ ধারা ইহাতে রদ হইল ইতি।

[ছুটীর যে সকল দিন মানিতে হয় তাহার ফর্দ সদর আদালতের সাহেবেরদের বৎসরে২ করিয়া ছাপাইবার কথা।]

২ ধারা। হুজুর কৌন্‌সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ যে হুকুম জারী করেন সেই হুকুম মানিয়া, পূর্ব্বোক্ত রাজধানীর সদর দেওয়ানী আদালতের সাহেবেরা সকল দেওয়ানী আদালতে ও সেই২ আদালতের অধীন সকল আদালতে বন্দের দিন বলিয়া প্রতিবৎসরে যে২ দিন মানিতে হইবে সেই২ দিনের এক ফর্দ প্রস্তুত করিবেন, ও সদর আদালতের যে রাজধানীতে কি স্থানে বৈঠক হয় সেই রাজধানীর কি স্থানের গবর্ণমেণ্ট গেজেটে প্রতিবৎসরের আরম্ভে ঐ ফর্দ ছাপা হইবে ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

THE 29TH SEPTEMBER 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 22nd September 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 3rd of December next.—

A Bill to amend Act X. of 1859.

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act X. of 1859 (*to amend the law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal*): It is enacted as follows.—

[Time for commencement of suits of which the cause of action accrued before 1st August 1859.]

I. The following proviso shall be read as part of Section XXX. Act X. of 1859 :—"If in any suit to which this Section is applicable, the cause of action shall have accrued before the first day of August 1859, such suit shall be instituted within two years from that day, or within the time allowed for the institution of the same by any law in force before the passing of the said Act, whichever may first expire."

[Revival of certain suits and appeals dismissed or rejected.]

II Any suit or appeal instituted under Act X. of 1859, which may have been dismissed or rejected on the ground that the suit had not been commenced within the period prescribed in Section XXX. of the said Act, may be revived if the order of dismissal or rejection shall be contrary to the provisions of the foregoing Section, and a petition for the revival of the same shall be presented within four months of the passing of this Act to the Collector or Court by which such suit or appeal may have been dismissed or rejected. The petition may be written on the Stamp required for petitions presented to such Collector or Court.

M. WYLIE,
Clerk of the Council.

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৯ সেপ্টেম্বর।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ২২ সেপ্টেম্বর তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পণ করা যায়। তাঁহারা আগামি ডিসেম্বর মাসের ৩ তারিখের পরে সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

১৮৫৯ সালের ১০ আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

১৮৫৯ সালের ১০ আইন (অর্থাৎ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইন) সংশোধন করা বিহিত, এই কারণে এই২ বিধান হইল।

[১৮৫৯ সালের ১ আগষ্ট তারিখের পূর্ব্বে যে মোকদ্দমার কারণ হয় তাহা আরম্ভ করিবার সময়ের কথা।]

১ ধারা। এই বর্জ্জিত কথা ১৮৫৯ সালের ১০ আইনের ৩০ ধারার এক অংশস্বরূপে পাঠ করিতে হইবে। অর্থাৎ "এই ধারা যে মোকদ্দমার উপর খাটে এমত কোন মোকদ্দমায় যদি নালিশ করিবার হেতু ১৮৫৯ সালের আগষ্ট মাসের প্রথম দিনের পূর্ব্বে হয়, তবে ঐ মোকদ্দমা ঐ তারিখঅবধি দুই বৎসরের মধ্যে, কিম্বা ঐ আইন জারী হইবার পূর্ব্বের চলিত কোন আইনমতে ঐ মোকদ্দমা উপস্থিত করিবার যে কোন মিয়াদ নিরূপণ ছিল সেই মিয়াদের মধ্যে, অর্থাৎ ইহার মধ্যে যে মিয়াদ প্রথমে ফুরায় সেই মিয়াদের মধ্যে, উপস্থিত করিতে হইবে ইতি।"

[ডিসমিসকরা কি অগ্রাহ্যকরা কোন মোকদ্দমা ও আপীল পুনরায় উপস্থিত করিবার কথা।]

২ ধারা। ১৮৫৯ সালের ১০ আইনমতে কোন মোকদ্দমা কি আপীল উপস্থিত হইয়া, যদি ঐ আইনের ৩০ ধারার নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে আরম্ভ না হওয়াপ্রযুক্ত ডিসমিস কি অগ্রাহ্য হইয়া থাকে, তবে ঐ ডিসমিস কি অগ্রাহ্য হওয়ার হুকুম ইহার পূর্ব্বের ধারার বিধানের বিরুদ্ধে হইলে তাহার পুনরুত্থাপন হইতে পারিবে। ও যে কালেক্টর সাহেব কি যে আদালত ঐ মোকদ্দমা কি আপীল ডিসমিস কি অগ্রাহ্য করিয়াছেন তাঁহার নিকটে এই আইন জারী হইবার পর চারি মাসের মধ্যে ঐ মোকদ্দমার পুনরুত্থাপন হইবার দরখাস্ত দাখিল করিতে হইবে। ঐ কালেক্টর সাহেবের নিকটে কি ঐ আদালতে দরখাস্ত যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হয় সেই মূল্যের ইষ্টাম্প কাগজে ঐ দরখাস্ত লিখিতে হইবে ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

THE 29TH SEPTEMBER 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 22nd September 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 3rd of January next :—

A Bill to provide for a Government Paper Currency.

[Preamble.]

WHEREAS it is expedient to provide for the issue by the Government of India of Promissory Notes payable to bearer on demand, and to regulate the mode of issuing and securing payment of the same : It is enacted as follows :—

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৯ সেপ্টেম্বর।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ২২ সেপ্টেম্বর তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পণ করা যায়। আগামি জানুআরি মাসের ৩ তারিখের পরে তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

দাওয়া হইবামাত্র যাহার টাকা দেওয়া যাইবে এমত প্রমিসরি নোট (অর্থাৎ প্রতিজ্ঞাসূচক কাগজ) ভারতবর্ষের গবর্ণমেণ্টের চালাইবার বিধান করা ও সেই নোট উপযুক্তমতে চালাবার ও তাহার টাকা পাওয়া যাইবার বিধি করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[Laws repealed.]

I. Section XXXI. of Act VI. of 1839 *(relating to the Bank of Bengal)*, Section XXXI. of Act III. of 1840 *(relating to the Bank of Bombay)*, and Section XXXIII of Act IX. of 1843 *(relating to the Bank of Madras)*, shall be repealed from and after the day of

[No body corporate or person to issue Notes, &c, payable to bearer on demand. Exception in favor of Cheques.]

II. After the passing of this Act no body corporate, person or persons whatsoever, in the British Territories in India, (except the Banks of Bengal, Madras, and Bombay, up to the day of and except as hereinafter provided) shall draw, accept, make, or issue any Bill of Exchange or Promissory Note or engagement for the payment of money payable to bearer on demand, or borrow, owe, or take up any sum or sums of money on the Bills or Notes payable to bearer on demand of any such body corporate, or of any such person or persons. Provided that Cheques or Drafts payable to bearer on demand or otherwise may be drawn on Bankers, Shroffs, or Agents by the customers or constituents of such Bankers, Shroffs, or Agents, in respect of deposits of money in the hands of such Bankers, Shroffs, or Agents, and held by them at the credit and disposal of the persons drawing such Cheques or Drafts.

[Department of Issue to be established.]

III. There shall be established by the Governor General in Council a new department of the Public Service, to be called the Department of Issue, and from and after the day of there may be issued from the said Department, as hereinafter provided, Promissory Notes of the Government of India payable to bearer on demand, for the sums of 5, 10, 20, 50, 100, 500 and 1000 Rupees, or for such other amounts as the Governor General of India in Council, with the sanction of the Secretary of State for India, shall direct

[Head Commissioner and Commissioners to be appointed]

IV. The Governor General in Council, on or before the day of , shall appoint some person, to be called the Head Commissioner of the Department of Issue, and two other persons, who shall be called respectively the Commissioners of the Department of Issue at Madras and Bombay, and such Officers may be suspended for incapacity, negligence, or misconduct by the Governor General in Council, but shall be removeable only by the Secretary of State for India. The Offices so created shall be maintained and continued, and such salaries shall

[যেই আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। বাঙ্গাল ব্যাঙ্কের বিষয়ি ১৮৩৯ সালের ৬ আইনের ৩১ ধারা, ও বোম্বাইয়ের ব্যাঙ্কের বিষয়ি ১৮৪০ সালের ৩ আইনের ৩১ ধারা ও মান্দ্রাজের ব্যাঙ্কের বিষয়ি ১৮৪৩ সালের ৯ আইনের ৩৩ ধারা অমুক তারিখঅবধি রদ হইবে ইতি।

[চার্টরপ্রাপ্ত কোন সমাজের কি লোকের খাড়া নোট-প্রভৃতি চালাইতে না পারিবার কথা। চ্যাকের বিষয়ে বর্জিত কথা।]

২ ধারা। এই আইন জারী হইবার পরে ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে (অমুক সালের অমুক তারিখপর্য্যন্ত বাঙ্গাল ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের ব্যাঙ্ক ছাড়া, ও পশ্চাৎ লিখিত বিধানমতে না হইয়া) চার্টরপ্রাপ্ত কোন সমাজ কি কোন লোক কি লোকেরা খাড়া অর্থাৎ দাওয়া হইবামাত্র যাহার টাকা দেওয়া যাইবে, এমত কোন বিল অফ এক্সচেঞ্জ কি প্রমিসরি নোট কি করারনামা লিখিবেন না ও সাকার করিবেন না ও চালাইবেন না, কিম্বা দাওয়া হইবামাত্র যাহার টাকা প্রাপ্য হয় এমত কোন নোট কি বিল তদ্রূপ চার্টরপ্রাপ্ত কোন সমাজ কি তদ্রূপ কোন লোক কি লোকেরা দিলেও তাহার উপর কোন টাকা কর্জ্জ না লন ও সেই টাকার দেনদার না হন কি তাহা স্বীকার না করেন। কিন্তু কোন ব্যাঙ্কের কি বণিকেরদের কি এজেণ্টেরদের সঙ্গে যে লোকেরদের লেন দেনার কার্য্য কি কারবার চলে, তাহারদের যে টাকা ঐ ব্যাঙ্কে কি এজেণ্টেরদের কি বণিকেরদের হাতে থাকিয়া তাঁহারদের নামে জমা হয়, ও ঐ এজেণ্টরদের কি বণিকেরদের কি ব্যাঙ্কের উপর চ্যাক কি ড্রাফ্ট দিয়া খরচ করা যাইতে পারে, সেই টাকার জন্যে সেই লোকেরা ঐ ব্যাঙ্কের কি এজেণ্টরদের কি বণিকেরদের উপর খাড়া কি অন্য প্রকারের চ্যাক কি ড্রাফ্ট দিতে পারিবেন ইতি।

[ইসু ডিপার্টমেণ্ট স্থাপন হইবার কথা।]

৩ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ইসু ডিপার্টমেণ্ট নামে সরকারী কর্ম্মের এক নূতন ডিপার্টমেণ্ট স্থাপন করিবেন। অমুক সালের অমুক মাসের অমুক তারিখ অবধি ঐ ডিপার্টমেণ্ট হইতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোট পশ্চাৎলিখিত বিধানমতে বাহির হইয়া চলন হইবেক। সেই নোটের টাকা দাওয়া হইবামাত্রে দেওয়া যাইবে। ৫৲ টাকার ও ১০৲ টাকার ও ২০৲ টাকার ও ৫০৲ টাকার ও ১০০৲ টাকার ও ৫০০৲ টাকার ও ১০০০৲ টাকার, ও ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের অনুমতিক্রমে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর অন্য যত টাকার আজ্ঞা করেন, তত টাকার ঐ নোট হইবে ইতি।

[প্রধান কমিস্যনরের ও কমিস্যনরদিগের নিযুক্ত হইবার কথা।]

৪ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে ইসু ডিপার্টমেণ্টের প্রধান কমিস্যনর নামে কোন এক জনকে নিযুক্ত করিবেন, ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে ইসু ডিপার্টমেণ্টের কমিস্যনর নামে আর দুই জনকে নিযুক্ত করিবেন। সেই কর্ম্মকারকেরা কর্ম্মের অপারক হইলে, কিম্বা শৈথিল্য কি অবিচার করিলে, হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তাঁহারদিগকে সসপেণ্ড করিতে পারিবেন কিন্তু ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবভিন্ন কেহ তাঁহারদিগকে কর্ম্ম হইতে তগীর করিতে পারিবেন না। উক্ত প্রকারে যে পদ স্থাপন হয় তাহা বহাল রাখা যাইবে ও স্থির থাকিবে, ও হজুর কৌন্সেলে

be assigned to them respectively as to the Governor General in Council shall seem proper

[Circles of Issue to be defined.]

V. The Governor General in Council shall, before the day of , by order to be published in the Gazettes of Calcutta, Madras, and Bombay, divide the British Territories in India into Districts, to be called "Circles of Issue," three of which Circles shall include the Towns of Calcutta, Madras, and Bombay, and in each Circle shall appoint some city or town to be the place of Issue of Notes, as hereinafter provided.

[Deputy Commissioners to be appointed.]

VI. For each Circle of Issue other than those which include the Towns of Calcutta, Madras, and Bombay, there shall be appointed by the Governor General in Council a person to be called the Deputy Commissioner of Issue.

[Commissioners to be subordinate to Head Commissioner; Deputy Commissioners to Commissioner.]

VII. For the purposes of this Act, the Commissioners at Madras and Bombay shall be subordinate to the Head Commissioner, the Deputy Commissioners in the Presidency of Fort William in Bengal shall be subordinate to the Head Commissioner; and the Deputy Commissioners in the Presidencies of Fort Saint George and Bombay shall be subordinate to the Commissioners of Madras and Bombay respectively

[Notes to be prepared by Head Commissioner and distributed by him. Where payable.]

VIII. The Head Commissioner of Issue for the time being shall make and prepare, on paper to be specially manufactured for the purpose, Promissory Notes of the Government of India payable to bearer on demand for the sums hereinbefore provided, and shall supply to the Commissioners at Madras and Bombay, and to the several Deputy Commissioners, such Notes as they shall require for the purposes of this Act, and all such Notes shall bear upon them the name of the city or town from which they are severally issued, and shall be payable only at the Office of such city or town of issue and at the Presidency Town of the Presidency within which such city or town is situated.

[When such Notes may be issued. Proviso.]

IX. The Head Commissioner, the Commissioners, and the Deputy Commissioners shall, in their respective "Circles of Issue," on the demand of any person, issue from the Office of Issue of their respective Circles, such Promissory Notes, on the terms following:—

First, in exchange for the amount thereof in silver

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ঐ২ পদের যে২ বেতন উপযুক্ত জ্ঞান করেন সেই২ বেতন নির্দ্ধার্য্য থাকিবে ইতি।

[ইসুর চাকলা নির্দ্ধার্য্য করিবার কথা।]

৫ ধারা। হজুর কৌনসেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর অমুক সালের অমুক মাসের, অমুক তারিখের পূর্ব্বে কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের গেজেটে হুকুম প্রকাশ করিয়া, ভারতবর্ষেতে ব্রিটনীয়েরদের অধিকৃত সকল দেশ চাকলা করিয়া বিভাগ করিবেন। একং চাকলা "ইসুর চাকলা" নামে খ্যাত হইবে। ইহার তিন চাকলার মধ্যে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগর ধরা যাইবে। একং চাকলার মধ্যে যে স্থানহইতে নোট বাহির হইয়া চলন হইবে এমত কোন এক শহর কি নগর পশ্চাৎ লিখিত বিধমতে নিরূপণ করিবেন ইতি।

[ডেপুটী কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার কথা।]

৬ ধারা। ইসুর যে২ চাকলার মধ্যে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগর গণ্য নয় এমত প্রত্যেক চাকলাতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ইসুর ডেপুটী কমিস্যনর নামে এক২ জন কার্য্যকারককে নিযুক্ত করিবেন ইতি।

[প্রধান কমিস্যনর সাহেবের তাবে কমিস্যনর সাহেবেরদের থাকিবার ও কমিস্যনর সাহেবেরদের তাবে ডেপুটী কমিস্যনর সাহেবেরদের থাকিবার কথা।]

৭ ধারা। এই আইনের কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে মান্দ্রাজের ও বোম্বাইয়ের ঐ কমিস্যনর সাহেবেরা প্রধান কমিস্যনর সাহেবের তাবে থাকিবেন। ও ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে যে সকল ডেপুটী কমিস্যনর থাকেন তাঁহারা ঐ প্রধান কমিস্যনর সাহেবের তাবে থাকিবেন। ও মান্দ্রাজ ও বোম্বাই দেশে যে ডেপুটী কমিস্যনরেরা থাকেন তাঁহারা মান্দ্রাজের ও বোম্বাইয়ের কমিস্যনর সাহেবেরদের তাবে থাকিবেন ইতি।

[প্রধান কমিস্যনর সাহেবের নোট প্রস্তুত করিয়া বিলি করিবার কথা। ও সেই নোটের টাকা যে২ স্থানে পাওয়া যাইতে পারিবে তাহার কথা।]

৮ ধারা। ইসুর প্রধান কমিস্যনরের পদে যিনি যে সময়ে থাকেন তিনি এই কার্য্যের নিমিত্তে বিশেষমতে তৈয়ার-করা কাগজে, যত টাকার নোটের বিধান পূর্ব্বে হইয়াছে, ভারতবর্ষের গবর্ণমেণ্টের তত টাকার প্রমিসরি নোট করিবেন ও প্রস্তুত করিবেন। ঐ নোটের টাকা চাওয়া হইবামাত্র দেওয়া যাইতে পারিবে। এই আইনের কার্য্যের নিমিত্তে মান্দ্রাজের ও বোম্বাইয়ের কমিস্যনর সাহেবেরদের ও নানা ডেপুটী কমিস্যনর সাহেবেরদের যত নোটের প্রয়োজন থাকে, তাহা ঐ প্রধান কমিস্যনর সাহেব তাঁহারদিগকে যোগাইয়া দিবেন. ও যে শহর কি নগরহইতে যে সকল নোট বাহির হইয়া চলন হয় সেই শহরের কি নগরের নাম ঐ২ নোটের উপর থাকিবে, ও সেই শহরের কি নগরের ইসুর আফিসে ও সেই শহর কি নগর যে দেশের অন্তঃপাতি হয় সেই দেশের রাজধানীতে ঐ নোটের টাকা পাওয়া যাইতে পারিবে অন্য স্থানে নয় ইতি

[সেই প্রকারের নোট যে সময়ে বাহির হইবে তাহার কথা ও বর্জ্জিত কথা।]

৯ ধারা। প্রধান কমিস্যনর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের কি ডেপুটী কমিস্যনর সাহেবেরদের নিকটে কোন লোক তাঁহারদের "ইসুর চাকলাতে" ঐ প্রমিসরি নোট চাহিলে তাঁহারা আপনা২ চাকলার ইসুর আফিসহইতে এই২ নিয়মমতে ঐরূপ নোট দিতে পারিবেন। অর্থাৎ

প্রথমে, ভারতবর্ষের গবর্ণমেণ্টের পুরা ওজনের

coin of full weight of the Government of India ; or, *secondly*, in exchange for the amount thereof in standard silver bullion or foreign silver coin computed according to such standard at the rate of per ounce ; provided always that the said Head Commissioner, Commissioners, and Deputy Commissioners shall, in all cases, be entitled to require such silver bullion and foreign coin to be melted and assayed at the expense of the person tendering the same, and provided also that in all places where there is no Mint of the Government of India, it shall be optional for any such Head Commissioner, Commissioner, or Deputy Commissioner, to issue Notes in exchange for silver or foreign coin under this Section , or, *thirdly*, in exchange for other Notes of the Government of India payable to bearer on demand of other amounts issued within the same Circle.

[Proportion of reserve of bullion, &c., to be fixed]

X. The Governor General in Council shall determine from time to time the amount to be retained and secured in silver bullion and coin as a reserve to pay the said Promissory Notes, provided always that such reserve shall in no case be less than one-third of the amount expressed in the Notes in circulation.

[Reserve to be retained ; residue to be invested in Government Securities]

XI. It shall be the duty of the Head Commissioner in respect of the Presidency of Fort William in Bengal, and of the Commissioners at Madras and Bombay in respect of the Presidencies of Fort Saint George and Bombay respectively, to retain and secure at all times such amount in silver bullion and coin as shall be determined by the Governor General in Council as aforesaid, such reserve to be conveniently distributed among the several Offices of Issue of their respective Presidencies They shall also provide for the immediate coinage of the Silver bullion and foreign Silver coinage received in exchange for such Notes, and they shall invest in Government Securities the residue of the amount of the said Notes in circulation over and above the sum represented by the said coin and bullion which from time to time they are required to retain as a reserve : and the said coin, bullion, and securities shall be appropriated and set apart to provide for the satisfaction and discharge of the said Notes : and the said Notes shall be deemed to have been issued on the security of the coin, bullion, and securities so appropriated and set apart.

[In what names the Government Securities to stand.]

XII. The Government Securities purchased under this Act in the Presidency of Fort William in Bengal shall stand in the name of the Head Commissioner and the Master of the Mint at Calcutta, the Government Securities purchased under this Act in the Presidency of Fort Saint George shall stand in the name of the Commissioner at Madras and the Master of the Mint at Madras ;

রূপার মুদ্রা লইয়া তাহার পরিবর্ত্তে তত মুদ্রার নোট দিতে পারিবেন । দ্বিতীয়, ঔন্সপ্রতি এত টাকার হিসাবে খাটিরূপার চান্দি কি বিদেশীয় রূপার মুদ্রা লইয়া তাহার পরিবর্ত্তে তত টাকার নোট দিতে পারিবেন । কিন্তু তদ্রূপ স্থলে ঐ প্রধান কমিস্যনর সাহেব কি কমিস্যনর সাহেবেরা কি ডেপুটী কমিস্যনর সাহেবেরা এই হুকুম করিতে পারিবেন, যে, ঐ চান্দি ও বিদেশীয় মুদ্রা যে জন আনে তাহার খরচে তাহা গলান যায় ও তাহার পরখাই করা যায় । আরো যে সকল স্থানে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন টাকশাল না থাকে সেই২ স্থানে তদ্রূপ কোন প্রধান কমিস্যনর কি কমিস্যনর কি ডেপুটী কমিস্যনর সাহেব আপন২ বিবেচনামতে এই ধারাক্রমে রূপা কি বিদেশীয় মুদ্রার পরিবর্ত্তে নোট দিতে পারিবেন । অথবা তৃতীয়, একি চাকলার মধ্যে বাহির করা কতক টাকার নোট লইয়া তাহার পরিবর্ত্তে দাওয়ামাত্রে যাহার টাকা প্রাপ্য হয় ভারতবর্ষের গবর্ণমেণ্টের এমত অন্য কতক টাকার নোট দিতে পারিবেন ইতি ।

[যত টাকাপ্রভৃতি মৌজুদ রাখিতে হইবে তাহা নির্ণয় করিবার কথা ।]

১০ ধারা । উক্ত প্রামিসরি নোটের টাকা দিবার জন্যে রূপার যত চান্দি ও মুদ্রা মৌজুদ কি জমা করিয়া রাখিতে হইবেক তাহা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর সময়ে২ নিরূপণ করিবেন । কিন্তু রোক যত টাকা মৌজুদ থাকিবে তাহা, যত টাকার নোট চলন হয় তাহার তিন ভাগের এক ভাগের কম কখন হইবে না ইতি ।

[রোক টাকা মৌজুদ রাখিবার কথা ও অবশিষ্ট টাকাতে গবর্ণমেণ্টের নিদর্শনপত্র লইবার কথা ।]

১১ ধারা । হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর পূর্ব্বোক্তমতে যত রূপার চান্দি ও মুদ্রা মৌজুদ রাখিবার বিষয় নির্দ্ধার্য্য করেন, তত টাকা ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে মৌজুদ রাখা ও জমা করা প্রধান কমিস্যনর সাহেবের কর্ত্তব্য কর্ম্মের মধ্যে হইবে, ও মান্দ্রাজ ও বোম্বাই দেশে তত টাকা মৌজুদ রাখা ও জমা করা ঐ২ দেশের কমিস্যনর সাহেবেরদের কর্ত্তব্য কর্ম্মের মধ্যে হইবে । ঐ মৌজুদ টাকা তাঁহারদের আপন২ রাজধানীর ইস্যুর আফিসে উপযুক্তমতে বিলি করিয়া দেওয়া যাইবে । আরো ঐ প্রকারের নোটের পরিবর্ত্তে তাঁহারা যত চান্দি ও বিদেশীয় রূপার মুদ্রা পান, তাহাতে অব্যাজে মুদ্রা জরব করিবার উপায় করিবেন । ঐ চলনকরা উক্ত নোটের মূল্যস্বরূপ যত রোক টাকা মৌজুদ রাখিতে তাঁহারদিগকে সময়ে২ আজ্ঞা হয়, তাহার অধিক যাহা হাতে থাকে তাহাতে তাঁহারা গবর্ণমেণ্টের নিদর্শনপত্র ক্রয় করিয়া রাখিবেন, ও সেই টাকা ও রূপার চান্দি ও নিদর্শনপত্র উক্ত নোটের টাকা পরিশোধ করিবার ও দিবার জন্যে পৃথক্ রাখা যাইবে ও ব্যয় হইবে । ও সেই প্রকারের পৃথক্‌করা টাকার ও চান্দির ও নিদর্শনপত্রের জামিনীতে ঐ নোট বাহির হইয়া চলন হয়, এমত জ্ঞান করিতে হইবে ইতি ।

[গবর্ণমেণ্টের ঐ নিদর্শনপত্র যাঁহারদের নামে থাকিবে তাহার কথা ।]

১২ ধারা । গবর্ণমেণ্টের যে নিদর্শনপত্র এই আইন মতে ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে ক্রয় করা যায় তাহা প্রধান কমিস্যনর সাহেবের ও কলিকাতার টাকশালের মাষ্টর সাহেবের নামে থাকিবে । মান্দ্রাজে গবর্ণমেণ্টের যে নিদর্শনপত্র এই আইনমতে ক্রয় করা যায় তাহা মান্দ্রাজের কমিস্যনর সাহেবের ও মান্দ্রাজের টাকশালের মাষ্টর সাহেবের নামে থাকিবে । ও বোম্বাইতে গবর্ণমেণ্টের যে নিদর্শনপত্র এই

and the Government Securities purchased under this Act in the Presidency of Bombay shall stand in the name of the Commissioner at Bombay and the Master of the Mint at Bombay.

[Rules to be framed for keeping and auditing the Accounts.]

XIII. The Head Commissioner from time to time shall frame Rules to be approved by the Governor General in Council, for keeping the accounts of the said Department of Issue, and for the auditing of such accounts, and for otherwise regulating the business of the Department; provided always that such Rules shall be in no wise inconsistent with the provisions of this Act.

[Abstract of accounts to be published.]

XIV. An abstract of the accounts of the Department, showing the whole amount of Notes in circulation, the amount of coin and bullion reserved, and the amount of the Government Securities held by the said Department, shall be made up monthly in Calcutta, and published as soon as may be in the Gazettes of Calcutta, Madras, and Bombay.

[Securities to be disposed of in order to keep up reserve of bullion and coin from time to time.]

XV. It shall be lawful for the Head Commissioner in respect of the Presidency of Fort William in Bengal, and of the Commissioners at Madras and Bombay in respect of the Presidencies of Madras and Bombay respectively, and they are hereby required at any time, if it shall be necessary for the purpose of retaining and keeping up such reserve of coin and bullion as hereinbefore provided, to sell and dispose of Government Securities standing in their names respectively, and in the names of the Masters of the Mint as aforesaid; and for the purpose of effecting such sales, the said Masters of the Mint respectively shall, on a request in writing from the said Head Commissioner or Commissioners, in their respective Presidencies, at all times sign and endorse such Government Securities as shall stand in their names respectively.

[Interest of Securities to be paid to the credit of Government.]

XVI. The interest accruing due on the Government Securities purchased and held under this Act shall be entered in a separate account, to be annually rendered by the Head Commissioner to the Governor General in Council, and the amount of such interest shall, from time to time, as it becomes due, be paid by the Accountants General in the several Presidencies of India, into the revenues of the Government of India, under the head of "Profits of Note Circulation."

[Notes where legal tender.]

XVII. Within any of the "Circles of Issue," as hereinbefore provided, a tender of a Note or Notes issued under this Act from the Office of Issue of such "Circle of Issue," shall be a legal tender to the amount expressed in such Note or Notes, and shall be taken to be valid as a tender to such

আইনমতে ক্রয় করা যায় তাহা বোম্বাইয়ের কমিসানর সাহেবের ও বোম্বাইয়ের টাকশালের মাষ্টর সাহেবের নামে থাকিবে ইতি।

[হিসাব রাখিবার ও আডিট করিবার বিধি করিবার কথা।]

১৩ ধারা। উক্ত ইস্যুর ডিপার্টমেন্টের হিসাবকিতাব রাখিবার ও সেই হিসাব আডিট করিবার ও ঐ ডিপার্টমেন্টের অন্যান্য কর্ম্মের নিয়ম করিবার বিধি প্রধান কমিসানর সাহেব সময়ে২ করিবেন, ও তাহাতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের সম্মতির প্রয়োজন। কিন্তু ঐ বিধি এই আইনের বিধানেতে কোন প্রকারে অসঙ্গত না হয় ইতি।

[হিসাবের খোলাসা প্রকাশ করিবার কথা।]

১৪ ধারা। ঐ ডিপার্টমেন্টের সকল হিসাবের খোলাসা অর্থাৎ যত টাকার নোট চলন আছে, ও ঐ ডিপার্টমেন্টে যত মুদ্রা ও চান্দি মৌজুদ আছে ও যত টাকার গবর্ণমেন্টের নিদর্শনপত্র আছে তাহার খোলাসা মাসে২ কলিকাতায় প্রস্তুত হইয়া সাধ্যমতে অবা করিয়া কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের গেজেটে ছাপা হইবে ইতি।

[রূপার যত মুদ্রাপ্রভৃতি মৌজুদ রাখিতে হইবে তাহা পূরা রাখিবার জন্যে গবর্ণমেন্টের নিদর্শনপত্র সময়ে২ বিক্রয় করিবার কথা।]

১৫ ধারা। ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশের নিমিত্তে প্রধান কমিসানর সাহেবকে, ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের নিমিত্তে মান্দ্রাজের ও বোম্বাইয়ের কমিসানর সাহেবদিগকে এই ক্ষমতা দেওয়া গেল ও ইহাতে আজ্ঞা হইতেছে যে, ইহার পূর্ব্বে লিখিত বিধানমতে যত রূপার মুদ্রা ও চান্দি মৌজুদ রাখিতে হইবে তাহা পূরা ভাবে রাখিবার জন্যে যদি কোন সময়ে আবশ্যক হয়, তবে তাঁহারদের ও টাকশালের মাষ্টর সাহেবের নামে গবর্ণমেন্টের যে নিদর্শনপত্র পূর্ব্বোক্তমতে থাকে তাহা তাঁহারা বিক্রয় করিয়া হস্তান্তর করেন। আরো তাহা বিক্রয় হইতে পারে, এই কারণে উক্ত কোন রাজধানীর টাকশালের মাষ্টর সাহেবকে যখন ঐ২ রাজধানীর প্রধান কমিসানর সাহেব কিম্বা কমিসানর সাহেব লিখিয়া আদেশ করেন, তখন ঐ মাষ্টর সাহেবের নামে উক্ত প্রকারের যে নিদর্শনপত্র থাকে তাহার পৃষ্ঠে তিনি দস্তখৎ করিবেন ইতি।

[ঐ নিদর্শনপত্রের সুদ গবর্ণমেন্টের নামে জমা হইবার কথা।]

১৬ ধারা। এই আইনমতে যে সকল নিদর্শনপত্র খরীদ হয় ও হাতে থাকে তাহার উপর যত সুদ পাওয়া যায় তাহা স্বতন্ত্র এক খাতায় লিখিয়া রাখিতে হইবে। ও সেই হিসাব প্রধান কমিসানর সাহেব বৎসরে২ হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকে দিবেন ও ঐ সুদের টাকা সময়ে২ পাওনা হইলে, ভারতবর্ষের নানা রাজধানীর আকৌণ্টেণ্ট জেনরল সাহেবেরা "চলন করা নোটের লাভের" হিসাবে লিখিয়া ভারতবর্ষের গবর্ণমেন্টের খাজানার মধ্যে তাহা দিবেন ইতি।

[ঐ নোট যে২ স্থানে আইনমতের মুদ্রাস্বরূপে চলন হইবে তাহার কথা।]

১৭ ধারা। ইহার পূর্ব্বে লিখিত বিধানমতে ইস্যুর যে সকল চাকলা হয় সেই২ চাকলার মধ্যে ঐ "ইস্যুর চাকলার" ইস্যুর আফিসহইতে এই আইনমতে যে নোট কি যে২ নোট বাহির হইয়া থাকে, তাহা যদি কেহ২ মুদ্রাস্বরূপে দিতে চাহে তবে ঐ নোটে কি ঐ২ নোটে যত টাকা নির্দ্দিষ্ট থাকে তত টাকাস্বরূপে তাহা আইনমতে

amount in payment of any revenue or other claim due to the Government of India, and in payment of any sum due by the Government of India, or by any body corporate, or by any person or persons in the British Territories in India, on all occasions whatsoever on which any tender of money can be legally made. Provided that no such Note or Notes shall be deemed to be a legal tender of payment by the Government of India at any Office of Issue.

চলিবে। ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকট দেনা কোন মালগুজারীর কি অন্য দাওয়ার পরিশোধে, ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের দেনা কোন টাকার পরিশোধে, কিম্বা কোন চার্টরপ্রাপ্ত সমাজের কি ভারতবর্ষের মধ্যে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের কোন লোকের কি লোকেরদের দেনা কোন টাকার পরিশোধে যে কোন সময়ে কিছু টাকা দিবার প্রস্তাব আইনমতে হইতে পারে সেই সময়ে, ভত টাকার ঐরূপ নোট দিবার প্রস্তাব হইলে তাহা সিদ্ধ জ্ঞান হইবে। কিন্তু কোন ইসুর আফিসে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ঐরূপ এক কি অনেক নোট দেওয়া আইনমতের চলন টাকা দেওয়ার ন্যায় জ্ঞান হইবে না ইতি।

[Name of Head Commissioner, &c., may be impressed with machinery.]

XVIII. The name of the Head Commissioner, of either of the Commissioners, of any Deputy Commissioner, or of any other person authorized by the said Head Commissioner, or by either of the said Commissioners, to sign Notes issued under this Act, shall or may be impressed or affixed by machinery provided for that purpose by the Government of India, and such printed names shall be taken to be good and valid signatures to all intents and purposes, as if such Notes had been subscribed in the proper handwriting of any one of the persons aforesaid whose signatures the said printing purports to represent.

[প্রধান কমিস্যনরপ্রভৃতির নাম, যন্ত্রদ্বারা ছাপা হইবার কথা।]

১৮ ধারা। প্রধান কমিস্যনর সাহেবের নাম, কিম্বা কমিস্যনর সাহেবেরদের মধ্যে কোন সাহেবের কি কোন ডেপুটী কমিস্যনরের নাম, কিম্বা ঐ প্রধান কমিস্যনর সাহেব কি ঐ কমিস্যনর সাহেবেরদের কোন জন অন্য যে কোন ব্যক্তিকে এই আইনমতের চালান নোটে দস্তখৎ করিতে ক্ষমতা দেন, তাঁহার নাম কোন যন্ত্রদ্বারা তাহাতে ছাপা হইবে কি বসান যাইবে কি ছাপা হইতে কি বসান যাইতে পারিবে। সেই কর্ম্মের নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ঐ যন্ত্র করাইয়া দিবেন। ও সেই ছাপাতে যাঁহারদের দস্তখৎ করার ভাব বুঝায়, পূর্ব্বোক্ত তদ্রূপ কোন এক ব্যক্তির নিজ হাতে ঐ নোটে দস্তখৎ হওয়ার ন্যায়, ঐ ছাপাকরা নাম সর্ব্বতোভাবে উত্তম ও যাথার্থ দস্তখতের তুল্য জ্ঞান হইবে ইতি।

[Notes may be described as Promissory Notes.]

XIX. All Notes issued under this Act shall be deemed and taken to be Promissory Notes of the Government of India, and may and shall be described as Promissory Notes of the Government of India in all indictments, and in criminal and civil proceedings any law or usage to the contrary notwithstanding.

[ঐ নোটের নাম "প্রমিসরি নোট" বলিয়া নিরূপণ হইবার কথা।]

১৯ ধারা। এই আইনমতের চলন করা সকল নোট ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোট বলিয়া জ্ঞান হইবে। ও সকল নালিশপত্রেতে ও দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার সকল কার্য্যেতে তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোট বলিয়া নির্দ্দিষ্ট থাকিবে ও থাকিতে পারিবে ইহার বিপরীত কোন আইন কি দাঁড়া থাকিলেও সেইরূপে নির্দ্দিষ্ট হইবে ইতি।

[Penalty for issuing such Notes contrary to provisions of this Act.]

XX. If any body corporate or person, after the passing of this Act, shall, contrary to the provisions of this Act, draw, accept, make, or issue any Bill of Exchange, Promissory Note, or Engagement for the payment of money payable to bearer on demand, or borrow, owe, or take up any sum or sums of money on the Bills or Notes or Engagements for the payment of money payable to bearer on demand of any such body corporate or person, such body corporate or person shall be liable to a penalty of the amount of every such Bill of Exchange, Promissory Note for Engagement or the payment of money, to be recovered on the prosecution of the Head Commissioner, Commissioner, or Deputy Commissioner, as the case may be, of the "Circle of Issue" in which such Bill of Exchange, Promissory Note, or Engagement for the payment of money is issued, before any Police Magistrate or Magistrate within such "Circle of Issue," and in case of conviction and default of payment of such penalty, the Police Magistrate or Magistrate who shall try the case shall issue his warrant to levy the amount thereof, together with the reasonable costs of the prosecu-

[সেই প্রকারের নোট এই আইনের বিধানের বিরুদ্ধে চালাইবার দণ্ডের কথা।]

২০ ধারা। এই আইন জারী হইবার পরে যদি চার্টরপ্রাপ্ত কোন সমাজ কি কোন লোক এই আইনের বিধানের বিরুদ্ধে, দাওয়া হইবামাত্র প্রাপ্য টাকার কোন খাড়া বিল অফ একসচেঞ্জ কি প্রমিসরি নোট কি টাকা দিবার করার অন্যের উপর দেয় কি সাক্রায় কি করে কি চালায়, কিম্বা তদ্রূপ চার্টরপ্রাপ্ত সমাজের কি লোকের খাড়া অর্থাৎ দাওয়া হইবামাত্র প্রাপ্য টাকার কোন বিলের কি নোটের কি টাকা দিবার করারের মাতবরীতে কোন টাকা কি কতক টাকা কর্জ লয় কি ধারে কি দিতে স্বীকার করে, তবে ঐ হুণ্ডী কি প্রমিসরি নোট কি টাকা দিবার করার যত টাকার হয়, ঐ চার্টরপ্রাপ্ত সমাজের কি ঐ লোকের তত টাকা জরীমানা হইতে পারিবে। ও সেই বিল কি প্রমিসরি নোট কি টাকা দিবার করার ইসুর যে চাকলার মধ্যে দেওয়া হয়, সেই চাকলার প্রধান কমিস্যনর সাহেব, কি বিষয়বিশেষে সেই চাকলার কমিস্যনর সাহেব কি ডেপুটী কমিস্যনর সাহেব, ইসুর ঐ চাকলার পোলীসের কোন মাজিস্ট্রেট সাহেবের কি কোন মাজিস্ট্রেট সাহেবের নিকটে নালিশ করিলে ঐ জরীমানার টাকা আদায় হইতে পারিবেক। ও দোষ যদি সাবুদ হয় ও ঐ জরীমানার টাকা না দেওয়া যায়, তবে পোলীসের যে মাজিস্ট্রেট সাহেব কিম্বা যে মাজিস্ট্রেট সাহেব ঐ মোকদ্দমার বিচার করেন, তিনি ঐ চার্টরপ্রাপ্ত যে সমাজের কি যে লোকের দোষ তদ্রূপে

tion, by distress and sale of the goods and chattels of the body corporate or person so convicted.

[Penalty for making or having in possession paper of certain description.]

XXI. If any person shall, without the authority of the Government of India to be proved by the party accused, make or use, or shall, without lawful excuse to be proved by the party accused, knowingly have in his custody or possession any frame, mould, or instrument for the making of paper, with the words "Government of India" visible in the substance of the paper, or for the making of paper with curved or waving bar lines, or with the laying wire lines thereof in a waving or a curved shape, or with any number, sum, or amount, expressed in a word or words in roman letters visible in the substance of the paper, or if any person shall, without such authority, to be proved as aforesaid, manufacture, use, sell, expose to sale, utter, or dispose of, or shall, without lawful excuse to be proved as aforesaid, knowingly have in his custody or possession any paper whatsoever with the words "Government of India" visible in the substance of the paper, or any paper with curved or waving bar lines, or with the laying wire lines thereof in a waving or curved shape, or with any number, sum, or amount expressed in a word or words in roman letters appearing visible in the substance of the paper; or if any person, without such authority to be proved as aforesaid, shall, by any art or contrivance, cause the words "Government of India" to appear visible in the substance of any paper, or cause the numerical sum or amount of any Promissory Note, Bill of Exchange, Post Bill, blank Promissory Note, blank Bill of Exchange, or blank Post Bill, in a word or words in roman letters, to appear visible in the substance of the paper whereon the same shall be written or printed, every such offender shall be guilty of felony, and, being convicted thereof, shall be transported, for a term not exceeding fourteen years, or shall be imprisoned with or without hard labor for any period not exceeding seven years, or if the offender be an European British subject, or an American, he shall be liable to a sentence of penal servitude for a period not exceeding five years.

[Proviso.]

XXII. Nothing herein contained shall prevent

সাবুদ হইলে তাহার মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া ঐ জরীমানার টাকা ও মোকদ্দমার উপযুক্ত খরচা আদায় করিবার পরওয়ানা জারী করিবেন ইতি।

[বিশেষ প্রকারের কাগজ তৈয়ার করিবার কি নিকটে রাখিবার দণ্ডের কথা।]

২১ ধারা। "Government of India" অর্থাৎ ভারতবর্ষের গবর্ণমেণ্ট এই কথা যে কাগজের অন্তরে দৃষ্ট হইতে পারিবে, কিম্বা গোলাকৃতি কি ঢেউর আকৃতিযুক্ত টানা রেখা যাহাতে থাকে এমত কাগজ, কিম্বা যে তারের উপর বিছাইয়া কাগজ তৈয়ার হয় ঢেউর আকৃতির কি গোলাকৃতির তারের উপর তৈয়ারকরা এমত কাগজ, কিম্বা যে কাগজের অন্তরে রোমীয় অক্ষরের এক কি অধিক শব্দেতে প্রকাশিত কোন অঙ্ক কি টাকার সংখ্যা দৃষ্ট হইতে পারে, এমত কাগজ যদি কোন লোক ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা না পাইয়া তৈয়ার করে কি ব্যবহার করে, কিম্বা আইনমতের গ্রাহ্য কোন ওজর না থাকিতেও যদি কোন লোক সেই মতের কাগজ তৈয়ার করিবার কোন ফ্রেম কি ছাপরি কি যন্ত্র জানিয়া শুনিয়া আপনার জিম্মায় কি দখলে রাখে,— ইহাতে যদি ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা পাইয়া থাকে তবে যাহার নামে নালিশ হয় সেই ব্যক্তির ঐ ক্ষমতা পাওয়ার প্রমাণ করিতে হইবে, ও যদি ঐ যন্ত্রাদি নিকটে রাখিবার কোন ওজর থাকে তবে যাহার নামে নালিশ হয় সেই ব্যক্তির ঐ ওজরের প্রমাণ করিতে হইবেক— অথবা "Government of India" অর্থাৎ ভারতবর্ষের গবর্ণমেণ্ট এই কথা যে কাগজের অন্তরে দৃষ্ট হইতে পারে, কিম্বা গোলাকৃতি কি ঢেউর আকৃতিযুক্ত টানা রেখা যাহাতে থাকে এমত কাগজ, কিম্বা যে তারের উপর বিছাইয়া কাগজ তৈয়ার হয়, ঐ ঢেউর আকৃতির কি গোলাকৃতির এমত তারের উপর তৈয়ারকরা কাগজ, কিম্বা যে কাগজের অন্তরে রোমীয় অক্ষরের এক কি অধিক শব্দেতে প্রকাশিত কোন অঙ্ক কি টাকার সংখ্যা দৃষ্ট হয়, এমত কোন কাগজ যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে এমত ক্ষমতা না পাইয়া, তৈয়ার করে কি ব্যবহার করে কি বিক্রয় করে, কি বিক্রয়ার্থে দেখায়, কি চালায় কি হস্তান্তর করিয়া দেয়, কিম্বা পূর্ব্বোক্ত প্রকারে যে ওজরের প্রমাণ করিতে হইবেক আইনমতের গ্রাহ্য এমত ওজর না থাকিতেও যদি কেহ জানিয়াশুনিয়া আপনার জিম্মায় কি দখলে রাখে,— অথবা যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে এমত ক্ষমতা না পাইয়া, কোন বিদ্যার গুণে কি কোন কৌশলে Government of India এই কথা কোন কাগজের অন্তরে দৃষ্ট করায়, কিম্বা কোন প্রমিসরি নোট কি বিল অফ একসচেঞ্জ কি পোষ্ট বিল কি ব্লাঙ্ক অর্থাৎ অলিখিত প্রমিসরি নোট কি অলিখিত বিল অফ একসচেঞ্জ কি অলিখিত পোষ্ট বিল যে কাগজে লেখা যাইবে কি ছাপা হইবে সেই কাগজের অন্তরে ঐ প্রমিসরি নোটপ্রভৃতির টাকার অঙ্ক কি সংখ্যা রোমীয় অক্ষরের কোন এক কি অধিক শব্দেতে দৃষ্ট করায়, তবে এমত অপরাধি প্রত্যেক জন ফেলোনি অপরাধের দোষী হইবে, ও সেই অপরাধ সাব্যস্ত হইলে, সেই অপরাধী চৌদ্দ বৎসরের অনধিক কালপর্য্যন্ত দ্বীপান্তরে প্রেরণ হইবে, কিম্বা সাত বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইবে, কিম্বা অপরাধী যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা কি আমেরিকা দেশীয় লোক হন, তবে পাঁচ বৎসরের অনধিক কালপর্য্যন্ত তাহার খাটনীর দণ্ডের আজ্ঞা হইতে পারিবে ইতি।

[বর্জ্জিত কথা।]

২২ ধারা। কোন বিল অফ একসচেঞ্জ কি প্রমিসরি

any person from issuing any Bill of Exchange or Promissory Note having the amount thereof expressed in Rupees or in a numerical figure or figures denoting the amount thereof in Rupees appearing visible in the substance of the paper, upon which the same shall be written or printed; nor shall prevent any person from making, using, or selling any paper having waving or curved lines, or any other devices in the nature of water-marks visible in the substance of the paper not being bar lines or laying wire lines, provided the same are not so contrived as to form the ground-work or texture of the paper, or to resemble the waving or curved laying wire lines, or bar lines, or the water-marks of the paper used by the Government of India.

[Penalty for engraving on any plate any Note purporting to be a Note of the Government of India.]

XXIII. If any person shall engrave or in any wise make upon any plate whatever, or upon any wood, stone, or other material, any Promissory Note or Bill of Exchange, or blank Promissory Note, or blank Bill of Exchange, or part of a Promissory Note or Bill of Exchange, purporting to be a Promissory Note, Bill of Exchange, or Post Bill of the Government of India, or blank Promissory Note, blank Bill of Exchange, or blank Post Bill of the Government of India, or part of a Promissory Note, Bill of Exchange, or Post Bill of the Government of India, without the authority of the Government of India, to be proved by the party accused; or if any person shall use such plate, wood, stone, or other material, or any other instrument or device for the making or printing any Promissory Note, Bill of Exchange, or Post Bill, or blank Promissory Note, blank Bill of Exchange, or blank Post Bill, or part of a Promissory Note, Bill of Exchange, or Post Bill, without such authority to be proved as aforesaid; or if any person shall, without lawful excuse, the proof whereof shall lie on the party accused, knowingly have in his custody or possession any such plate, wood, stone, or other material, or any such instrument or device, or if any person shall, without such authority, to be proved as aforesaid, knowingly offer, utter, dispose of, or put off any paper upon which any Promissory Note, blank Bill of Exchange, or blank Post Bill of the Government of India, or part of a Promissory Note, Bill of Exchange, or Post Bill of the Government of India shall be made or printed, or if any person shall, without lawful excuse, to be proved as aforesaid, knowingly have in his custody or possession any such paper, every such offender shall be guilty of felony, and, being convicted thereof, shall be transported for a term not exceeding fourteen years, or shall be imprisoned with or without hard labor for any period not exceeding seven years, or if the

নোট যে কাগজে লেখা যায় কি ছাপা হয়, সেই কাগজের অন্তরে ঐ হুণ্ডী কি নোট যত টাকার হয় তত টাকা প্রকাশক শব্দ কি তত টাকার অঙ্ক কি অধিক অঙ্ক যদি দৃষ্ট থাকে তবে তাহা চালাইতে এই আইনের কোন কথাতে কোন লোকের বাধা হইবে না। কিম্বা কাগজের অন্তরে টানা রেখা কি কাগজ তৈয়ার করিবার তারের রেখার চিহ্নছাড়া জলের চিহ্নের মত ঢেউর আকৃতি কি গোলাকৃতি কি অন্য কোন আকৃতির চিহ্ন যে কাগজে থাকে এমত কাগজ তৈয়ার করিতে কি ব্যবহার কি বিক্রয় করিতে এই আইনের কোন কথাতে কোন লোকের বাধা হইবে না। কেবল ইহাতে প্রয়োজন যে তাহা ঐ কাগজের মূলাংশ কি মর্ম্ম হওয়ার মতে প্রস্তুত না হয়, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্ট যে কাগজ ব্যবহার করেন, সেই কাগজ প্রস্তুত করিবার ঢেউর আকৃতির কি গোলাকৃতির তারের কি টানা রেখার কি জলের চিহ্নের সমান করিবার ভাবে তৈয়ার না হয় ইতি।

[ভারতবর্ষের গবর্ণমেণ্টের নোট বলিয়া কোন নোট কোন পাতাতে খুদিবার দণ্ডের কথা।]

২৩ ধারা। যদি কোন লোক ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থানে অনুমতি না পাইয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোট কি বিল অফ একসচেঞ্জ কি পোষ্ট বিল, কি ভারতবর্ষের গবর্ণমেণ্টের অলিখিত প্রমিসরি নোট কি অলিখিত বিল অফ একসচেঞ্জ কি অলিখিত পোষ্ট বিল, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের কি বিল অফ একসচেঞ্জের কি পোষ্ট বিলের এক অংশের মত জ্ঞান হইবার ভাবে কোন প্রমিসরি নোট কি বিল অফ একসচেঞ্জ কি অলিখিত প্রমিসরি নোট কি অলিখিত বিল অফ একসচেঞ্জ কি প্রমিসরি নোটের কি বিল অফ একসচেঞ্জের এক অংশ কোন তামাপ্রভৃতির পাতাতে কিম্বা কোন কাঠের কি পাতরের কি অন্য দ্রব্যের উপর খোদে কি কোন প্রকারে তৈয়ার করে—ইহাতে যদি গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা পাইয়া থাকে, তবে যাহার নামে নালিশ হয় তাহার সেই ক্ষমতার প্রমাণ করিতে হইবে।—অথবা উক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে সেইরূপ ক্ষমতা না পাইয়া যদি কোন লোক কোন প্রমিসরি নোট কি বিল অফ একসচেঞ্জ কি পোষ্ট বিল কি অলিখিত প্রমিসরি নোট কি অলিখিত বিল অফ একসচেঞ্জ কি অলিখিত পোষ্ট বিল কি প্রমিসরি নোটের কি বিল অফ একসচেঞ্জের কি পোষ্ট বিলের এক অংশ তৈয়ার করিবার কি ছাপাইবার নিমিত্তে তদ্রূপ কোন পাতা কি কাঠ কি পাতর কি অন্য দ্রব্য কি অন্য কোন যন্ত্র কি চপ ব্যবহার করে—কিম্বা যদি কোন লোক আইনমতের গ্রাহ্য কোন ওজর না থাকিতেও জানিয়াশুনিয়া তদ্রূপ কোন পাতা কি কাঠ কি পাতর কি অন্য দ্রব্য কি তদ্রূপ কোন যন্ত্র কি চপ আপনার জিম্মায় কি দখলে রাখে।—ইহাতে যদি ওজর থাকে তবে যাহার নামে নালিশ হয় তাহার সেই ওজরের প্রমাণ করিতে হইবে—কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন প্রমিসরি নোট কি অলিখিত বিল অফ একসচেঞ্জ কি অলিখিত পোষ্ট বিল কি ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন প্রমিসরি নোটের কি বিল অফ একসচেঞ্জের কি পোষ্ট বিলের অংশ যে কোন কাগজে করা যায় কি ছাপা হয় এমত কোন কাগজ পূর্ব্বোক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে এমত কোন ক্ষমতা না পাইয়া যদি কোন লোক জানিয়াশুনিয়া দিতে চাহে কি চালায় কি হস্তান্তর করে, কি ছলনা করিয়া দেয়,—অথবা পূর্ব্বোক্তমতে যে ওজরের প্রমাণ করিতে হইবে এমত কোন ওজর না থাকিতেও যদি কোন লোক জানিয়াশুনিয়া সেই প্রকারের কোন কাগজ আপনার জিম্মায় কি দখলে রাখে, তবে সেই

offender be a European British subject, or an American, he shall be liable to a sentence of penal servitude for a period not exceeding five years.

প্রকারের অপরাধি প্রত্যেক জন ফেলোনি অপরাধের দোষী হইবে। ও তাহার ঐ অপরাধ সাবুদ হইলে. সে চৌদ্দ বৎসরের অনধিক কালপর্য্যন্ত দ্বীপান্তরে প্রেরণ হইবেক, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে সাতবৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইবে, কিম্বা ঐ অপরাধী যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা কি আমেরিকা দেশীয় লোক হয়, তবে পাঁচ বৎসরের অনধিক কালপর্য্যন্ত তাহার খাটনীর দণ্ডের আজ্ঞা হইতে পারিবে ইতি।

[Penalty for engraving any thing resembling any such Notes.]

XXIV. If any person shall engrave, or in any wise make upon any plate whatever, or upon any wood, stone, or other material, any word, number, figure, character, or ornament, the impression taken from which shall resemble or apparently be intended to resemble any part of a Promissory Note, Bill of Exchange, or Post Bill of the Government of India, without the authority of the Government of India, to be proved by the party accused; or if any person shall use any such plate, wood, stone, or other material, or any other instrument or device for the making upon any paper or other material the impression of any word, number, figure, character, or ornament which shall resemble, or apparently be intended to resemble, any part of a Promissory Note, Bill of Exchange, or Post Bill of the Government of India, without such authority, to be proved as aforesaid; or if any person shall, without lawful excuse, the proof whereof shall lie on the party accused, knowingly have in his custody or possession any such plate, wood, stone, or other material or any such instrument or device; or if any person shall, without such authority, to be proved as aforesaid, knowingly offer, utter, dispose of, or put off any paper or other material upon which there shall be an impression of any such matter as aforesaid; or if any person shall, without lawful excuse, to be proved as aforesaid, knowingly have in his custody or possession any paper or other material upon which there shall be an impression of any such matter as aforesaid, every such offender shall be guilty of felony, and, being convicted thereof, shall be liable to be transported for any period not exceeding seven years, or to be punished with or without hard labor for any period not exceeding five years, or if the offender be a European British subject, or an American, he shall be liable to a sentence of penal servitude for any period not exceeding three years.

[সেই প্রাকারের নোটের মত কোন বিষয় খুদিবার দণ্ডের কথা।]

২৪ ধারা। যদি কোন লোক ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা না পাইয়া কোন প্রকারের পাতার উপর, কি কোন কাঠের কি পাতরের কি অন্য দ্রব্যের উপর কোন কথা কি অঙ্ক কি আকার কি অক্ষর কি ফুল খোদে ও তাহা ছাপাইলে যে আকার তোলা যায় তাহা যদি ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের কি বিল অফ একসচেঞ্জের কি পোষ্ট বিলের কোন অংশের মত দেখায় কি তাহার মত দেখাইবার অভিপ্রায় বুঝায়,—ইহাতে যদি গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা পাইয়া থাকে তবে যাহার নামে নালিশ হয় তাহার সেই ক্ষমতার প্রমাণ করিতে হইবে—অথবা যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে এমত ক্ষমতা না পাইয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের কি বিল অফ একসচেঞ্জের কি পোষ্ট বিলের কোন অংশের মত যাহা দেখায় কি দেখাইবার অভিপ্রায় বুঝায়, এমত কোন কথা কি অঙ্ক কি আকার কি অক্ষর কি ফুল কোন কাগজে কি অন্য দ্রব্যে তুলিবার জন্যে তদ্রূপের কোন পাতা কি কাঠ কি পাতর কি অন্য দ্রব্য কি অন্য কোন যন্ত্র কি ঢপ ব্যবহার করে,—অথবা আইনমতের গ্রাহ্য কোন ওজর না থাকিতেও যদি কোন লোক সেই প্রকারের কোন পাতা কি কাঠ কি পাতর কি অন্য দ্রব্য কি সেই প্রকারের কোন যন্ত্র কি ঢপ জানিয়াশুনিয়া আপনার জিম্মায় কি দখলে রাখে— ইহাতে যদি ওজর থাকে তবে যাহার নামে নালিশ হইল তাহার সেই ওজরের প্রমাণ করিতে হইবে—কিম্বা পূর্ব্বোক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে এমত ক্ষমতা না পাইয়া যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারের কোন কথা যে কাগজে কি অন্য দ্রব্যেতে ছাপাইয়া তোলা গিয়াছে এমত কোন কাগজ কি অন্য দ্রব্য দিতে চাহে কি চালায় কি হস্তান্তর করে কি হস্তান্তর করিয়া দেয়,—অথবা পূর্ব্বোক্ত প্রকারের কথা-প্রভৃতি ছাপাইয়া তাহার অনুরূপ যে কাগজের কি দ্রব্যের উপর থাকে তাহা পূর্ব্বোক্ত প্রকারে যে ওজরের প্রমাণ করিতে হইবে এমত কোন ওজর না থাকিতেও যদি কোন লোক জানিয়াশুনিয়া আপনার জিম্মায় কি দখলে রাখে – তবে তদ্রূপ অপরাধি প্রত্যেক জন ফেলোনি অপরাধের দোষী হইবে ও তাহার ঐ অপরাধ সাবুদ হইলে সে সাত বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত দ্বীপান্তরে প্রেরণ হইতে পারিবে, কিম্বা পাঁচ বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিনপরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবেক, কিম্বা অপরাধী যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা কি আমেরিকা দেশীয় লোক হয় তবে তিন বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত তাহার খাটনীর দণ্ডের আজ্ঞা হইতে পারিবে ইতি।

M. Wylie,
Clerk of the Council.

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator*

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

কটক জিলার প্রধান সদর আমীন আদালতের বিজ্ঞাপন।

মোকদ্দমার নম্বর।	বাদির নাম		প্রতিবাদির নাম		বাকী পাওনা টাকার সংখ্যা	নীলামি মাহালের নাম	নীলামি মাহালের কালেক্টরী তৌজী লিখিত সদর জমা পেসকোশ	যে তারিখে যে সময়ে যে স্থানে নীলাম হইবে।
নং ৪৯ সরেনও ১৮৫৫ সাল নং ১৮০ ডিক্রী জার ১৮৬০ সাল।	আগমলাল তক্ত	বাদী	রাজা পদ্মনাভ তত্ত্ব বাহাদুরপ্রভৃতি	প্রতিবাদিগণ	২৭৭৭৫৶১১৲৬	রাজনী ও জমিদারী কিল্লা কণিকা	২০৪০৭৸৴৪	১৮৬১ সালের জানুআরি মাসের ৭ তারিখ সোমবার দিবা দুই প্রহর সময়ে কটক জিলার প্রধান সদর আমীনের আদালতে নীলাম হইবে।
নং ৬৫ সরেনও ১৮৫৩ সাল নং ২২২ ডিক্রী জারী ১৮৬০ সাল	বাবু জগন্নাথ প্রসাদ দাস ও বাবু রাধামদনমোহন দাস	বাদিগণ	ঐ	ঐ	১৫,১০৯৸৴৪৲৬	ঐ	ঐ	ঐ
নং ৬১ সরেনও ১৮৫৭ সাল নং ১৭৯ ডিক্রীজারী ১৮৬০ সাল	আগমলাল তক্ত	ঐ	ঐ	ঐ	১৪,৯৯৪৸৵৩৲২	ঐ	ঐ	ঐ
নং ৬৭ সরেনও ১৮৫২ সাল নং ২০৯ ডিক্রীজারী ১৮৬০ সাল।	বাবু কানাইলাল পণ্ডিত	ঐ	ঐ	ঐ	১৩,০২৪৸৶৫৲৫	ঐ	ঐ	ঐ
নং ১৫ সরেনও ১৮৫৫ সাল নং ১৮১ ডিক্রীজারী ১৮৬০ সাল।	আগমলাল তক্ত	ঐ	ঐ	ঐ	১২,৭৪২৵৫৲১০	ঐ	ঐ	ঐ

মোকদ্দমার নম্বর	বাদির নাম		প্রতিবাদির নাম		বাদী পাওনা টাকার সংখ্যা	নীলামি মহালের নাম	নীলামি মহালের কালেক্টরী তৌজী লিখিত সদর জমা পেসকোষ	যে তারিখে যে সময়ে যে স্থানে নীলাম হইবে।
নং ১০ সরেনও ১৮৫৬ সাল নং ২০ ডিক্রীজারী ১৮৬০ সাল	বাবু কানাইয়ালাল পণ্ডিত	বাদী	রাজা পদ্মনাভ ভঞ্জ বাহাদুরপ্রভৃতি	প্রতিবাদিগণ	৯,০২২৸৪৻৫	রাজলী ও জমিদারী জিম্মা কণিকা	২০,৪০৬৸৴৪	১৮৬১ সালের জানুআরি মাসের ৭ তারিখ সোমবার দিবা দুই প্রহর সময়ে কটক জিলার প্রধান সদর আমীনের আদালতে নীলাম হইবে।
নং ১০ সরেনও ১৮৫৭ সাল নং ৫০ ডিক্রীজারী ১৮৬০ সাল	ঐ	ঐ	ঐ	ঐ	৮,০৫১৶০৻৩	ঐ	ঐ	ঐ
নং ৫৫ সরেনও ১৮৫৫ সাল নং ৮৮ ডিক্রীজারী ১৮৬০ সাল	আজবলাল ভক্ত	ঐ	ঐ	ঐ	৭,৭৭৯৻২০৻২৩	ঐ	ঐ	ঐ
নং ৩২ সরেনও ১৮৫৫ সাল নং ১৮৭ ডিক্রীজারী ১৮৬০ সাল	বাবু কানাইয়ালাল পণ্ডিত	ঐ	ঐ	ঐ	৪.৪৩৭৴১০৻২১	ঐ	ঐ	ঐ
নং ৩৩ সরেনও ১৮৫৫ সাল নং ১২৬ ডিক্রীজারী ১৮৬০ সাল	ঐ	ঐ	ঐ	ঐ	১,৮৩১৷৷০৻৩	ঐ	ঐ	ঐ

[*Government Gazette, 6th November*, 1860.]

নং ১২২১।

ইশ্তিহার।

বর্ত্তমান মাসের ১২ তারিখে ইশতেহার দেওয়া গিয়াছিল যে বালেশ্বর পাকা নেমকের খরিদের বাবৎ টেণ্ডরের দরখাস্ত লওয়া যাইবেক এবং উক্ত নেমক ঐ এজেন্সির রপ্তানি গোলাঘাটহইতে ওজন দেওয়া যাইবেক সেই ইস্তেহারের বিষয়ে এই ইস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সালের ৯ নবেম্বর শুক্রবার বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত উক্ত নেমক বিক্রয়ার্থে খোলা থাকিবেক।

টেণ্ডরের দরখাস্ত মঞ্জুর হইবার পর দিন উক্ত নেমকের কিম্মতের টাকা দাখিল করিতে হইবেক তাহা না পারিলে ঐ মঞ্জুরকরা টেণ্ডর রদ হইবেক।

নিম্নোক্তব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ৩১ অক্টোবর।

এ ইডেন। একটিং জোষ্ট সেক্রেটারী।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজী ১৮৬০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজী জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জেলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্যা২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীতত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টব্য হইতেছে। ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ শেরর। একটিং সুপরিন্টেণ্ডেণ্ট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৬ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 13, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৩ নবেম্বর।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 6TH OCTOBER 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 6th October 1860 :—

ACT No. XLIV. OF 1860.

An Act for providing for the exercise of certain powers by the Governor General during his absence from his Council.

[Preamble.]

WHEREAS the Governor General in Council has declared that it is expedient that the Governor General should visit the North Western Provinces of the Presidency of Fort William in Bengal, and other parts of India, unaccompanied by any Member of his Council; It is enacted as follows :—

[Powers to be exercised by the Governor General during his absence from Council.]

I. During the absence of the Governor General from his Council, it shall be lawful for the Governor General alone to exercise all the powers which might be exercised by the Governor General in Council, in every case in which the said Governor General may think it expedient to exercise those powers.

[Powers of the President in Council.]

II. All powers vested in the Governor General in Council by any Act of the Government of India may be lawfully exercised by the President in Council.

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৬ অক্টোবর।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৬ অক্টোবর তারিখে সম্মত হইলেন।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪৪ আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে উপস্থিত না থাকার কালে তাঁহার কোনং ক্ষমতামতে কার্য্য করিবার বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন উত্তরপশ্চিম দেশে ও ভারতবর্ষের অন্যং স্থানে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কৌন্সেলের কোন মেম্বর সাহেবকে সঙ্গে না লইয়া গমন করা বিহিত, হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ইহা প্রকাশ করিয়াছেন, অতএব এইং বিধান হইল।

[শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কৌন্সেলে উপস্থিত না থাকিতে যে ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন তাহার কথা।]

১ ধারা। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারেন, সেইং ক্ষমতামতে যখন কার্য্য করা বিহিত বোধ করেন তখন আপন কৌন্সেলে অনুপস্থিত থাকিকালে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর একাকী সেইং ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবের ক্ষমতার কথা।]

২ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের প্রতি ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন আইনমতে যে সকল ক্ষমতা বর্ত্তে, সেই সকল ক্ষমতামতে হজুর কৌন্সেলে শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব কার্য্য করিতে পারিবেন ইতি।

[Commencement and duration of Act.]

III. This Act shall commence from the day on which it shall be notified, by an order published in the Official Gazette, that the Governor General has quitted Calcutta for the purpose of so proceeding as aforesaid; and shall not continue in force for a longer period than three months.

M. WYLIE,
Clerk of the Council.

DRAFT OF ACT.

THE 29TH SEPTEMBER 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 29th September 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 3rd of January next :—

A Bill for licensing and regulating Stage Carriages.

[Preamble.]

WHEREAS it is expedient to license and to regulate Stage Carriages in British India ; It is enacted as follows :—

[Definition of Stage Carriage. Proviso.]

I. Every carriage used for the purpose of conveying passengers for hire to or from any place in British India not plying within and being confined wholly to the Presidency Towns and the Suburbs thereof, and which when passing along any road shall travel at the rate of four miles or more in the hour, shall without regard to the form or construction thereof be deemed to be a Stage Carriage within the meaning of this Act. Provided that the term " Stage Carriage" shall not be deemed to include any carriage used or employed as aforesaid wholly upon any Railway.

[Licenses by whom to be granted.]

II. Every Stage Carriage shall be licensed by the Magistrate of the District or place in which the Head Office in India of the Proprietor thereof in British India is situate. If such Head Office be in any Presidency Town, then such license shall be granted by the Chief Commissioner of Police of such Town.

[License to be numbered and to contain certain particulars.]

III. Every license shall be numbered and contain the following particulars, namely—

The number of such license.

The name, residence, and the place of the Head Office in British India of the Proprietor of the Stage Carriage.

The number of passengers permitted to be conveyed thereby, distinguishing inside and outside passengers.

[এই আইন যে সময়ে ও যত কাল চলিবে তাহার কথা ।]

৩ ধারা । পূর্ব্বোক্ত অভিপ্রায়ে গমনার্থে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কলিকাতাহইতে প্রস্থান করিয়াছেন, এই সম্বাদ যে দিনে সরকারী গেজেটে ছাপা হইয়া প্রকাশ হইবে, সেই দিনঅবধি এই আইন চলন হইবে, ও তিন মাসের অধিক কাল চলিবে না ইতি ।

এম ওয়াইলি ।
কৌন্সেলের ক্লার্ক ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা ।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৯ সেপ্টেম্বর ।

আইনের এই মুসাবিদা ১৮৬০ সালের ২৯ সেপ্টেম্বর তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। আগামি জানুআরি মাসের ৩ তারিখের পরে তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন ।

ডাকের গাড়ির অনুমতিপত্র দিবার ও তাহার বিধান করিবার আইনের মুসাবিদা ।

[হেতুবাদ ।]

ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশে ডাকের গাড়ির লাইসেন্স অর্থাৎ অনুমতিপত্র দেওয়া ও তাহার বিধান করা বিহিত, এই কারণে এই২ বিধান হইল ।

[ডাকের গাড়ি কাহাকে বলে তাহার কথা ও বর্জ্জিত কথা ।]

১ ধারা । যে সকল গাড়ি ভাড়ার নিমিত্তে লোকদিগকে লইয়া ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের কেবল কোন প্রধান২ নগরে ও তাহার শহরতলীর মধ্যে গমনাগমন না করিয়া অন্য কোন স্থানে লোকদিগকে লইয়া যাইবার কর্ম্মে ব্যবহার হয়, ও কোন রাস্তায় চলিবার সময়ে ঘণ্টায় চারি মাইল কি তাহার অধিক দূর যায়, সেই গাড়ির যে কোন আকারপ্রকার হউক তাহা এই আইনের অর্থের মধ্যে ডাকের গাড়ি জ্ঞান হইবে । কিন্তু কেবল কোন রেলরোডের উপর যে গাড়ি পূর্ব্বোক্তমতে ব্যবহার হয় তাহা "ডাকের গাড়ি" এই শব্দের মধ্যে ধরা যাইবে না ইতি ।

[অনুমতিপত্র যাঁহার স্থানে পাওয়া যাইবে তাহার কথা ।]

২ ধারা । ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের মধ্যে ঐ গাড়ির মালিকের ভারতবর্ষস্থ প্রধান আফিস যে জিলাতে কি স্থানে থাকে সেই জিলার কি স্থানের মাজিস্ট্রেট সাহেব ঐ ডাকের গাড়ির অনুমতিপত্র দিবেন। সেই প্রধান আফিস যদি কোন রাজধানীতে থাকে, তবে সেই রাজধানীর পোলীসের প্রধান কমিসানর সাহেব ঐ অনুমতিপত্র দিবেন ইতি ।

[অনুমতিপত্রে নম্বর দিবার কথা ও তাহাতে বিশেষ কথা লিখিবার কথা ।]

৩ ধারা । প্রত্যেক অনুমতিপত্রেতে নম্বর দেওয়া যাইবে ও তাহাতে এই২ বেওরা লেখা থাকিবে, অর্থাৎ

ঐ অনুমতিপত্রের নম্বর ।

ডাকের গাড়ির মালিকের নাম ও বাসস্থান ও ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের মধ্যে তাহার প্রধান আফিস যে স্থানে থাকে তাহা ।

গাড়ির ভিতরে ও বাহিরে যত জন চড়িবার অনুমতি হয় তাহার বিশেষ কথা ।

The weight of luggage permitted to be carried.

যত ওজনের দ্রব্য লইয়া যাইবার অনুমতি হয় তাহা।

The number of horses or other animals to be used in drawing the Stage Carriage.

ডাকের গাড়ি টানিবার জন্যে যত ঘোড়া কি অন্য জন্তুকে যোতা যায় তাহা।

The na me of the extreme places to and from which the Stage Carriage is licensed to travel.

ঐ ডাকের গাড়ি যে স্থানঅবধি অতিদূর যে স্থানপর্য্যন্ত চলিবার অনুমতি পায় সেই২ স্থানের নাম।

[Charge for and duration of license.]

[অনুমতিপত্রের খরচ ও তাহা যত কাল বজায় থাকিবে তাহার কথা।]

IV. For every such license there shall be paid by the Proprietor of the Stage Carriage the sum of five Rupees, and such license shall be in force for one year from the date thereof. When a licensed Stage Carriage is transferred within the year, the name of the new proprietor may be substituted for the name of the former proprietor, and every person who appears by the license to be the proprietor, shall be deemed to be such proprietor for all the purposes of this Act.

৪ ধারা। ডাকের গাড়ির মালিক সেই প্রকারের প্রত্যেক অনুমতিপত্রের জন্যে পাঁচ টাকা দিবে, ও সেই অনুমতিপত্রের তারিখঅবধি এক বৎসরপর্য্যন্ত তাহা বহাল থাকিবে। যদি অনুমতিপত্রপ্রাপ্ত কোন ডাকের গাড়ি বৎসরের মধ্যে অন্য লোকের হাতে যায়, তবে সাবেক মালিকের নাম উঠাইয়া নূতন মালিকের নাম অনুমতিপত্রে দেওয়া যাইতে পারিবে, ও অনুমতিপত্র দেখিয়া যাহাকে মালিক বোধ হয়, তাহাকে এই আইনের সকল কার্য্যের নিমিত্তে মালিকস্বরূপে জ্ঞান করিতে হইবে ইতি।

[License-plate.]

[অনুমতিপত্রের পাতা।]

V. On licensing every Stage Carriage, the Magistrate or Chief Commissioner of Police, as the case may be, shall provide for the same a plate containing the number of the license and all the other particulars of the license, and such plate shall thereupon be affixed by the Proprietor to a conspicuous part of such Stage Carriage.

৫ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা বিষয়বিশেষে পোলীসের প্রধান কমিসানর সাহেব যখন কোন ডাকের গাড়ির অনুমতিপত্র দেন তখন ঐ গাড়ির নিমিত্তে এক পাত তৈয়ার করাইয়া দিবেন, তাহাতে অনুমতিপত্রের নম্বর ও অনুমতিপত্রের অন্য সকল বেওরা লেখা থাকিবে, তাহাতে ঐ ডাকের গাড়ির মালিক সেই পাতা ঐ গাড়ির কোন প্রকাশ স্থানে লাগাইয়া রাখিবে ইতি।

[Penalty for keeping or using unlicensed carriage.]

[যাহার অনুমতিপত্র না হইয়াছে এমত গাড়ি রাখিবার কি চালাইবার দণ্ডের কথা।]

VI. Whoever keeps or uses any Stage Carriage without the same being licensed as provided by this Act, shall be liable to a fine not exceeding five hundred Rupees.

৬ ধারা। এই আইনের বিধানমতে যাহার অনুমতিপত্র না হইয়াছে এমত কোন ডাকের গাড়ি যদি কেহ রাখে কি চালায়, তবে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty for Carriage drawn by less number of animals or carrying a greater number of passengers than is provided by the license.]

[অনুমতিপত্রেতে যত ঘোড়াপ্রভৃতি ও যত জন চড়নদারের কথা আছে তাহার কম ঘোড়াপ্রভৃতি যোতাইবার কি তাহার অধিক লোককে লইবার দণ্ডের কথা।]

VII. Whoever permits his licensed Stage Carriage to be drawn by a less number of animals than are provided by the license, or permits a larger number of inside or outside passengers, or a greater weight of luggage to be carried by his Stage Carriage than shall be provided by the license, shall for every such offence be liable to a fine not exceeding five hundred Rupees. In every case where such Stage Carriage shall be proved to have been drawn by a less number of animals or to have carried a larger number of passengers or a greater weight of luggage than provided by the license, the Proprietor of such carriage shall be held to have permitted such offence unless he shall prove the contrary.

৭ ধারা। অনুমতিপত্রেতে যত ঘোড়াপ্রভৃতির কথা আছে, তাহার কম ঘোড়াপ্রভৃতি যদি কেহ আপন অনুমতিপত্রপ্রাপ্ত ডাকের গাড়িতে যোতাইতে দেয়, কিম্বা ঐ অনুমতিপত্রেতে যত জন চড়নদার ও যত ওজনের দ্রব্য লইবার অনুমতি আছে, তাহার অধিক জনকে যদি কেহ আপনার ডাকের গাড়ির ভিতরে কি বাহিরে চড়িতে দেয়, কিম্বা তাহার অধিক ওজনের দ্রব্য লইতে দেয়, তবে সেইরূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। অনুমতিপত্রেতে যত ঘোড়াপ্রভৃতি লেখা থাকে তাহার কম ঘোড়াপ্রভৃতিতে কোন ডাকের গাড়ি টানা গেল কি যত জন লেখা থাকে তাহার অধিক লোক চড়িয়াছে কি যত ওজন লেখা থাকে তাহার অধিক ওজনের দ্রব্য লইয়াছে ইহার প্রমাণ যে কোন স্থলে হয়, সেই স্থলে ঐ গাড়ির মালিক ঐ অপরাধের অনুমতি দিয়াছে ইহার বিপরীত প্রমাণ যত কাল না হয় তত কাল এমত জ্ঞান হইবে ইতি।

[Penalty for using fictitious plate.]

[কৃত্রিম পাতা ব্যবহার করিবার দণ্ডের কথা।]

VIII. * Whoever affixes or permits to be affixed to any Stage Carriage of which he is Proprietor any plate resembling or intended to resemble any plate provided for licensed carriages, shall for every such offence be liable to a fine not exceeding five hundred Rupees.

৮ ধারা। অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির নিমিত্তে যে পাতা তৈয়ার করা যায় তাহার মত কোন পাতা কি তাহার মত হইবার অভিপ্রায়ে কোন পাতা যদি কোন ডাকের গাড়ির মালিক আপনার গাড়িতে বসায় কি বসাইতে দেয়, তবে তাহার সেইরূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty for ill-treating animals.]

IX. If any person shall cruelly beat, ill-treat, over-drive, abuse, torture, or cause or procure to be cruelly beaten, ill-treated, over driven, abused, or tortured any animal employed in drawing or yoked or harnessed to any Stage Carriage, every such person shall for every such offence be liable to a fine not exceeding one hundred Rupees.

[ঘোড়াপ্রভৃতির প্রতি নির্দয়াচার করিবার দণ্ডের কথা।]

৯ ধারা। কোন ডাকের গাড়ি যে ঘোড়াপ্রভৃতি টানে কিম্বা সেই গাড়িতে যে ঘোড়াপ্রভৃতিকে যোতা যায়, সেই ঘোড়াপ্রভৃতিকে যদি কেহ নির্দয়রূপে মারে, কি তাহার প্রতি নির্দয়াচার করে, কি তাহার শক্তিহইতে অধিক দূরে হাঁকায়, কি তাহার প্রতি কুব্যবহার করে কি যন্ত্রণা দেয়, কিম্বা অন্য লোকের দ্বারা সেই ঘোড়াপ্রভৃতিকে নির্দয়ভাবে প্রহার করায়, কি নির্দয়াচার করায়, কি শক্তিহইতে অধিক দূর চালায়, কি কুব্যবহার করায় কি যন্ত্রণা দেওয়ায়, তবে সেই লোকের তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবে ইতি।

[Revocation of license.]

X. Any Magistrate or Chief Commissioner of Police to whom application is made for a license for a Stage Carriage, or who has granted any such license, may cancel the same if it shall appear to him that such Stage Carriage or any horse or other animal or any harness used with such carriage is unserviceable or unsafe or otherwise unfit for public accommodation or use.

[অনুমতিপত্র বাতিল করিবার কথা।]

১০ ধারা। যে কোন মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীসের যে প্রধান কমিসানর সাহেবের নিকটে ডাকের গাড়ির অনুমতিপত্রের নিমিত্তে দরখাস্ত করা যায়, কি যে কোন মাজিষ্ট্রেট সাহেব কি প্রধান কমিসানর সাহেব তদ্রূপ কোন অনুমতিপত্র দিয়াছেন, তিনি যদি বোধ করেন যে, তদ্রূপ কোন ডাকের গাড়ি, কি তাহাতে যে কোন ঘোড়াকে কি অন্য জন্তুকে যোতা যায় তাহা, কিম্বা ঐ গাড়িতে যে সাজ ব্যবহার হয় তাহা কর্ম্মের যোগ্য নয়, কি নিরাপদে ব্যবহার হইতে পারে না, কি সাধারণ লোকেরদের চড়িবার কি ব্যবহার করিবার উপযুক্ত নয়, তবে তিনি ঐ অনুমতিপত্র বাতিল করিতে পারিবেন ইতি।

[Penalty for not having license plate.]

XI. In any Station in which a Magistrate or other Officer exercising the powers of a Magistrate shall reside and be, any Police Officer may seize any Stage Carriage with the animal or animals yoked or harnessed thereto if no license-plate be affixed to such Stage Carriage as by this Act required. Such carriage and animal or animals shall be taken without delay by such Police Officer before such Magistrate or other Officer as aforesaid, who shall hear and determine the complaint of such Police Officer in a summary way; and if thereupon any fine is imposed by such Magistrate or other Officer as aforesaid, such Stage Carriage and animal or animals shall be detained for fourteen days as security for the payment thereof, and if the fine be not sooner paid, they shall be sold and the proceeds applied (so far as they extend) to the payment of the said fine, and all costs and charges incurred on account of the detention and sale, and the surplus (if any), if not claimed within a further period of two weeks from such sale, shall be forfeited to the State. If the proceeds do not fully pay the fine and costs and charges aforesaid, the balance may be recovered as hereinafter provided.

[অনুমতিপত্রের পাত না থাকিবার দণ্ডের কথা।]

১১ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারক যে মোকামে বাস করেন কি থাকেন, এমত কোন মোকামে যদি কোন ডাকের গাড়িতে এই আইনের হুকুমমতে অনুমতিপত্রের পাত বসান না থাকে, তবে পোলীসের কোন কর্ম্মকারক সেই ডাকের গাড়ি ও তাহাতে যে ঘোড়াপ্রভৃতি যোতা থাকে তাহা ধরিতে পারিবে। ও পোলীসের সেই কর্ম্মকারক ঐ গাড়ি ও ঘোড়াপ্রভৃতিকে সেই মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারকের সম্মুখে অগৌণে আনিবে ও তিনি ঐ পোলীসের কর্ম্মকারকের নালিশ শুনিয়া সরাসরীমতে নিষ্পত্তি করিবেন। তাহাতে যদি ঐ মাজিষ্ট্রেট সাহেব কি পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক কোন জরীমানার হুকুম করেন, তবে সেই ডাকের গাড়ি ও সেই জন্তু কি জন্তুরা ঐ জরীমানার টাকা দেওয়া যাইবার জামিনীস্বরূপে চৌদ্দ দিনপর্য্যন্ত আটকাইয়া রাখা যাইবে। ইহার মধ্যে যদি জরীমানার টাকা না দেওয়া যায়, তবে সেই গাড়ি ও ঘোড়াপ্রভৃতি নীলাম হইবে ও তাহাতে যত টাকা পাওয়া যায়, তাহাহইতে ঐ জরীমানার টাকা দেওয়া যাইবে, ও সেই গাড়ি ঘোড়াপ্রভৃতি রাখিবার ও নীলাম করিবার যত খরচখরচা হয় তাহাও শোধ হইবে। তাহার পর কিছু টাকা ফাজিল থাকিলে, সেই ফাজিল টাকা ঐ নীলামের পর দুই সপ্তাহের মধ্যে কেহ দাওয়া না করিলে সরকারে জব্দ হইবে। ঐ গাড়িঘোড়াপ্রভৃতি নীলাম হইয়া যে টাকা পাওয়া যায় তাহাতে যদি ঐ জরীমানার টাকা ও খরচখরচা সম্পূর্ণমতে পরিশোধ না হয়, তবে তাহার বাকী টাকা পশ্চাৎ লিখিত বিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

[Penalty for misconduct on part of drivers.]

XII. If any driver of any Stage Carriage, or any other person having the care thereof, shall through intoxication, neglect, or by wanton or furious driving or by any other misconduct, endanger

[কোচমানের অনুচিত কর্ম্মের দণ্ডের কথা।]

১২ ধারা। কোন ডাকের গাড়ি যে জন হাঁকায় কিম্বা তাহা অন্য যে লোকের জিম্মায় থাকে, এমত কোন লোক যদি মাতাল হইয়া, কি কর্ম্মে শৈথিল্য করিয়া কিম্বা অনিয়মিতরূপে কি অতিবেগে ঘোড়াপ্রভৃতিকে

the safety of any passengers or other person, or shall injure or endanger the property of the proprietor of such Stage Carriage or of any other person, every such person so offending shall be liable to a fine not exceeding one hundred Rupees.

চালাইয়া কি অন্য প্রকারের অনুচিত কর্ম্ম করিয়া কোন চড়ন দারের কি অন্য লোকের নিরাপদের ব্যাঘাত জন্মায় কিম্বা ঐ ডাকের গাড়ির মালিকের কি অন্য কোন লোকের সম্পত্তির কোন হানি কি আপদ জন্মায়, তবে সেই প্রকারের অপরাধি প্রত্যেক জনের এক শত টাকা-পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty in certain cases recoverable from proprietor. Proviso.]

[কোন২ স্থলে ঐ জরীমানার টাকা স্বামির স্থানে আদায় হইতে পারিবার কথা ও বর্জ্জিত কথা।]

XIII. Whenever it shall happen that the driver of any Stage Carriage or the owner of any horse shall have committed any offence against this Act for the commission whereof any penalty is by this Act imposed and such driver or owner shall not be known or being known cannot be found, or if the penalty cannot be recovered from such driver or owner, the proprietor of such carriage shall be liable to every such penalty as if he had been the driver of such carriage or owner of such horse at the time when such offence was committed. Provided always that if any such proprietor shall make out, to the satisfaction of the Magistrate before whom any complaint or information shall be heard, by sufficient evidence, not resting on his own testimony, that the offence was committed by such driver or owner without the privity or knowledge of such proprietor, and that no profit, advantage, or benefit, either directly or indirectly, has accrued or can accrue to such proprietor therefrom, and that he has used his endeavour to find out such driver or owner, and has done all that was in his power to recover the amount of the penalty from him, the Magistrate may discharge the proprietor from such penalty, and shall levy the same upon such driver or owner when found.

১৩ ধারা। কোন ডাকের গাড়ি হাঁকনিয়া ব্যক্তি কি কোন ঘোড়ার মালিক যদি এই আইনের বিপরীত কোন অপরাধ করিয়া থাকে, ও সেই অপরাধের নিমিত্তে যদি এই আইনমতে তাহার কোন জরীমানার আজ্ঞা হয়, ও যদি সেই হাঁকনিয়া ব্যক্তিকে কি মালিককে জানা না যায় কিম্বা জান গেলেও যদি তাহারদের সন্ধান না পাওয়া যায়, কিম্বা যদি ঐ হাঁকনিয়া ব্যক্তির কি মালিকের স্থানে ঐ জরীমানার টাকা আদায় হইতে না পারে, তবে তদ্রূপ প্রত্যেক জরীমানার টাকা দিবার দায় ঐ গাড়ির মালিকের শিরে পড়িবে, অর্থাৎ সেই গাড়ির মালিক সেই অপরাধ হইবার সময়ে ঐ গাড়ি হাঁকনিয়া ব্যক্তি কি ঐ ঘোড়ার মালিক হওয়ার মতে তাহার ঐ জরীমানার টাকা দিতে হইবে। কিন্তু ঐ গাড়ির হাঁকনিয়া ব্যক্তি কি ঐ ঘোড়ার মালিক ঐ গাড়ির মালিকের অসম্পর্কেতে কি অজ্ঞাতসারে ঐ অপরাধ করিয়াছে, ও তাহাতে ঐ গাড়ির মালিকের কোন লাভ কি উপকার কি মঙ্গল স্পষ্টরূপে কি চক্রান্তে হয় নাই, হইতেও পারে না, ও সেই গাড়ির মালিক ঐ গাড়ি হাঁকনিয়া ব্যক্তির কি ঘোড়ার স্বামির সন্ধান পাইতে যত্ন করিয়াছে, ও তাহার স্থানে সেই জরীমানার টাকা আদায় করিতে আপনার সাধ্যমতে উদ্যোগ করিয়াছে, এই সকল কথা যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে নালিশ কি সম্বাদ শুনা গেল তাঁহার খাতিরজমামতে যদি ঐ গাড়ির মালিক আপনার নিজ কথাভিন্ন অন্য উপযুক্ত প্রমাণে সাবুদ করিতে পারে, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ গাড়ির মালিককে সেই জরীমানার দায়হইতে মুক্ত করিতে পারিবেন ও সেই গাড়ি হাঁকনিয়া ব্যক্তির কি ঘোড়ার মালিকের সন্ধান পাইলে তাহার স্থানে ঐ টাকা উসুল করিবেন ইতি।

[Issue of summons.]

[সমন জারীর কথা।]

XIV. Whenever any charge is made before any Magistrate of any offence under this Act, he shall issue a summons thereupon directed to the proprietor of the Stage Carriage or his nearest Agent, and shall transmit such summons by letter post which shall be deemed to be good service thereof. The summons shall allow a reasonable time, in reference to the distance to which the summons is sent for the appearance of such proprietor or his authorized Agent.

১৪ ধারা। এই আইনের লিখিত কোন অপরাধের কোন নালিশ যখন কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করা যায়, তখন তিনি ঐ ডাকের গাড়ির মালিকের নামে কিম্বা তাহার যে গোমাশ্‌তা অতিনিকট থাকে তাহার নামে সমন লিখিয়া পত্রের ডাকের দ্বারা সেই সমন তাহার নিকটে পাঠাইবেন। তাহা করিলে, ঐ সমন যথাবৎরূপে জারী হইয়াছে জ্ঞান হইবে। ঐ সমন যত দূর পাঠাইতে হয় তাহা বুঝিয়া সেই গাড়ির মালিকের কি তাহার ক্ষমতাপ্রাপ্ত গোমাশ্‌তার হাজির হইবার উপযুক্ত সময় ঐ সমনে নিরূপণ হইবে ইতি।

[Rewards to informers.]

[গোয়েন্দারদের পুরস্কারের কথা।]

XV. The informer shall in all cases, upon the Magistrate certifying that he has conducted himself properly in regard to his information, be entitled to receive one moiety of the amount of the penalty awarded, and when more informers than one are concerned, they shall be entitled to such moiety in such shares as the Magistrate shall award.

১৫ ধারা। কোন গোয়েন্দা সম্বাদ দেওয়ার বিষয়ে উপযুক্তমতে আচার ব্যবহার করিয়াছে মাজিষ্ট্রেট সাহেব এই কথার সর্টিফিকট দিলে, জরীমানার যত টাকার হুকুম হয় গোয়েন্দা তাহার অর্দ্ধেকাংশ পাইতে পারিবে। ও যদি তাহাতে এক জনের অধিক গোয়েন্দার সম্পর্ক থাকে তবে তাহারা ঐ অংশের যে২ ভাগ মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞা করেন সেই২ ভাগ পাইতে পারিবে ইতি।

[Adjudication and recovery of penalties.]

[জরীমানার হুকুম করিবার ও টাকা আদায় করিবার কথা।]

XVI. All penalties incurred under this Act shall be adjudged by a Magistrate, and all orders so made shall be final. All penalties impos-

১৬ ধারা। এই আইনমতে যে জরীমানা হইতে পারে তাহার হুকুম মাজিষ্ট্রেট সাহেব করিবেন ও তাঁহার সেই সকল হুকুম চূড়ান্ত হইবে। মাজিষ্ট্রেট সাহে-

ed by such Magistrate may in case of non-payment or non-recovery thereof be levied by distress and sale of the goods and chattels of the offender by warrant under the hand of such Magistrate or other Officer.

বের হুকুমকরা সেই জরীমানার যে সকল টাকা দেওয়া না যায় কি আদায় না হয় তাহা ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধির মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবে ইতি।

[Offender may be apprehended and detained in custody until return of warrant of distress.]

[ক্রোকের পরওয়ানার ওয়াপোস যত কাল না হয় তত কালপর্য্যন্ত অপরাধির গ্রেফ্তার হইয়া হাজতে রাখিবার কথা।]

XVII. In case any such penalties shall not be forthwith paid, such Magistrate or other Officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless the offender shall give security to the satisfaction of such Magistrate for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress.

১৭ ধারা। সেই প্রকারের কোন জরীমানার টাকা যদি অব্যাজে না দেওয়া যায়, তবে ঐ ক্রোকী পরওয়ানার ওয়াপোস যত কাল সুবিধামতে হইতে না পারে তত কালপর্য্যন্ত ঐ মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক অপরাধিকে গ্রেফ্তার করিয়া হাজতে রাখিবার হুকুম করিতে পারিবেন। কিন্তু ঐ ক্রোকী পরওয়ানার ওয়াপোস হইবার যে সময় ও স্থান নিরূপণ হয় সেই সময়ে ও স্থানে হাজির হইবার জামিন যদি ঐ অপরাধী ঐ মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে দিতে পারে, তবে তাহাকে হাজতে রাখিতে হইবে না ইতি।

[Imprisonment of offender if distress not sufficient.]

[ক্রোককরা দ্রব্যেতে না কুলাইলে অপরাধির কয়েদ হইবার কথা।]

XVIII. If upon the return of such warrant it shall appear that no sufficient distress can be had whereon to levy such penalty and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Magistrate by the confession of the offender or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such penalty could be levied if warrant of distress were issued, any such Officer may, by warrant under his hand, commit the offender, provided he is not a European British subject, to prison, there to be imprisoned, according to the discretion of such Officer, for any term not exceeding two calendar months when the amount of penalty shall not exceed fifty Rupees, and for any term not exceeding four calendar months when the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six calendar months in any other case, the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

১৮ ধারা। ক্রোকী পরওয়ানা ওয়াপোস হইলে ঐ জরীমানার টাকা যাহাতে আদায় হইতে পারে ক্রোক করিবার এমত দ্রব্য নাই, ইহা যদি দৃষ্ট হয় ও সেই জরীমানার টাকা যদি অগৌণে না দেওয়া যায়, কিম্বা ক্রোকী পরওয়ানা জারী হইলেও সেই জরীমানার টাকা যাহাতে আদায় হইতে পারে অপরাধির এমত মাল ও দ্রব্য নাই এই কথা যদি অপরাধির কবুলমতে কিম্বা অন্য প্রকারে, ঐ মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে দেখান যায়, তবে সেই অপরাধী ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হইলে, ঐ কার্য্যকারক সাহেব আপনার দস্তখৎকরা পরওয়ানাক্রমে তাহাকে কয়েদ করিতে পারিবেন। অর্থাৎ জরীমানা পঞ্চাশ টাকার অধিক না হইলে ইঙ্গরেজী হিসাবমতের দুই মাসের অনধিক কোন কালপর্য্যন্ত, ও জরীমানা এক শত টাকার অধিক না হইলে ইঙ্গরেজী হিসাবমতের চারি মাসের অনধিক কোন কালপর্য্যন্ত, ও অন্য কোন গতিকে ইঙ্গরেজী হিসাবমতের ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত তাহাকে স্বীয় বিবেচনামতে কয়েদ করিতে পারিবেন। ও পূর্ব্বোক্ত কোন স্থলে ঐ জরীমানার টাকা দেওয়া গেলেই তাহাকে কয়েদহইতে মুক্ত করা যাইবে ইতি।

[Recovery of penalty and costs from European British subjects.]

[ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদের স্থানে জরীমানা ও খরচা আদায় করিবার কথা।]

XIX. If the offender shall be a European British subject, the Magistrate shall record the facts and transmit such record to the District Court of the District wherein the offender is convicted, and the amount of penalty and the costs (if any) shall be levied in the manner provided for the execution of decrees of the Civil Court.

পোলীসের দ্বারা যে লোকদিগকে সমন করা যায় ও গ্রেফ্তার ও তলব করা যায় তাহাদের বিষয় পোলীসের তিন২ মাসের রিটর্ণের মধ্যে লিখিবার ভিন্ন২ নিয়ম মাজিষ্ট্রেট সাহেবেরদের মধ্যে চলন হয়, এই কথা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবকে জ্ঞাত করা গেল, ও তিনি সদর আদালতে আজ্ঞা করিয়াছেন যে, এই বিষয়ে শুদ্ধ ও একি প্রকারের নিয়ম যাহাতে চলিতে পারে তাঁহারা এমত হুকুম জারী করেন। অতএব সদর আদালতের আজ্ঞামতে তোমাকে জানাইতেছি যে, ইহার পরে এই২ বিধি অতি আটা আটিরূপে মানিয়া তোমার পোলীসের রিটর্ণ লিখিতে হইবে।

যদি কোন লোকের নামে অপরাধের নালিশ হয়, ও যে দারোগা কিম্বা পোলীসের অন্য যে কর্ম্মকারক ঐ নালিশের তজবীজ করেন, তিনি অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে যে প্রমাণ পান তাহা বুঝিয়া যদি তাঁহার বিবেচনামতে ঐ ব্যক্তিকে সমন করা কি গ্রেফ্তার কি তলব করা উচিত হয়, ও তদনুসারে যদি তাহাকে সমন করেন কি গ্রেফ্তার কি তলব করেন, তবে সেই অভিযুক্ত ব্যক্তির স্থানে পরে হাজিরজামিন লইয়া কি বিনাসর্ত্তে তাহাকে ছাড়িয়া দেওয়া গেলে, ও সেই দারোগা কি পোলীসের অন্য কার্য্যকারক তাহার ঐ নালিশের জওয়াব লিখিয়া লইলে কি না লইলেও, কৈফিয়তের মধ্যে গ্রেফ্তার হইয়াছে বলিয়া তাহার নাম লিখিতে হইবে।

কিন্তু যে ব্যক্তির নামে অপরাধের নালিশ হইয়াছে তাহার নামে সেই নালিশের তজবীজ যে সময়ে হইতেছে সেই সময়ে যদি সেই ব্যক্তি আপনার ইচ্ছামতে দারোগার কি পোলীসের অন্য কর্ম্মকারকের সম্মুখে হাজির হইয়া জোবানীতে এজহার করে কি লিখিত কৈফিয়ৎ দেয়, ও তাহার সেই কথাতে যদি দারোগা কি পোলীসের অন্য কর্ম্মকারক তাহাকে নিশ্চয়মতে নির্দ্দোষী জানিয়া, তাহাকে কোন প্রকারে হেফাজতে না রাখিয়া, ও পরে তাহাকে হাজির করাইবার আজ্ঞা হইলেই হাজির করাইতে হইবেক এমত করারে কোন লোককে বদ্ধ না করিয়া, যদি তাহাকে ছাড়িয়া দেন, তবে সেই অভিযুক্ত ব্যক্তির নাম কৈফিয়তে লিখিতে হইবেক না। কিন্তু দারোগা কি পোলীসের অন্য কার্য্যকারক তাহার কথা শুনিয়া যদি বোধ করেন যে তাহার নির্দ্দোষি হওয়ার কিছু সন্দেহ আছে, ও মাজিষ্ট্রেট সাহেবের হুকুম না হইলে তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন না, ও ইহাতে যদি হাজিরজামিন লইয়া কিম্বা তাহার লেখা একরারনামা লইয়া তাহাকে ছাড়িয়া দেন কিম্বা তাহাকে গ্রামের মণ্ডলের হেফাজতে রাখেন কিম্বা পরে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার হাজির হইবার জন্য কোন উপায় করেন,

person shall appear in the Statements as apprehended.

(Signed) H. B. LAWFORD,
Register.

Fort William, the 17th September, 1860.

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 22.

CIRCULAR MEMO.

The following new Rule to be introduced as XVIII A. in the Revised Sale Series, issued under date the 2nd December last.

By order of the Board of Revenue, L. P.

(Signed) E. T. TREVOR,
Secretary.

Fort William, the 11th May, 1860.

RULE.

XVIII A. When the amount bid does not cover the arrear, Collectors are authorized by Section 58, Act XI. of 1859 to purchase on behalf of Government. But this power must be exercised with discretion. A Collector is not bound to buy for Government whenever the bidding falls short of the balance; nor is it expedient for him to purchase, as a matter of course, estates on account of Government, when there is no advantage in doing so.

No. 23.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 25th May, 1860.

With reference to the Board's Circular Order No. 2, dated 14th February last, I am directed to inform you that the orders of the Government of India, No. 5,345, dated 28th October 1858, refer simply to *lands* attached to public works and buildings, and to the boundaries thereof, and not to such works or buildings themselves.

2. You will, therefore, see that the plans are prepared accordingly.

(Signed) E. T. TREVOR,
Secretary.

No. 24.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 29th May, 1860.

I am directed by the Board of Revenue to request that you will, in future, submit Quarterly Statements of Collections of duty on Ganja in your Division in the form prescribed for sales of Abkarry Opium, No. 10, of the revised "Periodical Return Series."

(Signed) E. T. TREVOR,
Secretary.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২০ নবেম্বর।]

তবে গ্রেপ্তার হইয়াছে বলিয়া সেই অভিযুক্ত ব্যক্তির নাম কৈফিয়তে লিখিতে হইবেক।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৭ সেপ্টেম্বর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২২ নম্বর

স্মারক লিপি।

গত ডিসেম্বর মাসের ২ তারিখে নীলামের যে সংশোধিত বিধিশ্রেণী জারী হইল তাহাতে নীচের লিখিত ১৮ ক নম্বরের নূতন বিধি লিখিতে হইবেক।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমমতে।

ই টি ট্রেবর।
সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১১ মে।

বিধি।

১৮ ক। যত টাকা ডাক হয় তাহাতে যদি বাকী শোধ না হয়, তবে ১৮৫৯ সালের ১১ আইনের ৫৮ ধারামতে কালেক্টর সাহেবেরা গবর্ণমেণ্টের তরফে ক্রয় করিবার ক্ষমতা পাইয়াছেন। কিন্তু ঐ ক্ষমতামতে বিবেচনাপূর্ব্বক কার্য্য করিতে হইবে। ডাকের টাকা যতবার বাকী টাকার কম হয় ততবার কালেক্টর সাহেবের গবর্ণমেণ্টের তরফে অবশ্য কিনিতে হইবেক এমন নয়। ও গবর্ণমেণ্টের পক্ষে মহাল ক্রয় করিলে যদি কিছু লাভ না হয় তবে তাহা অবশ্য ক্রয়করা বিহিত নয়।

১৩ নম্বর

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ২৫ মে।

বোর্ডের সাহেবেরদের গত ফেব্রুআরি মাসের ১৪ তারিখের ২ নম্বরের সরক্যুলর অর্ডরের উপলক্ষে তোমাকে আদেশমতে এই কথা জানাইতেছি। সরকারী ইমারৎপ্রভৃতির শামিল যে জমী থাকে কেবল সেই জমীর ও তাহার সীমার কথা লক্ষ করিয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৫৮ সালের ২৮ অক্টোবর তারিখের ৫৩৪৫ নম্বরের হুকুম হইয়াছে। প্রকৃত সেই ইমারৎপ্রভৃতির কথা লক্ষ হয় নাই।

২। অতএব নক্শা তদনুসারে প্রস্তুত করা যায় এই বিষয় তোমার দেখিতে হইবে।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

২৪ নম্বর

অমুক এলাকার রাজস্বের শ্রীযুক্ত কমিসানর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ২৯ মে।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমমতে এই আদেশ করিতেছি। নিরূপিত সময়ের রিটর্ণের সংশোধিত বিধিশ্রেণীতে আবকারীর আফিমের নিলামের ১০ নম্বরের যে নক্শা নির্দ্দিষ্ট হইয়াছে, তোমার এলাকার মধ্যে গাঁজার মাসুলের যত টাকা উসুল হয় তাহার তিন২ মাসের কৈফিয়ৎ সেই নক্শামতে ইহার পরে পাঠাইয়া দেও।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

No. 25.

CIRCULAR MEMO.

The following are to be added as Nos. 13 and 14 to the Rules appended to Board's Circular No. 5, dated 16th February 1858.

By order of the Board of Revenue,

(Signed) E. T. TREVOR,
Secretary.

Fort William, the 1st June, 1860.

২৫ নম্বর

স্মারক লিপি।

বোর্ডের সাহেবেরদের ১৮৫৮ সালের ১৬ ফেব্রুআরি তারিখের ৫ নম্বরের সরকুলারের সঙ্গে যেং বিধি দেওয়া গিয়াছিল তাহার নীচে এই ১৩ ও ১৪ বিধি দিতে হইবেক।

বোর্ড রেবিনিউর হুকুমমতে।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১ জুন।

[Rent for land in Class C.]

13. As a general rule, when a Railway Company has to pay rent for lands coming under Class C. as described in the Orders of the Government of India, No. 852, dated 21st January 1859, the rent will be charged at the rate of 6 per cent. upon the amount disbursed for the purchase of the Land, and when an abatement of jumma has been allowed for the land, the Railway Company will also have to pay the amount of such abatement.

[গ চিহ্নিত শ্রেণীর জমীর খাজানার কথা।]

১৩। সাধারণ বিধি এই, ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৫৯ সালের জানুআরি মাসের ২১ তারিখের ৮৫২ নম্বরের হুকুমে গ শ্রেণী বলিয়া যে জমী লেখা আছে তাহার খাজানা যখন রেলরোড কোম্পানির দিতে হয়, তখন ঐ জমীর খরীদের জন্যে যত টাকা দেওয়া গিয়াছিল, তাহার উপর শতকরা ৬৲ টাকার হিসাবে খাজানা ধরিতে হইবে, ও যদি ঐ জমীর জমা মিনাহ দিবার অনুমতি হইয়াছিল, তবে ঐ মিনাহের টাকাও ঐ রেলরোড কোম্পানির দিতে হইবে।

[Fees of Arbitrators being servants of Government.]

14. Officers in the service of Government employed as Arbitrators on the part of Government in cases of taking land, &c. for public purposes, are allowed to receive fees for their trouble as an exceptional case. It must, however, always be determined before the arbitration, whether the Government Arbitrator is to receive a fee or not. Before payment of the fee, a special report must be made to the Board through the Commissioner, detailing the circumstances of the case, and the Arbitrator must always certify that the work has been done out of office hours.

[গবর্ণমেণ্টের কার্য্যকারক সালিস হইলে তাঁহার রসুমের কথা।]

১৪। সরকারী কর্ম্মের নিমিত্তে জমীপ্রভৃতি লইতে হইলে গবর্ণমেণ্টের যে কার্য্যকারকেরা গবর্ণমেণ্টের পক্ষে সালিসী কর্ম্মে নিযুক্ত হন তাঁহারদের কেবল বিশেষ স্থলে আপনারদের মেহনতের জন্য রসুম লইবার অনুমতি আছে। গবর্ণমেণ্টের পক্ষে যিনি সালিস হন তাঁহার রসুম পাইতে হইবে কি না, এই কথা সর্ব্বদা সালিসীর কর্ম্ম করিবার পূর্ব্বে স্থির করিতে হইবে। রসুমের টাকা দিবার অগ্রে মোকদ্দমার ভাবগতিকের বেওরাঘটিত এক বিশেষ রিপোর্ট কমিসানর সাহেবের দ্বারা বোর্ডে পাঠাইতে হইবে। ও ঐ কর্ম্ম কাছারীর কর্ম্ম করিবার সময়ের মধ্যে করা যায় নাই এই কথার সর্টিফিকট সালিসের সর্ব্বদা লিখিয়া দিতে হইবে।

No. 26.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 1st *June*, 1860.

I am directed to forward herewith a revised form of License for the Retail sale of Ganja, which should be introduced at once into your Division in substitution for the form given at page 235 of the Abkarry Series

2. The Board have decided that the amount of monthly fee, referred to in the 1st clause of the License, is to be 4 Rupees.

3. The Collectors should be desired to indent on the Alipore Jail Press for a supply of the form.

(Signed) E. T. TREVOR,
Secretary.

[*Government Gazette*, 20*th November*, 1860.]

২৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১ জুন।

ইহার সঙ্গে গাঁজার খুচরা বিক্রয়ের পাট্টার সংশোধিত পাঠ তোমার নিকটে পাঠাইতে আমাকে আজ্ঞা হইয়াছে। আবকারীর বিধিশ্রেণীর ২৪১ পৃষ্ঠায় যে পাঠ দেওয়া গিয়াছিল তাহার পরিবর্ত্তে এই পাঠ তোমার এলাকাতে একেবারে চালাইতে হইবেক।

পাট্টার প্রথম দফাতে যে মাসিক রসুমের কথা লেখা আছে তাহা বোর্ডের সাহেবেরা চারি টাকা ধার্য্য করিয়াছেন।

আলিপুরের জেলখানার ছাপাখানাতে ঐ পাট্টার পাঠ চাহিয়া লইতে কালেক্টর সাহেবদিগকে আজ্ঞা করিতে হইবেক।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

FORM No. 15.

LICENSE FOR THE SALE OF GANJAH BY RETAIL.

To

Resident of Mouzah *Pergunnah*

Zillah

I Collector of Zillah
do hereby authorize you to open a shop at in Mouzah
for the retail sale of Ganjah from the date of this License to April 18 .

It is required of you, as a condition of this License remaining in force, that you duly and faithfully perform and abide by the following articles:—

I. That you will pay to Government in advance, for each month, on the first day thereof, the amount of fee due for that month at the rate of Co.'s Rs. or such other sum or rate per monsem as may from time to time be fixed by the Board of Revenue.

II. That you will pay to Government a duty at the rate of 2 Rupees per seer, or such other sum or rate as may from time to time be fixed by the Board of Revenue on all quantities passed to your shop for retail sale, provided always, if the sum or rate specified be raised within the term of License may relinquish his shop without forfeit on giving ten days' notice.

III. That you will not sell any Ganjah except that purchased from a wholesale dealer, and delivered to you from a registered Golah, under the Collector's Pass.

IV. That if you procure Ganjah in wholesale quantities from other Districts, it shall be under Passes granted from this Office; the Ganjah so procured, if exceeding a month's supply, being brought for store in the registered Golahs.

V. That you will effect your sales of Ganjah only in the shop for which this License is granted, and that you will not sell Ganjah in any other place or establish a second shop, without another separate License.

VI. That you will not sell more than one-quarter of a seer of Ganjah to any person at one time.

VII. That you will not receive any wearing apparel or other goods in barter for Ganjah.

VIII. That you will not open your shop or effect sales therein before sunrise, or keep it open or effect sales therein after 9 o'clock P. M., and that you will not harbour any persons in your shop during the night.

IX. That you will not permit persons of notoriously bad character to resort to your shop; that you will prevent gaming and disorderly conduct therein, and that you will give information to the nearest Magistrate or Police Officer of any suspected persons who may resort to your shop

X. That you will have constantly fixed up at the entrance of your shop, a sign-board, bearing the following inscription in the vernacular language of the country :

(Name of Vendor.)

"LICENSED VENDOR OF GANJAH".

XI. That you will instantly produce for inspection on the demand of any Abkaree Officer above the rank of Jemadar, your License and Accounts, and that you will not prevent any Abkaree Officer, of whatever grade, from entering your shop at any hour of the day or night.

XII. That you will in every way conform to the Rules prescribed by the Board of Revenue for the storage and vend of Ganjah.

XIII. The infringement of any of the above conditions will subject you to forfeiture of this License, and to the penalties prescribed by Sections Act of

XIV. All Officers are hereby prohibited from imposing on or exacting from you, any tax or cess on account of the said shop beyond the tax specified in the first and second of the above articles, from molesting or interrupting you in following your trade so long as you conform to the above rules, and to the laws in force.

Collector.

Collectorate of the 186 .

[বোর্ডের সার্কুলার ১৮৬০। ২০ নবেম্বর।]

১৫ নম্বর।

গাঁজা খুজরা বিক্রয় করিবার পাট্টা।

অমুক জিলার অমুক পরগনার অমুক মৌজানিবাসি শ্রী অমুক প্রতি আদেশ।

অমুক জিলার কালেক্টর আমি তোমাকে এই অনুমতি দিলাম যে তুমি এই পাট্টার তারিখঅবধি অমুক সালের আপ্রিল মাসের অমুক তারিখপর্য্যন্ত গাঁজা খুজরা করিবার জন্যে অমুক মৌজার অমুক স্থানে দোকান খোল।

তোমাকে আদেশ হইতেছে যে তুমি নীচের লিখিত নিয়মক্রমে উচিতমতে ও বিশ্বস্তরূপে কার্য্য কর ও সেই নিয়ম মান। নতুবা এই পাট্টা বাতিল হইবেক।

১। মাসে২ তুমি ১ তারিখে ঐ মাসের দেনা রসুম বলিয়া কোম্পানির এত টাকা হিসাবে, কিম্বা বোর্ড রেবিনিউর সাহেবেরা মাসে২ অন্য যত টাকা দিতে কিম্বা যে হিসাবে টাকা দিতে সময়ে২ আজ্ঞা করেন তাহা গবর্ণমেণ্টে আগাম দিবা।

২। যত গাঁজা তোমার দোকানে খুজরা বিক্রয়ের জন্যে পাস হয় তাহার উপর সেরপ্রতি ২৲ টাকার হিসাবে কিম্বা যত টাকা কি যে হার বোর্ড রেবিনিউর সাহেবেরা সময়ে২ স্থির করেন তত টাকা মাসুল গবর্ণমেণ্টকে দিবা। কিন্তু পাট্টার মিয়াদের মধ্যে যদি নির্দ্দিষ্ট টাকা কি হার বৃদ্ধি করা যায় তবে তুমি ১০ দিনের এত্তেলা দিলে জরীমানা না দিয়া আপন দোকান ছাড়িয়া দিতে পারিবা।

৩। তুমি থোকে বিক্রেতার স্থানে যাহা খরীদ কর ও কালেক্টর সাহেবের পাসক্রমে রেজিষ্টরীকরা গোলাহইতে তোমাকে যাহা দেওয়া যায় তাহাছাড়া তুমি কিছু গাঁজা বিক্রয় করিবা না।

৪। তুমি যদি অন্য জিলাহইতে গাঁজা থোকে ক্রয় কর তবে এই কাছারীহইতে পাস লইয়া তাহা ক্রয় করিবা। ও সেই প্রকারে যে গাঁজা ক্রয় করা যায় তাহা যদি এক মাসের খরচের অধিক হয় তবে রেজিষ্টরী-করা গোলাতে গোলাজাত করিবার জন্যে আনাইবা।

৫। তোমার যে দোকানের জন্যে এই পাট্টা দেওয়া গেল কেবল সেই দোকানে তুমি গাঁজা বিক্রয় করিবা, ও অন্য পাট্টা না পাইয়া অন্য কোন স্থানে গাঁজা বিক্রয় করিবা না, কি অন্য দোকান খুলিবা না।

৬। তুমি একি কালে পোয়া সের গাঁজার অধিক কোন কাহাকে বিক্রয় করিবা না।

৭। তুমি গাঁজার পরিবর্ত্তে কোন পরিবার বস্ত্র কি অন্য দ্রব্য লইবা না।

৮। তুমি সূর্য্য উদয় হইবার আগে দোকান খুলিবা না, ও তাহাতে কিছু বিক্রয় করিবা না, রাত্রি ৯ ঘণ্টার পরে তুমি দোকান খোলা রাখিবা না ও তাহাতে কিছু বিক্রয় করিবা না। ও রাত্রিতে তোমার দোকানে কোন লোককে আশ্রয় দিবা না।

৯। যাহারা প্রসিদ্ধ কুচরিত্রের লোক হয় তাহারদিগকে তুমি আপন দোকানে থাইতে দিবা না ও সেই দোকানে তুমি জুয়াখেলা কি অনিয়মিত কর্ম্ম হইতে দিবা না। ও যাহারদের উপর দোষে হয় এমত কোন লোক তোমার দোকানে গেলে তুমি অতি নিকটের মাজিষ্ট্রেট সাহেবকে কি পোলীসের কর্ম্মকারককে সম্বাদ দিবা।

১০। তোমার দোকানের দ্বারে তুমি সর্ব্বদাই এক তক্তা লটকাইয়া রাখিবা তাহাতে দেশীয় ভাষাতে এই কথা লেখা থাকিবেক

বিক্রেতার নাম।

"গাঁজার পাট্টাপ্রাপ্ত বিক্রেতা।"

১১। জমাদারহইতে উচ্চ পদের আবকারীর কোন কার্য্যকারক তোমার পাট্টা ও হিসাবের খাতা দেখিতে চাহিলে তুমি তৎক্ষণাৎ তাহা দেখাইবা ও আবকারীর কোন শ্রেণীর কোন আমলাকে তুমি রাত্রির কি দিনের কোন সময়ে তোমার দোকানে যাইতে বারণ করিবা না।

১২। গাঁজা গোলাজাত ও বিক্রয় করিবার জন্যে বোর্ড রেবিনিউর সাহেবেরা যে সকল বিধি করেন তুমি সেই সকল বিধিমতে সর্ব্বপ্রকারে কর্ম্ম করিবা।

১৩। ইহার মধ্যে কোন নিয়ম যদি লঙ্ঘন কর তবে তোমার এই পাট্টা বাতিল হইবেক ও অমুক সালের অমুক আইনের অমুক ধারাতে যে২ দণ্ড লেখা আছে তোমার সেই২ দণ্ড হইতে পারিবেক।

১৪। সকল কার্য্যকারককে নিষেধ হইল যে, এই নিয়মের প্রথম ও দ্বিতীয় দফাতে যাহা নির্দ্ধার্য্য হইয়াছে তাহার অধিক কোন কর কি মাসুল উক্ত দোকানের নিমিত্তে তোমার উপর না বসায় কি তোমার স্থানে না লয়। ও তুমি যত কাল এই বিধিমতে ও চলিত আইনমতে কর্ম্ম কর তত কাল তোমার ঐ ব্যবসায় সম্পর্কে তোমাকে কোন ক্লেশ না দেয়, কি তোমার বাধা না করে।

অমুক জিলার কালেক্টরী কাছারী।

সাল তাং।

কালেক্টর

[*Government Gazette*, 20th *November*, 1860.]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

WANTED

A TRANSLATOR for the Civil Court of PURNEAH. He must be able to read and write English and Oordoo with facility and to translate into either language fluently and idiomatically.

Salary 100 Rupees.

W. M. BEAUFORT, *Offg. Judge.*

Zillah Purneah, the 7th November, 1860.

পুরণিয়ার দেওয়ানী আদালতে এক জন তরজমানবীসের প্রয়োজন হইয়াছে। যে লোক ইঙ্গরেজী ও উর্দু ভাষাতে অনায়াসে লেখাপড়া করিতে পারে ও ইহার মধ্যে কোন ভাষাতে অবাধে ও ভাষার বিধি বুঝিয়া স্পষ্টরূপে তরজমা করিতে পারে এমত লোক এ কর্ম্ম পাইতে পারিবে। মাসিক বেতন ১০০৲ টাকা।

জিলা পুরণিয়া। ১৮৬০ সাল ৭ নবেম্বর। ডবলিউ এম বোফর্ট। একটিং জজ।

ইস্তাহার।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ২৬সে নবেম্বর তারিখে যোৎ মহিষরাখার সরকারী বাঙ্গলায় নিম্ন লিখিত খালদ্বয়ের মাসুল আদায় জন্য সন ১৮৬০ সালের ১ ডিসেম্বর নাগাইদ সন ১৮৬১ সালের ৩০ নবেম্বরপর্য্যন্ত এক বৎসর জন্যে প্রকাশ্য নিলামে ইজারা বিলি করা যাইবেক।

১ দফা। দামোদর ও রূপনারায়ণ নদীর মধ্যস্থিত রকসী এবং গয়ঘাটী নামক খাল।

২ দফা। দামোদর ও হুগলী নদীর মধ্যস্থিত বাঁশপাতী নামক খাল।

যে ব্যক্তি উচ্চ ডাকে ইজারা লইবেক তাহাকে নিলামের সময়ে ৫০০৲ টাকা ডিপাজিট করিতে হইবেক এবং ১লা ডিসেম্বর অথবা তাহার পূর্ব্ব তারিখে কবুলিয়তে দস্তখৎ করিতে হইবেক।

উপরোক্ত ইজারার বিষয় অন্যান্য সংবাদ নিম্ন স্বাক্ষরিত সাহেবের সমীপে পাওয়া যাইবেক ইতি।

W. SMITH, C. E, *Executive Engineer, Burdwan Division.*

Burdwan, the 5th November, 1860

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজী ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজী জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জেলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টবা হইতেছে। ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ শেবর। একটিং সুপরিন্টেণ্ডেণ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২০ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

জিলা	যিনি করিয়াছেন	যাহা করিয়াছেন	যে স্থানে করিয়াছেন	খরচ
বারাসৎ	ছোট বাঁকার নীলমণি মণ্ডল	পুকুর	মৌজে ছোট বাকরা পরগণে আমীরাবাদ	৬০০৲
	বামার চাঁদ মণ্ডল	ঐ .	মৌজে দিলরাইম বাঁদিয়া পরগণে তাথেলিয়া	১৫০৲
	রুদ্রপুরের বিশ্বনাথ ঘোষ	ঐ ...	মৌজে রুদ্রপুর পরগণে ঐ...	১২৫৲
	হগোলীর অবলীল বিশ্বাস	ঐ ..	মৌজে হগোলী পরগণে ঐ	৭০০৲
	মহেশপুরের আমীর মণ্ডল	রাস্তা .	আড়বালিয়াঅবধি তারাগুনিয়াপর্য্যন্ত	২৫০৲
	জেলপাড়ার কবীর মণ্ডল .	পুকুর	মৌজে জেলপাড়া . পরগণে বালিয়া ..	৫০০৲
নদীয়া	বাবু রামনিধি ও রাধামাধব চাটুর্য্যা	ঐ ...	মৌজে তাঁতলিয়া	১০০০৲
	বাবু তিনকড়ি হালদার .	ঐ .	ঐ দোগাছিয়া ..	৫০০৲
	বাবু প্রাণকৃষ্ণ পাল	ঐ ...	ঐ দেওয়ানগঞ্জ ...	৬০০৲
	বাবু মাধবীচন্দ্র গোঁসাই .	ঐ ...	ঐ আমদেহ	৩০০৲
	বাবু রামসেবক রক্ষিত	ঐ ..	ঐ সুন্দরপুর	২০০০৲
	বাবু শ্যামাচরণ চৌধুরী	ঐ	ঐ কৃষ্ণনগর ...	৫০০৲
	বাবু নন্দকুমার বাঁড়ুয্যা	ঐ .	ঐ ছুনিয়াপেটা ..	৩৫০৲
চব্বিশপরগণা	বাবু হরিনাথশীল .	হুগলী নদীর তীরে পাকা ঘাট	কাশীপুরে থানা চিৎপুর ...	৩০০৲
	বাবু চন্দ্রকুমার মণ্ডল ..	পাকা ঘাটের পুকুর	চক এৎবাড়িয়া পরগণে মগুরা ...	২৫০০৲
	বাবু অভয়াচরণ চাটুর্য্যা	ঐ ...	সাপুর থানা কালীঘাট ...	৫০০৲
পাটনা	রামপ্রসাদ .	পাকা ইঁদারা	মেহন্দ্র ..	২৫০০৲
	প্রেমচাঁদ গোয়ালা ...	ঐ ...	মুস্তফাপুর .	১০০৲
	সেখ পীর মহম্মদ ..	সাঁকো ...	দ'নাপুর সাজাদপুর	৫০৲
ত্রিহুত	সৈয়দ নুরুল হুসেন	পাকা ইঁদারা ...	বসুচক পরগণে বেসারা .	১২৫৲
	সেখ নবী বক্স	ঐ ..	কনৌলী বিসন দত্ত ঐ	১২৫৲
	লালা বমগুপ্ত সিংহ	ঐ .	মহম্মদপুর কাজি ঐ ..	১৫০৲
	গৌরীশঙ্কর কালওয়ার .	কাঁচা ইঁদারা	মজফরপুর ...	৫২৲
	দুমন লাল ...	ঐ ...	তৈকরা .	৬৫৲
	মসমৎ সূর্য্যকুমার ..	ঐ ...	ইস্মাইলপুর ...	৭৫৲
	ব্রজলাল সিংহ ...	পাকা ইঁদারা ..	মৌজে বুড়হি পরগণে বরেল	৫০৲
	ললিত আজা	পুকুর ...	মকব পরগণে মুইলা	৫০০৲
	গোপাল দাস ..	২ কাঁচা ইঁদারা ...	গনজাম পরগণে বিশোরা	৫০৲
	মসম্মৎনারায়ণ কুমর .	১ পুকুর ...	চৈতা ঐ সরলা ...	৫০০৲
	সুবনসি সিংহ	১ পাকা ইঁদারা ...	চতওয়ারী ঐ ঐ	৬৫৲
	হনুমানকথ কুর্ম্মি ...	পাকা সাঁকো ...	চওয়ালী ঐ ঐ .	২০০৲
	রামসুন্দর শুঁড়ি ..	পাকা ইঁদারা ...	আগীরপুর ঐ বিশোরা ..	১২৫৲
	কৃষ্ণনারায়ণ শুঁড়ির স্ত্রী	ঐ .	লালগঞ্জ ঐ ঐ	৭৫৲
	চমন চৌধুরী ...	ঐ ..	করহরি ঐ ঐ .	৬০৲
	প্রসন্ন সিংহ ...	ঐ ..	করতী ঐ তিলকচোয়ার .	৫১৲
	অযোধ্যালাল ..	ঐ ..	তারিয়াপুর ঐ বহরা ...	১৫০৲
	শঙ্কর সিংহ ...	ঐ ...	মধুপুর ঐ ঐ ...	৫১৲
	কাশীরাই	ঐ ...	নওয়ালনগর পরগণে পজেবর .	৫০৲
	মায় সিংহ ...	ঐ .	পরসনি ঐ ঐ	৬২৲
	মহন্ত লক্ষণ দাস	পুকুর ...	সেমরর পরগণে বাচৌর	১১০০৲
	বাবু রামপথ সিংহ	পাকা ইঁদারা ...	মণিপুর পরগণে পচিহি	১০১৲
	মনু বরাই ...	পুকুর	পুরা ঐ ঐ	৭০০৲
	উমাও সিংহ	পাকা ইঁদারা ..	ঐ ঐ ঐ	৮০৲
	তুলসী মিশ্র... ...	পুকুর ...	বাহুকি পরগণে ধরৌর	৬০০৲
	রাজুমি সোণার ...	পাকা ইঁদারা ...	রুলরী ঐ ঐ	৭০৲
	বলাজু খুমিয়া ...	ঐ ...	সিরাজলপুর ঐ ঐ	৮০৲
	শ্যামভেজি ...	ঐ ...	বৌদহ পরগণে পচিহি	৯০৲
	ওমরাও সিংহ ...	ঐ ...	জোহোনিয়া ঐ ঐ	৯০৲
	সিক্ক খাওয়াস ...	ঐ ...	উমরী ঐ ঐ	৮০৲
	জগৎমন মণ্ডল ধনুক ...	পুকুর ...	তাহাই পরগণে আজাপুর	২০০৲

[*Government Gazette*, 20th *November*, 1860.]

জিলা	যিনি করিয়াছেন	যাহা করিয়াছেন	যে স্থানে করিয়াছেন	খরচ
ত্রিহুত	ভগবৎ নারায়ণ চৌধুরী	পুকুর	কির্ণ পরগনে বাজিদনগর	৩০০৲
	সেখ হিরাই	বাঁধ	মাঠা গিধিয়াতে	২০০৲
	মদন ঝা	পুকুর	কথর পরগনে মক্র'মপুর	২০০৲
	প্রভু সাহু	ইঁদারা	ঐ ঐ	৫০৲
	গিরিধারি রায়	পুকুর	বিওধাই পরগনে আ-লাপুর	১২৫৲
	শম্ভু ঝা	ঐ	ঐ ঐ	১২৫৲
	তনুকুল মণ্ডল	ঐ	জদরোয়া ঐ	১৫০৲
	জগৎমন মণ্ডল	ঐ	যাঁফাই ঐ	১৫০৲
	রাধো সাহু	ঐ	ঐ ঐ	১৫০৲
	বক্সি কাসর	ঐ	সহরমপুর ঐ	১৫০৲
	কানাই খাওয়াস	পুকুর	রামনগর সন্দিযাহি ঐ	১২৫৲
	কালিকা দত্ত ষঁড়ি	ঐ	সাংঘি ঐ	১৫০৲
	আহমুলি রেৌথ	ঐ	ঐ ঐ	১১৫৲
	তলক মণ্ডল	ঐ	চানহারা ঐ	২০০৲
	ভাইবিলাস ঝা	ঐ	বহবমপুর ঐ	১৫০৲
	মণি রায়	ঐ	ঐ ঐ	১৫০৲
	সাহেব তেলি	ঐ	ঐ ঐ	১০০৲
	গিরিধারী ঠাকুর	বাঁধ	কমওয়ারা হটীতে	৫০৲
	রুদ্রম ঠাকুর	১ পুকুর	গণহয়ার ঐ	৫০০৲
	বাবু মিশ্র	১ পাকা ইঁদারা	কজিয়ানি ঐ	১৫০৲
	ঈশরী দত্ত	পুকুর	সিংঘ্রি ঐ	০৲
	ভদ্রীনাথ ঝা	ঐ	ভ'লিয়া ঐ	১০০
	অহদীনাথ ঠাকুর	ঐ	প'চহী ঐ	৪০০৲
	কৃষ্ণ খাওয়াস	ঐ	মগ্রল, গেরে	৮০০৲
	মহারাজা মহেশ্বর সিংহ বাহাদুর	ঐ	মকদমপুর, চাটীতে	১০০
	জানকী হাজাম	ঐ	বিষ্ণুপুর মুবারকাদি ঐ	১০০
	মহন্ত [illegible]	ঐ	কাহাম পরগনে ম্রম	১২৫
	সাহেব গোয়ালা	১ ইঁদার	নরহটিয়া পরগনে হাসাপুর	৭৫
	হনুমানি বরহি	ঐ	ঐসি	৭
	জানকী সাহুতেলি	ঐ	ঐ ঐ	৭৫৲
	জীবন কৃথ কুর্মি	পুকুর	হনু নগর ঐ	৫৫০
	শিবসহায় সিংহ	ঐ	বিদাহি কমম	১০০
	মকর মাথা	বাঁধ	জোবেহস জেলাইলেতে	৫০
	ধুথা ঝা	ঐ	লামানা রাবে	৫০
	আহরির সিংহ	১ পুকুর	পক্কি ঐ	৫০০৲

স্বাক্ষর ইংহ লোট টেনেন্ট কর্ণেল।
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২০ নবেম্বর]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশ্মেন্ ডিক্রুস সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 4, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৪ ডিসেম্বর।

ACT.

THE 6TH OCTOBER 1860.

ACT No. XLVI of 1860.

An Act to authorise and regulate the emigration of Native Labourers to certain French Colonies.

[Concluded from page 7..]

[Time allowed for the voyage, &c.]

XII. The probable length of the voyages to the several French Colonies from the Ports aforesaid shall be deemed for the purposes of this Act to be as follows:—

From the Port of Calcutta to Reunion—

Between the months of April and October inclusive, ten weeks.

Between the months of November and March inclusive, eight weeks.

From the Port of Madras—

Between the months of April and October inclusive, seven weeks.

Between the months of November and March inclusive, five weeks.

From the Port of Bombay—

Between the months of April and September inclusive, five weeks; and between the months of October and March inclusive, six weeks.

From the Port of Calcutta to Martinique, Guadeloupe and its dependencies, twenty weeks.

From the Port of Madras, nineteen weeks.

From the Port of Bombay, nineteen weeks.

From the Port of Calcutta to Guiana, twenty-six weeks.

From the Port of Madras, nineteen weeks.

From the Port of Bombay, nineteen weeks.

আইন।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৬ অকটোবর।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪৬ আইন।

ফ্রান্সীয়েরদের বসতিস্থানে এদেশীয় মজুরদের গমন করিতে অনুমতি দিবার ও বিধান করিবার আইন।

[৭৮৪ পৃষ্ঠা হইতে চলিতেছে।]

[যাইতে যত কাল লাগিবে তাহার কথা।]

১২ ধারা। পূর্ব্বোক্ত নানা বন্দরহইতে ফ্রান্সীয়েরদের নানা বসতিস্থানে যাইতে অনুমান যত কাল লাগিবে তাহা এই আইনের কার্য্যের নিমিত্তে এই রূপে নির্ণয় হইবেক অর্থাৎ

কলিকাতা বন্দরহইতে রিইউনিয়নপর্য্যন্ত

আপ্রিল মাসের আরম্ভঅবধি অক্টোবর মাসের শেষপর্য্যন্ত কোন সময়ে গেলে দশ সপ্তাহ।

নবেম্বর মাসের আরম্ভঅবধি মার্চ মাসের শেষপর্য্যন্ত গেলে আট সপ্তাহ।

মান্দ্রাজ বন্দরহইতে,

আপ্রিল মাসের আরম্ভঅবধি অক্টোবর মাসের শেষপর্য্যন্ত গেলে সাত সপ্তাহ।

নবেম্বর মাসের আরম্ভঅবধি মার্চ মাসের শেষপর্য্যন্ত গেলে পাঁচ সপ্তাহ।

বোম্বাই বন্দরহইতে,

আপ্রিল মাসের আরম্ভঅবধি সেপ্টেম্বর মাসের শেষপর্য্যন্ত গেলে পাঁচ সপ্তাহ ও অক্টোবর মাসের আরম্ভঅবধি মার্চ মাসের শেষপর্য্যন্ত গেলে ছয় সপ্তাহ।

কলিকাতা বন্দরহইতে মার্টিনীক ও গোয়াডিলুপ ও তাহার অধীন স্থানে গেলে বিশ সপ্তাহ।

মান্দ্রাজ বন্দরহইতে গেলে উনিশ সপ্তাহ।

বোম্বাই বন্দরহইতে গেলে উনিশ সপ্তাহ।

কলিকাতা বন্দরহইতে গায়ানাতে গেলে ছাব্বিশ সপ্তাহ।

মান্দ্রাজ বন্দরহইতে গেলে উনিশ সপ্তাহ।

বোম্বাই বন্দরহইতে গেলে উনিশ সপ্তাহ।

Provided that the Governor General of India in Council may, by order to be published in the Calcutta Gazette, extend this Act to any other French Colony not expressly named herein at which a British Consular Agent is established and to which the application of the above recited Convention shall be extended, and in such order may declare the probable length of the voyage to such Colony. Such declaration shall have the same force and effect as if it formed part of this Section.

কিন্তু এই আইনের অনির্দ্দিষ্ট অন্য যে কোন ফ্রান্সীয় বসতিস্থানে ব্রিটনীয় কনসুলর একেণ্ট সাহেব নিযুক্ত থাকেন, ও উপরের লিখিত সন্ধিপত্র খাটান যায়, তাহাতেও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর কলিকাতা গেজেটে হুকুম প্রকাশ করিয়া এই আইন চালাইতে পারিবেন ও সেই বসতিস্থানে যাইতে অনুমান যত সময় লাগিবে তাহাও ঐ হুকুমে লিখিবেন। উক্তমতের প্রকাশিত কথা এই ধারাতে লেখা হইবার মত প্রবল ও সফল হইবে ইতি।

[Time of sailing.]

[জাহাজের যাইবার সময়ের কথা।]

XIII. *Clause* 1.—Emigrants may leave India for the French Colonies to the East of the Cape of Good Hope at all times of the year.

১৩ ধারা। ১ প্রকরণ। গুডহোপনামক কেপের পূর্ব্ব দিগে ফ্রান্সীয় যে সকল বসতিস্থান আছে তাহাতে যাইবার নিমিত্তে মজুরেরা বৎসরের সকল সময়ে ভারতবর্ষহইতে যাইতে পারিবে।

Clause 2.—For the other French Colonies, they may leave only from the 1st of August to the 15th of March. This arrangement applies only to sailing vessels, vessels using steam power may leave at any time of the year.

২ প্রকরণ। ফ্রান্সীয় অন্যান্য বসতিস্থানে তাহারা কেবল আগষ্ট মাসের ১ তারিখঅবধি মার্চ মাসের ১৫ তারিখপর্য্যন্ত যাইতে পারিবে। এই নিয়ম কেবল পাইলের জাহাজের উপর খাটে। কলের জোরে যে জাহাজ চলে তাহা বৎসরের কোন সময়ে যাইতে পারিবে।

Clause 3.—Every Emigrant sailing from India for any French Colony Westward of the Cape of Good Hope between the 1st of March and the 15th of September, shall receive at least one double blanket over and above the clothing usually allowed to him, and may make use of it so long as the vessel is outside of the Tropics.

৩ প্রকরণ। ঐ কেপের পশ্চিম দিগে ফ্রান্সীয়েরদের যে কোন বসতিস্থান থাকে সেই স্থানে যে কোন মজুরেরা মার্চ মাসের ১ তারিখঅবধি সেপ্টেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত কোন সময়ে ভারতবর্ষহইতে প্রস্থান করে, তাহারদিগকে অন্য যে কোন বস্ত্রাদি রীতিমতে দেওয়া যাইবে তদ্ভিন্ন তাহারা প্রত্যেক জন দোহারা এক কম্বলের কম পাইবে না ও সমুদ্রের উপর ট্রপিক নামক ভাগের মধ্যে যত কাল জাহাজ না থাকে তত কাল তাহারা সেই দোহারা কম্বল ব্যবহার করিতে পারিবে ইতি।

[Emigrant vessel to carry an European Surgeon and an Interpreter. Captain to take charge of Despatches from the Protector to the British Consular Agent.]

[মজুরদিগকে লইয়া যাইবার জাহাজে ইউরোপীয় ডাক্তর সাহেবের ও দোভাষির যাইবার কথা, ও ব্রিটনীয় কনসুলর একেণ্ট সাহেবের নামে রক্ষক সাহেব যে সকল পত্রাদি দেন তাহা কাপ্তান সাহেবের লইবার কথা।]

XIV. Every Emigrant vessel must carry an European Surgeon and an Interpreter. The Master of every Emigrant vessel shall be bound to take charge of any Despatch which may be delivered to him by the Protector of Emigrants at the Port of embarkation, for the British Consular Agent at the Port of destination, and to deliver it to the Colonial Government immediately after his arrival.

১৪ ধারা। মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজে ইউরোপীয় এক জন ডাক্তর সাহেবকে ও এক জন দোভাষিকে লইতে হইবে। জাহাজ যে বন্দরহইতে প্রস্থান করে সেই বন্দরের মজুরেরদের রক্ষক সাহেব জাহাজ যে বন্দরে গমন করিবে সেই বন্দরের ব্রিটনীয় কনসুলর একেণ্ট সাহেবের নামে যে সকল পত্রাদি ঐ জাহাজের কাপ্তান সাহেবকে দেন তাহা ঐ কাপ্তান সাহেবের জিম্মায় লইয়া উক্ত বন্দরে পঁহুছিলেই কলোনিয়ল (অর্থাৎ বসতিস্থানের) গবর্ণমেণ্টের নিকটে দাখিল করিতে হইবেক ইতি।

[Space to be set apart for Emigrants on Board ship.]

[জাহাজে মজুরেরদের নিমিত্তে যত স্থান রাখিতে হইবে তাহার কথা।]

XV. *Clause* 1.—In every vessel employed for the conveyance of Emigrants, the Emigrants shall occupy, either between decks, or in cabins on the upper deck firmly secured and entirely covered in, a space devoted to their exclusive use. Such cabins and space between decks shall in every part have a height of five feet and a half.

১৫ ধারা। ১ প্রকরণ। মজুরদিগকে লইয়া যাইবার জন্যে যেং জাহাজ নিযুক্ত হয় সেইং জাহাজে দুই ডেকের মধ্যের স্থান কিম্বা উপরি ডেকের কোন কুঠরী কেবল ঐ মজুরেরদের থাকিবার জন্যে নিরূপণ হইবে সেই সকল কুঠরী শক্ত করিয়া আঁটা থাকিবে ও সম্পূর্ণরূপে আবৃত থাকিবে। ঐ কুঠরী ও ডেকের মধ্যের স্থানের সকল ভাগ সাড়ে পাঁচ ফুট উচ্চ হইবে।

Clause 2.—No compartment shall take more than one adult Emigrant for every cubic space of seventy-two feet in the Presidency of Bengal, and for every cubic space of sixty feet in the Presidencies of Bombay and Madras.

২ প্রকরণ। বাঙ্গলা দেশে সম্পূর্ণ বয়সের একং জন মজুর আড়ে দীর্ঘে উচ্চে সর্ব্বসুদ্ধ বাহাত্তর ফুট পরিমাণের কোন জায়গা, ও বোম্বাই ও মান্দ্রাজ দেশে আড়ে দীর্ঘে উচ্চে সর্ব্বসুদ্ধ ষাইট ফুট পরিমাণের কোন জায়গা পাইবে সেই পরিমাণের জায়গাতে এক জনের অধিক থাকিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৪ ডিসেম্বর।]

Clause 3.—An Emigrant above the age of ten years shall count as an adult, and two children from one to ten years of age shall count as one adult.

Clause 4.—A place shall be fitted up for a hospital in every Emigrant ship.

Clause 5.—Women and children shall occupy compartments of the vessel distinct and separate from those of the men.

[Amount or proportion of provisions to be carried by Emigrant vessel over and above the victualling of the crew. Proviso.]

XVI. There shall be actually laden on board of every ship or vessel conveying Emigrants into any of the Colonies aforesaid at the time of departure of such ship or vessel from the Port at which such laborers shall be embarked, good and wholesome provisions for the use and consumption of the said passengers, over and above the victualling of the crew, to the amount or in the proportion following: that is to say—a supply of water to the amount of five gallons for every week of the computed voyage for every passenger on board such ship or vessel, such water being carried in tanks or sweet casks; and a supply of rice, bread, biscuit, flour, oatmeal, or bread stuffs to the amount of seven pounds weight to every week of the computed voyage for every such passenger. Provided always that, when any such ship or vessel shall be destined to call at a Port or place in the course of her voyage for the purpose of filling up her water casks, a supply of water at the rate before mentioned for every week of an average voyage to such Port or place of calling shall be deemed to be a compliance with this Regulation; and provided that the preceding Regulation regarding food shall be deemed to have been complied with in any case when it shall be made to appear that, by the special authority of the Governor General of India in Council, any other articles of food were substituted for the articles above enumerated, as being in his judgment equivalent thereto. Provided also that when any such ship or vessel is fitted with Normandy's Apparatus for distilling sea-water, a reduction shall be allowed of one-third in the quantity of water required to be provided as aforesaid.

[Before Port-clearance Master of vessel to obtain a Survey Certificate.]

XVII. Before any such ship or vessel shall be cleared out on any such voyage, the Protector of Emigrants at the Port or place from which such ship or vessel shall be cleared out, shall survey or cause to be surveyed by some competent person, the provisions and water hereinbefore required to be on board for the consumption of passengers, and shall ascertain that the same are in good and sweet condition, and also that, over and above the same, there is on board an ample supply of water and stores, for the victualling of the crew of the ship or vessel, and shall also ascertain that such ship or vessel is generally reputed sea-worthy, and that

৩ প্রকরণ। দশ বৎসরের অধিক বয়সের লোক বয়ঃপ্রাপ্ত লোকের সমান গণ্য হইবে ও এক বৎসরঅবধি দশ বৎসরপর্য্যন্ত বয়সের দুই২ জন বালক বয়ঃপ্রাপ্ত এক জনের তুল্য গণ্য হইবে।

৪ প্রকরণ। মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজে হাসপাতাল বলিয়া এক স্থান সাজান যাইবে।

৫ প্রকরণ। জাহাজের যে স্থানে পুরুষেরা থাকে তাহার পৃথক্ ও ভিন্ন স্থানে স্ত্রী ছেলো থাকিবে ইতি।

[মজুরদিগকে লইয়া যাইবার জাহাজের মাল্লাপ্রভৃতির আহারের দ্রব্যছাড়া ঐ মজুরেরদের নিমিত্তে যত আহারাদি লইতে হইবে তাহার কথা ও বর্জ্জিত কথা।

১৬ ধারা। ঐ প্রকারের মজুরেরা যে বন্দরে জাহাজে উঠে সেই বন্দরহইতে পূর্ব্বোক্ত কোন বসতিস্থানে মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজের প্রস্থান করিবার পূর্ব্বে, ঐ জাহাজের মাল্লাপ্রভৃতির আহারীয় দ্রব্যছাড়া ও তাহার অতিরিক্ত, ঐ মজুরেরদের ব্যবহারের ও আহারের জন্য নীচে যে হিসাবের মত দ্রব্য লেখা যাইতেছে সেই হিসাবে তত উত্তম ও সুখাদ্য দ্রব্য নিতান্ত ঐ জাহাজে লওয়া যাইবে। অর্থাৎ, লক্ষিত স্থানে পঁহুছিতে যত সপ্তাহ ধরা গিয়াছে তাহার প্রত্যেক সপ্তাহে ঐ জাহাজের প্রত্যেক জন মজুরের জন্যে পাঁচ২ গালন জল, সেই জল জলাশয়ে কি জল পরিষ্কারথাকার পিপাতে রাখিতে হইবে, ও লক্ষিত স্থানে পঁহুছিতে যত সপ্তাহ ধরা গিয়াছে তাহার এক২ সপ্তাহে এক২ জন চড়নদারের নিমিত্তে সাত পৌণ্ড (অর্থাৎ সাড়ে তিন সের) চাউল কি রুটী কি বিস্কুট কি ময়দা কি ওটমীল কি রুটী করিবার দ্রব্য লইতে হইবে। কিন্তু যদি কোন জাহাজের লক্ষিত স্থানে যাইবার পথের মধ্যে জলাশয় ভরিবার জন্যে অন্য কোন বন্দরে কি স্থানে যাইবার অভিপ্রায় থাকে, তবে ঐ বন্দরে কি স্থানে যাইতে যত কাল লাগিতে পারে তত কালের প্রত্যেক সপ্তাহের নিমিত্তে পূর্ব্বোক্ত হিসাবে জল লওয়া গেলে এই আইনমতে কার্য্য হইয়াছে এমত জ্ঞান হইবে। আরো আহারের যে সকল দ্রব্য উপরে লেখা হইয়াছে তাহার পরিবর্ত্তে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের বিবেচনাতে অন্য যে দ্রব্যের সমান গুণ থাকে তাহা উক্ত শ্রীযুতের বিশেষ অনুমতিক্রমে লওয়া গিয়াছে ইহা যদি দর্শান যায়, তবে আহারের পূর্ব্বোক্ত বিধিমতে কার্য্য হইয়াছে এমত জ্ঞান হইবে। আরো যদি কোন জাহাজে সমুদ্রের জল মিষ্ট করিবার "নরমাণ্ডির যন্ত্র" নামে যন্ত্র থাকে, তবে পূর্ব্ব বিধিমতে যত জল লইবার হুকুম হইয়াছে তাহার তিন ভাগের এক ভাগ কম জল লইবার অনুমতি হইবেক ইতি।

[বন্দরহইতে জাহাজের প্রস্থান করিবার অনুমতিপত্র পাইবার আগে কাপ্তান সাহেবের এক সরবে সর্টিফিকট লইবার কথা।।

১৭ ধারা। উক্ত প্রকারের কোন বসতিস্থানে গমনার্থে কোন জাহাজের অনুমতিপত্র পাইবার পূর্ব্বে, ঐ জাহাজ যে বন্দর কি স্থানহইতে প্রস্থান করিবে সেই বন্দরে কি স্থানে যিনি বিদেশগমনকারি ব্যক্তিরদের রক্ষক থাকেন তিনি চড়নদারেরদের ব্যবহারের জন্যে যত আহারীয় দ্রব্য ও জল লইবার বিধি পূর্ব্বে হইয়াছে তাহা তদারক করিয়া দেখিবেন, কিম্বা উপযুক্ত কোন ব্যক্তির দ্বারা তাহার তদারক করাইবেন, ও সেই সকল দ্রব্য ভাল ও সুখাদ্য আছে, ও তাহাছাড়া অতিরিক্ত জাহাজের মাল্লাপ্রভৃতির ব্যবহারের জন্যে যথেষ্ট জল ও খাইবার সামগ্রী জাহাজে রহিয়াছে ইহা জানিয়া লইবেন। আরো সেই জাহাজ সমুদ্রে গমনে যোগ্য ইহা সাধারণমতে বোধ হয়, ও চড়নদারেরদে

the directions hereinbefore contained for ensuring the health and safety of the passengers have been complied with, and shall grant a certificate thereof, under his hand, to the Master of such ship or vessel.

স্বাস্থ্যের ও নিরাপদের জন্যে যে সকল বিধি পূর্ব্বে হইয়াছে সেই সকল বিধিমতে কার্য্য হইয়াছে, এই সকল কথা জানিয়া লইবেন, ও আপনার দস্তখতকরা এক সর্টিফিকট ঐ জাহাজের কাপ্তান সাহেবকে দিবেন ইতি।

[Up to what time Master of vessel to furnish Emigrants with provisions.]

[বিদেশগমনকারি ব্যক্তিদিগকে জাহাজের কাপ্তান কত কালপর্য্যন্ত আহারীয় দ্রব্য দিবেন তাহার কথা।]

XVIII. The Master of every ship or vessel conveying Emigrants to any of the said Colonies shall be bound to provide for and furnish to every such Emigrant, and his wife and children, a sufficient quantity of good and wholesome provisions for his, her, and their daily maintenance during such voyage, and during the space of forty eight hours next after the arrival of such ship or vessel at the place of destination.

১৮ ধারা। উক্ত কোন বসতিস্থানে মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজের কাপ্তান সাহেব, ঐ জাহাজের পথে গমনকালের প্রতিদিনে ও জাহাজের লক্ষিত স্থানে পঁহুছিবার পর আটচল্লিশ ঘণ্টাপর্য্যন্ত বিদেশগমনকারি উক্ত প্রত্যেক জনকে ও তাহার স্ত্রীকে ও সন্তানদিগকে তাহারদের প্রতিদিনের আহারের জন্যে উত্তম ও সুখাদ্য দ্রব্য দিতে বদ্ধ হইবেন ইতি।

[Emigrant vessel to carry copies and translations of these Regulations.]

[মজুরদিগকে লইয়া যাইবার জাহাজে এই আইনের কএক কেতা ও তাহার তরজমা লইবার কথা।]

XIX. Two copies of Sections X. to XX. inclusive of this Act, and two copies of a translation thereof in such Native language as the local Government may direct, authenticated by the signature of the Protector of Emigrants at the Port or place at which such Emigrants shall embark, shall be delivered to the Master by such Protector at the time of clearance, and shall be kept on board of every ship or vessel carrying such Emigrants as aforesaid, during the whole voyage, and one of such copies or translations shall, upon request made at any reasonable time to the Master of the ship or vessel, be produced to any passenger for his perusal.

১৯ ধারা। এই আইনের ১০ ধারাঅবধি ২০ ধারাপর্য্যন্ত সকল ধারার দুই কেতা নকলে, ও স্থানীয় গবর্ণমেণ্ট দেশীয় যে ভাষাতে তাহা তরজমা করিতে হুকুম করেন, সেই ভাষাতে ঐ২ ধারার তরজমার দুই কেতা নকলে ঐ বিদেশগমনকারি ব্যক্তিরা যে বন্দর কি স্থানে জাহাজে উঠে সেই বন্দরের কি স্থানের মজুরেরদের রক্ষক সাহেব দস্তখত করিয়া, জাহাজের প্রস্থান করিবার অনুমতি লইবার সময়ে, কাপ্তান সাহেবকে তাহা দিবেন। ও পথে যাইবার তাবৎ কাল, ঐ২ ধারার ঐ২ কেতা নকল ঐ বিদেশগমনকারি ব্যক্তিদিগকে লইয়া যাইবার জাহাজে থাকিবে। ও উপযুক্ত কোন সময়ে ঐ জাহাজের কাপ্তান সাহেবের নিকটে চাওয়া গেলে ঐ২ ধারা কি তাহার তরজমা পাঠ করিবার জন্যে তাহার এক কেতা কোন আরোহিকে দেওয়া যাইবে ইতি।

[Master to deliver list to Emigration Agent.]

[কাপ্তান সাহেব এমিগ্রেশন এজেণ্ট সাহেবকে যে ফর্দ দিবেন তাহার কথা।]

XX. The Master of every ship or vessel carrying Emigrants from India to any of the Colonies aforesaid shall, before clearing out such ship or vessel, deliver to the Protector of Emigrants at the Port or place from which such vessel is cleared out, a list in writing, together with a duplicate of the same, specifying, as accurately as may be, the names, ages, and occupations of all and every the Emigrants on board such ship or vessel, and such Protector shall thereupon deliver to the said Master the counterpart of such list signed by such Protector; and the said Master shall, on the arrival of such ship or vessel at the place of destination, and previous to the disembarkation of any such Emigrants, give notice of the arrival of such ship or vessel, and deliver the said counterpart of such list to the British Consular Agent at the Colony at which the said ship or vessel may have arrived.

২০ ধারা। ভারতবর্ষহইতে পূর্ব্বোক্ত কোন বসতিস্থানে মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজের কাপ্তান সাহেব ঐ জাহাজের প্রস্থান করিবার পূর্ব্বে, যে বন্দর কি স্থানহইতে প্রস্থান করিবে তাহাতে বিদেশগমনকারি ব্যক্তিরদের যে রক্ষক সাহেব থাকেন তাঁহাকে হাতের লিখিত এক তালিকা ও তাহার এক কেতা নকল দিবেন, ঐ জাহাজে বিদেশগমনকারি যত জন আছে তাহারদের সকলের ও প্রত্যেক জনের নাম ও বয়স ও ব্যবসায়াদি সাধ্যমতে ঠিকরূপে সেই তালিকাতে লিখিত থাকিবে। ও সেই রক্ষক সাহেব আপনার দস্তখতকরা ঐ তালিকার নকল ঐ কাপ্তান সাহেবকে দিবেন। ও সেই জাহাজ লক্ষিত স্থানে পঁহুছিলে ও তদ্রূপ কোন মজুরপ্রভৃতির ঐ জাহাজহইতে উঠিয়া যাইবার পূর্ব্বে ঐ কাপ্তান সাহেব ঐ জাহাজ যে বসতিস্থানে পঁহুছে সেই স্থানের ব্রিটিশীয় কনসুলর এজেণ্ট সাহেবকে ঐ জাহাজের পঁহুছিবার সম্বাদ দিবেন ও ঐ তালিকার উক্ত নকল দিবেন ইতি।

[Penalty for non-compliance with particulars required before clearance.]

[জাহাজের প্রস্থান করিবার অনুমতি হইবার পূর্ব্বে যে সকল হুকুম মানিতে হয় তাহা না মানিলে দণ্ডের কথা।]

XXI. If the Master of any ship or vessel shall, at any of the Ports aforesaid, take on board such ship or vessel any Emigrant labourer of the description aforesaid and shall clear such ship or vessel

২১ ধারা। যদি কোন জাহাজের কাপ্তান সাহেব পূর্ব্বোক্ত প্রকারের বিদেশগমনকারি কোন মজুরকে ঐ জাহাজে লন, ও জাহাজের প্রস্থান করিবার অনুমতি হইবার পূর্ব্বে যে সকল বিশেষ কার্য্য করিবার হুকুম এই

for any of the said Colonies without having fully complied with every particular herein required previously to clearance, he shall be liable, on conviction before any Magistrate or Justice of the Peace, to a penalty not exceeding two hundred Rupees for every Emigrant laborer so taken on board his ship or vessel.

[Penalty for taking on board, after clearance, Emigrants not entered in list.]

XXII. If the Master of any ship or vessel shall after having cleared such ship or vessel at any such Port as aforesaid for any of the said Colonies, take on board any such Emigrant laborer as aforesaid without having entered such Emigrant laborer in such list as aforesaid, or without having obtained such duplicate as aforesaid containing the entry of such Emigrant prior to clearance, he shall be liable, on conviction before any Magistrate or Justice of the Peace, to a penalty not exceeding five hundred Rupees for every Emigrant so taken on board his ship or vessel.

[Penalty for fraudulent acts whereby certificate becomes inapplicable to the altered state of the vessel.]

XXIII. If any Master of any ship or vessel cleared for any of the said Colonies as aforesaid shall, after having obtained such certificate as aforesaid, fraudulently do or suffer to be done any act or thing whereby such certificate shall become inapplicable to the altered state of the ship or vessel, its passengers, or other matters to which such certificate relates, such Master shall be liable on conviction to a penalty not exceeding five thousand Rupees, besides incurring a forfeiture of any Bond executed in consideration of any license obtained for the vessel as originally described.

[Custom House Officers and Pilots to exercise, for the purposes of this Act, certain powers vested in the former for the prevention of smuggling.]

XXIV. All the powers vested by law in the Officers of Customs in regard to the searching and detention of ships or vessels or otherwise for the prevention of smuggling on board thereof, may be exercised by such Officers for the prevention of illegal embarkation of such Emigrants as aforesaid on board ships or vessels bound for any of the said Colonies and of other offences against this Act; and all Pilots in the service of the Government of India shall be invested with the same powers and be charged with the same duties as Preventive Officers of Customs in this behalf.

[*Government Gazette*, 4th December, 1860.]

আইনেতে হইয়াছে সেই সকল কার্য্য সম্পূর্ণরূপে না করিয়া যদি উক্ত কোন বসতিস্থানে যাইবার নিমিত্তে জাহাজের প্রস্থান করিবার অনুমতি লন, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে উঁহার দোষ সাবুদ হইলে, ঐ জাহাজে যত জন মজুরকে লওয়া [illegible] তাহার প্রত্যেক জনের নিমিত্তে উঁহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[প্রস্থান করিবার অনুমতি হইলে পর তালিকাতে যাহারদের নাম লেখা নাই এমত কোন মজুরকে জাহাজে লইবার দণ্ডের কথা।]

২২ ধারা। উক্ত কোন বসতিস্থানে যাইবার নিমিত্তে যদি কোন জাহাজের কাপ্তান সাহেব ঐ জাহাজের প্রস্থান করিবার অনুমতি পূর্ব্বোক্ত কোন বন্দরে পাইলে পর, পূর্ব্বোক্ত প্রকারের তালিকাতে যাহার নাম লেখা হয় নাই পূর্ব্বোক্তমতের এমত কোন মজুরকে জাহাজে লন, কিম্বা প্রস্থান করিবার অনুমতি পাইবার পূর্ব্বে ঐ মজুরের নাম যাহাতে লেখা থাকে তালিকার পূর্ব্বোক্ত প্রকারের এমত নকল না পাইয়া যদি ঐ মজুরকে জাহাজে লন, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে তাঁহার ঐ দোষ সাবুদ হইলে, বিদেশগমনকারি যত জনকে সেই প্রকারে জাহাজে লন তাহারদের প্রত্যেক জনের নিমিত্তে তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[প্রতারণার যে কার্য্য দ্বারা জাহাজের অবস্থা পরিবর্ত্তন হওয়াতে সর্টিফিকট খাটে না, সেই কার্য্যের দণ্ডের কথা।]

২৩ ধারা। পূর্ব্বোক্ত কোন বসতিস্থানে যাইবার জন্য যে জাহাজের প্রস্থান করিবার অনুমতি হয়, সেই জাহাজের কাপ্তান সাহেব, পূর্ব্বোক্তমতের সর্টিফিকট পাইলে পর, যদি প্রতারণাভাবে কোন কার্য্য করেন কি করিতে দেন, ও তাহাতে জাহাজের কিম্বা আরোহিদের কিম্বা সেই সর্টিফিকট অন্য যে বিষয়ের সম্পর্কীয় হয় তাহার অবস্থা পরিবর্ত্তন হইয়া যদি সেই সর্টিফিকট খাটিতে না পারে, তবে ঐ কাপ্তান সাহেবের নামে সাবুদ হইলে তাঁহার পাঁচ হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। তদ্ভিন্ন জাহাজের প্রথম যে অবস্থা নির্দ্দিষ্ট ছিল তাহা বুঝিয়া যে অনুমতিপত্র পাওয়া গেল তাহার উপলক্ষে যে বণ্ড লিখিয়া দেওয়া যায় তাহার টাকা জব্দ হইতে পারিবে ইতি।

[মাসুল না দিয়া জিনিস উঠাইয়া লওয়া নিবারণার্থে কষ্টম হোস আফিসরেরদের যে ক্ষমতা আছে সেই ক্ষমতামতে এই আইনের অভিপ্রায় সিদ্ধ করিবার জন্য তাঁহারদের ও অর্ফ্রকাটি সাহেবের সব কার্য্য করিবার কথা।]

২৪ ধারা। জাহাজে মাসুল না দিয়া জিনিস উঠাওনের নিবারণার্থে জাহাজের তল্লাশী লওন ও আটক করণের বিষয়ে হাসিলের কার্য্যকারকদিগকে আইনমতে যে সকল ক্ষমতা দেওয়া যায়, পূর্ব্বোক্ত কোন বসতিস্থানে গমনশীল জাহাজের উপর উক্ত প্রকার বিদেশগমনকারি ব্যক্তিদিগকে বেআইনীরূপে আরোহণের নিবারণ জন্যে ও এই আইনের নিষিদ্ধ কর্ম্ম নিবারণার্থে ঐ কার্য্যকারক সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন। আরো এই বিষয়ে হাসিলের কার্য্যকারকেরদের প্রতি যে কার্য্যের ভার অর্পণ হইল, ও তাঁহারদিগকে যে ক্ষমতা দেওয়া গেল, ভারতবর্ষের সরকারের চাকর, নিযুক্ত সকল আর্ফ্রকাটিরও সেই ক্ষমতা ও ভার হইবে ইতি।

[Custom House Officers and Pilots at Calcutta to countersign papers. To muster crew and Passengers and Emigrants. Report of Emigrants on board. Penalty.]

[কলিকাতার কষ্টম হৌস আফিসরেরদের ও আড়কাটি সাহেবেরদের কাগজপত্রে দস্তখৎ করিতে হইবার কথা ও জাহাজের মল্লাপ্রভৃতির ও চড়নদারেরদের ও মজুরেরদের গণতি লইবার কথা, ও জাহাজের মজুরেরদের বিষয়ে রিপোর্ট করিবার কথা ও দণ্ডের কথা ।]

XXV. Whenever a vessel shall clear from Calcutta for any of the said Colonies with Emigrant laborers duly embarked thereon, the Customs Officer on board such vessel shall countersign the pass or certificate brought on board such vessel by every such Emigrant laborer and shall keep a register of every such Emigrant laborer as may come on board. And such Customs Officer shall remain on board such vessel until she shall arrive in Saugor roads, and shall not come away until muster of the crew and passengers and Emigrant laborers has been made in his presence and in that of the Pilot in charge of the vessel; and after the Customs Officer has taken muster and quitted the vessel, the Pilot shall continue to exercise the duties indicated in the last preceding Section of this Act; and it shall be lawful for him, if he shall deem it necessary, to require the Master or Commander to take a general muster of the crew and passengers and Emigrant laborers on board, and to sign a muster roll so taken. And every such Custom House Officer and Pilot shall make a complete report of the Emigrant laborers on board of any ship at the time of his quitting the same; and such report shall contain a declaration that to the best of the declarant's belief no additional Emigrant laborers have been received on board since obtaining the certificate, and that nothing else has been done or omitted to be done in the ship or vessel contrary to the provisions of this Act; and every such report or muster (if any) shall be transmitted without delay to the Protector of Emigrants at the Port. And any Custom House Officer or Pilot who shall wilfully make a false, erroneous, or incomplete report of the Emigrant laborers on board of any ship, or who shall connive at the unauthorized embarkation of any such Emigrant laborers, shall be liable, besides dismissal, to a fine of five hundred Rupees, commutable if not paid to imprisonment in the Civil Jail for six months, and the penalty shall be adjudged in like manner as similar penalties are adjudged for offences committed in respect to the Customs Revenue.

২৫ ধারা । যে মজুরেরা উপযুক্তমতে জাহাজে উঠিয়াছে তাহারদিগকে লইয়া যদি উক্ত কোন জাহাজ কলিকাতাহইতে উক্ত কোন বসতিস্থানে যাইবার নিমিত্তে রওয়ানা হয়, তবে ঐ জাহাজে নিযুক্ত হাসিলের কার্য্যকারক ঐ বিদেশগমনকারি মজুর যে পাস অথবা সর্টিফিকট লইয়া জাহাজে আইসে তাহাতে দস্তখৎ করিবেন, ও ঐরূপ বিদেশগমনকারি যত মজুর জাহাজে উঠে তাহারদের এক রেজিষ্টর রাখিবেন । ঐ জাহাজ সাগরে না পঁহুছনপর্য্যন্ত ঐ হাসিলের কার্য্যকারক জাহাজে থাকিবেন, ও আপনার সম্মুখে ও জাহাজের আড়কাটির সম্মুখে জাহাজের মল্লাপ্রভৃতির ও চড়নদারেরদের ও বিদেশগমনকারি মজুরেরদের গণতি না হওয়াপর্য্যন্ত জাহাজহইতে চলিয়া যাইবেন না, ও হাসিলের কার্য্যকারক ঐ গণতি করিয়া জাহাজ ছাড়িবার পরে আড়কাটি সাহেব ইহার পূর্ব্বের ধারার নির্দ্দিষ্ট কার্য্য করিতে থাকিবেন । ও তাঁহার এইং ক্ষমতা থাকিবে যে আবশ্যক বোধ করিলে ঐ জাহাজে বিদেশগমনকারি যত ব্যক্তি থাকে তাহারদের ও মল্লাপ্রভৃতির ও চড়নদারেরদের গণতি করিতে জাহাজের অধ্যক্ষকে হুকুম করেন, ও ঐ গণতির তালিকায় দস্তখৎ করেন । ও হাসিলের এমত প্রত্যেক কার্য্যকারক ও আড়কাটি সাহেব যে সময়ে জাহাজ ছাড়িয়া যাইবেন সেই সময়ে ঐ জাহাজে বিদেশগমনকারি যত মজুর ছিল তাহারদের বিষয়ের সম্পূর্ণ রিপোর্ট করিবেন, ও সেই রিপোর্টে এমত কথা লিখিবেন যে, আমার জ্ঞাতসারপর্য্যন্ত আমি কহিতে পারি যে সর্টিফিকটপ্রাপ্ত হওনের পর বিদেশগমনকারি অতিরিক্ত কোন মজুরকে জাহাজে লওয়া যায় নাই ও এই আইনের বিধানের বিপরীত কোন কার্য্য করা যায় নাই কিম্বা যাহা করিতে হুকুম আছে তাহার ত্রুটি হয় নাই । ও এমত রিপোর্ট ও গণতি হইলে সেই গণতির তালিকা ঐ বন্দরের মজুরেরদের রক্ষক সাহেবের নিকটে অবিলম্বে পাঠাইতে হইবে । হাসিলের যে কোন কার্য্যকারক কিম্বা আড়কাটি সাহেব জানিয়াশুনিয়া ঐ জাহাজের উপর বিদেশগমনকারি মজুরেরদের মিথ্যা বা অশুদ্ধ কি অসম্পূর্ণ রিপোর্ট করেন অথবা বেআইনীমতে বিদেশগমনকারি মজুরদিগের আরোহণের বিষয়ে জানিয়াশুনিয়া চুপ করিয়া থাকেন সেই কার্য্যকারক কি আড়কাটি সাহেব কর্ম্মহইতে তগীর হওয়ার যোগ্য হইবেন । ও তদতিরিক্ত ৫০০৲ টাকা জরীমানা দেওনের যোগ্য হইবেন । ও যদি ঐ জরীমানার টাকা না দেওয়া যায় তবে দেওয়ানীর জেলখানায় ছয় মাস মিয়াদে কয়েদের যোগ্য হইবেন ও হাসিলের রাজস্বের বিষয়ে অপরাধ হইলে যেরূপ দণ্ড নিরূপণ হয় সেইরূপে এই অপরাধের বিষয়েও দণ্ড নিরূপণ হইবে ইতি ।

[Punishment for forgery of document required by this Act.]

[এই আইনের হুকুমমতের কোন দলীল জাল করিয়া লিখিবার দণ্ডের কথা ।]

XXVI. If any person shall forge, or shall use knowing it to be forged, any document required by this Act, such person shall be liable to be imprisoned for any period not exceeding seven years.

২৬ ধারা । যদি কোন ব্যক্তি এই আইনের হুকুমকরা কোন দলীলদস্তাবেজ জাল করে, অথবা জাল হইয়াছে জানিয়া তাহা লইয়া ব্যবহার করে, তবে সেই ব্যক্তি সাত বৎসরের অনধিক কালপর্য্যন্ত কয়েদের যোগ্য হইবে ইতি ।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০ । ৪ ডিসেম্বর ।]

[Penalties how to be enforced.]

XXVII. All the several penalties to which the Masters of ships or vessels are liable by this Act shall be enforced by information laid before any Magistrate or Justice of the Peace at the instance of the Protector of Emigrants or of any Officer appointed for the purpose by the Government of the Presidency or place, or may be enforced by putting in suit the Bond given by the Master, if such Bond has been given in consideration of the license granted to the ship.

[Levy of fines.]

XXVIII. All fines and penalties imposed by a Magistrate or Justice of the Peace under the authority of this Act, if no other means for enforcing the payment of such fines and penalties are provided by this Act, may in case of non-payment thereof be levied by distress and sale of the goods and chattels of the offender by warrant of the Magistrate or Justice. When a warrant of distress is issued, the Magistrate or Justice may order the offender to be detained and kept in safe custody until return can be conveniently made to such warrant, unless the offender enter into a recognizance, with or without sureties, conditioned for his appearance before him on the day appointed for such return, such day not being more than eight days from the time of taking such recognizance; but if before issuing such warrant of distress, it shall appear to the Magistrate or Justice, by the admission of the offender or otherwise, that no sufficient distress can be had within the jurisdiction of such Magistrate or Justice whereon to levy such fine or penalty, he may, if he think fit, refrain from issuing such warrant of distress; and in such case, or if such warrant shall have been issued and upon the return thereof such insufficiency aforesaid shall be made to appear to the Magistrate or Justice, he shall, by warrant, commit the offender to jail, there to be imprisoned, according to the discretion of the Magistrate or Justice, for any term not exceeding two months where the amount of the fine shall not exceed fifty Rupees, and for any term not exceeding four months where the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six months in any other case; the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Numerical proportion of women to men by each shipment.]

XXIX. Each shipment of Emigrants under this Act shall include a proportion of women equal to at least one-fourth of the number of men. After the expiration of three years, the numerical proportion of women shall be raised to one-third; after two years more, it shall be raised to one-half; and after a further period of two years, the proportion shall

[*Government Gazette, 4th December*, 1860]

[দণ্ডের আজ্ঞা প্রবল করিবার নিয়মের কথা।]

২৭ ধারা। বিদেশগমনকারি মজুরেরদের রক্ষক সাহেব অথবা তৎস্থানের কি রাজধানীর গবর্ণমেণ্ট সেই কর্ম্মের নিমিত্তে যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি কোন মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে এজহার দিলে, জাহাজের কাপ্তান সাহেবেরা এই আইনের দ্বারা যেং দণ্ডের যোগ্য হন, সেইং দণ্ডের হুকুম জারী হইবে, অথবা ঐ কাপ্তান সাহেব যে বণ্ড লিখিয়া দিয়া থাকেন, তাহা যদি জাহাজে দেওয়া অনুমতিপত্রের উপলক্ষে লেখা গিয়া থাকে তবে সেই বণ্ড ধরিয়া নালিশ করণের দ্বারা এই আইনের নিরূপিত দণ্ডের হুকুম জারী হইবে ইতি।

[জরীমানার টাকা আদায় করিবার কথা।]

২৮ ধারা। এই আইনের শক্তিক্রমে কোন মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পীস সাহেব কোন জরীমানার কি অর্থদণ্ডের হুকুম করিলে, যদি সেই জরীমানার কি অর্থদণ্ডের টাকা আদায় করিবার অন্য কোন উপায়ের বিধান এই আইনেতে না হইয়া থাকে, তবে ঐ টাকা না দেওয়া গেলে, মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেবের পরওয়ানামতে অপরাধির মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া ঐ টাকা উসুল হইতে পারিবেক। যখন ক্রোকের পরওয়ানা বাহির হয়, তখন ঐ পরওয়ানার ওয়াপেস যত কাল সুবিধামতে হইতে না পারে তত কালপর্য্যন্ত অপরাধিকে আটক করিয়া হাজতে রাখিতে ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেব হুকুম করিতে পারিবেন। কিন্তু যদি ঐ অপরাধী পরওয়ানার ওয়াপেস হইবার নিরূপিত দিনে হাজির হইবার একরারনামা জামিন দিয়া কি বিনা জামিনীতে লিখিয়া দেন তবে তাঁহাকে হাজতে রাখিতে হইবেক না। কিন্তু হাজির হইবার সেই দিন ঐ একরার লইবার সময়াবধি আট দিনের অধিক না হয়। সেই ক্রোকের পরওয়ানা বাহির হইবার পূর্ব্বে যদি ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেব ঐ অপরাধির কবুলমতে কি অন্য কোন প্রকারে জানিতে পান যে, ঐ জরীমানার কি অর্থদণ্ডের টাকা যাহাতে উসুল হইতে পারে, ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেবের এলাকার মধ্যে অপরাধির ক্রোক করিবার এমত উপযুক্ত দ্রব্য নাই, তবে তিনি উপযুক্ত বোধ করিলে ঐ ক্রোকের পরওয়ানা জারী করা স্থগিত করিতে পারিবেন, তদ্রূপ স্থলে, কিম্বা ঐ ক্রোকের পরওয়ানা জারী হইলে ও তাহার ওয়াপেস হইলে ক্রোক করিবার উপযুক্ত দ্রব্য না থাকার কথা যদি ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেবের নিকটে দর্শান যায়, তবে তিনি পরওয়ানাক্রমে অপরাধিকে জেলখানায় কয়েদ করিবেন। অর্থাৎ জরীমানা পঞ্চাশ টাকার অধিক না হইলে দুই মাসপর্য্যন্ত, ও জরীমানা এক শত টাকার অধিক না হইলে চারি মাসপর্য্যন্ত, ও অন্য কোন স্থলে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেবের বিবেচনামতে তাঁহাকে কয়েদ করিবেন। পূর্ব্বোক্ত কোন স্থলে জরীমানার টাকা দেওয়া গেলেই তাঁহাকে কয়েদহইতে মুক্ত করা যাইবেক ইতি।

[জাহাজ যাইবার সময়ে যত জন পুরুষ যায় তাহা বুঝিয়া কত জন স্ত্রী লোকের যাইতে হইবে তাহার কথা।]

২৯। এই আইনমতে বিদেশগমনকারি ব্যক্তিরা যখন জাহাজে যায় তখন পুরুষ যত জন যায় তাহার চারি ভাগের এক ভাগ স্ত্রীলোকও যাইবে। তিন বৎসর গত হইলে পর, পুরুষ যত জন যাইবে তাহার তিন ভাগের এক ভাগ স্ত্রীলোকও যাইতে পাইবে। আর দুই বৎসর গত হইলে পর যত জন পুরুষ যায় তাহার অর্দ্ধেক সংখ্যার স্ত্রীলোকও যাইবে। তাহার পর আর দুই

be the same as has been or may be fixed for the British Colonies.

[Protector to have right of access to every part of the ship.]

XXX. The Protector of Emigrants shall have at all reasonable times the right of access to every part of every ship which is appropriated to the use of Emigrants under this Act.

[Act when to take effect.]

XXXI. This Act shall take effect as to the Emigration of Native laborers from India to the number of not more than six thousand to the Island of Re-union, from the time of the passing thereof, and shall take effect generally as to Emigration to the said Island and to Martinique Guadeloupe and its dependencies, and Guiana, from the time when the Convention herein recited and set forth shall have been concluded and signed and shall take effect, and as to emigration to any other French Colony, from such date as the Governor General in Council in extending this Act to such Colony shall determine. From the time this Act shall so take effect, it shall continue in force so long as the said Convention shall continue in force and no longer. Provided that Act XIX. of 1856 (to enable the Governor General of India in Council to suspend the operation of certain Acts relating to the Emigration of Native laborers) shall have full force and effect in respect to the Emigration of Native laborers to any or all of the French Colonies under this Act.

M. WYLIE,
Clerk of the Council.

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 6TH OCTOBER 1860.

THE following Bill was read a second time in the Legislative Council on the 6th October 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 10th of January next:—

A Bill for the Regulation of Police within any parts of the British Territories in India to which it may please the Governor General in Council to extend its provisions.

[Preamble.]

WHEREAS it is expedient to make the Police Force an efficient instrument at the disposal of the Magistrate for the prevention and detection of crime, and to reorganize the Police Force; It is enacted as follows:—

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৮ ডিসেম্বর।]

বৎসর গত হইলে, পুরুষেরদের সংখ্যা বুঝিয়া যত জন স্ত্রী ব্রিটনীয় বসতি স্থানে যাইতে পায় তত জন স্ত্রীলোকের যাইবার অনুমতি হইবে ইতি।

[জাহাজের সকল স্থানে রক্ষক সাহেবের যাইবার ক্ষমতার কথা।]

৩০ ধারা। এই আইনমতে বিদেশগমনকারি ব্যক্তিরদের ব্যবহারের জন্য জাহাজের যেং ভাগ নিরূপণ হইয়া থাকে সেই সকল ভাগে বিদেশগমনকারি ব্যক্তিরদের রক্ষক সাহেবের উপযুক্ত সকল সময়ে গমন করিবার অধিকার থাকিবে ইতি।

[এই আইন যে সময়ে চলন হইবে তাহার কথা।]

৩১ ধারা। এই আইন যে সময়ে জারী হয়, সেই সময়াবধি ভারতবর্ষহইতে রিইউনিয়ন নামক উপদ্বীপে ছয় হাজারের অনধিক এদেশীয় মজুরের যাইবার বিষয়ে চলন হইবে। ও এই আইনের লিখিত ও প্রকাশিত সন্ধিপত্র যে সময়ে সিদ্ধ হয় ও তাহাতে যে সময়ে দস্তখৎ হয়, সেই সময়াবধি উক্ত উপদ্বীপে ও মার্টিনীক ও গোয়াডিলুপ ও তাহার যোতালক স্থানে ও গায়ানাতে মজুরেরদের সাধারণমতে গমনের বিষয়ে এই আইন চলন হইবে, ও হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুর এই আইন অন্য কোন বসতিস্থানে খাটাইয়া যে তারিখ নির্দ্ধার্য্য করেন সেই তারিখঅবধি সেই অন্য বসতিস্থানে লোকেরদের গমনবিষয়ে চলন হইবে। এই আইন যে সময়ে সেইরূপে চলন হয়, সেই সময়াবধি ঐ সন্ধিপত্র যত কাল প্রবল থাকে তত কালপর্য্যন্ত চলন হইবে, তাহার অধিক কাল নহে। কিন্তু ১৮৫৬ সালের ১৯ আইন (অর্থাৎ এদেশীয় মজুরেরদের বিদেশে গমনবিষয়ের কতক আইনের চলন স্থগিত করিতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরকে ক্ষমতা দেওনের আইন) ফ্রেন্সীয়েরদের কোন কি সকল বসতিস্থানে এই আইনমতে এদেশীয় মজুরেরদের গমনের বিষয়ে সম্পূর্ণরূপে প্রবল ও বলবৎ হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৬ অক্টোবর।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের অক্টোবর মাসের ৬ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। তাঁহারা আগামি জানুয়ারি মাসের ১০ তারিখের পরে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের যে কোন স্থানে হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুর এই আইন চলন করান সেই স্থানের পোলীসের বিধান করিবার আইনের মুসাবিদা।

[অনুষ্ঠান।]

পোলীসের কর্ম্মকারকদিগকে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাধীনে অপরাধ নিবারণের ও তাহার সন্ধান লওয়ার ফলজনক উপায় করা, ও পোলীসের কর্ম্মকারকদিগের নূতন নিয়ম করা বিহিত, এই কারণে এইং হুকুম হইল

[Interpretation.]

I. The following words and expressions in this Act shall have the meaning hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction, (that is to say)—

["District Officer."]

The Words "District Officer" shall mean the Chief Magisterial Officer in charge of a District and exercising the full powers of a Magistrate under the Regulations, or by whatever designation the Officer in executive administration of a District is styled.

["Magistrate."]

The words "Magisterial Officer" shall include all persons, within the Police District, exercising all or any of the powers of a Magistrate.

["Subordinate."]

The word "Subordinate" as applied to Police Functionaries, shall mean District Superintendents and their Assistants.

["Police."]

The word "Police" shall include General and Village Police, and all other persons, by whatever name known, who exercise any Police functions.

["General Police District."]

The expression "General Police District" shall embrace any Province, District, Tract or Territory to which the operation of this Act shall be extended.

["Property."]

The word "property" shall include any chattel, money, or valuable security.

["Number."]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

["Gender."]

Words importing the masculine gender shall include females.

["Person."]

The word "person" shall include a Company or Corporation.

["Month."]

The word "month" shall mean calendar month.

["Cattle."]

The word "cattle" shall, besides horned cattle, include Elephants, Camels, Horses, Asses, Mules, Sheep, Goats, and Swine.

[Superintendence vested in Governor in Council.]

II. The Superintendence of the Police throughout the General Police District shall vest in and be exercised by the Local Government, under the control of the Governor General in Council; and, except as authorized by the Local Government,

[অর্থের কথা।]

১ ধারা। এই আইনের নীচের লিখিত যে২ শব্দের ও কথার যে২ অর্থ এই ধারাতে করা গিয়াছে তাহার সেই২ অর্থ হইবে। কেবল যদি বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার ভাব বিবেচনায় সেই অর্থ না খাটে, তবে তাহার সেই অর্থ হইবে না। অর্থাৎ,

"জিলার কার্য্যকারক সাহেব"

"জিলার কার্য্যকারক সাহেব" এই কথাতে আইনমতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কার্য্যকারি প্রধান যে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি কোন জিলার কর্ম্মের ভার অর্পণ হয় তাঁহাকে, কিম্বা কোন জিলার কর্ম্ম নির্ব্বাহ করিবার ভার যে কার্য্যকারকের থাকে তাঁহার যে কোন খ্যাতি হউক তাঁহাকে বুঝায়।

"মাজিষ্ট্রেট।"

"মাজিষ্ট্রেট" এই শব্দেতে পোলীসের এলাকার মধ্যে যে সকল ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের সকল কি কোন ক্ষমতামতে কার্য্য করেন তাঁহারদিগকে বুঝায়।

"তাবেদার কর্ম্মকারক।"

"তাবেদার কর্ম্মকারক" এই কথা যদি পোলীসের কর্ম্মকারকেরদের সম্পর্কে প্রয়োগ হয় তবে তাহাতে জিলার সুপরিণ্টেণ্ডেণ্টদিগকে ও তাঁহারদের আসিষ্টাণ্টদিগকে বুঝায়।

"পোলীস।"

"পোলীস" এই শব্দেতে সাধারণ ও গ্রামের পোলীসকে বুঝায়, ও যে কোন নামে খ্যাত অন্য যে সকল লোক পোলীসের কোন কর্ম্ম নির্ব্বাহ করেন তাঁহারদিগকেও বুঝায়।

"পোলীসের সাধারণ এলাকা।"

"পোলীসের সাধারণ এলাকা" এই শব্দেতে যে কোন প্রদেশে কি জিলাতে কি অঞ্চলে কি দেশে এই আইনের কার্য্য চলন হয় সেই প্রদেশপ্রভৃতিকে বুঝায়।

"সম্পত্তি।"

"সম্পত্তি" এই শব্দেতে কোন দ্রব্য কি টাকা কি মূল্যবান নিদর্শনপত্রও বুঝায়।

"বচন।"

এক বচনের শব্দেতে বহু বচনও বুঝায়, ও বহুবচনের শব্দেতে এক বচনও বুঝায়।

"লিঙ্গ"

পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীদিগকেও বুঝায়।

"ব্যক্তি।"

"ব্যক্তি" এই শব্দের মধ্যে কোন কোম্পানি কি চার্টরপ্রাপ্ত সমাজকেও বুঝায়।

"মাস"

"মাস" এই শব্দেতে ইঙ্গরেজী হিসাবমতের মাস বুঝায়।

"গোমেষাদি।"

"গোমেষাদি" এই শব্দেতে গোরু ও হাতি ও উট ও ঘোড়া ও গাধা ও খচর ও মেষ ও ছাগল ও শূকরও বুঝায়।

[তত্ত্বাবধারণের ভার হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের প্রতি অর্পণ হইবার কথা।]

২ ধারা। পোলীসের সাধারণ এলাকার সর্ব্বস্থানে পোলীসের তত্ত্বাবধারণের কার্য্য হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অধীনে স্থানবিশেষের গবর্ণমেণ্টের প্রতি অর্পণ হইবেক ও ঐ গবর্ণমেণ্ট সেই তত্ত্বাবধারণ করিবেন। ও এই আইনের বিধানমতে স্থানবিশেষের গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা না পাইলে,

under the provisions of this Act, no person, Officer, or Court shall be empowered to appoint, supersede, or control any Police functionary; any Regulation, Act, or usage to the contrary notwithstanding.

[Inspector General of Police, &c.]

III. The administration of the Police throughout the General Police District shall be vested in an Officer to be styled the Inspector General of Police, and in such Subordinates, subject to the general control and direction of the District Officer, as to the Local Government shall seem fit, who shall from time to time be appointed by the said Local Government and may be removed by the same authority; and who shall receive such salary as the Governor General of India in Council shall allow.

[Powers of Police, &c.]

IV. All powers not inconsistent with the provisions of this Act, which up to the passing of this Act belonged by law to the existing Police Authorities, shall be vested in the Police Authorities appointed under this Act. Provided always that no Police Functionary so appointed shall possess or exercise any Judicial or Revenue authority; and the duties and responsibilities of Land-holders and others as defined by law shall apply to the Police appointed under this Act.

[Inspector General to be appointed a Magistrate. To act as such under the orders of Government District Superintendent may be appointed a Magistrate. In what cases he may act in that capacity.]

V. The Inspector General of Police shall be appointed a Justice of the Peace. He shall also have the full powers of a Magistrate throughout the General Police District, but shall exercise those powers subject to such orders as may from time to time be issued by the Local Government. The Local Government may vest any District Superintendent of Police with all the powers of a Magistrate within such limits as it may deem proper, but such Superintendent shall exercise the powers with which he shall be so invested only so far as may be necessary for the preservation of the peace, the prevention of crime, and the detection, apprehension and detention of offenders, in order to their being brought before a Magistrate, and as far as may be necessary for the performance of the duties assigned to him by this Act.

[Constitution of the Force.]

VI. The entire Police establishment under each Local Government shall, for the purpose of this Act, be deemed to be one Police Force, and shall be

কান ব্যক্তি কি কোন কার্য্যকারক সাহেব কি আদালত পোলীসের কোন কর্ম্মকারককে নিযুক্ত কি তগীর করিতে কি তাহার উপর কর্তৃত্ব করিতে পারিবেন না। কোন আইন কি আক্ট কি আচার ইহার বিপরীত হইলেও পারিবেন না ইতি।

[পোলীসের ইন্‌স্পেক্টর জেনরলপ্রভৃতির কথা।]

৩ ধারা। পোলীসের সাধারণ এলাকার সর্ব্বস্থানে পোলীসের কার্য্য নির্ব্বাহ করিবার ভার পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল নামে এক জন কর্ম্মকারক সাহেবের হাতে ও তাবেদার যত কর্ম্মকারক স্থানবিশেষের গবর্ণমেণ্ট উপযুক্ত বোধ করেন তাহারদের হাতে থাকিবে। তাহারা জিলার কর্ম্মকারক সাহেবের কর্তৃত্বের ও আজ্ঞার অধীনে সাধারণমতে থাকিবে। তাহারদিগকে উক্ত স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ নিযুক্ত করিবেন, ও ঐ গবর্ণমেণ্টের হুকুমমতে তাহার তগীর হইতে পারিবেক। ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্‌ জেনরল বাহাদুর তাহারদের যত বেতন নির্দ্ধার্য্য করেন তত তাহারা পাইবে ইতি।

[পোলীসের ক্ষমতাপ্রভৃতির কথা।]

৪ ধারা। এই আইন জারী হইবার কালপর্য্যন্ত এতক্ষণকার পোলীসের কর্ম্মকারকেরদের যে সকল ক্ষমতা আইনমতে থাকে, সেই সকল ক্ষমতা এই আইনের বিধানেতে যেপর্য্যন্ত অসঙ্গত না হয়, সেইপর্য্যন্ত এই আইনমতের নিযুক্ত পোলীসের কর্ম্মকারকেরদের হইবে। কিন্তু পোলীসের যে কোন কার্য্যকারক সেই প্রকারে নিযুক্ত হন তাঁহার দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার কি রাজস্ব আদায়প্রভৃতি করিবার ক্ষমতা থাকিবে না ও সেই২ ক্ষমতামতে তিনি কার্য্য করিবেন না। ও জমীদারপ্রভৃতির যে২ কর্ত্তব্য কর্ম্ম ও যে২ দায় আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এই আইনমতের নিযুক্ত পোলীসের উপর খাটিবে ইতি।

[ইন্‌স্পেক্টর জেনরল সাহেবের মাজিষ্ট্রেটী পদে নিযুক্ত হইবার কথা ও গবর্ণমেণ্টের হুকুমমতে তাঁহার সেই পদে কর্ম্ম করিবার কথা। ও এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের মাজিষ্ট্রেটী পদে নিযুক্ত হইবার কথা। ও যে২ স্থলে তিনি সেই পদোপলক্ষে কার্য্য করিতে পারিবেন তাহার কথা।]

৫ ধারা। পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল সাহেব জুষ্টিস অফ দি পীসের পদে নিযুক্ত হইবেন। ও পোলীসের সাধারণ এলাকার তাবৎ স্থানে তাঁহার মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা থাকিবে। কিন্তু স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ যে হুকুম জারী করেন সেই হুকুম মানিয়া তিনি ঐ ক্ষমতামতে কার্য্য করিবেন। স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে কোন সীমানা উপযুক্ত বোধ করেন সেই সীমানার মধ্যে পোলীসের কোন এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে মাজিষ্ট্রেটের সকল ক্ষমতা দিতে পারিবেন। কিন্তু ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে যে ক্ষমতা সেই প্রকারে দেওয়া যায়, শান্তিরক্ষার জন্যে ও অপরাধ নিবারণের জন্যে ও অপরাধিদিগকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনাইবার নিমিত্তে তাহারদের অন্বেষণ করিবার ও তাহারদিগকে গ্রেফ্তার ও আটক করিয়া রাখিবার জন্য যেপর্য্যন্ত আবশ্যক হয় ও এই আইনমতে যে সকল কার্য্য তাঁহার প্রতি অর্পণ করা যায় তাহা নির্ব্বাহ করিবার জন্যে যেপর্য্যন্ত আবশ্যক হন সেইপর্য্যন্ত তিনি সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, অন্য স্থলে নয় ইতি।

[পোলীসের দলবদ্ধ করিবার বিধি।]

৬ ধারা। স্থানবিশেষের একং গবর্ণমেণ্টের তাবে পোলীসসম্পর্কীয় সিবিপন্ডার সমুদয় কর্ম্মকারক এই আইনের কার্য্যের নিমিত্তে পোলীসের একি দলস্বরূপ

formally enrolled ; and shall consist of such number of Officers and men, and shall be otherwise constituted in such manner, as shall be from time to time ordered by the Local Government, subject to the sanction of the Governor General of India in Council.

জ্ঞান হইবে। ও তাহারদের নাম দাঁড়ামতে ফর্দে লেখা যাইবে। ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যত জন জমাদার সরজেন্টপ্রভৃতির ও লোকের নিযুক্ত হইবার বিষয়ের ও পোলীসের দলবদ্ধ হওয়ার অন্য২ নিয়মের যে হুকুম সময়ে২ করেন সেই হুকুমমতে তাঁহারা নিযুক্ত হইবেন ও ঐ দলবদ্ধ হইবেন ইতি।

[Inspector General to control Force and make rules.]

VII. The Inspector General of Police may, from time to time, subject to the approval of the Local Government, frame such orders and regulations as he shall deem expedient, relative to the general organization and distribution of the Force, the places of residence, the pay and rank, the classification, distribution and particular service of the members thereof : their inspection, the description of arms, accoutrements and other necessaries to be furnished to them ; the collecting and communicating intelligence and information : and all such other orders and regulations relative to the said Police Force as the said Inspector General shall, from time to time, deem expedient for preventing abuse or neglect, and for rendering such Force efficient in the discharge of all its duties.

[ইনস্পেক্টর জেনরল সাহেবের ঐ দলের উপর কর্তৃত্ত্ব করিবার ও তাহার বিধি করিবার কথা।]

৭ ধারা। ঐ দলে যাহারদিগকে গ্রাহ্য করিতে হইবেক ও যাহারদিগকে যে পদে নিযুক্ত করিতে হইবে তাহার বিষয়ে, ও তাহারদের বাসস্থানের ও বেতনের ও শ্রেণীর ও সংপ্রদায়ের বিষয়ে, ও যে লোকেরদের যে স্থানে থাকিয়া যে কর্ম্ম করিতে হইবেক এই বিষয়ে, ও তাহারদের তদারকের বিষয়ে, ও যে প্রকারের অস্ত্রশস্ত্র ও সাজ ও আবশ্যক অন্য২ সরঞ্জাম পাইতে হইবে তাহার বিষয়ে, ও খবর পাইবার ও জানাইবার বিষয়ে, পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেব যে২ হুকুম ও বিধান বিহিত বোধ করেন তাহা তিনি স্থানবিশেষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে সময়ে২ করিতে পারিবেন, ও কোন অত্যাচার ও কর্ম্মে শৈথিল্য না হইবার জন্যে ও সেই দলের কর্ত্তব্য সকল কর্ম্ম সফলরূপে নির্ব্বাহ হইবার জন্যে উক্ত ইনস্পেক্টর জেনরল সাহেব ঐ পোলীসের দলের বিষয়ে অন্য যে সকল হুকুম ও বিধান সময়ে২ বিহিত বোধ করেন তাহা তিনি করিবেন ইতি।

[Inspector General to appoint and dismiss.]

VIII. The appointment of all Police Officers shall, under such rules as the Local Government shall, from time to time sanction, rest with the Inspector General of Police and the District Superintendents, who may, under such rules as aforesaid, at any time dismiss, suspend, reduce or fine to any amount not exceeding one month's pay, any Police Officer whom they shall think remiss or negligent in the discharge of his duty or otherwise unfit for the same.

[নিযুক্ত ও তগীর করিতে ইনস্পেক্টর জেনরল সাহেবের ক্ষমতার কথা।]

৮ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ যে সকল বিধিতে সম্মত হন সেই২ বিধিমতে পোলীসের সকল কর্ম্মকারককে নিযুক্ত করিবার ভার পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেবের ও এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরদের উপর থাকিবে। ও পোলীসের কোন কর্ম্মকারক আপনার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করণে গাফিলী কি শৈথিল্য করিতেছে কিম্বা অন্য প্রকারে আপনার কর্ম্মের অনুপযুক্ত আছে এমত বোধ করিলে তাঁহারা পূর্ব্বোক্ত প্রকারের কোন বিধিমতে তাহাকে কোন সময়ে তগীর কি মসাপেণ্ড করিতে পারিবেন কিম্বা নীচের পদে নিযুক্ত করিতে পারিবেন কিম্বা এক মাসের বেতন যত টাকা হয় তত টাকাপর্য্যন্ত তাহার জরীমানা করিতে পারিবেন ইতি।

[Police Officers to receive certificates of Office.]

IX. Every person so appointed shall receive on his enrolment a certificate in the form annexed to this Act under the seal of the Inspector General, or such other Officer as the Inspector General shall appoint, by virtue of which the person holding such certificate shall be vested with the powers, functions, and privileges of a Police Officer. Such certificate shall cease to have effect whenever the person named in it is suspended or dismissed, or otherwise removed from employment in the Police Force, and shall thereupon be immediately surrendered to his superior Officer or other person empowered to receive it.

[পোলীসের কর্ম্মকারকেরদের পদের সর্টিফিকট পাইবার কথা।]

৯ ধারা। সেই প্রকারের নিযুক্ত প্রত্যেক জনের নাম ফর্দে লেখা গেলে, তাহাকে এই আইনের শেষভাগের লিখিত পাঠে একটা সর্টিফিকট দেওয়া যাইবে। তাহাতে ইনস্পেক্টর জেনরল সাহেবের, কিম্বা তিনি অন্য যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তাঁহার মোহর দেওয়া যাইবে। সেই সর্টিফিকট যাহার থাকে সেই জন ঐ সর্টিফিকটের জোরে পোলীসের কর্ম্মকারকের ক্ষমতাপ্রাপ্ত হইবে ও তদ্রূপ কর্ম্মকারকের কার্য্য নির্ব্বাহ করিবে ও অনুগ্রহাদি পাইতে পারিবে। এরূপ সর্টিফিকটে যাহার নাম লেখা আছে সেই জনকে সসপেণ্ড কি তগীর করা গেলে, কিম্বা পোলীসের দলে তাহার যে কর্ম্ম থাকে তাহা প্রকারান্তরে রহিত হইলে সেই সর্টিফিকটের জোর থাকিবে না, তাহা হইলে ঐ লোকের তৎক্ষণাৎ ঐ সর্টিফিকট আপনার উপরিস্থ কর্ম্মকারকের হাতে কিম্বা তাহা লইবার ক্ষমতা অন্য যে ব্যক্তির থাকে তাঁহার হাতে দিতে হইবে ইতি।

[Police Superannuation Fund. Proviso.]

X. There shall be deducted from the pay of every Police Officer, of a Class not entitled to the benefit of the Uncovenanted Service Pension Rules, a sum, after such rate as the Local Government shall direct, not being a greater rate than one Anna in the Rupee, which sum so deducted, and also the monies accruing from the stoppages from the pay of Police Officers during absence from sickness or other causes, from fines imposed on Police Officers for misconduct, and from fines imposed by Magistrates and others upon drunken persons, or for assaults upon Police Officers, and all monies arising from the sale of worn or cast off clothing or other articles supplied for the use of the Police, or from any other miscellaneous sources which shall be permitted by the Local Government shall from time to time be invested in such manner and in such securities as the Local Government may direct, and the interest and dividends thereof, or so much of the same as shall not be required for the purposes herein mentioned, shall be likewise invested as aforesaid, and accumulate, so as to form a Fund to be called "The Police Superannuation Fund," and shall be applied from time to time to the payment of superannuation or retiring allowances, or gratuities, under such rules as may be passed by the said Local Government : provided always that any Police Officer may be dismissed or removed without superannuation allowance; and that no Police Officer shall be entitled as of right to any allowance from this Fund; or shall retain any right to a refund of any deduction made from his pay while he may have been a Police Officer.

[To be continued.]

[পোলীসের কর্ম্মকারকেরদের বৃদ্ধ কালের পেনসান ফণ্ডের কথা ও বর্জ্জিত কথা।]

১০ ধারা। অচিহ্নিত কার্য্যকারকেরদের পেনসানের বিধিক্রমে পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারকেরদের উপকার পাইবার অধিকার না থাকে, তাহারদের প্রত্যেক জনের বেতনহইতে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যত হুকুম করেন তত বাদ দিয়া রাখা যাইবেক কিন্তু টাকাপ্রতি এক আনার অধিক বাদ দেওয়া যাইবে না। সেই প্রকারের বাদ দেওয়া সকল টাকা, ও পোলীসের কর্ম্মকারকেরদের পীড়াপ্রযুক্ত কি অন্য কারণে কর্ম্মে গরহাজির হইলে তাহারদের যে বেতন বন্দ হয় তাহা, ও পোলীসের কর্ম্মকারকেরদের কোন দোষপ্রযুক্ত তাহারদের যে জরীমানা হয় সেই জরীমানার টাকা, ও মাতাল লোকেরদের কি যাহারা পোলীসের কর্ম্মকারকেরদের উপর চড়াও করে তাহারদের যে জরীমানা মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতি করেন সেই জরীমানার টাকা, ও জীর্ণ কি ত্যাগকরা বস্ত্র ও অন্য যে দ্রব্য পোলীসের ব্যবহারের নিমিত্তে দেওয়া যায়, তাহা বিক্রয় হইয়া যে টাকা পাওয়া যায়, সেই টাকা কিম্বা অন্যং প্রকারের উৎপন্ন যে টাকা স্থানবিশেষের গবর্ণমেণ্ট লইবার অনুমতি দেন সেই সকল টাকা স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে প্রকারে ও যে মতের নিদর্শনপত্র লইয়া আমানৎ করিতে আজ্ঞা করেন সেইপ্রকারে আমানৎ হইয়া থাকিবে ও তাহার সুদ ও ডিবিডেণ্ড কিম্বা এই ধারার লিখিত কার্য্যের নিমিত্তে ঐ সুদপ্রভৃতির যত টাকা খরচ করিবার প্রয়োজন না হয়, তাহাও পূর্ব্বোক্তমতে আমানৎ হইয়া জমা থাকিবে সেইসকল টাকাতে "পোলীসের বার্দ্ধক্য কালের পেনসান ফণ্ড" নামে এক ফণ্ড হইবে। ও স্থানবিশেষের ঐ গবর্ণমেণ্ট যেং বিধি করিয়া থাকিবেন সেইং বিধিমতে ঐ তহবীলহইতে কর্ম্মকারকেরদের বৃদ্ধ কালে কি সরকারী কর্ম্ম ত্যাগ করণ কালে তাহারদিগকে পেনসান দেওয়া যাইবে কি মোটে কিছু টাকা দেওয়া যাইবে। কিন্তু বার্দ্ধক্য কালের পেনসান না দিয়াও পোলীসের কোন কর্ম্মকারক তগীর কি কর্ম্মচ্যুত হইতে পারিবে। ও পোলীসের কোন কর্ম্মকারকের স্বত্ব বলিয়া সেই তহবীলহইতে কিছু মুশাহেরা পাইবার অধিকার থাকিবে না। কিম্বা পোলীসের কর্ম্মকারক হওনকালে তাহার বেতনহইতে যে টাকা বাদ দিয়া লওয়া যায় তাহা ফিরিয়া পাইতে তাহার কোন অধিকার থাকিবে না ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENT.

The 17th November, 1860.

Moulvie Syud Saddut Hosein, Moonsiff of Thakoorgunge, Zillah Dinagepore, to be Moonsiff of Naraingunge, Zillah Dacca, and Baboo Sreenath Roy, Officiating Moonsiff of Thakoorgunge, Zillah Dinagepore, to be Moonsiff of that Chowkee.

H. B. LAWFORD, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ১৭ নবেম্বর।

জিলা দিনাজপুরের ঠাকুরগাঁয়ের মুনসেফ শ্রীযুত মৌলবী সৈয়দ সাআদত হুসেন জিলা ঢাকার নারায়ণগঞ্জের মুনসেফ হইবেন ও জিলা দিনাজপুরের ঠাকুরগাঁয়ের একটিং মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ রায় ঐ চৌকীর মুনসেফ হইবেন।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ ডিসেম্বর।]

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬১ সাল তারিখ ৭ জানুআরি সোমবার পূর্ব্বাহ্ন দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৯। ৬০ সালের উৎপন্ন আফিমের প্রথম নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২২০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫৬০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৬০ সালের ১০ নবেম্বর তারিখের লিখিত ইঙ্গরাজী ইশ্‌তেহারে মযুদর বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্ট করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগার টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬১ সালের ১২ এবং ২২ জানুআরি এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিসরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরি রসীদ অথবা কোন রকম সরকারি মাতবরি দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬১ সালের ১২ জানুআরি শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্মতের পুরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসীদ সন ১৮৬১ সালের ২২ জানুআরি মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের পরিমাণ আফিমভিন্ন সন ১৮৬১ সালে নীচের লিখিত পরিমাণ বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখহায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সদর বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬১ সালের	৬	ফেব্রুআরি	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৭	মার্চ	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	১০	এপ্রেল	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৮	মে	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	১০	জুন	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৮	জুলাই	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৫	আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৯	সেপ্টেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৭	অক্টোবর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৬	নবেম্বর	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৪৪	৬০১	১৮৪৫
					১৩৪৪৪	৬২০১	১৯৬৪৫

বিসোর্ডির হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ ফোর্ট উইলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ১০ নবেম্বর

এ ইডেন। একটিং জোট সেক্রেটারী।

জিলা মেদিনীপুর।

ভূমি নীলাম বিষয়ক ইশ্‌তিহার জিলা মেদিনীপুর।

ইশ্‌তিহারনামা কাছারি কালেক্টরি জেলা মেদিনীপুর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নোক্ত ইষ্টেটমেণ্টের লিখিত খাশ মহালাতে গবর্ণমেণ্টের জমিদারি যে স্বত্ত্ব আছে তাহা গবর্ণমেণ্টের আদেশানুসারে সাহা শ্রীযুতের অণ্ডর সেক্রেটারি সাহেবের বোর্ড রেবিনিউ সেক্রেটারি সাহেবের নামিত সন ১৮৫৯ সালের ৩ নবেম্বরের ২৭২২ নম্বরের চিঠীতে প্রকাশ হইয়াছে ঐ জেলার কালেক্টরি কাছারিতে ইঙ্গরেজী সন ১৮৬০ সালের ১৪ ও ১৫ ডিসেম্বর মোতাবেক আমলি সন ১২৬৮ সালের ২ ও ৩ পৌষ রোজ শুক্রবার ও শনিবার দিবা ১২ বারো ঘণ্টার সময়ে নীলামের দ্বারায় বিক্রয় হইবেক যে ব্যক্তি খরিদ করিবেক তাহাকে নীচের লিখিত সরত আমলে আনিতে হইবেক।

নীলামের সরত।

১ দফা। মহাল সকল নির্দ্ধারিত উর্দ্ধ মুল্যের উপর সর্ব্ব উচ্চ ডাকদরদিয়াকে বিক্রয় করা যাইবেক।

২ দফা। খরিদের মুল্য ১০০৲ শত টাকার অনুর্দ্ধ হইলে তাহা সমুদয় তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক খরিদের মুল্য ১০০৲ শত টাকার অধিক হইলে তাহার শতকরা ২৫৲ টাকার হিসাবে বায়না তৎক্ষণাৎ দিতে হইবেক সমুদয় পণের টাকা নীলামের দিনকে এক দিবস গণনা করিয়া ১৫৲ পোনের দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত দাখিল না করা গেলে বায়নার টাকা সরকারে জব্দ এবং মহাল পুনঃ নীলাম করা যাইবেক। আর পুনঃ নীলামে ক্ষতি পুরণের দায়িক প্রথম খরিদার হইবেক।

৩ দফা। ঐ নীলামের পুর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিয়মিত কালপর্য্যন্ত ঐ নীলাম হওয়া সত্ত্বেও বহাল থাকিবেক এবং বন্দবস্তি কাগজের দ্বারায় ও প্রচলিত আইনক্রমে যাহার যে স্বত্ত্ব আছে তাহা বহাল থাকিবেক ও খোদকস্তা প্রজা যে সালের কর্ম্মকারকের কৃত জমাবন্দীতে দস্তখৎ করিয়াছে তাহার স্বত্ত্বকে খরিদার সম্মান করিতে বাধ্য থাকিবেক।

৪ দফা। সে সকল মহালে বার্ষিক বাঁধ মেরামতী খরচা হারহারিমতে সরকারহইতে দেওয়া যায় তদনুসারে খরিদারকে দিতে হইবেক ও বাঁধ মেরামত ও রক্ষার কার্য্য এক্ষণে যেরূপ হইতেছে তদনুসারে হইবেক।

৫ দফা। অত্র ইষ্টেটমেণ্টের লিখিত প্রত্যেক মহালের সদর জমা সরকারে আদায় করিবার জন্যে খরিদার দায়িক থাকিবেক।

৬ দফা। মহাল সকলে নানাপ্রকার আকর ও খাল থাকিলে তাহার প্রতি সরকারের স্বত্ত্ব থাকিল ইতি।

ইষ্টেটমেণ্ট।

নম্বর	নম্বর তৌজী	নাম মহাল ও পরগনা	জমি	সদর জমা	নিরূপিত উচ্চ মুল্য	কৈফিয়ৎ
		১৪ ডিসেম্বর ১৮৬০ সালে যে সকল মহাল নীলাম হইবেক।				
	১১১	কেদার কুণ্ড ইষ্টেট।				
১	ঐ	রামপুরা রকম ৮০ আনা পং কেদার কুণ্ড।	৬১১৻৫	৩৮৬।৭।০	১০৩৭/৭	এই সকল মহালের
২	ঐ	রামপুরা রকম ।০ আনা পং ঐ	২৫৬৻২৮	২৪১।৬।	৩৭৫৮৶১॥	ইজারা পাট্টা সন ১৮৬৪ । ৬৫ সাল
৩	ঐ	ফলাশপুর পং ঐ	৭৪৭।১॥	৫৫৬/২৮	১৪৭৮৸৶১০	অর্থাৎ আমলি সন
৪	ঐ	নকুড়্যা পং ঐ	১১৭।১৮	১০৪।৶৭।	২৬৮।৶১॥	১২৭১ সালে মিয়াদ
৫	ঐ	ছুঁছড়া পং ঐ	১১৮৯/২॥৶	৯৬১৸২৮	১৫২৫৸৶১০	শেষ হইবেক এই সকল
৬	ঐ	সাঁজারপুর পং ঐ	৭২০৸১৮	৫২৮/৪৸	১৪০৮৸১॥	ইজারার খাজানা যাহা
৭	ঐ	ভবানীপুর পং ঐ	২৬৸০॥	২০॥৮॥	৫৩॥৶৪॥	আদায় হইয়া থাকে
৮	ঐ	কাঁটাচৌকা পং ঐ	৩৬১।৪॥	৩২৪॥৬।	৮৬১৸৶১০	তাহা ইষ্টেটমেণ্টের ৫
৯	ঐ	চক মোমিণ পং ঐ	৪২৬॥৩।	৩৫৩৶৯	৯২১।/৩॥	পাঁচ ঘরে দেখান হইয়াছে।
১০	ঐ	পাহাড়পুর পং ঐ	৪০৮/১।/	৩২৫॥৶৫	৮৬৩॥৶১০॥	
১১	ঐ	সাহাপুর পং ঐ	৬১৮/৩৸৶	৪৩০৶৬॥	১১৩৭৸১০	
১২	ঐ	চণ্ডীপুর পং ঐ	৭০৮॥১/	৩৬৮৸/১॥	৯০২৻২	
১৩	ঐ	ভোগদণ্ড পং ঐ	১২৫॥৪॥৶	৪১॥৶১৮	৯৭।৪	
১৪	ঐ	দিল্লী গেড়্যা পং ঐ	১৯২।০॥	১৫৮।৮॥	৪১৪।/১১	
১৫	ঐ	চক পরশুরাম পং ঐ	২২১/২৮	২০৪৸৶৪॥	৫৪৯।৶৯	
১৬	ঐ	চক মাগুর্য্যা পং ঐ	১৩৮।১॥	১১০॥১১	২৮৬৶৮॥	
১৭	ঐ	আজমতপুর ওরফে হরিহরপুর পং ঐ	৯১।৪।	৬৩।/২	১৬৮৸/১	
১৮	ঐ	জথা পং ঐ	৫৪/৪॥	৩৪॥০	৯২৲	
		ইষ্টেট খড়্গপুর।				
১৯	১৯২ ঐ	চক শ্রীমন্ত পং খড়্গপুর	৪৬॥০	৪৭।৶৪।	১২৬॥১১॥	
২০	ঐ	চক বামুণ পং ঐ	৭৬৸১॥	৭৭৶৫৮	২০৫॥৶১১	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ ডিসেম্বর।]

নম্বর	নম্বর তৌজী	নাম মহাল ও পরগনা.	জমি	সদর জমা	নিরূপিত উচ্চ মূল্য	কৈফিয়ৎ
২১	১৯২	দক্ষিণ সিমুল্যা পং ঐ	৬০৫ ॥৪৸	৪৪৩৶১০৸	১১৮৭৸/০॥	
২২	ঐ	রূপনারায়ণপুর রকম ॥০ আনা পং ঐ	১৪৮৪ ।৪॥	৫০৯ ।/১॥	২৭০৩ ॥৶৩	
		রূপনারায়ণপুর রকম ॥০ আনা পং ঐ		৫০৯ ।/১॥		
				১০১৮ ॥৶৩		
২৩	ঐ	বহড়াপাট ওরফে বরগাই পং ঐ রকম ॥০ আনা	১৫৭৯ ।১।	৫১০৸৶৭	২৭১৯ ।/৭॥	
		বহড়াপাট ওরফে বরগাই পং ঐ রকম ॥০ আনা		৫১০৸৶৭।		
				১০২১৸৶২।		
২৪	ঐ	রাণীহাটী পং ঐ	৯৯২/৪।	৮৩৪৸৭॥	২২৬২ ।৯॥	
২৫	ঐ	নিশ্চিন্তা পং ঐ	৪২৭ ।২॥	৩৮৯ ।/২৸	১০৪৪৶৩	
২৬	ঐ	শ্যামনগর পং ঐ	৪৬৮/২	৪১৯ ॥/২।	১১৩১৶০॥	
২৭	ঐ	ফত্তে মহোমদ পং ঐ	১৭৮ ॥০॥	১৩৯৶৭৸	৩৭৪ ।৪॥	
২৮	ঐ	গোপীনাথপুর রকম ॥৶৮ পাই পং ঐ	৪৯৯ ॥২	৩৪০৶২৸	১৩৭৯ ।/৪॥	
		গোপীনাথপুর রকম ।/৪ পাই		১৭০/১৸		
				৫১০৶৪॥		
২৯	ঐ	চাটরা পং ঐ	২৫৬/৩	২৩৩ ।/১০	৬২৮ ।৶৬॥	
৩০	ঐ	জোয়া পং ঐ	৩৪১ ॥০	৩২৩৸৶০৸	৮৭৫৶৯	
৩১	ঐ	রাধাবল্লভপুর পং ঐ	৪০২ ।২	২৩৭০৶৩৸	৭০৯৻৬॥	
		১৫ ডিসেম্বর সন ১৮৬০ সালে যে সকল মহাল নীলাম হইবেক।				
৩২	ঐ	বেলা গেড়্যা পং খড়গপুর	২৭১ ।২।	২২০ ।৶১১	৫৯০৸/১১	
৩৩	ঐ	সফিয়াবাদ পং ঐ	৯৮৫ ॥২।	৪২৫৻৬॥	১১৪১ ।৶৯	
৩৪	ঐ	চক মনোহর পং ঐ	৮১ ॥০	৭৮ ॥/৮।	২০৯ ॥/১০	
৩৫	ঐ	কমলা পং ঐ	১১৩২৸৩।	১১২০ ॥/৩	৩০২৯ ॥৶৮	
৩৬	ঐ	মইসা পং ঐ	১১৩১/৪ ।/	৯৬৬৸৶৬৸	২৬১৬ ।/১	
৩৭	ঐ	চক দেউলী পং ঐ	৭৭ ॥২	৭৫ ॥৶৭	২১৪ ॥/০॥	
৩৮	ঐ	শ্রীকৃষ্ণপুর পং ঐ	১৬১২/১ ॥৶	১১৬৭ ।৶৫।	৩০৬৭৸৶৯	
৩৯	ঐ	রাজগ্রাম পং ঐ	২৫৮৸২॥	২১৫৻২॥	৫৭৬ ।৶৫	
৪০	ঐ	নিমগেড়্যা পাটনা পং ঐ	১৪১৻৩৸	৫৩৸৶৮	১৪৬৸৶১॥	
৪১	ঐ	পাইকনগরি পং ঐ	৪৩৪ ।৪	৪৪১ ।৶২।	১১৯২ ॥৶৭॥	
৪২	ঐ	চক কানুরাম পং ঐ	৪৩ ॥২॥	৪২ ।/৮৸	১১২৸৶৩	
৪৩	ঐ	সর্ব্ব সুবি পং ঐ	২৬৯ ।৩৸	১৭৮ ।/৪।	৪৮১ ॥১১	
৪৪	ঐ	রাধাকিশোর পং ঐ	৩৮৭/০॥	৩৭১ ॥৶৬॥	৯৯৯/৫	
৪৫	ঐ	চক মকরামপুর পং ঐ	১৯৬৭৸২	১৬০৩/৫৸	৪২৯০৸৶৭	
৪৬	ঐ	সীরসী পং ঐ	২৩৭ ।১৸	১৪৫৸৶১১৸	৩৯৩৶৭	
৪৭	ঐ	ভেঘরি পং ঐ	১০৭ ।৩॥	৯২/৫৸	২৬৮ ॥/৩	
৪৮	ঐ	জিলমুর পং ঐ	৬৮৮ ॥০৸	৫১৬/১	১৩৮৫ ।১০	
৪৯	ঐ	কন্দর্পপুর পং ঐ	১০২১/১৸	৪৯৮ ॥/৭	১৩৩১৻২	
৫০	ঐ	দুলেগোহান পং ঐ	১৬৬২ ॥৩	১৩৬৪ ॥/৮	৩৬১৯৶৮	
৫১	ঐ	বড়াডিহা পং ঐ	১৭৯২৸০।	১১৯৪ ॥৮॥	৩৬১১৸৶১০	
৫২	ঐ	পোঁপর আড়া পং ঐ	১৫৬৫ ।০	৮৮৩ ॥৶৪॥	১৩৪৮৶৪॥	
৫৩	ঐ	নথারেসান পং ঐ	৭১২/২৸	৩৬৬ ॥/৭।	৯৮৭/৭	
৫৪	ঐ	ঝুঁরিয়া পং ঐ	৯০৯ ॥৪।	৬৮১ ॥/৪।	১৮৫২৸৶	
৫৫	ঐ	ঢেকিয়া বৈকুণ্ঠপুর পং ঐ	৭৭ ।০	৬১ ।৶০	২১৬ ॥/১১॥	
৫৬	ঐ	জফলি পং ঐ	১১১ ।১।	১৩১ ।৪	৩৫৪৻১০॥	
৫৭	ঐ	জফলা পং ঐ	৯২৮৸৩।	৮৭৩ ॥৶৪৸	২১১৯৸৶৪॥	
৫৮	ঐ	ইন্দ্র পং ঐ	১১৪৪৸১॥	১১৩০৸৶২॥	৩১০১৬৶৯	
৫৯	ঐ	কৌতুলা পং ঐ	৫৭৮৸২৸	৩১৬ ।৶৭।	৮১৮৸/১॥	
৬০	ঐ	সাঁওয়াল পং ঐ	১৩৫২ ।০॥	৭৫৩৸১০৸	১০৮৮৸/৫	
৬১	ঐ	গঙ্গারামপুর পং ঐ	১৩৭২ ।৩৶	১০৩০[illegible]	২৭৬০৶৩	
৬২	ঐ	খাটঙ্গাজ পং ঐ	১৯৩১৸৪	১৫৬০৸/৫॥	৪১৭৯ ॥৶৩	
৬৩	ঐ	কংসমাজি পং ঐ	৯৩ ॥০৸	৫৬৻২	১৬৬৶৬॥	
৬৪	ঐ	বুলবুলচটী পং ঐ	১৩৬/১।	৩২৶৯॥	৯৩৸৯	
৬৫	ঐ	পূর্ব্ব দেউলী পং ঐ	৭৮০ ॥০।	৭৫০৸/৯॥	২০২৪ ।৭	

তারিখ ২৫ অক্টোবর সন ১৮৬০ সাল।

H. L. DAMPIER, *Offg. Secretary.*

[*Government Gazette, 4th December*, 1860.]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN NEWSON, an Insolvent.

On Tuesday, the 9th day of October last, upon an application of the Assignee in this matter it was ordered that the said Assignee do from and out of the sum of Company's Rupees 1977-2-3 in his hands pay a Dividend at the rate of Company's Rupees 100 per Cent. (which will amount to the sum of Company's Rupees 1298-11-3) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 27th November, 1860.

কলিকাতায় যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জান নিউসন সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব গত অক্টোবর মাসের ৯ তারিখ মঙ্গলবারে যে দরখাস্ত করেন তাহাতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ১৯৭৭৶৩ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ১০০৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১২৯৮৷৷৶৩ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৭ নবেম্বর।

The like notice in the matter of EDWARD DAVEY FABIAN, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 2,907-3-7, a Dividend at the rate of 50 per Cent. (amounting to Rs. 2353-10) be paid.

যোত্রহীন এডুার্ড ডেবি ফাবিয়ন সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে ২,৯০৭৶৭ টাকাহইতে শতকরা ৫০৲ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২,৩৫৩৷৷৵ টাকা দেওয়া যায়।

In the matter of JOHN HUTCHESON FERGUSSON, and another, Insolvents.

On Tuesday, the 9th day of October, 1860, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 49,000 in his hands pay a Dividend at the rate of Co's Rs. two per Cent. (which will amount to the sum of Co's Rs. 30,000) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 29th November, 1860

যোত্রহীন জান হচিসন ফরগসন সাহেব ও অন্যেরদের বিষয়ে।

আসৈনি সাহেব ১৮৬০ সালের অকটোবর মাসের ৯ তারিখ মঙ্গলবারে যে দরখাস্ত করেন তাহাতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৪৯.০০০ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ২৲টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩০,০০০৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা। ১৮৬০ সাল ২৯ নবেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৪ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 11, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১১ ডিসেম্বর।

DRAFT OF ACT.

A Bill for the Regulation of Police within any parts of the British Territories in India to which it may please the Governor General in Council to extend its provisions.

[Concluded from page 802.]

[Additional Police Officers employed at the cost of individuals.]

XI. It shall be lawful for the Inspector General of Police, or any District Superintendent, if they shall think fit, and subject to the general direction of the District Officer, on the application of any person showing the necessity thereof, to depute any additional number of Police Officers, to keep the peace at any place within the General Police District, at the charge of the person making the application, to be exclusively under the orders of the District Superintendent, and for such time as they shall think fit: provided always that it shall be lawful for the person on whose application such deputation shall have been made, on giving one month's notice in writing to the Inspector General or District Superintendent, to require that the Officer so deputed shall be discontinued; and such person shall be relieved from the charge of such additional Force from the expiration of such notice.

[Appointment of additional force in the neighbourhood of Railway and other works.]

XII. Whenever any Railway, Canal, or other public work, or any manufactory or commercial concern, shall be carried on, or be in operation in any part of the country, and it shall appear to the Inspector General that the appointment of an additional Police Force in such neighbourhood is rendered necessary by the behaviour, or reasonable apprehension of the behaviour of the persons employed

আইনের মুসাবিদা।

ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের যে কোন স্থানে হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর এই আইন চলন করান সেই স্থানের পোলীসের বিধান করিবার আইনের মুসাবিদা।

[৮০২ পৃষ্ঠ হইতে চলিতেছে।]

[ব্যক্তিবিশেষের খরচে পোলীসের অতিরিক্ত কর্ম্মকারকদিগের নিযুক্ত হইবার কথা।]

১১ ধারা। পোলীসের সাধারণ এলাকার শামিল কোন স্থানে শান্তিরক্ষার জন্যে পোলীসের অধিক জন কর্ম্মকারকদিগকে পাঠান আবশ্যক, ইহা যদি কোন ব্যক্তি দরখাস্ত করিয়া দেখায়, তবে পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল সাহেব, কিম্বা কোন এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব উপযুক্ত বোধ করিলে জেলার কার্য্যকারক সাহেবের সাধারণ আদেশমতে কর্ম্ম করিয়া অধিক কর্ম্মকারককে পাঠাইতে পারিবেন। তাহারদের খরচ ঐ দরখাস্তকারির দিতে হইবেক। তাহারা কেবল ঐ এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের হুকুমের অধীনে থাকিবে ও তিনি যত কাল উচিত বোধ করেন তত কাল সেই কর্ম্মে থাকিবে। কিন্তু যে ব্যক্তির দরখাস্তমতে ঐ কর্ম্মকারকদিগকে পাঠান যায় তিনি ইন্‌স্পেক্টর জেনরল সাহেবকে কি এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে লিখিয়া এক মাসের সম্বাদ দিলে সেই প্রকারের প্রেরিত কর্ম্মকারকদিগকে স্থানান্তর হইবার আদেশ করিতে পারিবেন। ও সেই সম্বাদের মিয়াদ ফুরাইবার কালঅবধি ঐ অতিরিক্ত দলের খরচ ঐ ব্যক্তির শিরে থাকিবেক না ইতি।

[রেলরোডের ও অন্যং কুঠীপ্রভৃতির নিকটে অতিরিক্ত লোককে নিযুক্ত করিবার কথা।]

১২ ধারা। দেশের কোন স্থানে যখন কোন রেলরোডের কি খালের কি সরকারী অন্য কার্য্যের কিম্বা কোন কারখানার কি বেপারী ব্যাপারের কোন কার্য্য চালান যাইতেছে কি চলে, ও সেই কর্ম্মেতে যে লোকেরা নিযুক্ত থাকে তাহারদের আচারব্যবহার বুঝিয়া, কিম্বা তাহারদের আচারব্যবহারের বিষয়ে যে সন্দেহ উপযুক্তমতে হইতে পারে তাহা বুঝিয়া যদি ইন্‌স্পেক্টর জেনরল সাহেবের বিবেচনাতে সেই স্থানের নিকট

upon such work it shall be lawful for the Inspector General, with the consent of the Local Government, to direct the employment of such additional Force; and to maintain the same so long as such necessity shall continue; and to make orders from time to time upon the Treasurer or other Officer having the control or custody of the Funds of any Company or person carrying on such works, for the payment of the extra Force so rendered necessary as aforesaid.

[Quartering of additional Police in disturbed or dangerous Districts.]

XIII. It shall be lawful for the Inspector General of Police, under the sanction of the Local Government, which shall be notified by proclamation in the Government Gazette, to depute any part of the Police Force, in excess of the fixed complement, to be quartered in any part of the General Police District which shall be found to be in a disturbed or dangerous state, or in any part of the General Police District in which, from the misconduct of the inhabitants, he may deem it expedient to strengthen the number of Police; and the inhabitants of the offending tract or part shall be charged with the cost of such body of men so deputed; and the District Officer shall assess the proportion in which such sum is to be paid by the inhabitants according to his judgment of their respective means.

[Payment of money for support of additional Police Force.]

XIV. All monies paid or recovered in respect of any additional Force deputed as is mentioned in the three last preceding Sections, shall be paid into a Fund to be called "The General Police Fund;" and shall be applied to the maintenance of the Police Force, under such orders as the Local Government may pass. All sums of money payable under those Sections shall be recoverable by distress and sale of the goods of the defaulter, under the warrant of a Magisterial Officer, or by suit in any competent Court.

[Special Police Officers.]

XV. When it shall appear that any tumult, riot or outrage has taken place, or may be reasonably apprehended in any place, and that the ordinary Officers appointed for preserving the peace are not sufficient for its preservation and for the protection of the inhabitants and the security of property in such place, it shall be lawful for any Police Officer not below the rank of Inspector to apply to the nearest Magisterial Officer to appoint so many of the Public or Village Servants, or residents of the neighbourhood, as such Police Officer may require, to act as special Police Officers for such time and in such manner as he shall deem necessary; and it

পোলীসের অতিরিক্ত কএক জনকে নিযুক্ত করা আবশ্যক, তবে ঐ ইন্‌স্পেক্টর জেনরল সাহেব স্থানবিশেষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে ঐ অতিরিক্ত লোকদিগকে নিযুক্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন। ও যত কাল তদ্রূপ আবশ্যক থাকে তত কালপর্য্যন্ত তাহারদিগকে সেই স্থানে রাখিতে পারিবেন। ও পূর্ব্বোক্তমতে যে অতিরিক্ত লোককে নিযুক্ত করা আবশ্যক হইয়াছে তাহারদের বেতনপ্রভৃতি দিতে, যে কোম্পানির কি ব্যক্তির ঐ কার্য্য চালান যাইতেছে তাহার তহবীল যে ত্রেজুরর সাহেবের কি অন্য কার্য্যকারকের হাতে থাকে, তাঁহাকে সময়েং হুকুম করিতে পারিবেন ইতি।

[যেং জিলাতে গোলযোগ কি আশঙ্কা হয় তাহাতে পোলীসের অতিরিক্ত লোককে নিযুক্ত করিবার কথা।]

১৩ ধারা। পোলীসের সাধারণ এলাকার কোন স্থানে গোলযোগ কি অপদের আশঙ্কা হইতেছে জানা গেলে, কিম্বা পোলীসের সাধারণ এলাকার কোন স্থাননিবাসি লোকেরদের অনুচিত ব্যবহার দেখিয়া সেই স্থানে পোলীসের অধিক লোককে নিযুক্ত করা বিহিত জ্ঞান করিলে, পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল সাহেব স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতি লইয়া, সেইং স্থানে পোলীসের দলের যত জন নিত্য নিযুক্ত থাকে তদতিরিক্ত পোলীসের দলের কোন লোকদিগকে নিযুক্ত করিতে পারিবেন। গবর্ণমেণ্টের ঐ অনুমতির ইশ্‌তিহার গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবে। ও যেং স্থানে কি অংশে ঐ অপরাধ হয়, সেইং স্থাননিবাসি লোকেরদের শিরে তদ্রূপের নিযুক্ত কর্ম্মকারকেরদের খরচ পড়িবে। ও সেই নিবাসি লোকেরদের মধ্যে ঐ খরচের যাহার যত দিতে হইবে তাহা লোকেরদের সঙ্গতি বুঝিয়া জিলার কার্য্যকারক সাহেব আপনার বিবেচনামতে নির্দ্ধার্য্য করিবেন ইতি।

[পোলীসের অতিরিক্ত লোকের নিমিত্তে যে টাকা দেওয়া যায় তাহার আমানতের কথা।]

১৪ ধারা। পোলীসের দলের অতিরিক্ত কোন লোককে ইহার পূর্ব্বের তিন ধারামতে কোন কর্ম্মে পাঠান গেলে, তাহারদের জন্যে যে টাকা দেওয়া যায় কি আদায় হয়, তাহা সমুদয় "পোলীসের সাধারণ ফণ্ড" বলিয়া এক তহবীলে জমা হইবে। ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে হুকুম করেন, সেই হুকুমমতে ঐ টাকা পোলীসের দলের ভরণপোষণের নিমিত্তে ব্যয় হইবে। ঐ সকল ধারামতে যেং টাকা পাওয়া যাইতে পারে তাহা মাজিষ্ট্রেট সাহেবের পরওয়ানাক্রমে বাকীদারের মাল ক্রোক ও নীলাম করিয়া কিম্বা উপযুক্ত কোন আদালতে মোকদ্দমা করিয়া আদায় হইতে পারিবে ইতি।

[পোলীসের বিশেষ কর্ম্মকারকেরদের কথা।]

১৫ ধারা। কোন স্থানে কোন হাঙ্গামা কি ফসাদ কি অত্যাচার হইয়াছে কি হইবার আশঙ্কা যুক্তিসিদ্ধমতে হইতে পারে, ও শান্তিরক্ষার জন্যে যে কর্ম্মকারকেরা সাধারণমতে নিযুক্ত থাকে, কেবল তাহারদের দ্বারা ঐ স্থানের শান্তিরক্ষা ও নিবাসিরদের রক্ষা ও সম্পত্তি রক্ষা হইতে পারিবে না, ইহা যদি দৃষ্ট হয়, তবে ইন্‌স্পেক্টরের পদস্থ কর্ম্মকারকহইতে নীচ পদের কর্ম্মকারক নহে পোলীসের এমত কোন কর্ম্মকারক, যত জনের যত কালের নিমিত্তে ও যে প্রকারে পোলীসের বিশেষ কর্ম্মকারকস্বরূপে কর্ম্ম করিবার জন্যে নিযুক্ত করা আবশ্যক বুঝেন, সরকারী কি গ্রামের চাকরেরদের হইতে কি নিকট নিবাসি লোকহইতে তত জনকে তত কালের নিমিত্তে সেই প্রকারের কার্য্য করিবার জন্যে নিযুক্ত করিতে, অতিনিকটের মাজিষ্ট্রেট সাহেবকে প্রা-

shall be the duty of such Magisterial Officer at once to comply with such applications.

[Powers of special Police Officers.]

XVI. Every special Police Officer so appointed shall have the same powers, privileges, and protection, and be liable to all such duties and penalties, and be subordinate to the same authorities as the ordinary Officers of Police.

[Refusal to serve.]

XVII. If any person being appointed a special Police Officer as aforesaid shall, without sufficient excuse, neglect or refuse to serve as such, or to obey such lawful order or direction as may be given him for the performance of his duties, he shall be liable upon conviction before a Magisterial Officer to a fine not exceeding fifty Rupees for every such neglect, refusal or disobedience.

[Police Officers not to resign without leave or two months' notice.]

XVIII. No Police Officer shall be at liberty to resign his office, or withdraw himself from the duties thereof, unless expressly allowed to do so in writing by the District Superintendent, or unless he shall have given to his superior Officer two months' notice in writing of his intention to do so; nor shall any such Police Officer engage in any employment or office whatever, other than his duties under this Act, unless expressly permitted to do so in writing under the seal of the Inspector General.

[Unlawful assumption of Police functions, personation of Police, &c.]

XIX. From and after the passing of this Act, every person not being, or having ceased to be, a duly enrolled Police Officer, who shall unlawfully assume any function or power belonging to the Police; and who shall not forthwith deliver up his Certificate, and all the clothing, accoutrements and appointments, and other necessaries which may have been supplied to him for the execution of his duty; or who shall have in his possession any distinctive article of the dress or appointment directed to be worn exclusively by the Police Force, without being able to account satisfactorily for his possession thereof; or who shall put on the dress of any Police Officer or any dress designed to represent it or to be taken for it; or who shall otherwise personate the character or act the part of any Police Officer for any purpose whatever, shall, in addition to any other punishment to which he may be liable for any offence committed under the assumed character, be liable, on conviction before a Magisterial Officer, to a penalty not exceeding two hundred Rupees, or

র্য্যা করিতে পারিবেন। ও সেই মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্য যে তৎক্ষণাৎ সেই প্রার্থনামতে কার্য্য করেন ইতি।

[পোলীসের বিশেষ কর্ম্মকারকেরদের ক্ষমতার কথা।]

১৬ ধারা। পোলীসের সাধারণ কর্ম্মকারকেরদের যে সকল ক্ষমতা থাকে ও তাহারা যেপ্রকারের অনুগ্রহ ও রক্ষা পায়, ও তাহারদের যে সকল কর্ম্ম করিতে হয় ও যে২ দণ্ড হইতে পারে ও তাহারা যে২ কার্য্যকারকেরদের অধীনে থাকে, উক্তমতের নিযুক্ত পোলীসের বিশেষ কর্ম্মকারকেরদের প্রত্যেক জনের সেই প্রকারের সকল ক্ষমতাপ্রভৃতি থাকিবে ইতি।

[কর্ম্ম করিতে স্বীকার না করিবার কথা।]

১৭ ধারা। কোন লোক পূর্ব্বোক্তমতে পোলীসের বিশেষ কর্ম্মকারকস্বরূপে নিযুক্ত হইয়া যদি উপযুক্ত ওজর না থাকিলেও তদ্রূপ কর্ম্ম করিতে কিম্বা তাঁহার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহের জন্যে ন্যায্য যে কোন হুকুম কি আদেশ দেওয়া যায়, তাহা মানিতে শৈথিল্য করে কি স্বীকার না করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে সে যতবার শৈথিল্য করে কি কর্ম্ম করিতে স্বীকার না করে কি হুকুম না মানে ততবার তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[ছুটী না পাইলে কি দুই মাসের সম্বাদ না দিলে পোলীসের কর্ম্মকারকেরদের কর্ম্ম ছাড়িতে না পারিবার কথা।]

১৮ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক যদি আপনার কর্ম্মে ইস্তাফা দিতে কিম্বা আপনার পদের কর্ত্তব্য কর্ম্ম ছাড়িতে চাহে, তবে এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব লিখিয়া স্পষ্টরূপে ছুটী না দিলে, কি সেই কর্ম্মকারক আপনার কর্ম্ম ত্যাগ করিবার মানসের এত্তেলা দুই মাস থাকিতে আপনার উপরিস্থ কার্য্যকারককে লিখিয়া না দিলে, সে আপন পদে ইস্তাফা দিতে কি কর্ম্ম ছাড়িতে পারিবে না। ও পোলীসের তদ্রূপ কোন কর্ম্মকারক ইন্স্পেক্টর জেনরল সাহেবের মোহরকরা লিপিক্রমে স্পষ্ট অনুমতি না পাইলে, আপনার এই আইনমতের কর্ত্তব্য কর্ম্ম ভিন্ন অন্য কোন কর্ম্ম করিতে কি পদ গ্রহণ করিতে পারিবে না ইতি।

[কোন লোক পোলীসের কর্ম্মকারক না হইয়া বেআইনীমতে ঐ কর্ম্ম করিলে কি আপনাকে পোলীসের কর্ম্মকারকস্বরূপইত্যাদি দেখাইলে তাহার দণ্ডের কথা।]

১৯ ধারা। এই আইনজারী হইবার সময়াবধি, পোলীসের কর্ম্মকারকস্বরূপে যাহার নাম উপযুক্তমতে খাতায় লেখা না যায়, কিম্বা পূর্ব্বে পোলীসের কর্ম্মকারক ছিল এখন নহে এমত কোন লোক যদি বেআইনীমতে পোলীসের কোন কর্ম্ম আপনি করে কি পোলীসের ক্ষমতা, গ্রহণ করে, ও সেই লোক আপনার সর্টিফিকট ও আপনার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবার জন্যে বস্ত্র ও পোশাক ও সাজ সরঞ্জামপ্রভৃতি আবশ্যক যে সকল বিষয় তাহাকে দেওয়া গিয়াছে তাহা যদি তৎক্ষণাৎ ফিরিয়া না দেয়, কিম্বা পোশাকের কি সাজ সরঞ্জামের যে কোন বিশেষ বিষয় কেবল পোলীসের দলস্থ লোকেরদের পরিবার হুকুম আছে তাহা যদি কোন লোকের নিকটে থাকে, ও তাহা যে প্রকারে পাইল ইহা যদি খাতিরজমামতে জানাইতে না পারে, কিম্বা যদি কোন লোক পোলীসের কোন কর্ম্মকারকের পোশাক পরে, কিম্বা তদ্রূপ পোশাক দেখাইবার কি জ্ঞান হইবার অভিপ্রায়ে কোন পোশাক পরে, কিম্বা কোন লোক কোন কারণে আপনাকে পোলীসের কোন কর্ম্মকারক বলিয়া দেখায় কি সেই কর্ম্মকারকের মত কর্ম্ম করে, তবে ঐ লোক আপনাকে ঐ পদস্থ দেখাইয়া কোন অপরাধ করিলে ঐ অপরাধের যে দণ্ড হইতে পারিবে তদ্ভিন্ন মাজিষ্ট্রেট

to imprisonment, with or without hard labor, for a period not exceeding six months, or both.

[Duties of Police Officers.]

XX. Every Police Officer shall, for all purposes in this Act contained, be considered to be always on duty, and shall have the powers of a Police Officer in every part of the General Police District. It shall be his duty to use his best endeavours and ability to prevent all crimes, offences, and public nuisances; to preserve the peace; to apprehend disorderly and suspicious characters; to detect and bring offenders to justice; to collect and communicate intelligence affecting the public peace; and promptly to obey and execute all orders and warrants lawfully issued to him by any competent authority.

[Police Officer may arrest without warrant.]

XXI. It shall be the duty of every Police Officer, and he is hereby authorized to arrest without warrant—

[Person charged with or suspected of grave crimes.]

1. Any person who is charged on credible information, or whom he has reasonable ground to suspect, of having been concerned in any grave or forcible crime or outrage

[Persons charged with aggravated assault recently committed.]

2. Any person who is charged with committing an aggravated assault, in every case in which he shall have good reason to believe that such assault has been committed, although not in his view, and that by reason of the recent commission of the offence a warrant could not have been issued.

[Persons committing a breach of the peace.]

3. Any person committing, or attempting to commit, any breach of the peace, in his view, and who refuses to desist on being required thereto.

[Persons found injuring public buildings, &c. Proviso.]

4. Any person found injuring the public buildings, roads, tanks, and water channels, or committing any offence punishable by Law: provided always that, where such offence is of a slight and petty nature, it shall not be necessary for the Police Officer to arrest, if, from the circumstances of the case, there is no reason to apprehend that the party will abscond.

[Vagrants and suspicious persons.]

5. Any vagrant whom he shall find disturbing the public peace, or whom he shall have good cause to suspect of having committed or being about to commit a crime; all persons whose name and resi-

সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে কিম্বা সে ছয় মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবে কিম্বা তাহার ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

[পোলীসের কর্ম্মকারকেরদের কর্ত্তব্য কর্ম্মের কথা।]

২০ ধারা। পোলীসের প্রত্যেক জন কর্ম্মকারক এই আইনের লিখিত সকল কার্য্যের নিমিত্তে সর্ব্বদাই আপন পদের কর্ম্মে উপস্থিত আছে এমত জ্ঞান হইবেক, ও পোলীসের সাধারণ এলাকার সর্ব্ব স্থানে তাহার পোলীসের কর্ম্মকারকের ক্ষমতা সর্ব্বদা থাকিবে। তাহার কর্ত্তব্য কার্য্য এই২। সকল দোষ ও অপরাধ ও সাধারণ লোকেরদের ঘৃণাজনক সকল বিষয় নিবারণ করিতে, ও শান্তিরক্ষা করিতে, ও অনিয়মিতাচারি ও সন্দিগ্ধচরিত্রের লোকেরদিগকে গ্রেক্তার করিতে, ও অপরাধিরদের সন্ধান লইয়া তাহারদিগকে বিচার হইবার নিমিত্তে উপস্থিত করিতে, ও সাধারণ লোকেরদের শান্তির বৃদ্ধি কি হানি যাহাতে হয় এমত সকল সম্বাদ আনিতে ও জানাইতে তাহার সাধ্যমতে উদ্যোগ করিতে হইবেক। ও উপযুক্ত কোন কর্ম্মকারক তাহাকে আইনমতের যে সকল হুকুম ও পরওয়ানা দেন তাহা ত্বরা মানিতে ও জারী করিতে হইবেক ইতি।

[পোলীসের কর্ম্মকারক বিনাপরওয়ানাতে যাহারদিগকে গ্রেক্তার করিতে পারে তাহারদের কথা।]

২১ ধারা। পোলীসের প্রত্যেক জন কর্ম্মকারকের কর্ত্তব্য এই, ও তাহাকে ইহাতে এই ক্ষমতা দেওয়া গেল যে, নীচের লিখিত ব্যক্তিদিগকে বিনাপরওয়ানাতে গ্রেক্তার করে।

[সঙ্গিন অপরাধ করিবার নালিশ কি দোষে যাহারদের উপর হয় তাহারদিগকে।]

১ প্রকরণ। বিশ্বাসযোগ্য কোন লোকের কথাক্রমে যাহার নামে সঙ্গিন কি বলপূর্ব্বক কোন অপরাধে কি অত্যাচারেতে লিপ্ত হইবার নালিশ হয় কি উপযুক্ত কারণে এমন দোষে হয় তাহাকে।

[সম্প্রতি ভারি চড়াউ করিবার দোষের নালিশ যাহারদের নামে হয় তাহারদিগকে।]

২ প্রকরণ। ভারি চড়াউ করিবার অপরাধে যাহার নামে নালিশ হয়, যদিও সেই অপরাধ ঐ কার্য্যকারকের সাক্ষাতে না করা যায় তথাপি ঐ চড়াউ হওয়াছে ইহাতে তাহার বিশ্বাস করিবার উত্তম কারণ থাকিলে, ও সেই অপরাধ অতি অল্পকাল হওয়াতে পরওয়ানা বাহির হইবার অবকাশ না থাকিলে, সেই লোককে।

[যাহারা দাঙ্গা করে তাহারদিগকে।]

৩ প্রকরণ। যে কোন লোক ঐ কার্য্যকারকের দৃষ্টিগোচরে দাঙ্গা করে কি করিবার উদ্যোগ করে ও ক্ষান্ত হইবার আজ্ঞা পাইলেও ক্ষান্ত না হয় তাহাকে।

[যাহারদিগকে সরকারী ইমারৎপ্রভৃতির হানি করিতে দেখা যায় তাহারদিগকে ও বর্জ্জিত বিধি।]

৪ প্রকরণ। যে কোন লোককে সরকারী কোন ইমারতের কি রাস্তার কি পুকুরের কি জলপ্রণালির হানি করিতে কিম্বা আইনমতের দণ্ডনীয় অন্য অপরাধ করিতে দেখা যায় তাহাকে। কিন্তু যদি সেই অপরাধ অল্প ও ক্ষুদ্র প্রকারের হয়, তবে বিষয় বুঝিয়া ঐ ব্যক্তি যে পলাইবে এমত বুঝিবার কারণ না থাকিলে তাহাকে পোলীসের কর্ম্মকারকের গ্রেক্তার করিতে হইবে না।

[ভেটুয়াদিগকে ও সন্দিগ্ধ লোকদিগকে।]

৫ প্রকরণ। ভেটুয়া যে কোন লোককে দাঙ্গা করিতে দেখিতে পায়, কিম্বা কোন অপরাধ করিয়াছে কি করিতে উদ্যত আছে যাহার বিষয়ে এমত দোষে করিবার উপযুক্ত কারণ থাকে, তাহাকে, ও যে সকল লোকের

dence is unknown; or whom he may find by night lying or loitering in any high-way, road or other place, and who, in either case, are unable to give a satisfactory account of themselves.

[Persons assaulting Police Officer.]

6. Any person who assaults, resists or obstructs such Police Officer in the execution of his duty, or aids or excites others so to do.

[Persons escaping from legal custody.]

7. All persons who, having been in legal custody, shall have escaped therefrom

[Persons charged with an offence, refusing to give name.]

8. All persons who are charged with having done any injury or damage to the person or property of another, and who refuse to give their name and residence, or who give one which there is ground to believe to be false, may be detained solely for the purpose of ascertaining such name and residence, with a view to future proceedings.

[Amends may be awarded for charges made on insufficient ground.]

XXII. In every case in which any person shall be given in charge to a Police Officer, on a false or frivolous charge; or in which a false and frivolous charge shall be made to a Police Officer against any person; or in which any information or complaint shall be laid or made before a Magisterial or Police Officer, and shall not be further prosecuted; or in which if further prosecuted, it shall appear to the Magisterial Officer by whom the case is heard, that there were no sufficient grounds for making the charge, such Magisterial Officer shall have the power to award a fine not exceeding fifty Rupees, or imprisonment for a period not exceeding one month, or both; or to award such amends not exceeding fifty Rupees, to be paid by the informer or complainant to the party informed or complained against, for his loss of time and expenses in the matter, as to such Magisterial Officer shall seem fit. And such amends shall be recoverable in the manner provided for the levy of fines.

[Persons arrested without warrant to be taken to Station House until brought before Magistrate or bailed. Proviso.]

XXIII. Every person taken into custody by any Police Officer without warrant, except persons detained for the mere purpose of ascertaining their name and residence, shall forthwith be delivered into the custody of the Police Officer in charge of a Chowky, or Station House, in order that such person may be secured until he can be brought before a Magisterial Officer to be dealt with according to

[*Government Gazette*, 11*th December*, 1860.]

নাম ও বাসস্থান জানা না হয়, কিম্বা যে সকল লোককে রাত্রিতে কোন সদর রাস্তায় কি পথে কি অন্য স্থানে থাকিতে কি আলস্যভাবে বেড়াইতে দেখে, ঐ উভয় কোন স্থলে যদি সেই লোকেরা আপনারদের থাকিবার-অবস্থার হিসাব দিতে না পারে, তবে তাহারদিগকে।

[যাহারা পোলীসের কর্ম্মকারকেরদের উপর চড়াও হয় তাহারদিগকে।]

৬ প্রকরণ। পোলীসের কর্ম্মকারক আপনার কর্ত্তব্য কর্ম্ম করিতেছে এমন সময়ে যে কেহ তাহার উপর চড়াও হয়, কি তাহাকে বাধা কি বারণ করে, কিম্বা তাহা করিতে অন্য লোকের সাহায্য করে কি অন্য লোককে প্রবৃত্তি দেয় তাহাকে।

[যাহারা আইনমতের কয়েদহইতে পলায় তাহারদিগকে।]

৭ প্রকরণ। যে সকল লোক আইনমতে কয়েদ হইয়া পলায় তাহারদিগকে।

[অপরাধের নালিশ যাহারদের নামে হয় তাহারা নাম জানাইতে স্বীকার না করিলে তাহারদিগকে।]

৮ প্রকরণ। কোন ব্যক্তির কি সম্পত্তির কিছু হানি কি নোকসান করিবার নালিশ যাহার নামে হয় এমত কোন লোক যদি আপনার নাম ও বাসস্থান জানাইতে স্বীকার না করে, কিম্বা যে নাম দেয় তাহা মিথ্যা জানিবার কারণ থাকে, তবে তাহার উপর পরে মোকদ্দমা হইতে পারে এই কারণে কেবল তাহার নাম ও বাসস্থান নিশ্চয়মতে জানিবার নিমিত্তে তাহাকে আটক করিয়া রাখা যাইতে পারিবে ইতি।

[অনুপযুক্ত কারণে নালিশ হইলে ক্ষতিপূরণের হুকুম হইতে পারিবার কথা।]

২২ ধারা। যখন কোন ব্যক্তির নামে মিথ্যা কি তুচ্ছ দোষের নালিশ হইয়া তাহাকে পোলীসের কর্ম্মকারকের জিম্মায় দেওয়া যায়, কিম্বা যখন পোলীসের কর্ম্মকারকের নিকটে কোন ব্যক্তির নামে মিথ্যা ও তুচ্ছ দোষের নালিশ হয়, কিম্বা যখন কোন মাজিষ্ট্রেট সাহেবের কি পোলীসের কর্ম্মকারকের নিকটে কোন এজাহার কি নালিশ হইয়া মোকদ্দমার তদবীর না হয়, কিম্বা হইলে, যে মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমা শুনেন তিনি যদি দেখেন যে ঐ নালিশ করিবার উপযুক্ত কোন কারণ নাই, তবে মাজিষ্ট্রেট সাহেব পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানার কিম্বা এক মাসের অনধিক কাল কয়েদ হইবার কিম্বা ঐ দুই দণ্ডের হুকুম করিতে পারিবেন, অথবা যাহার নামে এজাহার কি নালিশ হইয়াছে তাহার সেই বিষয়ে সময় হরণ ও খরচ শোধ করিবার জন্য ঐ এজাহারদেওনিয়ার কি নালিশকারিকে পঞ্চাশ টাকার অনধিক যত টাকা মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত বোধ করেন তত টাকা দিবার হুকুম করিতে পারিবেন। ও জরীমানার টাকা যে প্রকারে উসুল হইতে পারে ঐ ক্ষতি-শোধের টাকা সেইপ্রকারে উসুল হইবে ইতি।

[যাহারদিগকে পরওয়ানাবিনা গ্রেপ্তার করা যায় তাহারদিগকে যত কাল মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনা না যায় কি তাহারদের হাজিরজামিন না লওয়া যায় তত কাল থানাতে লইয়া রাখিবার ও তৎকর্ত্তব্য কথা।]

২৩ ধারা। নাম ও বাসস্থান নিশ্চয়মতে জানিবার জন্যে যাহারদিগকে আটক করিয়া রাখা যায় তাহারা ছাড়া অন্য যে ব্যক্তিকে পোলীসের কোন কর্ম্মকারক বিনাপরওয়ানাতে হেফাজতে লয়, তাহার সঙ্গে আইনমতে কার্য্য হইবার জন্যে যত কাল তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনা যাইতে না পারে তত কাল আটকাইয়া রাখিবার জন্যে, কোন চৌকীতে কি থানায় পোলীসের প্রধান যে কার্য্যকারক থাকেন, তাঁহার

Law, or may give bail for his appearance before a Magisterial Officer, if the Officer in charge shall deem it prudent to take bail as hereinafter mentioned: provided always that, where bail is not taken, the prisoner shall be brought before a Magisterial Officer within twenty-four hours, unless circumstances render delay unavoidable.

[Releasing on bail.]

XXIV. Whenever any person shall be brought in custody, without a warrant, to any Station House, at a time when he cannot at once be sent before a Magisterial Officer, and shall be charged with any bailable offence, or with any unbailable offence, of which it shall appear to the Officer in charge of the Station House or other superior Officer of Police that the prisoner is falsely accused, it shall be lawful for such Police Officer to release the accused on bail, or on his own recognizance, to appear before the Magisterial Officer when required.

[Superior Officer of Police may take recognizance for appearance of prosecutor of witness.]

XXV. It shall be lawful for every Police Officer in charge of a Station, or other Superior Officer of Police, to bind by recognizance any person to appear as prosecutor or as a witness before the Magisterial Officer by whom any grave charge is being or is about to be investigated; and if any such prosecutor or witness shall refuse to execute such recognizance, it shall be competent to such Officer to forward the person in custody to the Court of such Magisterial Officer.

[Condition of recognizance.]

XXVI. Every recognizance, so taken, shall be without fee or reward, and shall be conditioned for the appearance of the person thereby bound before any Magisterial Officer at such time and place as may be required and the time and place of appearance, and the sum thereby acknowledged, not exceeding one thousand Rupees, shall be specified in the said recognizance, or in the condition thereof; and the Officer taken the recognizance shall return the same forthwith to the Magisterial Officer present at the time and place when and where the party is bound to appear.

[Remands. Proviso.]

XXVII. If from the absence of witnesses, or from any other reasonable cause, it shall become necessary or advisable to defer the examination of any case, or the further examination of any witnesses, it shall be lawful for any Magisterial Officer, from time to time, by his warrant, to remand the accused to the custody of any Police Officer, for such time as he shall deem necessary and reasonable, not exceeding eight clear days, to be secured

হেফাজতে তাহাকে অব্যাজে দাখিল করিতে হইবে। কিম্বা যদি সেই কর্ম্মকারক বোধ করেন যে তাহার স্থানে নীচের লিখিতমতে হাজিরজামিন লওয়া বিহিত তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবার জামিন যত কাল না দেয় তত কাল তাহাকে রাখিতে হইবে। কিন্তু যদি হাজিরজামিন না লওয়া যায়, তবে কোন কারণে অগত্যা বিলম্ব করিতে না হইলে আসামীকে চব্বিশ ঘণ্টার মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনিতে হইবে ইতি।

[হাজিরজামিন লইয়া ছাড়িয়া দিবার কথা।]

২৪ ধারা। কোন ব্যক্তিকে যে সময়ে বিনাপরওয়ানাতে কোন লোকের হেফাজতে থানাতে আনা যায় সেই সময় বুঝিয়া যদি তাহাকে অব্যাজে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠান যাইতে না পারে ও যে অপরাধের নিমিত্তে হাজিরজামিন লওয়া যাইতে পারে তাহার নামে যদি এমত অপরাধের নালিশ হয়, কিম্বা যে অপরাধের নিমিত্তে হাজিরজামিন লওয়া যাইতে না পারে এমত অপরাধের নালিশ হইয়া যদি থানার প্রধান কর্ম্মকারক কি পোলীসের অন্য উপরিস্থ কর্ম্মকারক বোধ করেন যে মিথ্যা নালিশ হইয়াছে, তবে সেই ব্যক্তি আজ্ঞা পাইলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবে এমত জামিন দিলে কি সেই মর্ম্মের একরারনামা লিখিয়া দিলে, পোলীসের ঐ কর্ম্মকারক তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন ইতি।

[নালিশবন্দ ব্যক্তির কি সাক্ষির হাজির হইবার একরারনামা পোলীসের উপরিস্থ কার্য্যকারকের লইতে পারিবার কথা।]

২৫ ধারা। কোন থানার কর্ম্মের ভার পোলীসের যে কার্য্যকারকের হাতে থাকে তাঁহার কিম্বা পোলীসের অন্য উপরিস্থ কার্য্যকারকের এই ক্ষমতা থাকিবে যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কোন ভারি নালিশের বিচার যখন হইতেছে কি অল্প কালে হইবে তখন কোন ব্যক্তিকে নালিশবন্দরূপে কি সাক্ষিস্বরূপে হাজির হইবার একরারনামাতে বদ্ধ করেন। ও যদি সেই প্রকারের কোন নালিশবন্দ ব্যক্তি কি সাক্ষী তদ্রূপ একরারনামাতে দস্তখৎ করিতে স্বীকার না করে তবে সেই কার্য্যকারক তাহাকে কোন লোকের হেফাজতে দিয়া ঐ মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে চালান করিতে পারিবেন ইতি।

[একরারনামার নিয়মের কথা।]

২৬ ধারা। সেই প্রকারে যে প্রত্যেক একরারনামা লওয়া যায় তাহার নিমিত্তে কোন রসুম কি পুরস্কার লাগিবে না। ও তাহার নিয়ম এই যে ঐ ব্যক্তি আজ্ঞামতের কোন সময়ে কি স্থানে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবে। ও তাহার হাজির হইবার সময় ও স্থান ও এক হাজার টাকার অনধিক যত টাকার তাইনে সে বদ্ধ হয়, তাহা ঐ একরারনামায় কি তাহার শর্ত্তের মধ্যে নির্দ্দিষ্ট থাকিবে। ও সেই ব্যক্তি যে সময়ে ও স্থানে হাজির হইতে বদ্ধ হয়, সেই সময়ে সেই স্থানে যে মাজিষ্ট্রেট সাহেব থাকেন তাঁহার নিকটে ঐ একরারনামালওনিয়া কার্য্যকারক অব্যাজে ঐ একরারনামা পাঠাইবেন ইতি।

[হাজতে ফিরিয়া পাঠাইবার কথা ও বর্জ্জিত কথা।]

২৭ ধারা। যদি সাক্ষিরদের হাজির না থাকাপ্রযুক্ত কিম্বা অন্য কোন উপযুক্ত কারণে কোন মোকদ্দমার বিচার করণের কি কোন সাক্ষিরদের জোবানবন্দী লওয়ার কাল বিলম্ব করা আবশ্যক কি বিহিত হয়, তবে কোন মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ পরওয়ানা দিয়া আট দিনের অনধিক যত কাল আবশ্যক ও উপযুক্ত বোধ করেন তত কালপর্য্যন্ত অভিযুক্ত ব্যক্তিকে কোন থানায় কি জেলখানায় রাখিবার নিমিত্তে কিম্বা উক্ত মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে অন্য যেরূপে বিহিত

in any Station House or Jail, or to be otherwise detained in custody, as to the said Magisterial Officer shall appear expedient; provided always that any such Magisterial Officer may order such accused party to be brought before him at any time or place before the expiration of the time for which such accused party shall have been remanded; or may discharge such accused party on his own recognizances, with or without sureties, conditioned for his appearance at the time and place appointed for such further examination.

[Entering drinking shops, &c., without a warrant.]

XXVIII. It shall be lawful for any Police Officer without a warrant to enter and inspect all drinking shops, gaming houses, and other resorts of loose and disorderly characters; all premises of persons, suspected of receiving stolen property; any locality, vessel, boat or conveyance in any part of which places he shall have just cause to believe that crime has been, or is about to be committed; or which he reasonably suspects to contain stolen property; and then and there to take all necessary measures for the effectual prevention and detection of crime, and to take charge of all property reasonably suspected to have been stolen; and of all articles or things which may serve as evidence of the crime supposed to have been committed; and to take charge of all unclaimed property.

[Inspection of weights and measures.]

XXIX. Every Police Officer, not below the grade of Inspector, shall, under such orders as may from time to time be issued by the Inspector General of Police, be an Inspector of weights and measures, and may enter any shop or premises for the purpose of inspecting the weights and measures, and instruments for weighing, kept or used therein; and may seize any weight, measure, or instrument for weighing, which may have reason to believe is false.

[Police Officer not to receive complaints of petty offences Proviso.]

XXX. No Police Officer shall receive any complaint of any petty offence; or take into his custody any person brought to him, accused of such petty offences, as trespass, assault, quarrelling, or the like; and it shall be lawful for any Police Officer to refuse to receive and act upon any charge of an offence of a grave character, if he shall, on enquiry made of the complainant alone, see good grounds for doubting its truth: provided always that, if the charge be not of such a nature as under ordinary circumstances would justify the Police Officer in refusing to receive it, the particular reasons for

হয় সেইরূপে তাহাকে হাজতে আটক রাখিবার নিমিত্তে পোলীসের কোন কর্ম্মকারকের হেফাজতে দিবেন। কিন্তু যত কালের নিমিত্তে সেই অভিযুক্ত ব্যক্তিকে ফিরিয়া পাঠান যায়, সেই কালের মধ্যে ও তদ্রূপ কোন মাজিষ্ট্রেট সাহেব উক্ত অভিযুক্ত ব্যক্তিকে কোন সময়ে কি স্থানে আপনার সম্মুখে আনাইতে হুকুম করিতে পারিবেন। কিম্বা ঐ অধিক তজবীজ হইবার যে সময় ও স্থান নিরূপণ হয় সেই সময়ে ও স্থানে হাজির হইবার একরারনামা জামিনী সহিত কি জামিন বিনা ঐ অভিযুক্ত ব্যক্তির হাতে লইয়া তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন ইতি।

[পরওয়ানা বিনা মদের দোকানপ্রভৃতিতে প্রবেশ করিবার কথা।]

২৮ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক পরওয়ানা না পাইলেও সকল মদের দোকানে ও জুয়াখেলার ঘরে, ও অন্য যেং স্থানে লম্পট ও অনিয়মিতাচারী লোকেরা নিত্য গিয়া থাকে সেইং স্থানে, ও চোরা জিনিস লইবার দোষে যাহারদের প্রতি হয় তাহাদের বাড়ীতে, ও যে কোন স্থানের কি জাহাজের কি নৌকার কি গাড়িপ্রভৃতির যে ভাগে অপরাধ হইয়াছে কি হইবার কল্পনা আছে এমত বিশ্বাস করিবার উপযুক্ত কারণ থাকে ঐং স্থানের সেইং ভাগে, কিম্বা যে স্থানে চোরা জিনিস থাকিবার উপযুক্ত সন্দেহ থাকে সেইস্থানে প্রবেশ করিয়া সন্ধান লইতে পারিবে। ও সেই স্থানে তখনই অপরাধ সফলরূপে নিবারণের ও তাহার সন্ধান লওয়ার জন্যে আবশ্যক সকল উপায়মতে কার্য্য করিতে পারিবে, ও যে সকল দ্রব্যের বিষয়ে চোরা বলিয়া উপযুক্তমতে সন্দেহ হইতে পারে তাহা, ও যে অপরাধ হইয়াছে বোধ হয় তাহার প্রমাণস্বরূপে যে সকল দ্রব্য ও জিনিস থাকে তাহা আপনার জিম্মায় লইতে পারিবে ও লাওয়ারিস সকল দ্রব্য আপনার জিম্মায় লইতে পারিবে ইতি।

[বাটখারা গজপ্রভৃতি দেখিয়া লইবার কথা।]

২৯ ধারা। পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল সাহেব সময়েং যেং হুকুম জারী করিয়া থাকেন সেইং হুকুমমতে পোলীসের যে কর্ম্মকারক ইন্‌স্পেক্টরের পদের নীচ পদস্থ না হন এমত কোন কর্ম্মকারক বাটখারার ও গজপ্রভৃতির ইন্‌স্পেক্টর হইবেন। ও কোন দোকানে কি বাড়ীতে যে সকল বাটখারা ও মাপিবার গজপ্রভৃতি ও ওজন করিবার যন্ত্র থাকে কি ব্যবহার হয় তাহা দেখিবার জন্যে ঐ দোকানে কি বাড়ীতে প্রবেশ করিতে পারিবেন ও যে কোন বাটখারা কি মাপিবার গজপ্রভৃতি কি ওজন করিবার দ্রব্য বেদাড়া জানিবার কারণ থাকে তাহা ক্রোক করিতে পারিবেন ইতি।

[ক্ষুদ্র দোষের নালিশ পোলীসের কর্ম্মকারকের গ্রাহ্য না করিতে হইবার কথা ও বর্জ্জিত কথা।]

৩০ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক ক্ষুদ্রং অপরাধের কোন নালিশ গ্রাহ্য করিবেন না। ও গৃহাদিতে প্রবেশ ও চড়াউ হওন ও ঝগড় করণপ্রভৃতি ক্ষুদ্রং অপরাধ করণের নালিশমতে কাহাকে নিকটে আনা যায় তাহাকে হেফাজতে লইবেন না। ও ভারিপ্রকারের অপরাধের কোন নালিশ পোলীসের কোন কর্ম্মকারকের নিকটে হইলে, যদি কেবল ফরিয়াদীর নিকটে জিজ্ঞাসা করিলে সেই কথা সত্য হওয়ার সন্দেহ করিবার উপযুক্ত কারণ দেখে, তবে তাহাও সেই কার্য্যকারক গ্রাহ্য করিতে ও তাহার মতে কর্ম্ম করিতে অস্বীকার করিতে পারিবে। সচরাচর সাধারণ অবস্থায় পোলীসের কর্ম্মকারক যে নালিশ গ্রাহ্য করিতে স্বীকার না করিয়া নির্দ্দোষ হইতে পারে, এমত নালিশ যদি না হয়, তবে বিশেষ যেং কারণে ঐ নালিশ গ্রাহ্য করিতে স্বীকার না করে তাহা সেই

refusing it are to be recorded by such Officer at the time.

[Police Officers may lay informations, &c. Proviso.]

XXXI. It shall be lawful for any Police Officer to lay any information before any Magisterial Officer, and to apply for summons, warrant, search warrant, of such other legal process as may by law issue, and may be expedient under the circumstances, against any person committing an offence against any law or enactment, or against any regulation for the protection of the Revenue, or against any person committing or failing to remove any publi[illegible] nuisance or unwarrantable obstructions, keeping a disorderly house, harbouring thieves, disturbing the peace, obstructing the due course of justice, and the like; and to prosecute such offenders up to final judgment. provided always that any rewards, forfeitures, and penalties, or shares of rewards, forfeitures, or penalties, which by law are payable to informers, and all costs of prosecution which may by any enactment be awarded to the prosecutor, shall be paid into the "General Police Fund."

[All warrants, &c., to be executed by members of the Police Force.]

XXXII. From and after the passing of this Act all summonses, warrants, search warrants, warrants of commitment for trial, or orders for escort and conveyance of prisoners, and all other processes issued by any Officer in any criminal proceeding, shall be directed and delivered to Officers of the Police alone; and such processes shall be served and executed by them and none others; provided always th , in all cases of petty offence it shall be lawful for the Magisterial or other Officer issuing a summons to require the party applying for a summons for the appearance of either the defendant or witnesses to deposit and eventually to pay any fee for such summons, and all costs incurred b[illegible]he Police in serving such process, the same to be paid into the "General Police Fund" for the maintenance of the Police.

[Warrant to be endorsed. Proviso]

XXXIII. Where any such warrant, order or process shall be directed or delivered to any of the said Officers, unless it be necessary for the due execution thereof that such warrant be executed without delay, the person receiving it shall deliver the same to any Officer authorized for that purpose, who shall take charge of it, and appoint by endorsement thereon one or more Police Officers to execute the same or endorse it to any other Officer for a like purpose; and every Police Officer whose name shall be so endorsed thereon shall have the same powers, privileges, and protection as if the same had origi-

কর্ম্মকারকের সেই সময়ে লিখিয়া রাখিতে হইবে ইতি।

[পোলীসের কর্ম্মকারকেরদের কোন কথাপ্রভৃতি জানাইবার ক্ষমতার কথা ও বর্জ্জিত কথা।]

৩১ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কোন কথার খবর দিতে পারিবে. ও যে কোন লোক কোন আইনের কি বিধানের বিপরীত কি রাজস্ব রক্ষা করিবার কোন বিধির বিপরীত কর্ম্ম করিয়া কোন অপরাধ করে তাহার নামে কিম্বা যে কোন লোক সাধারণ লোকেরদের ঘৃণাজনক কোন কর্ম্ম করে কি উঠাইয়া না দেয় কিম্বা কোন পথপ্রভৃতি অবিধিমতে অবরোধ করিয়া তাহা মুক্ত না করে কিম্বা অনিয়মিত লোকেরদের ঘর রাখে কি চোরকে [illegible]শ্রয় দেয় কি শান্তি ভঙ্গ করে, কি যথার্থ বিচার হইবার উপযুক্ত কর্ম্মের বাধা করে, এমত লোকের নামে সমন কি পরওয়ানা কি তলাশী পরওয়ানা কি আদালতের অন্য যে হুকুমনামা আইনমতে জারী হইতে পারে ও বিষয় বুঝিয়া বিহিত হয় তাহা জারী হইবার প্রার্থনা করিতে পারিবে, ও সেই অপরাধির নামে নালিশ করিয়া শেষ হুকুম না হওনাপর্য্যন্ত মোকদ্দমা তদবীর করিতে পারিবে। পরন্তু যে সকল পুরস্কার ও জব্দকরা ও জরীমানার যে সকল টাকা কিম্বা পুরস্কারের কি জব্দকরা কি জরীমানার টাকার যে সকল হিস্যা আইনমতে গোয়েন্দারদিগকে দেওয়া যাইতে পারে, ও মোকদ্দমার যে সকল খরচ কোন আইনমতে ফরিয়াদীরদিগকে দেওয় যাইতে পারে, তাহা পোলীসের সাধারণ ফণ্ডে দেওয়া যাইবে ইতি।

[সকল পরওয়ানাপ্রভৃতি পোলীসের দলের কোন লোকের জারী করিবার কথা।]

৩২ ধারা। এই আইন জারী হইবার সময়াবধি সকল সমন ও পরওয়ানা ও তলাশী পরওয়ানা ও বিচারার্থে সোপর্দ্দ করণের পরওয়ানা, ও কয়েদীদগকে নেগাহবানীতে রাখিয়া অন্য স্থানে চালান করিবার হুকুম, ও ফৌজদারী কোন মোকদ্দমায় কোন কার্য্যকারক অন্য যে সকল হুকুমনামা জারী করেন তাহা পোলীসের কর্ম্মকারকেরদের নামে দিয়া তাহারদিগকে দেওয়া যাইবে। তাহারাভিন্ন অন্য কেহ সেই সকল হুকুমনামা জারী করিতে ও তাহার মতে কর্ম্ম করিতে পারিবে না। কিন্তু ক্ষুদ্র২ অপরাধের সকল মোকদ্দমায়, যে জন আসামীর কি সাক্ষিরদের হাজির হইবার সমন জারী হইবার প্রার্থনা করে, তাহাকে মাজিষ্ট্রেট সাহেব কি [illegible] যে কর্ম্মকারক সমন জারী করেন তিনি ঐ সমনের নিমিত্তে কোন রসুম আমানৎ করিতে ও সময়মতে দিতে, ও সেই হুকুমনামা জারী করিতে পোলীসের কর্ম্মকারকের যে খরচ হয় তাহা দিতে আজ্ঞা করিতে পারিবেন। সেই টাকা পোলীসের বেতনাদির জন্য পোলীসের যে সাধারণ ফণ্ড হয় সেই ফণ্ডে দেওয়া যাইবে ইতি।

[পরওয়ানার পৃষ্ঠে লিখিবার কথা ও বর্জ্জিত কথা।]

৩৩ ধারা। যখন সেই প্রকারের কোন পরওয়ানা কি হুকুমনামা উক্ত কোন কর্ম্মকারকেরদের নামে কি কর্ম্মকারকদিগকে দেওয়া যায়, তখন তাহা উপযুক্তমতে জারী হইবার নিমিত্তে অবিলম্বে জারী করা আবশ্যক না হইলে, যে জন তাহা পায় সে ঐ কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন কোন কর্ম্মকারককে তাহা দিবে, সেই জন ঐ পরওয়ানা জিম্মায় লইয়া তাহা জারী করিবার নিমিত্তে তাহার পৃষ্ঠে পোলীসের এক কি অধিক জন কর্ম্মকারকের নাম লিখিবে কিম্বা সেই কর্ম্ম করিবার জন্যে অন্য কর্ম্মকারকের নাম পৃষ্ঠে লিখিয়া তাহাকে দিবে। ও পোলীসের যে কর্ম্মকারকের নাম পৃষ্ঠে লেখা থাকে তাহার নামে ঐ পরওয়ানা প্রথমে দেওয়া গেলে, তাহার

nally been directed to him by name: provided also, that every such process shall be executed with all secrecy and despatch; and shall have full force in any part of the General Police District, except within the limits of the Supreme Court, without further formality or local endorsement; and that all Police Authorities shall every where be assisting in the execution of such process.

যেরূপ ক্ষমতা ও অনুগ্রহ ও রক্ষা হইতে পারিত তাহার সেইরূপ ক্ষমতাপ্রভৃতি থাকিবে। পরন্তু সেই প্রকারের প্রত্যেক পরওয়ানা সাধ্যমতে গুপ্তরূপে ও ত্বরা করিয়া জারী করিতে হইবে। ও দাঁড়ামতের অন্য কোন কার্য্য কি স্থানবিশেষে তাহার পৃষ্ঠে অন্য কথা লেখনবিনা তাহা, সুপ্রিম কোর্টের এলাকার সীমানাছাড়া, পোলীসের সাধারণ এলাকার কোন স্থানে সম্পূর্ণরূপে বলবৎ হইবে। ও সকল স্থানে পোলীসের সকল কার্য্যকারক সাহেব ঐ পরওয়ানা জারীর সহায়তা করিতে থাকিবেন ইতি।

[Service of summonses, &c.]

XXXIV. Every summons, notice, or other criminal process may be served on the party named personally, or be left with some adult male member of his family, or a copy thereof may be affixed on some conspicuous part of his usual place of abode; and any party failing or neglecting to obey such summons or notice duly served, shall be liable, at the discretion of the Magistrate or Court that issued the process, to a penalty not exceeding fifty Rupees, unless such person shall be able to prove that he was prevented by unavoidable accident or other satisfactory cause from obeying such summons, notice or the like.

[সমনপ্রভৃতি জারী করিবার কথা।]

৩৪ ধারা। প্রত্যেক সমনে কি এত্তেলাতে কি ফৌজদারী অন্য পরওয়ানাতে যাহার নাম লেখা থাকে স্বয় সেই লোকের উপর ঐ সমনপ্রভৃতি জারী হইতে পারিবে, কিম্বা তাহার পরিবারের মধ্যে বয়ঃপ্রাপ্ত কোন পুরুষের হাতে দেওয়া যাইতে পারিবে, কিম্বা সেই সমনপ্রভৃতির এক কেতা নকল তাহার নিয়ত বাসস্থানের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইতে পারিবে। ও যদি কোন লোক উপযুক্তমতে জারীকরা তদ্রূপ কোন সমন কি এত্তেলা মানিতে ত্রুটি কি শৈথিল্য করে, তবে মাজিস্ট্রেট সাহেব কি যে আদালত ঐ পরওয়ানা জারী করেন সেই আদালত আপনার বিবেচনামতে তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা করিতে পারিবেন। কিন্তু যদি সেই লোক অনিবার্য্য কোন দৈবঘটনাতে কি উপযুক্ত অন্য কারণে সেই সমন কি এত্তেলাপ্রভৃতি মানিতে পারে নাই, ইহার প্রমাণ করিতে পারে তবে তাহার জরীমানা হইবে না ইতি।

[Warrant without summons.]

XXXV. Any Magisterial Officer may, without issuing any summons, forthwith issue his warrant, to bring before him any person charged with an offence cognizable by him, or whose attendance it may for any reason be necessary to enforce, whenever it shall appear probable that such person will not attend unless compelled so to do.

[সমনবিনা গ্রেপ্তারী পরওয়ানার কথা।]

৩৫ ধারা। কোন মাজিস্ট্রেট সাহেবের দ্বারা যে অপরাধ বিচার্য্য হয় এমত কোন অপরাধের নালিশ যাহার নামে হয় সেই লোককে কিম্বা যে লোককে কোন কারণে বলপূর্ব্বক হাজির করাণ আবশ্যক হয়, সেই লোককে জোর করিয়া না আনাইলে সে হাজির হইবে না এমত সম্ভাবনা থাকিলে, ঐ মাজিস্ট্রেট সাহেব কোন সমন জারী না করিয়া ঐ লোককে নিকটে আনিতে আপন পরওয়ানা অব্যাজে জারী করিতে পারিবেন ইতি।

[Notification of substance of Warrant.]

XXXVI. A Police Officer executing a warrant of arrest shall notify the substance of the warrant, and if required so to do shall show the warrant.

[পরওয়ানার মর্ম্মের সম্বাদ দিবার কথা।]

৩৬ ধারা। পোলীসের যে কর্ম্মকারক গ্রেপ্তারী পরওয়ানা জারী করে, সে ঐ পরওয়ানার মর্ম্ম জানাইবে, ও কেহ আদেশ করিলে সেই পরওয়ানা দেখাইবে ইতি।

[Warrant how to be executed.]

XXXVII. In making an arrest, the Police Officer executing the warrant shall not be required to touch or confine the person to be arrested, if there be submission to the custody by word or action.

[পরওয়ানা যেরূপ জারী হইবে তাহার কথা।]

৩৭ ধারা। গ্রেপ্তারী কার্য্য করিতে হইলে, যাহাকে গ্রেপ্তার করিতে হইবে সেই লোক যদি কথা কি কর্ম্ম দ্বারা হেফাজতে যাইতে স্বীকার করে, তবে পোলীসের যে কর্ম্মকারক ঐ পরওয়ানা জারী করে তাহার ঐ লোককে স্পর্শ করা কি কয়েদ রাখা প্রয়োজন নাই ইতি।

[No unnecessary restraint.]

XXXVIII. After arrest the prisoner shall not be subjected to any more restraint than such as may be necessary to prevent his escape.

[অনাবশ্যকমতে আটকাইয়া না রাখিবার কথা।]

৩৮ ধারা। গ্রেপ্তার হইলে পর আসামী যাহাতে পলাইতে না পারে এমন আবশ্যক উপায়ছাড়া, তাহাকে অন্য কোন প্রকারে আটক করিয়া রাখিতে হইবেক না ইতি।

[Breaking of outer door or window.]

XXXIX. Any Police Officer authorized by a warrant to arrest a person accused of any offence for which a warrant may issue on complaint, may break open any outer or inner door or window of a dwelling-house, whether that of the person accused or of any other person, in order to execute such warrant,

[সদর দ্বার কি খিড়কি ভাঙ্গিয়া ঢুকিবার কথা।]

৩৯ ধারা। যে অপরাধের নালিশ হইলে গ্রেপ্তারের পরওয়ানা জারী হইতে পারে এমত কোন অপরাধের নালিশ যাহার নামে হয়, সেই ব্যক্তিকে গ্রেপ্তার করিতে পোলীসের যে কোন কর্ম্মকারক পরওয়ানাদ্বারা ক্ষমতা পায়, সেই কর্ম্মকারক আপনার ক্ষমতার ও অভিপ্রায়ের সম্বাদ দিলে পর, ও বসত ঘরে প্রবেশ

if, after notification of his authority and purpose, and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance.

[Breaking open a Zenanah or female apartment.]

XL. If information be received that a person accused of any offence for which a warrant may issue, has concealed himself in a Zenanah or female apartment in the actual occupancy of women, the Officer employed to execute the warrant shall take such precautions as may be necessary to prevent the escape of the accused; and if such person shall not deliver himself up, the Police Officer authorized to execute the warrant may break open the Zenanah, and execute the process entrusted to him, giving sufficient notice to enable any woman in the Zenanah to withdraw, affording her every reasonable facility for doing so.

[Party arrested to be brought immediately to the authority mentioned in the warrant.]

XLI. After arrest made, the Police Officer executing the warrant shall, without unnecessary delay, bring the person arrested before the Magistrate or other authority described in the warrant.

[No threat or promise to compel disclosure by party arrested.]

XLII. No Police Officer shall offer to the person arrested any inducement by threat or promise, or otherwise, to make any disclosure. But no Police Officer shall prevent the persons arrested, by any caution or otherwise, from making any disclosure which he may be disposed to make of his own free will.

[Police Officer may require assistance.—Penalty.]

XLIII. If any Police Officer shall at any time find himself unable to effect an arrest, it shall be lawful for him to require any and every person present to assist and aid him in making the arrest; and any person who shall refuse or neglect to comply with such requisition, shall be liable on conviction before any Magisterial Officer to a fine not exceeding fifty Rupees, or to imprisonment for a period not exceeding three months, or both.

[Penalties for neglect of duty, &c.]

XLIV. Every Police Officer who shall be guilty of any violation of duty or wilful breach or neglect of any regulations and lawful orders of other competent authority and not punishable under Section X. of this Act; or who shall cease to perform the duties of his office without leave, or without having given

করিবার অনুমতি উপযুক্তরূপে চাহিলে পর, যদি অন্য কোন প্রকারে প্রবেশ করিতে না পারে তবে সেই পরওয়ানা জারী করিবার নিমিত্তে ঐ ঘরের সদর কি মফঃসল দ্বার কি খিড়কি ভাঙ্গিয়া খুলিতে পারিবে, সেই ঘর ঐ অভিযুক্ত ব্যক্তির হউক কি অন্য কোন লোকের হউক তাহা করিতে পারিবে ইতি।

[অন্তঃপুরের দ্বার ভাঙ্গিয়া খুলিবার কথা।]

৪০ ধারা। যে অপরাধের নিমিত্তে গ্রেপ্তারী পরওয়ানা জারী হইতে পারে এমত কোন অপরাধের নালিশ যাহার নামে হইয়াছে সেই লোক অন্তঃপুরে কিম্বা যে ঘরে স্ত্রীলোকেরা নিতান্ত আছে তাহাতে লুকাইয়া রহিয়াছে এইরূপ সম্বাদ যদি পাওয়া যায়, তবে ঐ পরওয়ানা জারী করিতে যে কর্ম্মকারককে দেওয়া গিয়াছে সেই কর্ম্মকারক ঐ অভিযুক্ত ব্যক্তির পলাইতে না পারিবার আবশ্যক সকল কর্ম্ম করিবে ও যদি সেই লোক আপনাকে ধরা না দেয়, তবে ঐ পরওয়ানা জারী করিবার ক্ষমতা পোলীসের যে কর্ম্মকারককে দেওয়া যায় সেই কর্ম্মকারক, ঐ অন্তঃপুরের কোন স্ত্রীলোককে চলিয়া যাইবার উপযুক্ত মতের এত্তেলা দিয়া ও তাহার চলিয়া যাইবার উপযুক্তমতের সকল সুযোগ করাইয়া দিলে পর, ঐ অন্তঃপুরের দ্বার ভাঙ্গিয়া খুলিয়া আপনার প্রতি অর্পিত ঐ পরওয়ানা জারী করিতে পারিবে ইতি।

[গ্রেপ্তারকরা লোককে অব্যাজে পরওয়ানার লিখিত কার্য্যকারকের নিকটে আনিবার কথা।]

৪১ ধারা। ঐ লোককে গ্রেপ্তার করিলে পর পোলীসের যে কর্ম্মকারক পরওয়ানা জারী করে, সে অনাবশ্যক কিছু বিলম্ব না করিয়া ঐ গ্রেপ্তারকরা লোককে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পরওয়ানার লিখিত অন্য কার্য্যকারকের সম্মুখে আনিবে ইতি।

[গ্রেপ্তারকরা লোকের কোন কথা প্রকাশ করাইবার জন্যে তাহাকে ভয় জন্মাইবার কথা না কহিবার কি কোন আশা না দিবার কথা।]

৪২ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক গ্রেপ্তারকরা লোককে ভয় দর্শাইয়া কি কোন আশা দিয়া কি অন্য কর্ম্ম করিয়া কোন কথা প্রকাশ করিবার প্রবৃত্তি দিবে না। কিন্তু গ্রেপ্তারকরা ঐ লোক যদি আপন ইচ্ছামতে কোন কথা প্রকাশ করিতে চাহে তবে পোলীসের কর্ম্মকারক তাহাকে সাবধান করাইয়া কি অন্য কোন প্রকারে বারণ করিবে না ইতি।

[কোন লোকের স্থানে পোলীসের কর্ম্মকারকের সাহায্য চাহিয়া লইতে পারিবার কথা ও দণ্ডের কথা।]

৪৩ ধারা। যদি পোলীসের কোন কর্ম্মকারক কোন সময়ে কোন লোককে গ্রেপ্তার করিতে আপনাকে অসমর্থ জানে তবে সে গ্রেপ্তার করিবার কার্য্যেতে বর্ত্তমান কোন লোককে ও প্রত্যেক জনকে আপনার সাহায্য ও উপকার করিতে হুকুম করিতে পারিবে ও সেই হুকুমমতে কার্য্য করিতে যে কেহ স্বীকার না করে কি শৈথিল্য করে, তাহার ঐ দোষ কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাবুদ হইলে, তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে কিম্বা সে তিন মাসের অনধিক কাল কয়েদ হইতে পারিবে কিম্বা তাহার ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

[উপযুক্ত কর্ম্মেতে শৈথিল্যপ্রভৃতি হইলে তাহার দণ্ডের কথা।]

৪৪ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক যদি কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি করিবার দোষী হয়, কিম্বা কোন আইন কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কর্ম্মকারকের আইনমতের কোন হুকুম ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন করিবার কি মানিতে শৈথিল্য করিবার দোষী হয়, ও এই আইনমতের ১০ ধারাক্রমে তাহার দণ্ড হইতে না পারে, কিম্বা যদি কোন

two months' notice, as provided by this enactment; or engage without authority in any employment other than his Police duty; who shall be guilty of prevarication in any judicial trial; or who shall maliciously and without probable cause, prefer any false, vexatious, or frivolous charge or information against any individual; or who shall knowingly and wilfully, and with evil intent, exceed his powers; or shall be guilty of any wilful and culpable neglect of duty in not bringing any person, who shall be in his custody without a warrant, before a Magisterial Officer as hereinbefore provided; or who shall allow any person in his custody to escape, or who shall offer any unwarrantable personal violence to any person in his custody, shall be liable on conviction by a Magisterial Officer to a penalty not exceeding three months' pay, or to imprisonment with or without hard labor for a period not exceeding three months, or both.

[Penalty for receiving unauthorized fees, &c.]

XLV. Any Police Officer who shall on any pretext or under any circumstance, directly or indirectly, collect or receive any fee, gratuity, diet money, allowance, or recompense, other than he may be duly authorized by the Inspector General or other Officer acting under his order to collect or receive, shall on conviction before any Magisterial Officer be liable to a penalty not exceeding six months' pay, or to imprisonment with or without hard labor not exceeding six months, or both.

[Penalty for extortion, &c.]

XLVI. Any Police Officer, who shall directly or indirectly extort, exact, seek, or obtain any bribe or unauthorized reward or consideration, by any illegal threat or pretence, or for doing or omitting or delaying to do any act which it may be his duty to do, or to cause to be done; or for withholding or delaying any information which he is bound to afford or to communicate; or who shall connive at the escape of any person in his custody; or who shall attempt to commit any of the said offences; or shall be guilty of cowardice, shall be liable upon conviction before any Magisterial Officer to a fine not exceeding twelve months' pay, or to imprisonment with or without hard labor not exceeding twelve months, or both. Provided always that nothing in the three last preceding Sections shall be deemed to preclude such Magisterial Officer from committing for trial any cases of this nature too serious for his cognizance.

কর্ম্মকারক এই আইনের বিধানমতে ছুটী না পাইয়া কিম্বা দুই মাসের এত্তেলা না দিয়া আপনার পদের কর্ত্তব্য কর্ম্ম করিতে ক্ষান্ত হয়, কিম্বা অনুমতি না পাইয়া আপন পোলীসসংক্রান্ত কর্ম্মছাড়া অন্য কোন কর্ম্মেতে লিপ্ত হয়, কিম্বা কোন মোকদ্দমার বিচারকালে কোন অপ্রকৃত কথা কহিবার দোষী হয়, কিম্বা যদি ঈর্ষা করিয়া ও সম্ভাবিত কোন কারণ না থাকিলে, কোন লোকের নামে মিথ্যা কি ক্লেশদায়ক কি তুচ্ছ অপরাধের নালিশ করে কি খবর দেয়, কিম্বা জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক ও কুঅভিপ্রায়ে আপনার ক্ষমতার অতিরিক্ত কর্ম্ম করে কিম্বা পরওয়ানাবিনা যে লোক তাহার হেফাজতে থাকে এমত কোন লোককে পূর্ব্ব বিধানমতে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে না আনাতে কর্ত্তব্য কর্ম্মে ইচ্ছাপূর্ব্বক ও দোষতঃ শৈথিল্য করিবার দোষী হয়, কিম্বা আপন হেফাজতে থাকা কোন ব্যক্তিকে যদি পলাইতে দেয়, কিম্বা আপন হেফাজতে থাকা কোন লোকের উপর বেআইনীমত কোন অত্যাচার করে, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাবুদ হইলে, তাহার তিন মাসের অনধিক বেতনের জরীমানা হইতে পারিবে কিম্বা সে তিন মাসের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবেক কিম্বা তাহার ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

[অনিয়মিত রসুমপ্রভৃতি লইবার দণ্ডের কথা।]

৪৫ ধারা। ইন্‌স্পেক্‌টর জেনরল সাহেবের কি তাঁহার হুকুমমতে কর্ম্মকারি অন্য কার্য্যকারকের অনুমতিক্রমে পোলীসের কোন কর্ম্মকারক উপযুক্তমতে যে কোন রসুম কি বকশীশ কি খোরাকী কি খরচ কি পুরস্কার উসুল করিতে কি গ্রহণ করিতে পারে, তাহাছাড়া যদি সে কোন প্রকারের ছলে কি কোন গতিকে সাক্ষাৎরূপে কি চক্রান্তে উক্ত কিছু রসুমপ্রভৃতি উসুল কি গ্রহণ করে, তবে তাহা কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাবুদ হইলে, তাহার ছয় মাসের অনধিক বেতনের জরীমানা হইতে পারিবে, কিম্বা সে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে ছয় মাসের অনধিক মিয়াদে কয়েদ হইতে পারিবে কিম্বা তাহার ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

[ভয় দেখাইয়া টাকা লওয়াইত্যাদির দণ্ডের কথা।]

৪৬ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক যদি বেআইনীমতের কোন ভয় দেখাইয়া কি ছল করিয়া কিম্বা তাহার যে কর্ম্ম করিতে কি করাইতে হয় এমত কর্ম্ম করিবার কি সেই কর্ম্ম করিতে ত্রুটি কি বিলম্ব করিবার নিমিত্তে কিম্বা তাহার যে সম্বাদ অবশ্য দিতে কি জানাইতে হয় তাহা না দিবার কি দিতে বিলম্ব করিবার নিমিত্তে, কোন ঘুষ কি বিনানুমতির কোন পুরস্কার কি টাকা কি দ্রব্যাদি সাক্ষাৎরূপে কি চক্রান্তে ভয় দেখাইয়া কি জোর করিয়া লয়, কি লইতে চেষ্টা করে কি পায়, কিম্বা যে লোক তাহার হেফাজতে থাকে তাহার পলায়নের কার্য্য জানিয়া না জানিবার মত করে, কিম্বা যদি উক্ত কোন অপরাধ করিতে উদ্যোগ করে, কি ভীরুতার দোষী হয়, তবে তাহা কোন মাজিষ্ট্রেট সাহেবের গোচরে সাবুদ হইলে তাহার বারো মাসের অনধিক বেতনের জরীমানা হইতে পারিবে কিম্বা সে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে বারো মাসের অনধিক কাল কয়েদ হইতে পারিবে কিম্বা তাহার ঐ দুই দণ্ড হইতে পারিবে। পরন্তু এই প্রকারের কোন বিষয়ের বিচার অতিগুরুতর হইয়া মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে না থাকিলে ইহার পূর্ব্বের তিন ধারার কোন কথাতে তাঁহার সেই মোকদ্দমা বিচারার্থে সোপর্দ্দ করণের কোন বাধা হইবে না ইতি।

[Penalty for obstructing a Police Officer in the execution of his duty.]

XLVII. If any person shall assault or resist any Police Officer in the execution of his duty, or shall aid or incite any other person so to do, or shall maliciously, and without probable cause, prefer any false or frivolous charge against any Police Officer, he shall, on conviction of such offence before any Magisterial Officer, be liable to a fine not exceeding two hundred Rupees, or to imprisonment with or without hard labor not exceeding six months, or both.

[পোলীসের কর্ম্মকারক আপন কর্ত্তব্য কর্ম্ম করিতেছে এমন সময়ে তাহার বাধা করিবার দণ্ডের কথা।]

৪৭ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক আপন কর্ত্তব্য কর্ম্ম করিতেছে এমন সময়ে যদি কোন লোক তাহার উপর চড়াও হয় কি তাহার বাধা করে, কিম্বা অন্য কোন কাহাকে তাহা করিতে সাহায্য করে কি প্রবৃত্তি দেয়, কিম্বা ঈর্ষাতে কি সম্ভাবিত কারণ না থাকিলে পোলীসের কোন কর্ম্মকারকের নামে কোন মিথ্যা কি তুচ্ছ নালিশ করে, তবে তাহা কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাবুদ হইলে, ঐ লোকের দুই শত টাকা-পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে, কিম্বা সে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে ছয় মাসের অনধিক মিয়াদে কয়েদ হইতে পারিবেক কি তাহার ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

[Certain duties of Police Officers. Obstructions and nuisances in roads.]

XLVIII. Any person who, in any street or road, thoroughfare, or passage, within the limits of any Town, commits any of the following offences, to the obstruction, inconvenience, annoyance, risk, or damage of the residents and passengers, shall, on conviction before any Magisterial Officer, be liable to a fine not exceeding fifty Rupees, or to imprisonment not exceeding eight days, and it shall be lawful for any Police Officer to take into custody without a warrant any person who within his view commits any offence—

[পোলীসের কর্ম্মকারকেরদের কর্ত্তব্য কোন২ কর্ম্মের কথা ও রাস্তা অবরোধ করিবার ও ঘৃণাজনক বিষয়ের কথা।]

৪৮ ধারা। যদি কোন লোক কোন নগরের সীমানার মধ্যের কোন রাস্তায় কি সড়কে কি লোকেরদের যাতায়াত করিবার কোন পথে নিবাসি লোকেরদের কি পথিকেরদের বাধাজনক কি ক্লেশদায়ক কি বৈরক্তিজনক কি আপদ কি ক্ষতিজনক নীচের লিখিত কোন অপরাধ করে, তবে তাহা কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাবুদ হইলে, তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে, কিম্বা সে আট দিনের অনধিক কাল কয়েদ হইতে পারিবে। ও পোলীসের কোন কর্ম্মকারকের সাক্ষাতে যে কোন লোক কোন অপরাধ করে তাহাকে সেই কর্ম্মকারক বিনাপরওয়ানাতে হেফাজতে লইতে পারিবে। ঐ অপরাধ এই২।

[Slaughtering cattle, furious riding, &c.]

First. Any person who shall slaughter any cattle or clean any carcase in the streets; any person riding or driving any cattle recklessly and furiously, or training or breaking any horse or other cattle on or near any public road, to the danger of the passers-by.

[গোমেষাদিকে জবাই করণ ও অতিবেগে হাঁকানপ্রভৃতির কথা।]

প্রথম। যে কেহ রাস্তায় কোন গোমেষাদিকে জবাই করে, কি কোন লাশ সাফ করে। ও যে কেহ পথিকেরদের সঙ্কটজনক ভাবে অবিবেচনাপূর্ব্বক ও অতিবেগে কোন জন্তুর উপর চড়িয়া যায় কি তাহাকে হাঁকায় কিম্বা সরকারী কোন রাস্তায় কি রাস্তার নিকটে কোন ঘোড়াকে কি অন্য জন্তুকে শিখায় কি গাড়ি টানিতে শিখায় সেই লোক।

[Cruelty to animals.]

Second. Any person who wantonly or cruelly beats, abuses, or tortures any animal.

[জীবজন্তুর প্রতি নির্দ্দয়াচারের কথা।]

দ্বিতীয়। যে কেহ কোন পশুকে অকারণে কি নির্দ্দয়রূপে মারে কি তাহার প্রতি অত্যাচার করে কি যাতনা দেয় সেই লোক।

[Obstructing passengers.]

Third. Any person who shall keep any cattle or conveyance of any kind standing in any road or street longer than is required for loading or unloading, or for taking up or setting down passengers, or who shall leave any conveyance in such a manner as to cause inconvenience or danger to the public.

[পথিকেরদের পথ অবরোধ করিবার কথা।]

তৃতীয়। কোন গাড়িতে বোঝাই দ্রব্য দিবার কি গাড়ির হইতে উঠাইয়া লইবার জন্যে কিম্বা চড়নদারেরদের উঠিবার কি নামিবার জন্যে যত সময় প্রয়োজন হয় তাহার অধিক কাল যদি কেহ কোন ঘোড়াপ্রভৃতি কি কোন প্রকারের গাড়ি কোন রাস্তায় কি পথে দাঁড় করাইয়া রাখে কিম্বা সাধারণ লোকেরদের ক্লেশ কি বিপদ যাহাতে হইতে পারে এমন ভাবে কোন গাড়ি রাখে সেই লোক।

[Exposing goods for sale on roads.]

Fourth. Any person exposing goods for sale on the roads so as to obstruct passengers.

[কোন মাল বিক্রয়ার্থে রাস্তায় রাখিবার কথা।]

চতুর্থ। যে কোন লোক কোন মাল বিক্রয়ার্থে রাস্তায় এমন রাখে যে তাহাতে পথিকেরদের পথ অবরুদ্ধ হয় সেই লোক।

[Throwing dirt into street.]

Fifth. Any person who throws or lays down any dirt, filth, rubbish, or any stones or building materials; or who constructs any cowsheds, stable, or the like, within the bounds of any thoroughfare; or who causes any offensive matter to run from any

[রাস্তায় ময়লা দ্রব্যাদি ফেলিবার কথা।]

পঞ্চম। যে কেহ লোকের দরগমনাগমন নর পথের সীমার উপর কোন ময়লা দ্রব্য কি জঞ্জাল কি রাবিশ কি ইট কি ঘর করিবার সরঞ্জাম ফেলে কি রাখে কিম্বা যে কেহ কোন গোশালা কি অশ্বশালাপ্রভৃতি করে, কিম্বা

house, factory, dung-heap, or the like into the street.

[Being found drunk in any thoroughfare]

